

প্রাক্কথন

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন যে পাঠক্রম প্রবর্তিত হয়েছে, তার লক্ষণীয় বৈশিষ্ট্য হল প্রতিটি শিক্ষার্থীকে তাঁর পছন্দমতো কোনো বিষয়ে সাম্মানিক (Honours) স্তরে শিক্ষাগ্রহণের সুযোগ করে দেওয়া। এ ক্ষেত্রে ব্যক্তিগতভাবে তাঁদের গ্রহণক্ষমতা আগে থেকেই অনুমান করে না নিয়ে নিয়ত মূল্যায়নের মধ্য দিয়ে সেটা স্থির করাই যুক্তিযুক্ত। সেই অনুযায়ী একাধিক বিষয়ে পাঠ-উপকরণ রচিত হয়েছে সেইসঙ্গে যুক্ত হয়েছে অধ্যেতব্য বিষয়ে নতুন তথ্য, মনন ও বিশ্লেষণের সমাবেশ।

দূর-সঞ্চারী শিক্ষাদানের স্বীকৃত পদ্ধতি অনুসরণ করেই এই সব পাঠ-উপকরণের লেখার কাজ চলছে। বিভিন্ন বিষয়ের অভিজ্ঞ পণ্ডিতমণ্ডলীর সাহায্য এ কাজে অপরিহার্য এবং যাঁদের নিরলস পরিশ্রমে লেখা, সম্পাদনা तथा বিন্যাসকর্ম সুসম্পন্ন হচ্ছে তাঁরা সকলেই ধন্যবাদের পাত্র। আসলে, এঁরা সকলেই অলক্ষ্য থেকে দূর-সঞ্চারী শিক্ষাদানের কার্যক্রমে অংশ নিচ্ছেন; যখনই কোনো শিক্ষার্থী এই পাঠ্যবস্তুনিচয়ের সাহায্য নেবেন, তখনই তিনি কার্যত একাধিক শিক্ষকমণ্ডলীর পরোক্ষ অধ্যাপনার তাবৎ সুবিধা পেয়ে যাচ্ছেন।

এইসব পাঠ-উপকরণের চর্চা ও অনুশীলনে যতটা মনোনিবেশ করবেন কোনো শিক্ষার্থী, বিষয়ের গভীরে যাওয়া তাঁর পক্ষে ততই সহজ হবে। বিষয়বস্তু যাতে নিজের চেষ্টায় অধিগত হয়, পাঠ-উপকরণের ভাষা ও উপস্থাপনা তার উপযোগী করার দিকে সর্বস্তরে নজর রাখা হয়েছে। এরপর যেখানে যতটুকু অস্পষ্টতা দেখা দেবে, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পাঠ্যকেন্দ্রে নিযুক্ত শিক্ষা-সহায়কগণের পরামর্শে তার নিরসন অবশ্যই হতে পারবে। তার ওপর প্রতি পর্যায়ের শেষে প্রদত্ত অনুশীলনী ও অতিরিক্ত জ্ঞান অর্জনের জন্য গ্রন্থ-নির্দেশ শিক্ষার্থীর গ্রহণ-ক্ষমতা ও চিন্তাশীলতা বৃদ্ধির সহায়ক হবে।

এই অভিনব আয়োজনের বেশ কিছু প্রয়াসই এখনও পরীক্ষামূলক—অনেক ক্ষেত্রে একেবারে প্রথম পদক্ষেপ। স্বভাবতই, ত্রুটি-বিচ্যুতি কিছু কিছু থাকতে পারে, যা অবশ্যই সংশোধন ও পরিমার্জনার অপেক্ষা রাখে। সাধারণভাবে আশা করা যায়, ব্যাপকতর ব্যবহারের মধ্য দিয়ে পাঠ-উপকরণগুলি সর্বত্র সমাদৃত হবে।

অধ্যাপিকা (ড.) সুরভি বন্দ্যোপাধ্যায়
উপাচার্য

द्वितीय पुनर्मुद्रण ः जून, 2008

भारत सरकारेदर दूरशिक्षण परषदेदर विधि अनुयायी एवं अर्थानुकुल्ये मुद्रित।
Printed in accordance with the regulations and financial assistance
of the Distance Education Council, Government of India.

পরিচিতি

বিষয় : ঐচ্ছিক ইতিহাস (ষষ্ঠপত্র), সাম্মানিক স্তর

পাঠক্রম : পর্যায়

EHI-06 : 21

রচনা	সম্পাদনা
একক (1) অধ্যাপিকা স্বপ্না সেন	অধ্যাপক চিত্তব্রত পালিত
একক (2) ঐ	ঐ
একক (3) শ্রীমতী কঙ্কনা ধারা	ঐ
একক (4) ঐ	ঐ

পাঠক্রম : পর্যায়

EHI-06 : 22

একক (1) অধ্যাপক সমর মল্লিক	অধ্যাপক হিমাঙ্গি ব্যানার্জী
একক (2) অধ্যাপিকা মিন্মা সেন	ঐ
একক (3) ঐ	ঐ
একক (4) অধ্যাপিকা উত্তরা চক্রবর্তী	ঐ

পাঠক্রম : পর্যায়

EHI-06 : 23

একক (1) অধ্যাপক কিংশুক চ্যাটার্জী	অধ্যাপক হিমাঙ্গি ব্যানার্জী
একক (2) ঐ	ঐ
একক (3) অধ্যাপক শুব্রাশিষ বিশ্বাস	ঐ
একক (4) ঐ	ঐ

পাঠক্রম : পর্যায়
EHI-06 : 24

একক (1) অধ্যাপক দেবশীস চক্রবর্তী	অধ্যাপক প্রাঞ্জল ভট্টাচার্য
একক (2) অধ্যাপিকা মন্দিরা চৌধুরী (সরকার)	ঐ
একক (3) অধ্যাপক সুব্রত গুপ্ত	ঐ
একক (4) অধ্যাপক শান্তনু চক্রবর্তী	ঐ

ঘোষণা

এই পাঠ সংকলনের সমুদয় স্বত্ব নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দ্বারা সংরক্ষিত। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এর কোন অংশের পুনর্মুদ্রণ বা কোনভাবে উদ্ভূতি সম্পূর্ণ নিষিদ্ধ।

জয়দীপ শীল
নিবন্ধক



নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

EHI : 06

ইতিহাসের ঐচ্ছিক পাঠক্রম

পর্যায়

21

একক 1	□ সিপাহী বিদ্রোহের পরবর্তী পর্বে 1858 সালের মহারানির শাসনের ঘোষণা এবং 1861 সালের আইন	1-7
একক 2	□ উনবিংশ শতকের শেষ পর্বে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে কৃষক আন্দোলন ও উপজাতি বিদ্রোহ	8-26
একক 3	□ উপনিবেশিক অর্থনীতির রূপান্তর	27-43
একক 4	□ সমাজ সংস্কার আন্দোলন	44-66

পর্যায়

22

একক 1	□ ভারতীয় জাতীয় কংগ্রেসের সামাজিক উৎস	67-88
একক 2	□ আদি কংগ্রেস এবং নরমপন্থী জাতীয়তাবাদের আদর্শগত কাঠামো	89-105
একক 3	□ চরমপন্থা, স্বদেশি আন্দোলন এবং সুরাটে কংগ্রেসের ভাঙন	106-134
একক 4	□ সংগ্রামী জাতীয়তাবাদ	135-168

পর্যায়

23

একক 1	□ প্রথম বিশ্বযুদ্ধোত্তর ভারতের রাজনীতি এবং গান্ধী	169–187
একক 2	□ গান্ধী এবং জনমুখী রাজনীতি 1921-42	188–209
একক 3	□ কংগ্রেসে বামপন্থী আন্দোলনের উদ্ভব	210–222
একক 4	□ পাকিস্তান দাবি	223–229

পর্যায়

24

একক 1	□ গণপরিষদ ও ভারতের সংবিধান রচনা	230–268
একক 2	□ স্বাধীনত্তোর যুগের ইতিহাস : নেহেরু	269–313
একক 3	□ পরিকল্পনা এবং ভারতীয় অর্থনীতি	314–343
একক 4	□ নেহেরুর পররাষ্ট্রনীতি—জোটনিরপেক্ষ আন্দোলন	344–355

একক ১ □ সিপাহী বিদ্রোহের পরবর্তী পর্বে ১৮৫৮ সালের মহারানীর শাসনের ঘোষণা এবং ১৮৬১ সালের আইন

গঠন

- ১.০ উদ্দেশ্য
- ১.১ প্রস্তাবনা
- ১.২ ইংল্যান্ডেশ্বরী ভিক্টোরিয়ার সরাসরি ভারতের শাসনভার গ্রহণের পটভূমিকা
- ১.৩ ১৮৫৮ সালের মহারানীর ঘোষণার (Queens' Proclamation of 1858) তাৎপর্য
- ১.৪ ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিলস অ্যাক্ট ও তার গুরুত্ব
- ১.৫ সারাংশ
- ১.৬ অনুশীলনী
- ১.৭ গ্রন্থপঞ্জী

১.০ উদ্দেশ্য

- এই এককটি পাঠ করে আপনি জানতে পারবেন
- কোন পরিপ্রেক্ষিতে ভারতে মহারানীর শাসন প্রচলিত হয়?
- জনজীবনে এর গুরুত্ব কি ছিল?
- ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিল অ্যাক্ট কেন চালু হয়?
- প্রশাসনিক ক্ষেত্রে এর গুরুত্ব কি ছিল?

১.১ প্রস্তাবনা

১৭৫৭ সালের পলাশীর যুদ্ধের পরবর্তী ভারতের ইতিহাস ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাছে দেশীয় রাজন্যবর্গের পরাজয়ের ইতিহাস। এই পর্ব প্রমাণ করে যে ভারতের রাজনৈতিক সংহতি নষ্ট প্রায়। এই সুযোগে কোম্পানি তার আধিপত্য বিস্তার করতে সক্ষম হয়। কিন্তু ঠিক একশত বৎসর পরে ১৮৫৭ সালে কোম্পানির শাসনের বিরুদ্ধে সামগ্রিকভাবে না হলেও ব্যাপকভাবে ভারতে এক মহাবিদ্রোহের সূচনা হয়। টলায়মান ইস্ট ইন্ডিয়া কোম্পানি যদিও এই বিদ্রোহ দমন করে, তাহলেও মহাবিদ্রোহ তাদের সশক্তি করে তোলে। মূল্যায়ন করা হয় একশত বৎসরের কোম্পানির শাসনের বিভিন্ন দিক নিয়ে। এই প্রেক্ষিতে অবসান হয় কোম্পানির শাসনপর্বের। ভারতের শাসনভার সরাসরি ন্যস্ত হয় ইংল্যান্ডেশ্বরীর উপরে।

১.২ ইংল্যান্ডেশ্বরী ভিক্টোরিয়ার সরাসরি ভারতের শাসনভার গ্রহণের পটভূমিকা

১৮৫৭ সালের বিদ্রোহের অভ্যুত্থান ও ব্যাপ্তি ইংল্যান্ডের জনসাধারণকে গভীরভাবে প্রভাবিত করে। ইংল্যান্ডে এই ধরণের সমালোচনাও করা হতে থাকে যে কোম্পানির মূল উদ্দেশ্য ছিল ভারতের সাথে বাণিজ্য সম্পর্ক ও তদর্জনিত লাভ—কাজেই ভারতীয় উপমহাদেশে প্রশাসনিক ব্যাপারে হস্তক্ষেপ করা কোম্পানির পক্ষে অনুচিত কাজ হয়েছে। লর্ড পামারস্টোন তাঁর বিখ্যাত ভাষণে কোম্পানির শাসনকার্য পরিচালনাকে অত্যন্ত দায়িত্বহীন বলে অভিযোগ করেন। লর্ড পামারস্টোন উন্নততর শাসনব্যবস্থা ভারতে প্রচলন করার উদ্দেশ্যে পার্লামেন্টে বিল উপস্থাপন করেন। স্বাভাবিকভাবেই কোম্পানি তাদের একশত বৎসরের একচেটিয়া অধিকার ছেড়ে দিতে রাজী হয়নি। কোম্পানির বক্তব্য ছিল যে সিপাহী বিদ্রোহের উত্থানের জন্য কোম্পানি একা দায়ী নয়। কারণ যে কোনও সিদ্ধান্ত শেষ পর্যন্ত নিতেন ব্রিটেনের বোর্ড অফ ডিরেক্টরের সদস্যবৃন্দ। কাজেই মহাবিদ্রোহ যদি হয়েই থাকে তার দায়ভাগ ব্রিটেনের উপরও বর্তায়।

একথা অনস্বীকার্য যে ১৭৭৩ সালের রেগুলেটিং অ্যাক্ট জারী করার পর থেকেই কোম্পানির ক্ষমতা ধীরে ধীরে কমতে শুরু করেছিল। এরকম প্রশ্নও উঠেছিল যে ইস্ট ইন্ডিয়া কোম্পানির মতো বাণিজ্যিক সংস্থার উপরে ভারতের প্রশাসনিক দায়িত্ব দেওয়া যথাযথ হবে কি না। ইংল্যান্ডে টোরি এবং ছইগ উভয় দলই কোম্পানির আধিপত্য খর্ব করার পক্ষে ছিল। অর্থাৎ কোম্পানির বিদায় মুহূর্ত ঘনিয়েই এসেছিল। ১৮৫৭ সালের মহাবিদ্রোহ কোম্পানির অস্তিম মুহূর্তটিকে ত্বরান্বিত করে মাত্র।

১.৩ ১৮৫৮ সালের মহারানীর ঘোষণার তাৎপর্য

১৮৫৮ সালের ১লা নভেম্বর মহারানী ভিক্টোরিয়ার ঘোষণাপত্রের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে কোম্পানির শাসনের অবসান হয়। প্রশাসনিক ব্যাপারে মহারানীর তরফ থেকে সার্বিক দায়িত্ব দেওয়া হয় ভারত সচিবকে। কোম্পানির সামরিক ও নৌশক্তির নিয়ন্ত্রণ সরাসরি মহারানীর দপ্তরের উপর ন্যস্ত হয়। বোর্ড অফ কন্ট্রোল এবং কোর্ট অফ ডিরেক্টরসদের আর কোনও অস্তিত্ব রইল না। ভারতের যাবতীয় দায়িত্ব সুচারুরূপে সম্পন্ন করার জন্য একটি কাউন্সিল বা উপদেষ্টা সমিতি গঠিত হয়। ভারত সচিব এই কাউন্সিলের সাহায্যে প্রশাসনিক দায়িত্ব পালন করতেন। তিনি মূলত ব্রিটিশ পার্লামেন্টের সদস্য ছিলেন। তাঁর কাজের জবাবদিহি একমাত্র পার্লামেন্টের কাছেই করতে হত।

ইন্ডিয়া কাউন্সিলের সদস্য সংখ্যা ছিল ১৫। এদের মধ্যে সাতজনকে নির্বাচিত করতেন কোর্ট অফ ডিরেক্টরসরা। বাকী আটজনকে মনোনীত করতেন ব্রিটিশ সরকার। কাউন্সিলের অর্ধেকের বেশি সদস্য হতেন তাঁরাই যাদের ভারতে অবস্থানকালের ব্যাপ্তি ছিল দশ বছরেরও বেশি। ব্রিটিশ সরকারি কর্মচারীরা প্রত্যেকেই তাঁদের বেতন পেতেন ভারতীয় রাজস্ব থেকে।

এইচ. এস. ক্যানিংহাম মন্তব্য করেছেন যে, ভারতীয় প্রশাসন ব্রিটিশরাজের হাতে চলে আসাটা ‘rather a formal than a substantial change’ আসলে বড় কোনও মৌলিক পরিবর্তন এই ক্ষমতা হস্তান্তরের ফলে হয়নি। ভারত সচিব যেন বোর্ড অফ কন্ট্রোলার সভাপতির নতুন সংস্করণ এবং ডিরেক্টর সভাই যেন পরবর্তীকালে কাউন্সিলে রূপান্তরিত হয়েছিল। ব্রিটিশ সরকার ভারত সচিবের হাতে পূর্ণ ক্ষমতা অর্পণ করে নিশ্চিত ছিল। তাছাড়া ১৮৫৭ থেকে ১৯১৫ সাল পর্যন্ত ব্রিটিশ রাজনৈতিক দলগুলি তাদের বহুবিধ সমস্যা নিয়ে এতই ব্যতিব্যস্ত ছিল যে ভারতবর্ষের সমস্যাগুলি সম্পর্কে মাথা ঘামানোর অবকাশ তাদের ছিল না। কাজেই বলা যেতে পারে যে মহারানীর রাজত্বে ভারতীয়দের অবস্থানগত কোনও পার্থক্য ঘটল না।

তবে মহারানীর ঘোষণায় দেশীয় রাজাদের এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে ভবিষ্যতে তাদের রাজ্য অধিগ্রহণ করা হবে না এবং হিন্দু রাজাদের উত্তরাধিকারত্ব সংক্রান্ত আইনে দত্তক পুত্রের বৈধ অধিকার মেনে নেওয়া হবে। এছাড়া মহারানীর ঘোষণায় ভারতবর্ষের ধর্মীয় ব্যাপারে হস্তক্ষেপ না করার নির্দেশ দেওয়া হয়। প্রশাসনিক ব্যাপারে ভারতীয় রীতিনীতি সংস্কারের কথা মনে রেখে সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলা হয়। ব্রিটিশ সাম্রাজ্যের প্রজা হিসেবে ভারতীয়রা ইংরেজদের মতোই সমান সুযোগ সুবিধা পাবে ঘোষণা করা হয়।

১৮৫৭ সালের মহাবিদ্রোহের প্রেক্ষাপটে যে আইন গৃহীত হয় তাতে সামরিক পুনর্গঠনের উপরে বিশেষ জোর দেওয়া হয়। দেশীয় সিপাহীদের উপর সম্পূর্ণ নির্ভর করা যে সম্ভবপর নয় এই তথ্য ইংরেজদের কাছে পরিষ্কার হয়ে ওঠে। ফলে তারা সামরিক পুনর্গঠনের ব্যাপারে কিছু বিশেষ নীতি গ্রহণ করে। দেশীয় সিপাহীদের সংখ্যা হ্রাস করে ইউরোপীয় সিপাহীদের সংখ্যা বৃদ্ধি করা হয়। ১৮৫৭ সালের মহাবিদ্রোহের অন্যতম বৈশিষ্ট্য ছিল এই যে হিন্দু-মুসলমান ঐক্যে কোনও চিড় ধরেনি। এই ঐক্য যে ব্রিটিশ সাম্রাজ্যবাদের স্থায়িত্বের পক্ষে অনুকূল নয় একথা উপলব্ধি করে ব্রিটিশ সরকার ভারতে বিভাজন নীতি অনুসরণ করে হিন্দু মুসলমান সাম্প্রদায়িক ঐক্য বিনষ্ট করতে সচেষ্ট হয়। সামরিক দিক দিয়ে এবং ভৌগোলিক দিক দিয়ে গুরুত্বপূর্ণ ঘাঁটিগুলিতে দেশীয় সিপাহীদের সরিয়ে ইউরোপীয় সিপাহীদের মোতায়েন করা হয়। বাংলা, বোম্বাই, মাদ্রাজ সর্বত্র সেনাবাহিনীতে পূর্বের মতই উচ্চপদগুলি ইউরোপীয়দের নিয়ন্ত্রণে রইল। অর্থাৎ মহারানীর ঘোষণা ব্রিটিশ সাম্রাজ্যবাদীর মূল চরিত্রে কোনও পরিবর্তন আনেনি।

মহারানীর ঘোষণার প্রেক্ষিতে সামরিক বাহিনীর পুনর্বিन্যাস বিশ্লেষণ করাকালীন মনে রাখতে হবে যে ভারতের যে অঞ্চলগুলিতে বিদ্রোহ ছড়িয়ে পড়েছিল সেই অঞ্চলের লোকজনদের সামরিক বাহিনীতে স্থান না দেওয়ার কথা ভাবা হয়েছিল। শিখ, গোখা, পাঠান যারা ইংরেজ সরকারকে মহাবিদ্রোহের সময়ে সাহায্য করেছিল ব্রিটিশ সেনাবাহিনীতে তাদের নিয়োগ করা হয়। কিন্তু এই প্রসঙ্গে, ভারত সচিব চার্লস উড তৎকালীন বড়লাট ক্যানিংকে বলেছিলেন যে ভারতীয় সেনাবাহিনীকে জাতি ও সম্প্রদায়গত বিভেদ মাথায় রেখে এমনভাবে

গড়ে তুলতে হবে যাতে তাদের মধ্যে কোনওরকম ঐক্যবোধ গড়ে উঠতে না পারে। এছাড়া গোলন্দাজ বাহিনী সম্পূর্ণভাবে রইল ইংরেজদের হাতে।

মহারানী তাঁর ঘোষণায় ব্যক্ত করেছিলেন যে দেশীয় রাজ্যগুলি সম্পর্কে আগ্রাসন নীতি অনুসৃত হবে না। তবে এই প্রসঙ্গে কোনও কোনও ঐতিহাসিক মনে করেন যে দেশীয় রাজ্যগুলি সম্পর্কে মহারানীর এই ঘোষণা নিতান্তই অর্থহীন। কারণ ১৮৫৭ সালের মহাবিদ্রোহের পূর্বেই ইংরেজরা অধীনতামূলক মিত্রতা নীতি থেকে শুরু করে স্বত্ববিলোপ নীতির মাধ্যমে ভারতে তাদের সাম্রাজ্য বিস্তার করে ফেলেছিল। কাজেই নতুন করে আগ্রাসী নীতি অনুসরণ করার প্রয়োজন ছিল না। এছাড়া ইংরেজরা একথাও বুঝেছিল যে ভারতে ইংরেজ সাম্রাজ্যের অস্তিত্ব টিকিয়ে রাখতে হলে দেশীয় রাজন্যবর্গ ও জমিদার সম্প্রদায়ের আস্থা অর্জন করা একান্ত আবশ্যিক। কারণ নিজ নিজ অঞ্চলের জনসাধারণের উপরে এদের প্রভাব অপরিসীম। মহাবিদ্রোহ থেকে ইংরেজরা এই অভিজ্ঞতা অর্জন করেছিল। কাজেই দত্তক প্রথাকে পুনরায় স্বীকৃতি দানের কথা মহারানীর ঘোষণায় বলা হয়। তবে এইসব দত্তক পুত্রদের সিংহাসনে বসার পূর্বে ইংরেজ সরকারের অনুমোদন নিতে হত।

দেশীয় রাজ্যগুলি মহারানীর ঘোষণায় আশ্বস্ত হলেও এই ঘোষণার মূল অর্থ ছিল দেশীয় রাজ্যগুলির উপর ব্রিটিশ সাম্রাজ্যবাদের নিরঙ্কুস প্রভুত্ব বিস্তার। দেশীয় রাজ্যগুলির প্রশাসনিক কাজের তদারকের জন্য ব্রিটিশ রেসিডেন্ট নিযুক্ত হতেন। দেশীয় রাজাদের ব্রিটিশ প্রশাসনিক কাঠামোভুক্ত করার জন্য সর্বত্র একই ধরনের ডাক ও তার ব্যবস্থা, মুদ্রা ব্যবহার করা হত। রেলপথে প্রতিটি রাজ্যের সাথে যোগাযোগ স্থাপন করা হয়েছিল। পররাষ্ট্র নীতি বা নিরাপত্তা বিষয় সংক্রান্ত ব্যাপারটি পরিচালনার ব্যাপারে দেশীয় রাজাদের স্বাধীনতা ছিল না বললেই চলে। আবার ইংরেজ সরকার ইচ্ছে করলেই যে কোনও দেশীয় রাজাকে ক্ষমতাচ্যুত করে ঐ বংশের অন্য কাউকে সিংহাসনে বসাতে পারত। এই রকম উদাহরণ যথেষ্ট দেওয়া হয়।

মহাবিদ্রোহ কোম্পানির অর্থনীতিকে ক্ষতিগ্রস্ত করেছিল। সরকারি আয়ের হ্রাসপশ্চ ছিল ভূমিরাজস্ব। মহাবিদ্রোহের সময়ে রাজস্ব আদায় করা অসম্ভব হয়ে পড়েছিল। বিদ্রোহের পরে প্রশাসনিক দায়িত্ব যখন ব্রিটিশ রাজের হাতে চলে আসে, তখন অর্থনৈতিক সংকট মোচনের জন্য বাৎসরিক বাজেট, নিয়মিত হিসাব পরীক্ষা ব্যবস্থা, সরকারি অর্থ দপ্তরের পুনর্গঠন এবং সরকারি অর্থব্যবস্থার কেন্দ্রীকরণ করা হয়। এছাড়া বিভিন্ন পেশায় নিযুক্ত ব্যক্তিদের উপরে আয়কর ধার্য হয়। ভারতের বাণিজ্য নীতির উপরে সম্পূর্ণভাবে ব্রিটিশ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়। ভারতকে শোষণ করে ইংরেজ পৃথিবীর অন্যতম শক্তিতে পরিণত হয়।

মহারানীর ঘোষণায় যদিও বলা হয়েছিল যে ব্রিটিশ সাম্রাজ্যের প্রজা হিসাবে ইংরেজ ও ভারতীয়দের মধ্যে কোনও পার্থক্য নেই—তা সত্ত্বেও এই ঘোষণা ব্যাপকভাবে কার্যকরী হতে পারেনি। কারণ শাসক ও শাসিতের সম্পর্ক এতই তিক্ত ও ঘৃণার ছিল যে এই বিদ্রোহ মহারানীর উদার ঘোষণা মুছে দিতে পারেনি। ইংরেজদের কৌশলী চরিত্রটি ভারতীয়দের পক্ষে ভুলে যাওয়া অসম্ভব ছিল। যেভাবে পলাশীর যুদ্ধ থেকে

সিপাহী বিদ্রোহের পূর্ব পর্যন্ত কোম্পানি ভারতীয়দের বঞ্চনা করে এসেছিল তা বিস্মৃত হওয়া সহজ ছিল না। তারা মহারানীর মেনে নিয়েছিল খানিকটা নিরুপায় হয়ে। মহাবিদ্রোহ তাদের এই শিক্ষা দিয়েছিল যে ইংরেজদের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রামে নামার যোগ্যতা তাদের নেই। কাজেই ইংরেজদের সাথে তাদের মানিয়ে চলতে হবে। কিন্তু তখন থেকেই অবচেতন মনে ভারতীয়দের মনে ব্রিটিশ-বিরোধী চিন্তাধারা কাজ করেছিল। যদিও তার বহিঃপ্রকাশ ঘটেছিল অনেক পরে।

মহারানীর ঘোষণায় বলা হয়েছিল যে ভারতীয়দের ধর্ম ও সমাজ জীবনে ইংরেজদের কোনও ভূমিকা থাকবে না। প্রকৃতপক্ষে ১৮৫৭ সালের মহাবিদ্রোহ একথা প্রমাণ করেছিল যে ভারতীয়দের ধর্ম ও সমাজজীবনে হস্তক্ষেপ করার ফল ভালো হয়নি। কাজেই প্রচলিত ধর্মীয় ও সামাজিক জীবনকে যদি নিস্তরঙ্গ রাখা যায় তাহলে ব্রিটিশ শাসনকে ভারতে কায়েমী করে ফেলতে সুবিধা হবে।

১.৪ ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিল, এ্যাক্ট ও তার গুরুত্ব

ভারতীয় সংবিধানের ইতিহাস ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিলস্ এ্যাক্ট অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বস্তুতঃপক্ষে ১৮৫৩ সালের চার্টার আইনের মধ্যে যে গলদগুলি ছিল তা দূর করার জন্যই ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিলস্ এ্যাক্ট প্রবর্তিত হয়। ১৮৫৩ সালের চার্টার আইনের সবচেয়ে বড়ো ত্রুটি ছিল এই যে আইন পরিষদ বা Legislative Council-এ ভারতীয়দের কোন স্থানই ছিল না। কাজেই ভারতীয়রা ইংরেজদের প্রবর্তিত আইনবিধি সম্পর্কে কি ধরনের চিন্তাভাবনা করছে তা জানার কোনও উপায় ছিল না। স্যর সৈয়দ আহমেদ এই আইন সম্পর্কে মনে করেছিলেন যে যদি কোনও অপ্রিয় পদক্ষেপও গ্রহণ করা হত তাহলেও ভারতবর্ষের জনসাধারণের পক্ষে প্রতিবাদ জানানো সম্ভব ছিল না। কারণ আইন পরিষদে ভারতীয়দের তরফে কোনও প্রতিনিধি ছিল না। স্যর চার্লস উড আইন সভা বা Legislative Council-এর স্বাধীন মনোভাব পছন্দ করেননি। তিনি বলেছিলেন যে আইন পরিষদ কাজে কর্মে ব্রিটিশ পার্লামেন্টের যেন একটি ক্ষুদ্রতম সংস্করণে পরিণত হয়েছে। ফলে ইংরেজ প্রশাসনের তরফেও এই আইন সম্পর্কে কিছু বিরূপতা ছিল। এই কারণে ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিলস্ এ্যাক্টের প্রয়োজনীয়তা হয়।

প্রশাসনিক ব্যাপারেও ইংরেজ রাজ কিছু সমস্যার সম্মুখীন হয়েছিল। বোম্বাই ও মাদ্রাজ প্রেসিডেন্সির আইন প্রণয়ন ক্ষমতা রদ করে দিয়ে যাবতীয় ক্ষমতা কলকাতায় রেখে দেওয়া হলে মাদ্রাজ ও বোম্বাই প্রশাসন অসন্তুষ্ট হয়। এই অবস্থা আরও তিক্ত হয়ে ওঠে আয়কর সংক্রান্ত বিলকে কেন্দ্র করে। মাদ্রাজে এই সমস্যাটি হয়েছিল এবং ইংরেজ সরকার এই প্রসঙ্গে বুঝতে পেরেছিল প্রশাসনিক দুর্বলতাগুলির দূর করে ব্রিটিশ রাজত্ব সুসংহত করতে গেলে আর একটি আইন পাস করা দরকার।

১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিলস্ এ্যাক্টের শর্ত অনুযায়ী গভর্নর জেনারেলের কাউন্সিলের সদস্য সংখ্যা পাঁচজন করা হয়। অর্থ দপ্তর ও আইন দপ্তরের ভারপ্রাপ্ত সদস্য দুজনকে ব্রিটিশ সরকার নিযুক্ত করতেন।

ভারত সচিব বাকী তিনজন সদস্যকে মনোনীত করতেন। এদের ভারতে প্রশাসনিক অভিজ্ঞতা সম্পর্কে কম করে দশ বছরের অভিজ্ঞতা প্রয়োজন ছিল। Extra ordinary সদস্য হিসাবে এই কাউন্সিলে, Commander-in-chief ছিলেন বা সেনাপতি। এদের প্রত্যেকেরই দায়িত্বকালের মেয়াদ ছিল পাঁচ বছরের।

এই প্রথম আইন প্রণয়নের উদ্দেশ্যে যে কাউন্সিল গঠিত হয় যেখানে ভারতীয়দের স্থান ছিল। ছয় থেকে বারজনের মধ্যে সদস্যবৃন্দ নিয়ে যে Executive council গড়ে ওঠে সেখানে ছয় জন বেসরকারী সদস্যদের মধ্যে ভারতীয়দেরও আসন ছিল। তবে ভারতীয় সদস্যদের নির্বাচিত করতেন গভর্নর জেনারেল। বেসরকারি সদস্যরা আইন পরিষদে দুই বছরের জন্য থাকতেন। কিছু নির্দিষ্ট আইন প্রণয়ন করতে গেলে গভর্নর জেনারেলের অনুমোদন একান্ত আবশ্যিক ছিল। আবার ব্রিটিশ সরকার ইচ্ছে করলে আইন পরিষদের প্রণীত যে কোনও আইন নাকচ করে দিতে পারতেন।

বোম্বাই ও মাদ্রাজ সরকারের হাতে পুনরায় আইন প্রণয়নের ক্ষমতা ফিরিয়ে দেওয়া হয়। তবে এক্ষেত্রেও গভর্নর জেনারেলের অনুমোদন ছিল আবশ্যিক। উত্তর পশ্চিম প্রদেশ বা পাঞ্জাবেও আইন পরিষদ গঠন করার কথা ভাবা হয়। গভর্নর জেনারেল প্রশাসনিক সুবিধার জন্য ইচ্ছে করলেই নতুন প্রদেশ গঠন করতে পারতেন। লেফটেন্যান্ট গভর্নর নিয়োগের ক্ষমতা তাঁর উপরে ছিল।

নিঃসন্দেহে ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিলস্ এ্যাক্ট ভারতে ব্রিটিশ শাসনের ইতিহাসে একটি উল্লেখযোগ্য ঘটনা। এই এ্যাক্ট সর্বপ্রথম ভারতীয়দের শাসন ব্যবস্থায় অংশ নেওয়ার সুযোগ করে দেয়। তবে ভারতীয় সদস্যরা ছিলেন সমাজের অভিজাত সম্প্রদায়। দেশীয় রাজারা, দেওয়ান বা জমিদাররা আইন পরিষদের বেসরকারি সদস্যরূপে গভর্নর জেনারেল কর্তৃক মনোনীত হতেন। কাজেই জনপ্রতিনিধি বলতে যা বোঝায় এঁরা তা ছিলেন না। ভারতবাসীর অসন্তোষ বা চাহিদা প্রকৃতপক্ষে কি তা জানা সম্ভব ছিল না এই সদস্যদের মাধ্যমে। কারণ সাধারণ মানুষের চাহিদা জানার মতো মানসিক সেতু সমাজের উপরতলার ব্যক্তিদের সাথে গড়ে ওঠে নি। উপরন্তু কাউন্সিলের মিটিং-এ আসার আগ্রহও অধিকাংশ ভারতীয় সদস্যদের ছিল না। হতে পারে তাঁদের হাতে বিশেষ কোনও ক্ষমতা ছিল না বলেই উৎসাহের অভাব ছিল।

তবে একথা বলা যায় আপাতদৃষ্টিতে ভারতীয় সদস্যদের আইন পরিষদে যোগদান প্রহসনে পরিণত হলেও পরবর্তীকালে প্রশাসন যন্ত্রে অংশ গ্রহণের আকাঙ্ক্ষার বীজ হয়েছিল এখান থেকেই। কাজেই এই আইনের গুরুত্ব নিঃসন্দেহে অপরিসীম।

১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিল এ্যাক্ট গভর্নর জেনারেলকে সর্বময় কর্তৃত্ব পরিণত করে। আইন পরিষদ গঠিত হলেও প্রকৃত ক্ষমতা নিয়ন্ত্রণ করতেন গভর্নর জেনারেল। তবে ভবিষ্যতের ব্রিটিশ প্রশাসনিক কাঠামো আইন পরিষদকে কেন্দ্র করে কিভাবে গড়ে উঠতে পারে তার ইঙ্গিত পাওয়া যায় ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিলস্ এ্যাক্ট।

১.৫ সারাংশ

এই একটিতে ১৮৫৮ সালের মহারানী ঘোষণার তাৎপর্য এবং ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিলস্ অ্যাক্টের গুরুত্ব আলোচনা করা হয়েছে। যদিও সিপাহী বিদ্রোহ বা ১৮৫৭ সালের মহাবিদ্রোহের পরে মহারানীর শাসনের আওতায় ভারতকে এনে ব্রিটিশ সাম্রাজ্যবাদ আরও সুদৃঢ় হয়ে উঠেছিল তাহলেও এই সময়ে যে আইনগুলি প্রণীত হয়েছিল তার কিছু সাংবিধানিক গুরুত্ব ছিল। ভারতীয়রা এই আইনের ফলেই অবচেতন মনে প্রশাসনে অংশ নেওয়ার স্বপ্ন দেখতে শুরু করেছিল—যার পরিণতি পরবর্তী পর্বে জাতীয়তাবাদী আন্দোলনের সময়ে লক্ষিত হয়।

১.৬ অনুশীলনী

ক। নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লিখুন।

- ১। কোন পরিপ্রেক্ষিতে ১৮৫৮ সালে মহারানীর ঘোষণা প্রয়োজনীয় হয়ে উঠেছিল আলোচনা করুন।
- ২। ১৮৫৮ সালের মহারানীর ঘোষণা ভারত ইতিহাসে কতটা গুরুত্বপূর্ণ ছিল দেখান।
- ৩। ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিলস্ অ্যাক্ট ভারতবর্ষের সাংবিধানিক ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ—বিশ্লেষণ করুন।

খ। অগ্রগতি যাচাই করুন (সঠিক উত্তরটিকে (✓) চিহ্ন দিন)

- ১। ১৮৫৮ সালের মহারানীর ঘোষণার ফলে কোম্পানির রাজত্ব আরও সুদৃঢ় হয়ে ওঠে।
- ২। ব্রিটিশ সরকারি কর্মচারিবৃন্দ যারা ভারতে নিযুক্ত ছিলেন তাদের বেতন দেওয়া হত ইংল্যান্ড থেকে।
- ৩। মহারানীর ঘোষণায় দত্তক পুত্রদের উত্তরাধিকার সংক্রান্ত ক্ষেত্রে বৈধ বলে অনুমোদন করা হয়।
- ৪। মহাবিদ্রোহের পরে ব্রিটিশ সরকার প্রশাসনে বিভাজন নীতি অনুসরণ করার সিদ্ধান্ত নেন।
- ৫। ইন্ডিয়ান কাউন্সিলস্ অ্যাক্ট (১৮৬১) আইন পরিষদে সাধারণ ভারতীয় জনপ্রতিনিধি রাখার কথা বলেন।

১.৭ গ্রন্থপঞ্জী

1. Majumdar— R.C. Roy Chowdhury, H.C. Dutta, K.K.—An Advanced History of India.
2. Spear, P.— Modern India.
3. T. B. Metclaf—Aftermath of the Revolt. E. Thomson.
4. Garatt. G.T.—British rule in India.
5. A.B. Keith—Constitutional Development of India.
6. R.C. Majumdar ed : History and culture of the Indian people, Vol. IX. British Paramountey and Indian Renaissance in India.
7. A.C. Banerjee : Constitutional History of India.

একক ২ □ ঊনবিংশ শতকের শেষ পর্বে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে কৃষক আন্দোলন ও উপজাতি বিদ্রোহ

গঠন

- ২.০ উদ্দেশ্য
- ২.১ প্রস্তাবনা
- ২.২ ব্রিটিশ শাসনের বিরুদ্ধে পুঞ্জীভূত ক্ষোভ
- ২.৩ কৃষক আন্দোলনের পটভূমিকা ও প্রকৃতি
- ২.৪ ১৮৬১ সালের ইন্ডিয়ান কাউন্সিলস এ্যাক্ট ও তার গুরুত্ব
 - ২.৪.১ নীল বিদ্রোহের প্রকৃতি ও নেতৃত্ব
 - ২.৪.২ নীল বিদ্রোহের ফলাফল
- ২.৫ পাবনার কৃষক অভ্যুত্থান
- ২.৬ মহারাষ্ট্রের কৃষক বিদ্রোহ
- ২.৭ উপজাতি বিদ্রোহের পটভূমিকা
 - ২.৭.১ খারওয়ার আন্দোলন
 - ২.৭.২ মুণ্ডা বিদ্রোহ
 - ২.৭.৩ ওঁরাও বিক্ষোভ
- ২.৮ মোপলা বিদ্রোহ
- ২.৯ অরণ্য ও পার্বত্য অঞ্চলের আদিবাসীদের বিদ্রোহ
- ২.১০ সারাংশ
- ২.১১ অনুশীলনী
- ২.১২ গ্রন্থপঞ্জী

২.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করে আপনি—

- ব্রিটিশ শাসনের বিরুদ্ধে কৃষক ও আদিবাসী সম্প্রদায়ের বিক্ষোভের কথা জানতে পারবেন।
- এইসব বিক্ষোভের প্রকৃতি সম্পর্কে ধারণা করতে পারবেন।
- এই বিক্ষোভগুলির ব্যাপ্তি ও ব্রিটিশ প্রতিক্রিয়া সম্পর্কে অবহিত হতে পারবেন।

২.১ প্রস্তাবনা

ব্রিটিশ শাসন যে ভারতীয়রা নিঃসংশয়ে মেনে নিতে পারেনি তার প্রমাণ ঊনবিংশ শতকের শেষ পর্বের বিভিন্ন অঞ্চলের কৃষক সম্প্রদায়ের অভ্যুত্থান, নীল বিদ্রোহের মত প্রতিবাদী বিক্ষোভ ও ভারতের বিভিন্ন স্থানের আদিবাসী ও উপজাতি মানুষের ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সশস্ত্র অভ্যুত্থান। যদিও ১৮৫৭ সালের মহাবিদ্রোহের মত ব্যাপ্তি এই আন্দোলনগুলির ছিল না, তাহলেও জনগণ যে ব্রিটিশ শাসনের প্রতি ক্রমশই হতাশ ও তিক্ত হয়ে উঠেছে তার সাক্ষ্য মেলে এই ধরনের অভ্যুত্থানগুলিতে।

২.২ ব্রিটিশ শাসনের বিরুদ্ধে পুঞ্জীভূত ক্ষোভ

ইংরেজ শাসনে সর্বাপেক্ষা বেশি ক্ষতিগ্রস্ত হয়েছিল কৃষক সম্প্রদায়। শোষণ যন্ত্রে নিপীড়িত হয়েছিল আদিবাসী মানুষজন। রজনীপাম দত্ত এবং মানবেন্দ্রনাথ রায় উল্লেখ করেছেন কৃষকদের উপর অপরিসীম করের ভার চাপানোর কথা। এদের অত্যন্ত চড়া হারে খাজনা দিতে হ'ত। জমিদাররাও অনেকেই প্রাপ্য কর ছাড়াও জোর করে বিভিন্ন ধরনের কর আদায় করতেন। টাকার অভাবে খাজনা মেটানোর জন্য কৃষকদের শরণাপন্ন হতে হত মহাজনদের কাছে। ফলে অবস্থা হয়ে পড়ে শোচনীয়। মহাজনের কাছে জমি বন্ধক রেখে জমিদার ও সরকারের খাজনা মেটানোর চেষ্টা করলেও মহাজনের দেনা মেটানো কৃষকদের পক্ষে অসম্ভব হয়ে পড়ে। ফলে বন্ধকী জমি মহাজনের হাতে চলে যায় এবং কৃষক হয়ে পড়ে ভূমিহীন। তাদের এই অবস্থার প্রতিকারের জন্য সরকার বা জমিদার কেউই এগিয়ে আসেনি। উপরন্তু জোর করে নীলের চাষ করতে কৃষকদের বাধ্য করে ইংরেজ সরকার—যদিও এই চাষ বাংলার কৃষকদের কাছে লাভজনক ছিল না। জমিদার, সরকার ও মহাজন এই ত্রিমুখী অত্যাচারের চাপে কৃষকদের অবস্থা হয়ে উঠেছিল মর্মান্তিক।

আদিবাসী ও উপজাতি বিক্ষোভের প্রেক্ষাপট ছিল অন্য ধরনের। আদিবাসী সমাজে খাজনার দায়িত্ব ছিল যৌথভাবে—এখানে ব্যক্তিগত মালিকানার কোনও ব্যাপার ছিল না। গ্রামের প্রধান বা মোড়ল গ্রামবাসীদের সকলের হয়ে খাজনা দিত। এই ধরনের সামাজিক পরিকাঠামোতে জমিদার, মহাজন ইত্যাদি শব্দগুলি ছিল অপরিচিত। এই সহজ সরল ভূমি ব্যবস্থায় ব্রিটিশ ঔপনিবেশিক ভূমি রাজস্ব নীতি আদিবাসী সমাজে প্রবল বিক্ষোভের সৃষ্টি করে। জমিদার বা মহাজন সম্প্রদায় এই সুযোগে তাদের সমাজে প্রবেশ করে। আদিবাসীদের দৃষ্টিতে এরা ছিল বহিরাগত। কিন্তু ব্রিটিশ সরকারের রাজস্ব মেটাতে গিয়ে আদিবাসীরা এদের কাছেই জমি বন্ধক রেখে নিঃস্ব হয়ে পড়ে। ফলে তারাও ক্রমশ ব্রিটিশ বিরোধী হয়ে ওঠে।

২.৩ কৃষক আন্দোলনের পটভূমিকা ও প্রকৃতি

ভারতে ব্রিটিশ শাসন পর্বে কৃষক বিদ্রোহ অধ্যায়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কৃষকরা দীর্ঘদিন ধরে শোষিত হচ্ছিল। অবশেষে তাদের অভাব অভিযোগ যখন সহ্যের সীমা অতিক্রম করে—তখনই ভারতের বিভিন্ন অঞ্চলে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে কৃষক অভ্যুত্থান গড়ে ওঠে। রণজিত গুহ তাঁর *Elementary Aspects of Peasant Insurgency in Colonial India* গ্রন্থে মন্তব্য করেছেন যে কৃষকরা বিদ্রোহকে বেছে নিয়েছিল শেষ অস্ত্র হিসাবে। তারা স্বতঃস্ফূর্তভাবে এই অভ্যুত্থান ঘটায়নি। তারা জানতো তারা কি চায়। হয়তো বিভিন্ন অঞ্চলের বিভিন্ন বিদ্রোহের মধ্যে নানা ধরনের পার্থক্য ছিল—তাহলেও তাদের মানসিকতা ছিল এক—এই বিদ্রোহ ছিল শোষণ ও নিষ্পেষণের বিরুদ্ধে।

কৃষক বিদ্রোহগুলিকে পাঁচভাগে ভাগ করেছেন ক্যাথলিন গাফ। তিনি বলেছেন—(১) কৃষক বিদ্রোহ এক ধরনের পুনরুজ্জীবনবাদী আন্দোলন। এই আন্দোলনের মূল উদ্দেশ্য হল ভারত থেকে ব্রিটিশ শাসনের অবসান ঘটানো এবং প্রকৃত শাসককে পুনরায় ক্ষমতায় ফিরিয়ে আনা। (২) কৃষক বিদ্রোহ এক ধরনের ধর্মান্তরী অভ্যুত্থান। (৩) কৃষকবিদ্রোহ এক ধরনের গণবিদ্রোহ—যেখানে অভাব অভিযোগের বিরুদ্ধে সকল সোচ্চার হয়ে উঠেছিল। (৪) লুঠপাঠ দস্যুতা কৃষক বিদ্রোহের অঙ্গ হয়ে পড়েছিল—Eric Hobsbawm একে বলেছেন *Social banditry*। (৫) কৃষকবিদ্রোহ ছিল এক ধরনের প্রতিবাদী আন্দোলন এবং এর চরিত্র ছিল হিংসাত্মক ও সশস্ত্র।

ইংরেজ ঔপনিবেশিক শাসন কৃষক সমাজকে ভূমিহীন ও বিপন্ন করে তুলেছিল। ফলে তারা দলবদ্ধ হয়ে শুধুমাত্র যে শোষণের বিরুদ্ধে সংগ্রাম শুরু করে তা নয়—ঔপনিবেশিকতাবাদকেও তারা বিলোপ করতে বদ্ধ পরিকর হয়। এই প্রেক্ষাপটে এক ধরনের ধর্মীয় আবরণও লক্ষিত হয়। এমন কিছু নেতার আবির্ভাব হয় যাদের ভাবমূর্তি ছিল অত্যন্ত উজ্জ্বল। তারা ঈশ্বরের আশীর্বাদধন্য এবং বিদ্রোহীরা মনে করত এরা অলৌকিক ক্ষমতার অধিকারী। এরা বলতেন যে অতীতে সমাজে কোনও শোষণ ছিল না। এই ধরনের নিপীড়নহীন সমাজ ফিরিয়ে আনার প্রতিশ্রুতি দিতেন এইসব নেতারা। এই হিসাবে বলা যায় যে কৃষক বিদ্রোহগুলির মধ্যে এক ধরনের অতীতমুখিতা ছিল। উপরন্তু বিদ্রোহের নেতারা বলতেন যে ঈশ্বর যেহেতু তাদের পক্ষে কাজেই জয় অনিবার্য।

এই ধরনের বিদ্রোহকে ইউরোপে এবং পৃথিবীর অন্যান্য বহু স্থানে *Millennial* ও *Messianic* বলা হয়। *Millennial* শব্দটির অর্থ হাজার বছর। এই শব্দটির মধ্যে একটি তত্ত্ব লুকিয়ে রয়েছে যাকে বলা হয় *Judaco-christain* তত্ত্ব। এই তত্ত্বের মূল কথা হল সোনালী ভবিষ্যতের ইঙ্গিত। *Messiah* হচ্ছেন নিপীড়ন উৎপীড়নের হাত থেকে মুক্তিদাতা পুরুষের প্রতীক স্বরূপ। অনুমান করা হয় ভারতে আদিবাসী সমাজে এবং উপজাতি কৃষকদের মধ্যেও এই ধরনের মনোভাব দেখা গিয়েছিল। বীরসা মুন্ডার বিদ্রোহ এমনই একটি উদাহরণ।

কিছু কিছু বিদ্রোহ সমাজ ব্যবস্থার মধ্যে সংস্কার আনতে চেয়েছিল। এদের মধ্যে বাংলার ফকির ও সন্ন্যাসী বিদ্রোহ বা মেদিনীপুরের লোখাদের আন্দোলন উল্লেখযোগ্য। আবার কোনও কোনও ক্ষেত্রে কোনওরকম প্রস্তুতি

ছাড়াই হঠাৎ কৃষকরা জমিদার, নায়েব, গোমস্তা, মহাজন এদের হত্যা করেছিল—যাকে সামাজিক দস্যুতা বা Social banditry আখ্যা দেওয়া হয়। যেসব বিদ্রোহে জনগণ ঐক্যবদ্ধ হয়ে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠেছিল সেখানে ধর্মীয় উন্মাদনা দেখা যায়নি। সাধারণতঃ এই ধরনের গণ-অভ্যুত্থানগুলি শান্তিপূর্ণভাবে শুরু হত। তবে শাসক সম্প্রদায় হিংসার আশ্রয় নিলে এই ধরনের গণ-অভ্যুত্থানগুলির হিংসাত্মক হয়ে উঠতে বেশি দেরী হত না।

২.৪. নীল বিদ্রোহের সূত্রপাত

ভারতে ব্রিটিশ নিষ্পেষণের বিরুদ্ধে বিভিন্ন অঞ্চলে যে সব কৃষক অভ্যুত্থান হয়েছিল তাদের মধ্যে নীল বিদ্রোহ সবিশেষ গুরুত্বপূর্ণ। নীল বিদ্রোহের একটি বিশেষ বৈশিষ্ট্য ছিল। নীল বিদ্রোহীরা আন্দোলন করেছিল নীলকুঠীর সাহেবদের বিরুদ্ধে যারা কৃষকদের নিজেদের লাভের জন্য বাধ্য করেছিল নীল চাষ করতে। কাজেই নীল বিদ্রোহকারীদের প্রতিপক্ষ ছিল নীলকর সাহেবরা—জমিদার বা মহাজন সম্প্রদায় নয়। এইখানেই অন্যান্য কৃষক বিদ্রোহের সাথে নীল বিদ্রোহের পার্থক্য।

নীল বিদ্রোহের কারণ ছিল কৃষকদের ক্ষোভ। নীল চাষ কৃষকদের পক্ষে লাভজনক ছিল না। কিন্তু অষ্টাদশ শতকের শেষে এবং ঊনবিংশ শতকের প্রথমার্ধে ইংল্যান্ডে বস্ত্রশিল্পে যুগান্তকারী উন্নতি পরিলক্ষিত হয়। এই সময়ে যেহেতু কৃত্রিম নাল আবিষ্কৃত হয়নি, কাজেই কাপড় রঙ করার জন্যে ভারতীয় নীলের চাহিদা বেড়ে যায়। বেন্টিংকের সময়ে ব্যাপকভাবে বাংলা ও বিহারে নীল চাষ শুরু হয়।

নীলকর সাহেবরা কৃষকদের অগ্রিম দিয়ে বা দাদন দিয়ে নীল চাষ করাতো। কৃষকরা জমিদারের খাজনা মেটানোর জন্য দাদন নিত। কিন্তু নীলকররা জোর করে উৎকৃষ্ট জমিতে নীলবীজ বপন করতে চাষীদের বাধ্য করত। ফলে যে জমিতে চাষ করে কৃষকদের সারা বছরের অন্নের সংস্থান হতে পারত, সেই জমিতে নীল চাষ করতে বাধ্য হওয়ায় তাদের অবস্থা শোচনীয় হয়ে পড়ে। নীলকর সাহেবরা যে নীলচাষীদের উপর জোরজবরদস্তি করত তা নয়, তাদের আচরণও ছিল অশালীন। ইন্ডিগো কমিশনের রিপোর্টে এবং সমকালীন মিশনারীদের সাক্ষ্য এর প্রমাণ পাওয়া যায়।

দীর্ঘদিন ধরেই কৃষক সমাজ নীলকর সাহেবদের বিরুদ্ধে অসন্তোষ পুঞ্জীভূত হচ্ছিল। তবে ১৮৫৯ থেকে ১৮৬২ সালের মধ্যে এই আন্দোলন ব্যাপকভাবে ছড়িয়ে পড়ে। এর কতকগুলি কারণও ছিল।

১৮৪৭ সালে ইউনিয়ন ব্যাঙ্ক বন্ধ হয়ে যায়। এর ফলে নীলকরদের পুঁজিতে টান ধরে। কারণ এই ব্যাঙ্ক ছিল তাদের টাকার যোগানদার। ফলে নীলকররা জমিদার হিসেবে অধিক অর্থ লাভের জন্য বেশি করে চাপ দিতে থাকে নীল চাষীদের উপর। নীলের দাম দেওয়া বন্ধ হয়ে যায়।

১৮৪২ সালের পর থেকে নীলের বাজার পড়ে এসেছিল। কারণ নীল চাষ বৃদ্ধি পেয়েছিল মাত্রাতিরিক্ত হারে। ফলে যারা কম দামে নীল চাষ করাতে পেরেছিল তারাই প্রতিযোগিতার বাজারে টিকে থাকতে পারছিল। এই অবস্থায় স্বাভাবিকভাবেই নীলচাষীদের উপর অত্যাচার বেড়ে যায়। তারা টাকা পেত কম অথচ ১৮৫৭-১৮৫৮ সালের মহাবিদ্রোহের পর থেকে জিনিসের দাম বেড়েই চলছিল। এই প্রেক্ষিতে কৃষকরা নীল চাষ করতে অস্বীকৃত হয়। তারা ধান, চাল, ডাল, তৈলবীজ, আখ, তামাক বা অন্য কোনও লাভজনক জিনিস উৎপাদনে আগ্রহী হয়ে পড়ে।

নীলকর সাহেবদের অত্যাচার হরিশচন্দ্র মুখোপাধ্যায়ের হিন্দু পেট্রিয়ট পত্রিকায় নিয়মিত প্রকাশিত হত। শিশিরকুমার ঘোষ, মনোমোহন ঘোষ, হরিনাথ মজুমদার, দীনবন্ধু মিত্র প্রভৃতি ব্যক্তির নীলকরদের অত্যাচারের সবিশেষ বিবরণ হিন্দু পেট্রিয়টে পাঠাতেন। বাংলার গ্রামে গ্রামে নীলবিরোধী আবহাওয়া গড়ে ওঠে। দীনবন্ধু মিত্র নীলদর্পণ নাটকে নীলকরদের শোষণের এক প্রামাণ্য চিত্র তুলে ধরেন। জেমস্ লঙ-এর নামে এর ইংরেজি অনুবাদ ইংল্যান্ডে পৌঁছলে সেখানে তুমুল আলোড়ন শুরু হয়।

দীর্ঘদিন ধরেই নীলকরদের অত্যাচার সরকারের পক্ষে অস্বস্তিকর হয়ে উঠেছিল। চারদিকে দেশীয় পত্র-পত্রিকায় নীলচাষের কুফল নিয়ে লেখালেখি হচ্ছিল। তা সত্ত্বেও সরকার কোনও উদ্যোগ নেয়নি কারণ তখনও পর্যাপ্ত ঔপনিবেশিক অর্থনীতিতে নীলের বাজার দর ছিল যথেষ্ট বেশি। কিন্তু নীলচাষের যখন গুরুত্ব কমে যায় তখন সরকারও নীলচাষীদের সম্পর্কে চিন্তাভাবনা শুরু করে দেয়। বারাসতের ম্যাজিস্ট্রেট ইডেন বলেন যে কৃষকরা তাদের জমিতে কি চাষ করবে সেটা তাদের ব্যক্তিগত ব্যাপার। এই ঘোষণা কৃষকদের বিদ্রোহের পথে এগিয়ে নিয়ে যায়।

২.৪.১. নীল বিদ্রোহের প্রকৃতি

নীল বিদ্রোহ খুব দ্রুত একস্থান থেকে অন্যস্থানে ছড়িয়ে পড়েছিল। ১৮৬০ সালের মধ্যে এই বিদ্রোহ যশোহর, পাবনা, রাজশাহী, ফরিদপুর, নদীয়া, বারাসাত, মুর্শিদাবাদ, মালদা প্রভৃতি জেলায় ছড়িয়ে পড়ে। এই বিদ্রোহে নীলচাষীরা যে অনমনীয় দৃঢ়তা দেখিয়েছিল নীলচাষের বিরুদ্ধে তা অভাবনীয়। তারা কোনও অবস্থাতেই নীল চাষ করবে না ঠিক করেছিল।

অনেকে মনে করেন যে বাজারে কৃত্রিমভাবে নীল তৈরি করা শুরু হয়ে গিয়েছিল। কাজেই স্বাভাবিকভাবেই নীলচাষ বন্ধ হয়ে যাচ্ছিল। কিন্তু বিনয়ভূষণ চৌধুরী বলেন যে অন্তত ১৮৮০ সালের পূর্ব পর্যন্ত কৃত্রিম নীলের কোন প্রভাব বুঝতে পারা যায়নি। বাংলায় নীলচাষীরা এতোই অনমনীয় ছিল যে নীলকর সাহেবরা বাধ্য হয়েছিল নীলের চাষ বিহারে সরিয়ে নিয়ে যেতে। অনেকে আবার চা বাগানে মূলধন বিনিয়োগ করে।

নীল চাষীরা যে শুধু জোর করে নীল চাষ বন্ধ করতে চেয়েছিল তা নয়। তারা সামগ্রিকভাবে নীল চাষ তুলে দিতে চেয়েছিল। নিঃসন্দেহে এই ধরনের বৈপ্লবিক মনোভাব ইতিপূর্বে দেখা যায়নি। উপরন্তু এই বিদ্রোহ বাংলায় প্রথম ধর্মঘটের দৃষ্টান্ত স্থাপন করে। হিন্দু মুসলমান নির্বিশেষে সকলে এক হয়ে নীলচাষের বিরুদ্ধে

সোচ্চার প্রতিবাদ করা ধর্মঘটের এক অভূতপূর্ব দৃষ্টান্ত। এই বিদ্রোহ ছিল সম্পূর্ণভাবে ধর্মীয় প্রভাব মুক্ত। এই বিদ্রোহ ছিল আসলে কৃষকদের স্বার্থরক্ষার লড়াই। ধর্মের কোনও স্থান এই আন্দোলনে ছিল না।

খ্রিস্টান মিশনারীদের নীলচাষীদের পক্ষে এসে দাঁড়িয়েছিলেন। নদীয়ার নীলচাষীদের উপর অবর্ণনীয় অত্যাচারের বিরুদ্ধে মিশনারীরা প্রতিবাদ করেছেন। তবে অভিজিৎ দত্ত এই প্রসঙ্গে বলেছেন যে খ্রীষ্টান মিশনারীরা বুঝতে পেরেছিলেন নীলকরদের অত্যাচার ভারতে ব্রিটিশ সরকারের মর্যাদা ক্ষুণ্ণ করছে। সেই সম্পর্কে ব্রিটিশ সরকারকে সচেতন করার জন্যই তাঁদের এই নীলকর বিরোধিতা। এমনকি জেমস লঙ দীনবন্ধু মিত্রের নীলদর্পনের ইংরেজি অনুবাদ করে কারাদণ্ডে দণ্ডিত হন।

অক্ষয়কুমার দত্ত তাঁর তত্ত্ববোধিনী পত্রিকায় এবং ঈশ্বরচন্দ্র গুপ্ত প্রভাকর পত্রিকায় নীলচাষীদের নিপীড়ন নিয়ে লিখেছিলেন। তবে এই প্রসঙ্গে সর্বাধিক প্রশংসনীয় হরিশচন্দ্র মুখোপাধ্যায়ের হিন্দু পেট্রিয়ট পত্রিকার অবদান। বঙ্গত তাঁর পত্রিকার মাধ্যমেই সাহেবদের অত্যাচারের কথা সর্বত্র ছড়িয়ে পড়ে।

নীল বিদ্রোহের নেতৃত্বে কারা ছিলেন এটা একটা বিতর্কিত বিষয়। একটা কথা পরিষ্কার যে নীলচাষ যাদের ক্ষতিগ্রস্ত করেছিল তারাই নীল বিদ্রোহে অংশ নিয়েছিল। নীলকরদের পছন্দ করত না বা নীলবিদ্রোহের প্রতি নৈতিক সমর্থন ছিল এরকম অংশও নিতান্ত কম ছিল না। যেমন বিভিন্ন পত্র-পত্রিকার সম্পাদক বা মিশনারীরা নীলবিদ্রোহ বা নীলকর সাহেবদের অত্যাচার সম্পর্কে মতামত প্রকাশ করেছেন। তবে চিত্তরত পালিত নেতৃত্ব প্রসঙ্গে মনে করেছেন যে এই বিদ্রোহে জমিদারদের আগ্রহ বেশি ছিল এবং এঁরাই নেতৃত্বের পুরোভাগে এগিয়ে আসেন। তবে এক্ষেত্রে সম্ভবত একটা স্বার্থের ব্যাপার লুকিয়ে ছিল। নীলকর সাহেবদের সম্পর্কে জমিদাররা তখনই অসন্তুষ্ট হয় যখন নীলকর সাহেবরা জমিদারের এলাকায় প্রজার উপর জমিদারের আধিপত্যে হস্তক্ষেপ করেছিল। অর্থাৎ কৃষক যে উদ্দেশ্য বিদ্রোহ করেছিল, জমিদারের নীলকর বিরোধিতার উদ্দেশ্য তা ছিল না। এঁরা ব্যক্তিগত স্বার্থরক্ষার জন্য নীলবিদ্রোহে নেতৃত্ব দিয়েছিলেন। তবে এঁদের সংখ্যা ছিল নগণ্য। তাহলেও নড়াইলের জমিদার রামরতন রায়, রাণাঘাটের পালচৌধুরী পরিবারের গোপাল ও শ্যামচন্দ্র পালচৌধুরী, হরনাথ রায়, নবকৃষ্ণ পাল প্রভৃতির নাম উল্লেখযোগ্য। এইসব জমিদারদের নেতৃত্বের প্রসঙ্গে রণজিৎ গুহ মন্তব্য করেছেন যে জমিদাররা কখনই সম্পূর্ণ শক্তি নিয়ে নীল বিদ্রোহে ঝাঁপিয়ে পড়েননি। বিনয়ভূষণ চৌধুরী বলেছেন যে যদিও জমিদাররা নীলচাষ পছন্দ করতেন না এবং নীলকরদের সাথে তাদের সম্পর্কও বিশেষ ভালো ছিল না, বিদ্রোহের সংগঠনে তাঁদের হাত ছিল।

ইন্ডিগো কমিশনও এই রায় দিয়েছিল যে নীল বিদ্রোহ সম্পূর্ণভাবে নীলচাষীদের সংগঠনেই গড়ে উঠেছিল। কারণ, তারাই ছিল সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্ত। কাজেই নিজেদের দূরবস্থা দূর করার জন্য এরা সংগঠিত হয়েছিল। মধ্যবিত্ত সম্প্রদায়, মিশনারীরা বা সরকারি কর্মচারীদের কেউ কেউ এই বিদ্রোহের প্রতি সহানুভূতিসম্পন্ন হলেও মূল নেতৃত্ব এসেছিল ধনী কৃষক সম্প্রদায়ের কাছ থেকে। গ্রামের কিছু ধনী কৃষক ও মোড়ল যাঁরা এককালে নীলকর সাহেবদের সাথে সুসম্পর্ক বজায় রেখেছিল তাদের অনেকেও বিদ্রোহের নেতৃত্বে এগিয়ে আসে। এদের উদ্দেশ্য ছিল নীলকর সাহেবদের সরিয়ে দিয়ে মহাজনী কারবার নিজেরাই যাতে আত্মসাৎ করে নিতে পারে।

প্রায় ৬০ লক্ষ কৃষক এই বিদ্রোহে অংশ নিয়েছিল। এই বিদ্রোহ শান্তিপূর্ণ ছিল না। কৃষকরা অস্ত্র শিক্ষা করেছিল। নদীয় জেলায় বিদ্রোহে মহিলাদের অংশ নেওয়ার কথা জানতে পারা যায়। এই বিদ্রোহ বাংলা থেকে নীলকর সাহেবদের বাধ্য করেছিল নীলচাষ বন্ধ করে দিতে।

২.৪.২ নীল বিদ্রোহের ফলাফল

নীলচাষীরা শান্তিপূর্ণভাবে বিদ্রোহ শুরু করলেও অবশেষে তা সশস্ত্র আন্দোলনের রূপ নিয়েছিল। কারণ নীলকর সাহেবরা বলপ্রয়োগ করে এই বিদ্রোহ ভেঙে দিতে বন্ধপরিকর ছিল। চাষীরাও তখন হিংসার পথে এগিয়ে যায়। এই বিদ্রোহ এতই তীব্র হয়ে উঠেছিল যে বাংলার সরকার ১৮৬০ সালের মার্চ মাসে একটি আইন জারী করতে বাধ্য হন। এই আইনে বলা হয় যে চুক্তি অনুযায়ী যদি নীল চাষ না করা হয় তাহলে চুক্তিভঙ্গকারী শাস্তি পাবে। নীলকর সাহেবরা এই আইনের সুযোগ নিয়ে নীলচাষে অসহযোগী চাষীদের বিবুদ্ধে মামলা করে। বলাই বাহুল্য বিচারকরাও নীলকরদের স্বপক্ষে রায় দিতেন।

কিন্তু কৃষক সম্প্রদায় এই সময়ে এতো অনমনীয় হয়ে উঠেছিল যে আইনকে উপেক্ষা করে তারা আন্দোলন চালিয়ে যেতে থাকে। ফলে ১৮৬০ সালের আইন কার্যত বাতিল হয়ে যায়। নীল চাষ বাংলাদেশ থেকে উঠে যায়।

যদিও নীলবিদ্রোহে কৃষককুল সাফল্য লাভ করেছিল, তাহলেও অনেকে বলেন যে সাধারণ কৃষক সম্প্রদায়ের এই বিদ্রোহে বিশেষ লাভ হয়নি। গ্রামের মহাজন ও জোতদাররা নীলকর সাহেবদের পরিবর্তে কৃষককুলকে শোষণ করতে শুরু করে। তবে বিনয় চৌধুরী মনে করেন যে বাংলাদেশের কৃষকরা নীলকর সাহেবদের এদেশে আসার থেকেই মহাজন ও জোতদারদের হাতে শোষিত হত। শোষণের এই ঘটনা নতুন কিছু নয়।

তবে নীল বিদ্রোহ বাঙালী বুদ্ধিজীবী সমাজকে নতুনভাবে ভাবতে শিখিয়েছিল। ব্রিটিশ শাসনের প্রকৃত স্বরূপ সম্পর্কে তারা সচেতন হতে শুরু করে। ধীরে ধীরে তাদের মধ্যে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে রাজনৈতিকভাবে সংঘবদ্ধ হওয়ার ইচ্ছা জেগে ওঠে। বাঙালী জাতীয়তাবাদী আন্দোলনের প্রাথমিক পর্বটি এখানেই তৈরি হয়েছিল বলা যেতে পারে।

২.৫. পাবনার কৃষক অভ্যুত্থান

কৃষক অভ্যুত্থানের একটি গুরুত্বপূর্ণ নজীর ১৮৭৩ সালের পাবনার কৃষক বিদ্রোহ। এই বিদ্রোহকে ঐতিহাসিকরা বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করলেও একটি ব্যাপারে সবাই একমত যে এই অভ্যুত্থান জমিদার বিরোধী এবং বর্ধিষু কৃষক বা জোতদার শ্রেণী এই বিদ্রোহে জমিদারদের বিরুদ্ধে এগিয়ে আসে।

পাবনার কৃষক অভ্যুত্থানের প্রেক্ষাপট করলে একটা ব্যাপার পরিষ্কার হয়ে ওঠে যে জমিদার সম্প্রদায়ের অতিরিক্ত শোষণ ও অত্যাচার এবং ক্রমাগত কর বৃদ্ধি কৃষককুলকে বীতশ্রদ্ধ করে তুলেছিল। অধ্যাপক সুনীল

সেন “ভারতের কৃষক আন্দোলন”-এ এই প্রসঙ্গে বলেছেন যে ১৭৯৩ থেকে ১৮৭২ সালের মধ্যে করের পরিমাণ প্রায় সাতগুণ বেড়ে যায়। তবে কোন অঞ্চলে কি পরিমাণে কর আদায় করা হত তার কোনও প্রামাণ্য তথ্য নেই। ১৮৫৯ সালে যে আইন পাস হয় তাতে কর বৃদ্ধির সুযোগ কিছুটা কমে যায়। তখন জমিদাররা সরাসরি করের হার না বাড়িয়ে বিভিন্নভাবে বাড়তি অর্থ সংগ্রহ করতেন। কৃষকরা তো বটেই, সরকারও এইভাবে অবৈধ উপায়ে অর্থ আদায়ের বিরোধী ছিলেন।

১৮৭২ সালে সরকার এই অবৈধ কর বা আবওয়াব বন্ধ করে দিলে জমিদাররা অন্য পথ অবলম্বন করে। তারা প্রজাদের মূল খাজনার সাথে এই বাড়তি টাকা জুড়ে আদায় করতে তৎপর হয়। এছাড়া জমিদাররা কৃষকদের জমি নতুন করে জরিপ করা শুরু করে। এই জরিপ এমনভাবে হয় যে কৃষকদের জমির পরিমাণ আয়তনে হ্রাস পায়। সেই বাড়তি জমি দেওয়া হয় অন্য কৃষকদের এবং তা থেকে খাজনা আদায় করা শুরু হয়। ফলে জমিদার ও কৃষকদের সম্পর্ক হয়ে ওঠে তিক্ত। দ্বিজেন্দ্রনাথ ঠাকুর তাঁর জমিদারির খাজনা পঞ্চাশভাগ বাড়িয়েছিলেন বলে জানা যায়।

পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার শাসক, পাবনার জেলা শাসকের জবানবন্দী এবং তৎকালীন সাময়িক পত্র-পত্রিকাগুলিতে কৃষক সম্প্রদায়ের ক্ষোভ এবং জমিদারদের অতিরিক্ত খাজনা আদায়ের মনোবৃত্তির কথা বলা হয়েছে। গ্রামবার্তা প্রকাশিকা, সোমপ্রকাশ, সুলভ সমাচার প্রভৃতি পত্রিকাগুলি জমিদারদের উৎপীড়নের তীব্র সমালোচনা করে। চিত্রব্রত পালিত তাঁর “Pabna Uprising a Fresh Probe” প্রবন্ধে (Perspectives on Agrarian Bengal)-এ বলেছেন যদিও পাবনা বিদ্রোহের মূল কারণ ছিল অধিক পরিমাণে খাজনা আদায় তাহলেও জমিদারদের একটা বিরাট অংশের খাজনা বাড়ানো ছাড়া কিছু করার ছিল না। টাকা, ফরিদপুর, রাজসাহী, সিরাজগঞ্জ এই সমস্ত জেলার জমিদাররা অধিকাংশই বিভিন্ন কারণে ঋণগ্রস্ত হয়ে পড়েছিলেন। অপরদিকে সম্পন্ন কৃষককুল বাণিজ্যিক ফসল পাট উৎপাদন করে আর্থিক স্বচ্ছলতা, আরও বাড়িয়ে চলেছিল। অথচ খাজনার হার ছিল নিচু। ফলে অর্থ আদায়ের জন্য জমিদাররা বর্ধিত হারে খাজনার দায় তাদের উপর চাপিয়ে দেয়। কিন্তু কল্যাণকুমার সেনগুপ্ত তাঁর “Pabna Disturbance and the Politics of Rent” লেখনীতে পাবনা বিদ্রোহের মূল কারণকে অন্যভাবে ব্যাখ্যা করেছেন। তাঁর মতে ১৮৫৯ সালে সরকার প্রণীত দশম আইন কৃষকদের বেশ কিছু সুযোগ সুবিধা দিয়েছিল। প্রজাস্বত্ত্ব দিয়েছিল, কাজেই কৃষকরা মনে করেছিল যে জমিদাররা আর খাজনা বাড়াবে না। কিন্তু জমিদাররা তাদের খাজনা দশম আইনকে বাঁকিয়ে-চুরিয়ে বাড়িয়ে চলেছিল। বাড়তি খাজনা না দিলে প্রজাস্বত্ত্ব নাশেরও প্রয়াস ছিল। কৃষকরা তাদের প্রাপ্য অধিকারের উপর জমিদারের এই উপেক্ষা মানতে রাজী ছিল না। ফলে তারা অভ্যুত্থানের পথ বেছে নেয়। অর্থাৎ কল্যাণ কুমার সেনগুপ্তের মতে পাবনার কৃষক অভ্যুত্থান হয়েছিল কৃষকদের অধিকার সম্পর্কে সচেতনতা বোধকে কেন্দ্র করে।

পাবনার কৃষকরা স্থির করে যে তারা কর দেবে না। তারা কৃষক সমিতি গড়ে তোলে। ১৮৭৩ সালে পাবনা জেলায় প্রায় সর্বত্র এই সমিতি গড়ে ওঠে। বিষ্ণু প্রজারা এই সমিতিতে চাঁদা দিয়ে একটি অর্থভান্ডার গড়ে তুলেছিল। আদালতের মাধ্যমে তাদের দাবী সুপ্রতিষ্ঠিত করার জন্য মামলা মোকদ্দমায় যে খরচ হত তা

মেটানো হত এই অর্থভাণ্ডার থেকে। অনিচ্ছুক বিদ্রোহ বিরোধী প্রজাকে বিদ্রোহের সামিল হওয়ার জন্য বাধ্য করা হত। জমিদারদের বিরুদ্ধে পাবনার বিদ্রোহী ধনী কৃষকরা অত্যন্ত সুসংহতভাবে সংগঠন করে তুলেছিল। সম্পন্ন কৃষকরা এই বিদ্রোহের নেতৃত্বে এগিয়ে এসেছিল। এইসব নেতাদের মধ্যে দৌলতপুরের ঈশাণচন্দ্র রায়, মেঘুল্লা গ্রামের প্রধান শঙ্কুনাথ পাল ইত্যাদির নাম উল্লেখযোগ্য।

বিদ্রোহের প্রকৃতি কি ধরনের ছিল তা নিয়েও যথেষ্ট বিতর্ক রয়েছে। বিনয় চৌধুরী এবং সুপ্রকাশ রায়ের মতে এই অভ্যুত্থান ছিল হিংসাত্মক। আবার কল্যাণকুমার সেনগুপ্ত বলেছেন যে এর অনেকটাই ছিল আইনের লড়াই। সরকার প্রথমদিকে জমিদার বিরোধী ও বিদ্রোহীদের পক্ষে থাকলেও পরবর্তীকালে তারা জমিদারদের সমর্থনে এগিয়ে আসে। ফলে বিদ্রোহী নেতারা ধৃত হয় এবং নেতৃত্বের অভাবে অভ্যুত্থান ক্রমশঃ থিতিয়ে আসতে পারে।

কিন্তু একথা মনে রাখতে হবে যে, পাবনার কৃষক অভ্যুত্থান কিন্তু জমিদার ও কৃষকদের সম্পর্ককে আইনের মাধ্যমে একটা নির্দিষ্ট জায়গায় নিয়ে এসেছিল। এই অভ্যুত্থানই ১৮৮৫ সালের প্রজাস্বত্ব আইনের পথ প্রস্তুত করেছিল যার ফলে কৃষকরা অনেক সুযোগ সুবিধা লাভ করেছিল। সরকার বুঝতে পেরেছিলেন যে এই অভ্যুত্থান জমিদারদের শোষণের বিরুদ্ধে। এই অভ্যুত্থান ব্রিটিশ-বিরোধী নয়। কাজেই তারা কৃষকদের স্বার্থরক্ষায় ব্রতী হয়েছিলেন। অনেকে পাবনার কৃষক বিদ্রোহকে একটি সাম্প্রদায়িক বিদ্রোহ বলতে চেয়েছেন—যেহেতু জমিদাররা ছিলেন হিন্দু এবং অধিকাংশ কৃষকরা ছিল মুসলমান। কিন্তু প্রকৃতপক্ষে ঘটনাটি ভিন্ন। কারণ হিন্দু মুসলমান সম্প্রদায়গত বিরোধ হলে হিন্দু নেতা ঈশাণ চন্দ্র রায় বা শঙ্কুনাথ পাল বিদ্রোহীদের নেতৃত্ব দিকে এগিয়ে আসতেন না। এই বিদ্রোহ ছিল সম্পূর্ণভাবে ধর্মনিরপেক্ষ। ধর্মীয় গোঁড়ামি বা ধর্মীয় অত্যাচারের কথা কোথাও উল্লিখিত হয়নি। এই বিদ্রোহের প্রকৃতি ছিল সম্পূর্ণভাবে অর্থনৈতিক।

২.৬. মহারাষ্ট্রের কৃষক বিদ্রোহ

সরকারি নথিপত্রে মহারাষ্ট্রের কৃষক বিদ্রোহকে Deccan Riot আখ্যা দেওয়া হয়েছে। ১৮৭৫ সালে পাবনার কৃষক বিদ্রোহের অব্যবহিত পরে মহারাষ্ট্রে কৃষক অভ্যুত্থানের কথা জানতে পারা যায়। মহারাষ্ট্রের কৃষকদের সংগ্রাম ছিল মহাজনী শোষণের বিরুদ্ধে। এই বিদ্রোহের প্রেক্ষাপটে ছিল রায়তওয়ারী ব্যবস্থার বৈষম্য—যার ফলে কৃষকদের উপরে অত্যাধিক করের বোঝা চাপানো হয়েছিল। কৃষকদের খাজনা দেওয়ার ক্ষমতার যথার্থ্য বিচার না করেই তাদের উপরে করের বোঝা চাপানো হয়েছিল। মহারাষ্ট্রের ভূমি ব্যবস্থা সম্পর্কে সরকারের সম্যক ধারণা ছিল না। অনুর্বর ও বৃক্ষ জমিতে পর্যাপ্ত শস্য যে উৎপাদন করা যায় না একথা সরকার ভেবে দেখেনি। এছাড়া প্রাকৃতিক বিপর্যয়ের জন্যও উৎপাদন ব্যাহত হত। অথচ তার জন্য খাজনায় কোন ছাড় দেওয়া হত না। অগত্যা খাজনা মেটানোর জন্য কৃষকদের শরণাপন্ন হতে হত মহাজন সম্প্রদায়ের কাছে। এইভাবে মহারাষ্ট্রের কৃষক জীবনে মহাজনদের প্রবেশ ঘটেছিল।

রায়তওয়ামী ব্যবস্থার আগে মহারাষ্ট্রের গ্রামীণ জীবনে মহাজনরা ব্যবসা করত। তাদের ভূমিকা বিশেষ উল্লেখযোগ্য ছিল না। কৃষকরা ব্রিটিশ রাজস্ব ব্যবস্থার ফলে জমির উপর ব্যক্তিগত মালিকানা লাভ করেছিল। ইচ্ছামত জমি বন্ধক দিতে বা বিক্রয় করতে তাদের কোনও অসুবিধা ছিল না। রাজস্ব দিতে না পারলেই তারা মহাজনের কাছে জমি বন্ধক রেখে টাকা ধার করত। অনেকে বলেছেন যে কৃষকরা তাদের সামাজিক ক্রিয়াকর্মে সাধ্যাতীত খরচ করত। তার জন্যেও তারা মহাজরে কাছে ঋণ করত। একবার তারা এই ঋণের জালে জড়িয়ে পড়লে তার থেকে উদ্ধার পাওয়া ছিল অসম্ভব। তখন তাদের জমি চলে যেত মহাজনের হাতে— কারণ ঋণ শোধ করার ক্ষমতা অধিকাংশ কৃষকদের ছিল না। আমেরিকার গৃহযুদ্ধের ফলে সেখানকার তুলো রপ্তানি বন্ধ হলে ইংলন্ডে ভারতীয় তুলোর চাহিদা দেখা দেয়। চাষীরা মহাজনদের কাছে ধার করেও এই তুলোর চাষ করতে থাকে।

রবীন্দ্রকুমার তাঁর The Deccan Riot of 1875-এ দেখিয়েছেন যে, মহারাষ্ট্রের কৃষক অভ্যুত্থানের জন্য কেবলমাত্র মহাজন ও কৃষকদের তিন্ত সম্পর্কেই দায়ী ছিল না। একাধিক কারণ এই বিক্ষোভের জন্য দায়ী। আমেরিকার গৃহযুদ্ধের ফলে গ্রামীণ অর্থনীতিতে ভাঙন দেখা দিয়েছিল। আমেরিকার গৃহযুদ্ধ চলাকালীন ভারত থেকে তুলো যেত ইংল্যান্ডে বস্ত্র শিল্প বয়নের জন্য। কিন্তু গৃহযুদ্ধের পর আমেরিকা থেকে তুলো আবার পাওয়ার ফলে ভারতে তুলোর দাম পড়ে যায়। মহারাষ্ট্র থেকে তুলো যেত। কাজেই মহারাষ্ট্রের অর্থনীতি ভেঙে পড়েছিল। এই অবস্থায় সরকার খাজনার হার বৃদ্ধি করলে কুনবি অর্থাৎ কৃষক ও বনি অর্থাৎ গ্রামীণ মহাজনদের সম্পর্কের মধ্যে আর একটি নতুন মাত্রা যোগ হয়। মহাজনরা ইতিমধ্যে অধিকাংশ কৃষককে তাদের ঋণজালে আবদ্ধ করে ফেলেছিল। এমতাবস্থায় তারা শঙ্কিত হয়ে পড়ে এই কথা ভেবে যে কৃষকরা সম্ভবতঃ খাজনা দিতে না পারলে তাদের জমিগুলি সরকার অধিগ্রহণ করবে। কাজেই নিজেদের স্বার্থরক্ষার জন্য তারা কৃষককুলকে প্ররোচিত করতে থাকে নানাভাবে। এমনকি তারা কৃষকদের ঋণ দেওয়া বন্ধ করে দেয়। এইভাবে এক উত্তেজক পরিস্থিতির উদ্ভব হয় যার মূল কারণ ছিল নিপীড়ন।

অনেকের মতে আবার মহারাষ্ট্রে কৃষক অভ্যুত্থানে স্থানীয় মহাজনরা উপলক্ষ্য ছিল না। এই অভ্যুত্থান হয়েছিল বহিরাগত মাড়োয়ারী ও গুজরাটি মহাজন (সাঙ্করদের) বিরুদ্ধে। স্থানীয় মহাজনেরা দীর্ঘদিন ধরেই তাদের কারবার চালিয়েছে মহারাষ্ট্রে। জমি দখল করতেও তাদের আগ্রহ নিতান্ত কম ছিল না। বরং মাড়োয়ারী ও গুজরাটি মহাজনরা কৃষকদের জমি দখলের ভয় দেখাত যাতে তারা ঋণ শোধ করে। কাজেই মহারাষ্ট্রের কৃষকরা যে তাদের আক্রমণের লক্ষ্য করেছিল বহিরাগতদের এটা নিতান্তই জাতিগত পার্থক্যের জন্য। কৃষকরা এদের ঋণপত্রগুলি পুড়িয়ে ফেলেছিল। তবে সব গুজরাটি বা মাড়োয়ারি বহিরাগত ছিল তা নয়। এদের মধ্যে অনেকে দু-তিন পুরুষ ধরে মহারাষ্ট্রে বাস করছিল। স্থানীয় মহাজনরাও যে আক্রান্ত হয়েছিল সে প্রমাণও পাওয়া যায়। সরকার এই বিদ্রোহ কড়া হাতে নিয়ন্ত্রণ করায় সমগ্র মহারাষ্ট্র এই বিদ্রোহ ছড়িয়ে পড়তে পারেনি। বিদ্রোহীদের নেতৃত্ব দিতে এগিয়ে এসেছিলেন কেসলিয়া নামে এক নেতা। সামরিক বাহিনী নিয়োগ করে এই বিদ্রোহ দমন করতে হয়েছিল। কেসলিয়া অবশেষে ধরা পড়েন।

ডেভিড হার্ডিয়ান বলেছেন যে মহারাষ্ট্রের কৃষক বিদ্রোহ হয়েছিল ১৮৭৫ সালের মে মাসে। এইসময়ে কৃষকদের সবচেয়ে বেশি টাকার দরকার পড়ে। কারণ গ্রীষ্মকাল তাদের টাকার দরকার লাগে বেশি। কিন্তু ১৮৭৫ সালের মে মাসে মহাজনরা কৃষকদের ঋণ দিতে অস্বীকৃত হলে বিদ্রোহের স্ফুরণ ঘটেছিল।

মহারাষ্ট্রের কৃষকরা মনে করেছিল ঋণপত্র পুড়িয়ে ফেললেই মহাজনদের নিপীড়নের হাত থেকে রেহাই পাওয়া যাবে। কিন্তু কৃষক বিদ্রোহ সরকার কঠোর হাতে দমন করেন এবং কৃষকদের অবস্থার কোনও উন্নতি হল না। এর সঙ্গে শুরু হয় দুর্ভিক্ষ। এই পরিস্থিতিতে স্বচ্ছল চিৎপাবন ব্রাহ্মণ পরিবারের সন্তান, ইংরেজি শিক্ষিত বাসুদেব বলবন্ত ফাড়কে খান্দেশ ও নাসিক জেলার রামোশী, ভিল, কোলি ও ধাঙরদের এক করে ব্রিটিশ উৎখাত করে হিন্দুরাজ প্রতিষ্ঠার স্বপ্নে বিভোর হয়ে একটি দল গঠন করেন। দরিদ্র নীচু জাতি অধ্যুষিত এই দলে কিছু ব্রাহ্মণও ছিল। এরা লুটপাঠ করে সম্ভ্রাস সৃষ্টি করে যাকে Eric Hobsbawn বলেছেন Social banditry। তিনি ধরা পড়লে দৌলতা রামোশী ১৮৮৩ সাল পর্যন্ত জমিদার ও সাহুকরদের বিরুদ্ধে তার আন্দোলন চালিয়ে যান। অবশেষে সরকার ১৮৭৯ সালে Deccan Agriculturists Relief Act পাস করেন। ফলে মহাজনদের সুদের কারবার যেমন নিয়ন্ত্রণের ব্যবস্থা হয়, তেমনই কৃষকদের স্বার্থও কিছু পরিমাণে রক্ষার ব্যবস্থা করা হয়।

২.৭. উপজাতি বিদ্রোহের পটভূমিকা

কৃষক বিদ্রোহের পাশাপাশি ভারতের আদিবাসী সম্প্রদায় বা উপজাতিগুলির বিদ্রোহ ঊনবিংশ-শতকের ব্রিটিশ ও মহাজনী শোষণের বিরুদ্ধে একটি উল্লেখযোগ্য প্রতিক্রিয়া। ব্রিটিশরা এদেশে আধিপত্য বিস্তারের পূর্বে আদিবাসীরা মূল জনস্রোত থেকে দূরে সরে গিয়ে তাদের ধর্মীয় অর্থনৈতিক ও সামাজিক রীতি নীতি বজায় রাখত। গোষ্ঠীবদ্ধ আদিবাসী জীবনে মহাজনের কোনও ভূমিকা ছিল না। কিন্তু ইংরেজরা ভারতে আধিপত্য বিস্তারের পর থেকে তাদের নিজস্ব সমাজ ও অর্থনীতি বিপন্ন হয়ে পড়তে থাকে। আদিবাসীরা নিজেদের সংস্কৃতি ও অস্তিত্বের সাথে ব্রিটিশ সাম্রাজ্যবাদের সমঝোতা মেনে নিতে পারেনি, বলেই ব্রিটিশ শাসনের উচ্ছেদ চেয়েছিল। এই সংগ্রাম শুধুমাত্র শোষণ বা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে নয়, এই সংগ্রাম নিজেদের স্বতন্ত্র অস্তিত্ব বজায় রাখার জন্য। এইখানেই উপজাতি বা আদিবাসী বিদ্রোহের বৈশিষ্ট্য।

উপজাতি সম্প্রদায়ের সর্বাপেক্ষা বড়ো ক্ষোভ ছিল যে তাদের অরণ্য সম্পদের উপর ব্রিটিশ সরকারের হস্তক্ষেপ। আদিবাসী কৃষকগোষ্ঠী অনেকক্ষেত্রেই মাটি কর্ষণ করত না—তারা ঝুম প্রথায় চাষ করত। অর্থাৎ জঙ্গলের কিছু অংশে আগুন লাগিয়ে ছাই করে উর্বর জমি তৈরী হত। সেখানে চাষ করা হত। সমগ্র অরণ্য অঞ্চল জুড়ে তারা কখনই চাষ করত না। অরণ্য সম্পদ রক্ষার প্রতি তাদের যথেষ্ট দৃষ্টি ছিল। কিন্তু ব্রিটিশ সরকার অরণ্য সংরক্ষণের নামে ঝুম চাষ বন্ধ করে দেয়। এতে উপজাতি গোষ্ঠীগুলির অর্থনীতি বিপর্যস্ত হয়ে পড়ে।

আদিবাসী আন্দোলনের আর একটি বৈশিষ্ট্য হল তারা তাদের অভ্যুত্থানের মাধ্যমে অতীতের সুখকর দিনগুলি ফিরিয়ে আনতে চেয়েছে। এই আন্দোলন সমাজবিজ্ঞানীদের ভাষায় revitalization movement বা পুনরুত্থানবাদী আন্দোলন। এই সময়ে এমন কিছু নেতার আবির্ভাব হয় যাকে সাধারণ লোক মনে করত যে তাঁরা অলৌকিক ক্ষমতার অধিকারী। তাদের উপর আনুগত্য প্রদর্শন করে আদিবাসী সম্প্রদায় বিদেশী শাসন ও মহাজনী শোষণের হাত থেকে মুক্তি পেতে চেয়েছিল এবং একই সঙ্গে ফিরে পেতে চেয়েছিল অতীতের সোনালি দিনগুলি। এইভাবে সমাজ ও অর্থনৈতিক অসম্পৃষ্টির সাথে সাথে আদিবাসী আন্দোলনে একটা ধর্মাশ্রয়ী রূপরেখাও দেখা দিয়েছিল।

২.৭.১ খারওয়ার বিদ্রোহ

আদিবাসী সমাজ মূলত সংগ্রাম করেছিল শোষণ ও অস্তিত্ব রক্ষার কারণে। ১৮৫৫-৫৬ সালে সাঁওতাল কৃষকদের বিদ্রোহের নেতৃত্ব দিয়েছিল সিধু কান্হু। কিন্তু এই আন্দোলন যা সমগ্র সাঁওতাল পরগণায় অগ্নিগর্ভ পরিস্থিতি সৃষ্টি করেছিল—অবশেষে, ব্রিটিশ দমননীতির কাছে পরাস্ত হয়। সরকার চেষ্টা করেছিল তাদের সমস্যার সমাধান করতে। এমনকি মহাজনদের কয়েক বছরের জন্য সাঁওতাল অধ্যুষিত এলাকায় প্রবেশ করতে দেওয়া হয় নি। কিন্তু এই ধরনের পদক্ষেপ সাঁওতালদের খুশি করতে পারেনি। তারা বহিরাগতদের, যাদের তারা দিকু বলত এবং ব্রিটিশ ঔপনিবেশিকতাবাদকে কিছুতেই মেনে নিতে পারেনি।

১৮৭০ সালে এই ধরনের হতাশার মধ্য থেকে সূত্রপাত হয় খারওয়ার আন্দোলনের। পূর্বে সাঁওতালরা কিন্তু খারওয়ার নামেই পরিচিত ছিল। খারওয়ার শব্দটি ব্যবহার করে বোঝান হয়েছিল যে এমন একটা দিন ছিল যখন তারা ছিল স্বাধীন এবং দিকুরা তাদের স্বাতন্ত্র্য ক্ষুণ্ণ করেনি। এই আন্দোলনের এই অতীতমুখীতা এটাকে পুনরুত্থানবাদী মনোভাব নিশ্চয়ই বলা যেতে পারে। এছাড়া কোনও রাজনৈতিক নেতা কিন্তু খারওয়ার আন্দোলনের নেতৃত্বে এগিয়ে আসেনি। ধর্মীয় মোড়কে এই আন্দোলনকে গড়ে তোলা হয়েছিল। উপজাতি আন্দোলনের এটা একটা বৈশিষ্ট্য বলা যেতে পারে। এইসব ধর্মীয় নেতারা সহজ সরল সাঁওতালদের কাছে একথাই প্রতিপন্ন করতে চেয়েছিলেন যে দিকুদের সংস্পর্শে তাদের বিশুদ্ধতা নষ্ট হয়ে গিয়েছে। কাজেই তা সংশোধন করে অতীতের স্বাধীন মুক্ত দিনগুলি ফিরিয়ে আনতে হবে।

এইসব ধর্মীয় নেতাদের খারওয়ার আন্দোলনের বলা হত বাবাজী। ১৮৭০ সালে ভগীরথ মাঝি নামে একজন বাবাজী বিশাল এক জনসভায় সাঁওতালদের কর দিতে বারণ করেন। রাজনৈতিক নেতৃত্বের এই পদক্ষেপের সাথে সাথে ধর্মীয় কিছু আচরণবিধি পালনের কথাও বলা হয় এই জনসভায়। ভগীরথ মাঝি বিশুদ্ধিকরণের কথা বলেন। কাজেই সাঁওতালদের শূকর ও মুরগী খেতে বারণ করা হয়। দুটোই বিধর্মীদের খাদ্য। কাজেই এইসব খাদ্যাভ্যাস সাঁওতালদের ক্ষতি করেছে। ভগীরথ মাঝি আরও বলেন যে তার কিছু অলৌকিক ক্ষমতা আছে। ব্রিটিশ সরকার তাকে বন্দী করতে পারবে না। সুদিন ফিরে পাওয়ার আকাঙ্ক্ষায় সাঁওতালরা উত্তাল হয়ে ওঠে। এইভাবে খারওয়ার আন্দোলন শুরু হয়।

সাঁওতাল বিদ্রোহের ব্যাপ্তি ব্রিটিশ সরকারকে আতঙ্কিত করে তুলেছিল। ভগীরথকে তারা বন্দী করেন। কিন্তু জ্ঞান পরগণাইত নামে আর একজন নেতা খারওয়ার আন্দোলনের নেতৃত্বে এগিয়ে আসেন। সরকার এই আন্দোলনকেও প্রতিহত করেন। ১৮৮০ সালে দুবিয়া গৌঁসাই খারওয়ার আন্দোলন আবার শুরু করেন। তিনিও বন্দী হন। ১৮৯৬-৯৭ সালে ফতে সাঁওতাল খারওয়ার আন্দোলনের নেতৃত্বে এগিয়ে আসেন। তিনিও কারারুদ্ধ হন।

বারবার ব্যর্থ হওয়ার ফলে বাবাজীরা তাদের ঐশ্বরিক ক্ষমতা সম্পর্কে যে ধারণার সৃষ্টি করেছিলেন তার সম্পর্কে সাঁওতালদের মনে অবিশ্বাস জন্মায়। উপরন্তু ব্রিটিশ ঔপনিবেশিকতাবাদ ও মহাজনী শোষণের হাত থেকে মুক্তি পাওয়া যে জীবনের স্বপ্ন খারওয়ার বিদ্রোহের নেতারা দেখিয়েছিলেন তাও বাস্তবায়িত হয়নি। ফলে বিদ্রোহীদের মনোবল ভেঙে যায় এবং তাদের ঐক্যে ফাটল সৃষ্টি হয়। সাফাই, সমরা ও বাবাজী এই তিনটি সম্প্রদায়ে তারা বিভক্ত হয়ে পড়েছিল।

খারওয়ার আন্দোলন সাঁওতালদের মৌলিক সমস্যার সমাধান করতে পারেনি। তাহলেও ঔপনিবেশিকতাবাদের বিরুদ্ধে তারা যে পদক্ষেপ নিয়েছিল তা নিঃসন্দেহে প্রশংসনীয়। তাদের কর বয়কট না করার সিদ্ধান্তও ছিল অভিনব। পরবর্তীকালে স্বাধীনতা আন্দোলনের সময়ে জাতীয়তাবাদী নেতারাও এই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন।

২.৭.২ মুন্ডা বিদ্রোহ

আদিবাসী বিদ্রোহের একটি উল্লেখযোগ্য অধ্যায় হল ছোটনাগপুরের মুন্ডা বিদ্রোহ। এদের প্রাচীন জীবনযাত্রা ছিল গোষ্ঠীবদ্ধ। তারাও আরণ্যক ছিল সাঁওতালদের মতো। জঙ্গল পরিষ্কার করে চাষ করত। জমির মালিকানা ছিল যৌথ। এই ভূমি ব্যবস্থাকে বলা হত খুণ্ড কটিদার। এদের সমাজে সবাই যেহেতু জমির মালিক— কাজেই কেউ কেউকে খাজনা দিত না। এরা নিজেদের মধ্যে থেকেই একজন গ্রাম প্রধান নির্বাচন করত— তাকে বলা হত মুন্ডা। গ্রাম্য পুরোহিতদের খুণ্ড কটিদাররা বলত পাহান।

ব্রিটিশ শাসন ও তার আনুষঙ্গিক উপসর্গ মহাজনী শোষণ ও দিকুদের আগমন মুন্ডাদের খুন্ডকটিদার ভূমি ব্যবস্থাকে বিপন্ন করে তুলেছিল। তাদের রাজস্ব দিতে বলা হয়। অরণ্য সংরক্ষণের নামে বন কেটে বসত তৈরী নিষিদ্ধ হয়। ফলে খাজনা মেটানোর জন্য মুন্ডাদের মহাজন সম্প্রদায়ের দ্বারস্থ হতে হয়। এইভাবে মুন্ডাদের আরণ্যক জীবনযাত্রায় বহিরাগত বা দিকুদের প্রবেশ ঘটে ও শোষণ শুরু হয়। ঋণের দায়ে তাদের জমিগুলি ক্রমশই দিকুদের হাতে চলে যায়। প্রশাসন ছিল শোষণকারীদের পক্ষে।

১৮৪৫ সাল থেকে ছোটনাগপুর অঞ্চলে খ্রিস্টান মিশনারীদের ঢুকতে থাকে। এইসব মিশনারীরা মুন্ডাদের মহাজনী শোষণের হাত থেকে অব্যাহতি পাওয়ার জন্য ও জমি উদ্ধারের জন্য সরকারের কাছে আবেদন করতে বলে। এতে কোনও ফল হয়নি।

ক্রমশ মুন্ডাদের মধ্যে এক জাতীয় চেতনা গড়ে ওঠে। মুন্ডাদের অনেকেই খ্রিস্ট ধর্মে দীক্ষিত হয়ে ভেবেছিল মহাজনী শোষণের হাত থেকে মুক্তি পাবে। কিন্তু সামগ্রিকভাবে তাদের দুর্দশা দূর করতে মিশনারীদের

ব্যর্থতা মুন্ডাদের হতাশ করে তোলে। কিন্তু মিশনারীদের সংস্পর্শ তাদের মধ্যে এক স্বাধীনতাকামী সত্তা গড়ে তুলেছিল যার ফলে মিশনারীদের স্কুলে লেখাপড়া করা বীরসা মুন্ডা শোষণের বিরুদ্ধে নেতৃত্ব দিতে এগিয়ে আসেন।

বীরসা মুন্ডার আদর্শের মধ্যে বৈষয়িক প্রভাব পরিলক্ষিত হয়। তার আখড়া ছিল চালকা। সরকারের বনবিভাগ ১৮৯৩-৯৪ সালে মুন্ডাদের কিছু পতিত জমি নেওয়ার চেষ্টা করলে বীরসা প্রতিবাদ করেন। ১৮৯৫ সালে তিনি নাকি ঈশ্বরের নির্দেশ পান বলা হয়। ব্রিটিশ সরকার বীরসার জনপ্রিয়তায় ভীত হয়ে তাকে বন্দী করেন। ফলে মুন্ডা সমাজে তীব্র ব্রিটিশ বিরোধী মনোভাব গড়ে ওঠে। দুবছর পরে মুক্তি পেয়ে বীরসা সরাসরি দিকুদের বিরুদ্ধে আন্দোলন নেমে পড়েন। ১৮৯৯—১৯০০ সালে রাঁচী ও সিংভূম জেলা জুড়ে বীরসার আন্দোলন ছড়িয়ে পড়ে। কিন্তু বীরসাকে কোন অলৌকিক শক্তি ব্রিটিশদের হাত থেকে রক্ষা করতে পারেনি। তিনি ধরা পড়েন এবং ব্রিটিশ কারাগারে তাঁর মৃত্যু হয়।

তবে বীরসার আন্দোলন সম্পূর্ণ ব্যর্থ হয়নি। ১৯০৮ সালে Chota Nagpur Tenancy Act পাস হয়। বলা হয় যে মুন্ডাদের জমি অন্য কেউ নিতে পারবে না। বেট বেগার বা বিনা মজুরীতে মুন্ডাদের কাজ করানো যাবে না। তবে একটা কথা এই প্রসঙ্গে মনে রাখা দরকার যে মুন্ডাদের সম্পর্কে সরকারের প্রজা আইন প্রণয়নের পূর্বেই তাদের নব্বই শতাংশ জমি দিকুদের হাতে চলে গিয়েছিল। সেগুলো উদ্ধারের কোনও নির্দেশ কিন্তু সরকার দেননি।

২.৭.৩ ওঁরাও বিক্ষোভ

ছোটনাগপুরের ওঁরাওরা ছিল মুন্ডাদের মতো আদিবাসী সম্প্রদায়। এদের সমাজেও খ্রিস্টান ও হিন্দুধর্মের প্রভাব পরিলক্ষিত হয়। মুন্ডাদের মতো ওঁরাওরা মহাজনী শোষণের শিকার হয়েছিল। তবে তাদের ভূমি ব্যবস্থা যৌথ মালিকানা ব্যাপারটা প্রচলিত ছিল না। ওঁরাও আন্দোলনের নেতৃত্বেও দেখা যায় পুনরুত্থানবাদী মনোভাবের প্রতিফলন এবং বিশুদ্ধীকরণের মাধ্যমে অতীতের শোষণমুক্ত দিনগুলি ফিরিয়ে আনার স্বপ্ন।

১৯১৪ সালে ওঁরাওদের নেতৃত্ব দিতে এগিয়ে আসেন গুমলা মহকুমার অন্তর্গত, বিষ্ণুপুর থানার অধীন ২৫ বছরের যুবক মাত্রা ওঁরাও। তিনি বলেন যে ওঁরাওদের দেবতা ধর্মেশ তাকে দেখা দিয়েছেন। তিনি বলেছেন যে ওঁরাওদের কিছু রীতিনীতি মেনে চলতে হবে। ভূত প্রেতের পূজা, ঝাড়ফুক করা, মদ্যপান, মাংস খাওয়া, পশুবলি ইত্যাদি বন্ধ করতে হবে। নাচগান করা চলবে না। চাষবাসও তারা করবে না—কারণ এতে তাদের দুঃখ ঘোচে না। কিন্তু বেঁচে থাকার জন্য তারা অপরের দ্বারস্থ হয়ে কুলির কাজও করতে পারবে না। অচিরেই তাদের দুঃখ দূর হবে এবং ওঁরাওদের স্বাধীনরাজ্য প্রতিষ্ঠা হবে।

ওঁরাওদের ধর্ম সম্পর্কে দুর্বলতা বা বলা যেতে পারে আদিবাসীদের ধর্ম সম্পর্কে দুর্বলতা খুব সহজেই এই নির্দেশগুলিকে জনপ্রিয় করে তোলে। উপরন্তু এর মধ্যে ইঙ্গিত দেওয়া ছিল ভগবানের নির্দেশ মানলে স্বাধীন ওঁরাও রাজ্যের প্রতিষ্ঠা অবশ্যম্ভাবী। ফলে ওঁরাওরা সরকার ও মহাজন বিরোধী বিদ্রোহে যোগ দেয়। সরকার যাত্রা ওঁরাও ও তার অনুগামীদের বন্দী করলেও ওঁরাওদের আন্দোলন কিন্তু ভেঙে যায়নি। পালামৌ,

হাজারীবাগেও এই আন্দোলন ছড়িয়ে পড়ে। এমনকি আসামের চা বাগানের গুঁরাওরা এই আন্দোলনে প্রভাবিত হয়ে চা বাগানের কুলীর কাজ ছেড়ে দেয়।

গুঁরাওদের এই নতুন ধর্মান্দর্শের নাম ছিল কুডুখ ধরম। কারণ গুঁরাওদের অপর নাম ছিল কুডুখ।

১৯১৭ সালের শেষাংশে গুঁরাওদের আন্দোলন ভেঙে পড়তে থাকে। ব্রিটিশরা পুনরায় গুঁরাও সমাজে তাদের প্রতিপত্তি বজায় রাখতে সমর্থ হয়।

২.৮. মোপলা বিদ্রোহ

উনবিংশ ও বিংশ শতকে যখন আদিবাসী ও কৃষক বিদ্রোহের ফলে ব্রিটিশ সরকার বিরত সেই সময়ে মালাবার অঞ্চলের মুসলমান কৃষক মোপলাদের অভ্যুত্থান সাম্রাজ্যবাদ বিরোধী বিক্ষোভের ইতিহাসে আর একটি গুরুত্বপূর্ণ সংযোজন। মোপলারা ১৮৩৬ থেকে ১৯১৯ খ্রিস্টাব্দের মধ্যে বারবার বিদ্রোহ করেছিল। এদের মনোভাব ছিল অনমনীয় এবং প্রয়োজনে এরা হিংসার পথ অবলম্বন করতে দ্বিধা করত না। উপরন্তু এদের বিদ্রোহের মধ্যে আদিবাসী বিদ্রোহীদের মতো ধর্মীয় বাতাবরণ উপস্থিত ছিল।

জমিদারী শোষণ ও অত্যাচার মোপলাদের বিদ্রোহ করতে বাধ্য করে। মোপলাদের দুর্দশার জন্য ব্রিটিশ সরকারের ভূমি সংক্রান্ত নীতিকে দায়ী করা যায়। ইংরেজরা ১৭৯২ সালে মালাবার অঞ্চল দখল করে হিন্দুদের প্রচুর জমি ও ক্ষমতা দেয়। ফলে মুসলমান কৃষকরা জমির উপর তাদের অধিকার থেকে বঞ্চিত হয়। অর্থাৎ তখন থেকেই তাদের মধ্যে বঞ্চনার ইতিহাস শুরু হয়। জমিদাররা জমি থেকে তাদের উৎখাত করার জন্য নির্মম অত্যাচার করত। এদের মধ্যে অনেকে আবার মহাজনী কারবারও করত। অর্থাৎ ভূমিহীন মোপলারা বেঁচে থাকার জন্য তাদের কাছ থেকেই ঋণ নিত।

কনরাড উড তাঁর লেখা “Peasant Revolt : An Interpretation of Moplah Violence in the 19th and 20th Centuries”-এ বলেছেন যে, মোপলারা যখন আর্থিক দিক দিয়ে বিধ্বস্ত, সেই সময়ে তাদের ইসলাম ধর্ম অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল। ধর্ম তাদের ঐক্য সূত্রে আবদ্ধ করেছিল। অস্পৃশ্য চেরুমারদের অনেকেই হিন্দু সমাজের জাতপাতের কড়াকড়িতে অতিষ্ঠ হয়ে মুসলমান হয়েছিল। ফলে মোপলাদের সংখ্যা ক্রমশ বেড়ে চলেছিল। বিদ্রোহীরা মিলিত হত মসজিদে। মোপলারা জমিদারদের (জেম্সি) সম্পত্তি ধ্বংস করে, মন্দির ভাঙচুর করে ও জমিদারদের হত্যা করে তাদের প্রতিবাদ জানাত। কনরাড উডের মতে এই বিদ্রোহ মূলত হিন্দু জমিদার সম্প্রদায়ের বিরুদ্ধে মুসলমান কৃষকদের বিদ্রোহ। এরা সংঘবদ্ধভাবে কোনও সমবায় প্রতিষ্ঠা করে আইনের মাধ্যমে তাদের আন্দোলন পরিচালিত করার কথা চিন্তা করেনি।

ডি.এইচ. ধানাগাড়ে—Agrarian Conflict, Religion and Politics—The Moplah Rebellions in 19th and 20th Centuries-এ মন্তব্য করেছেন যে হিন্দু কৃষকরা কিন্তু জমিদারদের বিরুদ্ধে কোনও সংঘবদ্ধ নেতৃত্ব দেয়নি। তারা শুধু মাঝে মাঝে দস্যুবৃত্তি করেছে।

তবে ডেভিড আরনল্ড—Islam, the Mapillas and the Peasant Revolt in Malabar-এ বলেছেন যে মোপলাদের আন্দোলনের মধ্যে লুকিয়ে ছিল সুন্দর ভবিষ্যতের এক স্বপ্ন। তারা শোষণহীন মুক্ত সমাজ গড়ে তোলার জন্যই জমিদার বিরোধী সংগ্রামে লিপ্ত হয়েছিল। তাদের ধারণা হয়েছিল যে বাইরে থেকে তাদের সাহায্যের জন্য প্রচুর অস্ত্রশস্ত্র আসছে।

দক্ষিণ মালাবারের এই কৃষক বিদ্রোহকে ব্রিটিশ সরকার স্থানীয় সমস্যা হিসাবেই গণ্য করেছিল। এছাড়া মুসলমান কৃষকরা হিন্দু জমিদারদের বিরুদ্ধে লড়াই করায় আন্দোলনের মধ্যে ধর্মীয় চরিত্রই প্রকট হয়ে উঠেছিল। ১৯২১ সালে যখন এই বিদ্রোহ অত্যন্ত তীব্র হয়ে ওঠে তখন ব্রিটিশ সরকার মোপলাদের দাবী-দাওয়া সম্পর্কে সচেতন হয়ে কিছু আইন প্রণয়ন করেছিল। ১৯২৯ সালে জমির উপর মোপলাদের বৈধ অধিকার স্বীকৃত হয়। এরপর আর কোনও মোপলা বিদ্রোহের সংবাদ পাওয়া যায়নি।

২.৯. অরণ্য ও পার্বত্য অঞ্চলের আদিবাসীদের বিদ্রোহ

দক্ষিণ রাজস্থান ও উত্তর-পশ্চিম গুজরাটের অরণ্য ও পার্বত্য অঞ্চলের উপজাতি আন্দোলন স্বাধীনরাজ্য প্রতিষ্ঠার স্বপ্ন নিয়ে গড়ে উঠেছিল। ১৮৬৮ সালে গুজরাটের পাঁচমহল অঞ্চলের নায়েকদা উপজাতির লোকেরা রূপসিং গোবরের নেতৃত্বে থানা আক্রমণ করেছিল। এদের আরেকজন নেতা ছিলেন জোরিয়া। গোবিন্দ গুরু ১৯১৩ সালে এক ধরনের শুদ্ধি আন্দোলন শুরু করেন। তাকে প্রভাবিত করেছিল সম্ভবত হিন্দু ধর্ম। রাজস্থানের বাঁসওয়ারা, সুনু এবং দলুগড়পুর অঞ্চলে এবং গুজরাটের পাঁচমহলে ভীলরা স্বাধীন রাজ্যের স্বপ্ন নিয়ে বিদ্রোহ শুরু করেছিল। কিন্তু এই অভ্যুত্থান সফল হতে পারেনি।

গোদাবরী অঞ্চলে বাস করত কোয়া, কোণ্ড, ভোরা ও কোঙ্ক উপজাতি সম্প্রদায়। এদের পরিধি ছিল বাস্তার, মালকানগিরি ও কোরাপুটের মধ্যে। বিদ্রোহীদের মূল কেন্দ্র ছিল চোডাভরম্ বা রাম্পা রাজ্য ও গুডেম অঞ্চল।

এই অঞ্চলের আদিবাসীরা ঝুম প্রথায় চাষ করত। স্থানীয় ভাষায় এই ধরনের চাষকে বলা হত পোড়ু। রাম্পা অঞ্চলের প্রশাসন তাদের অরণ্যের উপর অধিকার থেকে বঞ্চিত করতে থাকে। জঙ্গলে কাঠ কাটা বা পশু চরানোর জন্য তাদের কর দিতে বলা হয়। উপজাতিরা তাদের সর্দার বা মুট্টাদারদের নেতৃত্বে বার বার বিদ্রোহ করে।

১৮৭৯-৮০ সালে মুট্টাদারদের বিক্ষোভ তীব্র হয়ে উঠেছিল। রাম্পা অঞ্চল মাদ্রাজের আবগারি আইনের আওতায় পড়ার ফলে তাড়ির উপর কর ধার্য হয়। এছাড়া বহিরাগত ব্যবসাদার ও মহাজন যাদের এরা কোম্টি বলত তাদের অত্যাচারও ক্রমশ বাড়তে শুরু করেছিল। পুলিশের অত্যাচার এর সঙ্গে যুক্ত হয়ে মুট্টাদারদের ক্ষোভ আরও বাড়িয়ে তুলেছিল। তারা ধরে নিয়েছিল জমিদার ও মহাজনী শোষণ সরকারের মদত পুষ্ট।

মুট্টাদাররা গেরিলা পদ্ধতিতে যুদ্ধ করে ব্রিটিশ সরকারকে বিপর্যস্ত করে তুলেছিল। স্থানীয় মানুষরা মুট্টাদারদের যথেষ্ট সাহায্য করেছিল। ব্রিটিশ সরকার সেনাবাহিনীর সাহায্যে এই বিদ্রোহ দমন করলেও মুট্টাদারদের জন্য আবগারী আইন শিথিল করতে বাধ্য হয়। মুট্টাদারদের রাম্পার শাসককে রাজস্ব না দিয়ে সরাসরি সরকারকে রাজস্ব দেবে স্থির হয়। রাম্পার তেলেগু গ্রামপ্রধান বা গ্রামের সর্বোচ্চ শাসক যাদের মনসবদার বলা হত তাদের প্রশাসন থেকে সরিয়ে দেওয়া হয়।

ব্রিটিশ প্রশাসন ভেবেছিল এই পরিবর্তনগুলি মুট্টাদারদের সন্তুষ্ট করতে পারবে। কিন্তু প্রকৃতপক্ষে সংঘাত তীব্রতর হয়ে উঠল। মুট্টাদার ও ব্রিটিশ সরকারের মাঝে কোনও পক্ষ না থাকায় মুট্টাদাররা সরাসরি ব্রিটিশ বিরোধিতা শুরু করে। এই পরিস্থিতিতে মুট্টাদারদের বশ করার জন্যে ১৮৯২ সালে তাদের ভাতার বন্দোবস্ত হয়। এর ফলে উপজাতিরা মুট্টাদারদের সন্দেহের চোখে দেখতে থাকে।

এই পরিস্থিতিতে আন্দোলন হয়ে ওঠে ধর্মাশ্রয়ী। ১৮৮৬ সালে সুরলা রমল্লা ও রজলা অনন্তাইয়া নিজেদের রাম ও হনুমানের অবতার রূপে চিহ্নিত করেন। এদের অনুগত বাহিনীর নাম হয় রামদন্দু বা রামের বাহিনী। এরা ব্রিটিশ-বিরোধী আন্দোলনের নেতৃত্বে এগিয়ে আসেন। কোরামাল্লাইয়া বলে একজন নিজেকে পঞ্চ পাশুবদের একজন অবতার বলে ঘোষণা করেন। তিনি আরও বলেন তার শিশুসন্তান স্বয়ং কৃষ্ণ ভগবান। তিনিও ব্রিটিশদের উচ্ছেদ করার প্রতিশ্রুতি দেন। এরা নানারকম অলৌকিক শক্তির অধিকারী বলে নিজেদের ঘোষণা করতেন। কার্যত কোনটাই অবশ্য প্রমাণিত হয়নি।

১৯২২ সালের আগস্ট মাস থেকে ১৯২৪ সালের মে মাস পর্যন্ত রাম্পা অঞ্চলে আবার ব্রিটিশ-বিরোধী আবহাওয়া উত্তপ্ত হয়ে উঠেছিল। জঙ্গল ও পাহাড়ে রাস্তা তৈরির কাজে সরকার উপজাতিদের জোর করে কাজ করতে বাধ্য করেছিল। আল্লার শ্রীরাম রাজু নামে জনৈক ব্যক্তি এই আন্দোলনের নেতৃত্ব দেন। যদিও তিনি উপজাতি আন্দোলনের নেতৃত্ব দেন। যদিও তিনি উপজাতি আন্দোলনের নেতৃত্বে এগিয়ে এসেছিলেন, তাহলেও তিনি কিন্তু উপজাতি সম্প্রদায়ভুক্ত ছিলেন না। তিনি শুধুমাত্র সাদা চামড়ার লোকদের ঘৃণা করতেন। ভারতীয়রা সেনাবাহিনীতে থাকলেও তিনি তাদের আক্রমণ করতেন না। জনসাধারণ এই আন্দোলনকে অকুষ্ঠ সমর্থন জানানোয় ব্রিটিশ প্রশাসনকে যথেষ্ট অসুবিধার মধ্যে পড়তে হয়েছিল।

দক্ষিণ অন্ধ্রের কুড্ডাপ্লা ও নেলোর জেলার অন্তর্গত নামালাই পর্বতের চিথু উপজাতির মানুষরা ১৮৯৮ সাল থেকে ব্রিটিশ সরকারকে সন্দেহের চোখে দেখতে শুরু করেছিল। কারণ ব্রিটিশ সরকার তাদের বুম চাষ বন্ধ করে দিয়েছিলেন এবং অরণ্যের উপর তাদের অধিকারকে খর্ব করেছিলেন। রাস্তার অঞ্চলে ব্রিটিশ প্রশাসনের বিরোধিতা করে নেতৃত্ব দিয়েছিলেন একজন প্রাক্তন দেওয়ান। যদিও উপজাতিদের সম্পর্কে মমত্ব বোধ অপেক্ষা বাস্তবের রাজ সিংহাসনের প্রতিই তাঁর আকর্ষণ ছিল বেশি।

১৯১৪ সালে উড়িষ্যার দাসপালিয়া অঞ্চলে খোন্দ উপজাতিরাও ব্রিটিশ বিরোধী অভ্যুত্থানের সামিল হয়েছিল।

ব্রিটিশ সরকার উপজাতি আন্দোলনগুলি সামরিক শক্তির সাহায্যে দমন করলেও একটা তথ্য প্রমাণিত হয় যে ব্রিটিশ প্রশাসন উপজাতিদের কাছে কখনই গ্রহণযোগ্য হতে পারেনি।

২.১০ সারাংশ

উনবিংশ শতকের দ্বিতীয়ার্ধে ভারতের বিভিন্ন প্রান্তের কৃষক সম্প্রদায় আদিবাসী গোষ্ঠী, অরণ্য পর্বতের উপজাতিরা শোষণের বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠেছিল। তাদের ব্রিটিশ বিরোধিতার প্রেক্ষাপট ছিল আর্থ সামাজিক। শোষণ ও নিপীড়ন ছিল ক্ষোভের মূল উৎস। মানুষকে তার স্বাভাবিক অধিকার থেকে বঞ্চিত করাই ছিল ক্ষোভের মূল কারণ। এর সঙ্গে যোগ হয়েছিল এক বিচিত্র ধর্মীয় আবরণ যা তাদের স্বপ্ন দেখিয়েছিল উজ্জ্বল ভবিষ্যতের এবং প্রতিশ্রুতি দিয়েছিল সুখময় অতীত ফিরিয়ে আনার। আন্দোলনগুলি ব্রিটিশ প্রশাসন নিয়ন্ত্রণে আনলেও একটা কথা পরিষ্কার হয়ে উঠেছিল শোষণ ও নিপীড়নকে জনসাধারণ বিনা প্রতিবাদে মেনে নেবে না।

২.১১ অনুশীলনী

ক। বড় প্রশ্ন :

- ১। ভারতে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সম্প্রদায়ের অভ্যুত্থানের প্রকৃতি আপনি কিভাবে ব্যাখ্যা করবেন।
- ২। নীল বিদ্রোহ কেন হয়েছিল? এই বিদ্রোহ সম্পর্কে ব্রিটিশ সরকার কি পদক্ষেপ নিয়েছিল।
- ৩। পাবনার কৃষক বিদ্রোহের বৈশিষ্ট্য কি ছিল?
- ৪। মহারাষ্ট্রের কৃষক বিদ্রোহের বৈশিষ্ট্য কোথায়?
- ৫। উপজাতি আন্দোলনগুলির বিশিষ্টতা কোথায়?
- ৬। খারওয়ার অভ্যুত্থান সম্পর্কে লিখুন।
- ৭। টীকা লিখুন :
মুন্ডা বিদ্রোহ, গুঁরাওঁ বিদ্রোহ, উপজাতি আন্দোলনে মুন্ডাদারদের ভূমিকা।
- ৮। মোপলা বিদ্রোহের কারণ বিশ্লেষণ করুন।

খ। সংক্ষিপ্ত প্রশ্ন :

- ১। দিকু কাদের বলা হত?
- ২। Social bandiry বা সামাজিক দস্যুতা বলতে কি বোঝায়?
- ৩। কুনবি ও বনি শব্দ দুটির অর্থ কি?
- ৪। খুণ্ডকটিদার বলতে কি বোঝায়?
- ৫। 'কুডুখ ধরম' কি?
- ৬। মোপলা বলতে কাদের বোঝায়?
- ৭। 'পোডু' শব্দটির অর্থ কি?
- ৮। কোম্টি কাদের বলা হত?

২.১২ গ্রন্থপঞ্জি

1. Bipan Chandra—Modern India.
2. Anil Seal—Emergency of Indian Nationalism, Dharma Kumar (ed) Cambridge Economic History of India.
3. R.C. Majumdar (ed). British Paramountey and Indian Renaissance, Part-II.
4. B.B. Chaudhury—Peasant Movements in Bengal 1850-1900 in 19th Century Studies No. 3 Indian Peasant edited by Dr. Alok Ray.
5. Abhijit Dutta—Christian Missionaries on the Indigo question in Bengal.
6. Ranajit Guha—Elementary Aspects of Peasant Insurgency in Colonial India.
7. Chittabrata Palit—Tensions in Bengal Rural Society. Perspectives of Agrarian Bengal.
8. K.K. Sengupta—Pabna Disturbance and the Politics of Rent.
9. Sumit Sarkar—Modern India.
10. R. Kumar—The Decan Riot of 1875 in Hardiman D.—(ed) Peasant Resistant in India 1858-1914.
11. Conrad Wood—Peasant Revolt ; “An Interpretation of Moplah Violence in the 19th and 20th Centuries “in Hardiman. D. (ed). Peasant Resistance in India.
12. D.H. Dhanagare—Agrarian Conflict, Religion and Politics : The Moplah Rebellions in 19th and 20th Centuries—Past and Present, 1977.
13. David Arnold—Islam, the Mopilas and the Peasant Revolt in Malabar.
14. সুনীল সেন—ভারতের কৃষক বিদ্রোহ।
15. সুপ্রকাশ রায়—ভারতের কৃষক বিদ্রোহ ও গণতান্ত্রিক সংগ্রাম।

একক ৩ □ ঔপনিবেশিক অর্থনীতির রূপান্তর

গঠন

- ৩.০ উদ্দেশ্য
- ৩.১ প্রস্তাবনা
- ৩.২ ঔপনিবেশিক অর্থনীতির পূর্বকাল
- ৩.৩ ঔপনিবেশিক অর্থনীতির বৈশিষ্ট্য
 - ৩.৩.১ ভারতের অর্থনৈতিক কাঠামোর বিপর্যয়
- ৩.৪ বাণিজ্যিক পর্বকাল
 - ৩.৪.১ পলাশী লুণ্ঠন
 - ৩.৪.২ ব্যক্তিগত বাণিজ্য
 - ৩.৪.৩ বিনিয়োগ ব্যবস্থা
 - ৩.৪.৪ অপহার
- ৩.৫ ভারতীয় শিল্পের ধ্বংসসাধন
 - ৩.৫.১ ভারতীয় পণ্য রপ্তানীর উপর আইনগত নিষেধাজ্ঞা
 - ৩.৫.২ কুটীর শিল্পের বিনাশ ও ভূমিহীন কৃষকের উত্থান
 - ৩.৫.৩ কৃষির উপর শিল্পের বিনাশকারী প্রভাব
 - ৩.৫.৪ চিরস্থায়ী বন্দোবস্তের কুফল
- ৩.৬ কোম্পানীর আয়ের অন্যান্য ক্ষেত্র
 - ৩.৬.১ ভারতীয় সম্পদের নিগমণ
- ৩.৭ শিল্প পুঁজির সময়কাল
 - ৩.৭.১ ভারতীয় সম্পদ ও ইংল্যান্ডের শিল্পবিপ্লব
 - ৩.৭.২ বাণিজ্য পুঁজি ও শিল্প পুঁজির উদ্দেশ্যের মধ্যে পার্থক্য
 - ৩.৭.৩ কৃষির বাণিজ্যিকরণ
 - ৩.৭.৪ অসম শুল্ক ব্যবস্থা ও অর্থকরী ফসল উৎপাদনে উৎসাহ

- ৩.৮ ফিনান্স পুঁজি পর্বকাল
 - ৩.৮.১ ফিনান্স পুঁজির প্রয়োগ ও রেলপথ স্থাপন
 - ৩.৮.২ শোষণের নতুন ক্ষেত্র : রেলপথ
 - ৩.৮.৩ ভারতবর্ষ : শোষণের মুক্ত বাজার
 - ৩.৮.৪ রেলপথ স্থাপনের ফলাফল
 - ৩.৮.৫ ভারতে শিল্পোদ্যোগের অভাব
 - ৩.৮.৬ শিল্পায়নের সূচনা
 - ৩.৮.৭ আন্তর্জাতিক পরিস্থিতি
 - ৩.৮.৮ বিশ্বব্যাপী মন্দা ও ভারতীয় শিল্প
- ৩.৯ স্বাধীন ভারতের শিল্পোদ্যোগ
- ৩.১০ সারাংশ
- ৩.১১ প্রশ্নাবলী
- ৩.১২ গ্রন্থপঞ্জী

৩.০ উদ্দেশ্য

আলোচ্য এককটিতে ভারতীয় অর্থনীতির রূপান্তরের কারণগুলি বিশ্লেষিত হয়েছে। এই এককটি পাঠ করে নিম্নলিখিত কারণগুলি আপনারা চিহ্নিত করতে পারবেন।

- প্রাক ঔপনিবেশিক স্বয়ংসম্পূর্ণ ভারতীয় অর্থনৈতিক কাঠামোর বিনাশ;
- ভারতীয় অর্থনীতির ঔপনিবেশিক চরিত্র গ্রহণ ;
- বাণিজ্যপুঁজি, শিল্প পুঁজি ও ফিনান্স পুঁজির নিয়ন্ত্রণে ভারতের ঔপনিবেশিক অর্থনীতি;
- ভারতীয় সম্পদের নির্গমণ, শিল্প বাণিজ্যে বিপর্যয় ও কৃষিক্ষেত্রে সঙ্কট;
- ভারতে রেলপথের স্থাপন এবং শোষণের নতুন উপায় গ্রহণ।

৩.১ প্রস্তাবনা

ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির ভারতবর্ষে আগমনের পর কালক্রমে এই দেশের রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক পরিবর্তনের সূচনা হয়। এই পরিবর্তন হয়েছিল সামগ্রিক, ফলে পুরাতন ব্যবস্থার পুনঃপ্রবর্তন সম্ভব হয়নি। জাতীয় জীবনের সর্বত্র এই পরিবর্তন পরিলক্ষিত হয়েছিল অথচ তা ভারতবাসীর উপকারে লাগেনি।

ভারতবর্ষ একটি স্বাধীন রাষ্ট্র থেকে কাঁচামাল যোগানদারী উপনিবেশে রূপান্তরিত হয়েছিল। ব্রিটিশ জনতার হিতসাধনে ব্যবহৃত হল ভারতের রাষ্ট্রযন্ত্র, অর্থনীতি এবং এর পিছনে ব্রিটিশ প্রশাসনের সম্পূর্ণ সহযোগিতা ছিল। ভারতবর্ষে প্রাচীনকাল থেকে বার বার বিদেশী আক্রমণ সংঘটিত হয়েছে কিন্তু ভারতীয় শিল্প, বাণিজ্য, কৃষির বিনাশ হতে দেখা যায়নি। ব্রিটিশ বাণিজ্য কোম্পানির কার্যকলাপ ছিল উদ্দেশ্য প্রণোদিত। কারণ ভারতকে যথেষ্টভাবে শোষণ করে মাতৃভূমি ইংল্যান্ডকে সমৃদ্ধ করে তোলাই ছিল ইস্ট ইন্ডিয়া কোম্পানির মুখ্য উদ্দেশ্য। তাই বাণিজ্য কোম্পানির পরিচালনায় ভারতে ধ্বংসাত্মক পরিস্থিতির সৃষ্টি হলো। পলাশীর যুদ্ধের পর ব্রিটিশ শক্তি ভারতে এক ব্যাপক ও সর্বাঙ্গিক পরিবর্তন সূচিত করে। এই সুদূরপ্রসারী পরিবর্তনে ভারত রূপান্তরিত হয় ব্রিটেনের উপনিবেশে এবং ভারতের কৃষি, শিল্প, বাণিজ্য তথা ভারতের অর্থনীতি উপনিবেশিক অর্থনীতিতে পরিবর্তিত হয়।

৩.২ ঔপনিবেশিক অর্থনীতির পর্বকাল

ব্রিটিশ বাণিজ্য কোম্পানি ভারতের ঐতিহ্যবাহী শিল্প-বাণিজ্য এবং চিরাচরিত কৃষি প্রথার ধ্বংসসাধন করে। তবে ধ্বংস সাধনের এই প্রক্রিয়াটি ছিল দীর্ঘ এবং ধারাবাহিক। এই ধ্বংস সাধনের সময় কালকে তিনটি পর্বে ভাগ করে আলোচনা করা যেতে পারে। প্রথম পর্বের সময়কালে অর্থাৎ অষ্টাদশ শতকে কোম্পানির একচেটিয়া বাণিজ্য অপ্রতিহত গতিতে চলতে থাকে। এই পর্বকে পুরোনো ঔপনিবেশিক ব্যবস্থা পরিচালিত একচেটিয়া বাণিজ্যের (Monopoly Trade) যুগ বলে অভিহিত করা যেতে পারে। এই সময়ে ইস্ট ইন্ডিয়া কোম্পানির অধীনে ভারতে বাণিজ্য পুঁজির (Marchant Capital) উদ্ভব হয়।

দ্বিতীয় পর্বের সময়ে অর্থাৎ ঊনবিংশ শতাব্দীতে সূচিত হলো শিল্প-পুঁজি (Industrial Capital) পরিচালিত অবাধ বাণিজ্য (Free Trade) ব্যবস্থা। তৃতীয় পর্ব কালটি ব্যাপ্ত ছিল পরাধীন ভারতের স্বাধীনতা লাভের পূর্বকাল পর্যন্ত। ঊনবিংশ শতকের শেষভাগে ফিনান্স পুঁজি (Finance Capital) পরিচালিত করেছিল ভারতের উপনিবেশিক অর্থনীতি।

৩.৩ ঔপনিবেশিক অর্থনীতির বৈশিষ্ট্য

উপরিউক্ত ঔপনিবেশিক অর্থনীতির সময়কালের বৈশিষ্ট্যগুলিকে সুস্পষ্টভাবে চিহ্নিত করা যেতে পারে। প্রথম পর্বে ভারতে ঔপনিবেশিক অর্থনৈতিক কাঠামোর বৈশিষ্ট্য ছিল :

- ১। ভারতীয় সম্পদের যথেষ্ট লুণ্ঠন;
- ২। অর্থনৈতিক শোষণ;
- ৩। ইচ্ছাকৃতভাবে ভারতের কৃষি, শিল্পের বিনাশ সাধন;

৪। ইংল্যান্ডে রপ্তানীযোগ্য ভারতীয় পণ্যের উপর শুল্ক আরোপ।

দ্বিতীয়পর্বে ঔপনিবেশিক অর্থনীতির বৈশিষ্ট্যের মধ্যে উল্লেখযোগ্য হলো :

১। কৃষির উপর অত্যাধিক চাপ সৃষ্টি করা;

২। নিষ্ঠুর পদ্ধতিতে কৃষকদের কাছ থেকে কর আদায় করা;

৩। ভারতের শিল্প সমৃদ্ধ অঞ্চলগুলিকে বিনষ্ট করে দেওয়া;

৪। শিল্পে নিযুক্ত ব্যক্তিদের কৃষিক্ষেত্রে স্থানান্তরিত করা।

তৃতীয় পর্বের বৈশিষ্ট্যগুলির মধ্যে উল্লেখ্য হলো :

১। ভারতের শিল্প ব্যবস্থাকে অনুন্নত করে রাখা;

২। ভারতের অর্থনীতির ঔপনিবেশিক চরিত্র বজায় রাখা;

৩। কৃষিক্ষেত্রে সামন্ততান্ত্রিক ও আধা সামন্ততান্ত্রিক চরিত্র টিকিয়ে রাখা;

৪। ব্রিটিশ পুঁজির রপ্তানী ও বিনিয়োগ বৃদ্ধি করা।

৩.৩.১ ভারতের অর্থনৈতিক কাঠামোর বিপর্যয়

এইভাবে বাণিজ্যপুঁজি, শিল্পপুঁজি ও ফিনান্স পুঁজির সময়কালে ভারতের ঔপনিবেশিক অর্থনীতির ভিত্তিটি গড়ে উঠেছিল। ভারতের ঔপনিবেশিক অর্থনীতির বনিয়াদ গড়ে উঠল ইংল্যান্ডের স্বার্থে এবং তা ব্রিটিশ সমাজ ও অর্থনীতির পুষ্টি সাধন করেছিল। পক্ষান্তরে ভারতীয় কৃষি, শিল্প-বাণিজ্য ক্রমশ ক্ষতির সম্মুখীন হতে হতে এক সময়ে বিনাশপ্রাপ্ত হয়ে যায়। ভারতীয় অর্থনীতির এই মূল ভিত্তি যথা কৃষি শিল্প বাণিজ্য ধ্বংস হবার ফলে অর্থনৈতিক কাঠামোর বিপর্যয় সূচিত হয়।

৩.৪ বাণিজ্যিক পর্যকাল

ভারতীয় অর্থনীতির ঔপনিবেশিক রূপান্তরকে বা ভারতবর্ষে ব্রিটিশদের অর্থনৈতিক শোষণের সময়কালকে তিনটি পর্বে ভাগ করে আলোচনা করা যায়। ১৭৫৭ সাল থেকে ১৮১৩ সাল পর্যন্ত সময়কালে ভারতে চলেছিল ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির যথেষ্ট লুণ্ঠন, লুণ্ঠিত হয়েছিল ভারতের সম্পদ। পলাশীর যুদ্ধের পর ১৭৬৪ সালে বঙ্গারের যুদ্ধে জয়ী হয়ে কোম্পানি বাংলার চূড়ান্ত কর্তৃত্ব লাভ করে এবং বাংলার স্বাধীন নবাবী শাসনের অবসান হয়। ব্রিটিশ বাণিজ্য কোম্পানী এরপর একচেটিয়া বাণিজ্য পরিচালনা করতে থাকে। এই সময়ে যে বাণিজ্য নীতি গৃহীত হলো তখন থেকেই ভারতের অর্থনীতি ধীরে ধীরে ক্ষতিগ্রস্ত হতে শুরু করে। শিল্প বাণিজ্য লোপ পায় কারণ এই সময় অব্যাহত ছিল ব্যক্তিগত বাণিজ্য। কোম্পানির কর্মচারীরা নানাভাবে অর্থ উপার্জন করেছিলেন। এই অর্থ এসেছিল পারিতোষিক গ্রহণ ও উপটোকণের মাধ্যমে।

৩.৪.১ পলাশী লুণ্ঠন

ইংরাজ বণিকরা এই সময়ে যেন সম্পদ লুণ্ঠনের নেশায় মেতে উঠেছিল। ১৭৫৭ সাল থেকে ১৭৬৬ সালের মধ্যে বাংলা থেকে যাট কোটি পাউন্ড অর্থ আদায় করা হয়। এই অর্থ আদায়কে পলাশীর লুণ্ঠন নামে অভিহিত করা হয়েছে। বাংলার আর্থিক অবস্থা শোচনীয় হয়ে পড়তে থাকে এবং ক্রমে সমগ্র ভারতবর্ষের অবস্থা বাংলার মতো হয়ে পড়ে।

৩.৪.২ ব্যক্তিগত বাণিজ্য

উপহার, পারিতোষিক আদায় করা ছাড়াও কোম্পানির কর্মচারীরা ব্যক্তিগত ব্যবসা বাণিজ্যের মাধ্যমে আয়ের পথ প্রস্তুত করে নিয়েছিল। এই সময়ে অব্যাহত ছিল ব্যক্তিগত বাণিজ্য। ঐতিহাসিক নরেন্দ্রকৃষ্ণ সিনহা তাঁর *Economic History Bengal Vol-II*, -তে লিখেছিলেন যে কোম্পানির কর্মচারীরা ব্যক্তিগত বাণিজ্য থেকে যা আয় করতো তা প্রাপ্ত উপটোকণের থেকে বেশি ছিল। ব্যক্তিগত ব্যবসায় দস্তক ব্যবহার করে বিনা শুল্কের বাণিজ্য ১৭৫৭-১৭৬৮ সালের মধ্যে বিশাল আকার ধারণ করেছিল। তবে শেষ পর্যন্ত ১৭৭৭ সালে এই ব্যবসার উপর নিষেধাজ্ঞা জারি করা হয়।

৩.৪.৩ বিনিয়োগ ব্যবস্থা

কোম্পানির কর্মচারীরা উদ্বৃত্ত আদায় থেকে বিনিয়োগ করে বাণিজ্য করতো। উদাহরণ স্বরূপ বলা যায় দেশীয় অর্থ দিয়ে অতিরিক্ত কম মূল্যে পণ্য ক্রয় করে ইউরোপের বাজারে চালান দেওয়া। একে বিনিয়োগ বা Investment বলা হতো। প্রকৃতপক্ষে পলাশীর যুদ্ধের পর কোম্পানির বাণিজ্যে পরিবর্তন আসে। ইতিপূর্বে কোম্পানীর ভারতীয় পণ্যদ্রব্য যেমন কাঁচা তুলো, রেশম, লবন, পাট, আফিম, সোরা, পান প্রভৃতি অল্প মূল্যে ক্রয় করে ইউরোপের বাজারে চড়া মূল্যে বিক্রী করতো। কিন্তু রাজনৈতিক প্রভুত্ব প্রতিষ্ঠা করে কোম্পানি বাণিজ্যের উপর একচেটিয়া অধিকার স্থাপন করেছিল। ইতিমধ্যে লুণ্ঠন ও উপটোকণ প্রভৃতির ফলে যে প্রচুর পরিমাণ অর্থ লাভ হয়েছিল তাই থেকেই পণ্য ক্রয় করে ইংল্যান্ডে পাঠান হতে লাগল। বাংলায় সংগৃহীত অর্থের মাধ্যমেই পণ্য ক্রয় করার অর্থ সংগ্রহ করা হলো। এক বিপুল পরিমাণ অর্থ বাংলা থেকে ইংল্যান্ড অভিমুখে অপসারিত হয়ে গেল।

৩.৪.৪ অপহার

বাংলা থেকে ইংল্যান্ড অভিমুখে অপসারিত হয়ে গেল ভারতের প্রভূত পরিমাণ অর্থ। একে ঐতিহাসিকেরা এই প্রতিদানহীন অর্থ চালান বা অপহার বলে অভিহিত করেছেন। ১৭৫৭-১৭৭২ পর্যন্ত সময়কাল ছিল লুণ্ঠনের সময়কাল এবং ১৭৭২-১৮১৩ পর্যন্ত সময়কালে প্রতিদানহীন এই অর্থের চালান অব্যাহত ছিল। ১৭৮০-১৮১৩ সালের মধ্যে অপহারের পরিমাণ ছিল তিন কোটি পাউন্ড (৩০,০০০,০০০) ১৮১৩ সালের চার্টার আইনে কোম্পানির একচেটিয়া বাণিজ্যিক অধিকার কেড়ে নেওয়া হল কিন্তু ভারতীয় সম্পদের নির্গমন রোধ করতে পারা যায়নি। বাণিজ্য পুঁজির সময়কালে ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতের বাণিজ্য ও উৎপাদন ব্যবস্থার উপর একচ্ছত্র

আধিপত্য স্থাপন করেছিল এবং সুপারিকল্পিত উপায়ে দেশীয় ব্যবসায়ী ও উৎপাদক গোষ্ঠীকে ধ্বংস করে ফেলেছিল। কারিগর, উৎপাদক এমনকি বণিকগোষ্ঠীর একসময়ে ব্রিটিশ কোম্পানির শ্রমিকে পরিণত হয়েছিল।

৩.৫ ভারতীয় শিল্পের ধ্বংস সাধন

শিল্প বিকাশের দিক থেকে ভারতবর্ষ যথেষ্ট উন্নত ছিল। এখানে সর্বাপেক্ষা উন্নত ছিল বয়ন শিল্প। বয়ন শিল্পকে কেন্দ্র করে নগর অর্থনীতি গড়ে উঠেছিল যেমন ঢাকা, মুর্শিদাবাদ, সুরাট, কাশ্মীর, বেনারস প্রভৃতি অঞ্চল মসলিন, সিল্ক, সুতী, পশম বস্ত্রের জন্য বিখ্যাত ছিল। সোনা, রূপা, রোঞ্জ, তামা ইত্যাদির ধাতু শিল্পের জন্য বিখ্যাত ছিল দিল্লী, মথুরা, পুরী, আগ্রা, গুজরাট, লক্ষ্ণৌ প্রভৃতি শহরগুলি। কোলাপুর, সাতারা, শোলাপুর, আহমদনগর ও গোরখপুর ছিল কাঁচ শিল্প। এছাড়া ভারতবর্ষে ছিল জাহাজ নির্মাণশিল্প। গোয়া, কাশ্মে প্রভৃতি অঞ্চলে নির্মিত হতো হাজার টন মাল পরিবহন ক্ষমতা সম্পন্ন জাহাজ। ১৭৬১-১৮২১ সালের মধ্যে কলকাতায় ২৩৫টি জাহাজ তৈরি হয়েছিল যা এশিয় বাণিজ্যে নিযুক্ত হয়েছিল। কলাকাতার রামদুলাল দে, পাঁচু দত্ত, রামগোপাল মল্লিক প্রমুখ ছিলেন বাঙ্গালী জাহাজ মালিক। পাটনা, দিল্লী, রাজগীর, শিয়ালকোট শাহজাদপুর ছিল কাগজশিল্পের জন্য বিখ্যাত। ভারতে উৎকৃষ্টমানের মসৃণ কাগজ তৈরি হত যা দিয়ে 'ফরমান' লেখা হত। এছাড়া ছিল চর্ম, চিনি, মৃৎপাত্র, সুগন্ধ, হাতী দাঁত, বাঁশ ও কাঠ প্রভৃতি শিল্প। ব্রিটিশ কোম্পানির সময়কালে লুণ্ঠন, বর্বরতা ও পরিকল্পিত আক্রমণে এইসব শিল্প, শিল্পের সঙ্গে যুক্ত কারিগর সম্প্রদায় এবং শিল্পের সঙ্গে জড়িত অঞ্চল ও নগরগুলিও ক্রমে ভগ্নপ্রায় হয়ে বিলুপ্ত হয়ে যায়। তাই শিল্পসমৃদ্ধ ভারতের চিত্র পরিবর্তিত হয়ে যায়। ভারত যেসব পণ্যদ্রব্য রপ্তানি করত তা ধীরে ধীরে বন্ধ হয়ে ভারতবর্ষ রপ্তানিকারী দেশ থেকে আমদানিকারী দেশে পরিণত হয়।

৩.৫.১ ভারতীয় পণ্য রপ্তানির উপর আইনগত নিষেধাজ্ঞা

ভারতবর্ষ রপ্তানি করত সুতীবস্ত্র, খাদ্যসশস্য, তৈলবীজ, চিনি, চাল, নীল, কর্পূর, লবঙ্গ, নারকোল, পশুচর্ম আফিম, গোলমরিচ, চন্দনকাঠ, গণ্ডারের শৃঙ্গ প্রভৃতি। ভারতীয়রা যাতে এইসব পণ্য রপ্তানি করতে না পারে সেজন্য আইন বলবৎ করা হয়।

জাভা, সুমাত্রা, শ্যামদেশ, হল্যান্ড, ইংল্যান্ডে চাহিদা ছিল ভারতীয় সুতীবস্ত্রের। এমনকি জার্মানির দামী লিনেনের তুলনায় ভারতের কমমূল্যের সুতী, ক্যালিকোর লংক্লথ, ব্রড ক্লথ প্রভৃতির আমদানি বেশি হত। ভারতীয় সুতীবস্ত্রের উৎকৃষ্টতার কারণে জনপ্রিয়তা খর্ব করতে ইংল্যান্ডের শিল্পপতিরা আগ্রহী হয়ে আইনের দ্বারা ভারতের বয়নশিল্প ধ্বংস করতে মরিয়া হয়ে উঠত। ১৭০০ ও ১৭২০ সালের আইনে ভারতীয় সুতীবস্ত্রের ব্যবহার ও ১৭৮০ সালে ভারত থেকে রপ্তানি সুতীবস্ত্র রপ্তানির উপর নিষেধাজ্ঞা জারী করা হয়। ১৮১৪ সালে কোম্পানির স্বার্থে আইন প্রণয়ন করে ভারতীয় জাহাজ শিল্পকে নিষিদ্ধ করা হয়। দেশী কাচ শিল্প বিদেশী কাচ দ্রব্যের সামনে বেশ দিন টিকে থাকতে পারেনি। ভারতের অন্যান্য শিল্পগুলিকে রক্ষা করার কোন

চেপ্টা ইংরাজ সরকার না করা শিল্পগুলি ধ্বংস হয়ে যায়। একই সঙ্গে একদা সমৃদ্ধ ভারতের শিল্পপ্রদান শহরগুলিও ধ্বংস হয়ে যায়। ঔপনিবেশিক ব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য ছিল শিল্পায়নের প্রতি অনীহা। আরো বিশদভাবে বলা যায় যে ব্রিটিশ সরকার এখানে অনুন্নত শিল্পব্যবস্থাকেই টিকিয়ে রাখল।

৩.৫.২ কুটিরশিল্পের বিনাশ ও ভূমিহীন কৃষকের উত্থান

সুতরাং বলা যায় ব্রিটিশ বাণিজ্য কোম্পানির পূর্ব, দক্ষিণ-পূর্ব এশিয়ায় বাণিজ্য বৃদ্ধি তার অর্থনৈতিক ক্ষমতাকে যেমন দৃঢ় করেছিল তেমনই উপনিবেশগুলির আর্থিক কাঠামো ধ্বংস হয়ে যাবার ফলে সমৃদ্ধশালী ভারতের চিত্রটি পরিবর্তিত হয়ে যায়। ভারতের সমৃদ্ধ কুটিরশিল্প অবক্ষয়ের মুখে পড়ে। ভারতীয় রাজন্যবর্গ, অভিজাত প্রমুখরা ছিলেন কুটিরশিল্পের পৃষ্ঠপোষক। তাঁদের অবলুপ্তি এই শিল্পের বিনাশ ডেকে আনে। ইতিপূর্বে ভারতীয় রাজা অভিজাতদের সামরিক প্রয়োজনে তৈরি হত অস্ত্রশস্ত্র কিন্তু ব্রিটিশ কোম্পানি ব্রিটেনে প্রস্তুত সমরাস্ত্র ক্রয় করতে মনোযোগী হন। তাই অস্ত্রশিল্প ও শিল্পীরা কর্মচ্যুত হয়ে পড়ে। যারা এখানে পৃষ্ঠপোষকতা করতে থাকেন এবং ইচ্ছাকৃতভাবে সমস্ত ভারতীয় শিল্পে বিনাশ সাধন করে ভারতবর্ষকে কাঁচামাল রপ্তানিকারী রাষ্ট্রে পরিণত করলেন। এখানে শিল্প, শিল্পী, কারিগর শ্রেণীর অবলুপ্তি ঘটালেন। এই গোষ্ঠী চাপ সৃষ্টি করল জমির উপর। সমাজে উদ্ভূত হল একশ্রেণীর ভূমিহীন কৃষকের।

৩.৫.৩ কৃষির উপর শিল্পের বিনাশকারী প্রভাব

শিল্পের বিনাশ কৃষির উপর এক ঋণাত্মক প্রভাব ফেলেছিল। ইংরাজ কোম্পানি কৃষির উন্নয়নের কোন ব্যবস্থা গ্রহণ করেনি যাতে জমির উর্বরতা ও ফসলের বৃদ্ধি হয় অথচ বৃদ্ধি পেয়েছিল রাজস্ব। কোম্পানি ১৭৬৯ সালে পরে সমগ্র বাংলাদেশের রাজস্ব আদায়ের অধিকার লাভ করে। কোম্পানির উদ্দেশ্য ছিল এমন এক নতুন জমিদার শ্রেণীর সৃষ্টি করা যারা প্রজাদের কাছ থেকে যে কোন উপায় অবলম্বন করে প্রভূত পরিমাণ রাজস্ব আদায় করতে পারবে আর এরাই হবে কোম্পানি শাসনের সামাজিক ভিত্তি। ইতিপূর্বে জমিদার শ্রেণী খাজনা আদায়ের অধিকার ভোগ করতেন এবং খাজনার নির্দিষ্ট অংশ নবাবের রাজস্ব দপ্তরে জমা দিতেন। রাজস্ব আদায়ের এই অধিকার জমিদার শ্রেণী উত্তরাধিকারসূত্রে ভোগ করতেন কিন্তু কোন সময়েই জমিদারী বিলুপ্ত হবার কোন তথ্য পাওয়া যায় না। অথচ কোম্পানি রাজস্বের অধিকার পাবার পরই বার্ষিক জমি বন্দোবস্তের ব্যবস্থা চালু করে। জমি বন্দোবস্ত করার জন্য নীলামের ব্যবস্থা শুরু হয়। যে জমিদার সর্বাপেক্ষা বেশি পরিমাণ রাজস্ব আদায় করে দেবার জন্য প্রতিশ্রুতি দিতে পারতেন তাকেই কোম্পানির পক্ষ থেকে রাজস্ব আদায়ের ভার দেওয়া হত। এইভাবে একশ্রেণীর জমিদার কোম্পানির অনুগ্রহভাজন হয়ে অসম্ভব জুলুম পীড়ন করে সর্বাধিক হারে কৃষকদের কাছ থেকে খাজনা আদায় করতে লাগল আর একশ্রেণীর জমিদার অতিরিক্ত প্রজাপীড়নে ব্যর্থ হয়ে জমিদারী হারিয়ে ফেললেন। শেষ পর্যন্ত কোম্পানি ও তার অনুগ্রহভাজন জমিদারদের অমানুষিক অত্যাচারের ফলে বাংলায় দেখা দিল ১৭৭০-৭১ সালের ভয়ঙ্কর দুর্ভিক্ষ। এই দুর্ভিক্ষ ছিয়াত্তরের মঘস্তর (১৪৭৬ সন)

নামে পরিচিত। জনসংখ্যার তিনভাগের একভাগ দুর্ভিক্ষে মারা গেল তবুও কোম্পানি কৃষকদের প্রতি সহানুভূতিশীল হতে পারলেন না, এই বছরই কৃষকদের কাছ থেকে পূর্ববর্তী বছরের তুলনায় বেশ রাজস্ব আদায় হল। এই বেশি আদায়ের অর্থ ছিল ২ লক্ষ পাঁচশ হাজার টাকা। আগের বছরের আদায়ীকৃত অর্থের তুলনায় বেশি। পরবর্তী বছরে তের লক্ষ টাকা বেশি আদায় করা হল। এইরূপ অধিক আদায় করা হত পীড়ন, দৈহিত অত্যাচার প্রভৃতির মাধ্যমে। এমনকি মৃত প্রজার কাছে প্রাপ্য খাজনা তার জীবিত প্রতিবেশির কাছ থেকে আদায় করা হয়েছিল। সরকারি দফতর থেকে এর তথ্য পাওয়া যায়।

৩.৫.৪ চিরস্থায়ী বন্দোবস্তের কুফল

রাজস্ব ব্যবস্থাকে আরো বিন্যস্ত ও নিয়মিত করার জন্য বহু আলোচনার পর চিরস্থায়ী বন্দোবস্ত প্রণয়ন করা হয়। এই বন্দোবস্তে জমিদারকে প্রকৃত জমির মালিক বলে স্বীকার করে নেওয়া হয়। বাংলা, বিহার, উড়িষ্যা ও মাদ্রাজের প্রায় চতুর্থাংশ এবং উত্তরপ্রদেশের কয়েকটি জেলায় এই বন্দোবস্ত প্রয়োগ করা হয়। তবে এই বন্দোবস্তে প্রজার দেয় খাজনার পরিমাণ নির্দিষ্ট করা ছিল না অথচ জমিদারগণ পেয়েছিলেন জমির বন্দোবস্ত ও খাজনা নির্ধারণের অধিকার তাই জমিদারগণ অনেকক্ষেত্রেই উচ্চহাতে অতিরিক্ত রাজস্ব আদায় করতে থাকেন। তাই প্রজাদের দুর্দশা কোনভাবেই হ্রাস পায়নি। পরবর্তীকালে জমিদাররা গ্রাম ছেড়ে শহরে জীবনযাপন করতে তখন জমিদারদের প্রতিনিধিদের (নায়েব, গোমস্তা) হাতে কৃষক ও প্রজাদের দুর্দশার অন্ত ছিল না। প্রজাদের দুঃখ দূর করার কোন চেষ্টা কোম্পানির ছিল না বরং কোম্পানি চেয়েছিল পছন্দমতো একদল জমিদার শ্রেণীর সৃষ্টি করা; যারা হবেন কোম্পানি শাসনের সমর্থক মিত্রপক্ষ; যারা বৃদ্ধি করবেন কোম্পানির প্রশাসনের সময়কাল।

চিরস্থায়ী বন্দোবস্তের আইনের কারণে বহু জমিদার উৎখাত হলে জমিদারী হস্তান্তরিত হয়ে যায়। এইসব জমিদারী যারা ক্রয় করতেন তাঁরা ছিলেন বেশিরভাগ ব্যবসায়ী শ্রেণী। জমির সঙ্গে তাদের যোগ ছিল না, যারা কৃষি ব্যবস্থার উন্নয়নে অনাগ্রহী ছিলেন। ফলে কৃষি ও কৃষক উভয়ের অবস্থা দুর্দশাগ্রস্ত হয়ে যায়। কৃষি উৎপাদন কমে যেতে থাকে, কৃষকরা জমি হারিয়ে ফেলতে থাকেন। গ্রামীণ অর্থনীতির এই বিপর্যয়ে কিন্তু কোম্পানির আয়ের উপর কোন প্রভাব পড়েনি। কোম্পানির ১৭৯০-৯১ সালে আদায়ীকৃত অর্থের পরিমাণ ছিল ২৬ লক্ষ ৮০ হাজার পাউন্ড যা ছিল ১৭৬৫-৬৬ সালের আদায়ের দ্বিগুণেরও বেশি। সিপাহী বিদ্রোহের সময় এই আদায়ের পরিমাণ ছিল চারজনের বেশি (হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় : ভারতবর্ষের ইতিহাস)।

৩.৬ কোম্পানির আয়ের অন্যান্য ক্ষেত্র

কোম্পানি এই সময়ে ভূমিরাজস্ব ছাড়া, বাণিজ্যশুল্ক লবণ কর, আফিম শুল্ক, তীর্থকর প্রভৃতি থেকে আয়ের পথ প্রস্তুত করে নিয়েছিল। বাণিজ্য পুঁজির সময়কালে ইংরাজ কোম্পানির অর্থনৈতিক আধিপত্য প্রতিষ্ঠিত হয়েছিল ভারতীয় সম্পদের যথেষ্ট লুণ্ঠনের মধ্যে। এছাড়া ভারতের রাজস্ব সরাসরি কোম্পানির আয়ভে চলে এলে

ব্রিটেনের পুঁজিবাদী অর্থনীতি বিকশিত হতে থাকে। সুতরাং ভারতের অর্থ, রাজস্ব, সম্পদ প্রভৃতির এক তাৎপর্যপূর্ণ ভূমিকা রয়েছে ব্রিটেনের অর্থনৈতিক প্রগতির মূলে। ঐতিহাসিক-অর্থনীতিবিদদের রচনায় দেখা যায় ব্রিটেনের তৎকালীন জাতীয় আয়ের প্রায় দুই শতাংশ ভারতের অর্থ, রাজস্ব থেকে সংগৃহীত হয়েছে।

৩.৬.১ ভারতীয় সম্পদের নির্গমন

ভারতীয় সম্পদ লুণ্ঠন, উপটোকণের রূপে স্বদেশ থেকে নির্গত হয়ে যেতে থাকে। এছাড়া বাণিজ্য ও উৎপাদন ব্যবস্থার উপর একচেটিয়া অধিকার স্থাপন করে। এর ফলে ভারতের উৎপাদক শ্রেণী, বণিকগোষ্ঠীর বিকাশ হয়। ১৭৭৩ সালে রেগুলেটিং আইন পাস হলে কোম্পানির কর্মচারীরা দেশীয় রাজা নবাবদের কাছ থেকে উপহার, পারিতোষিক গ্রহণ নিষিদ্ধ হয়। ১৮১৩ সালের চার্টার আইন পাস করে কোম্পানির একচেটিয়া বাণিজ্যিক অধিকার রদ করা হল। শুধুমাত্র চীন রাষ্ট্রের সঙ্গে কোম্পানির একচ্ছত্র বাণিজ্য বহাল রইল। ১৮১৩ সালের সনদ আইনে ভারতবর্ষের বাণিজ্য সকল ইউরোপীয়দের কাছে উন্মুক্ত করে দেওয়া হয়। ইংরাজ পুঁজিপতিদের ভারতীয় কৃষি ও শিল্পক্ষেত্রে অর্থবিনিয়োগের অধিকার দেওয়া হয়।

৩.৭ শিল্পপুঁজির সময়কাল

১৮১৩ সালের সনদ আইনে অবাধ বাণিজ্যনীতি ভারতে নতুন যুগের সূচনা করে। কারণ এই আইন পাস হয়ে যাবার পর থেকে ভারতে আসতে থাকে প্রচুর পরিমাণে ব্রিটেনের শিল্পজাত পণ্য। এই পণ্য আমদানির উপর ধার্য হয়েছিল নামমাত্র বাণিজ্য শুল্ক। অন্যদিকে ভারতীয় পণ্যের উপর অধিক চড়া হারে রপ্তানি শুল্ক বহাল ছিল তাই যেভাবে ব্রিটিশ পণ্য অবাধে ভারতের সর্বত্র ব্যাপ্ত হতে পারল সেই সুযোগ থেকে ভারতীয় পণ্য বঞ্চিত হ'ল। ভারতের শিল্প অর্থনীতি সম্পূর্ণ বিনষ্ট হয়ে যায় এবং ভারতবর্ষের অর্থনীতি প্রকৃতপক্ষে ঔপনিবেশিক কৃষি অর্থনীতিতে রূপান্তরিত হয়।

৩.৭.১ ভারতীয় সম্পদ ও ইংল্যান্ডের শিল্পবিপ্লব

ভারতের শিল্প বাণিজ্য ধ্বংস হয়ে অসংখ্য বণিক, কারিগর, শিল্পীরা বেকার হয়ে যান। অন্যপক্ষে ভারতের অভাবনীয় পরিমাণ সম্পদ ব্যবহার করে ইংল্যান্ডে এলো শিল্প বিপ্লব। ব্রিটেনে গড়ে উঠল বিশাল শিল্প-কারখানা আর ভারতের শিল্প ধ্বংস হয়ে গেল। ভারতে দেখা দিল মূলধনের ব্যাপক ঘাটতি অন্যদিকে ব্রিটেনে পুঁজির ভাঙারে জোয়ার এল, গড়ে উঠল শিল্পপুঁজি। শিল্পবিপ্লব ব্রিটিশ পণ্য উৎপাদনে গতিবেগ সঞ্চার করে অপরপক্ষে সমৃদ্ধ ভারত দরিদ্রতম দেশে রূপান্তরিত হয়।

৩.৭.২ বাণিজ্য পুঁজি ও শিল্প পুঁজির পার্থক্য

ব্রিটেনে শিল্পবিপ্লবের ফলে কলকারখানা গড়ে উঠতে থাকে এবং উৎপাদন বিশালাকার ধারণ করে। শিল্পপতিদের হাতে সঞ্চিত হয় শিল্পপুঁজি। বাণিজ্যপুঁজির সময়ে যেমন বাণিজ্য কোম্পানির উদ্দেশ্য ছিল

একচেটিয়া বাণিজ্যকে অপ্রতিহত গতিতে এগিয়ে নিয়ে যাওয়া তেমনই শিল্পপুঁজির সময়ে ভারতবর্ষের অর্থনৈতিক শোষণের চিত্রটি অন্যরকম হয়ে যায়। বাণিজ্য পুঁজি একচেটিয়া বাণিজ্য সম্পাদন করে ভারতের অর্থনীতিকে শোষণ করে। একইভাবে শিল্পপুঁজি বর্ধিত পরিমাণ শিল্পদ্রব্যের সম্ভার ভারতে ঔপনিবেশিক বাজারে বিক্রিত হবার সম্ভাবনাকে সুনিশ্চিত করতে প্রয়াসী হল। শিল্পপুঁজির উদ্দেশ্য হল ভারতবর্ষকে একটি খোলা বাজারে পরিণত করা অর্থাৎ ব্রিটিশ শিল্পজাত পণ্য বিক্রয়ের উন্মুক্ত অঞ্চল হবে ভারতবর্ষ। পুঁজিপতিদের স্বার্থে ব্যবহৃত হতে থাকল ভারতের ঔপনিবেশিক কৃষি-অর্থনীতি। কারণ শিল্পপুঁজি ব্রিটিশ পণ্য উৎপাদনের জন্য প্রয়োজন কাঁচামাল যোগানদারী দেশ হিসাবে ভারতের কৃষি-অর্থনীতিকে গড়ে তুলতে চাইল। শোষণের এই নতুন ধারাকে অ্যাডাম স্মিথের সংজ্ঞা অনুযায়ী নতুন ঔপনিবেশিক ব্যবস্থা বলা যেতে পারে। ভারতবর্ষের অবস্থান বর্ণনা হত ব্রিটেনের উপনিবেশরূপে।

৩.৭.৩ কৃষির বাণিজ্যিকরণ

ভারতকে কাঁচামাল যোগানকারী দেশে পরিণত করার জন্য এখান থেকে কৃষিজ পণ্য চালান দেওয়া হতে থাকে। বাণিজ্যিক অর্থকরী ফসল যেমন কাঁচা তুলো, চা, রবার, নীল, কফি, পাট, তিসি প্রভৃতি উৎপাদনে উৎসাহ দেওয়া হয়। এছাড়া ব্রিটেনের শ্রমিকশ্রেণীর ভরণপোষণের জন্য ভারত থেকে খাদ্যশস্য রপ্তানি করা হতে থাকে। প্রকৃতপক্ষে শিল্পের জন্য কাঁচামাল ও শিল্পকারখানার শ্রমিকদের জন্য খাদ্যশস্য রপ্তানিকারী দেশরূপে ভারত তখন নতুন ভূমিকা পালন করতে থাকে। একটি বিষয় এখানে স্পষ্ট যে ব্রিটিশ সরকার যেন এই ধারণা পোষণ করতেন যে ভারতের শিল্পায়নের কোন প্রয়োজন নেই এবং মৃতপ্রায় যে শিল্পগুলি, তখন ভারতে রয়ে গেছে তারও উন্নয়নের প্রয়োজন নেই। বাংলা, বিহার, আসাম প্রভৃতি পূর্বভারতীয় অঞ্চলগুলির অর্থকরী ফসল যেমন আফিম, নীল, পাট, চা ইত্যাদি পণ্য যোগানের মূল অঞ্চল হয়ে ওঠে। এখানে ব্রিটিশ এজেন্সিগুলি রপ্তানি বাণিজ্যে অংশে নেয়। তারা চা-বাগান, নৌ-পরিবহন, ব্যবস্থা, পাট-কারখানা, কয়লাখনি প্রভৃতি নিয়ন্ত্রণ করতে থাকে। ভারতবর্ষ ধীরে ধীরে বিশ্ব বাণিজ্যের সঙ্গে যুক্ত হয়ে পড়ে। স্বতন্ত্র বাণিজ্যকারী রাষ্ট্র হিসাবে নয় ব্রিটেন উপনিবেশরূপে।

৩.৭.৪ অসম শুল্ক ব্যবস্থা ও অর্থকরী ফসল উৎপাদনে উৎসাহ

রাজধানী কলিকাতাকে নিয়ে পূর্ব ভারতীয় অঞ্চল ছিল ব্রিটিশ ঔপনিবেশিক অর্থনীতির এক “Classic example” অর্থাৎ প্রকৃষ্ট উদাহরণ। ব্রিটিশ শিল্পপুঁজির প্রয়োজনে ভারতবর্ষে আদর্শ উপনিবেশে পরিণত হয়। ইংল্যান্ডে প্রস্তুত শিল্পদ্রব্যের প্রয়োজনে ভারতীয় শিল্প সমূলে ধ্বংস করা হল। ব্রিটিশ সরকার এই সময়ে ভারতে অসম শুল্ক নীতি প্রবর্তন করেন। এই অসম শুল্ক শতকরা দশ ভাগ থেকে হাজার ভাগ পর্যন্ত বৃদ্ধি পেয়েছিল। অস্বাভাবিক শুল্কের চাপের ফলে ভারতের নিজস্ব শিল্প নষ্ট হয়ে গেল। শিল্প ধ্বংস করার পর ভারতীয় কৃষিক্ষেত্র থেকে কাঁচামাল সরবরাহের জন্য ১৮৩৩ সাল থেকে ইংরেজদের ভারতে জমি কিনতে এবং খামাড়া গড়ে

তোলার জন্য সুবিধা দেওয়া হতে থাকে। এই খামারগুলিতে কফি, চা, নীল, চিনি তথা আখ, রবারের চাষ শুরু হয় সরকারি উৎসাহে এই বাগিচা পণ্যটির রপ্তানির পরিমাণ আশাতীতভাবে বৃদ্ধি পায়। ইংল্যান্ডে এই পানীয়টি অতিরিক্ত জনপ্রিয়তা অর্জন করেছিল এবং ১৮৪০-এর দশক থেকে ব্রিটিশ চীন সম্পর্কে নিম্নগতি দেখা দিলে ভারতে এই পণ্যটির উৎপাদনে অধিক জোর দেওয়া হয়ে থাকে। তবে এক্ষেত্রে শ্রমিকের অভাব ছিল বিশেষ সমস্যা। ১৮৬০-এর দশকে চাল, সরষে, তামাক, পাটের দাম বাড়তে থাকলে সেই ক্ষেত্রেও কৃষি-শ্রমিকের প্রয়োজন দেখা দেয়। ১৮৩০ সালের পর চীনে আফিমের ব্যবহার বৃদ্ধি পেলে পূর্ব ভারতের কৃষিক্ষেত্রে ব্যাপকহারে আফিমের চাষ শুরু হয় এবং আফিমের উপর উচ্চ হারে শুল্ক বৃদ্ধি পায়। তবে ইঙ্গো-চীন যুদ্ধের সময় আফিম চাষের পরিমাণ ২৫.৭ শতাংশ হ্রাস পেয়েছিল। যুদ্ধের শেষে ১৮৪৬-৪৭ সালে পুনরায় ১৭ শতাংশ বৃদ্ধি হতে দেখা যায়। চিনি উৎপাদন বৃদ্ধির জন্য অর্থকরী ফসলরূপে আখের চাষের উপর জোর দেওয়া হয়। এছাড়া ১৮৫৭ সালের বিদ্রোহের পর সেনাবাহিনীর প্রয়োজনে খাদ্যশস্য, তৈলবীজ, আলু প্রভৃতি উৎপাদন বৃদ্ধি করা হয়। ইংল্যান্ডের বস্ত্রশিল্পে আমেরিকার নীলরঞ্জক বস্ত্র ওড (Woad) ব্যবহৃত হত কিন্তু স্বাধীনাত্যুদ্ধের পর আমেরিকা থেকে এই বস্ত্রটির আমদানি কমে যায়। এছাড়া ওয়েস্ট ইন্ডিজ থেকে পূর্বে এই ওড আসত কিন্তু ১৭৮৩-৮৯ সালের সময়কালের এই জমিতে কফি, তুলোর চাষ হলে উৎপাদন কমে যায়। ফ্রান্সেরও এই রঞ্জক বস্ত্রটি ভূমিদাসদের দিয়ে উৎপাদন করানো হত কিন্তু ফরাসি বিপ্লবের পর উৎপাদন বন্ধ হয়ে গেলে ইংল্যান্ডের বস্ত্র কারখানাগুলিতে নীল রঞ্জকের অভাব সৃষ্টি হয়। তবে বাঙলার ভূমিবন্দোবস্তের জটিলতার কারণে উপযুক্ত জমির অভাব দেখা দিলে ১৮৩৩ সালের আইনে ইংরেজদের নিজস্ব জমি, খামার গড়ে তোলা অধিকার দেওয়া হয়। এরপর থেকে এইসব খামারগুলিতে সেই ধরনের পণ্য উৎপাদিত হতে থাকল যা ব্রিটেনে শিল্প ও কারখানাগুলি আরো বেশি উন্নতমানের ও ব্যাপক হাতে পণ্য উৎপাদনে সাহায্য করল। (কেমব্রিজ ইকোনমিক হিস্ট্রি অফ ইন্ডিয়া— দ্বিতীয় খণ্ড, ১৭৫৭-১৭৭০)। তাই শিল্পপূর্জির সময়কালে ১৮৪৩ সাল থেকে ১৮৫৮ সালের মধ্যে অভাবনীয়ভাবে ভারতীয় অর্থনীতির রূপান্তর ঘটে। এই রূপান্তরের প্রকৃতি ছিল ধ্বংসাত্মক। ভারতের কৃষিক্ষেত্রের যথেষ্ট ব্যবহার করে সেখানে অর্থকরী ফসলের উৎপাদন করা হল এবং এই অর্থকরী ফসল ব্রিটেনের অর্থনৈতিক শ্রীবৃদ্ধি সাধন করল। ব্রিটেনের স্বার্থে ভারতীয় কৃষিক্ষেত্রে বাণিজ্য প্রবেশ করেছিল সাধারণ প্রজাদের মধ্যে খাদ্যাভাব দেখা দিল। তারা অনাহারে অর্ধাহারে থেকেও রাজস্ব প্রদানে বাধ্য থাকত। উর্বর জমিতে বাণিজ্যিক শস্যের চাষ-আবাদ করা হতে থাকল। গম প্রভৃতি খাদ্যশস্যের বাণিজ্যকরণ হলে সাধারণ মানুষ জোয়ার, বাজরা প্রভৃতি শস্যের উপর নির্ভরশীল হয়ে পড়ে। রাজস্ব প্রদানের তাগিদে গরীব কৃষক উর্বর জমিতে খাদ্যের উৎপাদনের পরিবর্তে অর্থকরী ফসল চাষ করতে থাকে। অন্যদিকে ফসলের বাণিজ্যকরণ চাষী সম্প্রদায়কে মহাজন শ্রেণীর উপর নির্ভরশীল হতে বাধ্য করেছিল কারণ অর্থকরী ফসল উৎপাদন ছিল যথেষ্ট ব্যয়সাপেক্ষ তাই মহাজনের উপর নির্ভরতা ছাড়া গরীব প্রজাদের অন্য উপায় ছিল না।

৩.৮ ফিনান্স পুঁজি পর্বকাল

সুমিত সরকার বলেছেন ১৮১৩ থেকে ১৮৫৮ সাল পর্যন্ত সময়কাল ছিল শিল্পপুঁজি শোষণের ধ্রুপদী সময়কাল। ঊনবিংশ শতকের শেষার্ধ্ব সময় থেকে শুরু হল ফিনান্স পুঁজির সাম্রাজ্যবাদী জয়যাত্রা। ফিনান্স পুঁজি, ব্রিটিশ ব্যাঙ্ক, এজেন্সি হাউস, আমদানি-রপ্তানি ও বিনিয়োগের মাধ্যমে ভারতের অর্থনীতি, বাণিজ্য ও শিল্পের উপর কর্তৃত্ব স্থাপন করেছিল। (Sumit Sarkar—Modern India 1885-1947) ভারতীয় কার্পাস ও রেশমজাত পণ্যের রপ্তানি কমে যাবার পর ব্রিটিশ বণিক সম্প্রদায়ের অসুবিধার দিকে নজর দিয়ে প্রাথমিক ভাবে নীলের উৎপাদন বৃদ্ধি করা হয় ও চীনে আফিম রপ্তানি করে চীন থেকে চা আমদানি করা হ'ল পরে ১৮৫০-এর পর আরো বিশদভাবে পশ্চিম ভারতীয় তুলা, বাংলার পাট, আসামের চা, দক্ষিণ ভারতের তৈলবীজ, পাঞ্জাবের গম প্রভৃতি প্রচুর পরিমাণে রপ্তানি করে প্রচুর অর্থ আদায়ের পথ প্রশস্ত করা হলো। ১৮৫৭ সালের মহাবিদ্রোহের পর ভারতবর্ষের কোম্পানি শাসনের অবসান হয়ে মহারাণীর তথা ব্রিটিশ রাজশক্তির প্রত্যক্ষ শাসন শুরু হয়। নতুন রূপে আবির্ভূত হয় ব্রিটিশ সাম্রাজ্যবাদ ও ঔপনিবেশিক শোষণ, পলাশী লুণ্ঠন, অবাধ বাণিজ্য, ব্যক্তিগত ব্যবসা, বিনিয়োগ—প্রভৃতির ফলে ব্রিটেনের জমেছিল পুঁজির পাহাড়। এই অপরিমেয় পুঁজি উপনিবেশগুলিতে বিনিয়োগ করার মধ্যে দিয়ে আত্মপ্রকাশ করে ফিনান্স পুঁজি। একই সঙ্গে ঔপনিবেশিক শোষণ তো বর্তমান ছিলই, এই শোষণে নতুন মাত্রা যোগ করল ফিনান্স পুঁজি। ভারতের শিল্পে প্রগতি হোক এটা ফিনান্স পুঁজির যুগে গুরুত্ব পায়নি বরং ফিনান্স পুঁজি রেলপথ, খনি, বাগিচা পণ্য ও কারখানায় প্রযুক্ত হয়ে শোষণের মাত্রা বৃদ্ধি করেছিল।

৩.৮.১ ফিনান্স পুঁজির প্রয়োগ ও রেলপথ স্থাপন

ফিনান্স পুঁজিকে ব্যবহার করা বা উপনিবেশগুলিতে রপ্তানি করার প্রয়োজন দেখা দিল ঔপনিবেশিক অর্থ রপ্তানি করার প্রয়োজন দেখা দিল ঔপনিবেশিক অর্থনীতির তৃতীয় পর্বে। কাজেই পুঁজি রপ্তানি ও বিনিয়োগের সূচনা হল ঊনবিংশ শতাব্দীর শেষভাগে। ব্রিটেনের লৌহ-ইস্পাত কারখানার পুঁজিপতিরা ভারতবর্ষে রাস্তা রেলপথ নির্মাণ করতে আগ্রহী হয়। এই রেলপথ ব্যবস্থাকে কেন্দ্র করে ভারতবর্ষে আধুনিক যন্ত্রশিল্পের উদ্ভব হয়। তবে রেলপথ স্থাপনের উদ্দেশ্য ছিল মুখ্যত রাজনৈতিক ও বাণিজ্যিক। ব্রিটিশ সাম্রাজ্যের নিরাপত্তার কারণে সৈন্যবাহিনীকে দ্রুত প্রেরণ করা ও ব্রিটেনের প্রস্তুত পণ্যকে ভারতের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে বিশাল বাজার তৈরি করা। তাই রেলপথ স্থাপনের মধ্যে দিয়ে ভারতবর্ষের উন্নতি বা প্রগতির কোন লক্ষ্য পরিস্ফুট হয়নি। প্রকৃতপক্ষে ভারতবর্ষের মতো বন্যা অনাবৃষ্টি পীড়িত রাষ্ট্রে আশু প্রয়োজন ছিল সেচ ব্যবস্থার উন্নয়ন। যাতায়াত ব্যবস্থার থেকে বেশি প্রয়োজনীয় ছিল উন্নতমানের সেচ ব্যবস্থা অথচ সাম্রাজ্যবাদী ব্রিটিশ সরকারের কাছে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ছিল উপনিবেশের অর্থনীতি দ্বারা ব্রিটেনের উন্নয়ন। রেলপথের দ্বারা ভারতে ব্রিটিশ নিয়ন্ত্রণ আরো সুদৃঢ় হলো। কাঁচা তুলা, নীল, খাদ্যশস্য প্রভৃতির রপ্তানির পরিমাণ প্রভূত পরিমাণ বৃদ্ধি পেল। সুতী ও পশমের প্রস্তুতপণ্যের আমদানির পরিমাণ দ্বিগুণ হল। এছাড়া যন্ত্রপাতি, সমরাস্ত্র প্রভৃতিও ব্যাপকহারে আমদানি হয় [Economic History of India, 1857-1956]।

৩.৮.২ শোষণের নতুন ক্ষেত্র : রেলপথ

ভারতবর্ষে ব্রিটিশ সাম্রাজ্যবাদের স্বার্থে যে রেলপথ নির্মিত হল তার ঋণের বোঝা ভারতীয়দের উপর চাপানো হল। পুরো ব্যবস্থাটি ছিল “Private investment at Public risk” বাস্তবিক পক্ষে ফিনান্স পুঁজির সময় কালে ভারতবর্ষে পুঁজি রপ্তানির তুলনায় অনেক বেশি পরিমাণে কর বা রাজস্ব পাঠানো হয়েছিল ব্রিটেনে। ভারতীয় সম্পদকে লুণ্ঠন করেই ব্রিটিশ বণিকরা তাঁদের পুঁজি জমা করেছিল। এই পুঁজিই তারা পরবর্তীকালে নিয়োগ করল রেলপথ, সড়ক ও সেতু নির্মাণে এবং অদৃষ্টের নির্মম পরিহাসে ভারতীয়রা সেই রেলপথ নির্মাণের জন্য করের বোঝা বহন করতে বাধ্য হল। এই রেলপথ নির্মাণের জন্য ব্রিটিশ পুঁজিপতিদের যে অর্থব্যয় হল তার উপর শতকরা ৫ টাকা সুদের গ্যারান্টি দেওয়া হয়েছিল সরকারি পক্ষ থেকে।

৩.৮.৩ ভারতবর্ষ : শোষণের মুক্ত বাজার

জাপান ও জার্মানিতে রেলপথ ব্যবস্থা যেভাবে ব্যাপক শিল্পায়ন নিয়ে এসেছিল ভারতীয় রেলপথ সেইভাবে ভারতবর্ষে শিল্পায়ন ঘটাতে পারেনি। অধ্যাপক বুকানন (Dr. D.H. Buchanan)-এর মতানুসারে বলা যেতে পারে যে যোগাযোগ ব্যবস্থার এই উন্নতিতে বিদেশ থেকে ইউরোপীয় কারিগরের নির্মিত পণ্যদ্রব্যগুলি দ্রুতগতিতে ভারতে ছড়িয়ে পড়ল এবং ভারতের তুলা, গম, তৈলবীজ প্রভৃতি ভারতের বাইরে অপসারিত হল। বাস্তবিক পক্ষে ভারতে রেলপথ স্থাপনের সঙ্গে যুক্ত অন্যান্য উপযোগিতার গুণগুলি ঔপনিবেশিক ভারতে অনুপস্থিত ছিল। কারণ ভারতের খনিজদ্রব্যে যেমন কয়লা, লোহা অন্যান্য ধাতু প্রভৃতি যথেষ্ট পরিমাণে থাকা সত্ত্বেও এবং যোগাযোগ ব্যবস্থার উন্নতি হলেও ভারতবর্ষে শিল্পায়ন হল না। রেলব্যবস্থার উচ্চ পদগুলির মাত্র দশ শতাংশ ভারতীয়দের হাতে ছিল তাই ভারতীয় জনগণের যোগ্যতা দক্ষতা প্রদর্শনের পথ ছিল খুবই সীমিত। সুতরাং ফিনান্স পুঁজি ঔপনিবেশিক ভারতবর্ষে শোষণের এক নিপুণ জাল বিস্তার করেছিল রেলপথ স্থাপনের মধ্যে দিয়ে এবং এই আধুনিক যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে ভারতে ঔপনিবেশিক শোষণের মুক্ত বাজারে পরিণত হয়েছিল। (সরল চট্টোপাধ্যায় : ভারতে স্বাধীনতা সংগ্রামের ক্রমবিকাশ)

৩.৮.৪ রেলপথ স্থাপনের ফলাফল

ভারতে রেলপথ স্থাপনের অবধারিত ফলাফল রূপে শিল্পায়নের আশা কিন্তু সফল হয়নি। কার্ল মার্কস আশা করেছিলেন রেলপথ স্থাপিত হলে ভারতে শিল্পায়ন সম্পূর্ণ হবে। কিন্তু রেলপথ স্থাপিত হলেও ভারতবর্ষ দরিদ্র দেশ রূপেই পরিচিত হয়ে রইল। এসত্ত্বেও বলা যায় যোগাযোগ ব্যবস্থার উন্নতির ফলে ভারতীয়দের মধ্যে মতামতের বিস্ময় সহজ হয়ে ওঠে, জাগরিত হয় জাতীয়তাবোধ। যদিও ভারতে রেলপথ স্থাপনের উদ্দেশ্য ছিল বাণিজ্যিক। কারণ ভারতবর্ষের উন্নতি, প্রগতির দিকে লক্ষ্য রেখে রেলপথ স্থাপিত হয়নি। তবুও রেলপথের স্থাপনা এক নতুন অধ্যায়ের সূচনা করেছিল। পরবর্তীকালে স্বাধীন ভারতে যখন শিল্পায়ন হল তখন রেলপথ স্থাপনের পরোক্ষ ফলগুলি সামগ্রিকভাবে ভারতবর্ষকে প্রগতির পথে নিয়ে গিয়েছিল। রেলপথ স্থাপনের পরোক্ষ ফলগুলির মধ্যে খনিশিল্পের বিকাশ, আধুনিক শিল্পের বিকাশ, কৃষি উন্নতি উল্লেখযোগ্য।

৩.৮.৫ ভারতে শিল্পোদ্যোগের অভাব

ভারতবর্ষে কুটির শিল্প, হস্তশিল্প বিনষ্ট হয়ে যাবার পর আধুনিক শিল্প বিকশিতহবার মধ্যে অনেকটা সময়ের ব্যবধান পরিলক্ষিত হয়। এর মূলে যে কারণগুলি বর্তমান ছিল তার মধ্যে উল্লেখযোগ্য হল ভারতে কোন রূপ মূলধন ও মূলধনী শ্রেমীর বিকাশ হয়নি, ভারতীয় শিল্পোদ্যোগী সম্প্রদায় ছিলেন না, ভারতীয়দের মধ্যে কারিগরী শিল্পজ্ঞানের অপ্রতুলতা ছিল সরকারি উৎসাহের অভাব, কৃষিব্যবস্থার পশ্চাৎগামিতা সর্বোপরি ছিল পরাধীন ভারতবর্ষের ব্রিটিশ ঔপনিবেশিক শোষণ।

৩.৮.৬ শিল্পায়নের সূচনা

এইসব প্রতিবন্ধকতা থাকা সত্ত্বেও ভারতে ঊনবিংশ শতকের মধ্যভাগ থেকে শিল্পায়নের সূচনা হয়। বস্ত্র, পাট, চা, লৌহ-ইস্পাত, চিনি, কয়লা, কাগজ প্রভৃতি শিল্প ধীরে ধীরে গড়ে উঠতে থাকে। বিশ্বে পাটের তথা পাটজাত দ্রব্যের চাহিদা বৃদ্ধির সঙ্গে পূর্বভারতে পাটকল স্থাপিত হয়। পূর্বভারতের প্রধান শিল্পগুলির মধ্যে পাট, চা, কয়লা, তৈলবীজ প্রভৃতি দ্রব্য এবং এই শিল্পজাত দ্রব্যগুলি ছিল রপ্তানি নির্ভর। পশ্চিমভারতে ছিল তুলা, তুলাজাত পণ্যদ্রব্য, কফি ইত্যাদি। বোম্বাইতে ভারতীয় মালিকানায় জনৈক কাওয়াসজী নানাভাই ১৮৫৩ সালে সর্বপ্রথম কাপড়ের কল স্থাপন করেন।

৩.৮.৭ আন্তর্জাতিক পরিস্থিতি

প্রথম বিশ্বযুদ্ধের সময়কালে ভারত-ব্রিটেনে বাণিজ্য ক্ষতিগ্রস্ত হয়ে পড়ে। আন্তর্জাতিক পরিস্থিতি আমদানি রপ্তানি বাণিজ্যে ক্ষতিকর প্রভাব ফেলেছিল। ভারত থেকে কৃষিজ পণ্য রপ্তানি করা অসম্ভব হয়ে পড়ে আর বিলাতী আমদানিও সহজসাধ্য ছিল না। তাই প্রথম বিশ্বযুদ্ধের ফলে ভারতে শিল্পগঠনের এক আকস্মিক সুযোগ এসে পড়ে। যে সব শিল্পগুলি, এখানে বর্তমান ছিল সেই শিল্পজাত পণ্যগুলি সরবরাহ করে যুদ্ধের বাজারে পাট, বস্ত্র প্রভৃতি শিল্পের মালিকরা প্রচুর মুনাফা অর্জন করেন। এছাড়া এশিয়ার যুদ্ধক্ষেত্রে সমরাস্ত্রের প্রয়োজনে ব্রিটেন তার নিজ স্বার্থে পূর্ববর্তী নিয়মের পরিবর্তন করে ও ভারতীয় শিল্পোদ্যোগীদের জন্য শিল্পকাঠামো গড়ে তোলে। আবার ১৯০৫ সালের যে স্বদেশী ও বয়কট আন্দোলন পরিচালিত হয়েছিল তাও দেশী পণ্যবস্তু উৎপাদন (Production)-এ ও দেশীয় বাজারে তার আবর্তনে (Circulation) অনেক বেশি সহায়তা করেছিল। পূর্বভারতে পাটজাত দ্রব্যের ও পশ্চিমভারতে তুলাজাত দ্রব্যের রপ্তানি প্রথম বিশ্বযুদ্ধের সময়ে মুনাফা অর্জন করে। এই অর্থ যুদ্ধ-পরবর্তী কালে নতুন শিল্প স্থাপনের জন্য বিনিয়োগ করা হয়। ডঃ অমিয় বাগচী তাঁর *Private Investment in India* গ্রন্থে বলেছেন, *The First World War marked a major structural break as fast teh composition of private investment in modern manufacturing industry was concerned.* তাই দেখা গেল ভারতে বেসরকারী বা ব্যক্তিগত পুঁজির উৎপত্তি হল যা নিযুক্ত হল নতুন শিল্প গঠনে। এইসব সুযোগ নিয়ে এল প্রথম বিশ্বযুদ্ধ। বস্ত্রশিল্প, পাটশিল্প প্রভৃতি ক্ষেত্রে পুঁজি বিনিয়োগ বৃদ্ধি পায় এই সময়ে।

৩.৮.৮ বিশ্বব্যাপী মন্দা ও ভারতীয় শিল্প

অমিয় বাগচীর মতে ১৯৩০-৩১ সালে পাটশিল্পে পুঁজি বিনিয়োগ অনেক হ্রাস পায়। অন্যদিকে বস্ত্রশিল্পে এই বিনিয়োগ যথেষ্ট ছিল। এর কারণ হিসাবে বলা যায় পাট, চা, কয়লা ছিল রপ্তানির উপর নির্ভরশীল শিল্প। তাই যুদ্ধের পর আন্তর্জাতিক মন্দার সময়ে এইসব শিল্পে মন্দা দেখা দিয়েছিল। অথচ বস্ত্রশিল্পের উৎপাদিত পণ্যের চাহিদা ভারতের অভ্যন্তরে বৃদ্ধি পেলে পশ্চিম ভারতের বস্ত্রশিল্প মন্দার হাত থেকে নিষ্কৃতি পেয়ে যায়। তাই বিশ্বব্যাপী মন্দা পাটশিল্পে সঙ্কট ডেকে আনে। পাট শিল্পে লগ্নী হত ইউরোপীয় মূলধন। এছাড়া ভারতের শিল্পে বেশিরভাগ ইউরোপীয় পুঁজিপতিদের আধিপত্য ছিল। পশ্চিমভারত এক্ষেত্রে ছিল ব্যতিক্রম। তাই স্বাধীনতার পর ভারতবর্ষ থেকে ব্রিটিশরা চলে যাবার সঙ্গে বিদেশী পুঁজিও অপসারিত হয়। পূর্বভারতের শিল্পগুলি হতশ্রী হয়ে পড়ে। এখানে কোন বিকল্প শিল্প গড়ে ওঠেনি। যদিও বাঙলায় বস্ত্রশিল্প স্থাপনের প্রচেষ্টা হয়েছিল কিন্তু তা সাফল্য লাভ করেনি। এখানে পাটশিল্পের পরিপূরক কোন শিল্প গড়ে উঠতে পারেনি। অথচ পশ্চিমভারতে দেশীয় পুঁজিপতিদের নেতৃত্বে শিল্পগুলি সমৃদ্ধ হয়ে ওঠে। কারণ পশ্চিমভারতের শিল্প-বাণিজ্য ছিল ভারতীয়দের হাতে।

৩.৯ স্বাধীন ভারতের শিল্পোদ্যোগ

পাশী, গুজরাটী সম্প্রদায়ের যে মূলধন সঞ্চয় ও লগ্নী করার প্রবণতা দেখা গিয়েছিল তা বাঙ্গালী, বিহারী, দক্ষিণ ভারতীয়দের মধ্যে এই লক্ষণ দেখা যায়নি। পূর্বভারতে বিদেশী পুঁজি বেশি পরিমাণে বিনিয়োগ করে ব্রিটিশরা একচেটিয়া মুনাফা অর্জন করেছিল বাঙ্গালী, বিহারীরা এখানে প্রবেশাধিকার পায়নি। অন্য দিকে বোম্বাই, আমেদাবাদ একটি কিংবা দুটি ব্রিটিশ কোম্পানি ছাড়া তুলাজাত পণ্য উৎপাদনে অন্য কোন কোম্পানি উৎসাহ দেখায়নি। এই শূন্যস্থান পূরণ করতে গুজরাটী, পাশীরা অগ্রসর হন এবং পশ্চিমভারত এইসব শিল্পোদ্যোগের নেতৃত্বে স্বাধীনতার পর শিল্প নতুন প্রযুক্তি প্রভৃতি ক্ষেত্রে প্রতিভার স্বাক্ষর রেখেছিল। তবে পূর্ব-ভারতেও বেঙ্গল কেমিক্যালস্, ন্যাশানাল ট্যানারী প্রভৃতি শিল্পের নাম উল্লেখযোগ্য।

৩.১০ সারাংশ

ভারতবর্ষের ব্রিটিশ শাসনের ধ্বংসাত্মক প্রক্রিয়ায় বিপর্যস্ত হয়েছিল অর্থনৈতিক কাঠামো। কৃষির বিনাশ, শিল্পে অবক্ষয়, বাণিজ্যের সঙ্কট—সবকিছুর মিলিত আঘাত এসে পড়েছিল অর্থব্যবস্থার উপর। ব্রিটিশ সাম্রাজ্যবাদী শোষণ ভারতের স্বনির্ভর অর্থনীতিকে একেবারে বিধ্বস্ত করে দিয়েছিল। আর্থিক স্বচ্ছল ভারতবাসীর উপর নেমে এসেছিল অপরিসীম দারিদ্র্য। শিল্পের ধ্বংস সাধন, বহির্বাণিজ্যের বিলুপ্তির ফলে বহু মানুষ জীবিকা হারায় এবং কৃষিক্ষেত্রের উপর চাপ সৃষ্টি করে। বলপূর্বক ভারতের শিল্পবাণিজ্যের বিনাশ করে ভারতবর্ষকে

কৃষিনির্ভর রাষ্ট্রে পরিণত করা হয় এবং ব্রিটেনের স্বার্থে ভারতের কৃষিব্যবস্থা পরিচালিত হতে থাকে। ভারত পরিচিত হল ব্রিটেনের উপনিবেশ হিসাবে এবং ভারতের অর্থনীতি রূপান্তরিত হল উপনিবেশিক অর্থনীতিতে।

৩.১১ অনুশীলনী

ক। বিষয়মুখী প্রশ্ন :

- ১। ভারতের সর্বাপেক্ষা উন্নত শিল্পটির নাম লিখুন
- ২। বাঙ্গালী জাহাজ মালিকের নাম কি?
- ৩। ভারতের কোন অঞ্চল কাগজ শিল্পের জন্য বিখ্যাত?
- ৪। কাঁচশিল্প কোথায় ছিল?
- ৫। ভারতের রপ্তানিজাত পণ্যগুলির নাম কি?
- ৬। ভারতীয় বস্ত্রের উপর ব্রিটিশ আইন কবে পাশ হয়?
- ৭। কয়েকটি অর্থকরী ফসলের নাম লিখুন।
- ৮। ১৮১৩ সালের সনদ আইন গুরুত্বপূর্ণ কেন?
- ৯। ইংল্যান্ডের বস্ত্রশিল্পে ব্যবহৃত রঞ্জক বস্তুটির নাম কি?
- ১০। কত সালে এবং কোথায় প্রথম কাপড়ের কল কে স্থাপন করেন?

খ। সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন :

- ১। পলাশী লুণ্ঠন কি? অপহার কাকে বলে?
- ২। উপনিবেশিক অর্থনীতির বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন।
- ৩। ভারতীয় পণ্য রপ্তানির উপর ব্রিটিশ আইন কী প্রভাব ফেলেছিল?
- ৪। উপনিবেশিক ভারতবর্ষে ভূমিহীন কৃষকের উত্থান কীভাবে হল?
- ৫। বাণিজ্য পুঁজি ও শিল্প পুঁজির উদ্দেশ্য সম্পর্কে তুলনামূলক আলোচনা করুন।
- ৬। স্বাধীন ভারতের শিল্পোদ্যোগ সম্পর্কে কী জানেন ?

গ। দীর্ঘ উত্তরের প্রশ্ন :

- ১। ভারতের কৃষি ব্যবস্থার উপর শিল্পের বিনাশকারী প্রভাব আলোচনা করুন।
- ২। ভারতীয় শিল্প ধ্বংস হল কীভাবে?
- ৩। রেলপথ স্থাপনের মধ্যে দিয়ে ভারত কীভাবে নতুন শোষণের ক্ষেত্রে পরিণত হয়?
- ৪। ভারতীয় কৃষিপণ্যের বাণিজ্যকরণ ও তার প্রভাব আলোচনা করুন।

৩.১২ গ্রন্থপঞ্জি

1. Sumit Sarkar—Modern India, 1885-1947.
2. Amiya Bagchi—Private Investment in India.
3. The Cambridge Economic History of India, Vol. (II) 1751-1970.
4. Bipan Chandra—Rise and Growth of Economic Nationalism in India.
5. V.B. Singh (ed)—Economic history of India, 1857-1956.
6. P.N. Chopra, B.N. Puri, M.N. Das—A social cultural and economic history of India, Vol. II.
7. নরহরি কবিরাজ (সম্পাদিত)— অসমাপ্ত বিপ্লব, অপূর্ণ আকাঙ্ক্ষা ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস, কে. পি. বাগচী।
8. Irfan Habib—Essays in Indian History towards a Marxist perception.
9. Hermann Kulke, Dietmar Rothermund 3rd edition—A history of India, Dietmar Rothermund, 3rd edition.
10. R.K. Ray : Industrialisation of India.
11. S.K. Sen : Economic History of India. Vol.II.

একক ৪ □ সমাজ সংস্কার আন্দোলন

গঠন

- ৪.০ উদ্দেশ্য
- ৪.১ প্রস্তাবনা
- ৪.২ নবজাগরণের বৈশিষ্ট্য
 - ৪.২.১ নবজাগরণের গতিধারা
 - ৪.২.২ ধর্ম ও সমাজ আন্দোলনের প্রাতিষ্ঠানিক রূপ
 - ৪.২.৩ বাঙ্গলায় শিক্ষা বিস্তারের প্রয়াস
 - ৪.২.৪ পাশ্চাত্য শিক্ষা গ্রহণের কারণ
 - ৪.২.৫ ব্যক্তিগত উদ্যোগে শিক্ষার প্রসার
 - ৪.২.৬ মিশনারীদের অবদান
 - ৪.২.৭ মিশনারীদের উদ্দেশ্য
 - ৪.২.৮ মুদ্রণযন্ত্র ও সংবাদপত্রের ভূমিকা
- ৪.৩ ব্রাহ্ম সমাজ আন্দোলন
 - ৪.৩.১ রামমোহনের প্রথম জীবন ও শিক্ষা এবং আদর্শ
 - ৪.৩.২ রামমোহনের ধর্মচিন্তা
 - ৪.৩.৩ আত্মীয় সভা প্রতিষ্ঠা
 - ৪.৩.৪ ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠা
 - ৪.৩.৫ ব্রাহ্ম সমাজের উদ্দেশ্য
 - ৪.৩.৬ বিধবা বিবাহ ও সতীদাহ নিবারণ
 - ৪.৩.৭ প্রথম আধুনিক মানুষ : রামমোহন
 - ৪.৩.৮ দেবেন্দ্রনাথ ঠাকুর ও ব্রাহ্ম সমাজ
 - ৪.৩.৯ কেশবচন্দ্র সেন ও ব্রাহ্ম সমাজ
 - ৪.৩.১০ কেশবচন্দ্র সেনের নেতৃত্বে ব্রাহ্ম ধর্মের প্রসার
 - ৪.৩.১১ ব্রাহ্ম সমাজের ভাঙ্গন
 - ৪.৩.১২ ব্রাহ্ম ধর্মান্দোলনের প্রভাব
- ৪.৪ পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
 - ৪.৪.১ প্রথম জীবন
 - ৪.৪.২ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কার্যাবলী

- 8.8.৩ বিদ্যাসাগর ও সমাজ সংস্কার
- 8.8.8 ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান
- 8.৫ নব্যবঙ্গ আন্দোলন ও ডিরোজিও
 - 8.৫.১ ডিরোজিও ও তার আদর্শ
 - 8.৫.২ ডিরোজিওর পরবর্তী কালে নব্যবঙ্গ আন্দোলন
 - 8.৫.৩ নব্যবঙ্গ আন্দোলনের অবদান
 - 8.৫.৪ নব্যবঙ্গ আন্দোলনের ব্যর্থতার কারণ
- 8.৬ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস ও বিবেকানন্দ এবং রামকৃষ্ণ মিশন
 - 8.৬.১ ঠাকুর শ্রীরামকৃষ্ণ ও তার মত
 - 8.৬.২ স্বামী বিবেকানন্দ ও তাঁর আন্দোলনের উদ্দেশ্য
 - 8.৬.৩ বিবেকানন্দ ও ধর্ম সমন্বয়
 - 8.৬.৪ হিন্দু ধর্মের শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠা
 - 8.৬.৫ রামকৃষ্ণ মিশন ও ধর্মান্দোলন
 - 8.৬.৬ নারী শিক্ষার প্রসার ও নিবেদিতার ভূমিকা
 - 8.৬.৭ থিওসফিক্যাল সোসাইটি
- 8.৭ পশ্চিম ভারতে ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলন
 - 8.৭.১ মহারাষ্ট্রে পশ্চিমী শিক্ষার প্রসার
 - 8.৭.২ মহারাষ্ট্রে কারিগরী ও নারী শিক্ষার প্রসার
 - 8.৭.৩ মহারাষ্ট্রে ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলন
 - 8.৭.৪ প্রার্থনা সমাজ আন্দোলন
 - 8.৭.৫ প্রার্থনা সমাজের উদ্দেশ্য
 - 8.৭.৬ ব্রাহ্ম সমাজের সঙ্গে পার্থক্য
 - 8.৭.৭ মহাদেব গোবিন্দ রাণাডে ও তাঁর কার্যাবলী
 - 8.৭.৮ রাণাডের অবদান
 - 8.৭.৯ বাল গঙ্গাধর তিলকের অবদান
 - 8.৭.১০ মহারাষ্ট্রের অন্যান্য সমাজ সংস্কার
- 8.৮ আর্য সমাজ আন্দোলন
 - 8.৮.১ দয়ানন্দ স্বরস্বতী ও তাঁর সংস্কার প্রয়াস
- 8.৯ সারাংশ
- 8.১০ অনুশীলনী
- 8.১১ গ্রন্থপঞ্জী

৪.০ উদ্দেশ্য

বর্তমানে এককটি অধ্যয়ন করে আপনারা সমাজ-সংস্কার আন্দোলনের বিভিন্ন গতিধারা ও বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ করতে পারবেন। নিম্নলিখিত বৈশিষ্ট্য ও গতিধারা গুলি :

- পাশ্চাত্য শিক্ষার প্রভাব ও সংস্কার চেতনার উন্মেষ
- প্রাচ্যপন্থী, ঐতিহ্যবাদী ও সমন্বয়ধর্মী ধর্ম ও সমাজ-সংস্কার আন্দোলন।
- সমাজ ও ধর্ম সংস্কার আন্দোলনের প্রাণকেন্দ্র রূপে বাঙ্গলা দেশের ভূমিকা।
- পশ্চিমভারত তথা গুজরাট ও মহারাষ্ট্রে সমাজসংস্কার আন্দোলন।
- জাতীয় ঐক্যবোধ ও রাজনৈতিক চেতনার জাগরণ।
- শিক্ষার প্রসার, কুসংস্কার ও সংকীর্ণতার, সামাজিক কু-প্রথার অবসান।

৪.১ প্রস্তাবনা

ঔপনিবেশিক শাসনকালে ভারতবর্ষের ব্যাপক ও সামগ্রিক পরিবর্তনের সূচনা হয়েছিল। এই পরিবর্তনের প্রভাব এসে পড়েছিল সমাজব্যবস্থার মধ্যে। প্রভাবিত হয়েছিল ভারতীয় সমাজ-সংস্কৃতি। কারণ ১৭৫৭ সাল থেকে ১৮৫৭ সাল পর্যন্ত সময়কালীন কোম্পানি শাসন ও শোষণ ভারতীয় আর্থ সামাজিক কাঠামোকে বিপর্যস্ত করে ফেলছিল, তীব্র হয়েছিল সামাজিক জড়তা, সাংস্কৃতিক অবক্ষয়। মধ্যযুগীয় গৌড়ামি, আচার-সর্বস্ব ধর্মব্যবস্থা, নিষ্ঠুর অমানবিক কুসংস্কারের বেড়াজালে ভারতে দেখা গিয়েছিল এক অন্ধকারময় যুগ। এই সময়কালে মধ্যযুগীয় সংস্কৃতির বৈশিষ্ট্যগুলি যেমন চিরাচরিত ঐতিহ্য, প্রথা, অন্ধবিশ্বাস ও কুসংস্কার যেন এক দৃঢ় ভিত্তিতে মানুষের মনে স্থান করে নিয়েছিল। জনমানসে যুক্তিবাদের কোন স্থান ছিল না। ব্রিটিশ শোষণ, অজ্ঞতা প্রভৃতির কারণে মানুষ এক হতাশার অন্ধকারে নিমজ্জিত হয়ে যাচ্ছিল। এই সময়ে পাশ্চাত্য শিক্ষার সংস্পর্শে ভারতবাসীর মধ্যযুগীয় চিন্তাভাবনার মধ্যে পরিবর্তন সূচিত হয়। ব্রিটিশ শাসনাধীন ভারতীয়দের এই সময়ে জীবনের প্রতিটি পদক্ষেপে প্রতিযোগিতায় অবতীর্ণ হতে যাচ্ছিল। অন্যদিকে তারা এক প্রগতিমূলক সভ্যতা সংস্কৃতির সঙ্গে পরিচিত হচ্ছিল। এই পরিস্থিতিতে পশ্চিমী শিক্ষায় শিক্ষিত মানুষের মধ্যে আসে যুক্তিবাদী চেতনা, অনসন্ধিৎসার মনোভাব। তাঁরা যুক্তির আলোয় যাবতীয় রীতি-নীতি, আচার-ব্যবহারের বিচার করতে সচেষ্ট হন। ফলে সমাজের সর্বক্ষেত্রে যেমন ধর্ম, শিক্ষা, সমাজ প্রভৃতি ক্ষেত্রে নবমূল্যায়ন ঘটে। নবমূল্যায়নের এই প্রবণতাই ‘নবজাগরণ’ নামে পরিচিত।

নবজাগরণ প্রকাশিত করতে থাকে সমাজ-সংস্কৃতির অবক্ষয়ের দিকগুলি। চিন্তাশীল মনীষীরা এই অবক্ষয়ের চিত্রকে গভীরভাবে পর্যবেক্ষণ করে তা দূর করতে প্রয়াসী হন। তাঁদের এই প্রচেষ্টাই সমাজ-সংস্কার আন্দোলনের সূত্রপাত করে। সমাজ-সংস্কার ও ধর্ম আন্দোলনের ফলে সমাজ থেকে সংকীর্ণতা দূরীভূত হয়, কুসংস্কারমুক্ত এক নতুন ভারতের উন্মেষ হয়।

৪.২ নবজাগরণের বৈশিষ্ট্য

উনবিংশ শতাব্দীতে ভারতে যে নবজাগরণের সূচনা হল তার দুটি সুস্পষ্ট বৈশিষ্ট্য আমরা উল্লেখ করতে পারি। প্রথমত, ভারতের চিরাচরিত ঐতিহ্য ও সংস্কৃতির অবক্ষয় স্থবিরতার সঙ্গে নব প্রগতিমূলক সংস্কৃতির সংঘাত এবং দ্বিতীয়ত, পশ্চিমী যুক্তিবাদী ধ্যানধারণার সঙ্গে চিরাচরিত ঐতিহ্যের সামঞ্জস্য ও সমন্বয় সাধনের প্রচেষ্টা। নবজাগরণের এই সমন্বয় ও সংঘাতের যুগ্ম প্রতিক্রিয়া ভারতে জাতীয়তাবাদের জন্ম দেয়। জাতীয়তাবাদের উন্মেষে বস্তুতপক্ষে নবজাগরণের অবদানকে অস্বীকার করা যায় না। নবজাগরণ শুধু ধর্ম, সংস্কৃতি ক্ষেত্রে নয় রাজনীতি, সাহিত্য, সংবাদপত্র প্রভৃতি ক্ষেত্রে প্রগতিমূলক পরিমণ্ডলের সূচনা করে। বাংলাদেশেই প্রথমে নবজাগরণ উন্মেষ হয় ক্রমে তা ভারতের সর্বত্র পরিব্যাপ্ত হয়।

৪.২.১ নবজাগরণের গতিধারা

উনবিংশ শতাব্দীতে বাংলা ছিল নবজাগরণের প্রাণকেন্দ্র। মননজগতে আলোড়ন হল নবজাগরণ যার প্রকৃতি হল আধুনিকীকরণের প্রচেষ্টা। জড় নিশ্চল সমাজব্যবস্থায় গতির সঞ্চারণ করেছিল নবজাগরণ। আধুনিকীকরণের এই গতি দুটি ধারায় সঞ্চারণিত হয়েছিল। প্রথমত, ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলনের মধ্যে দিয়ে সমাজে আধুনিকীকরণের প্রচেষ্টা শুরু হয়েছিল। দ্বিতীয়ত, মানুষের যুক্তিবাদী মন ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে ভারতের রাজনৈতিক স্বার্থ বজায় ও সম্মান রক্ষার্থে প্রয়াসী হল।

উপরিউক্ত দুটি গতিধারায় কার্যকলাপকে বাস্তবায়িত করতে সৃষ্টি হল সংস্কারবাদী দল ও রাজনৈতিক দলের।

৪.২.২ ধর্ম ও সমাজ আন্দোলনের প্রাতিষ্ঠানিক রূপ

সমাজসংস্কার ও ধর্মসংস্কার আন্দোলনগুলি প্রতিষ্ঠানিক রূপ লাভ করেছিল ব্রাহ্মসমাজ, প্রার্থনা সমাজ, আর্যসমাজ, রামকৃষ্ণ মিশন প্রভৃতির মধ্যে দিয়ে। এইসব আন্দোলনের প্রবক্তা যারা ছিলেন তাঁরা ভারতের প্রাচীন ঐতিহ্যের মধ্যে লক্ষ্য করেছিলেন বহু অভিনব বৈশিষ্ট্য যা পাশ্চাত্যের ঐতিহ্যের তুলনায় কোন অংশে কম ছিল না। ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলনের পুরোধায় যারা ছিলেন তাঁরা পাশ্চাত্য জ্ঞান, বিজ্ঞান, যুক্তিবাদ ও দর্শনের আলোকে হয়ে উঠেছিলেন মুক্ত মনের অধিকারী। উদার মন নিয়ে তাঁরা সনাতন হিন্দুধর্মের মধ্যে প্রয়োজনীয় পরিবর্তন সাধন করেছিলেন। বাস্তবিকপক্ষে পাশ্চাত্য শিক্ষা ভারতবাসীর সাংস্কৃতিক, সামাজিক ধর্মীয় ও ব্যক্তিজীবনের উপর প্রভাব ফেলেছিল।

৪.২.৩ বাংলায় শিক্ষা প্রসারের প্রয়াস

১৮১৩ সালের সনদ আইনে নির্ধারিত হয়েছিল যে ভারতীয়দের শিক্ষার জন্য বছরে একলক্ষ টাকা ব্যয় করা হবে অথচ ১৮২৩ সাল পর্যন্ত এই মঞ্জুরীকৃত অর্থ শিক্ষাখাতে ব্যয় করার কোন চেষ্টা পরিলক্ষিত হয়নি। ইতিমধ্যে বাঙ্গালীরাই ব্যক্তিগতভাবে সর্বপ্রথম ইংরেজি শিক্ষায় উদ্যোগ গ্রহণ করেন এবং এক্ষেত্রে তাঁরা খ্রিস্টান ধর্মপ্রচারক মানবতাবাদী ও সংস্কারকদের সহায়তা লাভ করেছিলেন। বস্তুতপক্ষে, ১৮৩৫

সালের পূর্ব পর্যন্ত ইংরেজি শিক্ষা প্রসারের কোন সুনির্দিষ্ট নীতি বা শিক্ষা পরিকল্পনা ব্রিটিশ সরকারের ছিল না। শিক্ষা প্রসারের সরকারি উদ্যোগ অনেক পরে গৃহীত হয়েছিল।

৪.২.৪ পাশ্চাত্য শিক্ষা গ্রহণের কারণ

পাশ্চাত্য শিক্ষা গ্রহণ করার মূলে দুটি কারণ দেখা যায়। বাঙ্গলায় ইংরাজ শাসন প্রতিষ্ঠিত হবার পর এখানে সমৃদ্ধ মধ্যবিত্ত শ্রেণীর উদ্ভব হয়েছিল। এই মধ্যবিত্ত সমাজে হিন্দুরা ছিলেন সংখ্যাগরিষ্ঠ যারা পাশ্চাত্যের জ্ঞান আহরণের উদ্দেশ্য নিয়ে এই ভাষা শিক্ষায় আগ্রহী হয়েছিলেন। কারণ তাঁদের মধ্যে ছিল পশ্চিমের রাজনৈতিক, ঐতিহ্য, চিন্তাধারা, পাশ্চাত্য ভাষা, সাহিত্য সম্পর্কে জ্ঞানার্জন করার এক তীব্র আকাঙ্ক্ষা।

দ্বিতীয়ত, ১৭৭৪ সালে কলকাতায় প্রতিষ্ঠিত হয়েছিল সুপ্রিম কোর্ট। বিচার, আইন সম্পর্কিত কাজের জন্য বাঙ্গালী মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে ইংরেজি ভাষা শিক্ষার প্রচলন শুরু হয়। প্রকৃতপক্ষে রুজি-রোজগারের তাগিদ সাধারণ মানুষকে ইংরেজি শিক্ষায় আগ্রহী করে তুলেছিল।

৪.২.৫ ব্যক্তিগত উদ্যোগে শিক্ষার প্রসার

ইস্ট ইন্ডিয়া কোম্পানির রাজ্য বিস্তার ও প্রশাসনিক কার্যকলাপ বৃদ্ধি পেলে ইংরেজি ভাষা জানা কর্মচারীর প্রয়োজন হয়। যদিও এই সময় উচ্চপদে ভারতীয় নিয়োগ হত না কিন্তু নীচু পদে অর্থাৎ দো-ভাষী, করণিক, নকলনবীশ পদের জন্য ভারতীয়দের প্রয়োজন অনুভূত হতে থাকে। তবে ব্রিটিশ কোম্পানির পক্ষ থেকে পাশ্চাত্য শিক্ষার জন্য উদ্যোগ গৃহীত হবার আগেই বেসরকারি পক্ষ থেকে ইংরেজি শিক্ষা প্রসারের কাজ অনেকটা এগিয়ে যায়। কিছু ইউরোপীয়ান, ইউরেশিয়ানরা এ ব্যাপারে অগ্রণী হয়ে বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। শেরবোর্ণ নামে এক ইউরেশিয়ান জোড়াসাঁকোয় ইংরেজি বিদ্যালয় স্থাপন করেন। এই বিদ্যালয়েই প্রিন্স দ্বারকানাথ ঠাকুর, প্রসন্নকুমার ঠাকুর প্রমুখ ইংরেজি শিক্ষায় শিক্ষিত হয়েছিলেন। আমড়াতলায় মার্কিন বোল্‌স (Bowles) -এর বিদ্যালয়ের ছাত্র ছিলেন মতিলাল শীল। হেনরী ড্রামন্ড ধর্মতলা একাডেমীর প্রতিষ্ঠা করেছিলেন। তাঁরই ছাত্র ছিলেন ডিরোজিও।

৪.২.৬ মিশনারীদের অবদান

ইংরেজি শিক্ষা বিস্তারে মিশনারীদের অবদানও শ্রদ্ধার সঙ্গে স্মরণীয়। এইসব মিশনারীরা ধর্মপ্রচার করার জন্য ব্যক্তিগতভাবে বাঙ্গলা ভাষা শিখেছিলেন এবং বাঙ্গালীদের ইংরেজি ভাষা শেখাবার প্রচেষ্টা করেছিলেন। যেসব খ্রিস্টান মিশনারী বাঙ্গলা ভাষায় পাশ্চাত্য পদ্ধতিতে শিক্ষার প্রচলনের চেষ্টা করেছিলেন তার মধ্যে উইলিয়াম কেরীর নাম সর্বাগ্রে উল্লেখনীয়। ১৭৯৩ সালে তিনি বাঙ্গলায় এসেছিলেন এবং শ্রীরামপুরে ধর্মপ্রচারের কাজ শুরু করেন। তিনি মার্শম্যান ও উইলিয়াম ওয়ার্ডের সহযোগিতায় শ্রীরামপুরে প্রতিষ্ঠা করেন একটি বিদ্যালয়ও একটি ছাপাখানা। এখান থেকে বাঙ্গলা ভাষায় ইতিহাস ভূগোল বিজ্ঞান বিষয়ে শিক্ষাদান করা হতে থাকে, কেরী সাহেব নিজে বাইবেলের বাঙ্গলা অনুবাদ করেছিলেন। তাঁর ছাপাখানায় 'সমাচার দর্পণ' নামে প্রথম বাঙ্গলা ভাষায় সংবাদপত্র প্রকাশিত হয়। বাঙ্গলায় ইংরেজি শিক্ষা প্রসারে ডেভিড

হেয়ারের নাম উল্লেখনীয়। তিনি কলকাতায় প্রতিষ্ঠা করেছিলেন একটি উচ্চ ইংরেজি বিদ্যালয় যা হেয়ার স্কুল নামে পরিচিত ছিল এবং স্থাপন করেছিলেন স্কুল বুক সোসাইটি।

টুচুড়ায় রবার্ট মে একটি বিদ্যালয় স্থাপন করেন। তিনি আরো ৩৬টি বিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন। এছাড়া রেভারেন্ড ডাফ নামে একজন স্কটিশ মিশনারী কলকাতায় একটি কলেজ প্রতিষ্ঠা করেন যা স্কটিশ চার্চ কলেজ নামে পরিচিত। রেভারেন্ড ডাফ ও রাজা রামমোহন রায় উভয়ে পাশ্চাত্য শিক্ষা প্রসারে ব্রতী হয়েছিলেন। ১৮১৭ সালে হিন্দু কলেজের প্রতিষ্ঠা হলে ইংরাজী শিক্ষার প্রসার দ্রুতগতি লাভ করে। এই কলেজটির উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের ইংরেজি, বাঙ্গলা ভাষা, ইউরোপ ও এশিয়ার সাহিত্য বিজ্ঞান সম্পর্কে অধ্যয়নের ব্যবস্থা করা। এই কলেজের ছাত্র ছিলেন মাইকেল মধুসূদন দত্ত, রাজনারায়ন বসু, ভূদেব মুখোপাধ্যায় প্রমুখ। হিন্দু কলেজের দৃষ্টান্ত গ্রহণ করে কলকাতার বহু উচ্চ ইংরেজি কলেজের সংখ্যা বৃদ্ধি পায়। এই কলেজ পরে প্রেসিডেন্সি কলেজ নামে পরিচিত হয়েছিল।

৪.২.৭ মিশনারীদের উদ্দেশ্য

মিশনারীদের উদ্দেশ্য ছিল এইসব শিক্ষায়তনের মধ্যে দিয়ে খ্রিস্ট ধর্ম ও সংস্কৃতিকে শক্তিশালী করে তোলা। তাঁরা আশা করেছিলেন ইংরেজি ভাষা শিক্ষার মধ্যে দিয়ে ভারতবাসী পশ্চিমের প্রগতিমূলক আধুনিক আদর্শের প্রতি আকৃষ্ট হবে। বস্তুতপক্ষে মিশনারীদের কর্মপ্রয়াস ভারতে পশ্চিমী ভাবধারা ও আদর্শের সূত্রপাত করেছিল। হিন্দুধর্মের আচারসর্বস্বতা, সামাজিক কুসংস্কার, অন্ধবিশ্বাস প্রভৃতির কঠোর সমালোচনা করতেন মিশনারীরা। তাঁদের সমালোচনা শিক্ষিত বাঙ্গালীদের মধ্যে আলোড়ন সৃষ্টি করেছিল এবং সামাজিক সংস্কারের প্রয়োজনীয়তা তাঁরা উপলব্ধি করেছিলেন। ভারতীয় সভ্যতা সংস্কৃতির উপর ভিত্তি করে ঊনবিংশ শতকে নানাবিধ প্রগতিমূলক সামাজিক সংস্কার প্রবর্তন করা হয়েছিল।

৪.২.৮ মুদ্রণযন্ত্র ও সংবাদপত্রের ভূমিকা

অষ্টাদশ শতকের শেষভাগে ভারতে মুদ্রণযন্ত্রের ব্যবহার হতে থাকে। ১৭৮০ সালে অগাস্টস হিকি (Hicky) সর্বপ্রথম 'বেঙ্গল গেজেট' নামে ইংরেজি সংবাদ সাপ্তাহিক প্রকাশ করেন। ১৭৮০ সাল থেকে ১৭৯৩ সালের মধ্যে কলকাতায় ছয়টি ইংরেজি সংবাদপত্র প্রকাশিত হয়; তার মধ্যে উল্লেখযোগ্য হল ক্যালকাটা গেজেট, হরকরা, ইন্ডিয়া গেজেট প্রভৃতি। প্রতিটি পত্রিকায় ইংরেজিতে ইংরেজদের জন্য লিখিত হত। বেঙ্গল হরকরা পত্রিকা প্রকাশিত হয় ১৭৯৮ সালে। এই পত্রিকার সম্পাদক চার্লস মাকলিন ভারতবর্ষের প্রতি সহানুভূতি সূচক লেখনীর জন্য নির্বাসিত হন। মাদ্রাজেও প্রকাশিত হয় মাদ্রাজ কুরিয়ার (১৭৮৫), এছাড়া ইন্ডিয়া হোরাল্ড (১৭৯৫) প্রভৃতি পত্রিকা। এইসব পত্রিকা সরকারের সমালোচনা প্রকাশিত করলেও কোন রাজনৈতিক আদর্শ প্রচার করত না।

১৮১৮ সালের আগে বাঙ্গলা ভাষায় কোন সংবাদপত্র প্রকাশিত হতে দেখা যায়নি। শ্রীরামপুরের মিশনারী মার্শম্যান সম্পাদিত 'দিগদর্শন' ও 'সমাচার দর্শন' নামে মাসিক পত্রিকা প্রকাশিত হয়। ১৮২১

সালে রাজা রামমোহন রায়ের সম্পাদনায় ‘সংবাদ-কৌমুদী’ নামে বাঙ্গলা সাপ্তাহিক ঈশ্বরচন্দ্র গুপ্তের ‘সংবাদ প্রভাকর’, দেবেন্দ্রনাথ ঠাকুরের ‘তত্ত্ববোধিনী’ প্রভৃতি উল্লেখযোগ্য। এইসব পত্রিকাগুলিতে স্বদেশচিন্তার প্রকাশ দেখা যায়। প্রাচীনপন্থীদের মুখপাত্র রূপে সমাচার পত্রিকা প্রকাশিত হয়েছিল। প্রসন্নকুমার ঠাকুরের সম্পাদিত ইন্ডিয়ান রিফরমার প্রকাশিত হয়েছিল ১৮৩১ সালে। এটি ছিল প্রগতিপন্থীদের মুখপাত্র রূপে সমাচার পত্রিকা প্রকাশিত হয়েছিল। প্রসন্নকুমার ঠাকুরের সম্পাদিত ইন্ডিয়ান রিফরমার প্রকাশিত হয়েছিল ১৮৩১ সালে। এটি ছিল প্রগতিপন্থীদের মুখপাত্র। হিন্দু কলেজের ছাত্ররা ‘পার্শ্বনন’ ‘হিন্দু পাইওনিয়ার’ ইত্যাদি পত্রিকার মাধ্যমে নিজেদের রাজনৈতিক চিন্তাভাবনা ও সামাজিক বিষয়ে প্রগতিমূলক মতামত প্রচার করতেন। ১৮৫৭ সালের পর প্রকাশিত সংবাদপত্রগুলি সরকারি শোষণ, বৈষম্য, জনগণের দুঃখ তুলে ধরেছিল। ১৮৫৩ সালে প্রকাশিত হিন্দু পেট্রিয়ট পত্রিকা জনমানসের রাজনৈতিক চেতনার প্রসারে বহুল পরিমাণ সহায়তা করেছিল। ১৮৬১ সালে দেবেন্দ্রনাথ ঠাকুর ও কেশবচন্দ্র সেনের পৃষ্ঠপোষকতায় ইন্ডিয়ান মিরর, গিরীশচন্দ্র ঘোষের সম্পাদনায় বেঙ্গলী বিশেষ প্রসিদ্ধি লাভ করেছিল। ১৮৬৮ সালে শিশির কুমার ঘোষ ‘অমৃত বাজার পত্রিকা’ নামে বাঙ্গলা ভাষায় পত্রিকা প্রকাশ করেছিলেন। সরকারি সমালোচনা খুব তীব্রভাবে এই পত্রিকায় প্রকাশিত হয়েছিল। তাঁর ব্রতই ছিল এই পত্রিকাকে স্বাধীনতা আন্দোলনের ধারক ও বাহকে পরিণত করা। এছাড়া ছিল সঞ্জীবনী, বঙ্গবাসী, সুলভ সমাচার, সাধারণী প্রভৃতি পত্রিকা। বাংলার এইসব সমাচার পত্র ও সামরিক পত্রিকাগুলি রাজনৈতিক চেতনার উন্মেষ ঘটায় ও সামাজিক সংস্কারের প্রয়োজনীয়তার প্রতি নির্দেশ করেছিল।

৪.৩ ব্রাহ্মসমাজ আন্দোলন

রাজা রামমোহন রায় ছিলেন ভারতীয় নবজাগরণের অগ্রদূত। তিনি ভারতের প্রথম আধুনিক মানুষ বলে অভিহিত হয়েছেন। পশ্চিমী ভাবধারায় প্রভাবিত রামমোহন রায় ভারতবর্ষের ধর্মীয় ও সামাজিক সংস্কারমূলক কর্মপ্রয়াস বা আন্দোলনের প্রয়োজনীয়তা অনুভব করেছিলেন এবং ভারতবাসীর সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় ও রাজনৈতিক পুনরুজ্জীবনের জন্য আজীবন অক্লান্ত সাধনা করেছিলেন। সামাজিক জড়ত্ব, ধর্মীয় দুর্নীতি, অশিক্ষা, কুসংস্কার তাঁকে ব্যাখিত করেছিল।

৪.৩.১ রামমোহনের প্রথম জীবন ও শিক্ষা এবং আদর্শ

১৭৭৪ সালে হুগলি জেলার আরামবাগ মহকুমার রাধানগর গ্রামে রাজা রামমোহন রায়ের জন্ম হয়। তার পিতা রামকান্ত রায় ছিলেন প্রভাবশালী সম্ভ্রান্ত জমিদার। তিনি বাল্যকালে ফার্সী ও আরবী শিক্ষা করেন। সুফীবাদ সম্পর্কে পড়াশোনা করেন, তিব্বতে গিয়ে বৌদ্ধধর্ম সম্পর্কে জ্ঞান লাভ করেন। বারাণসীতে সংস্কৃত ভাষা পাঠ এবং হিন্দু ধর্মশাস্ত্রের বিশ্লেষণমূলক অধ্যয়ন করেন, পরবর্তীকালে ইংরেজি ভাষা, পাশ্চাত্য দর্শন, সাহিত্য, ইতিহাস অধ্যয়ন করেন।

প্রাচ্য ও পাশ্চাত্য শিক্ষা, সংস্কৃতি, ধর্ম প্রভৃতি বিষয়ে জ্ঞানার্জনের ফলে তাঁর চরিত্রে বহুত্বের সমন্বয় ঘটেছিল। স্বদেশের প্রতি তাঁর শ্রদ্ধা ছিল সুগভীর। প্রাচ্য ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল হওয়া সত্ত্বেও তিনি

ভারতের সামাজিক জড়তা কাটাতে পাশ্চাত্যের আধুনিক সংস্কৃতি গ্রহণের প্রয়োজনীয়তা স্বীকার করেছিলেন। তিনি চেয়েছিলেন জড়তা, সংস্কার কাটিয়ে ভারতবাসী যুক্তিবাদী মনোভাব গ্রহণ করুক মানবতার আদর্শে উদ্বুদ্ধ হয়ে সামাজিক সমতা প্রতিষ্ঠা করুক। তিনি ছিলেন এক মানবতাবাদী সমাজ-সংস্কারক।

৪.৩.২ রামমোহনের ধর্মচিন্তা

রামমোহন রায় পাঠ করেছিলেন ইসলাম ও খ্রিস্টান ধর্মগ্রন্থ, 'জৈন কাব্যসূত্র' এছাড়া ভারতীয় ধর্মগ্রন্থ বেদান্ত উপনিষদ। এইসব ধর্মগ্রন্থ পাঠ ও তুলনামূলক বিশ্লেষণ করে তিনি তাঁর মনে এই ধারণা হয় যে ঈশ্বর এক ও অদ্বিতীয়।

ভিন্ন ভিন্ন ধর্মগ্রন্থে তাঁর ভিন্ন রূপ কল্পনা করা হয়েছে বলেই ধর্ম ও ঈশ্বরের রূপ নিয়ে জটিলতার সৃষ্টি হয়েছে। এই একেশ্বরবাদকে তিনি সারাজীবন সারসত্যরূপে পালন করেছিলেন। ১৮০৩ সালে তিনি 'তুহফাতুল-ময়াহিদিন' নামে ফার্সী ভাষায় গ্রন্থ রচনা করেন। এই গ্রন্থে একেশ্বরবাদের আদর্শ প্রচারিত হয়েছিল। তাঁর গ্রন্থগুলিতে ধর্মীয় কুসংস্কার, দেবদেবীর প্রতি অচলা ভক্তি, অলৌকিকত্ব প্রভৃতির সমালোচনার সঙ্গে অন্ধবিশ্বাসের বিরুদ্ধে যুক্তিবাদের অবতারণা ইত্যাদিও আলোচিত হত।

৪.৩.৩ আত্মীয় সভা প্রতিষ্ঠা

১৮১৫ সাল থেকে রামমোহন রায় কলকাতায় স্থায়ীভাবে বসবাস শুরু করেন। খুব শীঘ্রই তিনি কিছু সংস্কারমুক্ত মনস্ক ব্যক্তিদের নিয়ে 'আত্মীয়সভা' স্থাপন করেন। তিনি হিন্দুধর্মের ও সমাজব্যবস্থার অর্থহীন ক্রিয়াকলাপের তীব্র ভাষায় নিন্দা করেন। কুসংস্কারের বিরুদ্ধে তাঁর যুক্তিবাদী আলোচনা তাঁকে যথেষ্ট সামাজিক খ্যাতি এনে দিয়েছিল। তিনি প্রচার করেছিলেন ঈশ্বর নিরাকার এবং নিরাকার ব্রহ্ম একমাত্র সত্য এবং বৈদিক হিন্দু ধর্মে পৌত্তলিকতার কোন স্থান ছিল না তা একেশ্বরবাদের উপরই প্রতিষ্ঠিত। তাই পৌত্তলিকতা ত্যাগ করে ধর্মীয় আচারসর্বস্বতা বর্জন করে মানুষ প্রকৃত ধর্ম পালন করুক এই ছিল তাঁর অভিপ্রায়। কারণ তিনি উপলব্ধি করেছিলেন চিরাচরিত অন্ধবিশ্বাস, কুসংস্কার পৌত্তলিকতার ফলে মানুষের স্বাধীন চিন্তার ক্ষমতা লোপ পেয়েছে। ১৮২১-২৩ সালের মধ্যে তিনি ব্রাহ্মণিক্যাল ম্যাগাজিন (Brahmanical Magazine) প্রকাশ ভারতবাসীর অজ্ঞতার, দারিদ্রের সুযোগ নিয়ে মিশনারীদের কার্যকলাপকে। মিশনারীদের গোঁড়ামির সমালোচনা করে ছিলেন তবে খ্রিস্টধর্ম বিরোধী তিনি ছিলেন না।

৪.৩.৪ ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠা

নানাপ্রকার ধর্মগ্রন্থ পাঠ করে রাজা রামমোহন একেশ্বরবাদে বিশ্বাসী হয়ে উঠেছিলেন। তাঁর একেশ্বরবাদী মত প্রচার করার জন্য ১৮২৮ সালে স্থাপিত হল ব্রাহ্ম সভা। ১৮৩০ সালে প্রতিষ্ঠা হল ব্রাহ্মসমাজ ভবন। এই ব্রাহ্ম সমাজ সকল একেশ্বরবাদে বিশ্বাসীদের জন্য উন্মুক্ত করা হয়। হিন্দু, মুসলমান, খ্রিস্টান সকলে জাতি-ধর্ম নির্বিশেষে ব্রাহ্ম সমাজে যোগ দিতে পারতেন। তাঁর নেতৃত্বে ব্রাহ্ম সমাজ আন্দোলন সমাজ-

সংস্কারে ব্রতী হয়। সামাজিক অত্যাচারের শিকার ছিলেন নারীসমাজ। রাজা রামমোহন নারী-সমাজের মুক্তির জন্য, স্ত্রীশিক্ষা বিস্তারের জন্য প্রয়াসী হন। এছাড়া জাতিভেদ, অস্পৃশ্যতা, সতীদাহ, বর্ণভেদ প্রভৃতির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করেন। তিনিই সর্বপ্রথম সতীদাহের বিরুদ্ধে তাৎপর্যপূর্ণ আন্দোলন গড়ে তুলেছিলেন। লর্ড বেন্টিন্স ও দ্বারকানাথ ঠাকুর তাঁক সহযোগিতা করেছিলেন। আবার একথা অনস্বীকার্য যে রামমোহনের সমর্থন ও সহযোগিতার কারণেই লর্ড উইলিয়াম বেন্টিন্স সামাজিক সংস্কারগুলি প্রবর্তন করতে পেরেছিলেন।

৪.৩.৫ ব্রাহ্ম সমাজের উদ্দেশ্য

রামমোহন প্রতিষ্ঠিত ব্রাহ্ম সমাজের উদ্দেশ্য শুধুমাত্র ধর্মসংস্কার নয়, এর কর্মসূচীর অবিচ্ছেদ্য অংশ হল সামাজিক সংস্কার। সমাজের অজ্ঞতা, কুসংস্কার, কুশিক্ষা দূরীভূত করার জন্য সংস্কার আন্দোলনের সূচনা করেছিলেন, একই সঙ্গে বাল্যবিবাহ, সতীদাহ, কৌলীন্যপ্রথা প্রভৃতির বিরুদ্ধে নিজস্ব মতপ্রকাশ করেছিলেন। রাজা রামমোহন তাঁর সংস্কার আন্দোলনের স্বপক্ষে জনমত সংগঠনের জন্য বাঙ্গলা ভাষায় গ্রন্থাদি রচনা করে তাঁর নিজস্ব ভাবধারা জনসমক্ষে তুলে ধরেছিলেন, তিনি ‘সংবাদ কৌমুদী’ নামে পত্রিকা প্রকাশ করেন।

৪.৩.৬ বিধবা বিবাহ ও সতীদাহ নিবারণ

তাঁর সমাজ-সংস্কার আন্দোলনের প্রধান বিচার্য ছিল নারী সমাজের মুক্তি ও কল্যাণসাধন। তাই তাঁর সর্বাপেক্ষা উল্লেখ্য দুটি সামাজিক সংস্কার হল বিধবা বিবাহ প্রবর্তন ও সতীদাহ প্রথার নিবারণ। তাঁর নেতৃত্বে সতীদাহ প্রথার বিরুদ্ধে শক্তিশালী জনমত ও আন্দোলন সংগঠিত হয়েছিল।

১৮২৯ সালে লর্ড বেন্টিন্স আইনের সাহায্যে এই অমানুষিক প্রথার অবসান ঘটান। তবে রাজা রামমোহন রায়ের নেতৃত্বে এই প্রথার বিরুদ্ধে যে শক্তিশালী প্রগতিশীল এক জনমত গড়ে উঠেছিল তার ফলেই বেন্টিন্স এই প্রথা রদ করতে পেরেছিলেন। তাই এই প্রথা রহিত করার পশ্চাতে প্রগতিশীল জনমতের ব্যাপক সমর্থন না থাকলে এই নিষ্ঠুর অমানবিক প্রথাটি সহজে রদ হতে পারত না।

৪.৩.৭ প্রথম আধুনিক মানুষ : রামমোহন

তাই একথা অনস্বীকার্য যে রাজা রামমোহন রায়ের সমাজ-সংস্কার প্রয়াস জনমানসকে প্রভাবিত করেছিল। প্রাচ্য ও পাশ্চাত্যের শ্রেষ্ঠ গুণগুলির সমন্বয়ে আধুনিক ভারতবর্ষ গঠনের পথ তিনি প্রস্তুত করেছিলেন। তাঁর প্রতিষ্ঠিত ব্রাহ্ম সমাজ কোন বিকল্প হিন্দুবিরোধী ধর্ম ছিল না, তা ছিল উপনিষদের একেশ্বরবাদের ভিত্তিতে প্রতিষ্ঠিত। রাজা রামমোহনের ছিল এক গভীর হিতবাদী চিন্তাধারা। এই চিন্তাধারায় প্রাচ্য ও পাশ্চাত্যের আশ্চর্য সম্মেলন ঘটেছিল। আন্তর্জাতিক পরিস্থিতি সম্পর্কে তাঁর ছিল সম্যক জ্ঞান। শুধু ভারতবর্ষ নয় ফ্রান্স, আমেরিকার স্বাধীনতা যুদ্ধকে তিনি পূর্ণ সমর্থন জানিয়েছিলেন। শুধু ভারতীয় নয় বিশ্বের প্রতিটি অত্যাচারিত নিপীড়িত মানুষের মুক্তি কামনা করতেন। এ ছিল তাঁর আধুনিক মনস্কতার চরম নিদর্শন।

৪.৩.৮ দেবেন্দ্রনাথ ঠাকুর ও ব্রাহ্ম সমাজ

১৮৩৩ সালে রামমোহন রায়ের মৃত্যুর পর ব্রাহ্ম সমাজের জনপ্রিয়তা বহুলাংশে কমে যায়। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্মসমাজে নবপ্রাণের সঞ্চার করেন। তিনি ব্রাহ্ম সমাজকে ব্রাহ্মধর্মে রূপান্তরিত করেন। ১৮৩৮ সালে তিনি ব্রাহ্মধর্মে দীক্ষিত হন ও ১৮৩৯ সালে প্রতিষ্ঠা করেন তত্ত্ববোধিনী সভা। এই সভায় সংস্কারমুক্ত ধর্ম আলোচনা হত। রাজা রামমোহনের ভাবধারা ও আদর্শকে নতুনভাবে প্রতিষ্ঠা করেন দেবেন্দ্রনাথ ঠাকুর ১৮৪৩ সালে তত্ত্ববোধিনী পত্রিকা প্রকাশিত হয়। এই পত্রিকা তৎকালীন সামাজিক কুসংস্কার ও বিবিধ একটি ত্রুটি-বিচ্যুতির ব্যাপারে মতামত প্রচার করত। দেবেন্দ্রনাথ ঠাকুরের ব্রাহ্ম ধর্মের মূল ভিত্তি ছিল হিন্দুদের আদি ধর্মগ্রন্থ বেদ। তিনি ব্রাহ্মধর্মের ‘অনুষ্ঠান পদ্ধতি’ নামে গ্রন্থ রচনা করেছিলেন, যার মাধ্যমে ব্রহ্ম উপাসনার ভিত্তি স্থাপিত হয়।

৪.৩.৯ কেশবচন্দ্র সেন ও ব্রাহ্ম সমাজ

১৮৫৭ সালে কেশবচন্দ্র সেন ব্রাহ্ম সমাজে যোগদান করেন। তিনি ব্রাহ্ম সমাজের আচার্যের পদে অধিষ্ঠিত হয়েছিলেন ১৮৬২ সালে। তাঁর ভক্তিপূর্ণ প্রার্থনা, আবেগের ফলে যুক্তিবাদী ব্রাহ্মধর্ম ক্রমে ভক্তিবাদী ভাববাদী প্রকৃতি গ্রহণ করেছিল। তিনি ও তাঁর অনুগামীরা বাল্য বিবাহ জাতিভেদ প্রথার বিরুদ্ধে এবং বিধবা বিবাহ, অসবর্ণ বিবাহ প্রভৃতির স্বপক্ষে আন্দোলন গড়ে তোলেন। এই সংস্কার আন্দোলনের ফলে ১৮৭২ সালে ভারতে সরকারি তিন আইন (Act III, 1872) দ্বারা বাল্যবিবাহ, বহুবিবাহ নিষিদ্ধ এবং অসবর্ণ বিবাহ, বিধবা বিবাহ স্বীকৃত হয়। তিনি ব্রাহ্মধর্মে বৈষ্ণব সংকীর্তন রীতিটি নিয়ে আসেন এবং যীশু ও চৈতন্যদেবের ভক্তিভাবের মধ্যে সমন্বয় সাধন করেন। কেশবচন্দ্র সেন ব্রাহ্ম আন্দোলনকে সামাজিক সংস্কার আন্দোলনের ব্যাপকতা প্রদান করেন অর্থাৎ তাঁর নেতৃত্বে ব্রাহ্ম আন্দোলন সমাজ সংস্কারের প্রাতিষ্ঠানিক ভিত্তি লাভ করেছিল। ১৮৮০ সালে তিনি ব্রাহ্মধর্মকে সর্বধর্ম সমন্বয়কারী নববিধান বলে ঘোষণা করেন যার আদর্শ হবে সাম্প্রদায়িকতাকে পাপ রূপে বর্জন করা; সকল ধর্ম, সম্প্রদায় ও শাস্ত্রের অন্তর্নিহিত সত্যকে সম্মান প্রদর্শন করা ও সেই সত্যকে গ্রহণ করা; ভগবৎ প্রেম; ঈশ্বরে বিশ্বাস রাখা। প্রথম দিকে দেবেন্দ্রনাথ ঠাকুর কেশবচন্দ্র সেনের কর্মসূচীর সমর্থক ছিলেন এবং তাঁর বহুমুখী প্রতিভায় মুগ্ধ হয়ে দেবেন্দ্রনাথ ঠাকুর তাঁক ব্রহ্মানন্দ উপাধিতে ভূষিত করেছিলেন। খুব শীঘ্রই তাঁর ব্যাপক সংস্কার প্রচেষ্টার কিছু কিছু বিষয় (উপবীত বর্জন, অসবর্ণ বিবাহ) দেবেন্দ্রনাথ ঠাকুর ও প্রাচীনপন্থীদের মনে বিরুদ্ধ প্রতিক্রিয়া সৃষ্টি এবং তিনি ব্রাহ্মসমাজ থেকে বহিস্কৃত হন। এরপর ব্রাহ্ম সমাজ দুটি পৃথক সংস্থায় বিভক্ত হয়ে যায়। তরুণ ব্রাহ্মবাদীরা কেশবচন্দ্র সেনের নেতৃত্বে “ভারতের ব্রাহ্ম সমাজ” প্রতিষ্ঠা করে। অন্যদিকে দেবেন্দ্রনাথ ঠাকুরের নেতৃত্বে প্রাচীনপন্থীরা “আদি ব্রাহ্মসমাজ” নামে কর্মপ্রয়াস পরিচালনা করতে থাকে।

৪.৩.১০ কেশবচন্দ্র সেনের নেতৃত্বে ব্রাহ্মধর্মের প্রসার

কেশবচন্দ্র সেন সমাজসেবা ও উন্নয়নমূলক নানা সংস্কারকার্যে প্রয়াসী হলেন। দক্ষিণ ও পশ্চিম ভারত পরিভ্রমণ করেন ব্রাহ্ম ধর্মমত প্রচার করেন। ব্রাহ্ম সমাজের আদর্শে ধর্মসমাজ গঠিত হতে থাকে সর্বসম্মত

৫৪টি ব্রাহ্ম সমাজের শাখা স্থাপিত হয়। বোম্বাই-এ প্রতিষ্ঠিত হয় ‘প্রার্থনা সমাজ’। সমগ্র ভারত পরিভ্রমণের মাধ্যমে ঐক্য সাধনের যে দৃষ্টান্ত তিনি স্থাপন করেছিলেন তা সত্যিই সেই যুগে ছিল অভিনব দৃষ্টান্ত।

৪.৩.১১ ব্রাহ্ম সমাজের ভঙ্গন

খুব শীঘ্র সভ্যগণ ভক্তিবাদে অনুপ্রাণিত হয়ে ওঠেন এবং কেশবচন্দ্র সেন তাঁদের কাছে অবতারে পরিণত হন তাঁকে সাপ্তাহে প্রণাম করার রীতিও প্রচলিত হয়। এই অবতারবাদের বিরুদ্ধে তরুণ ব্রাহ্মবাদীরা প্রতিবাদে সোচ্চার হন। তরুণ সদস্যদের প্রগতিমূলক দাবী যেমন স্ত্রী শিক্ষা, স্ত্রী স্বাধীনতা প্রভৃতি কেশবচন্দ্র সেনের মনঃপূত ছিল না। শেষ পর্যন্ত ১৮৭৮ সালে তাঁর চতুর্দশবর্ষীয়া কন্যার বিবাহ কোচবিহারের রাজপরিবারে হলে তিনি ‘ব্রাহ্ম সমাজে’ বিধি লঙ্ঘন করেছেন এই বিষয়টি কেন্দ্র করে ‘ভারতের ব্রাহ্ম সমাজ’ থেকে শিবনাথ শাস্ত্রী প্রমুখ প্রগতিবাদীরা বিচ্ছিন্ন হয়ে যায় ও “সাধারণ ব্রাহ্ম সমাজ” নামে নতুন ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠা হয়। কেশবচন্দ্র সেনের ব্রাহ্ম সমাজ নববিধান ব্রাহ্ম সমাজ নববিধান ব্রাহ্ম সমাজ নামে পরিচিত হয়। সমগ্র ব্রাহ্ম সমাজ এইভাবে তিনটি পৃথক দলে বিভক্ত হয়ে যায়—আদি ব্রাহ্ম সমাজ, নববিধান ব্রাহ্ম সমাজ ও সাধারণ ব্রাহ্ম সমাজ।

৪.৩.১২ ব্রাহ্ম ধর্মান্দোলনের অবদান

ভারতের সামাজিক জীবনে ব্রাহ্ম সমাজ আন্দোলনের অবদান খুবই গুরুত্বপূর্ণ। ভারতের জড় নিশ্চল কুসংস্কারাচ্ছন্ন সমাজ ব্যবস্থায় এক মারাত্মক আঘাত হেনেছিল ব্রাহ্ম সমাজ আন্দোলন। সংস্কারকদের যুক্তিবাদী প্রচার ভারতের চিন্তাশীল ব্যক্তিদের মধ্যে ধর্মের আচার-সর্বস্বতা ও কুপ্রথার বিরুদ্ধে চেতনার সৃষ্টি করে এবং তাঁরা ধর্ম ও সমাজের আশু সংস্কারের প্রয়োজনীয়তার বিষয়টি উপলব্ধি করেন। ফলে কুপ্রথা ও কুসংস্কাগুলি ধীরে ধীরে সমাজ ও ধর্ম ব্যবস্থা থেকে নিশ্চিহ্ন হতে থাকে। ব্রাহ্ম সমাজ আন্দোলনের নেতৃবর্গ প্রাচ্য ও পাশ্চাত্যের সমন্বয়ের কথা বলেছিলেন অর্থাৎ উভয়ের শ্রেষ্ঠ গুণগুলির মধ্যে সমন্বয়ের যে প্রচেষ্টা তাঁরা করেছিলেন পরবর্তীকালে তা আরো প্রসারিত হয়। সংস্কারের এই প্রয়াস সর্বভারতীয় ক্ষেত্রে ব্যাপ্ত হয়ে জাতীয়তাবাদের জাগরণ ও রাজনৈতিক চেতনার উন্মেষ ঘটায়। ব্যক্তি-স্বাধীনতার জাগরণ ঘটে মানুষের মধ্যে, পরাধীন ভারতবর্ষের আত্মবিশ্বাস বৃদ্ধিতে কেশবচন্দ্র সেনের সর্বভারতীয় ভ্রমণ ও প্রচার যথেষ্ট সহায়ক হয়েছিল এবং ভারতীয় জনগণ এক নতুন পথের সন্ধান পেয়েছিল।

ব্রিটিশ ঔপনিবেশিক শাসন ও শোষণের ফলে ভারতবর্ষের জাতীয়তাবাদের উত্থান হয়। এই জাতীয়তাবাদ প্রথম প্রকাশ লাভ করেছিল সমাজ ও ধর্ম আন্দোলনের মধ্যে দিয়ে, পরে তা রাজনৈতিক প্রকৃতি গ্রহণ করেছিল। ফরাসি ও রুশ বিপ্লবের প্রাক্কালে যেমন দার্শনিক লেখক ও চিন্তাবিদরা সমাজের উপর প্রভাব বিস্তার করেছিলেন তেমনই ব্রাহ্ম সমাজ সংস্কারকগণ জাতীয়তাবাদী চেতনার বিকাশ, বৃদ্ধি ও প্রসারে যথেষ্ট গুরুত্বপূর্ণ অবদান রেখে গেছেন।

৪.৪ পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

রাজা রামমোহনের পর বাঙলার নবজাগরণের অন্যতম সংস্কারক ছিলেন পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। সংস্কৃত সাহিত্যে পণ্ডিত হলেও পাশ্চাত্যের উন্নয়নমূলক চিন্তাধারা আদর্শ ও সংস্কৃতির প্রতি ছিল তাঁর গভীর শ্রদ্ধা। রাজা রামমোহনের মতো তিনিও প্রাচ্য ও পাশ্চাত্যের সংস্কৃতির শ্রেষ্ঠ গুণাবলীর মধ্যে আশ্চর্য সমন্বয় সাধন করেছিলেন। তিনি ছিলেন মানবতাবাদী। সমাজের নিম্নস্তরের অবহেলিত মানুষের উন্নতির জন্য তিনি অক্লান্ত পরিশ্রম করেছেন।

৪.৪.১ প্রথম জীবন

তাঁর জন্ম হয় ১৮২০ সালের মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে। পিতা ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় ছিলেন নিষ্ঠাবান ব্রাহ্মণ ও মাতা ভগবতী দেবী। তিনি সংস্কৃত কলেজে ভর্তি হন ১৮২৯ সালে এবং ১৮৪১ সালে এই কলেজ থেকে 'বিদ্যাসাগর' উপাধি নিয়ে পাশ করেন। তিনি ছিলেন অত্যন্ত মেধাবী। কাব্য, অলংকার, বেদান্ত শাস্ত্রে গভীর জ্ঞানার্জন করেন। ১৮৪১ সালে ফোর্ট উইলিয়াম কলেজে বাঙলার হেড পণ্ডিত ও পরে অধ্যাপকের পদে নিযুক্ত হন। এই সময়ে তিনি ইংরেজি ভাষা শিক্ষা করেছিলেন। ১৮৫১ সালে সংস্কৃত কলেজের অধ্যক্ষের পদ গ্রহণ করেন।

৪.৪.২ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কার্যাবলী

সংস্কৃত কলেজে সমাজের উচ্চবর্ণের হিন্দুদের শিক্ষার অধিকার ছিল। তিনি অত্যন্ত মুক্ত ও বলিষ্ঠ মনের পরিচয় দিয়ে যে কোন ছাত্রের জন্য এই কলেজের দ্বার উন্মুক্ত করেন, এছাড়া এই কলেজে ইংরেজি শিক্ষার প্রচলন করেন ও ইংরেজি অবশ্য পাঠ্য করা হয়। একই সঙ্গে সংস্কৃত ও ইংরেজি অর্থাৎ প্রাচ্য ও পাশ্চাত্য ভাবধারার প্রভাবে ছাত্ররা প্রভাবিত হয়। জনশিক্ষা বিস্তারে তিনি প্রয়াসী হন। বর্ণমালা, কথামালা, বোধোদয় প্রভৃতি গ্রন্থ রচনা করেন। কারণ তিনি মাতৃভাষার মাধ্যমে শিক্ষা ও মাতৃভাষায় পাঠ্যপুস্তক রচনার প্রয়োজনীয়তা উপলব্ধি করেছিলেন। তিনি স্ত্রীশিক্ষায় দৃঢ় বিশ্বাসী ছিলেন। সমাজের প্রকৃত প্রগতির জন্য স্ত্রীশিক্ষার অপরিহার্যতা তিনি উপলব্ধি করেছিলেন। তিনি স্ত্রীশিক্ষায় দৃঢ় বিশ্বাসী ছিলেন। সমাজের প্রকৃত প্রগতির জন্য স্ত্রীশিক্ষার অপরিহার্যতা তিনি উপলব্ধি করেন। তাঁর উৎসাহে বাঙলার গ্রামাঞ্চলে ৩৫টি বালিকা বিদ্যালয় স্থাপিত হয়। তিনি জানতেন গ্রামেই কুসংস্কারের শিকড় দৃঢ়ভাবে প্রোথিত তাই গ্রামকেই তাঁর কাজের প্রধান ক্ষেত্ররূপে বেছে নিয়েছিলেন। তিনি বেথুন সাহেবের সঙ্গে স্ত্রীশিক্ষা প্রসারে ঘনিষ্ঠভাবে যুক্ত হন। ১৮৪৯ সালে বেথুন স্কুল স্থাপিত হয়। ঈশ্বরচন্দ্র শিক্ষাবিভাগের সরকারি পরিদর্শকের পদ লাভ করেছিলেন এবং এরপর জনসাধারণের মধ্যে স্ত্রীশিক্ষার সুফলের কথাও প্রচার করেছিলেন।

৪.৪.৩ বিদ্যাসাগর ও সমাজ সংস্কার

শিক্ষা প্রসারে তাঁর স্বাধীন কর্মকাণ্ড সরকারি পক্ষে অসম্ভব সৃষ্টি করে এবং তিনি সরকারি পদ পরিত্যাগ করে আরো প্রসারিত ক্ষেত্রে সমাজ সংস্কারে ব্রতী হলেন। তাঁর জীবনে সর্বাপেক্ষা কৃতিত্বপূর্ণ সংস্কার হল বিধবাবিবাহের আইনসংগত স্বীকৃতি প্রদান করা। সমাজসংস্কারকগণ সতীদাহ প্রথার অবলুপ্তির

মধ্যে দিয়ে যে প্রগতিশীলতার সূচনা করেছিলেন তা পরিপূর্ণতা পেয়েছিল বিধবাবিবাহের আইনগত স্বীকৃতির মধ্যে দিয়ে। তিনি বিভিন্ন প্রবন্ধ, পত্রিকায় এই ব্যাপারে জনমত সৃষ্টি করেছিলেন। প্রবল বাধা, প্রতিবাদ ও সমালোচনাকে অগ্রাহ্য করে ১৮৫৫ সালে এক হাজার স্বাক্ষরসহ একটি আবেদনপত্র সরকারের কাছে পেশ করেন। তাঁর একান্ত চেষ্টায় বিধবাবিবাহ আইনসিদ্ধ হয়। তাঁর তত্ত্বাবধানে ১৮৫৬ সালে প্রথম বিধবা বিবাহ সম্পন্ন হয়। প্রথম বিধবা বিবাহ করেছিলেন সংস্কৃত কলেজের সাহিত্যের অধ্যাপক শ্রীশচন্দ্র বিদ্যারত্ন। ১৮৭০ সালে ঈশ্বরচন্দ্রের পুত্র নারায়ণচন্দ্র বিবাহ করেছিলেন এক বাল্য বিধবাকে। এই বিবাহ উপলক্ষ্যে একটি পত্রে লিখেছিলেন তাঁর জীবনের সর্বপ্রথম সংকার্য হল বিধবাবিবাহ প্রবর্তন। তিনি মনে করতেন এই কাজের চেয়ে সংকর্ম তিনি এই জন্মে করতে পারবেন না।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর শুধুমাত্র বিধবা বিবাহ নয় বহু বিবাহ ও বাল্যবিবাহের বিরুদ্ধেও আন্দোলন করেছিলেন। হিন্দু প্যাট্রিয়ট পত্রিকায় বহু বিবাহের সমালোচনা করা হয়েছিল। রামনারায়ণ তর্করত্ন কুলীন কুলসর্বস্ব নাটকে বহুবিবাহের কুফল উদঘাটন করেছিলেন। ঈশ্বরচন্দ্র বর্ধমানের মহারাজার সহায়তায় ৫০ হাজার স্বাক্ষর সহ বহু বিবাহের বিপক্ষে আইন প্রণয়নের জন্য সরকারের কাছে আবেদন পাঠিয়েছিলেন ১৮৫৮ সালে। কিন্তু এই সময়ে সিপাহী বিদ্রোহের পর সরকার হিন্দুদের সামাজিক প্রথায় হস্তক্ষেপ করা বন্ধ করে দেন। এসত্ত্বেও বলা বিদ্যাসাগরের মতো এত প্রসারিত ও গভীরভাবে নারী শিক্ষা ও সমাজসংস্কারের চেষ্টা কেউ করেননি। তাঁর প্রচেষ্টা জনগণের মধ্যে সূচেতনা নিয়ে আসে এবং সামাজিক কুপ্রথাগুলি ধীরে ধীরে লোপ পায়।

৪.৪.৪ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান

শিক্ষাবিস্তার, স্ত্রীশিক্ষা, নারী মুক্তি প্রভৃতি কারণে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রাতঃস্মরণীয় এক ব্যক্তিত্ব। প্রাচীন ভারতের সুমহান ঐতিহ্য ও আদর্শের প্রতি তাঁর ছিল গভীর শ্রদ্ধা একই সঙ্গে তিনি পশ্চিমের যুক্তিবাদী মানসিকতাকে অস্বীকার করেননি তাঁর মধ্যে উভয়ের সমন্বয় দেখা গিয়েছিল। সংস্কৃতে পণ্ডিত হলেও আধুনিক শিক্ষার প্রয়োজনীয়তা উপলব্ধি করেছিলেন আর এটাও বুঝেছিলেন ইংরেজি ভাষা জনশিক্ষার মাধ্যম হতে পারে না। এজন্য মাতৃভাষার মাধ্যমে জ্ঞান অর্জনের উপর জোর দেন। সংস্কৃত ভাষা শিক্ষা না করতে মাতৃভাষা বাংলা স্রিয়মান হতশ্রী হয়ে পড়বে। তাই যাতে সহজে সংস্কৃত শিক্ষা করা যায় এজন্য ‘উপক্রমণিকা’ ব্যাকরণ কৌমুদী গ্রন্থ রচনা করেন। তিনি বাংলা গদ্য সাহিত্যকে সমৃদ্ধ করেছিলেন। সীতার বনবাস, শকুন্তলা ছিল তাঁর অসাধারণ সাহিত্যিক কর্ম। এছাড়া তাঁর প্রাথমিক বাঙ্গলা পুস্তক বর্ণপরিচয় দ্বারা বাঙালী শিশুমাঝেই অক্ষর জ্ঞান লাভের সুযোগ পায়। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও তার সংস্কার প্রয়াস বাঙ্গলার ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ও সৃজনশীল ভূমিকা পালন করেছিল। তবে এই সংস্কারের কর্মসূচী ভারতের সমাজব্যবস্থার মৌলিক ও কাঠামোগত কোন পরিবর্তন সাধন করতে পারেনি। ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের পরিমণ্ডলে এই সংস্কার অর্থহীন হয়ে যায়। কারণ বিধবা বিবাহ, বহুবিবাহ প্রভৃতি ব্যাপারে সমাজের সাধারণ মানুষ নিষ্পৃহ ছিল তাই তাঁর আন্দোলন এক প্রবল ঢেউ তুলে বিলীন হয়ে যায়।

৪.৫ নব্যবঙ্গ আন্দোলন ও ডিরোজিও

পাশ্চাত্য শিক্ষা ও মিশনারীদের কার্যকলাপে ভারতীয় সমাজে আলোড়ন সৃষ্টি করেছিল। অবাঞ্ছিত কুসংস্কার, অযৌক্তিক ধর্ম আচরণের বিরুদ্ধে যে সংস্কারপন্থীরা পাশ্চাত্য শিক্ষার প্রভাবে আমূল সামাজিক পরিবর্তনে প্রয়াসী হন সেই শিক্ষিত যুবকগোষ্ঠী ইয়ং বেঙ্গল বা নব্যবঙ্গ নামে পরিচিত ছিলেন।

উনবিংশ শতকের প্রথমার্ধের দুই দশক (বিশের দশক থেকে চল্লিশের দশক) পর্যন্ত নব্যবঙ্গ বা ইয়ং বেঙ্গল আন্দোলন চলেছিল। এই আন্দোলনের প্রাণপুরুষ ছিলেন হেনরী লুই ডিভিয়ান ডিরোজিও। তিনি ছিলেন এ্যাংলো ইন্ডিয়ান কবি, অধ্যাপক ও প্রখর যুক্তিবাদী। ‘ধর্মতলা একাডেমী’তে হেনরী ড্রামন্ডের ছাত্র ছিলেন ডিরোজিও। ড্রামন্ডের প্রভাবে ডিরোজিও যুক্তিবাদ, মানবিকতাবাদে অনুপ্রাণিত হয়েছিলেন। ১৮২৬ সালে হিন্দু কলেজে সাহিত্য ও ইতিহাসের অধ্যাপক নিযুক্ত হন। কলেজের ছাত্রদের মধ্যে তাঁর অসম্ভব জনপ্রিয়তা ছিল। ছাত্রেরা তাঁর পাণ্ডিত্য, যুক্তিবাদে মুগ্ধ ছিলেন তাই নয় ডিরোজিওর উদারবাদ, স্বদেশপ্রেম তাদের হৃদয়ে গভীর প্রভাব ফেলেছিল। ডিরোজিও রচিত Fakir of Jhungeera (ফকির অফ জাঙিঘরা) নামে কাব্যখানি খুব প্রশংসা লাভ করেছিল। এই কাব্য ভারতের প্রথম দেশাত্মবোধক কাব্য বলে অভিহিত হয়েছিল। এই কাব্যে তিনি ভারতবর্ষকে স্বদেশরূপে বন্দনা করেছেন এবং একই সঙ্গে তদানীন্তন সামাজিক হীন দরিদ্র অবস্থার জন্য দুঃখ প্রকাশ করেন।

৪.৫.১ ডিরোজিও ও তাঁর আদর্শ

১৮২৮ সালে তিনি কলেজের ছাত্রদের নিয়ে একাডেমিক এ্যাসোসিয়েশন গঠন করেন। এই সমিতিতে সমাজের নানাবিধ কুপ্রথা, কুসংস্কার, জাতিভেদ, বর্ণভেদ, পৌত্তলিকতা বিষয়ে আলোচনা করতেন ইয়ংবেঙ্গলের সদস্যরা। তাঁদের আচরণে রক্ষণশীল হিন্দুসমাজ আতঙ্কিত হয়ে পড়ে। ডিরোজিও’র দার্শনিক প্রেরণার উৎস ছিল টমাস পেইন (Thomas Paine)-এর Age of Reason তিনি তাঁর ছাত্রদের যুক্তি দ্বারা সব বিষয়কে বিশ্লেষণ করতে শিখিয়েছিলেন। অর্থাৎ সবকিছুকে প্রথা বলে মেনে না নিয়ে যুক্তির আলোয় তা পরীক্ষা করার কথা বলেছিলেন। তাঁর আদর্শে প্রভাবিত হয়ে ছাত্রদের মধ্যে স্বাধীনচিন্তা, অনুসন্ধিৎসা প্রখর হয়ে ওঠে। তাঁরা কুসংস্কারের ঘোর বিরোধী হয়ে ওঠেন, মূর্তিপূজা বর্ণভেদের সমালোচনা করতে থাকেন। ফলে রক্ষণশীল সমাজের মধ্যে ভীষণ বিরূপ প্রতিক্রিয়া দেয়। কলেজের শিক্ষক ডিরোজিওকে সব বিপত্তির মূল কারণ বলে অভিযুক্ত করা হয় এবং রক্ষণশীল সমাজের চাপে কলেজ থেকে তিনি পদচ্যুত হন। ১৯৩১ সালে তাঁর অকালমৃত্যু হয়।

৪.৫.২ ডিরোজিওর পরবর্তীকালে নব্যবঙ্গ আন্দোলন

তাঁর অকালমৃত্যুর পরও নব্যবঙ্গ চলতে থাকে তাঁর ছাত্রদের দ্বারা। তাঁর প্রিয় ছাত্র যেমন কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, রসিককৃষ্ণ মল্লিক, রাতনু লাহিড়ী প্রমুখ সমাজ, সংস্কৃতি,

শিক্ষা বিষয়ে উন্নয়নমূলক আদর্শ প্রচার করতে থাকেন। পশ্চিমী চিন্তাভাবনার প্রসার ঘটান। ‘পার্শ্বনন’ ও বেঙ্গল স্পেকটর’ নামে দুটি সাপ্তাহিক পত্রিকা প্রকাশিত হয়, যাতে ডিরোজিও শিষ্যরা ইরেজ সরকারের দুর্নীতি, কুশাসন, ধর্ম ও সমাজের পচনশীল দিকগুলি তুলে ধরতে থাকেন। জনগণের মধ্যে জ্ঞান বিস্তারের জন্য প্রতিষ্ঠিত হয় ‘সাধারণ জ্ঞান অর্জন সমিতি (১৮৩৯)’। কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের এনকুয়েরার (The Enquirer), পার্সিকিউটেড (The Persecuted) পত্রিকায় হিন্দুসমাজকে তীব্র ভাষায় আক্রমণ করেছিলেন। তাঁরা দাসপ্রথা, নারী নির্যাতন, সামাজিক উৎপীড়ন প্রভৃতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন। সমাজের সামন্ততান্ত্রিক রীতিনীতির বিরুদ্ধে এবং গণতান্ত্রিকতার স্বপক্ষে মত প্রকাশ করেছিলেন।

৪.৫.৩ নব্যবঙ্গ আন্দোলনের অবদান

নব্যবঙ্গ আন্দোলনের তীব্রতা ১৮৪০এর দশকে ধীরে ধীরে স্তিমিত হয়ে পড়ে। তাঁরা ব্যক্তিস্বাধীনতা, গণতান্ত্রিকতার সমর্থক ছিলেন। ভারতবাসীকে রাজনৈতিক চেতনায় উদ্বুদ্ধ করে এবং জনগণ ক্রমশ স্বায়ত্তশাসন লাভের জন্য সচেতন হয়। তাঁরা হিন্দুধর্মকে যুক্তির আলোকে বিচার করেছিলেন।

৪.৫.৪ নব্যবঙ্গ আন্দোলনের ব্যর্থতার কারণ

ডিরোজিও পরিচালিত আন্দোলন বস্তুতপক্ষে প্রগতিশীল চরিত্রের হলেও তা প্রকৃতপক্ষে প্রয়োজনীয় সমাজ-সংস্কারের আন্দোলন গড়ে তোলেননি। তাঁদের মধ্যে উৎসাহ, উদ্দীপনার ও আদর্শবাদের অভাব ছিল না ঠিকই কিন্তু তাঁরা আবেগ আর বাস্তব পরিস্থিতির মধ্যে সামঞ্জস্য বিধান করতে পারেননি। তাঁদের চিন্তা-ভাবনার উগ্রতা, জীবনযাত্রা সাধারণ মানুষদের থেকে পৃথক করে তুলেছিল। তাঁরা হিন্দুধর্মের মূলনীতিগুলি সম্পর্কে সম্যক জ্ঞান লাভ না করে ধর্মের সমালোচনা করতেন। ধর্মের নামে যে কুসংস্কার ও অমানবিক প্রথা প্রচলিত ছিল তা সত্যিই নিন্দনীয় হলেও মূল হিন্দুধর্ম নিন্দনীয় ছিল না, অথচ ধর্মের মূল মর্ম সম্পর্কে ধারণা না থাকার ফলে তাঁরা প্রচার করতে থাকেন হিন্দুধর্মের সবকিছুই খারাপ, মন্দ। অন্যদিকে তাঁরা খ্রিস্টধর্মের গোঁড়ামি, কুসংস্কার সম্পর্কে নীরব ছিলেন। তারা হিন্দুসমাজকে শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করে তার সংস্কারে প্রয়াসী হননি; সমাজকে তাঁরা ভেঙ্গে ফেলতে চেয়েছিলেন তাই জনসমর্থন লাভে ব্যর্থ হয়েছিলেন। দুর্দশাগ্রস্ত কৃষক সমাজের সঙ্গে তাদের কোন সম্পর্ক ছিল না। ঔপনিবেশিক অর্থনীতি কিভাবে সমাজে আর্থিক দুর্দশার প্রভাব ফেলেছে তার সম্পর্কে তাঁদের সচেতনতা ছিল না। পাশ্চাত্য সভ্যতার মোহে তাঁরা আচ্ছন্ন ছিলেন অথচ পাশ্চাত্যের জ্ঞান-বিজ্ঞানের গঠনমূলক দিকটিকে ভারতীয় সমাজসংস্কারের সঙ্গে যুক্ত করতে পারেননি।

তবুও বলা যায় ভারতের ক্ষয়িষ্ণু সমাজব্যবস্থার ত্রুটিগুলির তাঁরা প্রতিবাদ জানিয়েছিলেন। ভারতে প্রগতিশীল চিন্তাধারা প্রসারে তাঁরা ছিলেন অগ্রদূত এবং ভারতে নবজাগরণের উন্মেষে তাঁরা সহায়তা করেছিলেন।

৪.৬ রামকৃষ্ণ পরমহংস ও বিবেকানন্দ এবং রামকৃষ্ণ মিশন

ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস (১৮৩৬-১৮৮৬) তাঁর সমগ্র জীবন ও সাধনার মধ্যে দিয়ে ধর্ম ও সমাজ-সংস্কার আন্দোলনের সমন্বয়বাদী রূপটি পরিস্ফুট করে তুলেছিলেন। তিনি প্রাচীন ভারতের ঐতিহ্য, মানবিক মূল্যবোধ এবং পশ্চিমের আধুনিক চিন্তাধারার মধ্যে অভিনব সমন্বয় ঘটিয়েছিলেন। তাঁর সবধর্ম সমন্বয়ের

আদর্শ, ধর্মের বিরোধ, সংঘাতের অবসান ঘটিয়েছিল। সাধারণ মানুষ তাঁর বাণী “যত মত তত পথ” দ্বারা নতুন পথের সন্ধান পেয়েছিল। ব্রাহ্ম সমাজের যুক্তিবাদী মতবাদ, মিশনারীদের হিন্দুধর্ম-সমাজের আলোচনা সাধারণ মানুষকে বিভ্রান্ত করে ফেলেছিল তখন ঠাকুর শ্রীরামকৃষ্ণ তাঁর সহজ, অনাড়ম্বর জীবনযাত্রা ও সাধারণের বোধগম্য ধর্মীয় ব্যাখ্যা মানুষকে মানবতা, সহিষ্ণুতার মন্ত্রে দীক্ষিত করেছিলেন।

৪.৬.১ ঠাকুর শ্রীরামকৃষ্ণ ও তাঁর মত

তিনি কোন প্রচলিত শিক্ষালাভ করেননি। রানী রাসমনি প্রতিষ্ঠিত দক্ষিণেশ্বর কালীবাড়িতে পূজারীরূপে নিযুক্ত হবার পর তার মধ্যে ঐশ্বরিকভাবের বিকাশ দেখা যায়, যদিও বাল্যকাল থেকে এই দিব্যভাব প্রকাশিত হয়েছিল। তিনি নানা মতে সাধনা করেছিলেন এবং শেষ পর্যন্ত এই সত্যে উপনীত হয়েছিলেন ঈশ্বর এক ও অভিন্ন; বিভিন্ন ধর্মের মানুষ তাঁকে ভিন্ন নামে প্রার্থনা করে; একটি ধর্মের সঙ্গে অন্য ধর্মের মধ্যে কোন বিভেদ বা সংঘাত নেই। তাঁর এই সম্বন্ধের বাণী তিনি শাস্ত্রের উদাহরণের মাধ্যমে জনগণের মধ্যে ছড়িয়ে দিয়েছিল। বেদান্তের জটিল তত্ত্বকে এত সহজ ভাষায় ব্যাখ্যা করেছিলেন যাতে বহু পণ্ডিত ব্যক্তির আশ্চর্য হয়েছিলেন। তাঁর বেদান্তের মানবিক ব্যাখ্যা সঞ্চারিত হয়েছিল তাঁর প্রিয় শিষ্য স্বামী বিবেকানন্দের মধ্যে। রামকৃষ্ণদেব বৈরাগ্যলাভের কথা, মানবসেবার আদর্শের কথা বলেছিলেন। তাঁর ধর্ম সম্বন্ধের আদর্শ ক্ষয়িষ্ণু হিন্দুসমাজে প্রাণ সঞ্চার করে।

৪.৬.২ স্বামী বিবেকানন্দ ও তাঁর আন্দোলনের উদ্দেশ্য

ঠাকুর শ্রীরামকৃষ্ণদেবের প্রধান শিষ্য নরেন্দ্রনাথ দত্ত বা স্বামী বিবেকানন্দ (১৮৬৩-১৯০২) শ্রীরামকৃষ্ণের সম্বন্ধ ও মানবতার বাণীকে সমগ্র ভারতেই নয় বিশ্ব প্রসারিত করেন। ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে ধর্ম ও সমাজ আন্দোলনের অন্যতম প্রাতিষ্ঠানিক ভিত্তিটি ছিল স্বামী বিবেকানন্দ প্রতিষ্ঠিত রামকৃষ্ণ মিশন। রামকৃষ্ণ মিশন পরিচালিত ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলন ছিল সম্পূর্ণভাবে ভারতীয় ঐতিহ্য, সাংস্কৃতি আদর্শের উপর নির্ভরশীল এবং আন্দোলনের উদ্দেশ্য ছিল মনুষ্যত্বের চরম বিকাশ ঘটানো; বাহ্যিক আড়ম্বর নয় আন্তরিক শ্রদ্ধা ও মানুষের প্রতি সহানুভূতির এবং আধ্যাত্মিকতার উপর জোর দেওয়া।

৪.৬.৩ বিবেকানন্দ ও ধর্ম সম্বন্ধ

স্বামী বিবেকানন্দ তাঁর গুরুদেব ঠাকুর রামকৃষ্ণের সর্বধর্ম সম্বন্ধের বাণী বিশ্বে প্রচার করেন। তাঁর পাণ্ডিত্য বাগ্মিতা, ব্যক্তিত্ব তাঁকে জনপ্রিয় করে তুলেছিল। ভারতের প্রাচীন সংস্কৃতির মহানতা তিনি ভারতের বাইরে প্রতিষ্ঠা করেছিলেন। ধর্মের ক্ষেত্রে সংকীর্ণতা পরিত্যাগ করতে তিনি দেশবাসীকে আহ্বান জানিয়েছিলেন। মানবসেবা ছিল তাঁর কাছে পরমধর্ম। দরিদ্র, আর্ত পীড়িত মানুষের জন্য সেবার মন্ত্রে তিনি মানবসমাজকে অনুপ্রাণিত করেছিলেন। আর্ত মানুষের সেবার মধ্যে দিয়ে ঈশ্বরের কাছে পৌঁছানো যায় এবং ধর্ম পালন করা যায় এই ছিল তাঁর মত।

৪.৬.৪ হিন্দুধর্মের শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠা

তঁার অন্যতম অবদান হল ১৮৬৩ সালে শিকাগো ধর্ম-মহাসম্মেলনে বিশ্বের দরবারে হিন্দু ধর্ম ও সংস্কৃতির মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব ও ওঁদার্য প্রচার করা। তঁার এই কার্যকলাপ সমগ্র ভারতবাসীর মনে প্রচণ্ড উদ্দীপনার সঞ্চার করে, বৃদ্ধি পায় ভারতবাসীর আত্মবিশ্বাস ও সম্মান। হিন্দুধর্মের শ্রেষ্ঠত্বকে তিনি আন্তর্জাতিক চরিত্র প্রদান করেন। বিবেকানন্দের কর্মপ্রয়াসে সমন্বিত হয়েছিল স্বদেশপ্রেম, মানবতা ও আন্তর্জাতিকতাবাদ। শিকাগো ধর্মসভায় তিনি বেদান্তের বিশ্লেষণ ও হিন্দুধর্মের মহত্ত্ব সম্পর্কে বক্তৃতা করেন। হিন্দুধর্ম মত ও সংস্কৃতি সম্পর্কে তঁার বক্তৃতা বিদেশী শ্রোতাদের মনে হিন্দুধর্ম সম্পর্কে শ্রদ্ধা বহুগুণ বৃদ্ধি করে। এ যাবৎ পশ্চিমের জনগণ ভারতীয় ধর্ম, সভ্যতা ও সংস্কৃতিকে হয়ে জ্ঞান করতেন। স্বামী বিবেকানন্দের ব্যাখ্যায় ভারতীয় সংস্কৃতি ও ধর্মের ভিন্ন রূপটি উদ্ভাসিত হয় বিদেশীদের কাছে। ভারতবাসীর কাছেও তাদের ধর্ম ও সংস্কৃতির মহানতা উদ্ঘাটিত হয় ও তঁারা নিজ সভ্যতার প্রতি আস্থাশীল হয়ে ওঠেন।

ভারতবাসীর জাতীয় চেতনা উদ্বুদ্ধ করার ক্ষেত্রে স্বামী বিবেকানন্দের অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণীয়। তঁার গুরুত্বপূর্ণ ও মূল্যবান রচনা যেমন প্রাচ্য পাশ্চাত্য, বর্তমান ভারত, পরিব্রাজক, রাজযোগ প্রভৃতির মাধ্যমে দেশপ্রেম, স্বাধীনতার আকাঙ্ক্ষা জাগিয়ে ভারতের অন্তঃস্থলকে আলোড়িত করেন।

৪.৬.৫ রামকৃষ্ণ মিশন ও ধর্মান্দোলন

বিবেকানন্দ সেবাকে পরমধর্মরূপে জ্ঞান করতেন এবং মানবজাতি ছিল তঁার কাছে সাক্ষাৎ ঈশ্বর। তিনি একাধারে জাতীয়তাবাদী ও অন্যদিকে সমাজবাদী সন্ন্যাসী। ১৮৯৭ সালে প্রতিষ্ঠা করেন রামকৃষ্ণ মিশন এবং ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলন এই প্রতিষ্ঠানের মধ্যে দিয়ে অগ্রগতি লাভ করে। শুধুমাত্র ধর্মীয় প্রতিষ্ঠানে পরিণত না করে বিবেকানন্দ এখান থেকে শিক্ষার প্রসার, দাতব্য চিকিৎসা, ত্রাণকার্য, শ্রীরামকৃষ্ণের ভাবধারার প্রসার প্রভৃতি কর্ম সম্পাদন করতে থাকেন। তিনি দরিদ্র দূরীকরণে ও আত্মশক্তি জাগরণের উপর জোর দিয়েছিলেন। স্বামী বিবেকানন্দ প্রাচীন ভারতীয় ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন ঠিকই কিন্তু জাতিভেদ প্রথার, কুসংস্কারের ঘোর সমালোচক ছিলেন।

৪.৬.৬ নারী শিক্ষার প্রসার ও নিবেদিতার ভূমিকা

বিবেকানন্দ নারী জাতির শিক্ষার ও প্রগতিতে বিশ্বাসী ছিলেন। তঁার আদর্শ ও কার্যকলাপে প্রভাবিত হয়ে আইরিশ মহিলা মার্গারেট এলিজাবেথ নোবল ভারতবর্ষে আসেন ও মানবসেবার মস্ত্রে দীক্ষিত হয়। দীক্ষা গ্রহণ করার পর তিনি ভগিনী নিবেদিতা নামে পরিচিতা হয়ে নারী শিক্ষার প্রসারের মহান কর্তব্য সম্পাদন করেছিলেন।

৪.৬.৭ থিওসফিক্যাল সোসাইটি

হিন্দুধর্মের ঐতিহ্য ও সংস্কৃতির পুনরুজ্জীবনের ক্ষেত্রে থিওসফিক্যাল সোসাইটির অবদান খুব গুরুত্বপূর্ণ। এই সোসাইটি শিক্ষা বিস্তার, ধর্মীয় সম্প্রীতি প্রতিষ্ঠা প্রভৃতি কার্যে আত্মনিয়োগ করেছিল। ১৮৮৫ সালে

মাদ্রাজে আড়িয়ার শহরে মাদান ব্লাভটস্কি ও কর্ণেল এইচ. এস. ওলকট এই সোসাইটি প্রতিষ্ঠা করেন। ১৮৮৯ সালে শ্রীমতি এ্যানি বেসান্ত এই সংস্থায় যোগ দিলে সংস্থার নতুন প্রাণ সঞ্চারণ হয় এবং থিওসফিক্যাল সোসাইটি শক্তিশালী ও জনপ্রিয় এক প্রতিষ্ঠানে পরিণত হয়। তাঁর বিশ্বাস ছিল ভারতবর্ষের পরাচীন ঐতিহ্য ও সাংস্কৃতিক পুনরুজ্জীবনের মধ্যে নিহিত রয়েছে ভারতের পুনরুজ্জীবনের বিষয়টি। এই লক্ষ্যকে সামনে রেখে থিওসফিক্যাল সোসাইটি সামাজিক ও ধর্মীয় সংস্কার প্রবর্তন করে। এই সোসাইটির বহু শাখা ভারতে স্থাপিত হয়। বারাণসীতে প্রতিষ্ঠিত হয় কেন্দ্রীয় বিদ্যালয় যা পরে বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়েছিল।

৪.৭ পশ্চিমভারতে ধর্ম ও সমাজ-সংস্কার আন্দোলন

ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলন বাঙলায় শুরু হয়েছিল সত্য কিন্তু বাঙলাদেশের অনেকে আগে মহারাষ্ট্রে সমাজ ও ধর্ম সংস্কারের একটা প্রয়াস পরিলক্ষিত হয়েছিল। অষ্টাদশ শতকে মারাঠী পেশবারা প্রাচীন হিন্দু ঐতিহ্য অনুসরণ করে সামাজিক উন্নয়নের প্রচেষ্টা চালিয়েছিলেন। এই সংস্কারকার্যের মধ্যে উল্লেখযোগ্য ছিল মাদকদ্রব্য বর্জন, জাতিভেদ না মেনে বৈবাহিক সম্পর্ক স্থাপন, ধর্মান্তরিত হিন্দুদের স্বধর্মে ফিরিয়ে আনা, অন্যায়ভাবে সমাজচ্যুত ব্যক্তিদের সমাজে স্থান দেওয়া, নারীবিক্রয় বন্ধ করা। এইসব সংস্কারে মারাঠী পেশবারা অগ্রণী ছিলেন (Prof. Natarajan : A Century of Social Reform in India, Bombay 1954)।

৪.৭.১ মহারাষ্ট্রে পশ্চিমী শিক্ষার অবদান

পশ্চিম ভারতে বোম্বাই ও মহারাষ্ট্র ছিল সমাজ ও ধর্ম সংস্কার আন্দোলনের অন্যতম কেন্দ্র। মহারাষ্ট্রে সমাজ সংস্কার আন্দোলনের সঙ্গে এই অঞ্চলের পাশ্চাত্য শিক্ষার যোগ ছিল। এখানে ইংরেজি শিক্ষার প্রসারে এম. এস. এলফিনস্টোন খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। উইলিয়াম কেরীর মতো তিনিও পাশ্চাত্য শিক্ষার প্রসারে স্থানীয় ভাষার গুরুত্ব উপলব্ধি করেছিলেন। ১৮১০ সালে প্রতিষ্ঠিত হয়েছিল বোম্বাই ম্যাট্রিক এডুকেশন সোসাইটি। এই প্রতিষ্ঠান স্থানীয় ভাষায় রচিত পাঠ্যপুস্তক ছাত্রদের মধ্যে বিতরণ করত। এই প্রতিষ্ঠানের উদ্যোগে বোম্বাই, থানে, ব্রোচ শহরে বিদ্যালয় স্থাপিত হতে থাকে। ১৮৪০ সালে এই সোসাইটি “Board of Education” নামে পরিচিত হয়। ইতিমধ্যে পুনায় ১৮১১ সালে সংস্কৃত কলেজের প্রতিষ্ঠা হয় যা পরে Deccan College নামে ভারতীয় বিদ্যাচর্চার কেন্দ্র হয়ে দাঁড়িয়েছিল।

৪.৭.২ মহারাষ্ট্রে কারিগরী ও নারী শিক্ষার প্রসার

১৮৫৭ সালে বোম্বাই বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত হয়। বোম্বাই ও মহারাষ্ট্রে কারিগরী শিক্ষা ছিল বেশ উন্নত। এলফিনস্টোন কলেজে ১৮৪৪ সালে কারিগরী (engineering) শিক্ষার প্রবর্তন, ১৮৫৫ সালে আইন

শিক্ষার সূত্রপাত হয়। বোম্বাই বোর্ড অফ এডুকেশন ২১৬টি স্থানীয় ভাষার বিদ্যালয় স্থাপন করে। এইভাবে বোম্বাই মহারাষ্ট্রে শিক্ষার আলোক প্রসারিত হয়। মহারাষ্ট্রে স্ত্রীশিক্ষাও প্রসারিত হয়েছিল। আমেরিকান মিশনারী, চার্চ মিশনারী সোসাইটির প্রচেষ্টার অনেকগুলি অবৈতনিক বালিকা বিদ্যালয় তৈরি হয়। থানে, নাসিক, বেসিন শহরেও স্ত্রীশিক্ষার বিস্তার হয়েছিল।

৪.৭.৩ মহারাষ্ট্রে ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলন

মহারাষ্ট্রে সমাজসংস্কারের দায়িত্ব নিয়েছিলেন মারাঠী ব্রাহ্মণ সম্প্রদায়। ১৮৩০ সালে গঙ্গাধন শাস্ত্রী জাম্বেকর ও জগন্নাথ শঙ্কর ঘোষ খ্রিস্ট ধর্মান্তরিত হিন্দুদের স্বধর্মে ফিরিয়ে আনার জন্য আন্দোলন শুরু করেছিলেন। গজানন রাও বৈদ্যের সভাপতিত্বে তৈরি হয় হিন্দু মিশনারী সোসাইটি। ১৮৪০ সালের পর মহারাষ্ট্রে জাতিভেদ প্রথার বিরুদ্ধে আন্দোলন শুরু হয়। আন্দোলনকারীগণ জাতিবিচার মানতেন না ও প্রকাশ্যে সেই প্রকার আচরণ করতেন।

৪.৭.৪ প্রার্থনা সমাজ আন্দোলন

মহারাষ্ট্রে সংস্কার আন্দোলন প্রাণবন্ত হয়ে ওঠে প্রার্থনা সমাজ প্রতিষ্ঠার পর। বাংলার ব্রাহ্ম সমাজ সংস্কার আন্দোলনের প্রভাব ছড়িয়ে দিয়েছিলেন কেশবচন্দ্র সেন। তাঁর ভারত পরিক্রমার অভিনব দৃষ্টান্ত ছিল ব্রাহ্ম সমাজের আদর্শে বোম্বাই মাদ্রাজ প্রভৃতি অঞ্চলে ‘ধর্ম সমাজ’-এর প্রতিষ্ঠা। বোম্বাই-এর ধর্ম সমাজ ‘প্রার্থনা সমাজ’ নামে পরিচিত হয়। প্রার্থনা সমাজের মূল প্রেরণা এসেছিল বাংলার ব্রাহ্ম সমাজ থেকে। বস্তুতপক্ষে, ১৮৫০ সালে কেশবচন্দ্র সেন এখানকার কিছু বিদগ্ধ পণ্ডিত ব্যক্তিদের সঙ্গে আলোচনা করে যাবার পর প্রতিষ্ঠা হয় ধর্ম সমাজের। ১৮৬৭ সালে আত্মারাম পাণ্ডুরং গড়ে তোলেন প্রার্থনা সমাজ। ১৮৬৮ সালে পুনরায় কেশবচন্দ্র সেন এখানে এসে প্রার্থনা সমাজকে আরো সংগঠিত বিন্যস্ত করে দিয়ে যান। ১৮৭০ সালে প্রার্থনা সমাজে যোগদান করেছিলেন আর. জি. ভাণ্ডারকর, রামকৃষ্ণ গোখলে এবং মহাদেব গোবিন্দ রানাডে। এইসব ব্যক্তিত্ব প্রার্থনা সমাজকে নুতনভাবে অনুপ্রাণিত করে তুলেছিল।

৪.৭.৫ প্রার্থনা সমাজের উদ্দেশ্য

প্রার্থনা সমাজের দুটি মুখ্য উদ্দেশ্য হল অদ্বৈতবাদের প্রচার ও সমাজ-সংস্কার। ব্রাহ্ম সমাজের আদর্শে অনুপ্রাণিত এই সমাজ-সংস্কারকরা একেশ্বরবাদের বিশ্বাসী ছিলেন এবং নামদেব, রামদাস, তুকারাম প্রমুখ মারাঠী ধর্মগুরুদের নীতি অনুসরণ করতেন। তাঁর মূর্তিপূজার বিরোধিতা, সামাজিক উন্নয়ন, নারী কল্যাণ প্রভৃতি ব্রাহ্মসমাজের আদর্শগুলির প্রসারে সচেষ্ট ছিলেন। এছাড়া প্রার্থনা সমাজ-সংস্কারকরা অসবর্ণ ও বিধবা বিবাহ, দরিদ্রদের সেবা, অস্পৃশ্যতা বর্জন প্রভৃতি কর্মসূচী নিয়েছিলেন। তাঁর প্রতিষ্ঠা করেছিলেন বহু চিকিৎসালয়, অনাথ আশ্রম, শিশু সদন। পশ্চিম ভারতে এক ব্যাপক সমাজসংস্কার ও শিল্প বিস্তারের এবং রাজনৈতিক চেতনা সৃষ্টিতে সহায়তা করেছিলেন প্রার্থনা সমাজের সংস্কারকরা।

৪.৭.৬ ব্রাহ্ম সমাজের সঙ্গে পার্থক্য

প্রার্থনা সমাজ কোন নতুন ধর্মপ্রচার করেনি। এছাড়া ব্রাহ্ম সমাজের আদর্শে অনুপ্রাণিত হওয়া সত্ত্বেও এই প্রার্থনা সমাজ ব্রাহ্ম সমাজের ছায়া হয়ে থাকেনি। প্রার্থনা সমাজে হিন্দুধর্ম থেকে বিচ্ছিন্ন না হয়ে হিন্দুধর্মেরই অন্তর্ভুক্ত এক সংস্কার সম্প্রদায় বলে মনে করত। প্রার্থনা সমাজের সভ্যরা ব্রাহ্মদের মতো নিজেদের নতুন ধর্মপ্রচারক বলে ভাবতেন না। প্রার্থনা সমাজ তাই নিজ কর্মপ্রচেষ্টার জন্য মৌলিক সংগঠনরূপে স্বীকৃতি লাভ করেছিল। এটি ছিল একটি হিন্দু সংগঠন।

৪.৭.৭ মহাদেব গোবিন্দ রাণাডে ও তাঁর কার্যাবলী

প্রার্থনা সমাজ সংগঠনের কাজ সবচেয়ে বেশি জোরদার হয়েছে মহাদেব গোবিন্দ রাণাডের প্রচেষ্টায়। তিনি বিভিন্ন অঞ্চল ঘুরে জাতিবেদ বিরোধী জনমত গড়ে তুলেছিলেন। বিধবা বিবাহ, স্ত্রী শিক্ষা, স্ত্রী স্বাধীনতার প্রসার এবং বাল্য ও বহু বিবাহ অবসানের জন্য প্রয়াসী হলেন। রাণাডে বিশ্বাস করতেন ভারতীয় ঐতিহ্য, সভ্যতার মধ্যে বহু সদগুণ রয়েছে কিন্তু মানুষের অজ্ঞতা কুশিক্ষার ঘাসে তার উপর আস্তরণ পড়ে বহু উচ্চ আদর্শ বিনষ্ট হয়ে গেছে। তাই সংস্কারকদের প্রথম কর্তব্যই হল এই আস্তরণ দূরীভূত করা। হিন্দু ধর্ম ও ঐতিহ্যের উপর কুশিক্ষা, কুসংস্কারের ফলে যেসব বিধি-নিষেধের আবরণকে শান্তিপূর্ণভাবে মোচন করতে হবে। এই সময় বাংলা, পাঞ্জাব ও মহারাষ্ট্রে হিন্দুধর্ম পুনরুজ্জীবনের প্রয়াস দেখা যাচ্ছিল। কিছু বুদ্ধিজীবী বলেছিলেন হিন্দুধর্মের পুনঃ অভ্যুত্থান হলেই ভারত বিদেশী থেকে শাসনমুক্তি লাভ করতে সক্ষম হবে। তাঁদের বক্তব্যকে খণ্ডন করে রাণাডে বলেছিলেন প্রথা প্রাচীন হলেই তাকে ধরে রাখতে হবে এমন ধারণা অযৌক্তিক, তাই হিন্দুধর্মের পুনঃঅভ্যুত্থান হলেই তার কুপ্রথা, কদাচারগুলিকেও নির্বিশেষে গ্রহণ করতে হবে। তাই পুনঃঅভ্যুত্থান নয় প্রয়োজনীয় হল হিন্দুধর্মের সংস্কার।

৪.৭.৮ রাণাডের অবদান

রাণাডে তার সুযোগ্য নেতৃত্বে প্রার্থনা সমাজকে ঐক্যবদ্ধ রেখেছিলেন অথচ ব্রাহ্ম সমাজে এসেছিল ভাঙ্গন। তাঁর চেষ্ঠায় হিন্দু সমাজ নব চেতনায় উদ্বুদ্ধ হয়েছিল। তাঁর উদ্দেশ্য ছিল হিন্দুধর্মের সেইসব ধ্যান-ধারণাকে গ্রহণ করা যা সমাজের অগ্রগতি ত্বরান্বিত করবে এবং যে শিক্ষা, সংস্কার, অনুষ্ঠান, প্রতিষ্ঠান হিন্দুদের মানসিক সামাজিক প্রগতির পথ রুদ্ধ করছে তাকে বর্জন করতে হবে, তা সেই প্রথা বা প্রতিষ্ঠান যত প্রাচীনই হোক না কেন। তিনি প্রচার করেছিলেন রাজনৈতিক ক্ষমতার ভিত্তিতে সামাজিক উন্নতি সম্ভব এবং রাজনৈতিক ক্ষমতায় আসতে গেলে সমাজব্যবস্থা শক্তিশালী হওয়া একান্ত প্রয়োজন। ভারতের জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার ব্যাপারে তাঁর প্রভাব ছিল। তিনি কংগ্রেসের বাৎসরিক অধিবেশনের সঙ্গে একটি সামাজিক সম্মেলনের প্রয়োজনীয়তার কথা বলেছিলেন।

৪.৭.৯ বাল গঙ্গাধর তিলকের অবদান

রাণাডের পর মারাঠী সংস্কারকদের মধ্যে বাল গঙ্গাধর তিলকের নাম স্মরণ করা যেতে পারে। তিনিও হিন্দু ধর্মের সমাজের সংস্কারের কথা ভাবতেন কিন্তু রাণাডের মতো সংস্কারের মাধ্যমে নয় তিনি চেয়েছিলেন

হিন্দু ধর্মের পুনঃঅভ্যুত্থান। তিনি সামাজিক চেতনার সঙ্গে রাজনৈতিক চেতনার উন্মেষের উপরও জোর দিতেন কারণ রাজনীতি ও সমাজ বিচ্ছিন্ন নয়। সমাজ ও রাজনীতির যুগ্ম বিকাশের মাধ্যমে ভারতবর্ষ ব্রিটিশ সাম্রাজ্যবাদী শোষণ ও অপশাসন থেকে মুক্তি লাভ করতে পারবে।

৪.৭.১০ মহারাষ্ট্রের অন্যান্য সমাজ সংস্কার

রাণাড়ে, তিলক ছাড়াও জ্যোতিবা ফুলে নামে একজন মারাঠী সংস্কারক স্ত্রী-শিক্ষা, স্ত্রী স্বাধীনতা প্রসার এবং অস্পৃশ্যতা জাতিভেদ প্রথা অবসান প্রভৃতির জন্য আন্দোলন করেছিলেন। তিনি ও তার স্ত্রী পুণা শহরে একটি বালিকাবিদ্যালয় স্থাপন করেছিলেন। এছাড়াও অস্পৃশ্য বালক-বালিকাদের জন্য বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। এইসব কাজের জন্য তাঁকে সমাজ ও গৃহচ্যুত করা হলে তিনি না দমে ‘সত্যসাধক সমাজ’ গড়ে তুলেছিলেন এবং সাধারণ মানুষের মধ্যে মারাঠী ব্রাহ্মণ ও সমাজপতিদের অবিচারের বিরুদ্ধে সাহস যুগিয়ে ছিলেন।

৪.৮ আর্ষ সমাজ আন্দোলন

ব্রাহ্ম সমাজ, প্রার্থনা সমাজ, নব্যবঙ্গ আন্দোলন প্রভৃতি ছিল পশ্চিমী ভাবধারা ও আদর্শে প্রভাবিত। কিন্তু আর্ষ সমাজ আন্দোলনের প্রকৃতি ছিল সম্পূর্ণ আলাদা। এই আর্ষ সমাজ প্রাচীন ধর্মগ্রন্থ বেদ ও প্রাচীন ভারতীয় ঐতিহ্য, সংস্কৃতি থেকে অনুপ্রেরণা লাভ করেছিল। আর্ষ সমাজের প্রতিষ্ঠাতা ছিলেন স্বামী দয়ানন্দ স্বরস্বতী। তিনি সংস্কৃত সাহিত্যে পণ্ডিত এবং পাশ্চাত্য শিক্ষার সংস্পর্শে তিনি আসেননি। তাঁর প্রবর্তিত ধর্ম ও সমাজ আন্দোলনের মূল ভিত্তি ছিল বেদ। বৈদিক আদর্শ ও নির্দেশ অনুযায়ী তিনি সমাজ গঠনে উদ্যোগী হয়েছিলেন। ব্রিটিশ শাসনের বিরুদ্ধে তীব্র মনোভাব জনগণের মধ্যে প্রসারিত করে আর্ষ সমাজের আন্দোলনকে তাৎপর্যপূর্ণ করে তুলেছিলেন। বিশুদ্ধ ভারতীয় ঐতিহ্যের উপর সমাজব্যবস্থাকে সংগঠিত করাই ছিল তাঁর উদ্দেশ্য এবং একমাত্র ইচ্ছা।

৪.৮.১ দয়ানন্দ স্বরস্বতী ও তাঁর সংস্কার প্রয়াস

আর্ষ সমাজের প্রতিষ্ঠাতা দয়ানন্দ স্বরস্বতী ছিলেন গুজরাটের এক ব্রাহ্মণ পরিবারের সন্তান। সংসার জীবনে তাঁর নাম ছিল মূলশংকর। রাজা রামমোহনের মতো তিনিও একেশ্বরবাদে বিশ্বাসী ও পৌত্তলিকতার ঘোর বিরোধী। জাতিভেদ, বাল্যবিবাহ সম্পর্কে তিনি বলেছিলেন এই প্রথা বৈদিক ধর্মের পরিপ্রেক্ষিতে বাস্তবসম্মত নয় এবং তা বর্জনীয়। স্ত্রীশিক্ষা, বিধবা বিবাহ, প্রয়োজনে সমুদ্রযাত্রা প্রভৃতি বৈদিক ধর্মের অনুমোদিত নয় বলে যে ধারণা ছিল তার খণ্ডন করেছিলেন। ভারতের সর্বত্র বৈদিক ধর্মাচরণ পুনঃপ্রতিষ্ঠার জন্য ঐকান্তিক চেষ্টা চালিয়েছিলেন। যে পশ্চিমী শাসন আর্ষ সমাজ ও ধর্মকে বিকৃত অপমানিত করেছে তার বিরুদ্ধে দেশবাসীকে জাগ্রত করে তোলেন। পাঞ্জাব ও উত্তরভারতে তাঁর আন্দোলন শক্তিশালী হয়ে ওঠে। ধর্ম ও সমাজ সংস্কারের জন্য তাঁর আবেদন হয়ে উঠেছিল সার্বজনীন। অহিন্দুরা যাতে হিন্দুধর্ম গ্রহণ করতে পারে সেজন্য তিনি শুদ্ধি

আন্দোলন গড়ে তোলেন। এর উদ্দেশ্য ছিল “ভারতবর্ষকে এক জাতি এক ধর্ম এবং এক সমাজে ঐক্যবদ্ধ করা।” তাঁর মতে বেদ হল সত্যের আধার। নিজ মতবাদ প্রচারের জন্য তিনি ‘সত্যার্থ প্রকাশ’ নামে কবিতা গ্রন্থ প্রকাশ করেন। এই গ্রন্থে ছিল আর্য়ধর্মের ব্যাখ্যা ও বিশ্লেষণ। এই গ্রন্থখানি শুধু শিক্ষিত শ্রেণীর মধ্যেই নয়, জনগণের মধ্যেও প্রচার করেন। তাই তাঁর মতবাদ খুবই জনপ্রিয় হয়ে ওঠে। তাঁর প্রচেষ্টায় হিন্দুধর্ম শক্তিশালী হয়ে ওঠেছিল। তাঁর মৃত্যুর পর আর্য় সমাজ-সংস্কারকরা এই আন্দোলনকে জনপ্রিয় করে তুলেছিলেন। তাঁরা পশ্চিমী শিক্ষার পক্ষপাতী ছিলেন না কিন্তু পরে লাহোরে স্থাপিত হয় এ্যাংলো-ভেদিক কলেজ এবং আর্য় সমাজীরা পাশ্চাত্য শিক্ষার উপর গুরুত্ব দিতে থাকেন।

৪.৯ সারাংশ

উনবিংশ শতাব্দীর সূচনা থেকে যে সমাজ ও ধর্ম সংস্কার আন্দোলনের সূত্রপাত হয় তার তাৎপর্য হল যে জনমানসে এর ফলে জাতীয় চেতনার জাগরণ হয়, উদ্ভাসিত হয় ধর্ম ও সংস্কৃতির গঠনমূলক দিকটি। ভারতের সমাজ ও ধর্ম সংস্কার আন্দোলনের তিনটি স্রোতধারা পরিলক্ষিত হয়। একটি স্রোতধারায় চরম প্রাচ্যপন্থী বৈশিষ্ট্য পরিস্ফুট হল আর্য়সমাজ, স্বামী বিবেকানন্দ ও রামকৃষ্ণ মিশন আন্দোলনের মধ্যে দিয়ে। দ্বিতীয় স্রোতধারাটি চরম পাশ্চাত্যপন্থী বৈশিষ্ট্য নিয়ে পরিচালিত হল নব্যবঙ্গ আন্দোলন এবং তৃতীয় ধারায় প্রাচ্য পাশ্চাত্যের সমন্বয়ের রূপটি পরিস্ফুট হল ব্রাহ্মসমাজ ও প্রার্থনা সমাজ আন্দোলনের মধ্যে দিয়ে। স্রোতধারা বা বৈশিষ্ট্য বিভিন্ন হলেও লক্ষ্য ছিল একটি পরাধীন ভারতের শৃংখলামোচনের জন্য কুসংস্কার মুক্ত করে জাতীয়তাবোধের জাগরণ।

৪.১০ অনুশীলনী

ক। বিষয়মুখী প্রশ্ন :

- ১। কলকাতায় সুপ্রীম কোর্ট কবে প্রতিষ্ঠিত হয়?
- ২। ধর্মতলা একাডেমীর প্রতিষ্ঠাতা কে? তাঁর ছাত্রের নাম লিখুন।
- ৩। বাঙ্গলা ভাষায় প্রকাশিত প্রথম সংবাদপত্রের নাম কি?
- ৪। ব্রাহ্ম সমাজ কে প্রতিষ্ঠা করেন? শিবনাথ শাস্ত্রী পরিচালিত ব্রাহ্ম সমাজের নাম কি?
- ৫। দয়ানন্দ স্বামীর প্রকৃত নাম কি?
- ৬। প্রথম বিধবা বিবাহ কে করেছিলেন?
- ৭। শিকাগো ধর্ম সম্মেলন কবে হয়েছিল?
- ৮। প্রার্থনা সমাজ কে প্রতিষ্ঠা করেন?
- ৯। সত্যসাধক সমাজ কে প্রতিষ্ঠা করেন?
- ১০। সত্যার্থ প্রকাশ কার রচনা?

খ। সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন :

- ১। ব্রাহ্ম সমাজ ও প্রার্থনা সমাজের পার্থক্যগুলি আলোচনা করুন।
- ২। মহারাষ্ট্রের সমাজ সংস্কার আন্দোলনের পটভূমি সৃষ্টিতে পাশ্চাত্য শিক্ষার অবদান কতটা?
- ৩। বাংলাদেশে পাশ্চাত্যে শিক্ষা বিস্তারে ব্যক্তিগত উদ্যোগ আলোচনা করুন।
- ৪। ব্রাহ্ম ধর্মান্দোলনের অবদান কী?

গ। দীর্ঘ উত্তরের প্রশ্ন :

- ১। 'প্রথম আধুনিক মানুষ' রূপে রাজা রামমোহন রায়ের অবদান আলোচনা করুন।
- ২। মহারাষ্ট্র ধর্ম ও সমাজ সংস্কারের ক্ষেত্রে মহাদেব গোবিন্দ রাণাডের ভূমিকা কি ছিল?
- ৩। নব্যবঙ্গ আন্দোলনের ব্যর্থতার কারণ কী ছিল?
- ৪। স্বামী বিবেকানন্দ হিন্দুধর্মের শ্রেষ্ঠত্ব কীভাবে প্রতিষ্ঠা করেন?

৪.১১ গ্রন্থপঞ্জি

1. অমিতাভ মুখার্জী—Reform and Regeneration in Bengal.
2. R.C. Majumdar (ed)—British Paramountcy and Indian Renaissance.
3. প্রণব চ্যাটার্জী— আধুনিক ভারত, ১৮৫৭।
4. প্রভাতাংশু মাইত— History and Culture of the Indian People vol. XII.
5. Tarachand— History of Freedom Movement in India—VOL. II.
6. Sumit Sarkar— Modern India. 1885.
7. N.S. Bose— Indian Awakening and Bengal.

একক ১ □ ভারতীয় জাতীয় কংগ্রেসের সামাজিক উৎস

গঠন

- ১.০ উদ্দেশ্য
- ১.১ প্রস্তাবনা
- ১.২ জাতীয় কংগ্রেসের উদ্ভবের ঐতিহাসিক প্রেক্ষাপট
- ১.৩ ব্রিটিশ বিরোধিতার উৎস সন্মানে
 - ১.৩.১ কৃষক শ্রেণীর ক্ষোভ
 - ১.৩.২ রাজা, মহারাজা ও জমিদারদের ক্ষোভ
 - ১.৩.৩ পুঁজিপতি শ্রেণীর ক্ষোভ
 - ১.৩.৪ শ্রমজীবী সম্প্রদায়ের ক্ষোভ
 - ১.৩.৫ মধ্যবিত্ত শ্রেণীর ক্ষোভ
- ১.৪ রাজনৈতিক সংগঠনের সূত্রপাত
 - ১.৪.১ বাংলায় রাজনৈতিক সংগঠন
 - ১.৪.২ পশ্চিম ভারতের (বোম্বাই প্রেসিডেন্সি) রাজনৈতিক সংগঠন
 - ১.৪.৩ দক্ষিণ ভারতের (মাদ্রাজ প্রেসিডেন্সি) রাজনৈতিক সংগঠন
- ১.৫ জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা— তর্ক বিতর্ক
 - ১.৫.১ কংগ্রেস প্রতিষ্ঠার প্রেরণা ও উদ্যোগ
 - ১.৫.২ কংগ্রেস প্রতিষ্ঠার কারণ ও উদ্দেশ্য
 - ১.৫.৩ কংগ্রেস প্রতিষ্ঠা ও যড়যন্ত্র তত্ত্ব
- ১.৬ কংগ্রেসের সামাজিক ভিত্তি
- ১.৭ সারাংশ
- ১.৮ অনুশীলনী
- ১.৯ গ্রন্থপঞ্জী

১.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করলে আপনি জানতে পারবেন—

১. জাতীয় কংগ্রেসের উদ্ভবের ঐতিহাসিক প্রেক্ষাপট
২. ব্রিটিশ সাম্রাজ্যবাদ বিরোধিতার মৌলিক সূত্র
৩. রাজনৈতিক সংগঠনের সূত্রপাত
৪. জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা—তর্ক ও বিতর্ক
৫. জাতীয় কংগ্রেসের সামাজিক ভিত্তি

১.১ প্রস্তাবনা

১৮৫৭-৫৮ সালের মহাবিদ্রোহের প্রবল উন্মাদনা ও উত্তেজনা ধীরে ধীরে স্তিমিত হয়ে গেলেও এবং ইংরেজ সাম্রাজ্যবাদী শাসক ভারতবাসীর ক্ষোভ ও অসন্তোষ সম্পর্কে অবহিত হবার জন্য শাসনকার্যে ভারতীয়দের সংযুক্ত করার নীতি— যাকে আমরা “Policy of association” বলি— গ্রহণ করলেও সাম্রাজ্যবাদ বিরোধী মনোভাবের অবসান ঘটে নি। কিন্তু সাম্রাজ্যবাদ বিরোধী প্রতিবাদী আন্দোলন কোন পথ ও পদ্ধতিতে এবং সর্বোপরি কোন প্রাতিষ্ঠানিক ছত্রছায়ায় গড়ে তোলা যায়, তা নিয়ে কোন সুস্পষ্ট ইঙ্গিত তখনই পাওয়া যায় নি। ১৮৮৫ সালে জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা এই অভাব পূর্ণ করে। এই প্রথম এমন একটি সর্বভারতীয় প্রতিষ্ঠান গড়ে তোলা সম্ভব হয়, যা ১৯৪৭ সাল পর্যন্ত ভারতীয় স্বাধীনতা সংগ্রামের মূল চালিকা শক্তি রূপে দক্ষ ও বলিষ্ঠ নেতৃত্ব দিতে সক্ষম হয়েছিল। কিন্তু কংগ্রেসের প্রতিষ্ঠা কোন আকস্মিক ঘটনা ছিল না। মহাবিদ্রোহের পর থেকেই এই ধরনের একটি সর্বভারতীয় প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজন অনুভূত হয়েছিল। কাজেই প্রথমে আমরা কংগ্রেস প্রতিষ্ঠার ঐতিহাসিক প্রেক্ষাপট বিশ্লেষণ করার চেষ্টা করবো। কিন্তু কোন প্রতিষ্ঠানই বিনা কারণে গড়ে ওঠে না। আমরা জানি মানুষ নিজের তাগিদে তখনই একটি প্রতিষ্ঠান গড়ে তোলে, যখন কিছু সমমনস্ক ব্যক্তি নিজেদের ক্ষোভ ও অসন্তোষের প্রতিকারকল্পে একটি নির্দিষ্ট পরিকল্পনা ও কর্মসূচী সামনে রেখে সমবেত হয়। সুতরাং কংগ্রেস প্রতিষ্ঠার প্রেক্ষাপট অনুধাবন করতে হলে, আমাদের এই দিকটি নিয়ে বিশদভাবে আলোচনা করতে হবে। অন্যদিকে কংগ্রেসের জন্মরহস্য ঐতিহাসিকদের কেবলমাত্র কৌতূহল ও আগ্রহেরই সৃষ্টি করে নি, কংগ্রেসের প্রকৃত স্থায়িতা কে বা কারা তা নিয়ে এক তীব্র বিতর্কেরও জন্ম দিয়েছে। কাজেই এ বিষয়েও আমাদের আলোকপাত করতে হবে। সবশেষে কংগ্রেস প্রকৃতই একটি জাতীয় প্রতিষ্ঠান ছিল কিনা ভারতের সর্বশ্রেণী ও স্তরের মানুষ এর সঙ্গে যুক্ত ছিল কিনা, তা নিয়েও প্রশ্ন উঠেছে। আলোচ্য এককে আমরা এই প্রসঙ্গেও আলোচনা করবো। কংগ্রেসের সামাজিক ভিত্তি বিশ্লেষণ করে আমরা দেখাতে

চেপ্টা করে আমরা দেখাতে চেপ্টা করবো যে, কংগ্রেসের আদি যুগে এই প্রতিষ্ঠান ছিল মূলতঃ সমাজের উচ্চবিত্ত ও উচ্চ শিক্ষিত উপরতলার একটি সংগঠন। সাধারণ অশিক্ষিত মানুষের সংযোগ রহিত এই প্রতিষ্ঠান তাই এই সময়ে তৃণমূল স্পর্শ করতে পারে নি। মনে রাখবেন শুধু কংগ্রেসের উদ্ভবই নয়, তার সংগঠন, কর্মপদ্ধতি, আন্দোলনের লক্ষ্য, নেতৃত্বের লড়াই ইত্যাদি প্রতিটি বিষয়ই অত্যন্ত বিতর্কিত এবং এই সম্পর্কে কোন সর্বজনগ্রাহ্য ও সর্বজনস্বীকৃত সিদ্ধান্তে আসা সম্ভব নয়। সুতরাং যুক্তি, তর্ক ও বিশ্লেষণের মাধ্যমে আপনি নিজস্ব মতামত গড়ে তুলতে সচেষ্ট হবেন।

১.২ জাতীয় কংগ্রেসের উদ্ভবের ঐতিহাসিক প্রেক্ষাপট

১৭৫৭ সালে পলাশীর যুদ্ধ ভারতে ব্রিটিশ সাম্রাজ্য স্থাপনের প্রারম্ভিক কাজটুকু করেছিল। এরপর একশ বছর ধরে ভারতে মূলত মহীশূর, মারাঠা ও শিখদের সঙ্গে অবিরত সংগ্রাম করে তবেই ইংরেজরা ব্রিটিশ সাম্রাজ্যের বিশাল ইমারত গড়ে তুলতে সক্ষম হয়েছিল। কিন্তু তখনও তাদের ভারত বিজয় অমস্পূর্ণ ছিল। অসংখ্য দেশীয় রাজ্য তখনও তাদের অস্তিত্ব ও স্বাধীনতা অক্ষুণ্ণ রাখতে সক্ষম হয়েছিল। অন্য দিকে ভারতে ব্রিটিশ সাম্রাজ্য স্থাপনের পথ কোনদিনই মসৃণ ছিল না। সাম্রাজ্য গঠনের কাজ শুরু হবার সঙ্গে সঙ্গেই বিরোধিতা ও বিদ্রোহের মুখে পড়তে হয়েছিল ইংরেজদের। যেহেতু বাংলাদেশেই প্রথম রচিত হয়েছিল ব্রিটিশ সাম্রাজ্যের ভিত্তিভূমি, স্বাভাবিক কারণেই তাই এখানকার সন্ন্যাসী ও ফকির বিদ্রোহের মাধ্যমে প্রথম গড়ে উঠেছিল ব্রিটিশ বিরোধী আন্দোলন। পরে ব্রিটিশ সাম্রাজ্যবাদ অন্যত্র ছড়িয়ে পড়ায় বিদ্রোহের পরিধি প্রসারিত হয় এবং ভারতের অন্যান্য অঞ্চলেও একের পর এক বিদ্রোহ সংগঠিত হয়। এই সব বিদ্রোহের মূল কারণ ছিল ব্রিটিশ ভূমিরাজস্ব নীতি, যা একই সঙ্গে জমিদার-তালুকদার ও কৃষক উভয়েরই স্বার্থের পরিপন্থী ছিল। ভূমিরাজস্বের ক্রমবর্ধমান চাপ তাদের পক্ষে ক্রমশ দুর্বল হয়ে পড়ছিল এবং কৃষকেরা দেনার দায়ে তাদের জমিজমা হারাচ্ছিল। ১৭৯৩ সালে কর্ণওয়ালিস বাংলায় চিরস্থায়ী ব্যবস্থা প্রবর্তন করে অবশ্য জমিদার শ্রেণীকে কিছুটা বশে আনতে সচেষ্ট হয়েছিলেন। যাই হোক অষ্টাদশ শতক ও ঊনবিংশ শতকে একের পর এক কৃষক বিদ্রোহ ইংরেজদের গভীর উদ্বেগ ও আশঙ্কার কারণ হয়ে দাঁড়িয়েছিল। কিন্তু কেবলমাত্র উর্বর সমতলভূমিতে বসবাসকারী হিন্দু ও মুসলমান জমিদার ও কৃষকরাই এই সব বিদ্রোহে অংশ নেয় নি; সুদূর এবং দুর্গম পার্বত্য ও মালভূমির অরণ্য অঞ্চলের আদিবাসীরাও এই সব আন্দোলনে সামিল হয়েছিল। তারা গভীর উদ্বেগ ও বেদনার সঙ্গে লক্ষ্য করেছিল কি ভাবে ব্রিটিশ সাম্রাজ্য প্রসারের সঙ্গে সঙ্গে তাদের দীর্ঘদিনের লালিত্ব ও সময়ে পোষিত গ্রামীণ কৃষিব্যবস্থা দ্রুত ভেঙ্গে পড়ছিল।

ব্রিটিশ আমলের প্রথম একশো বছরের মধ্যে বাংলায় যে সব কৃষক ও উপজাতি বিদ্রোহ হয়েছিল, সেগুলির সঙ্গে আমরা মোটামুটি পরিচিত। সন্ন্যাসী ও ফকির বিদ্রোহ ছাড়াও মেদিনীপুরের চুয়াড় বিদ্রোহ

(১৭৬৬-৮৩), পার্বত্য চট্টগ্রামে চাকমা বিদ্রোহ (১৭৭৬-৮৭), রংপুর বিদ্রোহ (১৭৮৩), মেদিনীপুরের নায়ক বিদ্রোহ (১৮০৬-১৬), ময়মনসিংহের পাগলপন্থী বিদ্রোহ (১৮২৫-২৭), ওয়াহাবী ও তিতুমীর বিদ্রোহ (১৮৩১), কোল বিদ্রোহ (১৮৩১), ফরাজী বিদ্রোহ (১৮৩৮-৪৮), সাঁওতাল বিদ্রোহ (১৮৫৫) ও নীল বিদ্রোহ (১৮৫৯-৬১) বিশেষভাবে উল্লেখযোগ্য। বাংলার বাইরে যে সব বিদ্রোহ হয়েছিল তার মধ্যে উড়িষ্যার জমিদার ও পাইক বিদ্রোহ (১৮০৪-১৭), ১৭৯০ এর দশকে মাদ্রাজে পলিগার বিদ্রোহ, ১৮০১ সালে দিল্লিগল ও মালাবারের পলিগার বিদ্রোহ, ১৮০৫ সালের দেওয়ান ভেলু তাম্পির ত্রিবাংকুর বিদ্রোহ, মোপলা বিদ্রোহ (১৮৩৬-৫৪), ১৮২৪ থেকে ১৮৪৯ সালের মধ্যে বারবার গুজরাটের কোলি বিদ্রোহ, মহারাষ্ট্রে ১৮২৪ থেকে ১৮২৯ সালের মধ্যে কিটুর বিদ্রোহ, ১৮২৪ সালের কোলাপুর বিদ্রোহ, ১৮৪১ সালের সাতারা বিদ্রোহ, ১৮৪৪ সালের গদকরী বিদ্রোহ, এবং উত্তরভারতের জাঠ বিদ্রোহ (১৮২৪), আলিগড়ের তালুকদার বিদ্রোহ (১৮১৪-১৭) ও জব্বলপুরের বুলন্দা বিদ্রোহ (১৮৪২) আমাদের দৃষ্টি আকর্ষণ করে।

সারা ভারত জুড়ে বিভিন্ন সময়ে ও বিভিন্ন স্থানে সংগঠিত এই সব বিদ্রোহ ছিল ইতস্তত বিক্ষিপ্ত ও বিচ্ছিন্ন ঘটনা। স্থানীয় সমস্যা ও ক্ষোভ-অসন্তোষকে কেন্দ্র করে এই সব বিদ্রোহ সংগঠিত হয়েছিল। বিদ্রোহীদের ক্ষোভ ও অসন্তোষের কতটুকু প্রতিকার হয়েছিল বা আদৌ কোন প্রতিকার হয়েছিল কিনা, আপাতত সে প্রশ্ন অবাস্তব। বর্তমানে লক্ষ্যণীয় বিষয় এই যে, এগুলির কোনটিরই কোন সর্বভারতীয় চরিত্র ছিল না এবং এক অঞ্চলের বিদ্রোহীদের সঙ্গে অন্য অঞ্চলের বিদ্রোহীদের কোন যোগসূত্র ছিল না। ইংরেজ শাসনের বিরুদ্ধে সংগঠিত হলেও এই সব বিদ্রোহকে জাতীয়তাবাদী বিদ্রোহ বলে মনে করার কোন কারণ নেই। অশিক্ষিত কৃষক সম্প্রদায়ের কাছে জাতীয়তাবাদ সম্পূর্ণরূপে অজ্ঞাত ছিল। তাছাড়া একমাত্র ইংরেজ শাসনই নয়, অনেক সময়েই বিদ্রোহীদের আক্রমণের লক্ষ্য স্থল ছিল দেশী জমিদার ও মহাজন শ্রেণী, যারা কৃষকদের ওপর অকথ্য অত্যাচার করতো।

কৃষকেরা ছাড়া ক্ষমতাচ্যুত দেশীয় রাজন্যবর্গ, কোম্পানীতে কর্মরত সিপাহীরা, এমনকি বহু সাধারণ মানুষও ইংরেজ শাসনে ক্ষুব্ধ ও অসন্তুষ্ট ছিল। ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের আগেও সিপাহীরা বিদ্রোহ করেছিল। এই প্রসঙ্গে ১৮০৬ সালে ভেলোরের সিপাহী বিদ্রোহের কথা আমাদের মনে আসে। যাই হোক ১৮৫৭-৫৮ সালের মহাবিদ্রোহই— যা প্রথমে সিপাহী বিদ্রোহ হিসাবে শুরু হলেও, পরে ভারতের বিভিন্ন অঞ্চলে, বিশেষত হিন্দী বলয়ে, একটি গণ বিদ্রোহে পরিণত হয়েছিল— প্রথম ইংরেজ শাসনের ভিত কাপিয়ে দিয়েছিল। এই বিদ্রোহের একটি সর্বভারতীয় চরিত্র না থাকলেও বা এই বিদ্রোহকে একটি জাতীয় বিদ্রোহ বলা চলে কিনা তা নিয়ে অন্তর্দ্বন্দ্বিতা থাকলেও আগেকার পুরোমাত্রায় আঞ্চলিক বিদ্রোহের তুলনায় যে এই বিদ্রোহ অনেক ব্যাপক আকার ধারণ করেছিল এবং এতে সমাজের সর্বস্তরের মানুষ অংশ না নিলেও যে এর পরিধি ছিল পরিব্যাপ্ত, এ বিষয়ে কোন সন্দেহ নেই। আগেকার বিদ্রোহগুলি

কখনই ভারতে ব্রিটিশ শাসনের অস্তিত্ব বিপন্ন করে নি। এই বিদ্রোহই প্রথম হিন্দু ও মুসলমান তাদের ধর্মীয় ভেদাভেদ ভুলে কাঁধে কাঁধ মিলিয়ে ইংরেজদের বিরুদ্ধে ঐক্যবন্ধ সংগ্রাম করেছিল। এমন কি তারা ইংরেজ শাসনের বিকল্প হিসাবে দ্বিতী বাহাদুর শাহকে ভারতের সম্রাট হিসাবে স্বীকৃতি দিয়েছিল। মহাবিদ্রোহের ব্যর্থতার পর অবশ্য কৃষক ও উপজাতি বিদ্রোহে কিছুটা ভাঁটা পড়েছিল। উল্লেখযোগ্য ব্যতিক্রম ছিল নীল বিদ্রোহ (১৮৫৯-৬০), মহারাষ্ট্রের কৃষক বিদ্রোহ (১৮৭৫) ও পাবনার কৃষক বিদ্রোহ (১৮৭৩) ও মোপলা বিদ্রোহ (১৮৭৩-৮০)।

লক্ষ করবেন ভারতের নিম্নবর্গের মানুষ কৃষক ও উপজাতির। যখন একটানা ইংরেজ বিরোধী আন্দোলন গড়ে তুলছিল, তখন ভারতের, বিশেষভাবে বাংলার শিক্ষিত মধ্যবিত্ত সম্প্রদায়, রামমোহন, ডিরোজিও ও বিদ্যাসাগরের আদর্শে অনুপ্রাণিত হয়ে ইংরেজ শাসনকে বরণ করে নিয়েছিল ও ইংরেজ বিরোধী সর্বপ্রকার আন্দোলন থেকে দূরে ছিল। এই শ্রেণী চেয়েছিল ইংরেজী শিক্ষাদীক্ষা ও পাশ্চাত্য সভ্যতাকে বরণ করে আধুনিকতার মস্ত্রে দীক্ষিত হয়ে নিজেদের ইংরেজদের সমকক্ষ করে তুলতে। ডিরোজিওর শিষ্যদের মধ্যে কেউ কেউ এমনকি নিজেদের হিন্দু বলে পরিচয় দিতেও ঘৃণা বোধ করতেন। পশ্চিম সম্পর্কে তাঁদের এই অন্ধ মোহ ও অনুকরণপ্রিয়তা কাটতে অবশ্য খুব একটা দেরী হয় নি। মহাবিদ্রোহের পর থেকে তাঁদের মধ্যেও হতাশা ও কিছুটা অনুশোচনা দেখা দেয়। এই প্রসঙ্গে আমরা মাইকেল মধুসূদন দত্তে আত্ম-সমালোচনার কথা মনে করতে পারি।

ওপরের আলোচনা থেকে দেখলাম যে ভারতবর্ষের বিস্তীর্ণ অঞ্চলের মানুষ কোনদিনই ব্রিটিশ শাসনকে অন্তর থেকে মেনে নেয় নি। কিন্তু তাদের ব্রিটিশ বিরোধী আন্দোলন একটি সর্বভারতীয় রূপ না পাওয়ায় এবং তা ঐক্যবন্ধ পথে পরিচালিত না হওয়ায় ইংরেজদের পক্ষে এই সব আন্দোলন দমন করতে বেশি বেগ পেতে হয়নি। অন্যদিকে এই সব আন্দোলন ভারতবাসীর দাবীদাওয়া পূরণ করতে ব্যর্থ হয়েছিল। কাজেই সর্বস্তরের মানুষের ক্ষোভ ও অসন্তোষের অবসান হয় নি। সাম্রাজ্যবাদী শোষণ অব্যাহত ছিল। মহাবিদ্রোহ থেকে শিক্ষা নিয়ে ইংরেজরা অবশ্য কেন্দ্রীয় আইন পরিষদ ও প্রাদেশিক আইন পরিষদে ভারতীয় সদস্যদের ঠাঁই দেন, উদ্দেশ্য ছিল ভারতীয়দের মন বোঝা এবং তারা ব্রিটিশ শাসন কিভাবে গ্রহণ করছে বা এই বিষয়ে তাদের মতামত সম্পর্কে অবহিত হওয়া। কিন্তু নির্বাচনের পরিবর্তে মনোনয়নের মাধ্যমে ভারতীয় সদস্যদের নিয়োগ করা হতো বলে এই উদ্দেশ্য ও সাধু সংকল্প অনেকাংশে ব্যর্থ হয়েছিল। এই পরিস্থিতিতে একটি সর্বভারতীয় প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজন অনুভূত হয়েছিল। বাস্তব এই প্রয়োজন ও তাগিদে অনিবার্য পরিণতি তহলো ১৮৮৫ সালে ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা। কিন্তু যে কোন প্রতিষ্ঠান গড়ে তোলার প্রাথমিক শর্ত হলো ব্যাপক ক্ষোভ ও অসন্তোষের প্রতিকার করার মানসিকতা এবং তার ওপর ভিত্তি করে দাবীদাওয়া তুলে ধরা। পরবর্তী অনুচ্ছেদে আমরা তাই ব্রিটিশ বিরোধীতার উৎস অনুসন্ধান করতে চেষ্টা করবো।

১.৩ ব্রিটিশ বিরোধিতার উৎস সন্ধানে

মহাবিদ্রোহের পর শাসনব্যবস্থায় ভারতীয়দের অংশগ্রহণের যে সীমিত সুযোগ ইংরেজরা দিয়েছিল, তার মধ্যে আন্তরিকতার অভাব ছিল। তাছাড়া পরাধীন দেশকে শোষণ করে মাতৃভূমির সমৃদ্ধিই ছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদের মূল ভিত্তি। ভারতবাসীর স্বার্থ রক্ষা করার কোন দায় বা তাগিদ ইংরেজদের ছিল না। তবু ১৮৫৮ সালের পর কোন দেশীয় রাজ্য গ্রাস না করার নীতি গ্রহণ করে বা ভারতবাসীর ধর্মে হস্তক্ষেপ না করে ইংরেজরা তাদের খুশি করতে চেয়েছিল। কিন্তু ব্রিটিশ সাম্রাজ্যবাদের প্রসার অনিবার্যভাবেই সমাজের প্রতিটি স্তরে ক্ষোভ ও অসন্তোষের সঞ্চার করেছিল।

১.৩.১ কৃষকশ্রেণীর ক্ষোভ

ভারতীয় জনগণের সংখ্যাগরিষ্ঠ কৃষকশ্রেণী ব্রিটিশ শাসনে ক্ষুব্ধ ও অসন্তুষ্ট ছিল। ইংরেজরা নিজেদের স্বার্থে ভারতের এক এক অংশে এক এক রকম ভূমিরাজস্ব ব্যবস্থা গড়ে তুলেছিল। যেমন বাংলায় ছিল জমিদারদের সঙ্গে চিরস্থায়ী ব্যবস্থা, উত্তরভারতের ছিল মহালওয়ারি ব্যবস্থা এবং বোম্বাই ও মাদ্রাজে ছিল রায়তওয়ারি ব্যবস্থা। কিন্তু সর্বত্রই কর ও রাজস্বের বোঝা ছিল অত্যন্ত চড়া। তাছাড়া ছিল সুদখোর মহাজন সাঙ্কারণদের শোষণ ও অত্যাচার। সবচেয়ে পরিতাপের বিষয় কৃষকদের অভাব অভিযোগের প্রতিকারের কার্যত কোন পথই খোলা ছিল না। সরকার অবশ্য কৃষকদের জন্য কিছুই করে নি, এ অভিযোগ সত্য নয়। বিভিন্ন প্রজাসভ আইন ও মহাজন প্রথা বিরোধী কিছু আইন সরকার তৈরী করেছিল। কিন্তু এই সব আইনের কার্যকারিতা কতটুকু ছিল, তা নিয়ে প্রশ্ন উঠতেই পারে। বস্তুত আইন আদালত, থানা, দারোগা ইত্যাদি সবই ছিল শোষকশ্রেণীর পক্ষে। নানা অজুহাতে কৃষকদের জমিজমা থেকে উৎখাত ছিল স্বাভাবিক ঘটনা। কৃষকেরা বিদ্রোহ করলে আইনশৃঙ্খলার দোহাই পেড়ে তা নির্মমভাবে দমন করা হতো।

১.৩.২ রাজা, মহারাজা ও জমিদারদের ক্ষোভ

ক্ষমতাচ্যুত রাজা মহারাজারা ইংরেজদের ওপর অসন্তুষ্ট ছিল। তবে ১৮৫৮ সালে মহারাণী ভিক্টোরিয়ার ঘোষণাপত্রের (“আমরা বর্তমান সাম্রাজ্য সীমারেখার অধিকতর বিস্তৃতি চাই না”) পর তাঁদের ক্রোধ ও ক্ষোভের উপশম হয়েছিল। উনিশ শতকের প্রথমার্ধে জমিদার শ্রেণীও সরকারের উপর খুশি ছিল। রায়তদের বিরুদ্ধে তাদের হাত শক্ত করতে জমিদারদের অনুকূলে কিছু আইন (যেমন ১৭৯৫ সালের ৩৫ রেগুলেশন, ১৭৯৯ সালের ৭ম রেগুলেশন ইত্যাদি) প্রণীত হওয়ায় তারা ইংরেজ সরকারের প্রতি কৃতজ্ঞ ছিল। কিন্তু উনিশ শতকের দ্বিতীয়ার্ধে সরকার কৃষকদের স্বার্থ রক্ষা করার জন্য কয়েকটি প্রজাসভ আইন (যেমন ১৮৫৯ সালের দশম আইন, ১৮৮৫ সালের প্রজাসভ আইন, ১৮৬৮ সালের অযোধ্যায় উনবিংশ আইন ইত্যাদি)

প্রণয়ন করায় জমিদার শ্রেণী ক্ষুব্ধ হয়। সরকারী নীতির প্রতিবাদ করে উত্তরপাড়ার জমিদার জয়কৃষ্ণ মুখোপাধ্যায় বলেছিলেন— “Agitate ! Agitate !! Agitate!!!”

১.৩.৩ পুঁজিপতি শ্রেণীর ক্ষোভ

উনিশ শতকের দ্বিতীয়ার্ধে ভারতে পুঁজির বিকাশ ঘটে এবং আধুনিক শিল্পের উদ্ভব হয়। বোম্বাই ও আমোদবাদে বস্ত্র শিল্প গড়ে উঠেছিল ভারতীয় পুঁজিপতিদের উদ্যোগে। কিন্তু ব্রিটিশ সরকার তাদের প্রতি বৈষম্যমূলক আচরণ করায় তারা ক্ষুব্ধ ছিল। তাদের অভিযোগ ছিল এই যে, ইংল্যান্ডের ব্যবসায়ী ও পুঁজিপতি শ্রেণীর স্বার্থ রক্ষা করতে গিয়ে ভারতীয় ব্যবসায়ী ও পুঁজিপতি শ্রেণীর প্রতি বৈষম্যমূলক আচরণ করা হয়েছিল। ব্রিটিশ সরকারের বাণিজ্যিক ও শিল্পনীতি বিশ্লেষণ করতে গিয়ে অধ্যাপক অমিয় বাগচী দেখিয়েছেন যে প্রথম বিশ্বযুদ্ধের আগে পর্যন্ত অবাধ ও মুক্ত বাণিজ্য ছিল সরকারী নীতির প্রধান বৈশিষ্ট্য। কিন্তু এই নীতি ইংরেজদের স্বার্থের অনুকূলে হলেও ভারতীয় স্বার্থের পরিপন্থী ছিল। এই নীতি ভারতীয় পুঁজির বিকাশের পথে একটা প্রধান অন্তরায় ছিল। ঔপনিবেশিক শাসন কাঠামোয় ইংরেজরা ভারতকে একটি কাঁচামাল সরবরাহকারী দেশ বলে মনে করতো। ব্রিটিশ শিল্পপতি ও পুঁজিপতিরা চেয়েছিল ভারতকে তাদের উদ্ধৃত পণের বাজারে পরিণত করে একটি কায়মী স্বার্থ গড়ে তুলতে। ভারতীয় পুঁজিপতিদের পক্ষে একটা দীর্ঘ দিন এটা মেনে নেওয়া সম্ভবপর ছিল না। তারা চেয়েছিল সংরক্ষণ নীতির মাধ্যমে ভারতীয় শিল্প প্রয়াসকে উৎসাহ দেওয়া হোক। কিন্তু বিদেশী শাসনে তা কখনই সম্ভব ছিল না। সরকারী আনুকূল্য ও সহযোগিতার কোন সুযোগই ছিল না।

১.৩.৪ শ্রমজীবী সম্প্রদায়ের ক্ষোভ

উনিশ শতকের প্রথম দিকে ভারতের হস্তশিল্প ও কারুশিল্প বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়। ম্যানচেস্টারের সঙ্গে অসম প্রতিযোগিতায় ভারতীয় তাঁতিদের সর্বনাশ হয়। বিভিন্ন কুটির শিল্পে নিযুক্ত হস্তশিল্পীরা বেকার হয়ে পড়ে। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে আধুনিক শিল্পের বিকাশের সঙ্গে সঙ্গে ভারতে এক নতুন শ্রমজীবী সম্প্রদায়ের উদ্ভব ঘটে। পৃথিবীর সর্বত্র কলে কারখানায় নিযুক্ত শ্রমিকদের যে ধরনের দুর্বিষহ জীবন যাপন করতে হতো, ভারতের ক্ষেত্রেও তার কোন ব্যতিক্রম হয় নি। এদের মজুরি ছিল অত্যন্ত কম এবং জীবনযাত্রার মান ছিল অত্যন্ত নিচু। একটি সরকারী প্রতিবেদনে স্বীকার করা হয়েছে যে আমোদবাদে শ্রমিকদের ১২ ঘন্টা (বিদ্যুৎচালিত কারখানায় ১৪ ঘন্টা), বোম্বাই-তে ১২ ঘন্টা (বিদ্যুৎচালিত কারখানায় ১৩ ঘন্টা), দিল্লীতে ১৩½ ঘন্টা থেকে ১৪ ঘন্টা এবং কলকাতার চটকলে ১৫ থেকে ১৬ ঘন্টা পর্যন্ত অমানুষিক পরিশ্রম করতে হতো। কোন কোন ছোট কারখানায় শ্রমিকেরা ১৭-১৮ ঘন্টা, এমনকি ২০-২২ ঘন্টা পর্যন্ত কাজ করতো। চা-বাগিচা ও কফি চাষে নিযুক্ত শ্রমিকদের

অবস্থা ছিল অত্যন্ত সঙ্গীন। এদের অবস্থা ছিল প্রায় ক্রীতদাসের মত। সবচেয়ে দুঃখ ও পরিতাপের বিষয় বাগিচা মালিকদের অন্যায় অত্যাচার ও শোষণের বিরুদ্ধে কোন প্রতিকারই ছিল না। সংগঠিত ট্রেড ইউনিয়ন না থাকলেও শ্রমিকেরা সব সময় এই সব অত্যাচার মুখ বুজে সহ্য করতো না। ১৮৮২ থেকে ১৮৯০ সালের মধ্যে বোম্বাই ও মাদ্রাজে ২৫ টি বড় ধরনের ধর্মঘট সংগঠিত হয়েছিল।

১.৩.৫ মধ্যবিত্ত শ্রেণীর ক্ষোভ

সমাজের নিম্নবর্গের মানুষ যতই ক্ষুব্ধ থাকুক, তাদের পক্ষে কোন সর্বভারতীয় ব্রিটিশ বিরোধী আন্দোলন গড়ে তোলা সম্ভব হয় নি। পুঁজিপতি ও ব্যবসায়ী সম্প্রদায়ও ব্রিটিশ শাসনে ক্ষুব্ধ হলেও সক্রিয় বিরোধিতার পথে যায় নি। বরং অনেক সময় তারা পুঁজির বিকাশের জন্য শাসক শ্রেণীর ওপর নির্ভরশীল ছিল। সমাজের মধ্যবিত্ত ও শিক্ষিত সম্প্রদায়ই ছিল সবচেয়ে বেশি ক্ষুব্ধ এবং ব্রিটিশ বিরোধিতা তাদের মধ্যেই ছিল সবচেয়ে তীক্ষ্ণ ও তীব্র। এরা প্রথমদিকে ব্রিটিশ শাসনকে স্বাগত জানালেও ইংরেজদের সহায়তা ও উদারতা সম্পর্কে এদের মোহভঙ্গ হয়। ব্রিটিশ শোষণের চেহারা বা প্রকৃতি এদের কাছেই ছিল সবচেয়ে স্পষ্ট। ভারতের দারিদ্র্যের জন্য এরা ব্রিটিশ সরকারকেই দায়ী করতো। এরা তীব্র ভাষায় ব্রিটিশ সরকারের রাজস্বনীতি, শিল্প প্রয়াসে ভারতের প্রতি বিমাতৃসুলভ আচরণ, শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি মৌলিক জনকল্যাণকর কাজের প্রতি সরকারের উদাসীনতা, প্রশাসনিক ব্যয়বৃদ্ধি ইত্যাদির সমালোচনা করেছিল। এদের ক্ষোভের একটা বড় কারণ হলো উচ্চ শিক্ষিত হওয়া সত্ত্বেও সর্বপ্রকার উচ্চ সরকারী পদে তাদের নিয়োগের সুযোগ ছিল খুবই সীমিত। I.C.S পরীক্ষায় ইংরেজ যুবকদের সঙ্গে প্রতিযোগিতামূলক পরীক্ষায় তাদের সাফল্যের সম্ভাবনা ছিল খুব কম। শিক্ষিত যুবকদের মধ্যে ক্রমবর্ধমান বেকারীও তাদের হতাশ করেছিল। এদের মধ্যে রাজনৈতিক চেতনার সঙ্গে উচ্চাকাঙ্ক্ষা বৃদ্ধি পেয়েছিল। এরা ভারতের শাসনকার্যে সক্রিয় অংশ গ্রহণ করতে আগ্রহী ছিল। গভর্নর জেনারেলের আইন পরিষদে ভারতীয় সদস্য সংখ্যা বৃদ্ধির দাবীতে তারা সোচ্চার ছিল। এদের অভিযোগের আর একটি বড় কারণ হলো কালা আদমীদের প্রতি ইংরেজদের ঘৃণা ও উন্নাসিকতা। তারা ভারতীয়দের মানুষ বলেই মনে করতো না। ইউরোপীয় ক্লাবে তাদের প্রবেশ নিষিদ্ধ ছিল। ট্রেনে একই কামরায় তারা ভারতীয়দের সঙ্গে ভ্রমণ করতো না। অশিক্ষিত নিম্নবর্গের মানুষ মানবতার প্রতি এই অপমান ও জাতি বৈষম্য মেনে নিলেও মধ্যবিত্ত শ্রেণী তা মানতে প্রস্তুত ছিল না। ইলবার্ট বিল আন্দোলনের সময় আমরা এই বৈষম্যমূলক আচরণের বিরুদ্ধে ভারতবাসীর ক্ষোভ ও দৃঢ় প্রতিবাদী মনোভাব প্রত্যক্ষ করি।

১.৩.৬ মুসলিম সম্প্রদায়ের ক্ষোভ

ইংরেজ শাসনের মুসলিম জনগণও খুব ক্ষুব্ধ ও অসন্তুষ্ট ছিল। তাদের এই ক্ষোভ অস্বাভাবিক ছিল না। প্রথমত; তারা মনে করতো শাসক শ্রেণী হিসাবে তাদের অপসৃত করে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যবাদ

কায়েম হয়েছিল। দ্বিতীয়ত; হুমায়ুন কবীর দেখিয়েছেন যে ইংরেজ শাসনে অধিকাংশ মুসলমান ভূস্বামী তাদের জমিজমা হারিয়েছিল। তৃতীয়ত : প্রশাসনের ভাষা হিসাবে ফার্সীর পরিবর্তে ইংরেজী ভাষার ব্যবহার তারা মেনে নিতে পারে নি। হিন্দুরা যেমন ইংরেজী ভাষা ও পাশ্চাত্য শিক্ষা বরণ করে আধুনিকতার মস্ত্রে দীক্ষিত হয়েছিলো, মুসলমানেরা তার ঠিক বিপরীত নীতি অনুসরণ করেছিল। উনিশ শতকের শেষ দিকে অবশ্য মুসলিম সম্প্রদায় স্যার সৈয়দ আহমেদের আদর্শে দীক্ষিত হয়ে ব্রিটিশ বিরোধিতার পথ পরিত্যাগ করে।

১.৪ রাজনৈতিক সংগঠনের সূত্রপাত

ব্রিটিশ বিরোধিতা একটি সুস্পষ্ট ও কার্যকরী রূপ পেয়েছিল বিভিন্ন রাজনৈতিক সংগঠনের মাধ্যমে। মহাবিদ্রোহের আগেই এই প্রচেষ্টা শুরু হয়েছিল। রাজনৈতিক সংগঠন গড়ে তোলার প্রয়োজনীয়তার দিকে আমাদের দৃষ্টি প্রথম আকৃষ্ট করেছিলেন রাজা রামমোহন রায়। মহাবিদ্রোহের আগে যে সব রাজনৈতিক প্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছিল, তার মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হলো ১৮৩৭ সালে রাজা রাধাকান্ত দেবের সভাপতিত্বে প্রতিষ্ঠিত ল্যাণ্ডহোল্ডার্স সোসাইটি এবং ১৮৪৩ সালে প্রতিষ্ঠিত বেঙ্গল ব্রিটিশ ইণ্ডিয়ান সোসাইটি। ১৮৫১ সালে উভয় প্রতিষ্ঠান মিলিত হয়ে গঠন করে ব্রিটিশ ইণ্ডিয়ান এ্যাসোসিয়েশন। জমিদার শ্রেণীর স্বার্থ রক্ষা করার জন্যই প্রতিষ্ঠিত হয়েছিল এই প্রতিষ্ঠান। বাংলার বাইরে প্রতিষ্ঠিত হয়েছিল মাদ্রাজ নেটিভ এ্যাসোসিয়েশন ও বোম্বাই এ্যাসোসিয়েশন।

মহাবিদ্রোহের পর শুধু ভারতেরই নয়, ভারতের বাইরেও বিভিন্ন রাজনৈতিক সংগঠন গড়ে উঠেছিল। ভারতের বাইরে প্রতিষ্ঠিত একটি উল্লেখযোগ্য রাজনৈতিক সংগঠন হলো ইস্ট ইন্ডিয়ান এ্যাসোসিয়েশন। ১৮৬৬ সালে লণ্ডন শহরে এটি প্রতিষ্ঠিত হয়েছিল দাদাভাই নওরোজীর উদ্যোগে। ভারতে তিনটি প্রেসিডেন্সির (বাংলা, বোম্বাই ও মাদ্রাজ) বিভিন্ন শহরে প্রতিষ্ঠিত এই রাজনৈতিক সংগঠনের বিস্তৃত বিবরণ দিয়েছেন অধ্যাপক অনিল শীল তাঁর *Emergence of Indian Nationalism* গ্রন্থে। এই সব রাজনৈতিক সংগঠন গড়ে উঠেছিল মূলত মধ্যবিত্ত শ্রেণীর প্রচেষ্টা ও উদ্যোগে। উচ্চ বিদ্য ও উচ্চ শিক্ষিত এবং সমাজে সুপ্রতিষ্ঠিত মানুষও—যাদের এক কথায় আমরা “এলিটিষ্ট” বলে থাকি— এই সব প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত ছিল। সাধারণ নিম্নবর্গের মানুষের কোন ঠাঁই এখান ছিল না।

১.৪.১ বাংলার রাজনৈতিক সংগঠন

মহাবিদ্রোহের পর বাংলায় বেশ কিছু সংগঠন গড়ে উঠেছিল। এই সব প্রতিষ্ঠান ছিল জাতীয়তাবাদ ও স্বাদেশিকতার সূতিকাগৃহ। ১৮৬০ সালে রাজনারায়ণ বসু ও নবগোপাল মিত্রের উদ্যোগে স্থাপিত হয়েছিল হিন্দুমেলা। আর একটি উল্লেখযোগ্য প্রতিষ্ঠান হলো জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের উদ্যোগে প্রতিষ্ঠিত সঞ্জীবনী সভা। রবীন্দ্রনাথ তার “জীবনস্মৃতি” গ্রন্থে এদের কথা উল্লেখ করেছেন। এর পর ১৮৭৫

সালে স্থাপিত হয় ইন্ডিয়ান লীগ। এর প্রতিষ্ঠাতা ছিলেন মহাত্মা শিশির কুমার ঘোষ। এর কর্মকর্তাদের মধ্যে ৬৮% ছিলেন মধ্যবিত্ত, ৩৮% আইনজীবী এবং ১৪% ছোট ও মাঝারি জমিদার এবং ঐ সংখ্যক শিক্ষক ও কর্মচারী। ইন্ডিয়ান লীগ অবশ্য বেশি দিন স্থায়ী হয় নি। এর পর ১৮৭৬ সালে প্রতিষ্ঠিত হয় ইন্ডিয়ান এ্যাসোসিয়েশন। এর প্রাণ পুরুষ ছিলেন সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। ইন্ডিয়ান এ্যাসোসিয়েশন ছিল শিক্ষিতদের প্রতিষ্ঠান। এর সদস্যদের ৩৩% ছিলেন শিক্ষক ৩৫% আইনজীবী। অনেকেই ছিলেন প্রেসিডেন্সি কলেজের ছাত্র। বড় জমিদার ও শিল্পপতিরা এর সঙ্গে যুক্ত ছিলেন না। সুরেন্দ্রনাথের নেতৃত্বে ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনের প্রভাব দ্রুত বাড়তে থাকে। ১৮৭৬ সালে এর শাখা ছিল মাত্র দশটি। দশ বছরের মধ্যে ১৮৮৫ সালে তা বেড়ে দাঁড়ায় আশিটিতে। বাংলার বাইরেও বিভিন্ন স্থান পরিভ্রমণ করে সুরেন্দ্রনাথ জনমত গঠন করেন। ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনের প্রধান দাবীগুলির মধ্যে ছিল I.C.S. পরীক্ষার বয়স বাড়ানো ও তা ইংল্যান্ডের সঙ্গে সঙ্গে ভারতেও নিতে হবে, পৌরসভা ও আইন সভায় অধিকতর আসন দিতে হবে ইত্যাদির প্রসঙ্গত উল্লেখযোগ্য কৃষক শক্তি সম্পর্কে ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনই প্রথম সচেতন হয় এবং কৃষকদের দলে টানার জন্য বাৎসরিক সদস্য চাঁদা নির্ধারিত হয়েছিল মাত্র এক টাকা। অন্যান্য সদস্যের চাঁদার হার ছিল বাৎসরিক পাঁচ টাকা। কৃষকদের স্বার্থ রক্ষা করার জন্য বেশ কয়েকটি কৃষক সভাও ডাকা হয়েছিল। তবু এদের কৃষকবন্ধু বলে মনে করার কোন কারণ নেই। এই প্রতিষ্ঠানের অন্যান্য কার্যকলাপের মধ্যে ছিল দেশীয় সংবাদপত্র আইন, অস্ত্র আইন ও অন্যান্য দমনমূলক আইনের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলা। ইলবার্ট বিলকে কেন্দ্র করে যে বিতর্কের সূত্রপাত হয়েছিল, বর্ণবৈষম্য নীতির বিরুদ্ধে সেই বিতর্কেও ইন্ডিয়ান এ্যাসোসিয়েশন সক্রিয় ভূমিকা নিয়েছিল। ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনের এই সব কার্যকলাপ অবশ্যই সরকারের মনঃপূত ছিল না।

১.৪.২ পশ্চিম ভারতের (বোম্বাই প্রেসিডেন্সি) রাজনৈতিক সংগঠন

পশ্চিম ভারতের সবচেয়ে রাজনৈতিক সংগঠন হলো পুনা সার্বজনিক সভা। ১৮৭০ সালে এই সভা গড়ে উঠেছিল বিচারপতি মহাদেব গোবিন্দ রাণাডে, গণেশ বাসুদেব যোশি, এস. এইচ. চিলিংকার প্রভৃতি কয়েকজন উদ্যমী ব্যক্তির আন্তরিক প্রচেষ্টায়। অধ্যাপক অনিল শীলের মতে বাংলার রাজনৈতিক জীবনে ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনের ভূমিকার সঙ্গে পশ্চিম ভারতের রাজনীতিতে পুনার সার্বজনিক সভার ভূমিকা তুলনা করা যায়। এই সভার সদস্যদের মধ্যে ছিলেন সর্দার, জমিদার, ব্যবসাদার, অবসর প্রাপ্ত কর্মচারী, উকিল, সাংবাদিক শিক্ষক ইত্যাদি শ্রেণীর মানুষ। এঁদের অধিকাংশই ছিলেন চিৎপাবন ব্রাহ্মণ। তবে এই সভা কেবলমাত্র উচ্চবিত্ত বা মধ্যবিত্তের সমস্যা নিয়েই মাথা ঘামায় নি। কৃষকদের দাবী দাওয়া নিয়েও তারা আন্দোলন করেছিল। ১৮৭২ ও ১৮৭৬-৭৮ দুর্ভিক্ষের সময় তারা ত্রাণকার্যে অংশ নিয়েছিল। এই সভা বোম্বাইতে চিরস্থায়ী ব্যবস্থা চালু করার সুপারিশ করেছিল। সাধারণ মানুষের মধ্যে দেশপ্রেম প্রচার করা ছিল তাদের একটি বড় কাজ। তবু সাধারণ মানুষ বিশেষত কৃষকদের প্রতি তাদের এই করুণা ছিল অনেকটাই লোকদেখানো। এদের ত্রৈমাসিক পত্রিকায় লেখা হয়েছিল দরিদ্র

মূলধনহীন চাষীদের হাতে জমি দেওয়া সম্ভব নয়।” ১৮৮৮ সালে ফুলে শূদ্রদের সার্বজনিক সভার সঙ্গে সম্পর্ক ছিন্ন করতে নির্দেশ দেন। পশ্চিম ভারতের আর একটি উল্লেখযোগ্য সংগঠন হলো বোম্বাই প্রেসিডেন্সি এ্যাসোসিয়েশন। এটি প্রতিষ্ঠিত হয়েছিল ১৮৮৫ সালে। এটি গড়ে উঠেছিল ফিরোজ শাহ মেহতা, বদরুদ্দী তায়েবজী ও তেলাঙ্গের ঐকান্তিক প্রচেষ্টায়।

১.৪.৩ দক্ষিণ ভারতের (মাদ্রাজ প্রেসিডেন্সি) রাজনৈতিক সংগঠন

কলকাতার ব্রিটিশ ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনের শাখা হিসাবে ১৮৫২ সালে মাদ্রাজে স্থাপিত হয়েছিল মাদ্রাজ নেটিভ এ্যাসোসিয়েশন। কিন্তু নানা কারণে ১৮৬২ সালের মধ্যে এই প্রতিষ্ঠান নিষ্ক্রিয় হয়ে পড়েছিল। তবে কয়েক বছরের মধ্যেই সুব্রহ্মণ্য আয়ার, বিজয়রাঘবাচারি, রঙ্গিয়া নাইডু, আনন্দ চার্লু, রামস্বামী মুদালিয়ার প্রমুখের উদ্যোগ ও নেতৃত্বে নেটিভ এ্যাসোসিয়েশন নবজন্ম লাভ করে। লর্ড রিপনের উদারনৈতিক শাসন, বিশেষত তাঁর সায়ন্তশাসন নীতি এঁদের গভীরভাবে উদ্বুদ্ধ করেছিল। কিন্তু শীঘ্রই সদস্যদের মধ্যে মতভেদের ফলে সংগঠনে ভাঙ্গন ধরে। ১৮৮৪ সালে প্রতিবাদী নবীন সদস্যরা প্রতিষ্ঠা করে মাদ্রাজ মহাজন সভা। এই সভা প্রতিষ্ঠা করার একটা উদ্দেশ্য ছিল মাদ্রাজ প্রেসিডেন্সির বিভিন্ন অঞ্চলে স্থাপিত প্রায় একশো সমিতিকো সঙ্ঘবদ্ধ করে একটি ব্যাপক জাতীয় আন্দোলন গড়ে তোলা। এই সভার প্রধান দাবী ছিল— আইনসভার সম্প্রসারণ ও রাজস্ব বিভাগের কাজকর্ম থেকে বিচার বিভাগের পৃথকীকরণ। মহাজন সভার মাধ্যমে মাদ্রাজ দক্ষিণ ভারতের সংকীর্ণ গন্ডি অতিক্রম করে ভারতের বৃহত্তর রাজনৈতিক মঞ্চে অবতীর্ণ হবার সুযোগ পায়। মফঃস্বল শহরে সভা সমিতি আহ্বান করে ও মাদ্রাজ শহরে বাৎসরিক অধিবেশনের মাধ্যমে এই সভা জনগণের মধ্যে জাতীয়তাবাদের আদর্শ ছড়িয়ে দেয়। লক্ষ্য করার বিষয় ১৮৮৪ সালের ডিসেম্বর মাসে প্রথম অধিবেশনে এই সভা যে সমস্ত প্রস্তাব গ্রহণ করেছিল তার সঙ্গে ১৮৮৩ সালে কলকাতায় ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনের জাতীয় সভা বা ন্যাশান্যাল কনফারেন্সের প্রস্তাবের যথেষ্ট সাদৃশ্য ছিল।

১.৫ জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা— তর্ক বিতর্ক

১৮৮৫ সালের ডিসেম্বর মাসে উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের সভাপতিত্বে বোম্বাই শহরে আহৃত ভারতীয় জাতীয় কংগ্রেসের জন্ম ও প্রতিষ্ঠার ইতিহাস রহস্যাবৃত। কার নেতৃত্বে বা উদ্যোগে কংগ্রেস প্রতিষ্ঠিত হয়েছিল, তা নিয়ে ঐতিহাসিকদের মধ্যে তীব্র তর্কবিতর্ক ও মতভেদ আছে। লক্ষ্য করার বিষয় যখন বোম্বাই শহরে কংগ্রেসের অধিবেশন চলছিল, ঠিক সেই সময়ই কলকাতায় অনুষ্ঠিত হচ্ছিল সুরেন্দ্রনাথের ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনের দ্বিতীয় জাতীয় সম্মেলন। ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনের প্রথম জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল ১৮৮৩ সালে। লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে কংগ্রেস ও ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনের মধ্যে কোন গুরুতর মত পার্থক্য ছিল না। তাহলে এই দুই সংগঠনের অধিবেশন কেন একই সঙ্গে ভারতের দুই প্রান্তের দুই

শহরে অনুষ্ঠিত হচ্ছিল, তার কোন সহজবোধ্য ব্যাখ্যা মেলে না। সুরেন্দ্রনাথকে বাদ দিয়ে বা অবহিত না করেই কংগ্রেসের অধিবেশন বসেছিল। কেন তাঁকে অবহিত করা হয় নি, সে প্রশ্ন উঠতেই পারে। তবে ১৮৮৬ সালে কলকাতায় যখন কংগ্রেসের দ্বিতীয় অধিবেশন বসেছিল, তখন সুরেন্দ্রনাথ তাঁর ইন্ডিয়ান এ্যাসোসিয়েশনের অস্তিত্ব বিলোপ করে কংগ্রেসের সঙ্গে মিশে গিয়ে এক মহৎ দৃষ্টান্ত স্থাপন করেছিলেন। কিন্তু জন্মলগ্নেই একটা বোঝাপড়ার অভাব নিশ্চয় আকাঙ্ক্ষিত ছিল না। যাই হোক মূলত তিনটি প্রশ্ন ও বিতর্কের উপর আলোকপাত করার চেষ্টা করবো এই পরিচ্ছদে। (১) কংগ্রেস প্রতিষ্ঠিত হয়েছিল কার উদ্যোগে? (২) কংগ্রেস প্রতিষ্ঠার কারণ কি ছিল? ও (৩) রজনীপাম দত্তের ষড়যন্ত্র তত্ত্ব।

১.৫.১ কংগ্রেস প্রতিষ্ঠার প্রেরণা ও উদ্যোগ

কংগ্রেস প্রতিষ্ঠার প্রেরণা ও উদ্যোগ নিয়ে নানা মুনি নানা মত প্রকাশ করেছেন। পটুভি সীতারামাইয়ার মতে ১৮৭৭ সালে অনুষ্ঠিত দিল্লী দরবারই নাকি প্রথম একটি জাতীয় সভা আহ্বানের প্রেরণা দিয়েছিল। আবার প্রথম কংগ্রেসের অন্যতম সদস্য জি সুব্রামনিয়া আইনয়ার মনে করেন ১৮৮৩ সালে কলকাতায় যে আন্তর্জাতিক প্রদর্শনী হয়েছিল তাই জাতীয় নেতাদের এক সর্বভারতীয় সংগঠন গড়ে তুলতে অনুপ্রাণিত করেছিল। অন্যদিকে কংগ্রেসের প্রথম সভাপতি উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, পঞ্চম সভাপতি হিউমের জীবনীকার ওয়েডারবার্গ, পটুভি সীতারামাইয়া, রজনীপাম দত্ত, অধ্যাপক নিমাই সাধন বসু প্রভৃতি লেখক মনে করেন কংগ্রেস প্রতিষ্ঠিত হয়েছিল এ্যালাই অক্টাভিয়ান হিউমের প্রচেষ্টা ও উদ্যমে। ১৮৮৩ সালের ১লা মার্চ হিউম কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের উদ্দেশ্যে লিখিত এক খোলা চিঠিতে তাদের দেশপ্রেমের মস্তে উদ্বুদ্ধ করেন এবং দেশের কাজে এগিয়ে আসার জন্য অনুপ্রাণিত করেন। এর পর তিনি ১৮৮৫ সালে বড়লাট ডাফরিনের সঙ্গে সাক্ষাৎ করে তাঁকে একটি সর্বভারতীয় প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য অনুরোধ করেন। এর ফলেই কংগ্রেস প্রতিষ্ঠিত হয়। কিন্তু চরমপন্থি নেতা লালু লাজপৎ রায় মনে করেন লর্ড ডাফরিংই কংগ্রেসের প্রতিষ্ঠাতা। আবার কর্ণেল অলকট, রঘুনাথ রাও, নরেন্দ্রনাথ সেন ও এ্যানি বেসান্ত মনে করেন ১৮৮৪ সালের ডিসেম্বর মাসে মাদ্রাজে অনুষ্ঠিত থিওজফিস্টদের এক সমাবেশেই প্রথম কংগ্রেসের মতে একটি প্রতিষ্ঠান গড়ে তোলার কথা ভাবা হয়। প্রসঙ্গত উল্লেখযোগ্য কংগ্রেসের প্রতিষ্ঠাতা হিসাবে কেউই সুরেন্দ্রনাথের দাবী বা অবদানের কথা উল্লেখ করেন নি। অধ্যাপক অমলেশ ত্রিপাঠী এর জন্য কিছুটা আক্ষেপ করেছেন।

প্রথমে আসা যাক সুরেন্দ্রনাথের কথায়। এ কথা সত্য যে হিউমের অনেক আগেই সুরেন্দ্রনাথ একটি সর্বভারতীয় সম্মেলনের কথা ভেবেছিলেন। ১৮৮৩ সালে কলকাতায় জাতীয় সম্মেলনের আহ্বান ছিল তারই বহিঃপ্রকাশ। কাজেই তিনি প্রত্যক্ষভাবে কংগ্রেসের প্রতিষ্ঠাতা না হলেও তাঁর মনের গভীরেই কংগ্রেসের জন্ম হয়েছিল। অনেকটা এই কারণেই অধ্যাপক ত্রিপাঠী সুরেন্দ্রনাথের জাতীয় সম্মেলনকে

“জাতীয় কংগ্রেসের মহড়া” বলে উল্লেখ করেছেন। তবু যেহেতু তিনি প্রত্যক্ষভাবে কংগ্রেস প্রতিষ্ঠার সঙ্গে জড়িত ছিলেন না বা যে কোন কারণেই হোক তাঁকেবাদ দিয়েই কংগ্রেস স্থাপিত হয়েছিল, সেহেতু তাঁকে কংগ্রেসের প্রতিষ্ঠাতা বলা যায় না। আবার অন্যদিকে কংগ্রেসের পরিকল্পনা তাঁর মাথা থেকেই প্রথম বেরিয়েছিল বলে তাঁকে কংগ্রেসের জনক বলে মেনে নিত আপত্তির কোন কারণ আছে বলে মনে হয় না। কিন্তু কংগ্রেসের প্রতিষ্ঠাতা হিসাবে থিওজফিস্টদের দাবী কোন ক্রমেই মেনে নেওয়া যায় না। ডঃ রমেশচন্দ্র মজুমদার বলেছেন যে, এ্যানি বেসান্তের ভাষ্য ছাড়া আমাদের কাছে এমন কোন তথ্য নেই, যাতে কংগ্রেসের প্রতিষ্ঠাতা হিসাবে থিওজফিস্টদের দাবী প্রতিষ্ঠিত হয়। তাছাড়া এ্যানি বেসান্তের ভাষ্যের মধ্যেও অনেক গরমিল আছে। অন্যদিকে অধ্যাপক ত্রিপাঠী, ডঃ বিপান চন্দ্র ও ডঃ অনিল শীল প্রভৃতি আধুনিক ঐতিহাসিকগণ কংগ্রেসের প্রতিষ্ঠাতা হিসাবে হিউমের দাবী পুরোপুরি অস্বীকার করেছেন। এঁদের মতে হিউম ব্যক্তিগত উদ্যোগ না নিলেও কংগ্রেস প্রতিষ্ঠিত হতো, কারণ ভারতবাসী এই ধরনের একটি প্রতিষ্ঠান গড়ে তোলার কথা যে অনেক দিন আগে থেকেই ভাবছিল, সুরেন্দ্রনাথের জাতীয় সম্মেলন ছিল তার প্রমাণ। কংগ্রেসের প্রতিষ্ঠাতা হিসাবে ডাফরিনের দাবী আরও দুর্বল, কারণ তিনি কংগ্রেসের প্রতিষ্ঠা সম্পর্কে আদৌ আগ্রহী ছিলেন না। বরং কংগ্রেসকে তিনি আগাগোড়াই সন্দেহের দৃষ্টিতে দেখতেন। হিউমের প্রস্তাবও তিনি সুনজরে দেখেন নি। হিউমের সঙ্গে তার তীব্র মতবিরোধ ছিল। ডাফরিন যদি কংগ্রেস প্রতিষ্ঠায় উদ্যোগী হতেন, তাহলে তিনি কখনই কংগ্রেসকে “আণুবীক্ষণিক সংখ্যালঘুদের প্রতিনিধি” বলে উপহাস করতেন না।

আমাদের ওপরের আলোচনা থেকে এই সিদ্ধান্তে আসতে পারি যে, হিউম, ডাফরিন, থিওজফিস্টদের এবং এমন কি সুরেন্দ্রনাথকেও এমনভাবে কংগ্রেসের প্রতিষ্ঠাতা হিসাবে স্বীকৃতি দেওয়া যায় না। আসলে কোন ব্যক্তি বিশেষকে বোধহয় কংগ্রেসের জন্মদাতা হিসাবে চিহ্নিত করা যায় না। অধ্যাপক বিপানচন্দ্রের মতে কংগ্রেসের প্রতিষ্ঠা কোন আকস্মিক ঘটনা ছিল না বা তাকে কোন “ঐতিহাসিক দুর্ঘটনা” বলে মনে করার কোন কারণ নেই। এর পিছনে দীর্ঘদিনের প্রস্তুতি ছিল। ১৮৬০-এর দশক থেকে ভারতে যে রাজনৈতিক চেতনার উন্মেষ হয়েছিল, তার মধ্যেই কংগ্রেসের উৎস অনুসন্ধান করতে হবে। ভারতীয়দের এই রাজনৈতিক চেতনার বহিঃপ্রকাশ ছিল বিভিন্ন শহরে গড়ে ওঠা রাজনৈতিক সংগঠনগুলি। এদের মধ্যে একমাত্র সুরেন্দ্রনাথের ইন্ডিয়ান এ্যাসোসিয়েশন ছাড়া আর কোন সংগঠনের একটি সর্বভারতীয় প্রতিষ্ঠানে উন্নীত হতে পারে নি। এই অবস্থায় হিউমের উদ্যোগে কংগ্রেস প্রতিষ্ঠিত হয়। এই ভাবে বিচার করলে হিউমকে কংগ্রেসের প্রতিষ্ঠাতা বলে মনে হতে পারে, কারণ তিনি এগিয়ে না আসলে ১৮৮৫ সালেই হয়ত কংগ্রেস প্রতিষ্ঠিত হতো না। আবার অন্য এক বিচারে হিউম ছিলেন কালের হাতে পুতুল মাত্র। অর্থাৎ এই ধরনের এই সর্বভারতীয় প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা সম্পর্কে ভারতবাসীর মানসিক প্রস্তুতি না থাকলেও, তাঁর সমস্ত প্রচেষ্টা আদৌ সফল হতো কিনা সন্দেহ। আর এই মানসিক প্রস্তুতির কাজ অনেকটাই করে দিয়েছিলেন সুরেন্দ্রনাথ। এক কথায় বলতে পারি যা ছিল সুরেন্দ্রনাথের

স্বপ্ন বা আদর্শ হিউম তার বাস্তব রূপ দিয়েছিলেন। অর্থাৎ একে চিলে অপরের পরিপূরক। কংগ্রেস ছিল ভারতের জনগণের রাজনৈতিক চেতনা এবং এই যৌথ প্রচেষ্টার পরিণতি।

১.৫.২ কংগ্রেস প্রতিষ্ঠার উদ্যোগের কারণ ও উদ্দেশ্য

কংগ্রেস প্রতিষ্ঠার প্রেক্ষাপট সম্পর্কে অবহিত হবার পর আপনাদের মনে সঙ্গত কারণেই যে প্রশ্ন উদ্ভূত হতে পারে, তা হলো একটি সর্বভারতীয় প্রতিষ্ঠান গড়ে তোলায় ভারতীয়দের উদ্যম ও আগ্রহ থাকলেও হিউমের মত একজন দক্ষ ইংরেজ রাজপুরুষ ও অবসপ্রাপ্ত সিভিলিয়ান তা নিয়ে কেন মাথা ঘামালেন। কিন্তু আগের কথা আগে। ভারতীয়দের দিক থেকে আগ্রহের কারণ হলো ১৮৮৫ সালের আগে যে সব রাজনৈতিক সংগঠন ইতস্ততভাবে ভারতের বিভিন্ন শহরে গড়ে উঠেছিল, তার ফলে কোন ঐক্যবদ্ধ জাতীয় আন্দোলন সঠিক পথে পরিচালিত হবার কোন সুযোগ ছিল না। ভারতীয় জনগণের এই অনৈক্যের সুযোগ নিয়ে ইংরেজরা ভারতীয়দের হবার কোন সুযোগ ছিল না। ভারতীয় জনগণের এই অনৈক্যের সুযোগ নিয়ে ইংরেজরা ভারতীয়দের ন্যায় অধিকার ও দাবী থেকে বঞ্চিত করছিল। এই অবস্থায় ভারতে জাতি গঠনের কাজ অত্যন্ত জরুরী ছিল। ভারতের শিক্ষিত মানুষ উপলব্ধি করছিল যে, ভারতের বিভিন্ন প্রান্তের মানুষকে একটি রাজনৈতিক সংগঠনের ছত্রছায়ায় সমবেত করতে না পারলে এই জাতি গঠনের কাজ অসম্পূর্ণ থাকবে। সুরেন্দ্রনাথ, তিলক প্রভৃতি নেতা এই বাস্তব অবস্থা ও প্রয়োজনীয়তা সম্পর্কে অবহিত ও সচেতন ছিলেন। এমনকি ১৯২৫ সালে সুরেন্দ্রনাথ তাঁর লিখিত বইয়ের নাম রেখেছিলেন— “A nation is Making.” ভারতের মানুষেরা যাতে এক অখণ্ড ঐক্য এ জাতীয়তাবাদের মন্ত্রে দীক্ষিত হতে পারে এবং যাতে তারা পরস্পর পরস্পরের আরও কাছে আসতে পারে, তার জন্য স্থির হয়েছিল যে, কংগ্রেসের অধিবেশন প্রতিবছর ভারতের বিভিন্ন শহরে সংগঠিত হবে এবং যে অঞ্চলে সেই অধিবেশন হবে, সেই অঞ্চলের কোন নেতা সভাপতি হতে পারবেন না। অর্থাৎ কংগ্রেস প্রতিষ্ঠিত হয়েছিল দেশ ও জাতির স্বার্থে।

অন্যদিকে হিউম কংগ্রেস প্রতিষ্ঠায় উদ্যম নিয়েছিলেন ইংরেজ সরকারের স্বার্থে ও প্রয়োজনে। আবার ভারত প্রেমী হিসাবেও তাঁর খ্যাতি ছিল। কিন্তু ভারতে ইংরেজ শাসনের স্থায়িত্ব ও নিরাপত্তাকে তিনি অগ্রাধিকার দিয়েছিলেন। লিটনের আমলে হিউম যখন সরকারী উচ্চপদে আসীন ছিলেন, তখন নাকি সাতখণ্ডের এক সরকারী নথি বা রিপোর্ট তাঁর হাতে আসে। এগুলি পাঠ করে তাঁর মনে হয় ভারতের পরিস্থিতি অগ্নিগর্ভ এবং ভারতে এক গণবিদ্রোহ আসন্ন। ১৮৫৭-৫৮ সালের মহাবিদ্রোহের কথা তখনও ইংরেজরা বিস্মৃত হয় নি। হিউমের আশঙ্কা হয় যে, এই পরিস্থিতিতে যদি শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীও এই বিদ্রোহে অংশ নেয়, তাহলে ব্রিটিশ সাম্রাজ্যের অস্তিত্ব বিপন্ন হতে পারে। এই সংকট থেকে ইংরেজদের রক্ষা করার জন্য এবং ভারতবাসীর মন বোঝার উদ্দেশ্যে তিনি মধ্যবিত্ত শ্রেণীর সঙ্গে এক ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করার কথা চিন্তা করেন। তিনি জানতেন যে, মধ্যবিত্ত শ্রেণীও নানা কারণে ক্ষুব্ধ ও অসন্তুষ্ট। এই জন্যই তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন সভায় স্নাতকদের উদ্দেশ্যে একটি খোলা

চিঠি লেখেন। এর পর তিনি তাঁর পরিকল্পনার কথা ডাফরিনের কর্ণগোচর করেন। লালা লাজপৎ রায় মস্তব্য করেছেন কংগ্রেস প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য ছিল ব্রিটিশ সাম্রাজ্যের নিরাপত্তা বিধান করা, ভারতের স্বার্থ রক্ষা করা নয়। অর্থাৎ ভারতবাসীর রাজনৈতিক অধিকার বা স্বাধীনতার মত কোন মহৎ আদর্শের দ্বারা হিউম অনুপ্রাণিত হন নি।

১.৫.৩ কংগ্রেস প্রতিষ্ঠা ও ষড়যন্ত্র তত্ত্ব

কংগ্রেস প্রতিষ্ঠার উদ্দেশ্যকে কেন্দ্র করে যে তত্ত্ব সব চেয়ে বেশি বিতর্ক ও উত্তপ্ত আলোচনার সৃষ্টি করেছে, তা হলো ষড়যন্ত্র তত্ত্ব। এর দুটি দিক ছিল। প্রথমটি হল কংগ্রেস প্রতিষ্ঠার সময় হিউম ও কংগ্রেস নেতাবৃন্দের সুরেন্দ্রনাথকে পুরোপুরি অস্বীকার বা অগ্রাহ্য করা। হিউম যখন তাঁর পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য ১৮৮৫ সালের মার্চ মাসে কলকাতা এসেছিলেন তখন তিনি নরেন্দ্রনাথ সেন (Indian Mirror পত্রিকার সম্পাদক) ও উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করলেও সুরেন্দ্রনাথের সঙ্গে দেখা করেন নি। আনন্দমোহন বসুর সঙ্গে সাক্ষাৎ করলে হিউম তাঁর সঙ্গেও এ বিষয়ে কোন কথা বলেন নি। নভেম্বরের শেষে সুরেন্দ্রনাথ যখন হিউমের পরিকল্পনার কথা জানতে পারেন, তখন তিনি তাঁর জাতীয় সম্মেলনের প্রস্তুতি নিয়ে ব্যস্ত। সুতরাং তাঁর পক্ষে কংগ্রেস অধিবেশনে যোগদান করার কোন সম্ভাবনা ছিল না। অধ্যাপক অমলেশ ত্রিপাঠী মনে করেন হিউম ইচ্ছাকৃতভাবেই এ কাজ করছিলেন। তিনি আরও মনে করেন উমেশচন্দ্র ও নরেন্দ্রনাথও এই ষড়যন্ত্রের সঙ্গে যুক্ত ছিলেন।

দ্বিতীয় ষড়যন্ত্র আরও গভীর ও ভয়ংকর। এই ষড়যন্ত্রও হয়েছিল কংগ্রেস স্তরের সঙ্গে হিউম ডাফরিনের। ভারতীয় জনগণের হ্রীর ক্ষোভ ও রাষ যাতে ব্রিটিশ সাম্রাজ্যের অস্তিত্ব বিপন্ন করতে না পারে, তার জন্য কংগ্রেস ইংরেজদের সঙ্গে হাতে হাত মিলিয়েছিল। ইংরেজরা চেয়েছিল কংগ্রেসকে এক “নিরাপত্তামূলক যন্ত্র” বা “রক্ষা কবচ” হিসাবে ব্যবহার করতে। ১৯১৬ সালে চরমপন্থী নেতা লালা লাজপৎ রায় নরমপন্থী নেতাদের আক্রমণ করার উদ্দেশ্যে “নিরাপত্তা মূলক যন্ত্র” তত্ত্ব ব্যবহার করেন। এর প্রায় পঁচিশ বছর পরে উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের রচনার উপর ভিত্তি করে প্রখ্যাত মার্কসবাদী বুদ্ধিজীবী ও লেখক রজনীপাম দত্ত এই ভিমত প্রকাশ করেন যেন হিউম, ডাফরিন ও কংগ্রেস নেতৃবৃন্দ সবাই মিলে আসন্ন এক গণ অভ্যুত্থানের কণ্ঠ রোধ করার জন্য এক চক্রান্ত গড়ে তুলেছিলেন। অর্থাৎ কংগ্রেস প্রতিষ্ঠার পিছনে কেবলমাত্র “নিরাপত্তামূলক যন্ত্র” বা “রক্ষাকবচ” তত্ত্বই নয়, গভীরতর আরও একটি দুরভিসন্ধি ছিল। রজনীপাম দত্তের মতে শুধু সরকার নয়, কংগ্রেস নেতারাও আসন্ন গণ আন্দোলন সুনজরে দেখেন নি। তাই তাঁরাও কংগ্রেস প্রতিষ্ঠায় সরকারের সঙ্গে সহযোগিতা করেছিলেন। সি. এফ. এন্ডুজ ও গিরিজা মুখার্জীও “নিরাপত্তামূলক যন্ত্র” বা “রক্ষাকবচ” তত্ত্ব স্বীকার করেছেন। আধুনিক ঐতিহাসিকদের মধ্যে এস.আর. মেহরত্র রজনীপাম দত্তের এই তত্ত্বের আংশিকভাবে সমর্থন করেছেন।

অধ্যাপক অমলেশ ত্রিপাঠী, অধ্যাপক বিপান চন্দ্র প্রভৃতি ঐতিহাসিক রজনীপাম দত্তের ষড়যন্ত্র তত্ত্বের অসারতা প্রমাণ করেছেন। অধ্যাপক ত্রিপাঠীর মতে ডাফরিন কংগ্রেস প্রতিষ্ঠায় আদৌ আগ্রহী ছিলেন না এবং তাঁর সঙ্গে হিউমের গুরুতর মতভেদ ছিল। সুতরাং তার পক্ষে এই ধরনের ষড়যন্ত্র অংশ গ্রহণ করা বিশ্বাসযোগ্য নয়। আসলে হিউম ডাফরিন সম্পর্কে অনেক মনগড়া কথা বলতেন এবং উমেশচন্দ্রদের কাছেও বলেছেন। “তারই ওপর ভিত্তি করে উমেশচন্দ্র কংগ্রেসের জন্মকাহিনী লেখেন এবং সীতারামাইয়া, রজনীপাম দত্ত সবাই তা বিশ্বাস করে বসেন।” অন্যদিকে যে সাতখণ্ড সরকারী নথির উপর নির্ভর করে হিউম এক ব্যাপক গণ বিদ্রোহের আশঙ্কা করেছিলেন তার অস্তিত্ব সম্পর্কেই প্রশ্ন তুলেছেন অধ্যাপক বিপানচন্দ্র। জাতীয় মহাফেজখানা তন্ন তন্ন করে খুঁজেও নাকি এই ধরনের কোন নথি পাওয়া যায় নি। হয়ত ইংরেজরা ভারত ছাড়ার আগে তা ধ্বংস করে দিয়ে ছিল। সবচেয়ে বড় কথা লিটনের সময়ই যদি হিউম একটি তীব্র গণবিদ্রোহের আশঙ্কা করে থাকেন, তাহলে কেন সাত বছর ধরে সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করে নি, এ প্রশ্ন ওঠা স্বাভাবিক। অধ্যাপক বিপানচন্দ্রের মতে আসলে কোন সরকারী নথি থেকে নয়, হিউম আসন্ন এই গণবিদ্রোহের কথা জানতে পেরেছিলেন কয়েকজন অলৌকিক ক্ষমতাসম্পন্ন ধর্মগুরু ও চেলাদের কাছ থেকে। হিউম প্রাচ্যধর্ম সম্পর্কে খুব আগ্রহী ছিলেন এবং তাঁর সঙ্গে বিভিন্ন ধর্মগুরুর যথেষ্ট যোগাযোগ ছিল। বিভিন্ন অলৌকিক তত্ত্বেও তিনি বিশ্বাসী ছিলেন। এই সব ধর্মগুরু ও চেলারাই তাঁকে আসন্ন এই গণ অভ্যুত্থানের হাত থেকে ভারতকে রক্ষা করার জন্য নাকি আবেদন জানিয়েছিলেন আর তার ভিত্তিতেই হিউম ডাফরিনের সঙ্গে কথাবার্তা বলেছিলেন। ডাফরিন যে তাঁর সব কথা বিশ্বাস করতেন না এবং মনে করতেন তার মাথায় ছিট আছে, সে কথা আগেই বলেছি। যাই হোক ওপরের আলোচনা থেকে দেখা যাচ্ছে কংগ্রেস প্রতিষ্ঠায় হিউম ভারতীয় নেতাদের দ্বারা নয় বরং ঐ সব গুরু ও তাদের চেলাদের অলৌকিক ক্ষমতার দ্বারা প্রভাবিত হয়েছিলেন। সুতরাং এ ক্ষেত্রে ষড়যন্ত্রের কোন অবকাশ ছিল না। তবে অনেকে একটি প্রশ্ন তুলতে পারেন, তা হলো কংগ্রেস নেতারা যদি ষড়যন্ত্রে অংশগ্রহণ করে না থাকেন, তা হলে তাঁরা কেন হিউমের সঙ্গে সহযোগিতা করেছিলেন? এর উত্তরে বলা যায় ভারতপ্রেমী হিসাবে হিউমের খ্যাতি ছিল ও ভারতীয় জনগণের সঙ্গে তাঁর সম্পর্ক ছিল খুব ঘনিষ্ঠ। তাই তাঁর সঙ্গে সহযোগিতা করতে ভারতীয় নেতাদের কোন অসুবিধা হয় নি। তার চেয়েও বড় কথা হলো কংগ্রেস নেতারা ভেবেছিলেন যে, হিউমের মত একজন উচ্চপদস্থ প্রাক্তন সরকারী কর্মচারীর উপস্থিতি কংগ্রেস সম্পর্কে সরকারের মন থেকে সর্বপ্রকার সন্দেহ সরিয়ে দেবে, অর্থাৎ হিউমের সঙ্গে সহযোগিতা ছিল এক বাস্তব প্রয়োজনীয়তা ও কৌশলমাত্র। এর মধ্যে কোন ষড়যন্ত্র ছিল না।

১.৬. কংগ্রেসের সামাজিক ভিত্তি

কংগ্রেসই ভারতের প্রথম জাতীয় সংগঠন, যার ছত্রছায়ায় সমবেত হয়েছিল জাতিধর্ম নির্বিশেষে ভারতের বিভিন্ন প্রান্তের সমস্ত শ্রেণীর মানুষ। আগে যে সব রাজনৈতিক সংগঠন গড়ে উঠেছিল, তাদের

প্রভাব ছিল আঞ্চলিক, লক্ষ্য ছিল সীমিত এবং দৃষ্টিভঙ্গি ছিল সঙ্কীর্ণ। প্রচলিত অর্থে অবশ্য, কংগ্রেসকে কোন রাজনৈতিক দল বলা যায় না, কারণ দীর্ঘদিন পর্যন্ত এর কোন সংবিধান ছিল না বা অন্তত প্রথম দিকে কোন একজন ব্যক্তি বিশেষ এর প্রধান বা নেতা ছিলেন না। এমনকি এর কোন সুস্পষ্ট সংগঠন ও মজুদ অর্থভাণ্ডার ছিল না। তবু কংগ্রেসকে ঘিরেই ভারতবাসী তাদের আশা আকাঙ্ক্ষা ও দাবীদাওয়া তুলে ধরতে ও তা আদায় করতে সক্রিয় ছিল। সাধারণ মানুষ তাই কংগ্রেসের বার্ষিক অধিবেশনের দিকে অধীর আগ্রহে তাকিয়ে থাকতো।

কংগ্রেসের শ্রেণী চরিত্র ও সামাজিক ভিত্তি নিয়ে নানা জনে নানা অভিমত প্রকাশ করে এসেছেন। বামপন্থীরা আগাগোড়াই বলে এসেছেন যে কংগ্রেস হলো একটি বুর্জোয়া প্রতিষ্ঠান। প্রথম যুগের কংগ্রেস নেতাদের সম্পর্কে এই ধরনের অভিযোগ ভ্রান্ত বলে মনে করেন অধ্যাপক অমলেশ ত্রিপাঠী। সি.এস. বেইলির প্রতিবেদনের উপর ভিত্তি করে তিনি এই সিদ্ধান্তে এসেছেন যে, এই সময়ে কংগ্রেসে জমিদার শ্রেণীরই প্রাধান্য ছিল। কংগ্রেসকে মোটা টাকা চাঁদা দিতেন দ্বারভাঙ্গার মহারাজের মত বড় জমিদার বা ভিজিয়াননবগাম ও বরোদার দেশীয় রাজন্যবর্গ। স্বদেশী আন্দোলনের ব্যয় ভার বহন করেছেন নাটোর, ময়মনসিংহ, গৌরীপুর, নাড়াজেল, টাকী ও উত্তরপাড়ার জমিদার। বোস্বাই, মাদ্রাজ ও পাঞ্জাবে কংগ্রেস তহবিলে মোটা টাকা দিতেন জমিদার বা ভূস্বামী শ্রেণী। উদাহরণ স্বরূপ মহারাষ্ট্রের নাটু ভাতৃদয়, পাঞ্জাবের রামভুজ দত্ত চৌধুরী ও মাদ্রাজের রামনাদের রাজার নাম করা যায়। উত্তর ভারতে তালুকদাররা অবশ্য সরকারের অনুগত ছিল। কংগ্রেসে জমিদার শ্রেণীর প্রাধান্য ছিল বলেই কংগ্রেস চিরস্থায়ী বন্দোবস্তের সমর্থক ছিল।

জমিদাররা কংগ্রেসের সঙ্গে যুক্ত থাকলেও কংগ্রেসকে কখনই তাদের প্রতিষ্ঠান বা মুখপাত্র বলা যায় না। সাধারণভাবে কংগ্রেস ছিল উচ্চ শিক্ষিত উচ্চবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণীর প্রতিষ্ঠান। অবশ্য মধ্যবিত্ত শ্রেণী বলতে ঠিক কাদের বোঝায় তা ব্যাখ্যা করা কঠিন। অনেক সময়ে দেখা গেছে মধ্যবিত্ত শ্রেণী আসলে ব্যাঙ্কার, বণিক বা জমিদার শ্রেণীর অনুগ্রহ পুষ্ট এবং তাদের হয়ে কাজ করেছে। উদাহরণ স্বরূপ সি.এস. বেইলি এলাহাবাদের শিক্ষিত মধ্যবিত্ত আইনজীবী ও অন্যান্য পেশায় নিযুক্ত মানুষের কথা বলেছেন। বোস্বাই ও মাদ্রাজ সম্পর্কেও অনুরূপ মন্তব্য করেছেন ক্রিষ্টিন ডবিন ও ডি.এ. ওয়ার্লক। অধ্যাপক অমলেশ ত্রিপাঠী অবশ্য এই ধরনের ব্যাখ্যা পুরোপুরি গ্রহণ করতে অনিচ্ছুক। তাঁর মতে কংগ্রেসের প্রথম শ্রেণীর নেতাদের মধ্যে ফিরোজ শাহ মেহতা, গোপাল কৃষ্ণ গোখলে বা সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কখনই অন্যের কথায় চলতেন না। এঁদের জমিদার বা বণিক শ্রেণীর মুখপাত্র বলেও মনে করার কোন কারণ নেই। আবার আনন্দমোহন বসু একজন শিক্ষাব্রতী ও ব্যারিস্টার হিসাবে খ্যাতি অর্জন করলেও আসলে তিনি ছিলেন জমিদার সন্তান। কে কথায় বলা যায় কংগ্রেসের আদি পর্বে জমিদার, বণিক এবং মধ্যবিত্ত সকলেই সক্রিয় থাকলেও বণিকদের ভূমিকা ছিল অতি নগণ্য। গান্ধীর আবির্ভাবের পর অবশ্য বণিকদের প্রাধান্য চোখে পড়ে।

কংগ্রেসের বিভিন্ন অধিবেশনে যে সব সদস্য অংশ গ্রহণ করতেন, তা থেকে কংগ্রেসের শ্রেণী চরিত্র সম্পর্কে একটা আভাস পাওয়া যায়। ১৮৮৫ থেকে ১৯০৯ পর্যন্ত যে সব সদস্য কংগ্রেস অধিবেশনে অংশ গ্রহণ করেছিলেন তাতে আইনজীবীদের সংখ্যাধিক্য আমাদের দৃষ্টি আকর্ষণ করে। ১৮৮৫ থেকে ১৮৮৮ পর্যন্ত ৪ বছরে কংগ্রেস অধিবেশনে মোট ২৩৬১ জন সদস্য যোগদান করেছিলেন। এঁদের মধ্যে আইনজীবীর সংখ্যা ছিল ৮৮৬ জন। আবার ১৮৯২ থেকে ১৯০৯ পর্যন্ত কংগ্রেস অধিবেশনে যোগদানকারী ১৩,৮৩৯ জন সদস্যের মধ্যে ৫,৪৪২ জন সদস্যই ছিলেন পেশায় আইনজীবী। ১৮৮৫ থেকে ১৮৮৮ পর্যন্ত যে সব পেশাদারী মানুষ কংগ্রেস অধিবেশনে অংশ গ্রহণ করেছিলেন তাঁদের প্রতিনিধি সংখ্যা নিচে দেওয়া হলো।

	১৮৮৫	১৮৮৬	১৮৮৭	১৮৮৮
প্রতিনিধি সংখ্যা	৭২	৪৩৪	৬০৭	১২৪৮
আইনজীবী	৩৯	১৬৬	২০৬	৪৫৫
ডাক্তার	১	১৬	৮	৪২
সাংবাদিক	১৪	৪০	৪৩	৭৩

১৮৯২ থেকে ১৯০৯ পর্যন্ত কংগ্রেস অধিবেশনে যোগদানকারী আইনজীবীদের সংখ্যা আগে বলেছি। ঐ সময়ে অন্যান্য শ্রেণী বা বৃত্তিজীবী সদস্যদের সংখ্যা ছিল যথাক্রমে জমিদার ২৬২৯, বণিক ২৯০১, সাংবাদিক ৪৪১, ডাক্তার ৪০৮, ও শিক্ষক ৪৩৮। কংগ্রেসে যোগদানকারী সদস্যের মধ্যে শতকরা ২৫ জন ছিলেন বিশ্ববিদ্যালয়ের স্নাতক। সরকারী কর্মচারীদের কংগ্রেস অধিবেশনে যোগদানে প্রথম দিকে উৎসাহ দেওয়া হতো না। পরে তা সম্পূর্ণরূপে নিষিদ্ধ করে দেওয়া হয়। কংগ্রেসে শিক্ষকদের প্রতিনিধিত্ব ছিল খুব অল্প। কংগ্রেসের প্রথম অধিবেশনে মাত্র দু-জন শিক্ষক উপস্থিত ছিলেন। চতুর্থ অধিবেশনে অবশ্য এই সংখ্যা ছিল ৫৯। তবে অধিকাংশ শিক্ষকই ছিলেন কংগ্রেস আন্দোলনের সমর্থক। কংগ্রেসে আইনজীবীদের সংখ্যাধিক্যের কারণ ব্যাখ্যা করতে গিয়ে ডুডিথ ব্রাউন বলেছেন যে, শুধু ইংরেজী ভাষায় দক্ষতা বা সংবিধান সম্পর্কে তাঁদের জ্ঞান নয়, বড় দিনের ছুটির অবসরও, যা অন্যান্য শ্রেণীর মানুষের কাছে সহজলভ্য ছিল না, তাঁদের কংগ্রেস অধিবেশনে যোগদান করার সুযোগ এনে দিয়েছিল।

ভৌগোলিক মাপকাঠিতে বিচার করলে দেখা যাবে যে, বাংলা, বোম্বাই ও মাদ্রাজ—এই তিন প্রেসিডেন্সি থেকে অধিকাংশ কংগ্রেস নেতা ও সদস্য আসতেন। এর কারণ পাশ্চাত্য শিক্ষার সুযোগ এই সব অঞ্চলেই ছিল সব চেয়ে বেশি। ১৮৮৫ থেকে ১৯০৯ পর্যন্ত ভারতের বিভিন্ন প্রদেশ থেকে কত জন সদস্য কংগ্রেসে যোগদান করেছিলেন, নিচের পরিসংখ্যানে তা দেওয়া হলো।

বাংলা ও আসাম	—	৩,৯০৫
বোম্বাই ও সিন্ধু	—	৪,৮৫৭
মাদ্রাজ	—	৪,০৬২
উত্তর-পশ্চিম প্রদেশ ও অযোধ্যা	—	৩,০২৩
পাঞ্জাব	—	১,৫৪৭
মধ্যপ্রদেশ (C.P.) ও বেবার	—	২,১৭০
	মোট	১৯,৫৬৪

এই পরিসংখ্যান থেকে দেখা যাচ্ছে এই সময়ে, অর্থাৎ ১৯৯৫ থেকে ১৯০৯ পর্যন্ত কংগ্রেস অধিবেশনে যে ১৯,৫৬৪ সদস্য যোগদান করে ছিলেন, তাঁদের মধ্যে ১২,৮২৪ জনই এসেছিলেন বাংলা, বোম্বাই ও মাদ্রাজ থেকে।

কংগ্রেস একটি ধর্মনিরপেক্ষ ও অসাম্প্রদায়িক প্রতিষ্ঠান হলেও সেখানে হিন্দুদের, এবং বিশেষভাবে বর্ণহিন্দু বা ব্রাহ্মণদের সংখ্যাধিক্য আমাদের চোখে পড়ে। ১৮৯২ থেকে ১৯০৯ পর্যন্ত যে ১৩,৮৩৯ জন সদস্য কংগ্রেস অধিবেশনে যোগ দেন, তার মধ্যে ব্রাহ্মণ ও অব্রাহ্মণ হিন্দুর সংখ্যা ছিল যথাক্রমে ৫,৫২৩ ও ৬৮৬০। অশিক্ষিত ও নিম্নবর্গের হিন্দুদের কোন ঠাঁই হয় নি। কংগ্রেসের কাজকর্ম সব কিছুই হতো সাধারণের দুর্বোধ্য ইংরেজী ভাষায়। আসলে কংগ্রেসের সদস্যরা সাধারণ মানুষের জীবনযাত্রা সম্পর্কে অবহিত ছিলেন না। উভয়ের মধ্যে সামাজিক ও অর্থনৈতিক দূরত্ব ছিল অনতিক্রমা। সাধারণ মানুষ এঁদের সমীহ, এমন কি ভয় করতেন। কংগ্রেস নেতারা আচার আচরণ ও মানসিকতার দিক থেকে ছিলেন পুরোমাত্রায় ইউরোপীয়। তাই তাঁরা সাধারণ মানুষের সঙ্গে মিশতে পারতেন না। সুমিত সরকারের ভাষ্য থেকে জানতে পারি ফিরোজ শাহ মেহতা নাকি রেলের বিশেষ সেলুনে যাতায়াত করতেন। দাদাভাই নৌরজী নিজেদের এই সীমাবদ্ধতা সম্পর্কে সচেতন ছিলেন বলেই স্পষ্ট ভাষায় বলেছিলেন,— “আমরা নিজেদের শ্রেণী ছাড়া অন্যান্যদের সম্পর্কে কতটুকু জানি?” লালা লাজপৎ রায় কংগ্রেসের এই সংকীর্ণ সামাজিক ভিত্তির তীব্র সমালোচনা করেছিলেন।

অন্যদিকে কংগ্রেস অধিবেশনে মুসলিম সদস্যদের সংখ্যালঘুতাও আমাদের বিশেষভাবে চোখে পড়ে। ১৮৯২ থেকে ১৯০৯ পর্যন্ত যে ১৩,৮৩৯ জন সদস্য কংগ্রেস অধিবেশনে যোগ দেন, তাদের মধ্যে মুসলিম প্রতিনিধির সংখ্যা ছিল মাত্র ৯১২ জন এবং এর মধ্যে আবার ১৮৯৯ সালে লক্ষ্ণৌ শহরে অনুষ্ঠিত কংগ্রেস অধিবেশনেই ৩১৩ জন মুসলিম সদস্য যোগদান করেছিলেন। কংগ্রেসের প্রথম শ্রেণীর নেতাদের মধ্যে একমাত্র বদরুদ্দীন তায়েবজী ছাড়া অন্য কোন মুসলিম নেতা র নাম পাওয়া যায় না। দুটি কারণে মুসলিম সম্প্রদায় কংগ্রেসে যোগ দেয় নি। প্রথমতঃ শিক্ষাদীক্ষায় মুসলিম সম্প্রদায় হিন্দুদের তুলনায় অনেক পিছিয়ে ছিল। স্বাভাবিক কারণেই তাই শিক্ষিতদের প্রতিষ্ঠান কংগ্রেসে তাদের ঠাঁই হয়

নি। দ্বিতীয়ত, স্যার সৈয়দ আহমেদ মুসলিম যুব সম্প্রদায়কে কংগ্রেস রাজনীতি থেকে দূরে থাকতে উপদেশ দেন। তিনি কংগ্রেসকে একটি হিন্দু প্রতিষ্ঠান হিসাবে চিহ্নিত করেন। বদরুদ্দীন তায়েবজ স্যার সৈয়দ আহমেদের এই নীতির বিরোধিতা করেও কিছু করতে পারেন নি। স্যার সৈয়দ আহমেদ তাঁর দ্বি-জাতি তত্ত্বে অটল থাকেন। মুসলিম সম্প্রদায়ের মধ্যে তায়েবজীর তুলনায় স্যার সৈয়দ আহমেদের প্রভাব ছিল বেশি। ফলে মুসলিম সম্প্রদায়ের সংখ্যাগরিষ্ঠ মানুষ কংগ্রেসে যোগ দেয় নি এবং কংগ্রেস অধিবেশনে তাদের সংখ্যা দিন দিন কমতে থাকে। ১৮৮৮ সালে এলাহাবাদ অধিবেশনে মুসলিম প্রতিনিধির সংখ্যা ছিল মাত্র ২২২ জন। কিন্তু ছোটলাট কলভিনের মতে এতে কোন সম্ভ্রান্ত বা সম্পন্ন মুসলমান অংশগ্রহণ করে নি। পরের বছর বোম্বাই অধিবেশনে ২৪৮ জন মুসলিম প্রতিনিধি যোগ দেন। কিন্তু তার পর থেকেই তাদের সংখ্যা দিন দিন হ্রাস পেতে থাকে। ১৮৯৪ সালে মাদ্রাজ ও ১৮৯৫ সালে পুণায় আন্তর্জাতিক কংগ্রেস অধিবেশনে মুসলিম প্রতিনিধির সংখ্যা ছিল মাত্র ২৩ ও ২৫ জন। পরবর্তী অধিবেশনগুলিতে এই সংখ্যা আরও কমতে থাকে। একমাত্র ব্যতিক্রম ছিল ১৮৯৯ সালে আন্তর্জাতিক কংগ্রেস, যার কথা আগেই বলেছি।

কংগ্রেস প্রথম সর্বভারতীয় বা জাতীয় সংগঠন হলেও সমাজের প্রতিটি স্তরের মানুষ যে এই আন্দোলনের সঙ্গে যুক্ত ছিল না, এ কথা স্বীকার্য। আগেই বলেছি কংগ্রেস ছিল মূলত শিক্ষিত মধ্যবিত্ত হিন্দু সম্প্রদায়ের মুখপাত্র। তবুও কংগ্রেসের অভিনবত্ব এইখানে যে সময়ের সঙ্গে সঙ্গে কংগ্রেস সমস্ত ভারতবাসীর আশা আকাঙ্ক্ষা ও ইংরেজ বিরোধিতার প্রতীক হিসাবে নিজের ভাবমূর্তি গড়ে তুলতে সক্ষম হয়েছিল। পরবর্তীকালে কংগ্রেসকে কেন্দ্র করেই ভারতের স্বাধীনতা আন্দোলন সংগঠিত হয়েছিল। সাধারণ নিম্নবর্গের মানুষের সঙ্গে সম্পর্ক না থাকলেও কংগ্রেস যে একেবারে তাদের কথা ভাবে নি তা নয়। কংগ্রেসের দৃষ্টিভঙ্গী ছিল আধুনিক। ব্রিটিশ শাসনের ঔপনিবেশিক শোষণ ও বঞ্চনার কথা তুলে ধরে কংগ্রেস নেতারা সমস্ত ভারতবাসীর প্রতিনিধিত্ব করেছিলেন। দেশের সাধারণ মানুষের ওপর ইংরেজ রাজপুরুষদের অত্যাচার ও জাতি বৈষম্যের নগ্ন রূপ উন্মোচন করে তাঁরা সমস্ত ভারতবাসীর ক্ষোভ ও অসন্তোষের অনুভূতিকে বাস্তব করেছিলেন। কংগ্রেসের আগে অন্য কোন প্রতিষ্ঠান এই ধরনের সর্বব্যাপী সার্বিক দৃষ্টিভঙ্গীর পরিচয় ও সাক্ষ্য দিতে পারে নি।

১.৭ সারাংশ

১৭৫৭ সালে পলাশীর যুদ্ধের ফলে ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের সূচনা হলেও পরবর্তী একশো বছর ধরে ইংরেজরা একটু একটু করে তাদের রাজনৈতিক আধিপত্য স্থাপন করতে তৎপর হয়েছিল। ভারতবাসীর কিন্তু অন্তর থেকে ব্রিটিশ শাসন মেনে নিতে চায় নি এবং এই সময়ের মধ্যে একের পর এক অসংখ্য কৃষক বিদ্রোহ ইংরেজ শাসনের অস্তিত্ব বিপন্ন করেছিল। ভারতবাসীর এই ইংরেজ বিরোধিতা সবচেয়ে বেশি তীব্র আকার ধারণ করেছিল ১৮৫৭ সালের মহাবিদ্রোহে। সারা ভারত জুড়ে এই বিদ্রোহ

সংগঠিত না হলেও উত্তর ও মধ্যভারতের এক বিস্তীর্ণ অঞ্চল এই বিদ্রোহে সামিল হয়েছিল। ইংরেজরা এই বিদ্রোহ দমন করতে সক্ষম হলেও ইংরেজ বিরোধিতার অবসান হয় নি। ইংরেজ বিরোধিতাকে একটি ঐক্যবদ্ধ পথে পরিচালিত করার জন্য যে তাগিদ ভারতবাসী অনুভব করছিল, ১৮৮৫ সালে জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার মাধ্যমে তা সফল হয়। কংগ্রেস প্রতিষ্ঠা কোন আকস্মিক ঘটনা ছিল না। এর পিছনে ছিল দীর্ঘদিনের প্রস্তুতি।

জনগণের মধ্যে ব্যাপক ক্ষোভ ও অসন্তোষ কংগ্রেস প্রতিষ্ঠার ক্ষেত্র প্রস্তুত করেছিল। শ্রেণীগত বিচারে অবশ্য এই ক্ষোভের প্রকৃতি এক ধরনের ছিল না। কৃষকদের ক্ষোভের কারণ ছিল অতিরিক্ত করের বোঝা জমিদার ও মহাজনদের শোষণ ও অত্যাচার এবং সরকারী ঔদাসীন্য। জমিদারদের ক্ষোভের কারণ ছিল উনিশ শতকের দ্বিতীয়ার্ধে কৃষকদের অনুকূলে প্রণীত বিভিন্ন প্রজাসত্ত্ব আইন। পুঁজিপতি শ্রেণীর ক্ষোভের কারণ ছিল ভারতীয় পুঁজির বিকাশে সরকারের বিমাতৃসুলভ আচরণ। শ্রমজীবী সম্প্রদায়ের ক্ষোভের কারণ ছিল স্বল্প মজুরি ও অনুল্লত জীবনযাত্রার মান। সমাজে সবচেয়ে বেশি ক্ষুব্ধ ছিল শিক্ষিত মধ্যবিত্ত সম্প্রদায়। মুসলিম সম্প্রদায়ও ব্রিটিশ শাসনে অত্যন্ত ক্ষুব্ধ ছিল।

ক্ষোভ ও অসন্তোষের বহিঃপ্রকাশ ঘটেছিল বাংলা, বোম্বাই ও মাদ্রাজ প্রেসিডেন্সিতে গড়ে তোলা অসংখ্য রাজনৈতিক সংগঠনের মারফৎ। ভারতের বাইরেও কিছু রাজনৈতিক প্রতিষ্ঠান গড়ে উঠেছিল। সমাজের শিক্ষিত এবং উচ্চ ও মধ্যবিত্ত শ্রেণীর মানুষই এই সব রাজনৈতিক সংগঠন গড়ে তুলেছিল, এই সব রাজনৈতিক সংগঠনের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ছিল বাংলায় সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কর্তৃক প্রতিষ্ঠিত ইন্ডিয়ান এ্যাসোসিয়েশন, পুনার সার্বজনিক সভা ও মাদ্রাজের মহাজন সভা।

কিন্তু এই সব রাজনৈতিক প্রতিষ্ঠানের কোন সর্বভারতীয় চরিত্র ছিল না। সামগ্রিকভাবে জাতীয় স্বার্থও তারা তুলে ধরে নি। এই অভাব পূর্ণ করতেই গড়ে উঠেছিল ভারতের জাতীয় কংগ্রেস। কেউ বলেছেন এর প্রতিষ্ঠাতা ছিলেন হিউম, কারও মতে ডাফরিন আবার কেউবা মনে করেন থিওজফিস্টরাই এর প্রতিষ্ঠাতা। আবার অনেকে মনে করেন কংগ্রেস প্রতিষ্ঠায় সুরেন্দ্রনাথের ভূমিকাকে ছোট করে দেখানো হয়েছে। আধুনিক মত অনুসারে কোন ব্যক্তি বিশেষকে কংগ্রেসের স্থাপয়িতা হিসাবে চিহ্নিত করা যায় না।

কংগ্রেস প্রতিষ্ঠার উদ্দেশ্য নিয়েও নানা কথা উঠছে। হিউমের উপস্থিতি ও উদ্যোগ এই বিতর্কের মূলে। একটি মত অনুসারে হিউমের উদ্দেশ্য ছিল আসন্ন এক গণ বিপ্লবের হাত থেকে ব্রিটিশ সাম্রাজ্যকে রক্ষা করার জন্য কংগ্রেস প্রতিষ্ঠার মাধ্যমে ভারতের এক শ্রেণীর জনগণকে হাত করা। কংগ্রেসকে তিনি ব্যবহার করতে চেয়েছিলেন এক “নিরাপত্তামূলক” যন্ত্র হিসাবে। এই তত্ত্বের উপর ভিত্তি করেই রজনীপাম দত্ত গড়ে তুলেছেন তাঁর চক্রান্ত বা ষড়যন্ত্র তত্ত্ব তাঁর মতে সাধারণ মানুষের আন্দোলনকে ধ্বংস করার জন্যই কংগ্রেসও এই ষড়যন্ত্র অংশীদার হয়েছিল। আধুনিক ঐতিহাসিকেরা এই ষড়যন্ত্র তত্ত্বের অসারতা প্রমাণ করেছেন।

কংগ্রেসের সামাজিক ভিত্তি নিয়েও নানা প্রশ্ন উঠেছে। কারও মতে কংগ্রেস ছিল বুর্জোয়াদের মুখপত্র। আবার কারও মতে তা ছিল জমিদার শ্রেণীর সংগঠন। আসলে কংগ্রেসের ছত্রছায়ায় সমবেত হয়েছিল অনেকেই। তার মধ্যে জমিদার ও বণিকরাও ছিল। তবে কংগ্রেস ছিল মূলত শিক্ষিত ও মধ্যবিত্ত শ্রেণীর সংগঠন। সাধারণ নিম্নবিত্ত মানুষের সেখানে ঠাঁই হয় নি। মুসলিম সম্প্রদায়ও কংগ্রেসের সঙ্গে যুক্ত ছিল না। ব্যতিক্রম ছিলেন বদরুদ্দীন তায়েবজীর মত কিছু মানুষ।

১.৮ অনুশীলনী

১. উনিশ শতকের দ্বিতীয়ার্ধে ইংরেজ শাসনের বিরুদ্ধে মধ্যবিত্ত শ্রেণী কেন ক্ষুব্ধ ছিল?
২. ১৮৫৭ সালের মহাবিদ্রোহের পর ভারতে যে সব রাজনৈতিক সংগঠন গড়ে উঠেছিল, সেগুলি উল্লেখ করে দেখান ভারতীয় জাতীয় কংগ্রেসের সঙ্গে তাদের কোথায় অমিল ছিল।
৩. কংগ্রেসের উদ্ভব সম্পর্কে রজনীপাম দত্তের “যড়যন্ত্র তত্ত্ব” আপনি কি যুক্তিগ্রাহ্য বলে মনে করেন?
৪. আপনি কি মনে করেন যে কংগ্রেস ছিল মূলতঃ শিক্ষিত ও মধ্যবিত্ত সম্প্রদায়ের মুখপাত্র?
৫. মুসলিম সম্প্রদায় কংগ্রেস যোগদান করতে অনিচ্ছুক ছিল কেন? আপনি কি মনে করেন এর জন্য সৈয়দ আহমেদ দায়ী ছিলেন?

১.৯ গ্রন্থপঞ্জী

১. অমলেশ ত্রিপাঠী— স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেস
২. Bipan Chandra and Others—Indians struggle for Independence.
৩. সুমিত সরকার— আধুনিক ভারত
৪. অমলেশ ত্রিপাঠী, বিপান চন্দ্র ও বরুণ দে— স্বাধীনতা সংগ্রাম (Freedom struggle—N.B.T.)
৫. Anil Seal—Emergence of Indian Nationalism.

একক ২ □ আদি কংগ্রেস এবং নরমপন্থী জাতীয়তাবাদের আদর্শগত কাঠামো

গঠন

- ২.০ উদ্দেশ্য
- ২.১ প্রস্তাবনা
- ২.২ প্রারম্ভিক কথা
- ২.৩ ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা
- ২.৪ নরমপন্থী জাতীয়তাবাদীদের আদর্শ ও কর্মসূচী
 - ২.৪.১ ব্রিটিশ অর্থনীতির সমালোচনা—নির্গমন তত্ত্ব বা জেন থিয়োরী
 - ২.৪.২ শাসনতান্ত্রিক সংস্কারের দাবী
 - ২.৪.৩ নাগরিক অধিকার রক্ষার সংগ্রাম
 - ২.৪.৪ স্বায়ত্তশাসনের দাবী
- ২.৫ আদি জাতীয়তাবাদীদের রাজনৈতিক কর্মপদ্ধতি
- ২.৬ নরমপন্থী জাতীয়তাবাদীদের দুর্বলতা
- ২.৭ জাতীয় আন্দোলনের আদি পর্বে ব্রিটিশ সরকারের প্রতিক্রিয়া
- ২.৮ আদি জাতীয় আন্দোলনের ঐতিহাসিক মূল্যায়ণ
- ২.৯ সারাংশ
- ২.১০ অনুশীলনী
- ২.১১ গ্রন্থপঞ্জী

২.০ উদ্দেশ্য

এই এককটি পাঠ করলে আপনি জানতে পারবেন ভারতের স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেসের আদিপর্বের ইতিহাস বা—

- ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা ও নরমপন্থী জাতীয়তাবাদীদের আদর্শ ও কর্মসূচী।
- আদি জাতীয়তাবাদীদের রাজনৈতিক কর্মপদ্ধতি ও তাদের দুর্বলতা।
- জাতীয় আন্দোলনের আদিপর্বে ব্রিটিশ সরকারের প্রতিক্রিয়া।
- আদি জাতীয় আন্দোলনের ঐতিহাসিক মূল্যায়ণ।

২.১ প্রস্তাবনা

ভারতে ব্রিটিশ রাজত্বের সূচনাকাল থেকেই এদেশের মানুষ প্রতিরোধ গড়ে তুলতে শুরু করে। ব্রিটিশের গ্রাস থেকে নিজেদের রাজ্য রক্ষা করার জন্য লড়াই চালিয়েছিলেন হায়দার আলি, টিপু সুলতানের মতো দেশীয় শাসকেরা, আবার বিদেশী শাসনের সমস্ত অত্যাচারের ভার যাদের বহন করতে হত সেই কৃষকেরা ক্রমাগত তাদের সংগ্রাম চালিয়ে গেছেন যা চরম রূপ পেয়েছিল ১৮৫৭ র মহাবিদ্রোহের মধ্যে। উনিশ শতকের এই সব কৃষক বিদ্রোহ ও গণ-অভ্যুত্থানগুলি কোনসময়েই হয়তো ঔপনিবেশিক শাসনের শিকড়কে আলগা করতে পারে নি। কিন্তু এগুলি ছিল ঔপনিবেশিক অত্যাচারের বিরুদ্ধে সহজাত ও স্বতঃস্ফূর্ত প্রতিরোধের উজ্জ্বল দৃষ্টান্ত। সংখ্যায় অগণিত হলেও এ বিদ্রোহগুলি সুসংগঠিত ছিল না। তাই ব্যর্থতাই ছিল তাদের চরম পরিণতি। অসাফল্য সত্ত্বেও উনিশ শতকের গণ-আন্দোলনগুলি জনসাধারণের মধ্যে সুপ্ত সাম্রাজ্যবাদ বিরোধী শক্তিরই পরিচয় দেয়।

উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে ব্রিটিশবিরোধী আন্দোলনের রশি ধরেছিলেন জাতীয়তাবাদী নেতারা। ভারতের জাতীয়তাবাদ নিয়ে অনেক বিতর্কের সৃষ্টি হয়েছে। বঙ্কিমচন্দ্র দুঃখ করে লিখেছিলেন যে এ দেশে নানা জাতি। এই নানা জাতির মধ্যে রয়েছে একতা জ্ঞানের অভাব। রবীন্দ্রনাথ ‘সমস্যা’ প্রবন্ধে লিখেছিলেন “যে দেশে একটা মহাজাতি বাঁধিয়া ওঠে নাই, সে দেশে স্বাধীনতা হইতেই পারে না।” ১৯২৫ সালে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় তাঁর আত্মজীবনীর নাম দিয়েছিলেন *A Nation in Making*। বাঙালী, শিখ, রাজপুত, মারাঠী বা তামিল প্রভৃতি জাতিসত্তার ভারতীয় হয়ে ওঠা, এক জাতীয়তাবোধের সূত্রে সহস্র প্রাণের বাঁধা, পড়া, এই হোল জাতীয়তা।

ঔপনিবেশিক শাসনের ফলে ভারতীয় সমাজের বিভিন্ন ক্ষেত্রে নানারকম পরিবর্তন দেখা দেয়। এই পরিবর্তনই জন্ম দেয় জাতীয়তাবাদের। পাশ্চাত্য শিক্ষার প্রসার নিঃসন্দেহে ভারতীয় সমাজ জীবনে একগভীর

প্রভাব ফেলেছিল। ধর্মীয় ও সমাজসংস্কার আন্দোলনগুলি জাতীয় চেতনার প্রাথমিক সোপান তৈরী করেছিল। আবার ব্রিটিশ প্রশাসন অর্থাৎ সমস্ত দেশে এক শাসনব্যবস্থা, একই রকম আইন, যোগাযোগ ব্যবস্থার আধুনিকীকরণ দেশের মানুষকে একে অপরের কাছে নিয়ে এসেছিল। ব্রিটিশ শাসনের অস্তিত্ব এ দেশের মানুষের কাছে ক্রমাগতই পীড়াদায়ক হয়ে উঠেছিল। ব্রিটিশ শাসক হয়ে উঠেছিল তাদের সাধারণ শত্রু। ইংরেজদের বর্ণ বিদ্বেষ নীতি, ইলবার্ট বিলের বিরুদ্ধে ইংরেজদের আন্দোলন ভারতবর্ষের মানুষকে তাদের সাধারণ শত্রু সম্পর্কে আরো সজাগ করে তুলেছিল।

উনিশ শতকের দ্বিতীয়ার্ধে শিল্পপুঁজিপতি শ্রেণীর উদ্ভব ঘটেছিল এবং জাতীয় বুদ্ধিজীবীদের অস্তিত্ব ক্রমশঃ স্পষ্ট হয়ে উঠেছিল। ভারতীয় মধ্যবিত্ত বুদ্ধিজীবীরা শত্রুর কাছ থেকে অস্ত্র ধার করে শত্রুর বিরুদ্ধে অস্ত্র প্রয়োগ করতে তৈরী হচ্ছিল। এই অস্ত্রগুলি হলো শিক্ষা, সংবাদপত্র ও আইন। এই তিনটি অস্ত্রই পরবর্তীকালে জাতীয়তাবাদী আন্দোলনের অন্যতম হাতিয়ার হয়েছিল। জাতীয়তাবাদীদের এক বিরাট সংখ্যক ছিলেন আইন ব্যবসায়ী। ইংরাজী শিক্ষা এক রাজনৈতিক চিন্তা ও সচেতনতার ভিত্তি তৈরী করেছিল। আর সংবাদপত্রের ছিল ভারতীয় জনমত সংগঠনের ভূমিকা। জাতীয় আন্দোলনের প্রধান হাতিয়ার ছিল সংবাদপত্র ও অন্যান্য পত্রিকা। এই সবেরই ফল হলো এক সুসংগঠিত জাতীয় আন্দোলনের উদ্ভব ও বিকাশ। এই জাতীয় আন্দোলনের ক্রমবিকাশই আমরা এখানে পড়ব।

২.২ প্রারম্ভিক কথা

সুসংগঠিত জাতীয় আন্দোলনের নেতৃত্ব ছিলেন ভারতের আধুনিক বুদ্ধিজীবী সমাজ। তাঁরা রাজনৈতিক শিক্ষা প্রসার করার জন্য ও অন্যান্য রাজনৈতিক কার্যকলাপের জন্য কিছু কিছু রাজনৈতিক সমিতি স্থাপন করেন। এ প্রসঙ্গে রাজা রামমোহন রায় ও প্রখ্যাত অ্যাংলো ইন্ডিয়ান শিক্ষক হেনরি ভিভিয়ান ডিরোজিও ও তাঁর শিষ্যদের (ডিরোজিয়ান) কথা উল্লেখ করা যেতে পারে। ইয়ং বেঙ্গল প্রতিষ্ঠা করেছিল ‘অ্যাকাডেমিক এ্যাসোসিয়েশন’ যোগেশ বাগলের মতে ভারতের প্রথম রাজনৈতিক সভা হল ‘বঙ্গভাষা প্রকাশিকা সভা’। তবে জমিদার সমিতিই ভারতের প্রথম রাজনৈতিক সমিতি বলে অনেকে মনে করেন। এই সমিতি প্রতিষ্ঠিত হয়েছিল ১৮৩৭ খ্রীষ্টাব্দে। ১৮৩৮ সালে জমিদার সমিতির নাম হয় ল্যাণ্ড হোল্ডার্স সোসাইটি। ১৮৪৩ খ্রীষ্টাব্দে জর্জ টমসনের প্রেরণায় জন্ম নিল ‘বেঙ্গল ব্রিটিশ ইন্ডিয়া সোসাইটি’। ১৮৫১ সালে স্থাপিত হয় ‘ব্রিটিশ ইন্ডিয়ান এ্যাসোসিয়েশন’ প্রায় একই সময়ে ১৮৫২ সালে প্রতিষ্ঠিত হয় ‘মাদ্রাজ নেটিভ এ্যাসোসিয়েশন’ এবং ‘বোম্বে এ্যাসোসিয়েশন’ এ ছাড়া নানারকম সমিতি ও ক্লাব স্থাপিত হয়েছিল সারা দেশ জুড়ে। এদের বেশীরভাগেরই চরিত্র ছিল আঞ্চলিক। ধনী ব্যবসায়ী ও জমিদার গোষ্ঠীরা এগুলিতে আধিপত্য করতেন। শাসনতান্ত্রিক সংস্কার, শাসনবিভাগে বেশীসংখ্যক ভারতীয়দের নিয়োগ, শিক্ষা বিস্তার এবং ভারতীয় বাণিজ্য ও শিল্পের অগ্রগতির ওপর তাঁরা জোর দিতেন।

তবে এই বুদ্ধিজীবী নেতৃত্ব কৃষকসমাজের সহজাত প্রতিক্রিয়ার তুলনায় ছিল অনেক বেশী সতর্ক ও দ্বিধাপ্রস্তু। ব্রিটিশশাসন সম্পর্কে মোহ ঘুচতে তাদের আরো অনেকদিন সময় লেগেছিল। ১৮৬৬-তে দাদাভাই নৌরজী লন্ডনে 'ইস্ট ইন্ডিয়া এ্যাসোসিয়েশন' নামে একটি সমিতি প্রতিষ্ঠা করেন। ভারতের সমস্যাকে ব্রিটেনের জনসাধারণের কাছে তুলে ধরাই তাঁর উদ্দেশ্য ছিল। ঔপনিবেশিক শাসন ও দেশের সম্পদ লুণ্ঠনই যে ভারতের দারিদ্র্যের কারণ এ কথা তিনি প্রমাণ করেছিলেন। 'Drdin of Wealth' বা সম্পদ নির্গমনের তত্ত্ব নিয়ে তিনি তাঁর বিখ্যাত গ্রন্থ 'Poverty and Un-British Rule in India' তে বিস্তৃতভাবে আলোচনা করেছেন। ১৮৭০ সালে বিচারপতি রাণাডে, গণেশ বাসুদেব যোশী, এস.এইচ. চিপলুংকর প্রভৃতির উদ্যোগে 'পুনা সার্বজনিক সভা' প্রতিষ্ঠিত হয়।

লিটনের (১৮৭৬-১৮৮০) প্রতিক্রিয়াশীল শাসননীতি জাতীয়তাবাদীদের রাজনৈতিক কর্মধারাকে গতিসম্পন্ন করে তোলে। তরুণ সমাজ বিশেষ করে বাংলাদেশে ব্রিটিশ ইন্ডিয়া এ্যাসোসিয়েশনের জমিদার ঘেঁষা রাজনীতি আর পছন্দ করতে পারছিলেন না। ১৮৭৬ সালের জুলাই মাসে আনন্দমোহন বসু ও সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে প্রতিষ্ঠিত হলো 'ভারতসভা বা Indian Association। এটি ছিল একেবারেই মধ্যবিত্তদের সংস্থা যার চাঁদার হার ছিল মাত্র পাঁচ টাকা। সিভিল সার্ভিস পরীক্ষা নিয়ে আন্দোলন শুরু করে এরা চাইছিলেন সাধারণ মানুষকে রাজনৈতিক আবর্তে সক্রিয় করে তুলতে। একটি সর্বভারতীয় প্রতিষ্ঠানের প্রয়োজন অনুভূত হতেলাগল সারা দেশ জুড়ে। ১৮৮২ খ্রীষ্টাব্দে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় তাঁর 'বেঙ্গলী' পত্রিকায় 'জাতীয় কংগ্রেস' কথাটি ব্যবহার করলেন। ইতিমধ্যে বিভিন্ন আন্দোলনের মধ্য দিয়ে জাতীয়তাবাদী নেতৃত্ব রাজনৈতিক শিক্ষায় অনেকখানি পরিণত হয়ে উঠেছিলেন। সব মিলিয়ে ১৮৮৫ খ্রীষ্টাব্দের মধ্যে ভারতীয় জাতীয় কংগ্রেসের মত এক সর্বভারতীয় রাজনৈতিক প্রতিষ্ঠান গড়ে ওঠার প্রেক্ষাপট তৈরী হয়ে নিয়েছিল।

২.৩. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা

১৮৮৫ খ্রীষ্টাব্দের ২৮শে ডিসেম্বর বোম্বাইয়ের গোকুলদাস তেজপাল সংস্কৃত কলেজ হলে অবসরপ্রাপ্ত ইংরেজ রাজকর্মচারী এ.ও. হিউমের সহযোগিতায় ভারতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়। সভাপতি ছিলেন ব্যারিস্টার উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। বিভিন্ন প্রদেশ থেকে ৭২ জন প্রতিনিধি এই অধিবেশনে যোগদান করেন।

কংগ্রেসের জন্মের ইতিহাস নিয়ে প্রচুর বিতর্ক রয়েছে। কংগ্রেসের প্রতিষ্ঠায় হিউমের উৎসাহ কেন ছিল এ নিয়ে প্রচুর আলোচনা হয়েছে। হিউমকে জাতীয় কংগ্রেসের জনক বলে মনে করেন জাতীয় কংগ্রেসের প্রথম সভাপতি উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়। হিউমের জীবনীকার ও কংগ্রেসের পঞ্চম অধিবেশনের সভাপতি ওয়েডারবার্ণ, কংগ্রেসের সরকারী ঐতিহাসিক পট্টিভি সীতারামাইয়া ও প্রখ্যাত বামপন্থী তাত্ত্বিক ও কংগ্রেসের কঠিনতম রজনীপাম দত্ত। ওয়েডারবার্ণ লিখেছেন যে হিউমের হাতে এমন সব কাগজপত্র

আসে যাতে তার বিশ্বাস হয় যে ভারতে একটি গণবিপ্লব ঘটতে চলেছে। তাই প্রয়োজন একটি সর্বভারতীয় প্রতিষ্ঠান। উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের লেখা Introduction to Indian Politics (1898) গ্রন্থে এর পরের ঘটনা লেখা আছে। হিউম তাঁর প্রস্তাব ডাফরিনকে দেওয়াতে ডাফরিন তাঁর নিজের একটি প্রস্তাব দিয়েছিলেন। ডাফরিনের প্রস্তাব মতো পুনায় সর্বভারতীয় সম্মেলন বসবে ঠিক হয়েছিল। হিউম তার নাম দিয়েছিলেন Indian National Union। পুনায় কলেরা দেখা যাওয়ায় শিষ মুহূর্তে সম্মেলনের স্থান সরিয়ে নেওয়া হলো বোম্বাই শহরে। সম্মেলনের নাম হলো Indian National Congress. অ্যানি বেসান্তের How India Wrought for Freedom গ্রন্থে কংগ্রেসের একটি জীবন্ত চিত্র পাওয়া যায়। তবে অমলেশ ত্রিপাঠী তাঁর স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেস (১৮৮৫-১৯৪৭) গ্রন্থে কংগ্রেস প্রতিষ্ঠার পিছনে সুরেন্দ্রনাথের ভূমিকাকে খাটো করে দেখতে চান নি। ১৮৮৩ সালে সুরেন্দ্রনাথের জাতীয় কনফারেন্সের প্রথম অধিবেশনকে জাতীয় কংগ্রেসের মহড়া বলা চলে। রজনী পাম দত্ত হিউমের সহযোগিতার মধ্যে যে ষড়যন্ত্রের ছায়া দেখেছিলেন তাকে বাতিল করে দিয়েছেন অমলেশ ত্রিপাঠী, সুমিত সরকারের মতো ঐতিহাসিকেরা। অমলেশ ত্রিপাঠী মনে করেন যে “ভারতীয় নেতারা কোনকালেই ডাফরিন বা আমলাদের সঙ্গে জ্ঞানে বা অজ্ঞানে ষড়যন্ত্রে লিপ্ত হন নি। হিউমের নানা স্বকপোলকল্পিত উক্তি ও তাঁর ওয়েডারবার্গ—উমেশ বন্দ্যোপাধ্যায় কৃত ভাষ্য ইতিহাস বলে চলছে। তার ওপর নির্ভর করতে গিয়ে রজনী পাম দত্তও ভুল করেছেন।” আসলে ভারতের রাজনৈতিক নেতারা হিউমের সহযোগিতা চেয়েছিলেন শুধুমাত্র এই কারণে যে, ব্রিটিশ সরকার যেন প্রথম থেকেই কংগ্রেসকে সন্দেহের চোখে না দেখে। সুমিত সরকার মনে করেন যে সেইসময়ে যে রাজনৈতিক বাতাবরণ গড়ে উঠেছিল হিউম তার পুরো সুযোগটা নিয়েছিলেন। হিউমকে কংগ্রেসের জনক হিসেবে স্বীকার করতে হলে অস্বীকার করতে হয় ভারতীয়দের দীর্ঘকালের জাতীয়তাবাদের প্রকাশ, রাজনৈতিক চিন্তার বিকাশ এবং তার সঙ্গে সংশ্লিষ্ট অনেক গৌরবজনক ইতিহাস।

২.৪. নরমপন্থী জাতীয়তাবাদীদের আদর্শ ও কর্মসূচী

১৮৮৫ খ্রীষ্টাব্দে ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা থেকে ১৯০৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত জাতীয়তাবাদী আন্দোলনে যাঁরা নেতৃত্ব দিয়েছিলেন তাঁরা সাধারণভাবে ‘মডারেট’ বা ‘নরমপন্থী’ বলে পরিচিত। নরমপন্থী এই কারণে যে তারা সরাসরি ব্রিটিশ বিরোধী সংগ্রাম করতে প্রস্তুত ছিলেন না। তাঁরা বিশ্বাস করতেন যে দেশের পরিস্থিতি রাজনৈতিক স্বাধীনতা সংগ্রামের অনুকূল নয়। বরং তাঁরা জাতীয় চেতনাকে জাগ্রত করতে চেয়েছিলেন, আর চেয়েছিলেন রাজনৈতিক কর্মী ও নেতাদের মধ্যে জাতীয় ঐক্যের বোধ গড়ে তুলতে। এই বিশ্বাস ও এই কাঠামোর ওপর দাঁড়িয়ে তারা তাদের কর্মসূচীকে রূপ দেবার চেষ্টা করেছিলেন। তাঁদের কর্মসূচীর মধ্যে ছিল ভারতীয় জনসাধারণের দাবীগুলিকে একটি সুসংবদ্ধ রূপ দেওয়া যাতে তার মধ্য দিয়ে সর্বভারতীয় জনমতের প্রতিফলন হয়। শুধু তাই নয়, দেশের বিভিন্ন প্রান্তের সক্রিয় জাতীয়তাবাদী কর্মীদের মধ্যে যাতে ঘনিষ্ঠ যোগাযোগ থাকে সে চেষ্টাও ছিল তাদের কাম্য।

মোটামুটি ১৮৮৫ থেকে ১৯০৫ পর্যন্ত কংগ্রেস নেতারা তাদের অধিবেশনে যে সব প্রস্তাব গ্রহণ করেছিলেন তা বিশ্লেষণ করলেই প্রথম পর্বের কংগ্রেসের চরিত্র ও পদ্ধতি স্পষ্ট হয়ে ওঠে।

কংগ্রেসের ইতিহাসের প্রথম কুড়ি বছরকে একটি অভঙ্গ পর্ব হিসাবেই দেখা হয়। ঐতিহাসিক সুমিত সরকার লিখছেন যে গোটা পর্ব জুড়েই লক্ষ্য আর কর্মপদ্ধতি একই ছিল। প্রতি বছর শেষে কংগ্রেস তিনদিনের জন্য মিলিত হতো এবং তা যেন হয়ে উঠেছিল এক বিরাট সামাজিক উপলক্ষ্য। বক্তৃতা হতো ইংরেজীতে এবং তা ছিল বিস্তর লম্বা। প্রস্তাব নেওয়া হতো নানান রাজনৈতিক, প্রশাসনিক ও অর্থনৈতিক বিষয়ে। প্রত্যেক অধিবেশনেই প্রায় একই ছাঁদের প্রস্তাব নেওয়া হতো। এই প্রস্তাবগুলিকেই আমরা আলাদা করে নীচে আলোচনা করব।

২.৪.১ ব্রিটিশ অর্থনীতির সমালোচনা নির্গমন তত্ত্ব বা জেন থিয়োরী

ঔপনিবেশিক শাসনের অর্থনৈতিক কুফল প্রথম যুগের জাতীয়তাবাদী নেতাদের বিতর্কের মূল বিষয় হয়ে দাঁড়িয়েছিল। এতে অংশ নেন দাদাভাই নৌরজী, রমেশচন্দ্র দত্ত, গোখলে প্রমুখ নেতৃবৃন্দ। দেশের সমগ্র অর্থনীতির পর্যালোচনা করে তারা বুঝতে পেরেছিলেন যে সাম্রাজ্যবাদী অর্থনীতির অর্থই হচ্ছে ভারতীয় অর্থনীতিকে পুরোপুরি ব্রিটিশ অর্থনীতির কবলে রাখা। তাঁরা বলতে চাইলেন যে ব্রিটিশ ক্লাসিকাল অর্থনীতি ভারতের ক্ষেত্রে নিরক্ষুণ্ণভাবে প্রয়োগ করতে গিয়ে দুর্দশা ডেকে আনা হয়েছে। এই মত সম্পর্কে তাদের প্রভাবিত করেছিলেন জন ডিকিনসন, মেজর ইভানসবেল, জন ব্রাইট প্রভৃতি কোম্পানীর সমালোচক ও ক্লিফ লেসলি, ফ্রেডরিক লিস্ট প্রভৃতি অর্থনীতিবিদগণ। দেশের সম্পদেরও নির্গমন বা বাইরে চলে যাওয়া এই সমালোচনা থেকে উঠে আসে। ব্রিটিশ সাম্রাজ্যবাদী অর্থনীতি দেশের শিল্পকে ধ্বংস করেছে, ক্রমাগত দুর্ভিক্ষ দেশবাসীকে মৃত্যুর মুখে ঠেলে দিয়েছে আর রাজস্বের ক্রমবর্ধমান চাপ জনগণকে দারিদ্র্যের চরম সীমায় এনে পৌঁছে দিয়েছে। ২ প্রান্তলিপি—বিস্তৃত বিবরণের জন্য পড়ুন বিপানচন্দ্রের *The Rise and growth of economic nationalism in India* (New Delhi 1966).

নেতৃবৃন্দ দেখিয়েছিলেন যে তিনভাবে এদেশে ঔপনিবেশিক অর্থনীতি প্রতিষ্ঠা করা হচ্ছিল। প্রথমতঃ ব্রিটিশরা এদেশকে কাঁচামালের সরবরাহক রূপে পরিণত করেছিল। দ্বিতীয়তঃ এদেশকে তারা করে তুলেছিল ব্রিটিশ পণ্যের বাজার। তৃতীয়তঃ এদেশকে তারা কাজে লাগিয়েছিল ব্রিটিশ পুঁজি বিনিয়োগের ক্ষেত্র হিসাবে। এই সবের বিরুদ্ধেই আদি জাতীয়তাবাদী নেতারা শক্তিশালী আন্দোলন সংগঠিত করেছিলেন। ভারতের ক্রমবর্ধমান দারিদ্র্য ও দুর্ভিক্ষের তদন্ত দাবী করে বারবার প্রস্তাব পাশ করা হয়। রচনা ও বক্তৃতার মাধ্যমে ভারতবর্ষের দারিদ্র্যের একটি ভয়াবহ চিত্র তারা ফুটিয়ে তোলেন। দাদাভাই নৌরজী দেখান যে ভারতীয়দের গড় বার্ষিক আয় সে সময়ে ছিল মাত্র কুড়ি টাকা। ১৯০১ সালে কার্জনও একে তিরিশ টাকার ওপর নিয়ে যেতে পারেন নি। দাদাভাই লিখেছিলেন, ভারতীয়দের অবস্থা “নিতান্তই ভূমিদাসের

মতো। আমেরিকান দাসেদের চেয়েও তাদের অবস্থা শোচনীয়, কারণ আমেরিকান প্রভুরা অন্তত নিজের সম্পত্তির মতো তাদের দাসেদের যত্ন নেয়”। গোখলে ভারতের জাতীয় ঋণের একটি হিরসাবে দেখান যার পরিমাণ ১৮৮১-৯৪ তে সত্তর কোটি টাকা। অমলেশ ত্রিপাঠী তাঁর স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেসে লিখছেন যে গোখলে ও রমেশচন্দ্র হোমচার্জ বাবদ পাউণ্ডে দেয় অর্থের পরিমাপ করেছিলেন। “তাঁদের সিদ্ধান্ত ফাঁপানো, মনে হলে আধুনিক জন ম্যাকলেনের (পড়ুন John MacLane, Indian Nationalism and the Early Congress (1977.) হিসাব— ২৫ কোটি ৯৫ লক্ষ টাকা— মানতে আপত্তি না হওয়াই উচিত। এর জন্য দায়ী ছিল মাথাভারী প্রশাসনিক ব্যয়, অস্বাভাবিক সামরিক ব্যয় (সামগ্রিক ব্যয়েক ৩৫%) রেলওয়ের গ্যারান্টিকৃত লভ্যাংশ বাবদ ব্যয়, ঋণের সুদ বাবদ ব্যয়। ভারতে সাম্রাজ্য বিস্তার ও সিপাহী বিদ্রোহ দমনের জন্য যে খরচ হয়েছিল তার প্রতিটি পেনী জুগিয়েছে ভারত স্বয়ং।”

এই ব্যবস্থার প্রতিকারের জন্য নরমপন্থীদের দাবী ছিল মূলতঃ তিনটি। এক, করভার কমিয়ে দেশের জনগণের ভার লাঘব করা। দুই, ভারতে শিল্পায়নের ব্যবস্থা করা অর্থাৎ ভারতবর্ষে যে ব্রিটিশ নীতি আধুনিক শিল্পবিকাশের পথকে বন্ধ করেছিল তার প্রতিকার করা। তিন, অবাধ বাণিজ্যনীতি বর্জন করা। এই অবাধ বাণিজ্যনীতির ফলে ভারতের রেলপথ, চা বাগিচা, শিল্প ইত্যাদির ক্ষেত্রে লগ্নি করার জন্য বিপুল পরিমাণ বৈদেশিক পুঁজি আমদানি হচ্ছিল। জাতীয়তাবাদী নেতৃবৃন্দ এর তীব্র বিরোধিতা করেন। তাঁরা চেয়েছিলেন শাসনতান্ত্রিক উপায়ে এদেশে বৈদেশিক পুঁজির অনুপ্রবেশের পথ রুদ্ধ করে দেওয়া হোক। তাঁরা চেয়েছিলেন দেশের শিল্পকে উন্নত করতে এবং এর জন্য সরকারের যে যথেষ্ট দায়িত্ব রয়েছে সে কথা তারা সরকারকে মনে করিয়ে দিতেন। শিল্প ও বাণিজ্য সম্পর্কে যথাযথ তথ্য সংগ্রহ করা ও প্রযুক্তিবিদ্যার প্রচার ও সম্প্রসারণ করাও সরকারের উচিত বলে তারা মনে করতেন। সরকারের দায়িত্ব সম্পর্কে সরকারকে অবহিত করা ছাড়াও দেশীয় শিল্প বাণিজ্যের উন্নতি সাধনের জন্য তারা স্বদেশী ভাবধারাকে জনপ্রিয় করে তুলতে চাইছিলেন। “গণেশ বাসুদেব যোশী যখন ১৮৭৭ সালের রাজদরবার পরিদর্শন করেন, তখন তাঁর পরনে ছিল নিখুঁত হাতে বোনা খাদি। ১৮৯৬ সালে মহারাষ্ট্রে একটি বড়ো স্বদেশী আন্দোলন সংগঠিত হয়েছিল। ছাত্রেরা সেখানে প্রকাশ্যে পুড়িয়েছিলেন বিদেশী কাপড়ের সূপ।” পড়ুন ‘স্বাধীনতা সংগ্রাম’ বিপানচন্দ্র, অমলেশ ত্রিপাঠী, বরুণ দে।

স্বদেশী ভাবধারা জিইয়ে রাখার সঙ্গে সঙ্গে তারা সর্বভারতীয় আন্দোলন চালিয়েছিলেন সরকারী কিছু কিছু নীতির বিরুদ্ধে। ব্রিটিশ সরকার এ দেশের বস্ত্রশিল্পের ওপর করচাপানোর যে নীতি গ্রহণ করেছিলেন তার বিরুদ্ধে তারা আন্দোলন গড়ে তুলেছিলেন। এ ছাড়া অন্যান্য দাবী সম্পর্কেও তাঁরা সোচ্চার হয়ে ওঠেন। ভূমিরাজস্বের অত্যধিক চড়া হারকে তারা তীব্রভাবে সমালোচনা করেছিলেন। গ্রামাঞ্চলে ঋণ জোগাবার জন্য ১৯০২ সালে কৃষি ব্যাঙ্কের দাবি তোলা হয়। চিরস্থায়ী বন্দোবস্ত দেশে যে অসাম্যের সৃষ্টি করেছিল তার কারণ ব্যাখ্যা করেন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর ‘বঙ্গদেশীয় কৃষক’-এ। ১৮৭৩ সালে

রমেশচন্দ্র দত্ত কার্জনকে লেখা এক খোলা চিঠিতে কৃষকদের খাজনা চিরস্থায়ী করার পরামর্শ দেন। কংগ্রেসের আদি জাতীয়বাদীনেতারা চিরস্থায়ী বন্দোবস্তের প্রসার দাবী করেছিলেন যদিও তার কোন ফল হয় নি।

কংগ্রেস কৃষির সঙ্গে কুটির শিল্পকেও যুক্ত করেছিল। ১৮৮৭তে আধুনিক কৃষকৌশলে শিক্ষাদান দাবী করা হয়। ১৮৯৮ সালে জাপানী আদর্শে শিল্প স্থাপনের প্রস্তাব নেওয়া হয়। ১৯০১ থেকে প্রতি বছর কংগ্রেস অধিবেশনের সঙ্গে স্বদেশী শিল্প প্রদর্শনী বসত। ১৮৯৯ তে লালা মুরলীধর বিলাতী বিলাসদ্রব্য বর্জনের এবং ১৮৯৮ তে মদনমোহন মালব্য দেশী শিল্পদ্রব্য ব্যবহারের আহ্বান জানান। আমরা বঙ্গভঙ্গের পূর্বেই স্বদেশী ও বয়কটের মৃদু মেঘমন্দ্র শুনি। পড়ুন, ‘স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেস (১৮৮৫-১৯৪৭)— অমলেশ ত্রিপাঠী।

ব্রিটিশ সরকারের অর্থনীতির সমালোচনা করতে গিয়ে আদি জাতীয়তাবাদী নেতারা যে তত্ত্বটি খাড়া করেছিলেন তা হলো ‘নির্গমন তত্ত্ব’ বা ‘ড্রেন থিয়োরী’। পূর্বে এ সম্পর্কে অল্পবিস্তর আলোচনা করা হয়েছে। এই তত্ত্বের মাধ্যমে তারা প্রমাণ করেছিলেন যে ভারতের অর্থসম্পদ ও মূলধনের একটি বড়ো অংশ বিভিন্ন রকম ভাবে বিদেশে চলে যাচ্ছে। রমেশচন্দ্র দত্ত লিখছেন যে ভারতের মাটি থেকে উৎপন্ন রস সূর্য শোষণ করে নিয়ে গেছে। আকাশ থেকে তা আবার বৃষ্টি হয়ে ঝরে পড়ছে ভারতে নয়, ইংল্যান্ডে। ইংল্যান্ড সম্পদশালী ও সমৃদ্ধ হয়েছে। এই সম্পদ লুণ্ঠনের মাধ্যমে ছিল তিনটি (১) হোম চার্জস, (২) বিনিয়োগ, (৩) বিদেশী ব্যাঙ্ক, বীমা ও জাহাজ কোম্পানী। পলাশীর যুদ্ধের পর একের পর এক নবাবের পরিবর্তনের প্রক্রিয়া কোম্পানীকে প্রভূত অর্থলাভের সুযোগ দেয়। এ ছাড়া কোম্পানীর শেয়ার হোল্ডারদের ডিভিডেন্ড দেওয়া হতো ভারত থেকে টাকা নিয়ে গিয়ে। ভারতীয় রাজ্যদখলের জন্য কোম্পানীর যে টাকা খরচ হতো তাও আসতো ভারতেরই রাজস্ব থেকে। আবার ভারতে নিযুক্ত ব্রিটিশ সেনাদল তাদের বেতনের একটা মোটা অংশ পাঠিয়ে দিত নিজের দেশে। ভারতে বিদেশী মূলধন যা আসতো তার সুদ দিতে হতো ভারতকে। আবার সার্ভিস চার্জ হিসাবে বিপুল পরিমাণে অর্থ এদেশ থেকে নিষ্কাশিত হতো। কংগ্রেসের আদি জাতীয়তাবাদী নেতারা এই সম্পদ নির্গমনের তত্ত্বকে জনসাধারণের কাছে তুলে ধরে ব্রিটিশ শোষণের ভয়াবহ রূপকে তাদের বোঝাতে পেরেছিলেন। তাদের আন্দোলনের ফলে ব্রিটিশ রাজত্বের পকৃত চরিত্র সম্পর্কে একটি সর্বভারতীয় ধারণা গড়ে উঠবার সুযোগ পেয়েছিল।

২.৪.২ শাসনতান্ত্রিক সংস্কারের দাবি

আদি জাতীয়তাবাদী নেতাদের প্রশাসনিক সংস্কারের মধ্যে প্রথম দাবী ছিল ইংল্যান্ডে ও ভারতে একযোগে আই.সি.এস. পরীক্ষার মাধ্যমে ঐ পরিষেবার ভারতীয়করণ। ভারতীয়করণের দাবী তুলে তারা বর্ণবিদ্বেষের উপর একটি আঘাত হানতে চেয়েছিলেন। ঐতিহাসিক সুমিত সরকার তাঁর ‘আধুনিক ভারতে’

লিখছেন, “শ্বেতাঙ্গ বড়কর্তাদের মোটা মাইনে বা অবসরভাতা চলে যাচ্ছিল ইংল্যান্ডে। ভারতীয়করণ হলে তা বন্ধ হয়ে সম্পদ নির্গমও কমত আর প্রশাসনও ভারতের প্রয়োজনের দিকে বেশী মন দিত।” তাঁদের দ্বিতীয় দাবী ছিল বিচারবিভাগকে শাসনবিভাগ থেকে সম্পূর্ণ পৃথক করা, জুরির সাহায্যে বিচারের বিস্তার ঘটানো, অস্ত্র আইন প্রত্যাহার, সেনাবাহিনীতে ভারতীয়দের জন্য আরও উঁচু পদ ও ভারতীয় স্বেচ্ছাবাহিনী গঠন। তাঁদের তৃতীয় দাবীতে তারা জনশিক্ষার উপর জোর দিয়েছিলেন। তারা চেয়েছিলেন সরকার প্রযুক্তিবিদ্যা ও উচ্চশিক্ষার ক্ষেত্রে সুযোগসুবিধা আরো বাড়িয়ে দিক। জনস্বাস্থ্য ও চিকিৎসার সুবন্দোবস্তের প্রতিও তারা সমান গুরুত্ব আরোপ করেন।

২.৪.৩ নাগরিক অধিকার রক্ষার সংগ্রাম

ব্রিটিশ সরকারের দমনমূলক নীতি ক্রমাগতই ভারতীয়দের নাগরিক অধিকার ক্ষুণ্ণ করছিল। ১৮৭৮ এ ভার্নাকুলার প্রেস অ্যাক্টের প্রবর্তন এর একটি দৃষ্টান্ত। এই আইনটির উদ্দেশ্য ছিল ভারতীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্রগুলির কণ্ঠরোধ করা। কিন্তু কংগ্রেসের নেতৃত্বে প্রচলিত গণ-আন্দোলনের ফলে সরকার এই আইনটি প্রত্যাহার করে নিতে বাধ্য হয়েছিলেন। বালগঙ্গাধর তিলকের গ্রেপ্তারকে কেন্দ্র করে নাগরিক অধিকার রক্ষার সংগ্রাম এক তীব্র আকার ধারণ করে। তিলককে দেওয়া হয়েছিল ১৮ মাসের সশ্রম কারাদণ্ড। পুনায় দুই নাটুভাত্ত্বয়কে বিনাবিচারে দেশান্তরে পাঠানো হয়েছিল। এ ছাড়া কয়েকজন সংবাদপত্র সম্পাদককেও দণ্ড দেওয়া হয়েছিল। এর প্রতিবাদে জাতীয়তাবাদী সংবাদপত্রগুলি ও রাজনৈতিক সমিতিগুলি প্রতিবাদে মুখর হয়ে উঠেছিল। এই প্রতিবাদকে মোকাবিলা করার জন্য সরকার নতুন নতুন আইনের মাধ্যমে বাকস্বাধীনতাকে খর্ব করে পুলিশের ক্ষমতার মাত্রাকে বাড়াতে চেয়েছিলেন। এর প্রতিবাদেও জনগণ নিজেদের সংগঠিত করতে লাগল। এই নাগরিক অধিকার রক্ষার সংগ্রাম এক হয়ে মিশে গেল দেশের মুক্তির বৃহত্তর সংগ্রামে।

২.৪.৪ স্বায়ত্তশাসনের দাবী

আদি জাতীয়তাবাদী নেতারা বিশ্বাস করতেন স্বায়ত্তশাসনে যা হবে গণতন্ত্রভিত্তিক। তবে তারা এও জানতেন যে স্বায়ত্তশাসনের লক্ষ্যে পৌঁছতে হলে তাদের এগোতে হবে ধীরে ধীরে, অনেক স্তর পেরিয়ে। এই অনেক স্তরের প্রথম স্তরটি ছিল আইনসভাগুলির বিস্তার ও সংস্কার সাধনের দাবী। তাঁরা মনে করেছিলেন এর ফলে ভারতীয়রা অধিক পরিমাণে সরকারী ক্ষমতা লাভ করতে পারবে। ১৮৬১-র ইণ্ডিয়ান কাউন্সিল অ্যাক্টে কিছু বেসরকারী ব্যক্তি আইনসভায় মনোনয়নের অধিকার পেয়েছিলেন কিন্তু এরা বেশীরভাগই ছিলেন জমিদার বা ধনী ব্যবসায়ী শ্রেণীর। জাতীয়তাবাদী নেতারা দাবী করলেন যে মনোনয়ন নয় জনসাধারণের প্রতিনিধিরা আইনসভাগুলির সভ্যপদ লাভ করবে নির্বাচনের ভিত্তিতে। এরই সাথে তারা আইনসভাগুলির ক্ষমতার সীমা বাড়ানোর দাবী করলেন। এই দৈনন্দিন শাসনের ক্ষেত্রে তাঁদের

প্রশ্ন করার ও সমালোচনার অধিকারের দাবী তারা জানালেন।

১৮৯২ সালের ইন্ডিয়ান কাউন্সিল এ্যাক্টে এই দাবীগুলির মধ্যে কয়েকটি মেনে নেওয়া হয়েছিল কিন্তু ভোট দেবার অধিকারকে মানা হলো না অর্থাৎ গণতান্ত্রিক নির্বাচন প্রথাকে অস্বীকার করা হলো। মিউনিসিপ্যালিটি ও জেলা বোর্ড কর্তৃক প্রেরিত তালিকা থেকে সরকারই শেষ মনোনয়ন করতেন। “সরকারী সংখ্যাগরিষ্ঠতা বজায় থাকবে, পরিষদে বাজেট নিয়ে ভোটাভুটি হবে না, সভ্যরা কোন প্রস্তাব আনতে বা সরকারী প্রস্তাবের বিরোধিতা করতে পারবেন না এবং সর্বোপরি বড়লাটের যে কোন আইন বা রেগুলেশান করার ক্ষমতা থাকবে—এই সব অগণতান্ত্রিক প্রথাও চালু থাকল”— লিখছেন ঐতিহাসিক অমলেশ ত্রিপাঠী। তবে বিংশ শতাব্দীর সূচনাতে তারা পূর্ণ স্বায়ত্তশাসন দাবী করলেন। এই দাবী প্রথম উত্থাপন করেছিলেন দাদাভাই নৌরজী ১৯০৪ সালে। ১৯০৫-এ গোপালকৃষ্ণ গোখলে আবার এই দাবী জানান। ১৯০৬ সালে ‘স্বরাজ্য’ কথাটির মাধ্যমে দাদাভাই নৌরজী এই দাবীকে আরো জোরদার করে তুললেন। তাহলে দেখা যাচ্ছে যে আদি জাতীয়তাবাদীদের সঙ্গে তাদের উত্তরসূরীদের লক্ষ্যের কোন পার্থক্য ছিল না। পার্থক্য ছিল পদ্ধতিতে, পার্থক্য ছিল পথে।

২.৫. আদি জাতীয়তাবাদীদের রাজনৈতিক কর্মপদ্ধতি

আদি জাতীয়তাবাদীদের মডারেট বা নরমপন্থী বলাটাই প্রথাসিদ্ধ হয়ে দাঁড়িয়েছে। কংগ্রেসের ইতিহাসের প্রথম কুড়ি বছর তাঁরাই আন্দোলনের নেতৃত্ব দিয়েছেন। তাঁদের কাজের ধরন ও কায়দার জন্যই তারা নরমপন্থী আখ্যা অর্জন করেছিলেন। তাঁদের কাজের ধরনের মূল সূত্রটি নৌরজীর কথায় বলা চলে ‘অ-ব্রিটিশ শাসন’। ব্রিটিশ শাসনকে সরাসরি আক্রমণ করতে তারা চান নি। বরং তারা দেশের জনসাধারণকে আধুনিক রাজনৈতিক চেতনায় উদ্বুদ্ধ করতে চেয়েছিলেন আর চেয়েছিলেন ব্রিটিশ সরকার ও ব্রিটিশ জনমতকে প্রভাবিত করে সংস্কার ও পরিবর্তনের পথ সুগম করতে। স্মারকপত্র ও আবেদনের দ্বারা এই কাজটি তাঁরা করতে চেয়েছিলেন। ব্রিটিশ জনমতকে প্রভাবিত করার জন্য জাতীয় কংগ্রেসের মধ্যে ব্রিটিশ কমিটি নামে একটি স্বতন্ত্র কমিটি ১৮৮৯ সালে গঠিত হয়েছিল। ইংল্যান্ডের সাধারণ মানুষ ও রাজনীতিবিদদের মধ্যে প্রচারকার্য চালানোর জন্য দাদাভাই নৌরজী তাঁর জীবন ও সম্পদের একটি বিরাট অংশ ব্যয় করেছিলেন।

নরমপন্থী নেতাদের ইংরেজদের ন্যায়বিচারের ওপর অগাধ আস্থা ছিল। তাদের নীতিই ছিল আবেদন নিবেদনের। অধ্যাপক সুমিত সরকার তার ‘আধুনিকভারতে’ নরমপন্থীদের কর্মপদ্ধতি সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলছেন, “বেশীর ভাগ নরমপন্থীর ক্ষেত্রেই রাজনীতি ছিল অনেকটা আংশিক সময়ের কাজ— কংগ্রেস কোন রাজনৈতিক দল ছিল না, ছিল বছরে তিন দিনের এক মেলা। তার দু-একজন সচিব ছিল, আর কিছু স্থানীয় সমিতি। কাগজে কলমে তার সংখ্যা ছিল বিস্তর, আসলে কিন্তু সেগুলো ছোট ছোট ঘোঁট (সাধারণত আইনজীবীদের) ছাড়া আর কিছুই নয়। নিজেদের মধ্যে থেকে সে বছরের কংগ্রেস প্রতিনিধি

‘নির্বাচন বা কোনো তাৎক্ষণিক অভিযোগ নিয়ে প্রস্তাব পাশ করার জন্যে মাঝে মাঝে সেগুলোর বৈঠক হতো, না হলে ভোগ করত লম্বা নিশ্চিন্ত শীত ঘুম।’

নরমপন্থীদের সামাজিক বিন্যাসই জন্ম দিয়েছিল এ ধরনের মনোভাবের। ব্যক্তিগত জীবনে নরমপন্থী নেতারা ছিলেন ইংরেজ ভাবিত ও নিজেদের পেশায় অত্যন্ত সফল। তাই ইংরেজদের সম্পর্কে তাদের এক দোলাচল গ্রন্থ মনোভাব ছিল। ইংরেজদের কিছু কিছু নীতির তারা সমালোচনা করতেন বটে কিন্তু সাধারণভাবে ব্রিটিশ শাসন তাদের কাছে ছিল মঙ্গলময় বিধাতার আসীর্বাদ। পেশায় সফল বলে তাদের রাজনৈতিক কাজকর্মের সময়ের অভাব ছিল। বেশীর ভাগ নেতার জীবনযাত্রা ছিল অত্যন্ত উঁচুমানের। অনেকসময়েই এ সমাজের নিম্নস্তরের মানুষ সম্পর্কে তাঁরা অবজ্ঞা প্রকাশ করেছেন। ১৮৮৭ তে একবার সুরাপান নিবারণী প্রচারের সময় সুরেন্দ্রনাথের মনে হয়েছিল, নিচু তলার মানুষেরা একেবারেই বিজাতীয়। ইদানীংকালের গবেষণায় দেখা গিয়েছে যে গোড়ার দিকের কংগ্রেসের পেশাদার বুদ্ধিবৃত্তিজীবীদের সঙ্গে সম্পত্তিশালী গোষ্ঠীগুলির যোগাযোগ ছিল। অতএব এই নেতৃত্বের পক্ষে র্যাডিক্যাল কর্মসূচী নেওয়া সম্ভব ছিল না।

২.৬ নরমপন্থী জাতীয়তাবাদীদের দুর্বলতা

কংগ্রেসের মধ্যে ও কাউন্সিলকক্ষে নরমপন্থীরা দ্ব্যর্থহীন ভাষায় সাম্রাজ্যবাদের অর্থনৈতিক শোষণের দিক তুলে ধরেছিলেন। তাঁদের এ সমালোচনা শুধু চরমপন্থী নয় গান্ধীবাদীদেরও চিন্তাধারার অচ্ছেদ্য অঙ্গ হয়ে দাঁড়ায়। তবু তাদের দুর্বলতাগুলি অস্বীকার করা যায় না। কংগ্রেসের সংগঠনের ভেতরেই ছিল দুর্বলতার বীজ। শক্তিম্যান ব্যক্তিত্বকে কেন্দ্র করে কংগ্রেসের রাজনীতি গড়ে উঠেছিল। তিলকের চারদিকে ও গোখলের চারদিকে যেমন পুনায় আলাদ বৃত্ত গড়ে উঠেছিল তেমনি আলাদ বৃত্ত গড়ে উঠেছিল বোম্বাইতে মেহতা যোচাকে ঘিরে আবার বাংলায় কেন্দ্রবিন্দুতে ছিলেন সুরেন্দ্রনাথ ব্যানার্জী ও ভূপেন্দ্রনাথ বসু। প্রাদেশিক ও গোষ্ঠী স্বার্থ বিসর্জনে এরা সকলেই ছিলেন নারাজ। এতে কংগ্রেসের ঐক্যের প্রশ্নটি বিঘ্নিত হয়েছিল। রানাডে সমাজ-সংস্কারকে রাজনৈতিক আন্দোলনের পরিপূরক তথা অচ্ছেদ্য অঙ্গ মনে করতেন। কিন্তু তিলক-এ দুটোকে এক করতে রাজী ছিলেন না। রানাডের দল ১৮৯১ সালে সহবাসবিষয়ক আইনকে সমর্থন জানালে তিলক সংস্কারকদের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করলে বহু প্রাচীনপন্থী, দেশীয় ভাষায়, শিক্ষিত এমনকি অশিক্ষিত লোকের সমর্থন পেলেন। সমর্থন সম্প্রসারিত করার জন্য তিনি ‘শিবাজী উৎসব’ প্রবর্তন করলেন। ১৮৯৫ সালে পুনায় কংগ্রেস বসলে চাপেকারদের মত উগ্র তরুণদের সাহায্যে তিনি ন্যাশনাল কনফারেন্স বন্ধ করে দেন।

কংগ্রেসের দ্বিতীয় দুর্বলতা ছিল মুসলমান সম্প্রদায়ের মানুষদের কংগ্রেসের প্রতি অনীহা। প্রথম যুগের নেতাদের ধর্মনিরপেক্ষ তা কিন্তু মুসলিমদের কংগ্রেসের পতাকাতে আনতে পারে নি। আলিগড় বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে যে দ্বিজাতিতত্ত্বের উদ্ভব হয়েছিল তার ফল হয়েছিল বিষময়। আলিগড়

আন্দোলনের হোতা স্যার সৈয়দ আহমেদ জাতীয়তাবাদী নেতা বদরুদ্দিন তায়েবজীকে লিখেছিলেন “এই জাতীয় কংগ্রেস কেবল আমাদের সম্প্রদায়ের পক্ষেই ক্ষতিকর নয়, সমগ্র ভারতের পক্ষে ক্ষতিকর। ভারতকে এক জাতি মনে করে এমন যে কোন ধরনের কংগ্রেসে আমার আপত্তি রয়েছে।” (পড়ুন অমলেশ ত্রিপাঠী, স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেস, পৃঃ ৪৮) কংগ্রেসকে তিনি একটি হিন্দু সংগঠন বলে মনে করতেন আর তার প্রস্তাবগুলিও তাঁর কাছে ছিল মুসলিমদের পক্ষে ক্ষতিকর।

নরমপন্থীদের তৃতীয় দুর্বলতা ছিল তারা ঔপনিবেশিক শোষণ সম্পর্কে সজাগ হলেও দরিদ্র অশিক্ষিত এবং কুসংস্কারাচ্ছন্ন জনগণের জন্য কোন সুষ্ঠু নীতি গ্রহণ করতে পারেন নি। পার্থ চট্টোপাধ্যায় তাঁর Bengal 1920-1947 The Land Question গ্রন্থে কংগ্রেসের এই অক্ষমতা নিয়ে আলোচনা করে দেখিয়েছেন যে ক্রমাগত দুর্বল হয়ে কংগ্রেস এক সাম্প্রদায়িক রাজনীতির জালে জড়িয়ে পড়েছিল।

১৮৮৫-১৯০৫-এর মধ্যে সরকারের কাছে কংগ্রেসের দাবীদাওয়াগুলি প্রায় সবই নাকচ হয়ে গিয়েছিল বা অতি খণ্ডিতাকারে গৃহীত হয়েছিল। এর ফলে নরমপন্থীদের রাজনৈতিক আদর্শ ও পদ্ধতি দুর্বল হয়ে পড়েছিল। ব্রিটিশ উদারতন্ত্রে তাঁদের ছিল অমোঘ বিশ্বাস। তাঁরা ব্রিটিশ জনচিত্তকে ভারত সম্পর্কে অবহিত করতে চেয়েছিলেন। দুর্ভাগ্যের বিষয় এ কাজে তাঁরা ব্যর্থ হয়েছিলেন।

আসলে নিজের দেশের মানুষের চিন্তেই কংগ্রেসের মূল শক্তিশালী ছিল না। আগেই আলোচনা করা হয়েছে যে নরমপন্থীরা ছিলেন ইংরেজী শিক্ষিত উঁচুতলার মানুষ। ইংরেজীতে দেওয়া তাঁদের বক্তৃতা সাধারণ মানুষের কাছে দুর্বোধ্য ছিল। এ ছাড়া ১৮৯৯ সালের আগে কংগ্রেসের কোন গঠনতন্ত্র ছিল না। কোন নিয়মিত আয়েরও ব্যবস্থা ছিল না। ১৮৯৭-র অধিবেশনে শেষে অশ্বিনী দত্ত কংগ্রেসকে “তিনদিনের তামাশা” আখ্যা দিয়েছিলেন। তিলক বারবার নতুন গঠনতন্ত্র দাবি করছিলেন। এ সব তথ্য বড়লাটের অজ্ঞাত ছিল না। ১৯০০ সালের ১৮ই নভেম্বর কার্জন ভারতসচিব হ্যামিলটনকে লেখেন, “আমার দৃঢ় বিশ্বাস কংগ্রেস ভেঙ্গে পড়ছে এবং ভারতে থাকাকালীন আমার উচ্চাকাঙ্ক্ষা হবে তার শাস্তিপূর্ণ মরণে সাহায্য করা।”

২.৭ জাতীয় আন্দোলনের আদিপর্বে ব্রিটিশ সরকারের প্রতিক্রিয়া

জাতীয় কংগ্রেসের প্রতি সরকার প্রথমে খুব একটু বিরূপতা প্রকাশ করেন নি। ব্রিটিশ কর্তৃপক্ষ মনে করেছিলেন কিছু কিছু সুবিধা দিয়ে জাতীয় নেতাদের তারা স্ববশে রাখতে পারবেন। কিন্তু জাতীয়তাবাদী সংবাদপত্রগুলি কংগ্রেসের রাজনৈতিক বার্তা জনসাধারণের কাছে পৌঁছানোর জন্য একটি বিরাট ভূমিকা পালন করেছিল। সাম্রাজ্যবাদের প্রকৃত স্বরূপ, তার শোষণের বীভৎস মুখ উদঘাটিত হচ্ছিল জনসাধারণের কাছে। এর গুরুত্ব ব্রিটিশ কর্তৃপক্ষ খুব সহজেই ধরতে পেরেছিলেন। ১৮৮৬ সালে, জাতীয়তাবাদী সংবাদপত্রের

ভূমিকা সম্পর্কে ডাফরিন লিখেছিলেন, “এ কথা নিঃসন্দেহে বলা যায় যে এই সংবাদপত্রগুলি যারা পড়ে তাদের দৃঢ় ধারণা জন্মাবে, আমরা সমগ্র মানবজাতির এবং বিশেষ করে ভারতবাসীর শত্রু।”

ব্রিটিশ কর্তৃপক্ষ এর পর থেকেই জাতীয়তাবাদের প্রকাশ্যে সমালোচনা করতে লাগলেন। “দেশদ্রোহ সৃষ্টির কারখানা” বলে তারা কংগ্রেসকে বর্ণনা করলেন। ১৮৮৭ সালে ডাফরিন একটি প্রকাশ্য বক্তৃতায় কংগ্রেসকে “দেশের জনসংখ্যার এক অতি ক্ষুদ্র অংশের প্রতিনিধি” বলে অভিহিত করলেন।

এমতাবস্থায় ব্রিটিশ কর্তৃপক্ষ তাদের বিভাজন ও শাসননীতিকে আরো জোরদার করে কাজে লাগাতে চাইলেন। হিন্দু মুসলমানের মধ্যে ব্যবধান রচনার কাজটি তারা খুব ভালোভাবেই করতে লাগলেন। মদত জোগালেন স্যার সৈয়দ আহমেদ খান ও রাজা শিবপ্রসাদের মত ব্রিটিশ অনুগতদের। অন্যভাবেও তারা এই নীতিকে কাজে লাগিয়েছিলেন। “নব্য বুদ্ধিজীবী সম্প্রদায়ের বিরুদ্ধে পুরানো সামন্ততান্ত্রিক শ্রেণীগুলিকে উত্তেজিত করে, এক প্রদেশের বিরুদ্ধে অন্য প্রদেশকে ক্ষেপিয়ে তুলে, আর জাতি ও সামাজিক সম্প্রদায়গুলির মধ্যে বিরোধের বীজ রোপণ করে ‘শাসন ও বিভাজনের’ চরম দৃষ্টান্ত দেখিয়েছিলেন ব্রিটিশ কর্তৃপক্ষ।” জাতীয়তাবাদীদের মধ্যে আভ্যন্তরীণ বিরোধ সৃষ্টি করারও চেষ্টা করেছিলেন তারা। কখনোও সুযোগ সুবিধা দিয়ে দলে টানা কখনোও বা অত্যাচারের ভয় দেখানো— এই ছিল ব্রিটিশ সরকারের প্রতিক্রিয়া। ভারতবাসীদের ভয় দেখানোর উদ্দেশ্যে ভাইসরয় এলগিন প্রকাশ্যে ঘোষণা করেছিলেন, “অসির সাহায্যে আমরা ভারত জয় করেছি, অসি দিয়েই তাকে শাসন করব।” নানারকম আইন পাস করে সংবাদপত্রের স্বাধীনতাকে খর্ব করা হয়েছিল এবং পুলিশ ও শাসক সম্প্রদায়ের ক্ষমতাকে বাড়িয়ে দেওয়া হয়েছিল।

জাতীয়তাবাদী চিন্তাধারার প্রসারকে রোধ করার জন্য শিক্ষার ওপর সরকারী নিয়ন্ত্রণ দৃঢ় করার চেষ্টা করা হচ্ছিল। এই উদ্দেশ্যে ১৯০৩ সালে এডুকেশন এ্যাক্ট প্রবর্তিত করা হলো। পাশাপাশি তারা মদত দিতে লাগলেন ধর্মপ্রতিষ্ঠানের অধীনে শিক্ষায়তনগুলিকে। অর্থাৎ প্রগতিশীল যুক্তিবাদী শিক্ষার মুখোমুখি দাঁড় করাতে চাইলেন প্রতিক্রিয়াশীল শিক্ষাব্যবস্থাকে। সরকারী এই বিরূপতার মধ্যে আদি জাতীয়তাবাদীদের পথ তৈরী করতে হয়েছিল তাই তাদের সাফল্য ছিল সীমিত।

২.৮ আদি জাতীয় আন্দোলনের ঐতিহাসিক মূল্যায়ণ

আদি জাতীয়তাবাদী নেতারা তাদের ‘ভিক্ষুকসুলভ’ নীতির জন্য সমালোচনার সম্মুখীন হন তাঁদের উত্তরসূরীর কাছে। ১৮৯৩-৯৪ সালে অরবিন্দ ঘোষের লেখা ‘পুরনোর বদলে নতুন বাতি’ নামে এক প্রবন্ধগুচ্ছে কংগ্রেস ‘ভিক্ষাবৃত্তি’কে আক্রমণ করা হয়। অশ্বিনীকুমার দত্ত কংগ্রেসের অধিবেশনকে তিন দিনের তামাশা আখ্যা দেন। রবীন্দ্রনাথও সরাসরি আক্রমণ করেছিলেন কংগ্রেসের ভিক্ষাবৃত্তিকে। সমালোচকেরা ব্যঙ্গ করে আদি জাতীয়তাবাদীদের রাজনীতিকে “ভীড় এবং উদাসীন” বলেছেন এবং তার

কারণও ছিল। এ কথা সত্যি যে সরকারের কাছ থেকে সুবিধা ও সুবিচার আদায়ের জন্য কুড়ি বছর ধরে তারা যে আন্দোলন করেছিলেন তা প্রায় বিফলই হয়েছিল। লালা লাজপত রায় মন্তব্য করেছেন যে তারা চেয়েছিলেন রুটি আর পেয়েছিলেন পাথরের টুকরো। প্রার্থনা বা আবেদন নিবেদনের নীতিতেই এঁরা বিশ্বাসী ছিলেন। বিংশ শতাব্দীর সূচনাতে ব্রিটিশ শাসনের চরিত্র বদলের সঙ্গে সঙ্গে তাঁদের রাজনীতির ধারাও সম্পূর্ণ অকেজো হয়ে যায়। এককথায় তাঁদের আন্দোলন ১৯০৫-এর আগেই তার গতি হারিয়েছিল।

কিন্তু এ কথা মনে করা কিছুতেই ঠিক হবে না যে আদি জাতীয়তাবাদী আন্দোলনের কোনরকম অবদান ছিল না। মনে রাখতে হবে তাদের দুস্তর বাধার কথা যে বাধাকে অতিক্রম করে তারা অন্তত একটা কথা মানুষকে বোঝাতে পেরেছিলেন যে সাম্রাজ্যবাদই তাদের একমাত্র শত্রু। এই চেতনার মাধ্যমে জাতীয়তাবাদীরা তাঁদের অনুপ্রাণিত করেছিলেন এক জাতীয়ত্ববোধে। তাঁদের প্রচারের জন্যই দেশের মানুষ পরিচিত হতে পেরেছিলেন আধুনিক রাজনীতির তত্ত্ব ও চিন্তাধারার সঙ্গে।

তাদের আরেকটি উল্লেখযোগ্য অবদান হলো ব্রিটিশ সাম্রাজ্যবাদের অর্থনৈতিক শোষণের দিকটি তুলে ধরা। এই উদ্দেশ্যে তাদের মোটামুটি সফল হয়েছিল। নরমপন্থী কংগ্রেসের অবদান সম্পর্কে বিপান চন্দ্র, অমলেশ ত্রিপাঠি ও বরুণ দেব “স্বাধীনতা সংগ্রাম” গ্রন্থে সুন্দর করে আলোচনা করা হয়েছে। “১৮৮৫-১৯০৫ এ যুগ ছিল জাতীয় আন্দোলনের ভিত্তি স্থাপনের যুগ। আদি জাতীয়তাবাদীরা সে ভিত্তি সযত্নেই স্থাপন করেছিলেন। তাঁদের জাতীয়তাবোধ কোন সংকীর্ণ আবেগ বা চকিত উত্তেজনার ওপর প্রতিষ্ঠিত ছিল না। স্বাধীনতা ও মুক্তির জন্য কোন বিমূর্ত আকর্ষণ বা তমসাচ্ছন্ন অতীতপ্রিয়তার ওপরও তাঁদের নির্ভর করতে হয় নি। তাঁদের জাতীয়তাবোধ গড়ে উঠেছিল আধুনিক সাম্রাজ্যবাদের অত্যন্ত বাস্তব ও তীক্ষ্ণ বিশ্লেষণকে আশ্রয় করে, যার মধ্যে দিয়ে তারা উপলব্ধি করতে পেরেছিলেন এ দেশের মানুষ ও ব্রিটিশ শাসনের মধ্যে প্রধান স্বার্থের দ্বন্দ্ব কোনখানে। এর ফলেই তাদের পক্ষে সর্বোপযোগী একটি রাজনৈতিক ও অর্থনৈতিক কর্মসূচী প্রণয়ন করা সম্ভব হয়েছিল। এই কর্মসূচীকে কেন্দ্র করে পরবর্তী যুগে দেশের মানুষ সংগ্রামের ক্ষেত্রে ঐক্যবদ্ধ হতে পেরেছিলেন।”

তাই অনেক ব্যর্থতা অনেক সীমাবদ্ধতা সত্ত্বেও জাতীয় আন্দোলনের ইতিহাসে আদি জাতীয়তাবাদীদের অবদানকে অস্বীকার করা যায় না। যে সময়ে যে কালে তারা দেশের নেতৃত্ব দিতে এগিয়ে আসেন তার সাফল্য সীমিত হতে বাধ্য। তাঁদের ব্যর্থতার মধ্যেই ভবিষ্যতের মহান সাফল্যের শক্তি লুকিয়ে ছিল।

২.৯ সারাংশ

১৮৮৫ খ্রীষ্টাব্দের ২৮শে ডিসেম্বর মোস্বাই-এর তেজপাল সংস্কৃত কলেজ হলে ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়। ১৮৮৫ থেকে ১৯০৫ পর্যন্ত জাতীয়তাবাদী আন্দোলনে যারা

নেতৃত্ব দিয়েছিলেন তাঁরা সাধারণভাবে ‘মডারেট’ বা নরমপন্থী বলে পরিচিত। তাঁদের মূল উদ্দেশ্য ছিল জাতীয় চেতনাকে জাগ্রত করা। এই কুড়িবছর ধরে তাদের কর্মপদ্ধতি প্রায় একইরকম ছিল। ঔপনিবেশিক শাসনের অর্থনৈতিক কুফলই তাদের আলোচনার মূল বস্তু হয়ে দাঁড়িয়েছিল। তাঁরা বুঝতে পেরেছিলেন যে সাম্রাজ্যবাদী অর্থনীতির অর্থই হচ্ছে ভারতীয় অর্থনীতিকে পুরোপুরি ব্রিটিশ অর্থনীতির কবলে রাখা। ব্রিটিশ সরকারের অর্থনীতির সমালোচনা করতে গিয়ে তারা যে তত্ত্বটি খাড়া করেছিলেন তা হলো ‘নির্গমন তত্ত্ব’ বা ‘ড্রেন থিয়োরী’। প্রশাসনিক সংস্কারের মধ্যে তাঁরা চেয়েছিলেন প্রশাসনে অধিক সংখ্যক ভারতীয়দের অংশগ্রহণ। নাগরিক অধিকার রক্ষার সংগ্রামও কংগ্রেসের আন্দোলনের মূল স্রোতে মিশে গিয়েছিল। আদি জাতীয়তাবাদীদের একটি প্রধান দাবী ছিল স্বায়ত্তশাসনের দাবী। তারা জানতেন যে আইনসভাগুলির বিস্তার ও সংস্কার সাধনের মাধ্যমে তারা এই দাবীগুলি কার্যকর করতে পারবেন। তাদের নীতি ছিল আবেদন নিবেদনের। ভাষণ ও স্মারকপত্র পেশের মধ্যে তাঁরা তাদের আন্দোলনকে সীমাবদ্ধ রেখেছিলেন। নানা প্রচারের মাধ্যমে তারা ব্রিটিশ জনমতকে প্রভাবিত করতে চেয়েছিলেন।

নরমপন্থীদের সামাজিক বিন্যাসই ছিল তাদের প্রধান দুর্বলতা। সাধারণ মানুষের সঙ্গে তাদের কোন প্রত্যক্ষ যোগাযোগ ছিল না। মুসলিম সমাজ কংগ্রেস থেকে দূরে থাকতে চেয়েছিল। ১৮৯৯ সালের আগে কংগ্রেসের কোন গঠনতন্ত্র ছিল না। কোন নিয়মিত আয়েরও ব্যবস্থা ছিল না।

এ সব দুর্বলতা সত্ত্বেও আদি জাতীয়তাবাদী নেতৃত্বের অবদানকে অস্বীকার করা যায় না। জাতীয় আন্দোলনের ভিত্তিপ্রস্তরকে তাঁরাই স্থাপন করেছিলেন। তাঁরা তাদের উত্তরসূরীদের কাছে তীব্র সমালোচনার সম্মুখীন হয়েছেন কিন্তু এ কথা অনস্বীকার্য যে তাঁরাই দেশের মানুষকে আধুনিক রাজনীতির তত্ত্ব ও চিন্তাধারার সঙ্গে পরিচিত করিয়েছিলেন। তাঁরাই প্রথমে একটি রাজনৈতিক ও অর্থনৈতিক কর্মসূচী প্রণয়ন করতে সক্ষম হয়েছিলেন। এই কর্মসূচীই পরবর্তী যুগে দেশের মানুষকে সংগ্রামের ক্ষেত্রে ঐক্যবদ্ধ হতে সাহায্য করেছিল।

২.১০ অনুশীলনী

১। পাঁচটি বাক্যে উত্তর দিন—

- ক. নরমপন্থী জাতীয়তাবাদীদের আদর্শ ও কর্মসূচীগুলি কি ছিল?
- খ. নির্গমন তত্ত্বের’ অর্থ কি? কি কি প্রকারে দেশের সম্পদ বাইরে চলে যেত?
- গ. আদি জাতীয়তাবাদীদের রাজনৈতিক কর্মপদ্ধতি সংক্ষেপে আলোচনা করুন।
- ঘ. নরমপন্থী জাতীয়তাবাদীদের দুর্বলতা কি ছিল?
- ঙ. সংক্ষেপে আদি জাতীয়তাবাদী আন্দোলনের মূল্যায়ন করুন।

২। শূন্যস্থান পূরণ করুন—

- ক. সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের আত্মজীবনীর নাম _____।
- খ. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম সভাপতি ছিলেন _____।
- গ. ব্রিটিশ সরকারের অর্থনীতির সমালোচনা করতে গিয়ে আদি জাতীয়তাবাদী নেতারা যে তত্ত্বটি খাড়া করেছিলেন তা হলো _____ বা _____।
- ঘ. বেশীর ভাগ নরমপন্থীর ক্ষেত্রেই রাজনীতি ছিল অনেকটা _____ কাজ।
- ঙ. কংগ্রেসের সংগঠনের ভেতরেই ছিল _____।

৩। সঠিক উত্তরটি (✓) চিহ্ন দ্বারা চিহ্নিত করুন—

- ক. ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয় (১৮৮৩, ১৮৮৫) সালে।
- খ. কংগ্রেসের আদি যুগের নেতাদের বলা হতো (নরমপন্থী, চরমপন্থী)।
- গ. আদি জাতীয়তাবাদীরা চেয়েছিলেন (পূর্ণস্বরাজ, স্বায়ত্তশাসন)।
- ঘ. তাঁদের নীতি ছিল (সশস্ত্র সংগ্রাম, আবেদন-নিবেদনের)।
- ঙ. আদি জাতীয়তাবাদী নেতারা বক্তৃতা করতেন (ইংরেজীতে, হিন্দীতে, বাংলায়)।

৪। একটি বাক্যে উত্তর দিন—

- ক. সুসংগঠিত জাতীয় আন্দোলনের নেতৃত্বে কারা ছিলেন?
- খ. বেঙ্গল ব্রিটিশ ইন্ডিয়া সোসাইটি কার প্রেরণায় জন্ম নিয়েছিল?
- গ. 'ভারতসভা' কে প্রতিষ্ঠা করেছিলেন?
- ঘ. ভারতের সম্পদ লুণ্ঠনের মাধ্যম কি কি ছিল?
- ঙ. দাদাভাই নৌরজী ব্রিটিশ শাসনকে কি মনে করতেন?

রচনাভিত্তিক প্রশ্ন—

- ১। ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠার প্রেক্ষাপট সম্পর্কে লিখুন।
- ২। প্রথম যুগের জাতীয়তাবাদী নেতারা কিভাবে ব্রিটিশ অর্থনীতির সমালোচনা করেছিলেন?
- ৩। নরমপন্থী নেতারা কি কি দাবী ব্রিটিশ সরকারের কাছে পেশ করেছিলেন?

স্বল্প কথায় লিখুন—

- ১। প্রথম যুগের জাতীয়তাবাদী আন্দোলনের দুর্বলতা ও সাফল্য সম্পর্কে আপনার মতামত লিখুন।

২.১১ গ্রন্থপঞ্জী

- ১। জন ম্যাকলেন, ইন্ডিয়ান ন্যাশানালিজম এ্যান্ড দি আর্লি কংগ্রেস
- ২। বিপান চন্দ্র, দি রাইজ অ্যান্ড গ্রোথ অব ইকনমিক ন্যাশানালিজম ইন ইন্ডিয়া
- ৩। অমলেশ ত্রিপাঠী, স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেস (১৮৮৫-১৯৪৭)
- ৪। সুমিত সরকার, আধুনিক ভারত (Modern India)
- ৫। অনিল শীল, দি ইমার্জেন্স অব ইন্ডিয়ান ন্যাশানালিজম্
- ৬। বি. বি. মিশ্র, দি ইন্ডিয়ান মিডল ক্লাসেস দেয়ার গ্রোথ ইন মডার্ন টাইমস্
- ৭। রজতকান্ত রায়, আরবান রুটস অব ইন্ডিয়ান ন্যাশানালিজম, প্রেসার গ্রুপ্‌স অ্যান্ড কনফ্লিক্ট* অব ইন্টারেস্টস ইন ক্যালকাটা সিটি পলিটিক্স।
- ৮। নিখিল সুর, ভারতীয় জাতীয়তাবাদী আন্দোলনের পটভূমি
- ৯। রজনী পাম দত্ত, ইন্ডিয়া টুডে
- ১০। উইলিয়াম ওয়েডারবার্গ, অ্যালেন অস্ট্রাভিয়ান হিউম
- ১১। বিপান চন্দ্র, অমলেশ স্বাধীনতা সংগ্রাম
ত্রিপাঠী, বরফন দে

একক ৩ □ চরমপন্থা, স্বদেশী আন্দোলন এবং সুরাটে কংগ্রেসের ভাঙন।

গঠন

- ৩.০ উদ্দেশ্য
- ৩.১ প্রস্তাবনা
- ৩.২ প্রারম্ভিক কথা
- ৩.৩ চরমপন্থার উদ্ভব
 - ৩.৩.১ চরমপন্থী আন্দোলনের ভাবাদর্শগত পটভূমি
 - ৩.৩.২ চরমপন্থী আন্দোলনের সামাজিক ও অর্থনৈতিক পটভূমি
 - ৩.৩.৩ চরমপন্থী আন্দোলনের আন্তর্জাতিক রাজনীতির প্রভাব
 - ৩.৩.৪ চরমপন্থী আন্দোলনের নেতৃত্ব
 - ৩.৩.৫ চরমপন্থী আন্দোলনের রাজনৈতিক পটভূমি
- ৩.৪ বঙ্গভঙ্গ প্রস্তাব
- ৩.৫ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন : স্বদেশী ও বয়কট আন্দোলন
 - ৩.৫.১ শ্রমিক ও কৃষক বিক্ষোভ
 - ৩.৫.২ স্বদেশী আন্দোলনের যুব-সম্প্রদায়
 - ৩.৫.৩ স্বদেশী আন্দোলনের সমিতির ভূমিকা—সম্মতস্বাদের দিকে মোড়
 - ৩.৫.৪ স্বদেশী আন্দোলনের মুসলিম সম্প্রদায়ের ভূমিকা
- ৩.৬ স্বদেশী আন্দোলনের তাৎপর্য
- ৩.৭ স্বদেশী আন্দোলনের সীমাবদ্ধতা
- ৩.৮ সুরাটে কংগ্রেসের ভাঙন
- ৩.৯ সারাংশ
- ৩.১০ অনুশীলনী
- ৩.১১ গ্রন্থপঞ্জী

৩.০ উদ্দেশ্য

এই এককটিতে পড়বার পর আপনি জানতে পারবেন ভারতের জাতীয় আন্দোলনের চরমপন্থার উদ্ভব এবং কংগ্রেসের ভাঙন অর্থাৎ—

- চরমপন্থী আন্দোলনের আদর্শগত পটভূমি।
- চরমপন্থী আন্দোলনের সামাজিক ও অর্থনৈতিক পটভূমি।
- চরমপন্থী আন্দোলনের রাজনৈতিক পটভূমি।
- বঙ্গভঙ্গ ও স্বদেশী আন্দোলন।
- স্বদেশী আন্দোলনের নানা প্রবণতা।
- সুরাটে কংগ্রেসে ভাঙন।

৩.১ প্রস্তাবনা

১৮৮৫ সালে ভারতের জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হওয়ার সঙ্গে সঙ্গে ভারতের স্বাধীনতা সংগ্রাম একটি সুসংবদ্ধ রূপ পরিগ্রহ করেছিল। অবশ্য কংগ্রেসের সূচনাকালে তার প্রকৃতি ছিল সীমিত, দ্বিধাগ্রস্ত এবং মৃদু। ১৮৮৫ থেকে ১৯০৫ পর্যন্ত কংগ্রেসের নেতৃত্বে যারা ছিলেন তাঁরা মডারেট বা নরমপন্থী বলে পরিচিত। ব্রিটিশ সরকারের তারা সমালোচনা করতেন বটে, কিন্তু তাঁদের নীতি ছিল আবেদন নিবেদনের। ব্রিটিশ ন্যায়নীতির উপর তাঁদের অগাধ আস্থা ছিল। ব্রিটিশ শাসনের শোষণের রূপটিকে তাঁরা ‘অ-ব্রিটিশ শাসন’ বলে ভাবতে পছন্দ করতেন। এ ছাড়া সমাজের উচ্চবিত্ত স্তর থেকে তাঁরা এসেছিলেন বলে জনসমাজ থেকেও তাঁরা কিছুটা বিচ্ছিন্ন ছিলেন। সময় এবং পরিস্থিতির বদলের সঙ্গে সঙ্গে আদি জাতীয়তাবাদী নেতাদের নীতি গতি হারিয়ে ফেলেছিল। তারা ক্রমাগতই সমালোচনার সম্মুখীন হচ্ছিলেন।

৩.২ প্রারম্ভিক কথা

আদি জাতীয়তাবাদী নেতৃত্বের মধ্যে যে দুর্বলতাগুলি দেখা দিচ্ছিল সেগুলিই কংগ্রেসের মূল সমালোচনার কারণ হয়ে দাঁড়িয়েছিল। কংগ্রেসের সংগঠনের ভেতরেই ছিল দুর্বলতার বীজ। কংগ্রেসের ভেতরের গোষ্ঠীদ্বন্দ্ব খুবই প্রকট ছিল। সুরেন্দ্রনাথ ও তাঁর ‘বেঙ্গলী’র সঙ্গে মোতিলাল ঘোষের ‘অমৃতবাজার পত্রিকা’ গোষ্ঠীর একটানা ঝগড়া চলেছিল। হিন্দু ও শিখ ধর্মের তিক্ততা পঞ্জাবের গোষ্ঠীদ্বন্দ্বকে তীব্র করে তুলেছিল। ঐতিহাসিক সুমিক সরকারের মতে অবশ্য কেমব্রিজ ঘরানার ঐতিহাসিকরা

গোষ্ঠীদ্বন্দ্ব বিষয়টাতে অত্যধিক গুরুত্ব দেন। কংগ্রেসের আরেকটি দুর্বলতা ছিল। কংগ্রেসের আদি নেতারা মুসলমানদের তাঁদের কর্মকাণ্ডে আকৃষ্ট করতে পারেন নি। আলিগড় আন্দোলনের হোতা স্যার সৈয়দ আহমেদ খানের দ্বিজাতি তত্ত্ব পরবর্তীকালে মুসলীম লিগের জন্ম দিয়েছিল এবং মুসলমানেরা কংগ্রেসকে একটি হিন্দু সংগঠন বলেই মনে করতেন। আদি জাতীয়তাবাদী নেতাদের অন্য আরেকটি দুর্বলতা ছিল। তাঁরা ব্রিটিশ সরকারের অর্থনৈতিক শোষণ নিয়ে কথা বলতেন বটে, কিন্তু দরিদ্র ও অশিক্ষিত জনগণের জন্য কোনরকম সুষ্ঠু নীতি তাঁরা গ্রহণ করতে পারেন নি। এ ছাড়া জনগণের মধ্যে কংগ্রেসের শিকড় প্রোথিত ছিল না।

এ সকল সীমাবদ্ধ তা সত্ত্বেও মনে রাখতে হবে যে, আদি জাতীয়তাবাদী নেতারা জাতীয় চেতনাকে জাগ্রত করে সে চেতনার ভিত্তিকে সুদৃঢ় করতে পেরেছিলেন। তাঁদের কাজই ছিল রাজনৈতিক বিষয়ে জনসাধারণের কৌতূহলকে জাগ্রত করে তোলা এবং দেশে ও বিদেশে জনমত গড়ে তোলা। হয়তো বাস্তবক্ষেত্রে তাঁরা খুব একটা সাফল্য অর্জন করতে পারেন নি, কারণ শাসনতান্ত্রিক যে সব সংস্কারের দাবীতে তাঁরা আন্দোলন শুরু করেছিলেন তার মধ্যে শুধু কয়েকটি ক্ষেত্রে তারা সরকারকে উৎসাহিত করতে পেরেছিলেন। কিন্তু এ কথা অবশ্যই মনে রাখতে হবে, তারাই এদেশে প্রথম সাংগঠনিক রাজনীতির নানা পথের সন্ধান দিয়েছিলেন। তাঁদের যুগে তাঁরাই ছিলেন প্রগতির অগ্রদূত। ব্রিটিশ সাম্রাজ্যবাদকে তাঁরাই প্রথম নির্মমভাবে সমালোচনা করেছিলেন। রাজনৈতিক চিন্তা ও কর্মধারায় মধ্যপন্থী হলেও অর্থনৈতিকভাবে ভারতবর্ষের দূরাবস্থার কারণ তাঁরা উদঘাটিত করেছিলেন এবং বিদেশী শাসকের প্রকৃত রূপটি উন্মোচন করেছিলেন। তাঁরা আধুনিক সাম্রাজ্যবাদকে অত্যন্ত তীক্ষ্ণভাবে বিশ্লেষণ করেছিলেন। সুতরাং এ কথা পরিষ্কার ভাবেই বলা যায় যে, তাঁদের উদ্যোগকে ভিত্তি করেই পরবর্তী যুগের আন্দোলন সমৃদ্ধতর হয়েছিল। জাতীয় আন্দোলনের এই পথিকৃতদের ভূমিকা বিশ্লেষণ করতে গিয়ে মধ্যপন্থীদের অন্যতম শেষ মহান প্রতিনিধি গোপালকৃষ্ণ গোখলে লিখেছিলেন :

“আমাদের ভুললে চলবে না যে দেশের অগ্রগতি এখন যে স্তরে আছে তাতে আমাদের সাফল্য সীমিত হতে বাধ্য। নিরন্তর দুঃসহ নিরাশার গ্লানি আমাদের জন্য অপেক্ষা করে থাকবে। ভাগ্যবিধাতা মুক্তি সংগ্রামে আমাদের এই স্থান নির্ধারণ করে দিয়েছেন, নির্দিষ্ট কাজ আমরা যখন শেষ করতে পারব, আমাদের দায়িত্বেরও তখন সমাপ্তি হবে। ভবিষ্যতে যাঁরা আসবেন তাঁরা দেশকে সেবা করবেন তাঁদের সফল সাধনা দিয়ে; আমাদের ব্যর্থতা দিয়ে দেশমাতৃকার আরতি করেই আমরা তৃপ্ত হবো; কঠিন হলেও এই উপলব্ধিতে সান্ত্বনা পাব যে আমাদের ব্যর্থতার মধ্যেই ভবিষ্যতের মহান সাফল্যের শক্তি লুকিয়ে আছে।”

১. প্রান্তলিপি—নরমপন্থী সমকালেই সমালোচনার শিকার হয়েছিলেন। তাঁদের ভূমিকাকে কটাক্ষ করা হয়েছে ‘রাজনৈতিক ভিক্ষাবৃত্তি’ বা Political mendicancy বলে। বিপানচন্দ্র বলেছিলেন যে ইংরেজ সরকারের কাছে অধিকার ভিক্ষে চাওয়া নিরর্থক। বঙ্কিমচন্দ্রও এই রাজনৈতিক ভিক্ষাবৃত্তির কঠোর সমালোচনা করেছিলেন। নরমপন্থী নেতাদের মধ্যে গোখলেই এই বক্তব্যের বিরুদ্ধে প্রতিবাদ করেন।

গোথলে আরো বললেন, “আমরা ভিক্ষুক নই এবং আমাদের নীতি ভিক্ষুকজনোচিত নয় “We are not beggars and our policy is not that of mendicancy”—তিনি আরো বলেন, “দেশের স্বার্থের উপর নজর রাখা ও তা রক্ষা করার জন্য বিদেশী দরবারে আমরা জনগণের রাষ্ট্রদূতের ভূমিকা গ্রহণ করেছি।”

সমকালীন সময় ও পরিস্থিতি গুরুত্ব দিলে বোঝা যায় যে, জাতীয়তাবাদী নেতারা এক কঠিন অবস্থার মধ্যেও দিশারীর ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন। নেতৃত্ব ছিল প্রাচীন ও বৃদ্ধদের হাতে। তাদের সাহসের অভাব থাকাটাই সম্ভব ছিল। তবুও একটি বৃহৎ আন্দোলনের শুরু তারা করেছিলেন যা, শেষ হয়েছিল ভারতের স্বাধীনতা প্রাপ্তিতে এইটি আমাদের মনে রাখতে হবে।

৩.৩ চরমপন্থার উদ্ভব

উনিশ শতকে শেষ দিকে নরমপন্থী চিন্তাধারার সমালোচনা ক্রমেই সোচ্চার হয়ে উঠেছিল। এর কারণ ছিল নরমপন্থী রাজনীতি সম্পর্কে এক হতাশা বোধ। ঐতিহাসিক সুমিত সরকার তার ‘আধুনিক ভারতে’ বলেছেন যে, “১৮৯০ এর দশকে নরমপন্থী রাজনীতির বিরুদ্ধে মোটামুটি সুবিন্যস্ত একটা সমালোচনা গড়ে উঠেছিল বিশেষ করে পরবর্তীকালে সম্মতস্বাদের তিনটি প্রধান ঘাঁটিতে অর্থাৎ বাংলা, পাঞ্জাব ও মহারাষ্ট্রে।” এই সমালোচনা ছিল দ্বিমুখী। এক, নরমপন্থী নেতাদের ব্রিটিশ জনমতের কাছে আবেদনের ‘ভিক্ষুকসুলভ’ কৌশলকে নিষ্ফল ও অসম্মানজনক বলে মনে করা হল। দুই, আবেদন-নিবেদনের বদলে নতুন শ্লোগান হল আত্মনির্ভরতা ও গঠনমূলক কাজ। সূচনা হলো স্বদেশী উদ্যোগের। একটি কথা মনে রাখা দরকার। নরমপন্থী বা ‘মডারেট’ কিংবা চরমপন্থী বা ‘এক্সট্রিমিট’ উভয়েই ছিল কংগ্রেসের ভিতরকার গোষ্ঠী। অর্থাৎ চরমপন্থা বলতে সাধারণত ভারতীয় জাতীয় কংগ্রেসের আভ্যন্তরীণ চরমপন্থাকেই বোঝায়, বিপ্লবী সম্মতস্বাদকে নয়। নরমপন্থী আন্দোলনের বিরুদ্ধে যে আভ্যন্তরীণ চরমপন্থাকেই বোঝায়, বিপ্লবী সম্মতস্বাদকে নয়। নরমপন্থী আন্দোলনের বিরুদ্ধে যে প্রতিক্রিয়া দেখা দিয়েছিল তাকে তিনটি ভাগে ভাগ করা যায়। এক, একটি অ-রাজনৈতিক ধারা যার ধরণ ছিল গঠনমূলক কাজের মাধ্যমে জাতিকে আত্মবিকাশের পথে নিয়ে যাওয়া এবং বিদেশী শাসনকে সোজাসুজি আক্রমণ না করে তাকে উপেক্ষা করা, দুই, নিষ্ক্রিয় প্রতিরোধ বা Passive Resistance এর নীতি যার প্রথম প্রবক্তা হলেন লালা লাজপৎ রায়।^২ তিন, বিপ্লবী সম্মতস্বাদ যা না স্বাধীনতার জন্য ব্যক্তিহীন বা ষড়যন্ত্রের পথকে বেছে নিয়েছিল। এখানে আমাদের চরমপন্থার পর্যালোচনায় (যার প্রধান প্রবক্তা ছিলেন) বালগঙ্গাধর তিলক, লালা লাজপৎ রায়, বিপিনচন্দ্র

২. প্রান্তলিপি—“It is seldom realised that amongst the nationalist leaders of India Lal Lajpat Rai was the earliest exponent of militant nationalism in the country. He was the first spokesman of the doctrine of Passive Resistance. Addressing the twenty first session of the Indian National Congress at Varanasi in 1905 he said : ‘That a method which is perfectly legitimate, perfectly constitutional and perfectly justifiable is the method of passive resistance.—Militant nationalism in India— Bimanbehari Majumdar P 65-66.

পাল, অরবিন্দ ঘোষ প্রভৃতি নেতৃত্বকে চরমপন্থী ভূমিকায় মূল্যায়ন করব।

আগেই বলা হয়েছে যে, নরমপন্থী নেতৃত্ব ক্রমাগতই তাদের অভীষ্ট লক্ষ্য পূরণে ব্যর্থ হচ্ছিলেন। ব্রিটিশ সরকার তাদের দমনমূলক নীতি চালিয়েই যাচ্ছিল যা কিনা নাগরিক স্বাধীনতাকে খর্ব করছিল। এ ছাড়া ব্রিটিশ সরকারের অর্থনৈতিক শোষণ, ভারতীয় সম্পদের বহির্গমন, ভারতের অপরিসীম দারিদ্র্য ও খাদ্যাভাব ভারতীয়দের মধ্যে ক্রমাগতই ক্ষোভের সঞ্চার করছিল। বেকারত্ব ও অমর্যাদা শিক্ষিত ও বুদ্ধি জীবী শ্রেণীর মোহভঙ্গ ঘটিয়েছিল। মনে রাখতে হবে যে, এই বুদ্ধি জীবী শ্রেণীরাই একসময় ব্রিটিশ শাসনকে ‘ঈশ্বরের আশীর্বাদ’ বলে মনে করতেন। অরবিন্দ ঘোষ ‘পুরানোর বদলে নরম বাতি’ নামে এক প্রবন্ধগুচ্ছে নরমপন্থী রাজনীতির সমালোচনা করেন। কংগ্রেস ভিক্ষাবৃত্তিকে তিনি আক্রমণ করেন এবং মধ্যশ্রেণীর সঙ্গে বৃহত্তর সমাজের সর্বহারার যোগসূত্র গড়ে তোলার কথা বলেন। অবশ্যই অরবিন্দের কাছে ‘সর্বহারার’ অর্থ ছিল গ্রামাঞ্চলের সাধারণ মানুষেরা।

বাংলায় কংগ্রেস সম্বন্ধে মোহভঙ্গ করেন অশ্বিনীকুমার দত্ত। ১৮৯৭-এ কংগ্রেসের অমরাবতী অধিবেশনকে তিনি ‘তিন দিনের তামাশা’ বলে ব্যঙ্গ করেন। অশ্বিনীকুমার বরিশালে স্কুল শিক্ষকতা করতেন। কিন্তু তার নিজের জেলায় সমাজসেবার মাধ্যমে তিনি এক অনন্য ধরনের গণসমর্থন গড়ে তোলেন। ১৯০৫ এর স্বদেশী আন্দোলনের দিনগুলিতে বরিশাল একটি বড় ঘাঁটি ছিল। এই সময়ে রবীন্দ্রনাথও কংগ্রেস সম্পর্কে তাঁর মোহভঙ্গের কথা ব্যক্ত করেন। “যুরোপের চরিত্রের প্রতি আস্থা নিয়েই আমাদের নবযুগের আরম্ভ হয়েছিল, দেখেছিলুম জ্ঞানের ক্ষেত্রে যুরোপ মানুষের মোহমুক্ত বুদ্ধিকে শ্রদ্ধা করেছে এবং ব্যবহারের ক্ষেত্রে স্বীকার করেছে তার ন্যায়সঙ্গত অধিকারকে।” যুরোপের প্রতি তার এই মনোভাব পর্যবসিত হচ্ছে অন্য এক উপলক্ষিতে যখন তিনি একই প্রবন্ধে^৩ লিখলেন, “ক্রমে দেখা গেল, যুরোপের বাইরে অনাত্মীয়মণ্ডলে যুরোপীয় সভ্যতার মশালটি আলো দেখাবার জন্য নয়, আগুন লাগাবার জন্য।” কংগ্রেসের ভিক্ষাবৃত্তিকে তিনি ধিক্কার জানিয়েছিলেন। অমিয় চক্রবর্তীকে লেখা একটি চিঠিতে তিনি লিখছেন যে কংগ্রেসের আন্দোলন ছিল বাইরের দিকে। “দেশের জনগণের অন্তরের দিকে সে তাকায় নি, তাকে জাগায় নি, স্বদেশের পরিত্রাণের জন্য সে করুণ দৃষ্টিতে পথ তাকিয়ে ছিল বাইরেরকার উপরওয়ালার দিকে। পরবশতার ধাত্রীক্রেড়েই তার স্বাধীনতা আশ্রয় নিয়ে আছে, এই স্বপ্ন তার কিছুতে ভাঙতে চায় নি। সেদিনকার হাতজোড় করা দোহাইপাড়া মুক্তিফৌজের চিত্তদৈন্যকে বার বার ধিক্কার দিয়েছি, সে তুমি জ্ঞান”। ভিক্ষাবৃত্তি বর্জন করে তিনি জোর দেন আত্মশক্তির ওপর। স্বদেশী উদ্যোগ ও জাতীয় শিক্ষার মাধ্যমেই আত্মশক্তির বিকাশ হবে বলে তিনি বিশ্বাস করতেন। শিক্ষা অথবা রাজনৈতিক কাজ— যে কোন ক্ষেত্রেই তিনি মাতৃভাষা ব্যবহার করাকে যুক্তিযুক্ত বলে মনে করেছিলেন। তিনি তাঁর শাস্তিনিকেতন আশ্রমের মাধ্যমে শিক্ষাব্যবস্থার নানারকম পরীক্ষা নিরীক্ষা করেছিলেন। বিশ শতকের গোড়ার দিকে আইরিশ ও অন্যান্য ইউরোপীয় আন্দোলনের অভিজ্ঞতা নিয়ে ভারতবর্ষে এসেছিলেন বিবেকানন্দের

৩. প্রান্তলিপি— বিশদভাবে পড়ার জন্য পড়ুন, রবীন্দ্রনাথ ঠাকুরের ‘কালান্তর’ প্রবন্ধটি।

শিষ্যা মার্গারেট নোবেল বা নিবেদিতা। আরো অনেকেই স্বদেশেই উদ্যোগের কথা বলেছিলেন এবং সেইমতো কাজ করতে চাইছিলেন। ১৮৯৩-এ প্রফুল্লচন্দ্র রায় তাঁর বেঙ্গল কেমিক্যাল শুরু করেন। সতীশচন্দ্র মুখোপাধ্যায় স্থাপিত করেন তাঁর ডন সোসাইটি।

দেখা যাচ্ছে যে ভারতবর্ষের জনমানসে এক পরিবর্তনের প্রক্রিয়া ঘটে চলছিল। মধ্যপন্থীদের সংস্কার আন্দোলনের মানুষের মনে আর কোন সাড়া জাগাতে পারছিল না, তাঁদের জায়গায় অভ্যুত্থান ঘটছিল এক নতুন শ্রেণীর নেতার। তাঁদের দাবী আরো চরম ছিল বলে জাতীয় আন্দোলনের ইতিহাসে তাঁরা চরমপন্থী বলে পরিচিত। নরমপন্থী বা মধ্যপন্থীরা বুদ্ধিজীবী সম্প্রদায় ও শহরাঞ্চলের মধ্যবিত্ত শ্রেণীর বাইরে তাদের প্রভাবকে বিস্তার করতে পারেন নি, এবার চরমপন্থী নেতারা আন্দোলনের ডাক পৌঁছে দিলেন এক ব্যাপকতর সামাজিক পরিধিতে। নিম্নমধ্যবিত্ত সমাজ, ছাত্রসমাজ ছাড়িয়েও কৃষক ও মজুরদের কাছে তাঁদের আহ্বান পৌঁছে গেল।

৩.৩.১ চরমপন্থী আন্দোলনের ভাবাদর্শগত পটভূমি

চরমপন্থীদের চিন্তাধারার মধ্যে গড়ে উঠেছিল যাকে উয়েনবী বলেছেন archaism বা অত্যধিক প্রাচীনতা প্রীতি। এই চিন্তাধারাকে অমলেশ ত্রিপাঠি^৪ তিনটি স্তর থেকে দেখেছেন আধ্যাত্মিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক। আধ্যাত্মিকভাবে চরমপন্থীরা সনাতন হিন্দুধর্ম খ্রীষ্টধর্মের মুখোমুখি হয়ে যে সংকটের সম্মুখীন হয়েছিল তার প্রতিরোধের চেষ্টা করেছিলেন। প্রাচীন ভারতীয় সভ্যতার ও হিন্দু ধর্মের মহিমা সম্বন্ধে রামমোহন থেকে অরবিন্দ বেশ ভালোভাবেই সচেতন ছিলেন। উপনিষদের যুক্তি ও অধ্যাত্মচেতনা, কর্মোদ্যম ও ফলত্যাগের দিকে তারা জনমানসের মনোযোগকে আকৃষ্ট করেছিলেন। সাংস্কৃতিক ভাবে তাঁরা পশ্চিমী যান্ত্রিক, জড়বাদী এবং স্বাতন্ত্র্যবাদী সভ্যতাকে প্রতিহত করতে চেয়েছিলেন। তাঁরা মনে করতেন রাজনীতি, সমাজ, অর্থনীতি এবং সংস্কৃতি সব দিক দিয়েই ভারতের অবদান প্রথম ও শ্রেষ্ঠ। পশ্চিমী সভ্যতা ও সংস্কৃতির কাছ থেকে ভারতীয়দের আর নতুন কিছু শেখার প্রয়োজন নেই। সেখানকার সংস্কৃতি বস্তুবাদের বিষে জীর্ণ বলে তাঁরা মনে করতেন; অন্যদিকে তাঁরা বিশ্বাস করতেন ভারতীয় অধ্যাত্মবিদ্যার ভেষজই পারবে এই জড়বাদী বিশ্বকে পুনরুজ্জীবন দান করতে। তাই রাজনীতিগতভাবে তাঁরা চেয়েছিলেন ভারতের জাতীয় অস্তিত্বকে ব্রিটিশ সাম্রাজ্যের মধ্যে নিমগ্ন হওয়ার হাত থেকে রক্ষা করতে, চেয়েছিলেন নিজেদের সভ্যতার উৎসে ফিরে তাকাতে। পশ্চিমী অনুকরণ নয় ভারতের প্রাচীন আত্ম আবিষ্কারের মধ্যেই রয়েছে মুক্তির পথ। অরবিন্দ ও বিপিনচন্দ্র পাল বললেন,

৪. প্রান্তলিপি—“A rebound from the mimess fo the west, it (extremism) oscillatred to another extreme — memesses of ancient India Baru of a psychology of fear, it inculcated aggressiveness in tone and temper. Repelled by the inferiority complex of the anglisized Indian, it bred the equality unhealthy superiority complex of the Orghodox Indian.”— The extremist Challenge, Amalesh Tripathi P.1.

রাজনৈতিক সমস্যার সমাধান না হলে কোন সমস্যারই সমাধান হবে না, সে সমাধানের জন্য ইংরেজ বহিষ্কারের সঙ্গে সঙ্গে পশ্চিমী সভ্যতার বহিষ্কারও দরকার।

নরমপস্থা বা মডারেট রাজনীতির নরম সুরের বদলে ভারতের জাতীয় আন্দোলনে নিয়ে এল এক কড়া ও আগ্রাসী মনোভাব। বঙ্কিমচন্দ্রের ‘কৃষ্ণচরিত্র’-এর শ্রীকৃষ্ণের মধ্যে তাঁরা তাদের আকাঙ্ক্ষিত জাতীয় বীরকে দেখতে পেলেন। বালগঙ্গাধর তিলক গীতার একটি টীকাভাষ্য লিখলেন। তার ভূমিকাটি লিখলেন অরবিন্দ ঘোষ। লালা লাজপত রায় উর্দুতে শ্রীকৃষ্ণের একটি জীবনী রচনা শেষ করলেন আর অশ্বিনীদত্ত ভক্তিব্যোগ নিয়ে বিস্তৃতভাবে আলোচনা করলেন। ‘শ্রীকৃষ্ণতত্ত্ব’ লিখলেন ক্যাথলিক খ্রীষ্টান ব্রহ্মব্রাহ্মব উপাধ্যয়। আবার যুক্তিবাদী ব্রাহ্ম বিপিনচন্দ্র পাল শ্রীকৃষ্ণকে বললেন, ‘ভারতবর্ষের আত্মা’ বা The soul of India। আবার শুধু ধর্মে নয় ইতিহাসের মধ্যে তাঁরা শিবাজী, রানা প্রতাপ সিংহ, ও গুরু গোবিন্দ সিংহের মধ্যে তাঁদের নায়ককে খুঁজে পেলেন। এই ভাবনা থেকে জন্ম নিয়েছিল বঙ্কিমচন্দ্রের রাজসিংহ, আনন্দমঠ, রবীন্দ্রনাথের কথা ও কাহিনী, রমেশচন্দ্র দত্তের রাজপুত্রজীবন সন্ধ্যা, ‘মহারাষ্ট্র জীবন প্রভাত’ ইত্যাদি রচনা। ১৯০৪ সালে তিলক শুরু করলেন শিবাজী উৎসব।

এ কথা মনে করা হয় যে, চরমপন্থীরা তাদের প্রেরণা পেয়েছিলেন বঙ্কিমচন্দ্রের লেখায়, বিবেকানন্দের শিক্ষায় এবং দয়ানন্দের পাশ্চাত্যবিমুখীতায়। মহাভারত, গীতা ও ভাগবতের শ্রীকৃষ্ণতত্ত্ব ছিল বঙ্কিমচন্দ্রের ভাবনার উৎস। হিন্দু ধর্মকে বিশ্লেষণ করে তিনি দেখলেন যে বহু দেববাদ ও বিভূতি, দেশাচার ও লোকাচার ধর্ম নয়। “ব্যক্তির সর্বাঙ্গীণ বিকাশে ও সেই বিকশিত ব্যক্তিত্ব মানবহিতে উৎসর্গে হিন্দুধর্মের সারতত্ত্ব নিহিত। তিনি এর নাম দিলেন অনুশীলন ধর্ম।” ভাগবতের শ্রীকৃষ্ণের মধ্যে তিনি দেখলেন সেই পুরুষোত্তমকে যিনি সুকঠিন প্রয়াসে পূর্ণতা লাভ করেছেন এবং মানবহিতে নিজেকে উৎসর্গ করেছেন। বুদ্ধ বা যীশুর মত শ্রীকৃষ্ণ সংসার ত্যাগ করেন নি বরং সংসারের দুঃখকে বরণ করেছেন বীরের মত, কর্ম করেছেন নিরাসক্তভাবে। ধর্মরাজ্য স্থাপনের জন্য তিনি যুদ্ধ করেছিলেন তাই সে যুদ্ধ ছিল ধর্মযুদ্ধ। নতুন এক কুরুক্ষেত্রের আহ্বান করলেন তিনি, নতুন এক ধর্মযুদ্ধের ডাক দিলেন। তাঁর এই কল্পনা চরমপন্থী ভাবধারার মানুষকে প্রবলভাবে প্রভাবিত করেছিল। তিলক, অরবিন্দ লাজপৎ রায় তো বটেই, ব্রাহ্ম বিপিন পাল ও ক্যাথলিক খ্রীষ্টান ব্রহ্মব্রাহ্মবও এই প্রভাব থেকে দূরে সরে থাকতে পারেন নি। তাঁর ‘বন্দেমাতরম’ সঙ্গীত সারা দেশে এক প্রবল উন্মাদনার সৃষ্টি করল। দেশ হলেন ‘মা’, ভারতবর্ষ হলো ভারতমাতা। ‘আনন্দমঠ’ উপন্যাসে কালীকে তিনি তার রূপে দেখলেন—‘মা যাহা ছিলেন, মা যাহা হইয়াছেন, এবং মা যাহা হইবেন।’ ‘মা যাহা হইয়াছেন’ এর কালী ‘হতসর্বস্বা তাই নগ্নিকা’। অরবিন্দ এই কালীর মধ্যে দেখলেন ব্রিটিশ শোষিত ভারতকে। পত্নী মৃগালিনী দেবীকে একটি চিঠিতে তিনি লিখছেন ‘মার বুকের উপর বসিয়া যদি একটা রাক্ষস রক্তপানে উদ্যত হয়, তাহা হইলে ছেলে কি করে? নিশ্চিত্ত ভাবে আহ্বার করিতে বসে.....না মাকে উদ্ধার করিতে দৌড়াইয়া যায়?’ বঙ্কিম অবশ্য সত্যানন্দের গুরুর মুখ দিয়ে জড় বিজ্ঞানশিক্ষা প্রসারে ও জাতীয়তাবোধ জাগরণে ইংরেজদের প্রয়োজনীয়তার কথা বলেছেন কিন্তু অরবিন্দ তাতে গুরুত্ব দেন নি। আর বঙ্কিমের দু দশক পর তিলক

গীতার যে ভাষ্য রচনা করেছিলেন তাতে ধর্মরাজ্য স্থাপনের জন্য ধর্মযুদ্ধে কোন পছন্দেরই তিনি অন্যায় বলে মনে করেন নি। এমন কি ‘শিবাজী উৎসব’-এ (১৮৯৭) আফজল খাঁর হত্যাকাণ্ডকে তিনি কৃষ্ণের উক্তি দ্বারাই সমর্থন করেছিলেন। অর্থাৎ কিনা বঙ্কিমের থেকে অনুপ্রেরণা নিয়ে চরমপন্থীরা তাদের চিন্তাধারাকে আরো অনেকদূর এগিয়ে নিয়ে গিয়েছিলেন।

চরমপন্থীদের সামনে স্বামী বিবেকানন্দ অন্য এক আদর্শের পরে স্বপ্ন তুলে ধরেছিলেন। অতীত নিয়ে ভারতবর্ষ যে দিবাশ্বপ্নে মগ্ন ছিল তা ভেঙে দিয়ে বিবেকানন্দই শক্তির কথা বললেন, সাহসের কথা বললেন, যা দিয়ে এক ভবিষ্যতের সৌধ গড়ে তোলা যায়। প্রাচ্য ও পশ্চাতের সমন্বয়ের মধ্যে বিবেকানন্দ ভারতের মঙ্গলকে দেখতে পেয়েছিলেন। পশ্চিমের বীর্য, কর্মোদ্যম, সুকঠিন শৃঙ্খলাবোধ, বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার সাহায্যে দুঃখমোচনের নিরলস প্রয়াসকে তিনি অপরিসীম শ্রদ্ধা করতেন। আর পশ্চিমে তিনি নিয়ে গিয়েছিলেন ভারতবর্ষের সত্য, তাগ ও প্রেমের আদর্শ। তিনি বললেন, শূন্য উদরে ধর্মাচরণ সম্ভব নয়। তিনি যে ধর্ম প্রচার করতে চেয়েছিলেন তার লক্ষ্য ছিল বহিঃপ্রকৃতি ও অন্তঃপ্রকৃতিকে জয় করে আত্মার ব্রহ্মস্বরূপকে ব্যক্ত করা। অমলেশ ত্রিপাঠি তাঁর *The extremist challenge*-এ লিখছেন, “The master left a mission, Diserimination, detachment, devotion should all be geared to one great purpose—awakening and unfolding the divinity in man.” শিকাগো ধর্মমহাসভায় তিনি বেদান্তের বাণী ও রামকৃষ্ণের উপদেশ প্রচারের মাধ্যমে হিন্দুধর্মের শ্রেষ্ঠত্বকে প্রতিষ্ঠিত করলেন। উপনিষদের মন্ত্রকে অবলম্বন করে জাতির উদ্দেশ্যে তিনি আহ্বান জানালেন, ‘ওঠ জাগো’। প্রবল পৌরুষের কথা তিনি বলেন; বললেন, “আমরা মায়ের জন্য বলিপ্রদত্ত”। বঙ্কিমের দেশ ছিল কবির কল্পনা। তাতে বিবেকানন্দের কাছে দেশ হলো তাঁর শৈশবের ক্রীড়াভূমি, যৌবনের উপবন এবং বার্ধক্যের বারাণসী। এই দেশ দরিদ্রের দেশ—তাকে অন্নদান, আরোগ্যদান, জ্ঞানদান করতে হবে। আত্মজ্ঞান আসবে তখনই। বললেন, কোন মানুষ কোন জাতি পরস্পরকে ঘৃণা করে বাঁচতে পারে না। ভারতবর্ষের কাল তখনই ঘনিয়ে এসেছে যেদিন থেকে সে ‘শ্লেচ্ছ’ কথাটি আবিষ্কার করেছে অন্যের সাথে এক ব্যবধান তৈরী করেছে। এই জাতপাতের বিভেদ দূর করতে পারলেই সৃষ্টি হবে এক মহান শক্তির যে শক্তির কাছে যে কোন বাধাই তুচ্ছ হয়ে যাবে। ভারতীয়দের দুর্বলতাকে কটাক্ষ করে তিনি বললেন, “পৃথিবীতে পাপ যদি কিছু থাকে, দুর্বলতাই সেই পাপ। সবরকমের দুর্বলতাকে বর্জন করো, দুর্বলতাই পাপ। দুর্বলতাই মৃত্যু.....তোমার শরীর, মন, আধ্যাত্মবোধকে যা দুর্বল করে তাকে বিষবৎ পরিত্যাগ করো। দুর্বলতা জীবনহীনতার, অসত্যের লক্ষণ।” চরমপন্থীরা বিবেকানন্দের আদর্শে অনুপ্রাণিত হলেন, উদ্দীপিত হলেন তাঁর উপদেশবাণীতে। বিবেকানন্দ ধর্মের সঙ্গে রাজনীতিকে জড়াতে চান নি কিন্তু চরমপন্থীর দুই হোতা অরবিন্দ ও তিলক রাজনীতিতে হিন্দুধর্মকে কাজে লাগালেন। বিপিল পাল বললেন, ভারতবর্ষের রাজনীতি হলো একটি আধ্যাত্মিক আন্দোলন। প্রত্যেক মানুষের মধ্যে ঈশ্বর বর্তমান। ঈশ্বর যেহেতু অনন্তকালের জন্য মুক্ত, মানুষের মুক্তিও অনন্তকালের।

স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার।^৫ অরবিন্দ ও বিপিন পাল দুজনেই বললেন যে, স্বরাজ বা রাজনৈতিক স্বাধীনতা সবচেয়ে বড় কথা। রাজনৈতিক সমস্যার সমাধান না হলে কোন সমস্যারই সমাধান হবে না। আত্মিক বা আধ্যাত্মিক উন্নতির জন্য চাই রাজনৈতিক স্বাধীনতা।

চরমপন্থীরা উনিশ শতকের আরেকজন ধর্মীয় নেতার দ্বারা অনুপ্রাণিত হয়েছিলেন— তাঁর নাম দয়ানন্দ স্বরস্বতী। রামমোহন ও বিবেকানন্দ বেছে নিয়েছিলেন বেদান্তের ঐতিহ্য, বঙ্কিমের উৎস ছিল গীতা ও ভাগবত, দয়ানন্দ বেছে নিলেন বেদকে। বেদকে তিনি অমোঘ ও অভ্রান্ত বলে মেনে নিলেন অস্বীকার করলেন পরবর্তীকালের হিন্দুধর্মের যে কোন বিবর্তনকে। শুধু বৌদ্ধ ও জৈনধর্ম নয়, তিনি অদ্বৈততত্ত্ব গীতার ভক্তিবাদ, পুরাণের মূর্তিপূজা সবই বর্জন করেছিলেন। দয়ানন্দের চিন্তাধারায় ইউরোপীয় সংস্কৃতি কোনরকম প্রভাব ফেলতে পারে নি। চরমপন্থীরা ইংরেজদের জাত্যাভিমানের উত্তর দিতে চেয়েছিলেন আর্ষ শ্রেয়োমন্যতা দিয়ে। এইখানে তাদের গুরু ছিলেন দয়ানন্দ স্বামী। দয়ানন্দের কাছে বেদ ছিল ঈশ্বরের বাণী, তার মধ্যে শুধু আধ্যাত্মিক, জীবনের প্রথম ও শেষ কথা নেই, আছে জড়বিজ্ঞানের সকল তথ্য। বেদ ব্যাখ্যায় ম্যাক্সমুলারকে তিনি অবজ্ঞা করতেন আবার সায়েনভাষ্যও সব জায়গায় মানেন নি। তিনি মনে করতেন ঋক্বেদ শুধুমাত্র প্রকৃতি দেবতার উদ্দেশ্যে নিবেদিত প্রার্থনা নয়, তা একেশ্বরবাদের প্রথম ও পূর্ণরূপ। তাঁর নিজের মত তিনি প্রকাশ করেছিলেন নিজের রচনা ‘সত্যার্থপ্রকাশে’। তাঁর অন্যধর্ম সম্পর্কে এই অসহিষ্ণুতা চরমপন্থীদের চিন্তায় স্থান পেয়েছিল। দয়ানন্দের আর্ষসমাজ শুদ্ধির মাধ্যমে অ হিন্দুদের হিন্দুত্ব দিতে গিয়ে মুসলিমদের সন্দেহভাজন হলো। পঞ্জাবে আর্ষধর্ম ছড়িয়ে পড়ল, লালা লাজপৎ রায় তা বরণ করলেন।

বঙ্কিম, বিবেকানন্দ এবং দয়ানন্দের আদর্শে চরমপন্থীদের যে চিন্তার জগতটি রচিত হয়েছিল তা হলো এক ‘আদর্শ ভারতের’ স্বপ্ন। সে আদর্শ ভারতটি কেমন? এই আদর্শ ভারতের ধর্মীতে প্রবাহিত হবে আর্ষরক্ত এবং হিন্দুধর্মই হবে এই ভারতের ধর্ম। এই আদর্শ ভারতের গৌরবময় ইতিহাস গড়েছেন শ্রীকৃষ্ণের মত অতিমানব ও শিবাজীর মত যোদ্ধা। রাজনীতি, সমাজ, অর্থনীতি, সংস্কৃতি সব দিক দিয়ে তার অবদান প্রথম এবং শ্রেষ্ঠ। অরবিন্দ ও বিপিন পালের মতে ভারতের রাষ্ট্রব্যবস্থা ও পঞ্চায়েত ব্যবস্থার মত মহৎ পশ্চিমে কিছু নেই। তবে রাজনীতি ও হিন্দু ধর্মকে একাকার করে ফেলে চরমপন্থীরা অন্য ধর্মের সমর্থন হারালেন।

৫. প্রাস্তলিপি— বিপানচন্দ্রের বক্তৃতার জন্য পড়ুন ‘The New Movement, lecture at madras 1907, Swadeshi and Swaraj.’

“It (politics) has its application in social, in economic in political life of the sublime philosophy of the Vedanta. It means the desire to carry the message of freedoom.....and we are to carry out that messafe, to realize that ideal in the social, economic and the political life. What isthe message of the Vedanta ? The message of the Vedanta is the that every man has we their himself, in his own soul as the very root and realization of his own being the spirit of god, and as god is elenally free, self realized, so is every man eternally free and; self-realized. Freedom is mans birth right.”

৩.৩.২ চরমপন্থী আন্দোলনের সামাজিক ও অর্থনৈতিক পটভূমি

চরমপন্থী নেতা বালগঙ্গাধর তিলক মনে করতেন যে রাজনৈতিক স্বাধীনতা ও সমাজসংস্কার মিশিয়ে ফেললে গোঁড়া রক্ষণশীলরা কংগ্রেসের প্রতি অসন্তুষ্ট হবে। তাতে ক্ষতি হবে আন্দোলনের। তিনি চাইলেন ঐতিহ্যপন্থী, ইংরেজী শিক্ষা বঞ্চিত অথচ দেশী ভাষায় শিক্ষিত জনগণের এক বৃহদাংশকে কংগ্রেসে সামিল করতে। সামাজিক ভাবে চরমপন্থীরা তাই হয়ে উঠলেন প্রতিক্রিয়াশীল। তাঁরা বললেন যে বিদেশী রাজশক্তির আইনের মাধ্যমে যদি সমাজ সংস্কার করা হয় তবে তা বিদেশী রাজশক্তিরই শক্তি বৃদ্ধি করবে। তাই ১৮৯১ সালে তিলক সহবাস বিষয়ক আইনকে সমর্থন জানান নি। তিনি সংস্কারকদের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করলেন ও বহু পুরাতনপন্থী, দেশীয় ভাষায় শিক্ষিত, এমনকি অশিক্ষিত লোকের সমর্থন পেলেন।^৬

ঔপনিবেশিক শোষণের ধারা অব্যাহত থাকতে দেশের তরুণ সম্প্রদায়ের মধ্যে দেখা দিয়েছিল এক হতাশাবোধ। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে প্রয়োজনীয় সুযোগ না পেয়ে মধ্যবিত্ত শ্রেণীর শিক্ষিত যুবকেরা ক্রমশঃ সরকারী চাকুরী বা আইন ব্যবসায়ের দিকে ঝুঁকেছিলেন। অনেক উদ্যোগী যুবক আবার সাংবাদিকতাকে তাঁদের পেশা হিসেবে বেছে নিয়েছিলেন। তবে সরকারী চাকুরীর ক্ষেত্র ছিল অত্যন্ত সীমিত। ১৯০৩ সালে সারা ভারতে মাত্র ১৬,০০০ ভারতীয় কর্মচারী ছিলেন যাঁদের মাইনে ৭৫ টাকার বেশি। আইনের ক্ষেত্রেও সাফল্যের সম্ভাবনা কম ছিল আর সাংবাদিকতা তখনও খুব অনিশ্চিত পেশা। সফল ডিগ্রীধারীদের চাইতে পরীক্ষায় ব্যর্থ হয়েছে এমন যুবকের সংখ্যা ছিল অনেক বেশী। চাকুরীর ক্ষেত্রে এরা ছিল যোগ্যতাহীন। এদের মধ্যেই হতাশার ভাব সবচেয়ে বেশী তীব্র হয়ে দেখা দিয়েছিল।

বিংশ শতাব্দীর গোড়ার দিকে সম্পন্ন পল্লীজীবী এবং সাধারণ কৃষকদের মধ্যেও অসন্তোষের হাওয়া ছড়িয়ে পড়েছিল। শ্রমিক শ্রেণীর মধ্যেও বিক্ষোভ দেখা যাচ্ছিল। মধ্যপন্থীদের সংস্কার আন্দোলন এদের নাড়া দিতে পারে নি। চরমপন্থী আন্দোলনের নেতারা এদের কাছে তাঁদের ডাককে পৌঁছে দিলেন।

৩.৩.৩ চরমপন্থী আন্দোলনের আন্তর্জাতিক রাজনীতির প্রভাব

উনিশ শতকের শেষের দিকে বাইরের জগতে এক পরিবর্তনের হাওয়া বইতে থাকে। চরমপন্থী জাতীয়তাবাদ এ পরিবর্তনে প্রচুর উৎসাহ ও প্রেরণা পেল। ১৮৬৮ র পরে জাপানের এক আধুনিক ও শক্তিশালী জাতিরূপে অভ্যুত্থান হয়। পঞ্চাশ বছরেরও কম সময়ে জাপান গড়ে ওঠে এক শিল্পোন্নত, শক্তিশালী, সামরিক দেশ হিসাবে। প্রাথমিক শিক্ষাব্যবস্থাকে জাপান বাধ্যতামূলক করেছিল আর তার শাসনব্যবস্থা হয়ে উঠল দক্ষ এবং আধুনিক। পশ্চিমের কোনরকম সাহায্য ছাড়া এশিয়ার একটি ছোট

৬. প্রান্তলিপি— জওহরলাল নেহেরু তাঁর আত্মজীবনীতে তখনকার চরমপন্থীদের সমাজ প্রগতি বিরোধী ভাবধারার তীব্র সমালোচনা করেছেন।

দেশের এ হেন উন্নতি ভারতীয়দের মধ্যে এক প্রবল উদ্দীপনার সঞ্চয় করল। তাই জাপান ভারতীয়দের কাছে হয়ে উঠল এক অননুকরণীয় আদর্শ। ১৮৯৬-এ ইথিওপিয়ার কাছে ইটালীর পরাজয় ঘটল এবং ১৯০৫ এ রাশিয়া হেরে গেল জাপানের কাছে। এ দুটি ঘটনা পাশ্চাত্য শ্বেত জাতি যে অপরাজেয় নয় সে কথা প্রমাণ করল। এদিকে আয়ারল্যান্ড, রাশিয়া, মিশর, তুরস্ক এবং চীনে সাধারণ মানুষের মুক্তিসংগ্রাম ভারতবাসীর মনে এক নতুন আশার বানী শুনিয়েছিল। তারা বুঝতে পারল যে ঐক্যবদ্ধ হতে পারলে নিজের আদর্শের জন্য প্রচণ্ডতম রাষ্ট্রশক্তির বিরুদ্ধে সংগ্রাম করা যায়।

৩.৩.৪ চরমপন্থী আন্দোলনের নেতৃত্ব

চরমপন্থী নেতাদের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য বালগঙ্গাধর তিলক, যিনি পরবর্তীকালে লোকমান্য আখ্যা অর্জন করেন। সি. জি. আগারকরের সহযোগিতায় তিনি ইংরেজীতে ‘মারাঠা’ ও মারাঠীতে ‘কেশরী’ নামে দুটি সংবাদপত্র প্রকাশ করতেন। তিনি তাঁর সাংবাদিকতার দক্ষতাকে তাঁর রাজনৈতিক আদর্শ ও উদ্দেশ্যের সমর্থনে দলমত সংগঠিত করতে কাজে লাগিয়েছিল। তাঁর পত্রিকার মাধ্যমে দেশবাসীর কাছে তিনি জাতীয়তাবাদের বার্তা পৌঁছে দিতেন, উদ্বুদ্ধ করতে তাদের আত্মত্যাগী ও নির্ভীক হতে। ঐতিহাসিক সুমিত সরকার লিখেছেন যে, “অনেক দিন থেকে তিলক ছিলেন পথিকৃৎ। যেমন ধর্মীয় গোঁড়ামিকে গণসংযোগের পদ্ধতি হিসাবে ব্যবহার (সহবাস সন্মতি বিষয়ে তিনি জোট বাঁধেন সংস্কারবাদীদের বিরুদ্ধে, আর তারপরে ১৮৯৪ থেকে সংগঠিত করেন গণপতি উৎসব), জাতীয়তাবাদের কেন্দ্রীয় প্রতীক হিসেবে একই সঙ্গে স্বাদেশিক তথা ঐতিহাসিক ভজনা গড়ে তোলা (শিবাজী উৎসব, এটি তিনি সংগঠিত করেন ১৮৯৬ থেকে) এবং এর সঙ্গে ১৮৯৬-৯৭ এ এক ধরনের রাজস্ব বন্ধ অভিযানের পরীক্ষা।” ভাইসরয় এলিগন যখন ভারতীয় মিলে তৈরী কাপড়ের ওপর শুল্ক বসালেন তিলক তখন ব্রিটিশ পণ্য বয়কটের ডাক দিয়েছিলেন। তিনি ঘোষণা করলেন যে, ‘যদি আমরা বছরে একবার ব্যাঙের মতো গ্যাঙের গ্যাঙের করি তাহলে আমাদের পরিশ্রম নিশ্চল হবে।’ ১৯০২ এ একটি বক্তৃতায় তিনি ঘোষণা করেন, “নিপীড়িত ও অবহেলিত হলেও ইচ্ছে করলে প্রশাসনকে অকেজো করে দেওয়ার ক্ষমতা তোমাদের আছে; নিজেদের সেই ক্ষমতা সম্বন্ধে সচেতন হতে হবে। তোমরাই রেলপথ ও টেলিগ্রাফ পরিচালনা কর, তোমরাই যারা বসত গড়ো ও রাজস্ব আদায় কর.....।” ‘কেশরীতে’ একটি প্রবন্ধে তিলক শিবাজীর হাতে বিজাপুর সেনাপতি আফজল খাঁর হত্যাকে সমর্থন জানান। সব মিলিয়ে তিলক ব্রিটিশ সরকারের উদ্বেগের কারণ হয়ে দাঁড়ান। রাজদ্রোহের অপরাধে তাঁকে ১৮৯৭ সালে গ্রেপ্তার করা হয়। দুবছরের কারাদন্ডে তাঁকে দণ্ডিত করা হয়। কংগ্রেসের সবাই এর বিরুদ্ধে প্রতিবাদ করেন, কারণ এক্ষেত্রে নাগরিক অধিকার ও স্বাধীন সংবাদপত্রের প্রশ্নটি বিপন্ন হয়েছিল। তিলকের আত্মত্যাগের দৃষ্টান্ত সারা দেশে এক আলোড়ন সৃষ্টি করল। দেশবাসী নতুন জাতীয়তাবাদের প্রতীকরূপে তিলককে স্বীকার করে নিল।

লোকমান্য তিলক ছাড়া আর যারা চরমপন্থী আন্দোলনের পথিকৃৎ তাঁরা হলেন বিপিনচন্দ্র পাল, অরবিন্দ ঘোষ এবং লালা লাজপৎ রায়। এদের বিষয়ে পূর্বেই বিশদভাবে আলোচনা করা হয়েছে। এঁদের কর্মসূচীর তিনটি দিক ছিল। এক, তারা চেয়েছিলেন ভারতবাসীকে তাদের হীনাবস্থা থেকে মুক্তির জন্য সংগ্রাম করতে হবে এবং এ সংগ্রামের পথ ক্ষুরধারসম তীক্ষ্ণ। তাঁরা তাই তাদের দেশবাসীকে সাহস, আত্মবিশ্বাস ও আত্মত্যাগের মন্ত্রে দীক্ষিত করতে চেয়েছিলেন। দুই, বিদেশী শাসনকে তাঁরা ঘৃণা করতেন। স্বরাজ ছিল তাঁদের অভীষ্ট লক্ষ্য। তিন, তাঁরা জানতেন যে তাঁদের লক্ষ্যে পৌঁছতে হবে গণ আন্দোলনের পথ ধরে তাই তারা আস্থা স্থাপন করেছিলেন জনসাধারণের ওপর।

৩.৩.৫ চরমপন্থী আন্দোলনের রাজনৈতিক পটভূমি

জাতীয়তাবাদী আন্দোলনের পালে যখন চরমপন্থার হাওয়া জোরদার হয়ে বইতে শুরু করেছে তখন ভারতের বড়লাট হয়ে এলেন লর্ড কার্জন। উনিশ শতকের শেষে ব্রিটিশ সাম্রাজ্য এক সংকটের মুখে এসে পড়েছিল। ফরাসী ও রুশ সাম্রাজ্যের প্রতিদ্বন্দ্বিতা ছাড়াও তাকে জার্মান সাম্রাজ্যবাদের সম্মুখীন হতে হয় এবং পশ্চিম আমেরিকা ও প্রাচ্যে জাপানের মত দুটি প্রবল শক্তির অভ্যুদয় হয়। ব্রিটিশ সাম্রাজ্যের এ সংকটের দিনে অনেকের মধ্যে কার্জনও সাম্রাজ্যরক্ষার কাজে এগিয়ে এলেন। তিনি ছিলেন কংগ্রেসবিরোধী, হিন্দুবিরোধী ও খানিকটা বাঙালী বিরোধী। শাসিতের প্রতি কোন সহানুভূতিই তাঁর ছিল না। ভারতীয়দের চরিত্র, সততা ও কর্মক্ষমতা সম্বন্ধে তাঁর ধারণা ছিল খুব খারাপ। কার্জনের শাসননীতি দেশবাসীর মৌলিক অধিকারে আঘাত হানল।

প্রথমেই তিনি স্বায়ত্তশাসনের অধিকারে হাত দিলেন। কলকাতা পৌরসভা ছিল স্বায়ত্তশাসনের প্রতীক। সুতরাং পৌরসভার গঠনতন্ত্রের ওপর আঘাত করে তাঁর অভিযান শুরু হল কলকাতা কর্পোরেশনে ভারতীয় সদস্যদের সংখ্যা হ্রাস পেল। সদস্য সংখ্যা হল একশতের জায়গায় পঞ্চাশ।

দ্বিতীয় আঘাত পড়ল শিক্ষার ওপর। শিক্ষা সংস্কারের নাম করে বিশ্ববিদ্যালয়গুলির স্বাভাবিক কেড়ে নেওয়া হল। সরকারী কর্তৃত্বকে আরো জোরদার করা হলো। কার্জন যে ইউনিভার্সিটি কমিশন নিয়োগ করলেন তার সুপারিশ হলো, বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় শ্রেণীর কলেজগুলি তুলে দিতে হবে, আইনের ক্লাস বন্ধ করতে হবে এবং ছাত্রদের বেতন বৃদ্ধি করতে হবে। কমিশন আরো বললেন যে সিনেট সদস্যদের কার্যকাল ও সংখ্যা কমিয়ে আনা দরকার। কলেজগুলিকে স্বীকৃতিদানের ক্ষেত্রেও তাঁরা সরকারী নিয়ন্ত্রণ বাড়াবার সুপারিশ করেন। শিক্ষিত বাঙালীর প্রতিবাদে শেষ পর্যন্ত দ্বিতীয় শ্রেণীর কলেজ ও সুরেন্দ্রনাথের আইন কলেজ টিকে গেল, কিন্তু বিশ্ববিদ্যালয়ের যা শাসনতন্ত্র ঠিক হল তাতে ইউরোপীয় সংখ্যাগরিষ্ঠতা ও আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ কায়ম হলো। গোখলে বললেন যে, এই নীতি অনুযায়ী বিশ্ববিদ্যালয় সরকারী বিভাগে পরিণত হবে। সরকারী শিক্ষাব্যবস্থাকে বর্জন করে জাতীয় শিক্ষাব্যবস্থা গড়ে তোলার আন্দোলন এই সময় তাই জোরালো হয়ে উঠেছিল।

এরপর কার্জন প্রবর্তন করলেন Official Secrets Amendment Act. এই আইনের বলে অসামরিক গুপ্ত তথ্য প্রকাশনার জন্য সংবাদপত্রকে দণ্ডনীয় করা হয়। কার্জন চেয়েছিলেন গণ সমালোচনার হাত থেকে অত্যাচারী রাজকর্মচারীদের বাঁচাতে। এ নীতি প্রেস স্বাধীনতার পরিপন্থী বলে তুমুল আপত্তি উঠল। ভারতীয় সংবাদপত্রগুলি প্রতিবাদে মুখর হয়ে উঠল। চরমপন্থীরা এ সুযোগ ছাড়লেন না।

কার্জনের বিদেশনীতিও ভারতীয়দের সমালোচনার সম্মুখীন হলো। বৈদেশিক খাতে ভারতের অর্থসম্পদ অকাতরে ব্যয় করতেন কার্জন। দিল্লীর দরবারে এবং তিব্বতের অভিযানে তিনি ভারতের অর্থ জলের মতো ব্যয় করেন।

এমনিতেই নানা কারণে অসন্তোষ ঘনীভূত হচ্ছিল। কার্জনের জনবিরোধী নীতি সেইসব অসন্তোষে ইন্ধন জুগিয়ে যাচ্ছিল। কিন্তু সব অসন্তোষ ফেটে পড়ল বঙ্গভঙ্গকে উপলক্ষ করে। ১৯০৩ সালে নানা আলোচনার পর কার্জন ঠিক করেছিলেন চট্টগ্রাম বিভাগ, পার্বত্য ত্রিপুরা, ঢাকা ও ময়মনসিংহ জেলা আসামের অন্তর্ভুক্ত হবে। উড়িষ্যার সম্বলপুর ও গঞ্জাম বাংলার সঙ্গে যুক্ত হবে। ব্রিটিশ প্রশাসনের যুক্তি ছিল যে, এর ফলে আসামের উন্নতি ঘটবে এবং বাংলার ভার কমবে। কিন্তু ১৯০৫ সালে দেখা গেল পূর্ববঙ্গ ও আসাম নামে যে নতুন প্রদেশ গঠিত হয়েছে তাতে যুক্ত করা হয়েছে চট্টগ্রাম ছাড়াও ঢাকা ও দার্জিলিং বাদে রাজশাহী বিভাগ, ত্রিপুরা ও মালদহ। বাংলায় এর প্রতিক্রিয়া হয় প্রচণ্ড। ব্রিটিশ সরকার এর রাজনৈতিক উদ্দেশ্য অস্বীকার করলেও স্বরাষ্ট্র সচিব এইচ. এইচ. বিজলির নোটে ভারত সরকার এর রাজনৈতিক উদ্দেশ্য অস্বীকার করলেও স্বরাষ্ট্র সচিব এইচ. এইচ. বিজলির নোটে ভারত সরকারের মনোভাব স্পষ্ট হয়ে উঠে। এই নোটে বিজলি বলেন, “সংযুক্ত বাংলা শক্তিশালী। বিভক্ত বাংলা ঐক্যহীন।আমাদের অন্যতম প্রধান উদ্দেশ্য ব্রিটিশ রাজত্বের বিরোধী এক সুসংহত দলকে টুকরো করে দুর্বল করে দেওয়া..... একথা খুলে না বলে একটা সরকারী নথিতে এর উত্তর দেওয়া খুব সহজ নয়।”

কার্জনের বঙ্গভঙ্গ প্রস্তাবই চরমপন্থীদের হাতে অস্ত্র তুলে দিল। সরকারী প্রস্তাব প্রকাশিত হবার আগেই ‘সঞ্জীবনী’ পত্রিকা বিদেশী বর্জনের ডাক দিল।

৩.৪ বঙ্গভঙ্গ প্রস্তাব

কার্জনের দমননীতি ভারতীয় জনসাধারণের কাছে খুবই অপ্রিয় হয়ে উঠছিল। সবচেয়ে অপ্রিয় হলো বঙ্গভঙ্গ। তবে একথা মনে রাখতে হবে যে, কার্জনই বঙ্গভঙ্গের প্রথম প্রস্তাব দেন নি। যখন বাংলা প্রেসিডেন্সি ১৮৫৪ সালে এক স্বতন্ত্র প্রদেশে পরিণত হয় তখনই তার আয়তন ছিল ২,৫৩,০০০ বর্গমাইল, জনসংখ্যা ৪ কোটি ৬০ লক্ষ। ওড়িশার দুর্ভিক্ষের সময় প্রশ্ন ওঠে এতবড় প্রদেশের সুশাসনের জন্য কি করা উচিত। তখনকার বড়লাট জন লরেন্স বললেন যে বাংলার কিছু অংশ, যেমন আসাম ও তার সন্নিহিত জেলাগুলিকে, আলাদা করে দেওয়া যেতে পারে। ১৮৭৪ সালে বাংলাভাষী সিলেট কাছাড় ও গোয়ালপাড়া জেলাসহ আসাম এক স্বতন্ত্র চীফ কমিশনারের প্রদেশ বলে ঘোষিত হল। কিন্তু কোন সিভিলিয়ান এই ক্ষুদ্র প্রদেশে

যেতে রাজী হ'ল না বলে ১৮৯৬ সালে চীফ কমিশনার উইলিয়াম ওয়ার্ড চট্টগ্রাম বিভাগ এবং ঢাকা ও ময়মনসিংহ জেলাকে আসামের সঙ্গে যুক্ত করার প্রস্তাব দিলেন। কিন্তু প্রবল প্রতিবাদের ফলে এ প্রস্তাব কার্যকরী করা যায় নি। তারপর বিস্তর আলোচনার পর ১৯০৩ সালে ঠিক হল চট্টগ্রাম বিভাগ, পার্বত্য ত্রিপুরা, ঢাকা ও ময়মনসিংহ জেলা আসামে যাবে, ছোটনাগপুর যাবে মধ্যপ্রদেশে, বাংলা পাবে সম্বলপুর ও গঞ্জাম। এতে বাংলার লোকসংখ্যা কমবে এক কোটি নয় লক্ষ, আসাম প্রশাসনের সুবিধা বাড়বে, ওড়িশাবাসীরা এক শাসনাধীনে আসবে। প্রশাসনিক কারণ ছাড়াও বলা হল যে, এই ব্যবস্থার দ্বারা পূর্ববঙ্গ কলকাতার বিপজ্জনক প্রভাব থেকে মুক্ত হবে এবং মুসলিম অধিবাসীদের প্রতি ন্যায়সঙ্গত ব্যবহার করা সম্ভব হবে। সাম্প্রদায়িকতার সুর এবং ভেদ ও শাসনের নীতি এখানে স্পষ্ট হয়ে ফুটে উঠল। রিজলে মন্তব্য করলেন, “সংযুক্ত বাংলা, শক্তিশালী। বিভক্ত বাংলা বিভিন্ন দিকে আকৃষ্ট হবে। কংগ্রেস নেতারা এই ভয় করছেন। তাঁদের আশঙ্কা নির্ভুল এবং সেটাই এই প্রস্তাবের সবচেয়ে বড়ো গুণ। আমাদের অন্যতম প্রধান উদ্দেশ্য ব্রিটিশ রাজত্বের বিরোধী এক সুসংহত দলকে টুকরো করে দুর্বল করে দেওয়া।” কার্জন ঢাকার বক্তৃতায় ঘোষণা করলেন—মুসলিমদের হতগৌরব পুনরুদ্ধারের জন্য আলাদা প্রদেশ রচনাই তাঁর লক্ষ্য। রিজলে ও ফ্রেজারের মন্তব্যে ফরিপুর, বাখরগঞ্জ প্রভৃতি জেলার চরমপন্থী কার্যকলাপের প্রতি ইঙ্গিত করা হয়েছে। প্রশাসনের আশা ছিল বাংলাকে ভাঙলে এদের দমন করার সুবিধা হবে বঙ্গভঙ্গের পূর্ণ প্রস্তাব ১৯০৫ এর ১৯ এ জুলাই ঘোষিত হল এবং ১৬ অক্টোবর তা কার্যে পরিণত করা হল।

৩.৫ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন : স্বদেশী ও বয়কট আন্দোলন

সরকারের বঙ্গভঙ্গ প্রস্তাবে সারা বাংলা তীব্র প্রতিবাদে ফেটে পড়ল। সুরেন্দ্রনাথ তাঁর ‘বেঙ্গলী’ পত্রিকায় বঙ্গব্যবচ্ছেদে পরিকল্পনাকে একটি “গভীর জাতীয় বিপদ” বলে অভিহিত করলেন। সকল স্তরের বাঙালী ঐক্যবদ্ধ হয়ে বঙ্গভঙ্গ প্রতিরোধে সামিল হলো। জমিদার, আইনজীবী, ব্যবসায়ী, দরিদ্র নগরবাসী এবং ছাত্রসম্প্রদায় সকলেই কমবেশী করে প্রতিরোধ আন্দোলনে সামিল হলেন। কার্জন যে ঐক্যের মূলকে ধ্বংস করতে চেয়েছিলেন তা আরো পল্লবিত হয়ে উঠল। আন্দোলনের প্রাথমিক উদ্যোগ ছিল সুরেন্দ্রনাথ ব্যানার্জী প্রমুখ মধ্যপন্থীদের হাতে, কিন্তু অচিরেই বিপিন চন্দ্র পাল, অশ্বিনীকুমার দত্ত, অরবিন্দ ঘোষ প্রমুখ চরমপন্থীরা আন্দোলনের পুরোভাগে এসে দাঁড়ালেন।

আন্দোলনের প্রাথমিক পর্যায়ে যেহেতু মডারেট নেতাদের নেতৃত্বে ছিল তাঁরা তাদের কৌশলমাফিকই আন্দোলন শুরু করেছিলেন। ঐতিহাসিক সুমিত সরকার লিখেছেন যে, “১৯০৩-১৯০৫ খ্রীঃ পর্যন্ত বঙ্গ ভঙ্গের বিরুদ্ধে প্রথম পর্যায়ের আন্দোলন হিসাবে মডারেটদের চিরাচরিত কৌশলের পূর্ণ পরীক্ষা-নিরীক্ষা করা হয়।” অর্থাৎ বঙ্গভঙ্গের বিরুদ্ধে তারা সভা-সমিতি করে তাঁদের প্রতিবাদ জ্ঞাপন করলেন। কলকাতা ছাড়াও মফঃস্বলের ঢাকা, ময়মনসিংহ প্রভৃতি জেলায় অসংখ্য প্রতিবাদী সভা-সমিতির অনুষ্ঠান

হয়। ১৯০৪ সালের মার্চ মাসে ও ১৯০৫ সালের জানুয়ারী মাসে কলকাতার টাউন হলে বহু জেলা প্রতিনিধিরা উপস্থিতিতে বড় দুটি সম্মেলন হয়। বাংলার জমিদারদের অনেকে তাঁদের রাজভক্তি দূরে সরিয়ে রেখে আন্দোলনকে সমর্থন জানান। মহারাজা মণীন্দ্রনাথ নন্দী, এমনকি কবিগুরু রবীন্দ্রনাথও এই প্রতিবাদ সভায় সামিল হন।

বঙ্গভঙ্গের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে অন্ততঃ পাঁচটি বিখ্যাত পুস্তিকা প্রকাশ করা হয়। এগুলির মধ্যে বিখ্যাত ছিল “লর্ড কার্জনকে খোলা চিঠি।” ১৯০৫ খ্রিষ্টাব্দে এটি ঢাকা থেকে প্রকাশিত হয়। এই পুস্তিকাগুলিতে বঙ্গব্যবচ্ছেদের বিকল্প প্রস্তাব দেওয়া হয়। কিন্তু মডারেটপন্থীদের সমস্ত আবেদন নিবেদন নীতি ব্যর্থ হয়ে গেল যখন সবকিছু অগ্রাহ্য করে সরকার ১৯০৫ খ্রীষ্টাব্দের জুলাই মাসে বঙ্গ ব্যবচ্ছেদের সঙ্কল্প ঘোষণা করলেন। মডারেটপন্থীদের নিয়মতান্ত্রিক আন্দোলন ব্যর্থ হলে সুরু হলো আন্দোলনের নতুন নতুন প্রক্রিয়ার সন্ধান। কৃষ্ণকুমার মিত্রের সাপ্তাহিক পত্রিকা ‘সঞ্জীবনী’তে ব্রিটিশ দ্রব্য বয়কটের ডাক দেওয়া হল। টাউন হলের সভায় সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের মতো প্রতিষ্ঠিত নেতারা যথেষ্ট দ্বিধাধ্বন্দের পর সেটি গ্রহণ করেন। ১৬ই অক্টোবর বঙ্গভঙ্গ দিবসে রবীন্দ্রনাথ ও রামেন্দ্রসুন্দর ত্রিবেদী রাথীবন্ধন ও অরন্ধনের আবেদন জানান। এই দিনটি সারা দেশে উদ্‌যাপিত হলো শোকদিবস হিসেবে। সারা দেশে ধর্মঘট পালিত হলো। রবীন্দ্রনাথের স্বদেশী গানে উত্তাল হলো সারা দেশ। হিন্দু মুসলমানের হাতে, মুসলমানেরা হিন্দুর হাতে ভ্রাতৃবন্ধনের রাথী পরালেন। আন্দোলন ছড়িয়ে পড়ল বরিশাল, ময়মনসিংহের মতো মফঃস্বল জেলাগুলিতেও। বারাণসীতে কংগ্রেস অধিবেশনের সভাপতিত্ব করতে গিয়ে গোখলে বললেন, বঙ্গভঙ্গ “নিষ্ঠুর অবিচারের পরিচায়ক”। “বর্তমান আমলাতান্ত্রিক শাসনের নিকৃষ্টতম দিকগুলি বঙ্গভঙ্গের মধ্যে দিয়ে সুস্পষ্টরূপে প্রমাণিত হয়েছে। আমলাতন্ত্র মনে করে বিচক্ষণতায় সে অপ্রতিদ্বন্দ্বী, অথচ জনমতের প্রতি তার ঘৃণা অপরিসীম, মানুষের সযত্নলালিত আবেগ, অনুভূতিকে সম্পূর্ণ অগ্রাহ্য করতে তার বিন্দুমাত্র দ্বিধা নেই। শাসিতের স্বার্থের চেয়ে শাসনযন্ত্রের স্বার্থ তার কাছে অনেক বড়ো।”

‘স্বদেশী’ ও ‘বয়কট’ সংগ্রামের পদ্ধতি হিসাবে নতুন ছিল না। আমেরিকা, আয়ারল্যান্ড ও চীনের সংগ্রামীরা ১৯০৫ এর আগেই এই পদ্ধতিকে কাজে লাগিয়েছিলেন। ভারতবর্ষেও স্বদেশী ভাবাদর্শ আগেও প্রচারিত হয়েছে। বয়কটের কথাও ১৮৭০ এর দশকে ভোলানাথ চন্দ্র ব্রিটিশ জনমতকে জাগ্রত করার উপায় হিসাবে বলেছিলেন। তিলক ১৮৯৬ এ একটি বয়কট আন্দোলন পরিচালনা করেন। অতএব, দেখা যাচ্ছে যে, বঙ্গভঙ্গকে কেন্দ্র করে আবার স্বদেশী ও বয়কট নতুন ভাবে গুরুত্ব পেল।

স্বদেশী আন্দোলনের ত্রিধারায় প্রবাহিত হয়েছিল। গঠনমূলক স্বদেশী ছিল তার প্রথম ধারা। নিখিল ও আত্মঅবমাননাকর ভিক্ষাবৃত্তির রাজনীতি বর্জন করে, স্বদেশী শিল্প গ্রামোন্নয়ন ও সংগঠনের মাধ্যমে আত্মসহায়তাকেই গঠনমূলক স্বদেশী বলে বলা হল। রবীন্দ্রনাথ ‘স্বদেশীসমাজ’ প্রবন্ধে এই গঠনমূলক কাজের কথা বিশদ করে বলেছিলেন। আত্মশক্তির উদ্বোধনের কথাই তিনি বার বার করে বলেছেন। তবে বয়কটকে তিনি মনে করতেন ‘দুর্বলের প্রয়াস নহে, ইহা দুর্বলের কলহ।’ শুধুমাত্র ভাঙন কোনদিনই দেশের কল্যাণ করতে পারবে না তাই আত্মশক্তির ধীর ও অনাড়ম্বর বিকাশের কথাই তিনি বলেছিলেন। শিক্ষিতজনের

সঙ্গে জনগণের যোগাযোগের মাধ্যম হল মাতৃভাষা— বললেন রবীন্দ্রনাথ। অধ্যাপক সুমিত সরকার তাঁর The swadeshi Movement in Bengal—1903-1908 এ দেখিয়েছেন যে “From July 1905, reliance on self help or atmasakti seemed to have become for a time the creed of whole bengal.” এই সময় বঙ্গলক্ষী কটন মিলের মত স্বদেশী কাপড়ের কল, উন্নত তাঁত, চীনামাটি, চামড়া, দেশলাই ও সাবানের কারখানা, এমনই কি জাহাজ নির্মাণের উদ্যোগ গড়ে ওঠে। স্বদেশী বলতে প্রফুল্লচন্দ্র রায় যে বেঙ্গল কেমিক্যাল স্বদেশী ভাণ্ডার স্থাপন করেছিলেন তা অচিরেই জনপ্রিয় হয়ে উঠেছিল। রবীন্দ্রনাথও একটি স্বদেশী ভাণ্ডার প্রতিষ্ঠার উদ্যোগী হয়েছিলেন। সবরকম সরকারী বা বৈদেশিক সাহায্য প্রত্যাখ্যান করে টাটা আয়রন অ্যান্ড স্টীল কোম্পানি শিল্পমূলধন গড়ে তুলেছিলেন শুধুমাত্র স্বদেশী চাঁদাকে অবলম্বন করে। আজও এই কোম্পানী দেশের গর্বের বিষয় হয়ে রয়েছে।

সংস্কৃতির ক্ষেত্রেও স্বদেশী আন্দোলন এক নতুন প্রাণের জোয়ার এনেছিল। রবীন্দ্রনাথের স্বদেশপ্রেমের কবিতা ও গান এবং অন্যান্য প্রবন্ধাবলী জাতির জীবনে এক আবেগের সঞ্চার করেছিল। স্বদেশপ্রেমের গান রচনা করলেন রজনীকান্ত সেন, মুকুন্দ দাশ প্রমুখ কবিরা। মুকুন্দ দাশের ‘মায়ের দেওয়া মোটা কাপড় মাথায় তুলে নে রে ভাই’ বহু সাধারণ মানুষের মুখে মুখে ফিরতে লাগল। নতুন ধরনের সাংবাদিক রচনা প্রকাশিত হতে লাগল।

স্বদেশী আন্দোলনের দ্বিতীয় ধারা ‘বয়কট’কে প্রাধান্য দিয়েছিল। সুরেন্দ্রনাথ ও গোখলের মত নরমপন্থীরা বয়কটকে একটা সাময়িক এবং রাজনৈতিক হাতিয়াররূপে দেখতেন। গোখলের মতে ‘বয়কট কথাটির মধ্যে “অপরের প্রতি প্রতিহিংসা প্রবৃত্তি চরিতার্থ করার বাসনা” রয়েছে। বয়কট “নিজেদের মধ্যেই অপ্রয়োজনীয় অন্তর্বিরোধ জাগিয়ে তোলে।” নরমপন্থীরা মনে করতেন যে বয়কট দ্বারা ব্রিটিশ অর্থনীতির ওপর চাপ পড়লেই বঙ্গভঙ্গ প্রত্যাহৃত হবে। কিন্তু তিলক, বিপিনচন্দ্র পাল ও অরবিন্দ ঘোষ আরো ব্যাপকভাবে বয়কটের কথা বললেন। বয়কটের মাধ্যমে তারা চেয়েছিলেন ব্রিটিশ উৎপাদনকেন্দ্র ম্যাঞ্চেস্টারের ওপর চাপ সৃষ্টি করা ছাড়াও সাম্রাজ্যবিরোধী আন্দোলনকে তীব্র করে তুলতে। তিলক এই বয়কটের নাম দিয়েছিলেন ‘বহিষ্কারের যোগা’ তাঁরা বয়কট বলতে শুধু কাপড়, চিনি, নুন বর্জন বোঝেননি, তাঁরা শিক্ষা, বিচার, পৌরসভা, আইন পরিষদ সর্বক্ষেত্রেই একে প্রয়োগ করতে চেয়েছিলেন। অরবিন্দ এর নাম দিয়েছিলেন ‘নিষ্ক্রিয় প্রতিরোধ’^১ আবেদন নিবেদন, স্বনির্ভরতা আশ্রয়ী প্রতিরোধ এবং সশস্ত্র বিদ্রোহের থেকে এর প্রকৃতি আলাদা।

১. প্রাস্তলিপি— “The theory of passive resistance acquired its finished form mainly through the writings of Bipin chandra and Aurobindo during 1906-07 ‘Our method is passive resistance which means as organised determination to refuse to render any voluntary and honorary service to the government, declared in september 1906.....But the classic statement of course came from Aurobindo April 1907—clearly demarcating “passive resistance” from “petitioning”, “self development and self help and also from “aggressive resistance” of armen revolt”—Sumit Sarkar, The Swadeshi Movement in Bengal—1903-1908.

জাতীয় শিক্ষার পরিকল্পনা এই ব্যাপক বয়কটের একটি অবশ্যজ্ঞাবী অঙ্গ। ‘স্বরাজ লাভ’ করার জন্য স্বয়ংসম্পূর্ণতার শিক্ষা প্রয়োজন। সতীশচন্দ্র মুখোপাধ্যায় ডন সোসাইটি স্থাপন করে জাতীয় শিক্ষার প্রবর্তনের পথ দেখান। অশ্বিনীকুমার দত্ত বরিশালে ব্রজমোনহ বিদ্যালয় স্থাপন করেন। সতীশচন্দ্র ডন পত্রিকা প্রকাশ করেন। স্বদেশী আন্দোলন শুরু হবার আগে থেকেই রবীন্দ্রনাথ বোলপুরে ব্রহ্মচর্য আশ্রম বিদ্যালয় স্থাপন করেছিলেন। কার্জনগের বিশ্ববিদ্যালয় আইন (১৯০৪) ও কার্লাইল সার্কুলার (১৯০৫) জাতীয় শিক্ষা আন্দোলনকে সক্রিয় করল। স্থাপিত হল জাতীয় শিক্ষা পরিষদ ও বেঙ্গল ন্যাশানাল কলেজ। নরমপস্থীদের চেপ্তায় স্থাপিত হলো বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটিউট। প্রথমটির অধ্যক্ষ হলেন অরবিন্দ। তিন বললেন যে, এ শিক্ষায় যে সাংস্কৃতিক জন্ম তৈরী হবে তাতে উৎপন্ন হবে স্বাধীনতার ফসল। ৮ ন্যাশানাল কলেজের লক্ষ্য ছিল ভারতীয়দের বিজ্ঞানী, ঐতিহাসিক এবং শিল্পোদ্যোগী রূপে গড়ে তোলা। ছাত্রদের স্বদেশপ্রেমে দীক্ষিত করার জন্য ঠিক হয়েছিল যে মাতৃভাষাই হবে শিক্ষার মাধ্যম। প্রযুক্তিবিদ্যা শেখার জন্য নেতারা বৃত্তি দিয়ে অনেক ছাত্রকে জাপান পাঠালেন। ক্রমে ক্রমে সারা দেশে অসংখ্য জাতীয় বিদ্যালয় প্রতিষ্ঠা হলো।

বয়কট নিয়ে নরমপস্থী ও চরমপস্থীদের মতবৈধতা থাকা সত্ত্বেও কলকাতার টাউন হলের সভায় বয়কট প্রস্তাব পাশ হলে বয়কট আন্দোলন সারা দেশে দ্রুত ছড়িয়ে পড়ে। দলে দলে স্বেচ্ছাসেবকরা বয়কট বা নিষ্ক্রিয় প্রতিরোধ আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে। প্রকাশ্যভাবে শুরু হল ব্রিটিশ পণ্যের বহাৎসব। যে সব দোকানে ব্রিটিশ দ্রব্য বিক্রী হতো সেগুলোতে স্বেচ্ছাসেবকরা পিকেটিং করতে লাগল। স্বদেশী জিনিস উৎপাদন ও বিক্রিকে কেন্দ্র করেও তুমুল উৎসাহ দেখা গেল। স্বদেশী শিল্পোদ্যোগের কথা আগেই আলোচনা করা হয়েছে।

এই স্বদেশী আন্দোলনের লক্ষ্য মোটেই সীমিত ছিল না। বয়কট আন্দোলন সরকারের সঙ্গে নকল সংগ্রহ বর্জন করার দিকে এগিয়ে চলল। সংগঠিত অসহযোগিতা দিয়ে ব্রিটিশ আমলাতন্ত্রের অত্যাচারী হাত তাঁরা পঙ্গু করে, চেয়েছিলেন ব্রিটিশ শাসনতন্ত্রকে সম্পূর্ণভাবে বিকল করে দিতে।

৩.৫.২ শ্রমিক ও কৃষক বিক্ষোভ

বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে শ্রমিক কৃষকেরাও যোগ দিলেন। চরমপস্থীরা কৃষক ও মজুরি শ্রেণীর মধ্যে সাড়া জাগাতে পেরেছিলেন। সূক্ষ্ম রাজনৈতিক তত্ত্বের চাইতে ‘স্বদেশীর’ কথা তাদের মর্মমূলে পৌঁছল। তারা স্বতঃস্ফূর্ত ভাবে স্বদেশীর ডাকে সাড়া দিল। বিহারে চম্পারণে নীল চাষীরা বিদ্রোহ করল। আসাম ও ময়মনসিংহেও কৃষক বিক্ষোভ দেখা দিল। বরিশালের মুসলমান চাষীদের আন্দোলনের পুরোভাগে ছিলেন অশ্বিনীকুমার দত্ত। শ্রমিক আন্দোলন এইসময় এমনই তুঙ্গে ওঠে যে ইঙ্গ ভারতীয় পত্রিকা

৭. প্রান্তলিপি— সুমিত সরকার তাঁর আধুনিক ভারতে লিখেছেন “অবশ্য ছাত্রসম্প্রদায়ের বড় অংশকে জাতীয় শিক্ষা আকর্ষণ করতে পারে নি, কারণ তাতে চাকরীর সম্ভাবনা ছিল নগণ্য।”

‘পায়োনায়ার’ ২৭ আগস্ট ১৯০৬ প্রবল অসন্তোষের সঙ্গে লেখে যে, রাজনীতিবিদ মনের খুশীতে বঙ্গবিভাগের ব্যাপারে বা তার বিরুদ্ধে আন্দোলন করতে পারেন। কিন্তু যখন তিনি অঙ্গ শ্রমিকদের মধ্যে অসন্তোষের বীজ বপন করেন.....সমগ্র প্রদেশের মঙ্গলকে বিঘ্নিত করেন.....তখন আইন শৃঙ্খলা রক্ষাকারী সরকারের নিজেকে জানান দেওয়ার সময় হয়েছে। ধর্মঘট হলো প্রেসে, গড়ে উঠল মুদ্রাকরদের উনিয়ন, ১৯০৬ এর জুলাই মাসে পূর্বভারতীয় রেলপথের কেরানী ধর্মঘটের থেকে গড়ে উঠল রেলপথকর্মী ইউনিয়ন। ১৯০৫ থেকে ১৯০৮ এর মধ্যে চটকলগুলিতেও প্রায়শই ধর্মঘট হয়। কিছু কিছু চরমপন্থী পত্রপত্রিকা রাজনৈতিক সাধারণ ধর্মঘটের রুশীয় পদ্ধতির বিরাট সম্ভাবনা সম্পর্কে জল্পনা-কল্পনা করছিল। তবে এ ধর্মঘটগুলি প্রকৃতপক্ষে কোনটাকেই রাজনৈতিক ধর্মঘট বলা যায় না। “স্বদেশীদের যোগাযোগ বেড়েছিল মূলত কেরানীদের, বা খুব বেশী হলে, বাঙালী চটকল শ্রমিকদের সঙ্গে।” ১৯০৮ এর পর শ্রমিকদের ক্ষেত্রে জাতীয়তাবাদীরা হঠাৎই আগ্রহ হারিয়ে ফেলে।

৩.৫.৩ স্বদেশী আন্দোলনে যুবসম্প্রদায়

দেশের যুবসম্প্রদায় স্বদেশী আন্দোলনের প্রধান দায়িত্বটি বহন করেছিল। দেশ জুড়ে তাদের উদ্দীপনা সংগ্রামের বাণস্বিকে চারিদিকে ছড়িয়ে দিয়েছিল। ‘সন্ধ্যা’ ‘যুগান্তর’ ‘কেশরী’ প্রভৃতি চরমপন্থী পত্রিকাগুলি তাদের আরো উৎসাহিত করতে লাগল। যে যুবসম্প্রদায় ও ছাত্রসমাজ তীব্র নৈরাশ্যে দিন কাটাচ্ছিল তারাই প্রতিটি শহরে জাতীয় স্বেচ্ছাসেবকবাহিনী গড়ে তুলল। “মাথায় হলদে পাগড়ি, গায়ে লাল সার্ট” এই সাজে সজ্জিত হাজার হাজার স্বেচ্ছাসেবক সরকারী স্কুল, কলেজ এবং অফিস বর্জন করে বেরিয়ে এল, কণ্ঠে তাদের স্বদেশী গান আর বন্দেমাতরম ধ্বনি।”^৯ সরকারের দমননীতির কশাঘাত তাদের ওপরই তীব্রভাবে পড়ল। ছাত্ররা সরকারী বয়ক্তি বা সরকারী চাকরির সুযোগ হারাল। সারা পূর্ব বাংলা এবং আসাম জুড়ে চলল এক সন্ত্রাসের রাজত্ব। ছাত্রদের ভাগ্যে জুটল জরিমানা, বহিষ্কার, এমনকি নিদারুণ শারীরিক প্রহার। এই দমননীতির ফলই পরবর্তীকালে সন্ত্রাসবাদী রাজনীতিতে গিয়ে দাঁড়াল।”

৩.৫.৪ স্বদেশী আন্দোলনের সমিতির ভূমিকা-সন্ত্রাসবাদের দিকে মোড়

স্বদেশী আন্দোলনের সময় বাংলার জেলাগুলিতে বহু সমিতি স্থাপিত হয়। এই সমিতিগুলি নানা ধরনের কাজে যুক্ত ছিল। সমিতিগুলিতে শারীরিক ও নৈতিক শিক্ষা দেওয়া হতো, দুর্ভিক্ষ, মহামারী ও উৎসবের সময় সমিতির সদস্যরা সক্রিয় ভাবে সমাজ সেবায় অংশ গ্রহণ করত ও নানারকমভাবে স্বদেশে স্বদেশিকতার বাণী প্রচার করত। ১৯০৭ এ পুলিশের খবর অনুযায়ী কলাকাতায় ১৯টি সমিতি ছিল। পূর্ববঙ্গে গড়ে উঠেছিল কিছু সমিতির যারা পরবর্তীকালে সন্ত্রাসবাদের পথ নেয়। সমিতিগুলির মধ্যে বরিশালের ‘স্বদেশ বান্ধব’ ফরিদপুরের ‘ব্রতী’, ঢাকার ‘অনুশীলন’ ও ‘যুগান্তর’ের নাম উল্লেখযোগ্য। এই সমিতিগুলির কাজের

৯. প্রান্তলিপি— বিশদ বিবরণের জন্য পড়ুন ‘স্বাধীনতা সংগ্রাম’ বিপান চন্দ্র, অমলেশ ত্রিপাঠি, বরুন দে।

মধ্যে নানা বৈচিত্র্যও ছিল। কলকাতাভিত্তিক সার্কুলার বিরোধী সমিতি ছিল ধর্মনিরপেক্ষ, বরিশালের স্বদেশবান্ধব সমিতির নেতা অশ্বিনীকুমার দত্ত তার জেলায় হিন্দু ও মুসলমান চাষীদের মধ্যে অসাধারণ জনপ্রিয়তা অর্জন করেছিলেন। পুলিনবিহারী দাস প্রতিষ্ঠিত ঢাকা অনুশীলন গুপ্ত প্রশিক্ষণে সদস্যদের শিক্ষিত করে তুলেছিল। সুমিত সরকার আধুনিক ভারতে লিখছেন,“১৯০৮ পর্যন্ত সমিতিগুলির একটা বড়ো অংশের মুখ্য কাজ ছিল গণসংযোগ, কখনও কখনও তা বারনানান ধরনের খুবই কল্পনা ঋদ্ধ মাধ্যম গ্রহণ করেছিল, শুধুই প্রচুর পত্র-পত্রিকা, পুস্তিকা বা ভাষণ নয়, তার সঙ্গে ছিল দেশাত্মবোধক গানের বন্যা, নাটক ও যাত্রার মতো লোক মাধ্যমের ব্যবহার। বিভিন্ন উৎসবের ব্যবস্থা এবং ঐতিহ্যবাহী ধর্মীয় বাগ্মীরতির পরিচর্চা।” তবে ক্রমশই জনসাধারণের কাছে পৌঁছানোর জন্য হিন্দুধর্মকেই ব্যবহার করা হতে লাগল।

তবে ১৯০৮-০৯-এর মধ্যেই পুলিশী নির্যাতনের জন্য প্রকাশ্য সমিতিগুলি প্রায় লুপ্ত হলো। অনুশীলন ও যুগান্তর বিপ্লবী সন্ত্রাসবাদের পথ বেছে নিলো। অরবিন্দ তাঁর ভাই বারীন্দ্রের এবং যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের মাধ্যমে কলকাতায় অনুশীলন সমিতির সঙ্গে যোগাযোগ স্থাপন করেন। ১০ সমিতিগুলিকে তিনি জাতির গৌরব বলে আখ্যা দিলেন (The glory of our national life for the last three years) এবং সমিতিগুলি শরীর শিক্ষার ওপর জোর দিলেন। ধীরে ধীরে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন সন্ত্রাসবাদের দিকে ঝুঁকে পড়ে। প্রথম বিপ্লবী প্রজন্মের মধ্যে হেমচন্দ্র কানুনগোকে এক অনন্য নাম বলা যেতে পারে। ১৯০৮ এ বিদেশ থেকে সামরিক শিক্ষা নিয়ে তিনি দেশে ফিরে এসেছিলেন। স্থাপিত হয়েছিল মানিকতলার বাগান বাড়িতে একটি বোমার কারখানা। ক্ষুদিরাম বসু ও প্রফুল্ল চাকীর হাতে কেনেডী হত্যার কয়েক ঘণ্টার মধ্যেই অরবিন্দ সমেত গোটা দলই ধরা পড়ল। পুলিনবিহারী দাসের নেতৃত্বে ঢাকা অনুশীলন আরো অনেক বেশী করে সংগঠিত ছিল। সন্ত্রাসবাদী কার্যকলাপ শিক্ষিত যুব সম্প্রদায়কে খুব বেশী করে প্রভাবিত করেছিল। “দেশাত্মবোধক গানের সম্পদ ও অন্যান্য যথেষ্ট পরিমাণ সাংস্কৃতিক কৃতিত্ব ছাড়াও বিপ্লবী সন্ত্রাসবাদই শেষ পর্যন্ত হয়ে উঠল স্বদেশী বাঙলার সবচেয়ে মূল্যবান অধিকার।” সুমিত সরকার ‘সন্ত্রাসবাদ’ শব্দটিকে সমর্থন করেছেন কারণ এই বিপ্লবী আন্দোলন কখনই নাগরিক গণ অভ্যুত্থান বা গ্রামাঞ্চলে গেরিলা যুদ্ধের রূপ নেয় নি। “অত্যাচারী রাজকর্মচারী বা বেইমানদের খতম করা, তহবিল জোগাড়ের জন্য স্বদেশী ডাকাতি আর খুব বেশি হলে, ব্রিটেনের বিদেশী শত্রুদের কাছ থেকে সাহায্য পাওয়ার আশায় সামরিক চক্রান্ত—বিপ্লবী আন্দোলন এইসব রূপ নিয়েছিল।”

বাংলার এই চরমপন্থী আন্দোলনের জোয়ার পাঞ্জাব, মহারাষ্ট্র এবং মাদ্রাজেও ছড়িয়ে পড়েছিল। পাঞ্জাবে বাংলার অনুকরণে বিলাতী কাপড় ও বিলাতী পণ্যদ্রব্যের বয়কট কিছুকাল চলে। অজিত সিং (যিনি আঞ্জুমান-

১০. প্রান্তলিপি— ‘The best conemporary analysis of the origins of the samitis—certainly the most significant organisation contribution of the swadeshi age—was made by Aurobind in a specie at Howrale in 1909’—The Swadeshi Movement in Bengal— 1903-1908. Sumit Sarkar.

ই-মোহিবান-ই-ওয়াতন নামে একটি সংগঠন লাহোরে স্থাপন করেছিলেন) বাঙালী চরমপন্থীদের একাংশের পথে চলে যান। সরকার লাজপৎ ও অজিত সিংকে দীপান্তর পাঠালে, দমন নীতির সঙ্গে অর্থনৈতিক সংস্কার চালু করায় পাঞ্জাবে আন্দোলনে ভাঁটা পড়ে।

মহারাষ্ট্রে তিলক এই সময়ে বিলাতী কাপড়ের বহুৎসব শুরু করেন। তাঁর উদ্যোগে বোম্বাই-এ মদের দোকান প্রভৃতিকে ১৯০৭-০৮ খ্রীষ্টাব্দে পিকেটিং করা শুরু হয়। বাংলায় সন্ত্রাসবাদের সমর্থনে কেশরী পত্রিকায় প্রবন্ধ লেখার অভিযোগে তিলককে সরকার ছয় বছর দ্বীপান্তর দণ্ডে দণ্ডিত করলে শ্রমিকরা দাঙ্গা হাঙ্গামা ও ধর্মঘট দ্বারা তীব্র প্রতিবাদ জানায়। বোম্বাই এর দোকান পাট স্বতঃস্ফূর্তভাবে বন্ধ হয়। মহারাষ্ট্রের নাসিক ও শোলাপুরে প্রচণ্ড দাঙ্গা হাঙ্গামা বাঁধে। এই ঘটনাগুলি প্রমাণ করে যে, মহারাষ্ট্রের আন্দোলনের পিছনে বেশ ভালোরকমই গণসমর্থন ছিল।

মাদ্রাজেও স্বদেশী আন্দোলনের প্রভাব ছড়িয়ে পড়ে। বঙ্গভঙ্গের প্রতিবাদে অন্ধ্র এবং মাদ্রাজে প্রতিবাদ সভা হয়। বিপিন পাল অন্ধ্র ও মাদ্রাজ ভ্রমণ করার পর এই আন্দোলন আরো প্রবল হয়। ছাত্রেরা “বন্দেমাতরম” লেখা জামা পরে প্রতিবাদ জানায়। স্বদেশীর প্রভাবে তেলেগু সাহিত্য নবজীবন পেল। কিন্তু মাদ্রাজের চিদাম্বরম পিল্লাই এবং অন্ধ্রের হরিসর্বোত্তম রাও গ্রেপ্তার হলে আন্দোলন স্তিমিত হয়ে আসে। চরমপন্থীরা বাংলার মতই সন্ত্রাসবাদের পথ বেছে নেন।

৩.৫.৫ স্বদেশী আন্দোলনে মুসলিম সম্প্রদায়ের ভূমিকা

স্বদেশী আন্দোলনের সূচনায় অসংখ্য মুসলমান নাগরিক এগিয়ে এসেছিলেন। পাটনার লিয়াকৎ হোসেন বয়কটের চিন্তাধারার অংশীদার ছিলেন। ইস্ট ইন্ডিয়ার রেলওয়ের ধর্মঘটেরও তিনি অন্যতম উদ্যোক্তা ছিলেন। বরিশালের সভার সভাপতি ছিলেন আবদুল রসুল। আইনজীবী আবদুল হালিম গজনাভি স্বদেশী শিল্পের উদ্যোগী পুরুষ ছিলেন। ব্রিটেনে তৈরী চামড়ার জিনিস বয়কট করার আন্দোলন তিনিই পরিচালনা করেন। বাংলার বাইরে বিপ্লবী রাজনীতি ছড়িয়ে দেবার কাজে অরবিন্দের সঙ্গে মিলিত হন আবুল কালাম আজাদ। তবুও এই সময়েই মুসলমান বিচ্ছিন্নতাবাদের দ্রুত বৃদ্ধি ঘটেছিল। যদিও সাম্প্রদায়িক ঐক্যের কথা বারবারই বলা হচ্ছিল এবং হিন্দু ও মুসলমান ছাত্রেরা এক স্মরণীয় শোভাযাত্রা ১৯০৫ এ করেছিল। আন্দোলনে মুসলমান জাতীয়তাবাদী নেতাদের উপস্থিতি সত্ত্বেও ব্রিটিশের বিভেদ ও শাসন পদ্ধতিই সফল হয়েছিল। মুসলমানদের ব্রিটিশরা বোঝাতে পেরেছিল যে নতুন প্রদেশ মানেই আরো বেশী চাকরি, আরো বেশি মুসলমানদের জন্য সুবিধা। বঙ্গভঙ্গ আন্দোলন মানেই হিন্দুদের আন্দোলন, এ থেকে দূরে থাকাই মুসলমানদের বাঞ্ছনীয়, ইংরেজদের এই টোপ মুসলমানরা খুব সহজেই গ্রহণ করল। হিন্দু মুসলমানের বিচ্ছিন্নতা সুস্পষ্ট হয়ে উঠল যখন ঢাকার নবাব সলিমুল্লাহর নেতৃত্বে ১৯০৬ সালে মুসলমানদের একটি পৃথক সংগঠন তৈরী হল যার নাম হল মুসলিম লীগ। পূর্ববঙ্গে বেশ কিছু সাম্প্রদায়িক দাঙ্গা আন্দোলনের ক্ষতি করছিল।

অবশ্যই দাঙ্গাকারীদের লক্ষ্য ছিল হিন্দু জমিদার ও মহাজনেরা। কিছু কিছু মুসলিম প্রচারমূলক লেখাপত্রে জমিদার মহাজন শোষকদের সঙ্গে এক করা হয়েছিল হিন্দুদের।

তবে ১৯০৭-০৮ এ পাবনার প্রাদেশিক সম্মিলনীর সভাপতির অভিভাষণে রবীন্দ্রনাথ বলেন যে, দাঙ্গার জন্য শুধু ব্রিটিশদের দোষ দিয়ে লাভ নেই। দেশবাসীকে তিনি সাবধানবানী শোনালেন, “এ কথা বলিয়া নিজেকে ভুলাইয়া চলিবে না যে, হিন্দু মুসলমানের সম্বন্ধের মধ্যে কোন পাপই ছিল না, ইংরেজই মুসলমানকে আমাদের বিরুদ্ধে করিয়াছে....শনি তো ছিদ্র না পাইলে প্রবেশ করিতে পারে না, অতএব শনির চেয়ে ছিদ্র সম্বন্ধেই সাবধান হইতে হইবে।” স্বদেশী নেতারা অনেকেই এই ছিদ্রের সমস্যা সমাধান না করে বয়কট জোর করে চাপাতে চেয়েছিলেন।

৩.৬ স্বদেশী আন্দোলনের তাৎপর্য

ঐতিহাসিক সুমিত সরকার তাঁর *The Swadeshi Movement in Bengal—1903-1908* এ বলেছেন যে স্বদেশী যুগে যে ভাবধারা ও আদর্শবাদের উদ্ভব হয়েছিল তা ১৯৪৭ খ্রীঃ পর্যন্ত দেশবাসীর জীবনধারাকে প্রভাবিত করেছিল—এটি স্বদেশী যুগের একটি উল্লেখযোগ্য ঘটনা।

বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন এই সত্যকে সামনে নিয়ে আসে যে ইংরাজ ও ভারতবাসীর স্বার্থ পরস্পরবিরোধী। সুতরাং ভারতবাসীর মঙ্গল ইংরেজদের দ্বারা হবে এ ধারণা একেবারেই ভুল। স্বরাজই হবে ভারতবাসীর একমাত্র আকাঙ্ক্ষিত দাবী। মডারেটদের সংস্কারপন্থী দাবীতে সন্তুষ্ট না থেকে দেশবাসী স্বরাজ সাধনের দাবীতে তীব্র হয়ে ওঠে। স্বদেশী আন্দোলনের সময় যে গঠনমূলক স্বদেশীর কথা বলা হয় অর্থাৎ গ্রাম সংগঠন, গ্রামীণ আদালত গঠন, মাতৃভাষায় জাতীয় শিক্ষা, কুটির শিল্পের প্রসার এবং বিলাতী মাল বয়কট ও স্বদেশী জিনিসের প্রতি আগ্রহ, এ সবই ভবিষ্যতের গান্ধীজীর অসহযোগ আন্দোলনের ভূমি রচনা করেছিল। সুমিত সরকার বলেছেন যে, গান্ধীজীর আন্দোলনের কলাকৌশলের অভিনব যেটা ছিল সেটি হল অহিংসার বাণী।

বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে বাঙালীর যে সৃজনশীলতা, সাহিত্য শিল্প, সঙ্গীত ইত্যাদির ক্ষেত্রে বিকাশ লাভ করেছিল তা এক কথায় অভূতপূর্ব। বাঙলা ভাষার সাহিত্যের ইতিহাস নিয়ে গবেষণাগ্রন্থ লেখেন দীনেশচন্দ্র সেন। আবার বাংলার রূপকথাকে ‘ঠাকুরমার ঝুলি’ রূপে প্রকাশ করেন দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর বিখ্যাত উপন্যাস ‘গোরা’ ও ‘ঘরে বাইরে’ রচনা করেন। রবীন্দ্রনাথের স্বদেশকে অবলম্বন করে গানগুলিও এই সময়ে রচিত হয়। স্বদেশপ্রেমকে অবলম্বন করে প্রভাতকুমার মুখোপাধ্যায় লেখেন ছোট গল্প আর ঐতিহাসিক গবেষণামূলক গ্রন্থ হিসেবে নিখিলনাথ রায়ের ‘মুর্শিদাবাদ কাহিনী’ অক্ষয়কুমার মৈত্রের ‘সিরাজউদ্দৌলা এবং মীরকাশিম উল্লেখযোগ্য। ঐতিহাসিক চিত্র পত্রিকা এবং রাজশাহীর বরেন্দ্র রিসার্চ সোসাইটির ও প্রতিষ্ঠাতা ছিলেন অক্ষয়কুমার। হরপ্রসাদ শাস্ত্রী ও রাখালদাস বন্দ্যোপাধ্যায় এ যুগে তাদের অসামান্য প্রতিভার স্বাক্ষর রাখেন। স্বদেশীভাবে উদ্দীপিত হয়ে

রাধাকুমুদ মুখার্জী, হারানচন্দ্র চাকলাদার রবীন্দ্রনারায়ণ ঘোষ এবং সমাজবিদ বিনয় কুমার সরকার তাদের রচনাগুলি লিখেছিলেন। আচার্য যদুনাথ সরকার এইসময় তাঁর বিখ্যাত ঔরংজেব রচনা শুরু করেন। ১৮৯৪ সালে প্রতিষ্ঠিত হয় বঙ্গীয় সাহিত্য পরিষদ যার সম্পাদক ছিলেন রামেন্দ্রসুন্দর ত্রিবেদী (১৯০৪ থেকে ১৯১১) ১৯০৭ সাল প্রথম বঙ্গীয় সাহিত্য সম্মেলন হয়। এর সভাপতি ছিলেন রবীন্দ্রনাথ।

পরোক্ষে হলেও স্বদেশী আন্দোলন বিজ্ঞানের ক্ষেত্রে তার প্রভাব ফেলেছিল। ১৯০৬ খ্রীষ্টাব্দে জগদীশচন্দ্র উদ্ভিদের প্রাণ ও অনুভব শক্তির প্রমাণ দেন। বিজ্ঞান চর্চার সঙ্গে স্বদেশ প্রেম যুক্ত হয়। আচার্য প্রফুল্লচন্দ্র রায় ‘হিন্দু রসায়নের ইতিহাস’ রচনা করে খ্যাতিলাভ করেন। বিজ্ঞানের ক্ষেত্রে এই অগ্রণী ব্যক্তিগণ মনে করতেন যে তাঁদের বিজ্ঞান সাধনা বিশ্বসংস্কৃতির জগতে বাঙলার একটি চিরস্থায়ী স্থান করে দেবে।^{১১} মেঘনাদ সাহা ও সত্যেন্দ্রনাথ এইসময়ে প্রেসিডেন্সী কলেজ থেকে প্রথম শ্রেণীর স্নাতক হন ও পরবর্তীকালে প্রভূত খ্যাতি অর্জন করেন। শিল্প ও সঙ্গীতের ক্ষেত্রে স্বদেশীয়ানা খুব বড় রকমের প্রভাব ফেলে। মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর ও নাটোরের মহারাজার উদ্যোগে ভারতীয় সঙ্গীত সমাজ স্থাপিত হলে বাংলায় ধ্রুপদ সঙ্গীতের চর্চা বৃদ্ধি পায়। রবীন্দ্রনাথের গানের কথা তো আগেই বলা হয়েছে। শিল্পের ক্ষেত্রে অবনীন্দ্রনাথ অনুপ্রেরণা পান ওকাকুরা, নিবেদিতা এবং হ্যাভেলের কাছ থেকে। ইয়োরোপীয় শিল্প বর্জন করে তিনি ভারতীয় শৈলীতে ফিরে আসেন। ভারতের মহান শিল্প ঐতিহ্যকে সামনে তুলে এনেছিলেন রাজেন্দ্রলাল মিত্র। রাজপুত ও মুঘল শিল্পকলা বা অজস্তার গুহাচিত্র অবনীন্দ্রনাথ প্রমুখ শিল্পীদের প্রেরণা জোগায়। ১৯০৭ সালে প্রতিষ্ঠিত হয় ইন্ডিয়ান সোসাইটি অব ওরিয়েন্টাল আর্ট। অবনীন্দ্রনাথের শিষ্য তার গুরুর রীতিকে আরো সমৃদ্ধ করেন। সংক্ষেপে বলতে গেলে ভারতের জাতীয় আন্দোলনের কোন পর্যায়ই সাংস্কৃতিক দিক দিয়ে এত সমৃদ্ধ ছিল না। এই সময়ে রচিত সঙ্গীতগুলি পরবর্তীকালের আন্দোলনগুলিকে অনুপ্রেরণা দিয়েছে।

কিন্তু স্বদেশী আন্দোলন ধীরে ধীরে তার গতিবেগ হারিয়ে ফেলে। ১৯০৯ সালে মর্লে মিন্টো সংস্কার কোন গোষ্ঠীকেই খুশী করতে পারল না বরং মুসলমান বিচ্ছিন্নতাবাদকে প্রশ্রয় দিল। ১৯১১ সালে বঙ্গ ভঙ্গ প্রত্যাহার করা হল। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন অনুপ্রেরণা হয়ে রইল পরবর্তীকালের গান্ধীর আন্দোলনের জন্য। সুমিত সরকার বলছেন যে, নিশ্চিতভাবেই বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের ব্যর্থ তা ছিল সাময়িক কারণ ১৯১৮ সালের পর থেকে গান্ধীজীর নেতৃত্বাধীন আন্দোলনগুলি স্বদেশী দিনের অনেক কলা অনেক কৌশলকেই পুনর্বীর ফিরিয়ে এনেছিল। কিন্তু অন্তর্বর্তী বছরগুলিতে আন্দোলনের গতি যে ক্ষীণ হয়ে পড়েছিল সে কথা প্রশ্নাতীত ভাবেই সত্য।

১১. প্রান্তলিপি— অধ্যাপক সুমিত সরকার বলছেন যে এই অগ্রণী ব্যক্তিদের কাছে বিজ্ঞান ও দেশপ্রেম সমার্থক ছিল। তাঁরা সঠিকভাবেই মনে করতেন যে তাঁদের গবেষণা ভারত তথা বাংলাকে বিশ্বসংস্কৃতির মানচিত্রে স্থান করে দেওয়ার কাজে সহায়তা করেছে। এই সচেতনতা আচার্য জগদীশচন্দ্র বোস এবং তাঁর অন্তরঙ্গ বন্ধু রবীন্দ্রনাথের পত্রালাপে বিস্তারিতভাবে প্রতিফলিত হয়েছে।

৩.৭ স্বদেশী আন্দোলনের সীমাবদ্ধতা

স্বদেশী আন্দোলন খিতিয়ে পড়ার পেছনে অনেকগুলি কারণকে ঐতিহাসিকরা দায়ী করেছেন। অমলেশ ত্রিপাঠী তাঁর ‘Extremist Challenge’ গ্রন্থে বলেছেন যে ‘The movement began with a bang and ended with a whimper’ পুলিশী নির্যাতনকে অবশ্যই একটি কারণ হিসেবে দেখানো হয়ে থাকে। বলা হয় যে আন্দোলনকারীরা বেশীদিন পুলিশের অত্যাচার সহ্য করতে পারে নি। সন্ত্রাসবাদীদের কঠোর হাতে দমন করা হয়। সভা সমিতির ওপর নিষেধাজ্ঞা নেতাদের গ্রেপ্তার ও ফাঁসী, কারাদণ্ড, দ্বীপান্তর প্রভৃতি শাস্তিদানের ফলে আন্দোলন হীনবল হয়ে পড়ে। তবে পুলিশী অত্যাচারই যে আন্দোলনের ব্যর্থতার কারণ সে কথা বলা যায় না। আন্দোলনের অন্তর্নিহিত দুর্বলতাই আন্দোলনকে ব্যর্থতায় পর্যবসিত করেছিল। মধ্যবিত্ত ও বুদ্ধিজীবীরা বয়কটকে সমর্থন করেন বটে কিন্তু ধনী ব্যবসায়ী শ্রেণীদের সহায়তা ছাড়া বিলাতী মালের বয়কট সম্ভব ছিল না। অমলেশ ত্রিপাঠী একটি পরিসংখ্যান থেকে দেখিয়েছেন যে, বয়কট আন্দোলন আদপেই বিলাতী মাল আমদানীর ওপর ছাপ ফেলতে পারেনি। এছাড়া বয়কট আন্দোলন সফল হবার জন্য প্রয়োজন ছিল স্বদেশী দ্রব্যের প্রাচুর্য। কিন্তু স্বদেশী প্রচার করলেও যথেষ্ট প্রমাণ তাঁত ও রেশমের কাপড় উৎপন্ন না হওয়ায় সে প্রাচুর্য ছিল না। গরীব চাষীদের ওপর জোর করে বয়কট চাপানোর ফলে সাম্প্রদায়িক দাঙ্গা বাঁধে। জাতীয় শিক্ষার ক্ষেত্রেও ব্যর্থতা দেখা যায়। কয়েকটি জাতীয় বিদ্যালয় স্থাপন করে বাংলার বিরাট ছাত্রদের স্থান সঙ্কুলান ও তাদের ভবিষ্যৎ তৈরী করা সম্ভব ছিল না। এ ছাড়া কলকাতা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী ছিল চাকুরী লাভের সোপান। বয়কটের সম্পর্কে রবীন্দ্রনাথও তাঁর ‘ঘরে বাইরে’ উপন্যাসে সতর্কতার বাণী উচ্চারণ করেন।

স্বদেশী আন্দোলনের একটি গুরুত্বপূর্ণ সীমাবদ্ধতা হলো, আন্দোলনে ভদ্রলোক শ্রেণীর প্রাধান্য। কৃষকদের অর্থনৈতিক চাহিদার সঙ্গে আন্দোলনকে যুক্ত করা হয় নি। কৃষকরা তাই এই আন্দোলনের সঙ্গে তাদের আত্মিক যোগাযোগ খুঁজে পায় নি। মার্কসবাদীদের মতে আন্দোলনটি ছিল অনেকাংশেই এলিটিস্ট। এছাড়া স্বদেশী আন্দোলনের হিন্দু জাগরণবাদের আদর্শ মুসলমানদের ক্ষুব্ধ করেছিল ও তারা আন্দোলন থেকে দূরে সরে গিয়েছিল। পূর্ববাংলায় ছড়িয়ে পড়েছিল সাম্প্রদায়িক দাঙ্গা।^{১২} মৌলভী আবদুল রসুল, লিয়াকৎ হোসেন প্রভৃতি নেতারা যারা গোড়ায় স্বদেশী আন্দোলন সহযোগিতা করেছিলেন, তারাও উৎসাহ হারিয়ে ফেলেন।

চরমপন্থী আন্দোলন সন্ত্রাসবাদের পথ ধরায় তা গণ সংযোগ হারিয়ে ফেলে। যদিও বিপ্লবীদের মধ্যে সাহস, দেশপ্রেম ও আত্মোৎসর্গের অভাব ছিল না। তবুও সন্ত্রাসবাদের ফলে ব্রিটিশ প্রশাসন কখনোই ভেঙে পড়ার মতো বড়ো বিপদে পড়ে নি। চরমপন্থীরা জনতার সংগ্রামকে সংঘটিত করার কল্পনা

১২. প্রাস্তলিপি— দাঙ্গা ছড়িয়ে পড়ে ১৯০৬এর মে মাসে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জে, কুমিল্লায় (মার্চ ১৯০৭) জামালপুরে (এপ্রিল-মে, ১৯০৭) দেওয়ানগঞ্জ ও বক্সীগঞ্জে।

বাস্তবে রূপায়িত করতে পারেন নি। সংগ্রামের আন্তরিক আহ্বানকে তাঁরা শ্রমিক চাষী বা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পারেন নি। “নিষ্ক্রিয় প্রতিরোধ এবং অসহযোগের আদর্শ তাঁদের কাছেও শুধুই ভাববিলাস হয়েই রইল। তাঁদের নেতৃত্বেও এমন কোন সম্ভাবনাময় জাতীয় সংগঠন গড়ে উঠল না, যার মধ্যে দিয়ে স্বাধীনতা সংগ্রামের ধারাকে একটি সুনির্দিষ্ট রূপ দেওয়া যায়। তিলক প্রমুখ নেতারাও মনে করতেন যে, দেশের সামাজিক ও অর্থনৈতিক অগ্রগতি একমাত্র ধনতান্ত্রিক পথেই সম্ভব, তাঁদের দৃষ্টিও ধনতন্ত্রকে অতিক্রম করতে পারে নি। চরমপন্থীরা তাঁদের পূর্বসূরী মধ্যপন্থীদের চেয়ে একটি ক্ষেত্রে পশ্চাৎপদ ছিলেন। এ দেশ যে বহু ধর্ম, বহু জাতি, বহু অঞ্চলের সমন্বয়ে গঠিত এ সত্যটি তাঁরা পুরোপুরি উপলব্ধি করতে পারেন নি। তাঁদের আন্দোলনের মধ্য দিয়ে সাম্রাজ্যবাদ বিরোধী জাতীয়তাবাদী শক্তি সুদৃঢ় হয়েছিল সন্দেহ নেই, কিন্তু তাঁদের আন্দোলনের ভাবাদর্শে ছিল উচ্চ বর্ণ এবং হিন্দুধর্মের প্রতি পক্ষপাতিত্ব। সাম্প্রদায়িকতার যে বীভৎস পরিণতি পরবর্তীকালে ভারতবর্ষের ইতিহাসকে কলঙ্কিত করেছিল চরমপন্থীদের ভাবাদর্শ তার জন্য অনেকখানি দায়ী।”

৩.৮ সুরাতে কংগ্রেসের ভাঙন

মডারেট বা নরমপন্থী চিন্তাধারার সঙ্গে এক্সট্রিমিস্ট বা চরমপন্থীদের চিন্তাধারার বিরোধ তুঙ্গে ওঠে ১৯০৭ সালে সুরাত কংগ্রেসে। নরমপন্থী নেতাদের ব্রিটিশ জাতির ন্যায় বিচারের প্রতি আস্থা অটুট ছিল এবং তাদের দাবী বড়জোর ডোমিনিয়ন স্ট্যাটাস অবধি যেত। কিন্তু চরমপন্থীরা স্বরাজ বা স্বশাসনের কথা ভাবতেন। তাঁরা নরমপন্থী চিন্তাধারাকে স্থবির ও বস্তুপচা বলে মনে করতেন। অরবিন্দ ‘বন্দে মাতরম’ পত্রিকায় নিষ্ক্রিয় প্রতিরোধ আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান। কংগ্রেস যেহেতু ছিল নরমপন্থী নেতাদের নিয়ন্ত্রণে সেহেতু চরমপন্থীর তার দখল নেবার চেষ্টা করেন। বিংশ শতকের গোড়ার দিকে জাতীয় কংগ্রেসের নেতারা দুটি ভাগে ভাগ হয়ে যান। অরবিন্দ, তিলক, লাজপৎ ও বিপিন পাল ছিলেন চরমপন্থীদের মুখপাত্র। প্রথম থেকেই চরমপন্থীরা নরমপন্থীদের সমালোচনা করতে থাকে এবং এ সমালোচনা দুই গোষ্ঠীর মধ্যে ব্যবধান বাড়ায়। ১৯০৩ খ্রীষ্টাব্দে কংগ্রেসের বার্ষিক অধিবেশনে বঙ্গ ভঙ্গের প্রস্তাবকে নিন্দা করা হয়। ১৯০৫ খ্রীষ্টাব্দে কংগ্রেসের সভাপতি হিসেবে গোখলে ব্রিটিশ সরকারের তীব্র সমালোচনা করেন কিন্তু বিষয় নির্বাচনী সভায় আলোচ্য বিষয়সূচী নির্ধারণের সময় ভয়ানক গণ্ডগোল দেখা যায়। বয়কট ও স্বদেশী প্রস্তাব আলোচনায় নরমপন্থীরা সমর্থন জানালেও প্রস্তাবটি ঘুরিয়ে গ্রহণ করা হয়। চরমপন্থীরা এতে প্রথমে আনন্দ প্রকাশ করলেও বুঝতে পারেন যে, কংগ্রেসে প্রত্যক্ষভাবে বয়কট প্রস্তাব না করালে সর্বভারতীয় স্তরে আবেদন-নিবেদন নীতি চলতেই থাকবে।

চরমপন্থীরা ১৯০৬ খ্রীষ্টাব্দে কলকাতা কংগ্রেসে তিলককে সভাপতি পদে বসাতে চাইলেন। কিন্তু ফিরোজ শাহ মেহতা কুটবুদ্ধি খাটিয়ে সর্বজনমান্য বর্ষীয়ান নেতা দাদাভাই নৌরজীকে সভাপতি করায় চরমপন্থীরা নিরস্ত হন। এই কংগ্রেসে চরমপন্থীরা স্বরাজ, বয়কট, স্বদেশী ও জাতীয় শিক্ষার প্রস্তাব পাশ

করিয়ে নেন। কিন্তু দাদাভাই নৌরজী স্বরাজের ব্যাখ্যা দেন ঔপনিবেশিক স্বায়ত্ত্ব শাসন বা ডোমিনিয়ন স্ট্যাটাস বলে। বয়কট ও স্বদেশী সম্পর্কেও নরমপন্থীরা এড়িয়ে যাবার মনোভাব দেখান। চরমপন্থীরা যারপনাই ব্রুদ্র হন।

১৯০৭ এর কংগ্রেস নাগপুরে হবার কথা ছিল। কিন্তু কলকাতা কংগ্রেসে চরমপন্থীদের লড়াই মনোভাব দেখে ফিরোজ শাহ মেহতা ১৯০৭ এবং কংগ্রেসের স্থল নাগপুর থেকে সুরাটে সরিয়ে নিয়ে যান। নরমপন্থী রাসবিহারী ঘোষকে নির্বাচন করাটাও তিনি ঠিক করেন। একটা মোকাবিলার জন্য দুপক্ষই তৈরী হয়ে আসে। সভাপতি হিসেবে সুরেন্দ্রনাথ রাসবিহারী ঘোষের নাম সমর্থন করতে উঠলে প্রচণ্ড গণ্ডগোল ও হাতাহাতি এমন কি জুতো ছোঁড়াছুঁড়িও হয়। পুলিশের সাহায্যে অবশেষে শান্তি রক্ষা হয়। নরমপন্থীরা ভোটে জয়লাভ করেন। চরমপন্থীরা কংগ্রেস মঞ্চ ত্যাগ করেন। সংঘাতের জন্য ঠিক কারা দায়ী এ নিয়ে বিতর্ক আছে। লাজপত রায়, তিলক এবং বাঙলায় তার বেশীর ভাগ বন্ধুই সুরাটে অধিবেশনের পরের মাসগুলোয় কংগ্রেসের পুনর্মিলনের জন্য চেষ্টা করেছিলেন। কিন্তু বোম্বাই এর রমপন্থী গোষ্ঠী খুব কঠোর মনোভাব দেখান। ১৯০৮ এর এপ্রিলে এলাহাবাদ কনভেনশনে এই ভাঙন চূড়ান্ত হয়। “যেখানে একটি সংবিধান খাড়া করে কংগ্রেসের পদ্ধতিকে কঠোরভাবে নিয়মতান্ত্রিক বলে স্থির করে দেওয়া হয়, আর প্রশাসনের বর্তমান ব্যবস্থার মধ্যে নিয়মিত সংস্কার সাধনের ভেতরে তাকে সীমাবদ্ধ রাখা হয়। সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো— ‘তিন বছরের বেশী স্থায়ী স্বীকৃত সংস্থার মধ্যে প্রতিনিধি নির্বাচনকে বেঁধে রাখা হয়। আগামী অধিবেশনগুলি থেকে চরমপন্থীদের বাদ রাখার জন্যই এইভাবে ইচ্ছে করেই সবরকমের চেষ্টা করা হয়েছিল।’” আসলে নরমপন্থী নেতারা এইসময় ভারতসচিব লর্ড মর্লের কাছ থেকে শাসন সংস্কারের আশ্বাস পান। তারা মনে করেন যে ইংল্যান্ডে উদারতন্ত্রী দল ক্ষমতায় আসায় তাঁদের দীর্ঘদিনের দাবীগুলি ব্রিটিশ সরকার শুনবেন।

এই সুযোগে ব্রিটিশ সরকার নরমপন্থীদের কিছু আশ্বাস দিয়ে চরমপন্থীদের ওপর দমননীতি চাপিয়ে দেন। তিলকের ৬ বছরের জেল হয়। অরবিন্দকে মুরারিপুকুর বোমার মামলায় অভিযুক্ত করায় তিনি অব্যাহতি পাবার পর রাজনীতি ত্যাগ করে পণ্ডিচেরীতে যোগ সাধনায় ব্রতী হন। সুতরাং চরমপন্থীরা কিছুটা দুর্বল হয়ে পড়েন।

রবীন্দ্রনাথের মন্তব্য এ প্রসঙ্গে প্রণিধানযোগ্য “মধ্যমপন্থী ও চরমপন্থী এই উভয় দলই কংগ্রেস অধিকার করাকেই যদি দেশের কাজ করা বলিয়া একান্ত ভাবে না মনে করিতেন, যদি দেশের সত্যকার কর্মক্ষেত্রে ইহারা প্রতিষ্ঠালাভ করিতে থাকিতেন—দেশের শিক্ষা স্বাস্থ্য অন্নের অভাব মোচন করিবার জন্য যদি ইহারা নিজের শক্তিকে নানা পথে অহরহ একাগ্রমনে নিয়োজিত করিয়া রাখিতেন, দেশহিতের সত্যকার সাধনা ও সত্যকার সিদ্ধি কাহাকে বলে তাহার স্বাদ যদি পাইতেন এবং দেশের জনসাধারণের সঙ্গে কায়মনোবাক্যে যোগ দিয়া দেশের শক্তিকে প্রত্যক্ষভাবে উপলব্ধি করিতেন তাহা হইলে কংগ্রেস সভার মঞ্চ জিতিয়া লইবার চেষ্টায় এমন উন্মত্ত হইয়া উঠিতেন না।”

অমলেশ ত্রিপাঠী তাঁর স্বাধীনতা সংগ্রামে ভারতে জাতীয় কংগ্রেস (১৮৮৫-১৯৪৭) এ লিখছেন “তবু চরমপন্থীরা একটা কথা প্রাণ দিয়ে বুঝিয়ে দিয়ে গেলেন যে, ‘আবেদন নিবেদনের মালা বহি বহি নতশির’ নরমপন্থীদের কোন রাজনৈতিক ভবিষ্যৎ নেই। এরাই প্রমাণ করলেন শর্তহীন সহযোগিতার নীতি ভ্রান্ত তা মর্লের শাসন সংস্কারের বেশী কিছু আদায় করতে পারে না। তাঁরা বোঝালেন ইংরাজদের কাউন্সিল মায়ার ছলনা, তার মোহে পড়লে মনুষ্যত্ব বিসর্জন দিতে হয়। তাঁরা দেখালেন ভারতের লক্ষ্য—পূর্ণ স্বরাজ এবং তা অর্জন করতে হবে বীর্য ও মৃত্যুর শুষ্কে। নঞর্থক বয়কট ও সদর্থক স্বদেশীর সাফল্য যতই সীমিত হোক, গান্ধীকেও তা গ্রহণ করতে হয়।”

সুরাটের ঘটনার পর মিন্টো মর্লেকে লিখলেন “কংগ্রেসের পতন আমাদের পক্ষে একটা বড় জয়।” মর্লে তার উত্তরে লেখেন “আপাত পতন মনে হলেও চরমপন্থীরাই একদিন কংগ্রেস দখল করবে।” কংগ্রেসকে আবার নতুন প্রাণ ফিরে পাবার জন্য অপেক্ষা করতে হয়েছিল আরেকজন নেতার যিনি ভারতের প্রিয়মান জাতীয় জীবনে এনেছিলেন এক গণ আন্দোলনের জোয়ার। তিনি হলে গান্ধীজী।

৩.৯ সারাংশ

১৮৮৫ থেকে ১৯০৫ পর্যন্ত কংগ্রেসের নেতৃত্বে যারা ছিলেন তারা মডারেট বা নরমপন্থী বলে পরিচিত। ব্রিটিশ ন্যায় নীতির উপর তাদের অগাধ আস্থা ছিল। তাঁদের ‘আবেদন-নিবেদন’ নীতির জন্য ক্রমাগতই তারা সমালোচনার সম্মুখীন হচ্ছিলেন। তাঁদের দুর্বলতার জন্য তারা সমালোচিত হলেও এ কথা মনে রাখতে হবে যে তারা একটি বৃহৎ আন্দোলন শুরু করেছিলেন যা, শেষ হয়েছিল ভারতের স্বাধীনতা প্রাপ্তিতে। সমালোচনা যারা করছিলেন তাদের দাবী আরো চরম ছিল বলে তাঁরা জাতীয় আন্দোলনের ইতিহাসে চরমপন্থী বলে পরিচিত। এই নতুন শ্রেণীর নেতৃত্ব বঙ্কিমচন্দ্র, বিবেকানন্দ ও দয়ানন্দের ভাবদর্শে জারিত ছিলেন। তাঁদের উদ্ভবের পেছনে কাজ করেছিল কিছু সামাজিক ও অর্থনৈতিক কারণও সামাজিক দিক দিয়ে চরমপন্থীরা মনে করতেন যে, রাজনৈতিক স্বাধীনতা ও সমাজ সংস্কার আন্দোলন মিশিয়ে ফেলা উচিত হবে না। আর অর্থনৈতিক দিক দিয়ে ব্রিটিশ শোষণ প্রত্যেকের মনেই এক ক্ষোভের সঞ্চার করেছিল। চরমপন্থী নেতারা এই শোষণের বিরুদ্ধে সংগ্রামের আহ্বান জানিয়েছিলেন। আন্তর্জাতিক রাজনীতিও চরমপন্থীদের প্রভাবিত করেছিল।

চরমপন্থী আন্দোলনের নেতারা ছিলেন বাল গঙ্গাধর তিলক, বিপিনচন্দ্র পাল, অরবিন্দ ঘোষ এবং লাল লাজপত্নী রায়। কার্জনর বঙ্গভঙ্গ প্রস্তাবকে কেন্দ্র করে বাঙলায় যে তীব্র বিক্ষোভের সৃষ্টি হয় তা স্বদেশী ও বয়কট আন্দোলন নামেই পরিচিত। এই স্বদেশী আন্দোলন ত্রিধারায় প্রবাহিত হয়েছিল। তার প্রথম ধারাটি হল গঠনমূলক স্বদেশী। আন্দোলনের দ্বিতীয় ধারা বয়কটকে প্রাধান্য দিয়েছিল। জাতীয় শিক্ষার পরিকল্পনাও এই বয়কটেরই অঙ্গ ছিল। আন্দোলন নানা উত্থান-পতনের মধ্য দিয়ে সম্ভ্রাসবাদের দিকে মোড় নেয়। এইটি স্বদেশী আন্দোলনের তৃতীয় ধারা। আন্দোলনের সময় শ্রমিক ও কৃষকেরাও

তাদের নিজস্ব দাবীতে মুখর হয়ে ওঠেন। বাংলার এই চরমপন্থী আন্দোলনের জোয়ার পাঞ্জাব, মহারাষ্ট্র এবং মাদ্রাজেও ছড়িয়ে পড়েছিল। স্বদেশী আন্দোলনেরসূচনায় অসংখ্য মুসলমান নাগরিক এগিয়ে আসা সত্ত্বেও এই সময়েই মুসলমান বিচ্ছিন্নতাবাদের দ্রুত বৃদ্ধি ঘটেছিল। ঢাকার নবাব সলিমুল্লাহর নেতৃত্বে গঠিত হলো মুসলীম লীগ। পূর্ববঙ্গে বেশ কিছু সাম্প্রদায়িক দাঙ্গা আন্দোলনের ক্ষতি করেছিল।

তবুও একথা বলা যায় যে স্বদেশী যুগে যে ভাবধারা ও আদর্শবাদের উদ্ভব হয়েছিল তা ১৯৪৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত দেশবাসীর জীবনধারাকে প্রভাবিত করেছিল। কিন্তু চরম দমননীতির মুখে পড়ে স্বদেশী আন্দোলনকে ধীরে ধীরে তার গतिकে হারিয়ে ফেলেছিল। এর জন্য দায়ী ছিল আন্দোলনের মধ্যকার দুর্বলতা। আন্দোলন মোটামুটি ভদ্রলোক শ্রেণীর মধ্যে আবদ্ধ ছিল। শ্রমিক ও কৃষকদের অর্থনৈতিক চাহিদাকে চরমপন্থীরা তাঁদের কর্মসূচীর অন্তর্গত করতে পারেন নি। হিন্দুজাগরণবাদ আন্দোলন থেকে মুসলমানদের দূরে সরিয়ে দিয়েছিল। আন্দোলন সম্মতবাদের পথ ধরার পর তা গণসংযোগ হারিয়ে ফেলল। এই দুর্বলতাগুলি সত্ত্বেও মনে রাখতে হবে যে দেশবাসীকে তাঁরা আত্মোৎসর্গ ও দেশপ্রেমের প্রেরণা জুগিয়েছিলেন।

নরমপন্থী এবং চরমপন্থী আদর্শের বিরোধ তুঙ্গ ওঠে ১৯০৭ সালে সুরাট কংগ্রেসে। সভাপতি হিসাবে সুরেন্দ্রনাথ রাসবিহারী ঘোষের নাম উত্থাপন করাতে প্রচণ্ড গণ্ডগোল হয়। পুলিশ দিয়ে অবশেষে শান্তি রক্ষা হয়। নরমপন্থীরা ভোটে জয়লাভ করেন এবং চরমপন্থীরা মঞ্চ ত্যাগ করেন। ১৯০৮ এর এপ্রিলে এলাহাবাদ কনভেনশনে এই ভাঙন চূড়ান্ত হয়। সংস্কারবাদের নরমপন্থীরা অপেক্ষা করেছিলেন ভারতসচিব লর্ড মর্লের কাছ থেকে শাসন সংস্কারের জন্য। তাঁরা মনে করেছিলেন যে ইংল্যান্ডে উদারতন্ত্রী দল ক্ষমতায় আসায় তাঁদের দীর্ঘদিনের দাবীগুলি ব্রিটিশ সরকার শুনবেন। কিন্তু মর্লে-মিন্টো সংস্কার তাদের হতাশাই বাড়িয়েছিল। মিন্টো কংগ্রেসের পতনকে ব্রিটিশ সরকারের জয় বলে অভিহিত করলেও মর্লে কিন্তু বলেছিলেন যে অদূর ভবিষ্যতে চরমপন্থীরাই কংগ্রেস দখল করবে। গান্ধীজীর গণ আন্দোলন কিছু বছর বাদে কংগ্রেসে আবার প্রাণের জোয়ার এনেছিল।

৩.১০ অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন—

- ১। চরমপন্থী আন্দোলনের ভাবাদর্শগত ও রাজনৈতিক পটভূমি সম্পর্কে আলোচনা করুন।
- ২। বঙ্গভঙ্গ প্রস্তাব কে করেছিলেন? জাতীয়তাবাদী আন্দোলনকে এই প্রস্তাব কি ভাবে প্রভাবিত করেছিল?
- ৩। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন কয়টি ধারায় প্রবাহিত হয়েছিল সংক্ষেপে আলোচনা করুন।
- ৪। স্বদেশী আন্দোলনের তাৎপর্য ও সীমাবদ্ধতা কি ছিল?

স্বল্পকথায় লিখুন—

- ১। স্বদেশী আন্দোলনের শ্রমিক ও কৃষকেরা কি ভাবে সামিল হয়েছিলেন?
- ২। সুরাট কংগ্রেসে ভাঙনের কারণ কি ছিল?

অনুশীলনী—

- ১। চরমপন্থার উদ্ভবের কারণগুলি দশটি বাক্যে লিখুন।
- ২। স্বদেশী আন্দোলনের মুসলিম সম্প্রদায়ের ভূমিকাকে পাঁচটি বাক্যে লিখুন।
- ৩। একটি বাক্যে উত্তর দিন—
 - ক. বঙ্গভঙ্গ প্রস্তাব কে করেছিলেন?
 - খ. চরমপন্থী আন্দোলনের নেতা কারা ছিলেন?
 - গ. কোন পত্রিকা বিদেশী বর্জনের ডাক দিয়েছিল?
 - ঘ. ‘স্বদেশী’ ও ‘বয়কট’ কথার অর্থ কি?
 - ঙ. ‘মুসলিম লীগ’ কে প্রতিষ্ঠা করেন?

৪। সঠিক উত্তরটি (✓) চিহ্ন দ্বারা চিহ্নিত করুন :

- ক. বঙ্গভঙ্গের প্রস্তাব কোন সালে ঘোষিত হয়েছিল? (১৯০৩, ১৯০৫, ১৯০৭)।
- খ. ‘ডন’ পত্রিকা প্রকাশ করেছিলেন (রবীন্দ্রনাথ, প্রফুল্লচন্দ্র রায়, অশ্বিনীকুমার দত্ত)।
- গ. জাতীয় শিক্ষা পরিষদের অধ্যক্ষ ছিলেন (অরবিন্দ ঘোষ, লালা লাজপৎ রায়, বাল গঙ্গাধর তিলক)।
- ঘ. সম্বাসবাদী কার্যকলাপ প্রভাবিত করেছিল (শ্রমিক, কৃষক, শিক্ষিত যুব সম্প্রদায়কে)।
- ঙ. বঙ্গীয় সাহিত্য পরিষদের সম্পাদক ছিলেন (আচার্য জগদীশচন্দ্র বসু, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, অবনীন্দ্রনাথ)।

৫। শূন্যস্থান পূরণ করুন —

- ক. বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের প্রাথমিক উদ্যোগ ছিল _____ প্রমুখ মধ্যপন্থীদের হাতে।
- খ. স্বদেশী আন্দোলনের দ্বিতীয় ধারা _____ কে প্রাধান্য দিয়েছিল?
- গ. পার্টনার _____ বয়কট চিন্তাধারার অংশীদার ছিলেন।

- ঘ. স্বদেশী আন্দোলনের সময় কবিগুরু রবীন্দ্রনাথ তাঁর বিখ্যাত উপন্যাস _____ ও _____ রচনা করেন।
- ঙ. হিন্দু রসায়নের ইতিহাস রচনা করেছিলেন _____।

৩.১১ গ্রন্থপঞ্জী

1. The Swadeshi Movement in Bengal 1903-1908— Sumit Sarkar.
2. Modern India— Sumit Sarkar.
3. স্বাধীনতা সংগ্রাম— বিপান চন্দ্র, অমলেশ ত্রিপাঠী ও বরুণ দে।
4. স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেস, (১৮৮৫-১৯৪৭)— অমলেশ ত্রিপাঠী।
5. The extremist Challenge—Amlash Tripathi.
6. Militant Nationalism in India— Biman Behari Mukherjee.
7. Indias Struggle for Independence— 1857-1947— Bipan Chandra, Mridula Mukherjee, Aditya Mukherjee, Sucheta Mukherjee, K.N. Panikkar.
8. গোরা— রবীন্দ্রনাথ ঠাকুর।
9. ঘরে বাইরে— রবীন্দ্রনাথ ঠাকুর।
10. কালান্তর— রবীন্দ্রনাথ ঠাকুর।

একক ৪ □ সংগ্রামী জাতীয়তাবাদ

গঠন

- ৪.০ উদ্দেশ্য
- ৪.১ প্রস্তাবনা
- ৪.২ জাতীয়তাবাদের সংজ্ঞা
 - ৪.২.১ সংগ্রামী জাতীয়তাবাদের সামাজিক ও অর্থনৈতিক পটভূমি।
 - ৪.২.২ সংবাদ ও সাময়িক পত্রের ভূমিকা
 - ৪.২.৩ সংগ্রামী জাতীয়তাবাদ এবং সশস্ত্র বিপ্লব
 - ৪.২.৪ প্রথম পর্ব : ১৯০৫-১৯১৪
 - ৪.২.৫ দ্বিতীয় পর্ব : ১৯১৪-১৯২০
 - ৪.২.৬ তৃতীয় পর্ব : ১৯২০-১৯৩৯
- ৪.৩ সারাংশ
- ৪.৪ অনুশীলনী
- ৪.৫ গ্রন্থপঞ্জী

৪.০ উদ্দেশ্য

এই এককটি ভারতীয় সংগ্রামী বিপ্লবী আন্দোলনের বিভিন্ন আন্দোলনের বিভিন্ন পর্যায়গুলি আলোচনা করা হয়েছে। আপনি জানতে পারবেন সংগ্রামী বিপ্লব আন্দোলন, বিভিন্ন পর্যায়ে, কীভাবে, কোন সময়ে, কোন অঞ্চলে, কেমন করে আন্দোলিত হয়েছিল।

বিপ্লবীদের চিন্তাভাবনা, আদর্শ, কার্যক্রম, বিভিন্ন বিপ্লবী ব্যক্তিত্বদের কথা, তাঁদের সফলতা ও ব্যর্থতা, বিপ্লবী আন্দোলনে মেয়েদের সক্রিয় অংশ গ্রহণ সম্বন্ধে একটি স্পষ্ট ধারণা এই আলোচনা থেকে পাওয়া যাবে।

৪.১ প্রস্তাবনা

জাতীয়তাবাদের সংজ্ঞা। প্রারম্ভিক আলোচনায় কি ভাবে উনিশ শতকের ব্যাপ্তিতে নানা পরিস্থিতি, ঘটনা এবং ব্যক্তিত্বের মতাদর্শের সমন্বয়ে জাতীয়তাবোধ, এবং জাতীয় চেতনা দানা বেঁধেছিল তা বলা হয়েছে।

৪.২ জাতীয়তাবাদের সংজ্ঞা

জাতীয়তাবাদ এই সংজ্ঞাটির উদ্ভব হয় উনিশশতকে। একই গোষ্ঠীভুক্ত মানুষের আচার, ব্যবহার, ভাষা প্রচলিত সংস্কার ও সংস্কৃতির সাযুজ্য থেকে একাত্মবোধের অনুভব থেকে জাতীয়তাবাদের উদ্ভব। আবার সেই একাত্মবোধের অনুভব যখন একটি বিশেষ ভৌগলিক অঞ্চলের মধ্যে সন্নিবিষ্ট হয়, অর্থাৎ সেই সব মানুষেরা, যারা একটি ভাষা বা একটি সংস্কৃতি ও একই ঐতিহ্যের ধারক ও বাহক হিসাবে একটি অঞ্চলের মধ্যে পিতৃ পরম্পরায় একত্রিত হয়ে বসবাস করে, সেই অঞ্চলটি ঘিরে তাদের একত্রিত মনোভাবটি এবং সেই একাত্মবোধকে জাতীয়তাবোধ বলা যেতে পারে।

ভারতবর্ষে জাতীয়তাবাদের উদ্ভব, আরেকটি ভিন্ন ক্ষেত্র থেকে শুরু হয়েছিল। এখানে জাতীয়তাবাদের উন্মেষ হয় ইংরেজ ঔপনিবেশিক শাসনের সরাসরি প্রতিক্রিয়া হিসেবে। এই উন্মেষের দুটি ধারা ছিল। আঠারো শতকের মাঝামাঝি থেকে দেশীয় রাজ্যগুলি এবং দেশীয় শাসক শ্রেণীর দ্রুত পতন ও ইংরেজ শক্তির ক্রমশ উত্থান, ভারতীয় সমাজ, রাজনীতি ও অর্থনীতিতে ব্যাপক পরিবর্তন এনেছিল। প্রচলিত অর্থনৈতিক ব্যবস্থার অবক্ষয়ের ফলে ব্যবসায়ী, শ্রমিক, কারিগর শ্রেণী থেকে শুরু করে সামান্য চাষী, জঙ্গলবাসী মানুষদেরও অবস্থার শোচনীয় পরিবর্তন ঘটে। পরিস্থিতি যত অসহনীয় হয়ে ওঠে, ততই নিরুপায় সাধারণ মানুষের ক্ষোভ, অসন্তোষ, সহ্যের সীমা ছাড়িয়ে দানা বাঁধতে থাকে, এবং আলোড়ন তৈরী করে। উনিশ শতকের প্রথম দিকে এই ধরনের বিক্ষোভ ও অসন্তোষের প্রকাশ অনেক সময়ে সশস্ত্র লড়াই-এর রূপ নিয়েছিল। বিদেশী শাসন সমস্ত দুর্ভাবস্থার কারণ, এই প্রাথমিক বোধ এবং সেই শাসন থেকে মুক্ত হওয়ার ইচ্ছা থেকে একধরনের জাতীয়তাবোধের উন্মেষ হয়েছিল।

দ্বিতীয় ধারার জাতীয়তাবোধ, পশ্চিমী শিক্ষাও সংস্কৃতির সংস্পর্শ থেকে গড়ে উঠেছিল। পাশ্চাত্য শিক্ষার প্রসার এবং আধুনিক শিক্ষাব্যবস্থার প্রবর্তনের ফলে শিক্ষিত, আধুনিক, মধ্যবিত্ত শ্রেণীর জন্ম হয়। পাশ্চাত্য শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর বৈশিষ্ট্যগুলির অন্যতম ছিল মানবতাবাদী মূল্যবোধ। নতুন চিন্তাধারার মখপাত্র ছিলেন রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এবং অন্যান্যরা। এরা প্রচলিত সামাজিক কুসংস্কারগুলি দূর করার আন্দোলন তৈরী করেছিলেন। আন্দোলনগুলি সফলও হয়েছিল। তারই সঙ্গে নারীশিক্ষা প্রচার ও প্রসার সমকালীন ইওরোপের নতুন নতুন চিন্তাধারাগুলি ভারতীয় পরিবেশের সঙ্গে মিলিয়ে দেওয়ার প্রচেষ্টাও শুরু হয়েছিল। বাংলা ছাড়াও মহারাষ্ট্র, পাঞ্জাব, তামিল অঞ্চলে নানাধরনের সংস্কার আন্দোলন শুরু হয়। আঠারো শতকের ফরাসী বিপ্লবের সাম্যবাদ এবং স্বাধীনতার তত্ত্ব, উনিশ শতকের ফ্রান্সের জুলাই বিপ্লবের সাফল্য, শিক্ষিত মধ্যবিত্তকে উদ্দীপ্ত করে।

পাশ্চাত্য শিক্ষা ও আধুনিক জীবনের আশ্বাদে আপ্লুত ও পরিতৃপ্ত মধ্যবিত্ত ভারতীয় প্রথমে ইংরেজ সরকারের প্রতি অনুগত ছিল। কিন্তু ক্রমশঃ ইংরেজ শাসকদের ব্যবহারিক ক্ষেত্রে অর্থনৈতিক এবং শাসনব্যবস্থার ব্যাপারে অসম্মতি এবং ঔপনিবেশিকতার রুঢ় বাস্তবতা তাদের সচেতন করে তোলে। মধ্যবিত্ত শ্রেণীর অসন্তোষ থেকে তৈরী হল রাজনৈতিক সচেতনতা এবং ভারতবর্ষ, ভারতীয়ত্বকে ঘিরে একাত্মবোধ;

এই একাত্মবোধ থেকেই জাতীয়তাবাদের জন্ম হল। কাগজপত্রে লেখালেখি, সাহিত্য রচনা, সংগঠন এবং বক্তৃতার মধ্য দিয়ে বিদেশী শাসনের বিরুদ্ধে আত্মসচেতন মধ্যবিত্ত শ্রেণীর প্রতিবাদ গড়ে উঠতে থাকে।

এভাবে দেখা যাচ্ছে ভারতবর্ষে জাতীয়তাবোধের উন্মেষ এবং আন্দোলনের দুটি ধারার মূলে রয়েছে ইংরেজ শাসনের বিরুদ্ধে প্রতিবাদ, বিরোধিতা এবং স্বাধীনতার স্পৃহা।

বিদেশী শাসনের বিরুদ্ধে সশস্ত্র লড়াই এর মাধ্যমে জাতীয়তাবোধের প্রথম অস্ফুট প্রকাশ হয়েছিল বহু আগে থেকেই। ঔপনিবেশিক স্বার্থ এবং ভারতবাসীর স্বার্থের সংঘাতের মধ্যেই আমরা প্রথম ধারার জাতীয়তাবোধ অর্থাৎ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর প্রয়াস দেখতে পাই। ইস্ট ইন্ডিয়া কোম্পানির আমলের গোড়ার দিকে এ ধরনের বিক্ষিপ্ত, বিচ্ছিন্ন অস্ত্রে লড়াই এর হৃদিস পাওয়া যায়। ইংরেজ কোম্পানির যথেষ্টাচার ও শোষণ ভারতীয় কৃষি, শিল্প, বাণিজ্যকে ধ্বংস করেছিল। কৃষক ও কারিগর শ্রেণী থেকে শুরু করে বণিক, ব্যবসাদার, সচ্ছল, সম্পন্ন তালুকদাররাও ক্ষতিগ্রস্ত হয়েছিল। আদিবাসী, উপজাতি গোষ্ঠীগুলি ও কোম্পানির অর্থনৈতিক শোষণের বাইরে থাকেনি। নিম্নবর্গীয় মানুষের বিক্ষোভের বহিঃপ্রকাশ ঘটেছিল কোম্পানির আমলে, নানা বিদ্রোহ, অভ্যুত্থানের মধ্য দিয়ে। গোটা আঠারো শতক এবং উনিশ শতকের প্রথম ভাগে সন্ন্যাসী বিদ্রোহ, চুয়ার বিদ্রোহ, ভীল বিদ্রোহ, কোল, সাঁওতাল, মুণ্ডাদের লড়াই, অন্যদিকে খরায়াজি, ওয়াহাবি আন্দোলন এমনকি মহাবিদ্রোহের আগের এবং পরের দশকের কৃষক বিদ্রোহগুলি, ও নীল বিদ্রোহকে বিদেশী শাসনের বিরুদ্ধে প্রতিবাদ এবং মুক্তির সশস্ত্র লড়াই বললে সম্ভবতঃ ভুল বলা হবে না।

স্বাধীনতা সম্বন্ধে স্পষ্ট এবং পরিণত ধারণা না থাকলেও এই সব আন্দোলনের সক্রিয় অংশগ্রহণকারীরা অত্যাচারী বিদেশীকে চিহ্নিত করে নিয়েছিল। জাতি, ধর্ম, অঞ্চল এবং ঐতিহ্য এর কোন একটি বা সবটাই নিয়ে একত্রিত হয়েছিল বা একাত্মবোধ করে একজোট হয়ে লড়াই করেছিল। এই সব সশস্ত্র আন্দোলনগুলির মধ্যে আমরা পরবর্তীকালের সশস্ত্র বিপ্লবের পূর্বাভাস পাই। অর্থাৎ অস্ত্রের মাধ্যমে বিদেশী শাসনের অত্যাচারের মোকাবিলা করার চেষ্টা আগেই হয়েছিল, একথা মনে রাখা দরকার।

১৮৫৭ সালের মহাবিদ্রোহ ছিল ইংরেজ শাসনের বিরুদ্ধে একটি সর্বব্যাপী আন্দোলন। মহাবিদ্রোহে, জাতীয় চেতনার প্রথম আত্মপ্রকাশ হয়েছিল, এ বিষয়ে কোন সন্দেহ নেই। ১৮৫৭ সালের ১৫ই আগস্ট বেনারস থেকে ষাট মাইল উত্তরে আজমগড় শহরে দ্বিতীয় শাহ আলম বাদশার নামে একটি ঘোষণা পত্র জারি করা হয়। আজমগড় ঘোষণাপত্রে বিদেশী অপশাসনের অপসারণের পর স্বাধীন দেশীয় সরকার প্রতিষ্ঠার বিস্তারিত পরিকল্পনা করা হয়েছিল। এই পরিকল্পনায় হিন্দু-মুসলমান দুই সম্প্রদায়কে একই বিদেশী শত্রুর বিরুদ্ধে একত্রিত করার সচেতন প্রয়াস দেখা যায়। সাধারণতঃ উদ্দেশ্য, পরিকল্পনা এবং ভবিষ্যতের সংগঠনের রূপায়ণের Blue Print নিয়ে জাতীয় আন্দোলন গড়ে উঠে। সুতরাং সেদিক থেকে ১৮৫৭ সালের মহাবিদ্রোহ জাতীয় চেতনার প্রথম প্রকাশ এবং স্বাধীনতার জন্য সশস্ত্র সংগ্রাম বলা

যেতে পারে।

উনিশ শতকের প্রথম দুই এবং তিন শতকের আন্দোলনগুলি ও ১৮৫৭ সালের মহাবিদ্রোহ ভারতীয় সংগ্রামী জাতীয়তা বাদী আন্দোলনের সূত্রপাত করেছিল। পরবর্তী কালের সশস্ত্র মুক্তিযুদ্ধের প্রেরণাও এখান থেকে তৈরী হয়েছিল।

উনিশ শতকের শেষের দিকে নানা ধরনের সামাজিক, রাজনৈতিক অর্থনৈতিক ঘটনার সমাবেশের মধ্য থেকে সংগ্রামী বা বিপ্লবী জাতীয়তাবাদের ধারা ক্রমশ স্পষ্ট রূপ দিতে থাকে।

অবিরাম অর্থনৈতি শোষণের কারণে উনিশ শতকের শেষাংশে দারিদ্র, কমহীনতা, কৃষি ও শিল্পে অনুরতি এবং সর্বব্যাপী হতাশা সর্বভারতীয় চেহারা নিয়েছিল। ইংরেজ শাসনের হিতকারী রূপটি ক্রমশ ভারতীয় মন থেকে সরে যাচ্ছিল এবং ঔপনিবেশিক শাসনের প্রকৃত স্বরূপ কী তা বুঝে নিতে আর কোন সংশয় ছিল না। এই সময়েই ব্রিটিশ সাম্রাজ্যের উপনিবেশগুলিতে শাসনগত এবং তাত্ত্বিকভাবে শাসনক্ষমতা জোরদার করার একটা প্রবণতা দেখা যায়। ব্যক্তি মানুষের ক্ষেত্র থেকে শুরু করে আর্থিক, সামাজিক সর্বক্ষেত্রেই সাম্রাজ্যবাদী নীতির দাস্তিক প্রয়োগ দেখা যায়। পার্কে, রাস্তায়, স্টেশনে, রেলগাড়ীতে কালোচামড়ার প্রতি ঘৃণা এবং শারীরিক নিগ্রহ ঐ সাম্রাজ্যবাদী নীতির বাহ্যিক প্রকাশ ছিল। এরই প্রতিক্রিয়া হিসেবে সবল শক্তিমান ও সতেজ স্বাস্থ্যবান ভারতীয় চরিত্র তৈরির প্রয়াস দেখা গেল। অর্থাৎ সবল ইংরেজের সমকক্ষ এমনকি প্রতিপক্ষ সবল ভারতীয় এমন বিন্যাসের আকাঙ্ক্ষা তীব্রতর হল।

উনিশ শতকের পরবর্তী অর্থাৎ মহাবিদ্রোহ পরবর্তী সময়ে প্রধানত বাংলা এবং মহারাষ্ট্রে শরীরচর্চার প্রাবল্য দেখা দিয়েছিল। ব্যায়ামাগার, এবং আখড়ায় ব্যায়াম ও শরীর চালনার মধ্য দিয়ে সবলদেহ এবং লাঠিখেলা, ছোরাখেলা, কুস্তি ইত্যাদি নানা অনুশীলনের মাধ্যমে শারীরিক ক্ষিপ্ততা ও অস্ত্রচালনার কুশলতা তৈরী করার প্রয়াস তীব্রতর হয়ে ওঠে। ভারতীয় মনে প্রাচীন কালের শক্তিমান যোদ্ধা, ক্ষত্রিয় ঐতিহাসিক চরিত্রগুলি আদর্শ হয়ে ওঠে।

১৮৭৫ থেকে ১৮৮৫ সালের মাঝের বছরগুলিতে নতুন রাজনৈতিক প্রবণতা গড়ে উঠেছিল। স্পষ্ট এবং তীব্রতর রাজনৈতিক চেতনা সম্পন্ন একদল তরুণ বুদ্ধি জীবী দল তৈরী হয়েছিল—এদের কাছে উনিশ শতকের প্রথমদিকের সংগঠনগুলির প্রাসঙ্গিকতা ক্রমশ হারিয়ে যাচ্ছিল। তাদের মনে হয়েছিল এই সংগঠনগুলি ভিত্তি এবং গঠন দুইই সংকীর্ণ ও কার্যাবলীর ক্ষেত্রও সীমিত। যেমন ব্রিটিশ ইন্ডিয়ান এ্যাসোসিয়েশন তার আগেকার ব্রিটিশ বিরোধী ধার হারিয়ে ফেলে শুধুমাত্র জমিদার শ্রেণীর সুবিধা রক্ষার ব্যাপারেই আগ্রহী থাকছিল, বোম্বে অ্যাসোসিয়েশন বা মাদ্রাজ নেটিভ এ্যাসোসিয়েশনগুলিও বদলে যাওয়া সময়ের সঙ্গে তাল মিলিয়ে না চলার ফলে ক্রমশঃ গুরুত্ব হারাচ্ছিল। বাংলায় নতুন প্রজন্মের রাজনীতিজ্ঞ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও আনন্দমোহন বসু ইন্ডিয়ান এ্যাসোসিয়েশন তৈরী করলেন (১৮৭৬)। ১৮৮৪ সালে এম. বীর রাঘবাচারী, জি. সুরেন্দ্রনাথ আয়ার, পি. আনন্দবাবলু এরা সবাই মিলে শুরু করলেন মাদ্রাজ মহাজন সভা। ১৮৮৫ নতুন ঘরানার রাজনীতির প্রতিনিধি কে.টি. তেলাঙ্গ এবং ফিরোজ শাহ মেহতার

নেতৃত্বে তৈরী হল বোম্বে প্রেসিডেন্ট এ্যাসোসিয়েশন। এমনকি পুরোনো সংগঠনগুলির মধ্যে পুনা সার্বজনিক সভাও নতুন সংগঠন-গুলির পাশাপাশি বেশ কিছু জাতীয়তাবাদী সংবাদপত্রের প্রকাশনা শুরু হয়েছিল— দি হিন্দু, ট্রিবিউন, বেঙ্গলি, মারাঠা এবং কেশরী। বাংলা ভাষায় অমৃতবাজার পত্রিকা আগেই প্রকাশিত হচ্ছিল। ১৮৭৮ সালের সংবাদপত্রের নিষেধাজ্ঞা আইন কার্যকরী হলে অমৃতবাজার রাতারাতি ইংরেজী পত্রিকায় রূপান্তরিত হয়। এই রূপান্তর ও নতুন সাহসী রাজনীতির প্রকাশভঙ্গী বলে মনে করতে হবে।

সর্বভারতীয় রাজনৈতিক সংগঠনের প্রয়োজনীয়তাও ক্রমশঃ বাড়ছিল। উনিশ শতকের সত্তরের দশকে লর্ড লিটনের সময়কালে পরপর কতগুলি ঘটনা ভারতীয় রাজনীতির তীব্রতা বাড়িয়ে দেয়, গতিও দ্রুততর হয়। অস্ত্র আইন, সংবাদ পত্রের ওপর নিষেধাজ্ঞা, দ্বিতীয় আফগান অভিযান উপলক্ষে বিশাল অর্থব্যয়, যা সেই সময়ের দুর্ভিক্ষের পরিপ্রেক্ষিতে অনাবশ্যিক এবং নিষ্ফল বলে প্রতিটি সচেতন ভারতীয়র মনে হয়েছিল। এইসব ঘটনা এবং আশির দশকের চা বাগান সংক্রান্ত আইনগুলি, ও ইলবার্ট বিল উপলক্ষ করে ইউরোপীয় সমাজের প্রতিরোধ, ইত্যাদি প্রতিক্রিয়াশীল ব্যবস্থাগুলি জাতীয় চেতনাকে সংহত ও তীব্রতর করেছিল। বুদ্ধিজীবীরা একটি সর্বভারতীয় মঞ্চ ও সংগঠনের কথা ভাবছিলেন।

ইংরেজ ঔপনিবেশিক চিন্তাভাবনায় ভারতীয় জাতির কোন অস্তিত্ব ছিল না। তাদের কাছে ভারতবর্ষ একটি ভৌগোলিক উপাখ্যান মাত্র, নানা গোষ্ঠী, নানা জাতির বসবাসের একটি বৃহৎ ক্ষেত্র বিশেষ। রিসলি (H.H. Risley Census Commissioner এবং ethnologist) তার পিপল অফ ইন্ডিয়া (Herbert Risley, The people of India London 1915) ভারতীয়দের এ ভাবেই মনে করেছিলেন। তার মনে বহিরাগত শক, কুযান, আরব, মোগল এই সব বহিরাগত বিদেশীরা এদেশের আদি মানুষদের সঙ্গে মিশ্রণের ফলে তাদের শক্তি এবং বৈশিষ্ট্য হারিয়ে ফেলে দুর্বল এবং নির্জীব হয়ে যায়। এমন কি রিসলির মতে ভারতীয়দের দুভাগে ভাগ করা যায়, সবল এবং পুরুষোচিত গুণ ও শক্তি সমন্বিত পাঞ্জাবী, পাঠান ও অন্যান্য উত্তর পশ্চিম অঞ্চলের বাসিন্দারা এবং নারীজনোচিত কমনীয়, দুর্বল এবং ভীরা বাঙালী এবং অন্যান্যরা। এভাবে ভারতীয়দের কয়েকটি কাঠামোর মধ্যে আটকে দেওয়ার যে প্রবণতা তৈরী হল, তার প্রতিবাদেই সম্ভবত শরীর চালনা ও ব্যায়ামচর্চার প্রাবল্য দেখা গেল। সুস্থ সবল শরীর এবং নির্ভীক সাহসী মনের তরুণ ভারতীয় তৈরী হবে যারা ইংরেজ শাসনের মুখোমুখি হতে পারবে— এমন ধারণা থেকে নতুন ধরনের সংগঠন তৈরী হচ্ছিল। এরকম উদ্দেশ্য নিয়ে ১৮৮৫ সালে শুধুমাত্র ইউরোপীয়ানদের জন্য সংরক্ষিত ভলান্টিয়ার্স কোরে Volunteers Corpe ভারতীয়দের অন্তর্ভুক্তি করার জন্য জোরদার আন্দোলন হয়েছিল।

১৮৮৫ সালের ২৫শে ডিসেম্বর, বোম্বেতে জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা হল। সর্ববিধ ব্যবধান ও প্রভেদ সত্ত্বেও রিসলির বক্তব্যকে অতিক্রম করে ভারতীয় জাতীয়তাবাদ পরিণত হওয়ার মুহূর্তে পৌঁছেছে এমন তত্ত্ব পাওয়া গেল, বালগঙ্গাধর তিলক এবং সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের লেখায়। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

লিখলেন A Nation in Making। জাতীয় কংগ্রেস, সদ্য গঠিত জাতীয়তার মঞ্চ এবং মুখপত্র একাধারে দুই। উমেশ চন্দ্র ব্যানার্জীকে জিজ্ঞেস করা হলে তিনি বলেছিলেন সর্বভারতীয় ঐক্য এবং জাতীয় চেতনার উদ্বেক করাই হল জাতীয় কংগ্রেসের উদ্দেশ্য। একই সঙ্গে সকল রকম ধর্মীয় এবং সাম্প্রদায়িক বিভাজন ও ব্যবস্থা দূরে সরিয়ে জাতীয় কংগ্রেসকে পুরোপুরি একটি ধর্মনিরপেক্ষ জাতীয় রাজনৈতিক প্রতিষ্ঠান হিসেবে তুলে ধরার প্রয়াস নেওয়া হয়েছিল। উত্তর আমেরিকার ইতিহাস থেকে কিছু মানুষের সমাবেশ এই অর্থে জাতীয় কংগ্রেসের ধারণা নেওয়া হয়েছিল। কংগ্রেসের প্রাথমিক উদ্দেশ্য ছিল সাধারণ মানুষকে রাজনৈতিক চিন্তা ভাবনায় সচেতন করা। বিক্ষোভ, অসন্তোষ এবং দাবীগুলিকে একটি সংগঠিত চেহারা উপস্থাপন করা এবং বক্তৃতা, লেখাপত্র, সাংবাদিকতার মধ্য দিয়ে সাধারণ মানুষকে পরিস্থিতি সম্বন্ধে পরিচিত করা। কংগ্রেসের অধিবেশনগুলি পার্লামেন্টের মত কাজ করত। আলোচনা, বিতর্ক এবং ভোটগ্রহণের মধ্য দিয়ে সভার কাজ চালনা করা হত।

প্রথম থেকেই কংগ্রেস ছিল একটি আন্দোলন, কোন দল নয়। অক্টোব্রিয়ান হিউমকে প্রতিষ্ঠাতার ভূমিকায় প্রয়োজন ছিল এই কারণে, যে হিউমের মত একজন প্রাক্তন উচ্চপদস্থ ইংরেজ কর্মচারীর প্রয়োজন ছিল, না হলে এই আন্দোলন প্রথমেই চেপে দেওয়া হত—হিউম সম্পর্কে গোখলের এই অভিমত যথার্থ (W. Wedderburn, Aurn Octavian Hume, PP 63-64, Bipan Chandra and others India is struggle for Independence, P 81)। হিউম এবং অন্যান্য উদারনৈতিক ইংরেজদের উপস্থিতিতে ইংরেজরা কংগ্রেস আন্দোলনকে একটি সীমাবদ্ধ এবং নিরাপদ পরিস্থিতিতে দেখতে চেয়েছিলেন। কংগ্রেস উগ্র এবং অনিয়ন্ত্রিত যাতে না হয়, এবং হিউম কংগ্রেসকে নিরাপদে নিয়ন্ত্রণে রাখবেন, ইংরেজ সরকার যেমন ভাবলেন, তেমনি কংগ্রেসের আদি নেতারা হিউমকে দেখলেন, অগ্নিসংযোগকারী বা উত্তাপ পরিবাহী হিসাবে। অর্থাৎ হিউম এ ধরনের সংগঠনের প্রতিষ্ঠা করে ভবিষ্যতের আন্দোলনের সম্ভাবনা তৈরী করে দিলেন একথা সমসাময়িক নেতারা মনে করেছিলেন।

৪.২.১ সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক পটভূমি

সংগ্রামী জাতীয়তাবাদ গড়ে ওঠার পেছনে কংগ্রেসের প্রথম দিকের কাজকর্মের একটা বড় ভূমিকা ছিল। এছাড়া, দ্রুত পরিবর্তিত, উনিশ শতকের শেষের দুই দশকের সামাজিক প্রেক্ষাপট ও অর্থনৈতিক পরিস্থিতিও সংগ্রামী জাতীয়তাবাদের চিন্তাভাবনা ও আদর্শ গড়ে ওঠার জন্য দায়ী ছিল। ঔপনিবেশিক পরিস্থিতিতে রাজনৈতিক সচেতনতা এবং জাতীয়তাবাদ কেমন চেহারা নেবে, সে বিষয়ে প্রথম দিকের কংগ্রেস নেতাদের কোন স্পষ্ট ধারণা তৈরী হয়নি, তাঁদের সামনে কোন পূর্ব নির্দিষ্ট আদর্শ বা দৃষ্টান্তও ছিল না। ঔপনিবেশিকতাকে মুখ্য প্রতিপক্ষ মনে করে এবং নিজেদের সেই প্রতিপক্ষের বিরুদ্ধে একজোট হওয়া একটি জাতি, এই সংজ্ঞা তৈরী করা আবশ্যিকীয় ছিল। ব্রিটেনের শাসন কি ভারতের মঙ্গলের জন্যই? ইংরেজ শাসকপক্ষ এবং ভারতীয় প্রজাবর্গের স্বার্থ কি এক? না কি এর মধ্যে কোন বিরোধ থাকছে?

বিরোধ কি শুধু ভারতের ইংরেজ শাসকেরদের সঙ্গে না কি ব্রিটিশ শক্তির সঙ্গে, কিংবা বৃহত্তর ঔপনিবেশিক ব্যবস্থার সঙ্গে? ভারতীয়রা ব্রিটিশ সাম্রাজ্যের সঙ্গে লড়াই এ পারবে? আর সেই লড়াই কি ভাবে হবে। এই সব নানা প্রশ্নের উত্তর খোঁজাই প্রথম দিকের নেতাদের কাজ ছিল। উত্তরের সন্ধানের মধ্যে ভুল ত্রুটি হয়েছিল। তবুও মনে রাখতে হবে কংগ্রেসের প্রথম নেতারা সত্যের অনুসন্ধান ব্যাপ্ত ছিলেন। সেই সত্য হল জাতীয়তাবাদের স্বরূপ নির্ণয় করা। কোন গণআন্দোলন কংগ্রেসের নেতারা তৈরী করতে পারেননি। কিন্তু ঔপনিবেশিকতার বিরুদ্ধে মতাদর্শের লড়াই তারা শুরু করেন। একটি পথ তৈরী হয়, এবং সেই পথের যাত্রাও তাঁরা শুরু করে দেন।

সামাজিক/সাংস্কৃতিক পটভূমি :

একদিকে ঔপনিবেশিক সংস্কৃতির দ্রুত প্রসার অন্যদিকে ইংরেজ শাসকেরদের উন্নাসিক মনোভাব একটি বিরুদ্ধ প্রতিক্রিয়া তৈরী করেছিল। দেশীয় সংস্কৃতিকে তুলে ধরার একটা সচেষ্ঠ প্রয়াস প্রায় গোড়া থেকেই শুরু হয়েছিল। ঔপনিবেশিক সাংস্কৃতিক প্রক্রিয়া ও প্রভাবের বিরুদ্ধে দেশজ সংস্কৃতি, ধর্ম, ভাষার গুরুত্ব এবং প্রাধান্য প্রতিষ্ঠার একটি সমান্তরাল ধারাও একই সঙ্গে কাজ করছিল। রাজনৈতিক চেতনা ও আন্দোলনগুলির অগ্রসরতার সঙ্গে দেশজ সংস্কৃতির আবেগ সঞ্চালিত আন্দোলনের কিন্তু তাল মেলেনি। ভারতীয় ধর্ম ও দেশজ সংস্কৃতির প্রতি আনুগত্য থেকে, বিদেশী শাসনের সর্বগ্রাসী প্রভাবের বাইরে একটি সাংস্কৃতিক অস্তিত্ব খুঁজে নেওয়ার প্রচেষ্টা শুরু হয়। এই প্রচেষ্টা অনেক সময় ভিন্নতা এবং রক্ষণশীল দৃষ্টিভঙ্গি তৈরী করছিল। কিন্তু অন্যভাবে দেখলে দেশীয় সংস্কৃতি, ঐতিহ্য ও দেশাচারকে আঁকড়ে, ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে আরেক ধরনের প্রতিবাদ ও প্রতিরোধ আন্দোলনের ভূমিকাও তৈরী হচ্ছিল। ধর্মশাস্ত্রগুলির ভারতীয় ভাষায় অনুবাদ, অথবা বর্ণাশ্রম প্রথার আদর্শগত ব্যাখ্যা ভারতীয় ইতিহাসের গৌরবময় অধ্যায়গুলির দিকে ফিরে তাকানো, কিছু ঐতিহাসিক চরিত্রগুলির সাহসিকতা, আত্মত্যাগ, বীরত্বের দৃষ্টান্ত হিসেবে দেখা, এই সবের মধ্য দিয়ে সম্পূর্ণ দেশীয় একটি সাংস্কৃতিক ধারার অনুসরণ, পরবর্তী সংগ্রামী জাতীয় আন্দোলনের সাংস্কৃতিক পরিমণ্ডল তৈরী করে দেয়।

অর্থনৈতিক পটভূমি :

জাতীয় কংগ্রেসের প্রথম নেতারা ঔপনিবেশিক শাসনের অর্থনৈতিক ব্যাখ্যা ও সমালোচনাও তৈরী করে ছিলেন। প্রথম দিকে ভাবা হয়েছিল ইংরেজ শাসনের ফলে ভারতবর্ষ যথার্থ আধুনিক হবে। বিজ্ঞান ও প্রযুক্তি প্রয়োগে ভারতবর্ষীয় অর্থনীতিও উন্নত ও অগ্রসর হবে। মোহমুক্তি ঘটল ১৮৬০ এর পর থেকে। এই সময় থেকেই ঔপনিবেশিক শাসনের অর্থনৈতিক শোষণের চেহারাটি প্রকাশ্য হয়ে ওঠে। ১৮৫৭ সালের মহাবিদ্রোহের আগের দিনগুলিতে যে ভাবে ভারতীয় শিল্প বাণিজ্যকে ভেঙ্গে ফেলা হয়েছিল তার পরিচয় ক্রমশঃ স্পষ্ট হয়ে উঠেছিল। প্রযুক্তি ও বিজ্ঞানের অবতারণা হয়েছিল ইংরেজ ঔপনিবেশিক শাসনের সুবিধার জন্য—একথা প্রাকমহাবিদ্রোহ সময়ের মানুষেরা সঠিক বুঝেছিলেন। হয়ত ঔপনিবেশিক শাসনের প্রতিক্রিয়াটি তারা সঠিক নির্ধারণ করতে পারেন নি, কিন্তু অনুভবে তা উপলব্ধ হয়েছিল। সেই অনুভূতি থেকে

মহাবিদ্রোহের সময়ে কৃষক, কারিগর তালুকদের জোট সম্ভব হয়। পাশ্চাত্য শিক্ষিত বুদ্ধিজীবী শ্রেণী তখনও ব্রিটিশ শাসনের ঘোরে আচ্ছন্ন ও কৃতজ্ঞতায় আশ্রিত। মহাবিদ্রোহের পরবর্তী সময়ে ঘোর কাটতে শুরু করে।

দাদাভাই নৌরজী প্রথম ভারতবর্ষের ক্রমবর্ধমান দারিদ্র্য ও রিজ্ঞতার কথা বললেন। রমেশচন্দ্র দত্ত বললেন ইংরেজ ঔপনিবেশিক শাসনই ভারতবর্ষের দারিদ্র্য ও অর্থনৈতিক অবনতির কারণ। ব্রিটিশ সাম্রাজ্যবাদের মূল উদ্দেশ্য হল, ভারতীয় অর্থনীতিকে সম্পূর্ণ দখলে রাখা, মহাদেব গোবিন্দ রানাডে, সুব্রহ্মণ্য আয়ার, গোপালকৃষ্ণ গোখলে প্রমুখ নেতারা এবং অন্যান্য বুদ্ধিজীবীরা। এই সিদ্ধান্তে পৌঁছেছিলেন। বিদেশী পুঁজি ভারতীয় সম্পদের নির্গমন এবং অর্থনীতির অবক্ষয় ঘটিয়েছে, এ কথা বললেন গোপালকৃষ্ণ গোখলে। ভারতীয় কারিগরি শিল্পের ধ্বংস এদের উদ্দিগ্ন করেছিল। রেলপথের সম্প্রসারণ, তারা ঔপনিবেশিক দখলের সম্প্রসারণ বলে মনে করলেন। ভারতবর্ষের সম্পদের হস্তান্তর এবং নির্গমন এদের প্রধান আলোচনার বিষয় ছিল। নির্গমন তত্ত্বের প্রধান বক্তা ছিলেন দাদাভাই নৌরোজী। ব্রিটিশ চেম্বার অফ কমার্সই ভারতবর্ষে ইংরেজদের রাজনীতি নির্ধারণ করছে, বললেন সচ্চিদানন্দ সিনহা।

অর্থনৈতিক অবক্ষয়ের সর্বাস্ত্রীন চেহারাটি পরিষ্কার করে তুলে ধরে, এবং গবেষণা ও অনুসন্ধানের মাধ্যমে সঠিক কারণ হিসেবে ঔপনিবেশিকতাকে দায়ী করেছিলেন, কংগ্রেসের প্রথম যুগের নেতারা। জাতীয় সচেতনতার ক্ষেত্রে এই অনুসন্ধান এবং সিদ্ধান্তের একটা বড় ভূমিকা ছিল। পরবর্তীকালের সংগ্রামী জাতীয়তা বাদের মূলে বড় কারণ ছিল ইংরেজ শাসকদের যথেষ্টাচার। অর্থনৈতিক যথেষ্টাচারের চেহারাটা তাদের সামনে স্পষ্ট করে তুলে ধরেছিলেন, কংগ্রেসের প্রথম পর্বের নেতারা।

৪.২.২ সংবাদ ও সাময়িক পত্রের ভূমিকা

জাতীয় চেতনার প্রকাশের মাধ্যম ছিল সংবাদপত্র। রাজনৈতিক সচেতনতা গড়ে তোলা এবং জাতীয়তা বোধ প্রচারের ক্ষেত্রেও সংবাদপত্রের বড় ভূমিকা ছিল। কংগ্রেস অধিবেশনের কার্য বিবরণী, প্রস্তাব এবং সিদ্ধান্তগুলিও প্রকাশিত হত সংবাদপত্রে। এইভাবে সংবাদপত্র, কংগ্রেসের কার্যাবলী এবং অন্যান্য রাজনৈতিক ঘটনা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিত। তাছাড়া নির্ভীক সাংবাদিকতা ও জোরালো বক্তব্যের জন্য বেশ কিছু সংবাদপত্রের খ্যাতি ছড়িয়ে পড়েছিল। পি. সুব্রহ্মণ্য আয়ারের পরিচালনায় হিন্দু, বালগঙ্গাধর তিলকের, 'কেশরী' এবং 'মারাঠা' সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের 'বেঙ্গলি', শিশির কুমার ঘোষ এবং মতিলাল ঘোষের 'অমৃতবাজার পত্রিকা' পঞ্জাব থেকে প্রকাশিত 'আখবরি আম', বোম্বাইতে প্রকাশিত 'ইন্দু প্রকাশ', বাংলার 'সোমপ্রকাশ' ইত্যাদি কাগজগুলির সঙ্গে বুদ্ধিজীবীরা কোন না কোন ভাবে যুক্ত থাকতেন। তাদের চিন্তাভাবনার প্রকাশ ঘটত এই খবরের কাগজগুলির পাতায়। সংবাদপত্রগুলির আরও একটি উল্লেখযোগ্য ভূমিকা ছিল, শহরে প্রকাশিত হয়ে এগুলি পৌঁছে যেত গ্রামাঞ্চলে। এভাবে শহরের মানুষ এবং গ্রামের মানুষ, একই রাজনৈতিক ঘটনার বিবরণে একই সঙ্গে আন্দোলিত হতেন। যাবতীয় রাজনৈতিক আলোড়ন ও বিতর্কগুলি

খবরের কাগজের পাতাতেই হত। শুধু ভারতীয় ভাষাতেই নয়, ইংরেজী ভাষাতেও খবরের কাগজগুলি কখনও সোজাসুজি, আবার কখনও তীর্যকভাবে ইংরেজ সরকারকে আক্রমণ করত, সরকারী নীতির সমালোচনাও করত।

এইভাবে সংবাদপত্রগুলি রাজনৈতিক সামগ্রিকতা তৈরী করেছিল। তাছাড়া রাজনৈতিক পরিবেশের পরিবর্তন, এবং মতবাদের পরিবর্তনও খবরের কাগজের মাধ্যমে প্রতিষ্ঠিত হচ্ছিল। সংগ্রামী জাতীয়তাবাদের মতাদর্শ প্রথম দফায় বিশেষ কিছু খবরের কাগজের লেখালেখিতেই ক্রমশঃ পরিস্ফুট হয়।

১৮৮১ সালে বালগঙ্গাধর তিলক দুটি কাগজ বার করেন। মারাঠা প্রকাশিত হয় ইংরেজিতে, কেশরী মারাঠি ভাষায়। ১৮৯৩ সালে তিলক, গণপতি উৎসব এবং ১৮৯৬ সালে শিবাজী উৎসব শুরু করলেন। মারাঠি সংস্কৃতি, আচরণীয়, ধর্ম ও ঐতিহ্যের মূলে ফিরে গিয়ে তারই ভিত্তিতে জাতীয় সচেতনতা গড়ে তোলাই তিলকের উদ্দেশ্য ছিল। শিবাজীকে মহারাষ্ট্রের জাতীয় বীর হিসাবে পরিচিত করে মারাঠা বীর হিসেবে পরিচিত করা, মারাঠা ইতিহাসের অতীত গৌরব ও মহিমা প্রচার করা এবং তরুণ মারাঠীদের উদ্বুদ্ধ করাও তিলকের লক্ষ্য ছিল। এভাবে স্বদেশের মাটিতে স্বদেশের অতীত থেকে অনুপ্রেরণা নিয়ে স্বাদেশিকতার ভাবনা তৈরী করেছিলেন তিলক। একই সঙ্গে কৃষক, কারিগর, শ্রমিকদের জাতীয় আন্দোলনের মূল ধারার অন্তর্গত করার কথা তিলকই সর্বপ্রথম ভেবেছিলেন। ১৮৯৬-৯৭ সালে পুনাতে সার্বজনিক সভার তরুণ সদস্যদের নিয়ে তিলক No tax আন্দোলন শুরু করলেন। দুর্ভিক্ষ পীড়িত মহারাষ্ট্রের কৃষকদের তিলক বললেন অজন্মার সময় তারা যেন কোনমতেই কর না দেয়। ১৮৯৭ সালে পুনাতে প্লেগ মহামারী হয়ে ছড়িয়ে পড়ে। তার নিজস্ব সংগঠনের মাধ্যমে তিনি প্লেগ নিরোধের কাজে যুক্ত হন। কিন্তু ইংরেজ সরকারের প্লেগে আক্রান্ত রোগীদের প্রতি সহানুভূতিহীন, হৃদয়হীন নির্বিকার মনোভাব ও ব্যবস্থার তীব্র প্রতিবাদ ও সমালোচনাও তিনি করেছিলেন। প্লেগরোগ যাতে ছড়িয়ে না পড়ে, সেই উপলক্ষ্যে সরকারের ব্যবস্থাকে কার্যকরী করার জন্য যে সব সরকারী কর্মচারী নিয়োগ করা হয়েছিল তাদের উন্নাসিক ব্যবহারে এবং অমানবিক আচরণে সাধারণ মানুষের ক্ষোভ ও বিদ্বেষ ক্রমশই বাড়তেই থাকে। ১৮৯৮ সালের ২৭শে জুন পুনা প্লেগ কমিটির চেয়ারম্যান র্যান্ড (Rand) এবং লেফটেন্যান্ট আর্মাস্টকে হত্যা করলেন চাপেকর, দুই ভাই। আয়ার্স্ট এবং র্যান্ডের হত্যাকাণ্ড, সাধারণ মানুষের পুঞ্জীভূত ক্ষোভ ও বিদ্বেষের বহিঃপ্রকাশ বলে মনে করা হল। চাপেকর ভাইদের এই কাজকে আমরা বৈপ্লবিক সংগ্রামী জাতীয়তাবাদের সূচনা বলে মনে করতে পারি।

৪.২.৩ সংগ্রামী জাতীয়তাবাদ এবং সশস্ত্র বিপ্লব

সংগঠন ও প্রতিবাদ আন্দোলন :

১৮৯৪ থেকেই মহারাষ্ট্রে, সরকারের মুদ্রা tariff এবং দুর্ভিক্ষ সংক্রান্ত নীতিগুলি এবং তার বিলিবিবস্থা সাধারণ মানুষের ভালো লাগেনি। জাতীয় নেতাদের একাংশের মধ্যে প্রতিবাদী এবং লড়াইয়ের মনোভাব

স্পষ্ট হয়ে উঠেছিল। সংবাদপত্রের কলমে, ইংরেজ সরকারের সমালোচনা তীব্রতর হচ্ছিল। এরই মধ্যে বালগঙ্গাধর তিলক সর্বজনপ্রিয় নেতা হিসেবে যেমন প্রতিষ্ঠিত হচ্ছিলেন, তেমনি ইংরেজ সরকারের সন্দেহও তার সম্বন্ধে বেড়ে যাচ্ছিল। র্যাগু এবং আয়ার্স্টের হত্যাকাণ্ড একটি ষড়যন্ত্র মনে করে এবং চাপেকর ভাইদের সঙ্গেঘগ তিলকের যোগাযোগ রয়েছে কিনা, তার অনুসন্ধান শুরু হল। ‘কেশরী’ পত্রিকায় তিলক তার সরকারের বিরুদ্ধে সমালোচনা বন্ধ করেন নি। কেশরী পত্রিকায় শিবাজীর উক্তি নামে একটি কবিতা প্রকাশিত হয়। কবিতাটিতে বর্ণিত শিবাজীর আফজল খানের হত্যার সমর্থনের মধ্যে ইংরেজ সরকার, ইউরোপীয়ান কর্মচারীদের হত্যার উসকানির ছায়া দেখল। ফলে বোম্বে লেজিস লেটিভ কাউন্সিলের সদস্য হওয়া সত্ত্বেও তিলকের ১৮ মাস সশ্রম কারাদণ্ডের আদেশ হল।

ভারতবর্ষে সংগ্রামী জাতীয়তাবাদ এবং বিপ্লবী রাজনীতির সূত্রপাত, বালগঙ্গাধর তিলকের গ্রেপ্তারি পরোয়ানা এবং কারাদণ্ডের ঘটনার মধ্যে দিয়ে হয়েছিল একথা বলা যেতে পারে। যদিও সশস্ত্র সংগ্রামী জাতীয়তাবাদ পরিণত রূপে শুরু হয়েছিল ১৯০৫ সালের বাংলা বিভাজন এবং নরমপস্থা ও চরমপস্থা এই দুই শিবিরে কংগ্রেসের ভাগ হয়ে যাওয়ার পর থেকে।

চরমপন্থী নেতাদের চিন্তাভাবনার এবং অনুভবের তীব্রতা থেকেই কিন্তু সংগ্রামী জাতীয়তাবাদের জন্ম। চরমপন্থী নেতাদের তরুণতর যারা, তাঁরাই ক্রমশঃ অস্ত্রের শাসনের বিরুদ্ধে অস্ত্রের লড়াইতে বিশ্বাসী হয়ে উঠছিলেন।

সংগঠন :

উনিশ শতকের সত্তরের দশক থেকেই বিপ্লবী চিন্তার সূচনা হয়। এই সময় বাংলা এবং মহারাষ্ট্রে বেশ কতগুলি গুপ্ত সমিতি গড়ে উঠেছিল। ১৮৭৬ সালে রাজনারায়ণ বসু এবং জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ‘সঞ্জীবনী’ সভা তৈরী করেন। ১৮৭৭ সালে তৈরী হয় কলকাতার হিন্দুস্তান ইউনিয়ন। ১৮৭৬ সালে শিবনাথ শাস্ত্রী ব্রাহ্ম যুবকদের নিয়ে ‘ঘননিবিন্ট মণ্ডলী’ গঠন করলেন। এই সমিতির বক্তব্য ছিল স্বরাজ শাসনই একমাত্র বিধাতা নির্দিষ্ট শাসন। ১৮৭২ সালে, মহারাষ্ট্রে প্রথম গুপ্ত সমিতি গড়ে তুললেন বাসুদেও বলবন্ত ফাড়কে। এই সমিতিতে মারাঠা তরুণদের বিপ্লবী চেতনায় উদ্বুদ্ধ করার কাজ নেওয়া হল। ১৮৯৫ সালে দামোদর চাপেকর এবং বালকৃষ্ণ চাপেকর এমন একটি সংগঠন তৈরী করলেন যেখানে তরুণদের অস্ত্র শিক্ষা দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়। র্যাগু এবং আয়ার্স্টের হত্যা পরিকল্পনার জন্য এই দুই চাপেকর ভাই এর ফাঁসি হয়। সম্ভবত চাপেকর ভাই রাই মহাবিদ্রোহের পরবর্তী সময়ে প্রথম অস্ত্রের মাধ্যমে অত্যাচারী শাসনের অবসান ঘটালেন। সশস্ত্র জাতীয়তাবোধের ধারণাকে তারা প্রথম রূপ দিয়েছিলেন।

১৮৯৩ সালে অরবিন্দ ঘোষ নামে এক যুবক ইংল্যান্ডে পড়াশুনো শেষ করে ভারতবর্ষে ফিরে আসেন এবং বরোদায় কাজে যোগ দেন। অরবিন্দ প্রথম থেকেই কংগ্রেসের প্রথম যুগের নেতাদের রাজনীতি এবং কর্মপন্থার বিরোধী ছিলেন। অরবিন্দও গুপ্তসমিতি তৈরী করেছিলেন। মহারাষ্ট্রে, পুনাত্রে ঠাকুর সাহেবের

গুপ্তসমিতি ওয়ার্ধ্য 'বালসমাজ' এবং আৰ্যবান্ধব সমাজ', এছাড়া নাগপুর, বোম্বাই, বরোদা, লাহোর, হায়দ্রাবাদ এ সমস্ত জায়গাতে সৰ্বত্র গুপ্ত সমিতি গড়ে উঠেছিল। সশস্ত্র সংগ্রামী আন্দোলনের Blue Print এই গুপ্তসমিতিগুলিতে ক্রমশঃ স্পষ্ট হয়ে উঠেছিল।

বিশ শতকের গোড়ার দিকে বাংলাতেও নানা বিপ্লবী সংগঠন তৈরী হয়েছিল। ১৯০২ সালে অনুশীলন সমিতি স্থাপিত হয়। এই সমিতির প্রতিষ্ঠাতা ছিলেন ব্যারিস্টার প্রমথনাথ মিত্র ও সতীশচন্দ্র বসু। ১৯০৬ সালে ঢাকায় অনুশীলন সমিতি তৈরী করলেন পুলিন বিহারী দাস। যুগান্তর দল তৈরী হল ১৯০৬ সালে। রবীন্দ্রনাথের ভাগনি সরলাদেবী এবং বিবেকানন্দের শিষ্যা ভগিনী নিবেদিতাও এই সময়ের বাংলার বিপ্লবী রাজনীতির সঙ্গে যুক্ত হয়েছিলেন। নিবেদিতা ভারতবর্ষে আসার কিছুদিনের মধ্যেই বিপ্লবী প্রচেষ্টার সঙ্গে জড়িত হন। বিবেকানন্দের মৃত্যুর পর রামকৃষ্ণ মিশনের বাইরে থেকে নিবেদিতা রাজনৈতিক জগতে সক্রিয় অংশ নেন। নিবেদিতা সম্ভবত রাশিয়ান অনার্কিস্ট (Anarchist) নেতা পিটার ক্রোপটকিমের দ্বারা প্রভাবিত হয়েছিলেন। নিবেদিতার সঙ্গে অরবিন্দর দেখা হয় বরোদায়। অরবিন্দকে তিনি কলকাতার গুপ্তসমিতিগুলির খবর দেন। এছাড়া বাংলার গুপ্তসমিতিতে দুশ্চাপ্য ম্যাৎসিনির (Matzzim) আত্মজীবনী গ্রন্থ প্রকাশ করেন। স্বামী বিবেকানন্দের ছোট ভাই বাংলার প্রথম যুগের বিপ্লব প্রচেষ্টায় উদ্যোক্তাদের অন্যতম ভূপেন্দ্রনাথ দত্ত, নিবেদিতার প্রচার কার্য সম্বন্ধে বলেছিলেন ম্যাৎসিনির আত্মজীবনীর ছয় খণ্ডের প্রথম খণ্ডটি তিনি বৈপ্লবিক সমিতিতে প্রদান করেন.....এই পুস্তকের শেষে, গেরিলা যুদ্ধ কি প্রকারে করিতে হয় তৎ বিষয়ে একটি অধ্যায় আছে। ইহা টাইপ করিয়া চারিদিকে প্রেরিত হইত,.....এই যুদ্ধ পদ্ধতিই আমাদের লক্ষ্য ছিল।" (সুপ্রকাশ রায়, ভারতের বৈপ্লবিক সংগ্রামের ইতিহাস, প্রথম খণ্ড পৃ ১৪৯)।

জাপানি অধ্যাপক ওকাকুরা কিছুদিন বেলুড় মঠে বসবাস করেছিলেন। তার আইডিয়াল অফ দি ইস্ট (Ideal of the East) গ্রন্থে, ইওরোপিয়ান সাম্রাজ্যবাদের পদানত দক্ষিণ পূর্ব এশিয়ার মুক্তির কথা বলা হয়। ওকাকুরা, সুরেন্দ্রনাথ ঠাকুর, নিবেদিতা এবং হেমচন্দ্র মল্লিকের সঙ্গে একটি সংগঠন তৈরী করেছিলেন যার উদ্দেশ্য ছিল বাঙালী তরুণদের মনে বিপ্লবী চিন্তা ও চেতনা জাগিয়ে তোলা।

সরলাদেবী যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে মিলিত হন, এবং বিপ্লবী কাজকর্মের সঙ্গে সরাসরি যুক্ত থাকেন।

সাহিত্য, দর্শন, সমকালীন লেখক ও চিন্তাবিদদের প্রভাব :

উনিশশতকের বেশ কিছু চিন্তাবিদ এবং লেখক বৈপ্লবিক চিন্তাভাবনাকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রভাবিত করেছিলেন। এদের মধ্যে বঙ্কিমচন্দ্রের প্রভাব ছিল সব চাইতে বেশী। তাঁর আনন্দমঠ, দেবী চৌধুরাণী উপন্যাস বিপ্লবীদের স্বাধীন বাংলা এবং শক্তিমান বাঙালীর আদর্শ স্থাপন করেছিল এবং বিপ্লবীদের উদ্বুদ্ধ করেছিল। বিশেষ করে আনন্দমঠ উপন্যাসের 'বন্দেমাতরম' গানটি বিপ্লবীদের স্বদেশী সঙ্গীতের রূপ নেয়। 'বন্দে মাতরম' বিপ্লবীদের সংগ্রামী স্লোগানে পরিণত হয়েছিল। বঙ্কিমচন্দ্রের চিন্তা ভাবনায় স্বদেশ,

বৃহৎ ভারতের স্তর আকার নেয়নি। স্বদেশ বলতে তিনি বাংলা বুঝেছিলেন। কিন্তু আনন্দমঠ উপন্যাসে সন্ন্যাসী বিদ্রোহের কাহিনী উপস্থাপন করে, আঠারো শতকের ঐতিহাসিক সন্ন্যাসী বিদ্রোহকে সংগ্রামী বিপ্লবীদের সামনে ঐতিহাসিক আদর্শ হিসেবে তুলে ধরেছিলেন। ইস্ট ইন্ডিয়া কোম্পানির দুর্নীতি এবং অপশাসনের প্রত্যক্ষ ফলাফল ‘ছিয়াত্তরের মন্বন্তরের’ (১৭৭০) ভয়াবহ বিবরণ বিপ্লবীদের কাছে ঔপনিবেশিক শাসনের অর্থনৈতিক শোষণের দিকটিও তুলে ধরেছিল।

স্বামী বিবেকানন্দ বিপ্লবীদের কাছে অত্যন্ত শ্রদ্ধার মানুষ ছিলেন। ১৯০১ সালে বিবেকানন্দ ঢাকা শহরে যান। সেখানে পরবর্তীকালের বিপ্লবী নায়ক হেমচন্দ্র ঘোষ ও তার সহকর্মীরা তাঁর উপদেশ প্রার্থনা করেছিলেন। বিবেকানন্দ তাদের একটি কর্মীদল গঠন করতে বলেছিলেন। বিবেকানন্দ প্রাথমিক ভাবে হিন্দুভারতের ঐক্যসাধন এবং হিন্দুধর্মের প্রচারক হলেও কোন এক সময় সশস্ত্র বিপ্লবের কথাও চিন্তা করেছিলেন। বিপ্লবোদ্দেশ্যে আমি সমগ্র ভারত ঘুরিয়াছি। আমি কামান প্রস্তুত করিব.....কিন্তু ভারত পালিত হইয়াছে। এই জন্যই আমি একদল কর্মী চাই, যাহারা ব্রহ্মচারী হইয়া দেশের লোককে শিক্ষাদান করিয়া এই দেশকে পুনঃসঞ্জীবিত করিবেন (সুপ্রকাশ রায় পৃঃ ১৩১)।

স্বামী বিবেকানন্দ বাংলার শিক্ষিত হিন্দু যুবকদের শক্তি সাধনায় উদ্বুদ্ধ করেছিলেন। বিপ্লবীদের প্রেরণার উৎস ছিলেন তিনি। বিপ্লব সম্বন্ধে কোন স্পষ্ট ধারণা না থাকলেও বিবেকানন্দ বার বার, সাহস এবং শক্তি ধ্বংসের দেবতা কালীর উপাসনার কথা বলে বিপ্লবীদের অত্যাচারী ইংরেজদের বিরুদ্ধে লড়াই এ উজ্জীবিত করেন।

বঙ্কিমচন্দ্র এবং বিবেকানন্দ জন্মভূমিকে কালী এবং দুর্গা এই দুই মাতৃশক্তির সঙ্গে অভিন্ন করে দেন। কালী বা দুর্গা তাই প্রথম যুগের সংগ্রামী বিপ্লবীদের আরাধ্য দেবতা হয়েছিলেন। যেমন গণেশ দেবতাকে তিলক বিপ্লবীদের জাতীয় দেবতা বলে তুলে ধরতে চেয়েছিলেন মহারাষ্ট্রে। এই সময়কার অর্থাৎ প্রথম পর্বের সংগ্রামী বিপ্লব ছিল সম্পূর্ণভাবে হিন্দুত্বের আবেগে আচ্ছাদিত এবং সে কারণে সীমাবদ্ধ। ১৯০৫ সালে অরবিন্দ ঘোষের ‘ভবানীমন্দির’ প্রকাশিত হয়। দেবী ভবানী একাধারে দুর্গা এবং কালী আবার দেশমাতার প্রতীক। ভবানীদেবীর মন্দির বিপ্লবীদের গোপন সংগঠনের প্রতীক।

এভাবে প্রথম পর্বের সংগ্রামী বিপ্লবীরা জাতীয়তা থেকে ধর্ম বিশেষ করে হিন্দু ধর্মের সঙ্গে একীকরণ করেছিলেন।

সংগ্রামী জাতীয়তাবাদের ধারাটি কিন্তু কোন ঘটনা পরম্পরায় গড়ে ওঠেনি। পাশ্চাত্য শিক্ষা, পশ্চিমী উদারনৈতিক রাজনৈতিক দর্শনের প্রভাব এবং ইউরোপীয় বিপ্লবগুলির প্রভাবে যে মূল ধারার জাতীয়তা বাদ উচ্চশিক্ষিত বুদ্ধিজীবীদের প্রচেষ্টায় গড়ে উঠেছিল, এবং যার প্রকাশ ছিল বৈধতা ও নৈতিকতার দাবী ভিত্তিক সংসদীয় প্রথার বক্তৃতা, প্রতিবাদ মিটিং এবং আবেদনের রাজনীতিতে, তারই পাশাপাশি অন্তঃস্রোতের মত সংগ্রামী জাতীয়তাবাদের ধারাটিও বইছিল। সংগ্রামী জাতীয়তাবাদের প্রেরণা ছিল ভারতবর্ষীয় ইতিহাসের সভ্যতা ও সংস্কৃতি। প্রতাপ সিং, শিবাজী, এমনকি বাংলার বারোভুঁইএগণের অন্যান্য প্রতাপাদিত্যের মত

মধ্যযুগীয় চরিত্র। প্রাক মহাবিদ্রোহ সময়ের, সাওতাল কোল মুন্ডা, ওয়াহাবি ইত্যাদি একাধিক অভ্যুত্থানগুলি সশস্ত্র সংগ্রামের পটভূমি এবং অনিবার্য দিক নির্দেশ করেছিল। ১৮৫৭ সালের মহাবিদ্রোহ সশস্ত্র সংগ্রামী জাতীয়তাবাদের ইতিহাসের প্রথম অধ্যায় বলে মনে করা যেতে পারে। ১৮৫৭ সালের মহাবিদ্রোহকে ভারতবর্ষের প্রথম স্বাধীনতার যুদ্ধ বলে ঘোষণা করেছিলেন বিনায়ক দামোদর সাভারকর। বিপ্লবী ভাবনা চিন্তা এবং সশস্ত্র সংগ্রামী জাতীয়তাবাদের ধারাটি অতএব সমান্তরালভাবে পাশাপাশি কাজ করছিল। রণকৌশলও তৈরী হয়েছিল পাশাপাশি।

রাশিয়া এবং জাপান যুদ্ধে জাপানের জয় বিপ্লবীদের প্রবল ভাবে নাড়া দিয়েছিল। বিংশ শতকের গোড়ায় (১৯০৫) একটি প্রবল প্রতাপ ইউরোপীয় শক্তিকে এশিয়ার কোন দেশ পরাজিত করতে পারল, এই ঘটনা বিপ্লবীদের অনুপ্রাণিত করল। এর অল্পপরেই রাশিয়ার প্রথম বিপ্লবে ভারতবর্ষের অবসানও বিপ্লবীদের উৎসাহিত করে। অত্যাচারী শাসককে রণক্ষেত্রে পরাজিত করা সম্ভব, এই বাস্তব ঘটনা, ভারতীয় বিপ্লবীদের চেতনাকে উজ্জীবিত করল।

৪.২.৪ প্রথম পর্ব

সংগ্রামী জাতীয়তাবাদের সূচনা হয়েছিল উনিশশতকের শেষের দিকে। বিনায়ক দামোদর সাভারকর ও তাঁর দাদা গণেশ দামোদর সাভারকর ১৮৯৯ সালে 'মিত্রমেলা' নামে এক সমিতি স্থাপন করেন। ১৯০৪ সালে ইটালির ঐক্য আন্দোলনের অন্যতম নায়ক মাৎসিনির 'ইয়ং ইটালির' (Young Italy) অনুকরণে সাভারকর ভাইরা অভিনব নব্যভারত সংঘ প্রতিষ্ঠা করলেন। বিনায়ক সাভারকর শ্যামজী কৃষ্ণবর্মা বৃত্তি পেয়ে ইংল্যান্ড চলে যান। ১৯০৫ সালে শ্যামজী কৃষ্ণ বর্মা ছটি বৃত্তি ঘোষণা করেছিলেন। এই বৃত্তির উদ্দেশ্য ছিল, তরুণ ভারতীয়দের বিদেশে শিক্ষা এবং অভিজ্ঞতা সঞ্চয় করে ভারতবাসীর মধ্যে ঐক্য ও স্বাধীনতার আদর্শ প্রচার করা। বিনায়ক সাভারকর ইংল্যান্ডে চলে গেলেও, গণেশ সাভারকর বোম্বাই এবং পুনায় প্রতিটি কলেজে অভিনব সংঘের শাখা প্রতিষ্ঠা করেন। মাৎসিনির আত্মজীবনী মারাঠি ভাষায় অনুবাদ করে বিলি করারও ব্যবস্থা হয়েছিল।

সশস্ত্র বিপ্লবের প্রথম যুগের অন্যতম নায়ক ও প্রচারক হলেন বাসুদেব বলবন্ত ফাড়কে। ফাড়কে বিভিন্ন অনুন্নত উপজাতির মানুষদের নিয়ে একটি সক্রিয় বাহিনী তৈরী করেছিলেন। ডাক ও রেল চলাচল বিপর্যস্ত করা, জেলখানা ভেঙে বন্দীদের মুক্ত করা, শাসকদের মনে সন্ত্রম সৃষ্টি করা এবং সরকারী তোষাখানা লুট করা, এই সব তার পরিকল্পনা ও লক্ষ্য ছিল। কিন্তু বাসুদেব বলবন্তের প্রয়াস সফল হয়নি। তার পরিকল্পনা ফাঁস হয়ে যায় এবং পুলিশ তাকে গ্রেপ্তার করে। বিচারে ফাড়কের যাবজ্জীবন কারাদণ্ড হয়েছিল। জেলের ভেতরেই ক্ষয় রোগে আক্রান্ত হয়ে ফাড়কের মৃত্যু হয়।

উনিশ শতকের শেষের দিকে বৈধ নীতির সমর্থক কংগ্রেসের প্রথম দিকের নেতাদের জনপ্রিয়তা যেন ক্রমশ কমে যাচ্ছিল। অন্যদিকে বালগঙ্গাধর তিলক এবং তারই মতের নেতারা ব্রিটিশ সরকারের নীতি

ও কার্যকলাপের সমালোচনায় মুখর হয়ে উঠেছিলেন। কংগ্রেসের এ যাবৎ ঐক্যে ফাটল ধরছে দেখা গেল। তিলক এবং তার সমর্থকরা চরমপন্থী বলে পরিচিত হচ্ছিলেন। উত্তরোত্তর বিরোধের ফলে কংগ্রেসের দুই শিবিরে ভেঙ্গে যাওয়া ঘটল ১৯০৫ সালের বঙ্গভঙ্গ-এর পর। কিন্তু তার আগেই নরমপন্থী এবং চরমপন্থী এই দুই দলের মতপার্থক্য স্পষ্ট হয়ে গিয়েছিল।

১৯শে জুলাই ১৯০৫ গভর্নর জেনারেল কার্জন বাংলা বিভাজনের কথা ঘোষণা করলেন। আসাম এবং পূর্ববঙ্গ নিয়ে একটি প্রদেশ, এবং বাকি বাংলা, বিহার এবং উড়িষ্যার অংশ নিয়ে দ্বিতীয় প্রদেশ— কার্জনের বঙ্গভঙ্গের এই প্রস্তাব বলাবাহুল্য প্রতিবাদের প্রবল আলোড়ন তুলল। কার্জন অবশ্য বলেছিলেন যে বাংলা একটি বৃহৎ প্রদেশ, এবং একক কোন শাসন ব্যবস্থার পক্ষে বাংলা শাসন করা সম্ভব নয়। অর্থাৎ শুধু মাত্র শাসন কার্যের সুবিধার জন্য এই বিভাজন প্রয়োজন। কিন্তু স্বদেশী বুদ্ধিজীবীদের কাছে কার্জনের আসল উদ্দেশ্য স্পষ্ট হয়ে গিয়েছিল। তারা বুঝেছিলেন বাঙালী জনগণকে বিভক্ত করে জাতীয়তাবাদী আন্দোলনকে দুর্বল করাই ইংরেজ সরকারের উদ্দেশ্য। এছাড়া এযাবৎ হিন্দু মুসলমানের মধ্যে কোন বিরোধ ছিল না। হিন্দু মুসলমান সম্প্রীতি নষ্ট করে ঐক্যকে ভেঙ্গে দেওয়ার একটা গুঢ় উদ্দেশ্য ছিল। উচ্চবংশীয় আশরফ ‘সম্ভ্রান্ত’ মুসলিমদের তুষ্ট করা ইংরেজ সরকারের নতুন নীতি ছিল। সমগ্র পূর্ববঙ্গ ঘুরে কার্জন এই মর্মে বক্তৃতা দিলে, যে প্রস্তাবিত নতুন প্রদেশটিতে মুসলমানদের সংখ্যাধিক্য হবে। মুসলমান সম্প্রদায়ের মধ্যে দীর্ঘকাল ধরে, সরকারপক্ষের অবহেলাজনিত যে ক্ষোভ জমে ছিল, তার অবসান ঘটানোই ইংরেজ সরকারের নতুন নীতির লক্ষ্য হবে। ঢাকা শহরের লুপ্ত গৌরবকে নতুন করে উজ্জীবিত করার কথাও কার্জন বলেছিলেন।

বঙ্গভঙ্গ প্রস্তাব সরকারীভাবে ঘোষণার সঙ্গে সঙ্গে অভূতপূর্ব গণআন্দোলন শুরু হয় এবং অল্পসময়ের মধ্যেই দেশের অন্যত্র ছড়িয়ে যায়। ১৯০৫ সালের ৭ই আগস্ট কলকাতা শহরের একটি বিশাল জনসভায় জাতীয় নেতারা ব্রিটিশ পণ্য বয়কট বা বর্জন করার সিদ্ধান্ত নিলেন। ১৬ই অক্টোবর ১৯০৫ বঙ্গভঙ্গ কার্যকরী করা হয়। সেদিনটি জাতীয় শোকদিবস হিসেবে পালিত হল। বঙ্গভঙ্গ কেন্দ্র করে ভারতীয় স্বাধীনতার যথার্থ আন্দোলন শুরু হয়েছিল। আন্দোলনের প্রধান দুটি কার্যসূচী ছিল, বিদেশী পণ্য বর্জন, এবং স্বদেশী পণ্যের ব্যবহার— বয়কট এবং স্বদেশী।

বয়কট এবং স্বদেশী উপলক্ষ করে কংগ্রেসী নেতাদের মতবিরোধ দেখা দিল। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় আন্দোলনকে বিদেশী পণ্য বর্জনের মধ্যে সীমাবদ্ধ রেখে সারা ভারতবর্ষে ছড়িয়ে দিতে চাইলেন। অন্যদিকে গোখলের নেতৃত্বে অন্য নরমপন্থীরা প্রাথমিকভাবে বয়কট এবং স্বদেশীকে বাংলার ভেতরেই সীমাবদ্ধ রাখতে চেয়েছিলেন। বালগঙ্গাধর তিলক বিপিনচন্দ্র পাল নতুন সংগ্রামী নেতারা শুধু যে এটিকে সর্বভারতীয় আন্দোলনে পরিণত করতে চাইলেন তাই নয়, বয়কট বা বর্জনের ক্ষেত্রসীমা প্রসারিত করে শুধুমাত্র বিদেশী পণ্য নয় বিদেশী প্রতিষ্ঠানগুলির ক্ষেত্রেও প্রয়োগ করতে চাইলেন। তিলক এতদিনে তিনি লোকমান্য নামে খ্যাত হয়েছেন, পুনা, বোম্বাই এবং মহারাষ্ট্রের অন্যত্র স্বদেশী ও বয়কটের কথা ছাড়িয়ে দিয়েছিলেন। লাল

লাজপৎ রায় এবং অজিত সিং পাঞ্জাবের সর্বত্র স্বদেশীর বার্তা পৌঁছে দেন। সৈয়দ হায়দর রাজা দিল্লী আন্দোলনের নেতৃত্বে দেন। রাওয়ালপিন্ডি, কাংড়া, জম্মু, মুলতান এবং হরিদ্বার সর্বত্র স্বদেশী আন্দোলন ছড়িয়ে পড়ে। চিদাম্বরণ পিল্লাই মাদ্রাজ এবং তামিলনাড়ু অঞ্চলে স্বদেশী আন্দোলন শুরু করেছিলেন। বিপিনচন্দ্র পালের বক্তৃতা মাদ্রাজ স্বদেশী চিন্তাকে জোরদার করেছিল।

বাংলায় স্বদেশী আন্দোলনও তীব্র হয়ে উঠেছিল। স্বদেশী আবেগ অস্তঃপুরের মেয়েদেরও স্পর্শ করেছিল। প্রতিশ্রিয়াল কংগ্রেসের বরিশাল অধিবেশনে আবদুল রসুল সমস্ত ঘটনার যথাযথ ব্যাখ্যা করলেন এইভাবে ‘যা পঞ্চাশ বা একশো বছরেও হয়তো ঘটত না, তা ছ মাসেই ঘটে গেল।’ স্বাধীনতা আন্দোলনের পর্বও যেমন তৈরী হল, তেমনি তার গতিও দ্রুত হল। স্বদেশী শব্দের অর্থ নতুন এবং গভীর তাৎপর্য নিল। স্বদেশী গান, কবিতা, আগেও লেখা হয়েছে, এখন তা গভীরতর অর্থে ব্যাপকতর মাত্রায়, চেতনায় অনুভূত হল। রবীন্দ্রনাথ তার এই সময়কার লেখাপত্রে, গানে, কবিতায় স্বদেশী শব্দটিকে অনুভূতিময় করে তুললেন। সরলাদেবী, নিবেদিতা এরা প্রত্যেকেও স্বদেশী ভাবনা এবং কাজের সঙ্গে যুক্ত হয়েছিলেন। আরেকটি গ্রন্থ এই সময়ে বিশেষভাবে স্বদেশী চেতনা এবং আত্মশতির কথা বলেছিল, তা হল সখারাম গণেশ দেওস্করের ‘দেশের কথা।’ এই বইটিতে স্পষ্ট করে বলা হল, আত্মিক ও আর্থিক আত্মপ্রতিষ্ঠা স্বদেশী চেতনার বড় দিক। অতএব স্বদেশী শিল্প, স্বদেশী সংস্কৃতি ও জাতীয় শিক্ষার ওপর জোর দেওয়া হোক—একথাই বললেন সখারাম গণেশ দেওস্কর।

সখারাম গণেশ দেওস্কর প্রথম ‘স্বরাজ’ শব্দটি স্বাধীনতার প্রতিশব্দ হিসেবে ব্যবহার করেন। আর এই শব্দটিকে মেঘগর্জনের মত জাতীয় আন্দোলনের ক্ষেত্রে প্রকম্পিত করলেন বালগঙ্গাধর তিলক। স্বরাজ আমার জন্মগত অধিকার—তিলকের এই ঘোষণা জাতীয় আন্দোলনের চরিত্রই পালটে দিল। অরবিন্দ ঘোষ বন্দেমাতরম পত্রিকায় স্বরাজ অর্জনের আকাঙ্ক্ষাকে স্পষ্টতর করে তোলেন। দাদাভাই নৌরজি বললেন স্বরাজ হল ব্রিটিশ শাসন মুক্ত আত্মকর্তৃত্ব।

স্বদেশী আন্দোলনে যোগ দিয়েছিলেন তরুণ ছাত্র সমাজ। ইংরেজ সরকারের দমননীতির উৎপীড়ন পুরোটাই তাদের ওপর পড়েছিল। ১৯০৫ সালে আর ডব্লিউ, কার্লহিল (R.W. Carlyle) সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সার্কুলার পাঠান এই মর্মে যে স্বদেশী আন্দোলনে যোগদানকারী ছাত্রদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কার্লহিল সার্কুলারের বিরুদ্ধে প্রবল প্রতিবাদ শুরু হয়। পাশাপাশি জাতীয় শিক্ষাব্যবস্থা তৈরী করবার জন্য ডন (Dawn) সোসাইটির সতীশচন্দ্র মুখোপাধ্যায়, শচীন্দ্রনাথ বসু এবং কৃষ্ণকুমার মিত্র অ্যান্টি সার্কুলার সোসাইটি (Anti Circular Society) তৈরী করলেন। ১৯০৬ সালে জাতীয় শিক্ষা পরিষদ (National Council of Education) স্থাপিত হল। এই সঙ্গে ন্যাশনাল কলেজ তৈরী করেছিল। এই কলেজের অধ্যক্ষ পদে যোগ দিতে বরোদা থেকে বাংলায় এলেন অরবিন্দ ঘোষ। অরবিন্দ ঘোষের ‘কর্মযোগী’, ‘বন্দেমাতরম’, ভূপেন্দ্রনাথ দত্তের ‘যুগান্তর’ এবং ব্রহ্মবান্ধব উপাধ্যায়ের ‘সন্ধ্যা’ এই সমস্ত সমকালীন পত্রিকা গুলি স্বদেশী চেতনার তীব্রতর করেছিল। অন্যদিকে ‘মারাঠা’ এবং ‘কেশরী’ বিপ্লবী চেতনায় মারাঠি তরুণদের জাগিয়ে তুলল।

বঙ্গভঙ্গ আন্দোলন, স্বদেশী এবং বয়কট সংগ্রামী জাতীয়তাবাদের ভাবনা এবং পরিকল্পনাকে স্পষ্ট করে তুলেছিল, বঙ্গভঙ্গের ফলে যে রাজনৈতিক উত্তাপ তৈরী হয়েছিল, সেই উত্তাপ সংহত হয়ে বিস্ফোরণের মত সশস্ত্র বিপ্লবে পরিণত হল।

১৯০৭ সালে সুরাট অধিবেশনে স্বদেশী আন্দোলনের গতি এবং চরিত্র কেমন হবে এই প্রবল বিতর্কের মধ্যে নরমপন্থী এবং চরমপন্থীরা ভাগ হয়ে গেলেন। চরমপন্থীদের রাজনীতির মধ্য থেকেই সংগ্রামী সশস্ত্র জাতীয়তাবাদ শুরু হয়েছিল। এবং তার প্রথম সূচনা হয়েছিল মহারাষ্ট্রে। তিলকের ‘গণপতি উৎসব’ বা ‘শিবাজী উৎসব’ মারাঠি তরুণদের বিদেশী শাসনের বিরুদ্ধে প্রতিবাদী শুধু করে নি, পাশ্চাত্যের দিকে না তাকিয়ে, ভারতের অভ্যন্তরে জাতীয় ইতিহাসের দিকে নির্দেশিত করেছিল। প্রথম সশস্ত্র বিপ্লবী চাপেকর ভাইরা, দামোদর এবং বালকৃষ্ণ, অত্যাচারী ইংরেজ র্যাণ্ড (Rand) এবং আর্য়াস্ট (Eyrst) কে হত্যা করলেন। বিপ্লবী রাজনীতির সূত্রপাত সেখান থেকে। ফাড়কে, চাপেকর দুই ভাই এবং সাভারকর দুই ভাই বিপ্লবী সশস্ত্র আন্দোলন শুরু করেছিলেন উনিশ শতকের শেষের দিকে। বিশশতকের গোড়ার দিকে (১৯০৭) গণেশ সাভারকর গ্রেপ্তার হন ও তাকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। সাভারকরের যাবজ্জীবন কারাদণ্ডের ঘোষণার সঙ্গে সঙ্গেই ২১শে ডিসেম্বর ১৯০৯ সালে নাসিকের জেলা ম্যাজিস্ট্রেট নিহত হলেন বিপ্লবীদের হাতে। ১৯১০-১১ সালে নাসিক ষড়যন্ত্র মামলা শুরু হয়। বিচারে অনন্ত লক্ষ্মণ কানহেরে, বিনায়ক নারায়ণ দেশ পাণ্ডে এবং কৃষ্ণগোপাল কার্বের ফাঁসি হল। দামোদর বিনায়ক সাভারকরকেও ইংল্যান্ড থেকে বন্দী করে আন্দামানে যাবজ্জীবন দ্বীপান্তর পাঠানো হল।

একই সময়ে বাংলায় যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও বারীন্দ্রকুমার ঘোষ গোপনে তরুণ বিপ্লবীদের সংগঠিত করছিলেন। ১৯০২ সালের অনুশীলন সমিতি এবং ১৯০৬ সালের যুগান্তর গোষ্ঠী তরুণদের বিপ্লবী ষড়যন্ত্র এবং অস্ত্রচালনায় শিক্ষিত করতে থাকে। অরবিন্দর ‘ভবানী মন্দির’ পুস্তিকা এবং ব্রহ্মবান্ধব উপাধ্যায়ের সন্ধ্যা কাগজের লেখাগুলি তাদের অনুপ্রাণিত করেছিল। গুপ্ত সংগঠন গোপন পরিকল্পনা অনুযায়ী ঠিক হল অত্যাচারী ইংরেজকে নির্দিষ্ট করে, অতর্কিতভাবে তাকে হত্যা করে শাসকগোষ্ঠীর মনে সন্ত্রাস সৃষ্টি করা, এবং সেইভাবে ব্রিটিশ শাসনের ওপর চাপ তৈরী করা।

প্রথম পর্বের বিপ্লবীদের একটি প্রধান ক্রটি থেকে গিয়েছিল ইংরেজ সরকারের নিরন্তর বিরোধিতা এই কর্মপন্থা তারা চরমপন্থীদের কাছ থেকেই শিখেছিলেন। তিলক ছিলেন এ ব্যাপারে শিক্ষাগুরু। কিন্তু একটি আন্দোলন কেমন হবে, তা নিয়ে সঠিক ভাবনা চিন্তা হয়নি। একটি সংগঠিত সশস্ত্র গণআন্দোলন শুরু করা দুরূহ কাজ; সময় সাপেক্ষ তো বটেই। এর জন্য দরকার তৃণমূল পর্যায় থেকে সাধারণ মানুষকে রাজনৈতিক আদর্শে শিক্ষিত করা। এঁদের মধ্যে অনেকে গোপনে, এবং তলে তলে সৈন্য বাহিনীর মধ্যে বিপ্লবের সংগঠন কে ছড়িয়ে দিতে চাইছিলেন, যেমন হয়েছিল ১৮৫৭ সালের মহাবিদ্রোহের সময়। কিন্তু এও কঠিন কাজ ছিল। তবু ঠিক হল গণ আন্দোলন এবং সৈন্যবাহিনীর মধ্যে বিপ্লবী আদর্শ ছড়িয়ে দেওয়া— এই দুই উদ্দেশ্যই ভবিষ্যতের কর্মসূচী হবে। আপাতত সশস্ত্র বিপ্লবীরা আইরিশ জাতীয়তাবাদী এবং রাশিয়ান

নিহিলিস্টদের মত শাসকগোষ্ঠীকে সম্ভ্রাসের মাধ্যমে পরাস্ত করতে চাইলেন। সম্ভ্রাসের মূল লক্ষ্য হল অত্যাচারী, পীড়নকারী ইংরেজ উচ্চপদস্থ কর্মচারীদের হত্যা করা। একই সঙ্গে সাধারণ মানুষের মনে শাসকের ক্ষমতা সম্বন্ধে যে ভয়, তা দূর করা এবং ভারতীয়দের সাহস শক্তি সম্বন্ধে ওয়াকিবহাল করা। হত্যাকারী বিপ্লবী ধরা পড়লে, তার বিচারকার্যকে সশস্ত্র বিপ্লবীদের প্রচার কার্যসূচী বলে মনে করা হবে ঠিক করা হল। প্রয়োজন ছিল মৃত্যুভয়হীন সাহসী এবং দেশপ্রেমিক তরুণ দল। খুব স্বাভাবিক ভাবে তৎকালীন সময়ের উত্তম আবহাওয়ার ভারতীয় তরুণদের বড় অংশ এই আদর্শে অনুপ্রাণিত হল, এবং বিপ্লবী দলে যোগ দিল। বীরত্বের স্বপ্ন ও উদ্দীপনাও তাদের উৎসাহিত করেছিল।

১৯০৫ সালের পর থেকেই বেশ কিছু পত্রপত্রিকা সশস্ত্র বিপ্লব আন্দোলনের পরিকল্পনাকে সরাসরি সমর্থন জানিয়েছিল। ফলে পরিবেশও তৈরী ছিল, এর আগে চাপেকর ভাইদের কথা এবং সাভারকর ভাইদের কথা, বাংলায় এসে পৌঁছেছে। ১৯০৭ সালে তৎকালীন বাংলার লেফটেন্যান্ট গভর্নরকে হত্যা করার প্রচেষ্টা ব্যর্থ হয়। ১৯০৮ সালের এপ্রিল মাসে মজফফরপুরে পীড়নকারী ম্যাজিস্ট্রেট কিংসফোর্ডকে হত্যার উদ্দেশ্যে একটি গাড়ীর ওপর বোমা ছোঁড়া হয়। কিন্তু সেই গাড়ীতে কিংসফোর্ড ছিলেন না। ছিলেন দুজন ইংরেজ মহিলা, যারা মারা গেলেন। বোমা ছুঁড়ে ছিলেন নিতান্ত তরুণ দুই ছেলে। এদের মধ্যে প্রফুল্ল চাকী আত্মহত্যা করলেন। অন্যজন ক্ষুদিরাম বসু ধরা পড়েন। বিচারে তাঁর ফাঁসি হয়। ক্ষুদিরামের বয়স ছিল মাত্র ষোল। ষোল বছরের বালকের এই সাহস, বীরত্ব, আত্মত্যাগ দেশবাসীকে উদ্বেলিত করল। ক্ষুদিরামের ফাঁসির দিন জাতীয় শোক দিবস হিসেবে পালন করা হয়েছিল। প্রফুল্ল চাকী এবং ক্ষুদিরাম জাতীয় বীর হিসেবে পরিচিত হলেন। এমন কি তাদের নিয়ে বিশেষ করে ক্ষুদিরামকে নিয়ে লোকসংগীত রচনা হয়েছিল এবং সারা দেশে এই লোকসংগীতের মাধ্যমে ক্ষুদিরামকে ঘিরে কিংবদন্তী তৈরী হয়ে গিয়েছিল। এভাবে সশস্ত্র বিপ্লবীদের প্রাথমিক উদ্দেশ্যের একটি অর্থাৎ সাধারণ মানুষকে নির্বিকার উদাসীন্য থেকে উজ্জীবিত করে দেশপ্রেমে এবং সমসাময়িক ঘটনাবলীতে সচেতন করার উদ্দেশ্য সফল হল।

বিশ শতকের প্রথম দুই শতকে সশস্ত্র বিপ্লবীদের সংগঠনগুলির কার্যধারা ছিল এই রকম— একদিকে নিপীড়ক ইংরেজ বা দেশীয় সরকারি কর্মচারীদের হত্যা, একই সঙ্গে দলের মধ্যে বিশ্বাসঘাতক বা খবর পাচারকারীদের নির্মূল করা; অন্যদিকে ডাকাতি করে অস্ত্র কেনার জন্য অর্থ সংগ্রহ করা। দ্বিতীয় কাজটি লোকমুখে, অল্প কিছুদিনের মধ্যেই স্বদেশী ডাকাতি হিসেবে পরিচিত হল।

১৯০৭-১৯০৮ সাল— এই বছরটাই ছিল স্বদেশী ডাকাতি এবং বিদেশী শাসকদের হত্যার মাধ্যমে বিপ্লবী তৎপরতার সময় সাল। পূর্ববঙ্গের গভর্নর র্যামফিল্ড ফুলার (Ramfield Fuller) এবং বাংলার লেফটেন্যান্ট গভর্নর অ্যান্ড্রু ফ্রেজারকে (Andrew Fraser) হত্যার চেষ্টা ব্যর্থ হয়। ১৯০৪ সালে কলকাতার মানিকতলায় মুরারিপুকুর অঞ্চলে এক বাগানবাড়ীতে একটি ধর্ম বিদ্যালয়ের আড়ালে বোমা তৈরীর কারখানা শুরু করেছিলেন অরবিন্দের ছোটভাই বারীন্দ্রকুমার ঘোষ। বিদ্যালয়ের দায়িত্ব নিয়েছিলেন উপেন্দ্রনা বন্দ্যোপাধ্যায়। বোমার তৈরীর দায়িত্ব পড়েছিল প্রেসিডেন্সি কলেজের রসায়নের ছাত্র উল্লাসকর দত্তের হাতে।

ইউরোপ থেকে বোমা তৈরীর কৌশল শিখে এসেছিলেন হেমচন্দ্র কানুনগো। ১১ই আগস্ট ১৯০৮ সালে মানিকতালার বাড়ী তল্লাসি করে পুলিশ, অরবিন্দ সহ ছত্রিশজনকে গ্রেপ্তার করে। কলকাতার আলিপুর কোর্টে এদের বিচারের মামলা শুরু হল। আলিপুর বোমার মামলা বা মানিকতলা বোমার মামলা চলাকালীন বেশ কয়েকজন পুলিশ কর্মচারী বিপ্লবীদের হাতে মারা গেলেন। মামলা চলাকালীন জেলের ভেতর রাজসাক্ষী নরেন গৌসাইকে হত্যা করলেন কানাইলালা দত্ত এবং সত্যেন্দ্রনাথ বসু। দুঃসাহসিক কাজ, খবর হয়ে বেরোনো মাত্র সাধারণ মানুষ তাদের বিজয়ী বীর বলে অভিনন্দিত করল। কানাইলাল দত্ত এবং সত্যেরন বসুর ফাঁসি হয়। আলিপুর বোমার মামলায় বিপ্লবীদের পক্ষে ছিলেন ব্যারিস্টার চিত্তরঞ্জন দাশ। চিত্তরঞ্জন দাশের সওয়ালের ফলে অরবিন্দ নির্দোষ প্রমাণিত হলেও উল্লাসকর, বারীন্দ্র এবং আরো তেরোজন বিপ্লবীর যাবজ্জীবন কারাদণ্ড হল। অরবিন্দ কিন্তু রাজনীতির সঙ্গে প্রত্যক্ষ সম্পর্ক ত্যাগ করলেন। উত্তরপাড়া, চন্দননগর হয়ে শেষপর্যন্ত তিনি পণ্ডিচেরী চলে গেলেন। চন্দননগর এবং পণ্ডিচেরী দুইই ফরাসী উপনিবেশ ছিল। ইংরেজ বিরোধী ফরাসীদের সঙ্গে সম্পর্ক স্থাপনের কোন রাজনৈতিক উদ্দেশ্য তার ছিল কিনা জানা যায় না। শেষপর্যন্ত তিনি রাজনীতির জগৎ এবং কর্মক্ষেত্র থেকে সম্পূর্ণ দূরে চলে গিয়েছিলেন।

একই সময়ে পাঞ্জাবে কতগুলি গুপ্ত সমিতি গড়ে উঠেছিল। গুপ্তসমিতিগুলি গড়ে তোলার পেছনে যার সক্রিয় ভূমিকা ছিল, তিনি একজন প্রবাসী বাঙালী জে.এম. চট্টোপাধ্যায়। ১৯০৬ সালে অরবিন্দের শিষ্য যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বিপ্লবী প্রচার কার্যের জন্য পাঞ্জাবে এসেছিলেন। পাঞ্জাবে বিপ্লবীদের নেতা ছিলেন অজিত সিং এবং অম্বাপ্রসাদ। চরমপন্থী নেতা লাজপত রায় এদের সমর্থন করেছিলেন। মহাবিদ্রোহের পঞ্চাশ বছর পূর্তির বছর হিসেবে ১৯০৭-১৯০৮ সাল বিপ্লবীদের কাছে গভীর ঐতিহাসিক তাৎপর্য তৈরী করে ছিল। ইংরেজের বিবুদ্ধে প্রথম সশস্ত্র সংগ্রাম ১৮৫৭ সালের মহাবিদ্রোহ বিপ্লবীদের আদর্শ এবং অনুপ্রেরণা হল।

অজিত সিং এর ভাই পরমানন্দ এবং হরদয়ালও এই সময়ে বিপ্লবী কাজের সঙ্গে যুক্ত হয়েছিলেন। ১৯১২ সালের ২৯শে ডিসেম্বর ভাইসরয় লর্ড হার্ডিঙকে (Lord Hardinge) হত্যার প্রচেষ্টা ব্যর্থ হয়। হার্ডিঙ আহন হন কিন্তু মারা যাননি। ভাইসরয়ের ওপর এই আক্রমণ দেশ ব্যাপী চাঞ্চল্য তৈরী করে। বোমানিক্ষেপকারী কিন্তু ধরা পড়েনি। দ্বিতীয় চাঞ্চল্যকর ঘটনা হল লাহোরের লরেঙ্গগার্ডেনের ইংরেজ অফিসারদের হত্যার প্রচেষ্টা। লাহোরের গুপ্ত সমিতির সদস্য ছিলেন বসন্ত বিশ্বাস, দীননাথ, অবোধ বিহারী বালমুকুন্দ এবং আমির চাঁদ। গুপ্ত সমিতির পরিচালক রাসবিহারী বসু। অন্যরা ধরা পড়লেও রাসবিহারী বসুকে ধরা যায় না। দিল্লী ষড়যন্ত্র মামলায় বাকীরা অপরাধী সাব্যস্ত হন। এদের সকলেরই ফাঁসির হুকুম হয়।

১৯০৯-১৯১১ সালের মধ্যে সশস্ত্র বিপ্লবকে নানা ভাবে দমন করার প্রচেষ্টা হয়েছিল। কিন্তু বিপ্লবী আন্দোলন বন্ধ করা যায়নি। অরবিন্দ ঘোষের নিষ্ক্রিয়তা, নানা বিভ্রান্তি তৈরী করলেও তা কেটে যেতে সময় লাগে নি। ১৯১১ সাল থেকে নতুন করে বিপ্লবী তৎপরতা শুরু হয়। ১৯১৪ সালে যতীন্দ্রনাথ

মুখোপাধ্যায় (বাঘা যতীন) বিদেশ থেকে বিশেষ করে ব্রিটেনের বিরোধী দেশগুলি থেকে অস্ত্রসংগ্রহ করার আয়োজন করেন। তার সঙ্গে যুক্ত হয়েছিলেন যাদুগোপাল মুখোপাধ্যায় ও নরেন্দ্রনাথ ভট্টাচার্য। নরেন্দ্রনাথ ভট্টাচার্যকে (পরবর্তীকালে মানবেন্দ্রনাথ রায় বলে খ্যাত হন) বাটাভিয়া বা ইন্দোনেশিয়াতে পাঠানো হয়। প্রথমে ফাদার সি. আর মার্টিন (Father C.R. Martin) এবং পরে মানবেন্দ্রনাথ রায় নামে নরেন্দ্রনাথ বিখ্যাত হন। ঠিক হল ম্যাভেরিক (Maverick) নামে একটি জার্মান জাহাজে আমেরিকার ক্যালিফোর্নিয়া থেকে বাংলার সুন্দরবন, উড়িষ্যার বালেশ্বর ও হাতিয়াতে বিদেশী অস্ত্র নামাবে। কিন্তু ব্রিটিশ গুপ্তচর বিভাগ আগেই খবর পেয়ে যাওয়ায় ম্যাভেরিক যাত্রা শুরু করতে পারেনি। ওদিকে অস্ত্র সংগ্রহ করার জন্য চিত্তপ্রিয় রায়চৌধুরী, জ্যোতলাল, মনোরঞ্জন সেনগুপ্ত, নীরেন দাশগুপ্ত এবং বাঘা যতীন উড়িষ্যার বুড়ীবালাম নদীর ধারে লুকিয়ে ছিলেন, এ খবর পুলিশ পেয়েছিল। কলকাতা থেকেই পুলিশ কমিশনার চার্লস টেগার্ট (Charles Tegart) দলবল নিয়ে বালেশ্বর পৌঁছল। ১৯১৫ সালের ৯ই সেপ্টেম্বর, বুড়ীবালাম নদীর ধারে পুলিশের সঙ্গে যে সংঘর্ষ হয়, তাকে যুদ্ধ না বললে, অংশগ্রহণকারীদের সাহস, বীরত্ব এবং তেজকে যথার্থ সম্মান দেখানো হয় না। সাদাকাপড় উড়িয়ে অবসন্ন এবং ক্ষতবিক্ষত যতীন্দ্রনাথ যুদ্ধ বন্ধ করার সংকেত দিলে পুলিশ গুলি চালানো বন্ধ করে। যতীন্দ্রনাথ এবং তার সহযোগীদের বীরত্বে স্বয়ং ইংরেজ জেলা ম্যাজিস্ট্রেট তাদের সম্মান দেখিয়েছিলেন। যতীন্দ্রনাথ হাসপাতালে মারা যান। নীরেন দাশগুপ্ত এবং মনোরঞ্জন সেনগুপ্তর ফাঁসি হয়। জ্যোতিষের যাবজ্জীবন কারাদণ্ড হয়। কথিত আছে স্বয়ং টেগার্ট যতীন্দ্রনাথের প্রতি সম্মান দেখিয়েছিলেন বলেছিলেন, তিনিই একমাত্র বাঙালী, যিনি ট্রেঞ্চের মধ্যে থেকে সম্মুখ যুদ্ধে প্রাণত্যাগ করেছেন (সুপ্রকাশ রায়, ভারতের বৈপ্লবিক সংগ্রামের ইতিহাস প্রথম খণ্ড পৃ ৩৮৮)

বুড়ীবালামের ধারে বাঙালী সাহসী যুদ্ধে এবং যোদ্ধা বিপ্লবীদের মৃত্যু ও ফাঁসি, কিছুকালের মত বাংলার সশস্ত্র বিপ্লবী আন্দোলন স্থগিত রাখল। সশস্ত্র বিপ্লবী আন্দোলনের কার্যক্ষেত্র এই সময়ে উত্তর প্রদেশের বাঁকি পুর, বেনারস এবং বিহারের পাটনা ও অন্যান্য অঞ্চলে ব্যাপ্ত হয়েছিল। অন্যদিকে ভারতের বাইরে শ্যামজীকৃষ্ণ বর্মা, বিনায়ক সাভারকর ও হরদয়াল লণ্ডনে, এবং মাদাম কামা ও অজিত সিং ইউরোপে, ভারতীয়দের সশস্ত্র বিপ্লবের আদর্শে আকৃষ্ট করার চেষ্টা বজায় এবং সশস্ত্র সংগ্রামী বিপ্লবের ধারাকে সচল রাখলেন।

৪.২.৫ দ্বিতীয় পর্ব : ১৯১৪-১৯১৯

পাঞ্জাবের অ্যাসিস্ট্যান্ট কমিশনার গর্ডনের হত্যার ষড়যন্ত্রের অন্যতম অভিযুক্ত রাসবিহারী বসু বেনারসে পালিয়ে এসেছিলেন। সেখানে ১৯১৪ সালের নভেম্বর মাসে তাঁর সঙ্গে মারাঠি বিপ্লবী বিষ্ণু গণেশ পিংলের দেখা হল। কর্তার সিং নামে আরেক বিপ্লবীও তাঁদের সঙ্গে মিলিত হয়েছিলেন। এক সর্বভারতীয় সামরিক অভ্যুত্থানের পরিকল্পনা করা হল। কিন্তু পরিকল্পনা কাজে পরিণত করার আগে পুলিশি তৎপরতায় বিপ্লবীরা গ্রেপ্তার হন। ১৯১৫ সালের লাহোর ষড়যন্ত্র মামলায় রাসবিহারী বসুকে এক

নম্বর আসামী সাব্যস্ত করা হয়, কিন্তু এবারও তাঁকে ধরা গেল না। লাহোর থেকে তিনি বাংলায় চলে এলেন। ১৯১৫ সালের ১২ই ছদ্মবেশে এবং পি.এন. ঠাকুর ছদ্মনামে, রাসবিহারী বসু জাপানে পালিয়ে গেলেন।

রাসবিহারী বসুর বাকী জীবন কাটে জাপানে। সেখান থেকে তিনি জীবনের শেষদিন পর্যন্ত ভারতের স্বাধীনতা সংগ্রামের সঙ্গে যুক্ত থাকেন। লাহোর ষড়যন্ত্র মামলার অন্য অভিযুক্ত কর্তার সিং এবং গণেশ পিংলের ফাঁসি হয়।

দ্বিতীয় পর্বের সশস্ত্র জাতীয়তাবাদের ক্ষেত্র তুলনামূলকভাবে অনেকখানি প্রসারিত হয়েছিল। তাছাড়া এই সময়ের বিপ্লবী কার্যধারা ও আদর্শের ব্যাপ্তি, প্রথমপর্বের কার্যসূচীকে অনেক ভাবেই অতিক্রম করে গিয়েছিল। আগেকার বিপ্লবীদের শুধুমাত্র হিন্দু ধর্ম বা হিন্দু সংস্কৃতি ভিত্তিক চিন্তাভাবনা এখন আর দেখা যায়না। ধর্ম এবং সম্প্রদায়কে অতিক্রম করে সেকুলার এবং রাজনৈতিক চিন্তা ভাবনাকে অবলম্বন করে দ্বিতীয় পর্বের সংগ্রামীরা অগ্রসর হয়েছিলেন। প্রথম বিশ্বযুদ্ধের পরিপ্রেক্ষিতে ভারতের স্বাধীনতা সংগ্রামকে পৃথিবীর অন্য দেশগুলির রাজনৈতিক দর্শন এবং আন্দোলনগুলির সঙ্গে এক করার উদ্যোগও তারা নিয়েছিলেন।

প্রথম বিশ্বযুদ্ধে ব্রিটেন, তুরস্কের বিরুদ্ধে যুদ্ধ শুরু করায় বিক্ষুব্ধ ভারতীয় মুসলমান সম্প্রদায়ের মধ্যে সরকারের বিরোধিতা প্রাবল্য দেখা গিয়েছিল। বিশেষ করে পাঞ্জাবের মুসলমানদের মধ্যে বিপ্লবী সচেতনতা প্রখর হয়ে ওঠে। লাহোর এবং পেশোওয়ারের বিপ্লবীদের নেতা হয়েছিলেন মৌলভি ওবেদুল্লাহ সিদ্দিকি। পরে এদের অনেকেই সীমান্ত পার হয়ে আফগানিস্তানে চলে যান। কাবুলে যে অস্থায়ী ভারত সরকার গঠিত হয়েছিল রাজা মহেন্দ্রপ্রতাপ (হাতরাস জমিদার বংশের) ও বরকতুল্লার প্রচেষ্টায় তাতে তারা যোগ দিয়েছিলেন (১৯১৪-১৬)।

১৯১৪ সালে বিশ্বযুদ্ধ শুরু হয়। সংগ্রামী সশস্ত্র আন্দোলন পৃথিবীর অন্যত্র ব্যাপ্ত হল। পৃথিবীর অন্যত্র যেখানে ভারতীয়দের বসবাস সেই সব দেশে প্রবাসী ভারতীয়দের মনে বিপ্লবী সচেতনতা জাগিয়ে তোলার প্রয়াস শুরু হল।

১৯০৪-১৯০৫ থেকেই উত্তর আমেরিকার পশ্চিম উপকূলে পাঞ্জাবের জলন্ধর, হোসিয়ারপুর এই সব অঞ্চল থেকে পাঞ্জাবীদের যাওয়া শুরু হয়েছিল। ফিজি, মালয় এই সব অঞ্চলেও ভারতীয়দের বসবাস ছিল। এদের মধ্য অনেকেই ছিলেন ব্রিটিশ সৈন্যবাহিনীর ভারতীয় সেনা। নতুন দেশে, নতুন জীবন তৈরী করার অভিপ্রায়ে তারা রওনা হয়েছিলেন। পশ্চিমী আদবকায়দায় অপরিচিত এবং অনভ্যস্ত এইসব ভারতীয়দের প্রতিপদে শ্বেতাঙ্গদের জাতিগত বৈষম্য ও অসহযোগিতার শিকার হতে হয়। অন্যদিকে ভারতসচিব চাইছিলেন না এইসব ভারতীয়রা পাশ্চাত্য সমাজ দর্শনের সঙ্গে পরিচিত হোক, যাতে জাতীয়তাবোধে সচেতন হয়ে এরা নানা ধরনের আন্দোলন শুরু না করতে পারে। ১৯০৮ সাল থেকে ভারতীয়দের কানাডা আসার অনুমতি ক্রমশ সঙ্কুচিত করে দেওয়া হয়। তারকনাথ দাস নামে এক ভারতীয় ছাত্র 'Free Hindustan' কাগজে এ ব্যাপারে প্রথম দৃষ্টি আকর্ষণ করেন। তাঁর বক্তব্য হল এই যে

ফিজিতে ব্রিটিশ প্লান্টার (Planter)-দের কুলি মজুর হিসেবে ভারতীয়েরে যাওয়া আসাতে ব্রিটিশ সরকার উদগ্রীব, কিন্তু উত্তর আমেরিকায় মোটেও রাজি নয়, কারণ সেখানে ‘মুক্তি’, ‘স্বাধীনতা’, ইত্যাদি চিন্তাভাবনায় তারা সংক্রামিত হতে পারে। তারকনাথ দাসের Free Hindustan-এ স্পষ্টতই জাতীয়তার সুর শোনা গেল। ১৯০৭ সালে রামনাথপুরি নামে এক রাজনৈতিক নির্বাসিতের প্রকাশিত Circular-e-Azadi তে শোনা গেল স্বদেশী আন্দোলনের সমর্থনে জোরালো বক্তব্য। কানাডার ভ্যানকুভারে জি.ডি কুমার লন্ডনের ইন্ডিয়া হাউসের অনুকরণে তৈরী করে ছিলেন স্বদেশ সেবক হোম। একই সঙ্গে গুরুমুখী ভাষায় একটি পত্রিকাও প্রকাশিত হত। প্রথম প্রথম এই পত্রিকাটিতে সমাজ সংস্কারের কথা বলা হলেও শেষের দিকে এর লেখাগুলি ক্রমশ রাজনৈতিক চরিত্র নিচ্ছিল। এমন কি ভারতীয় সেনাদের ইংরেজ শাসকদের বিরুদ্ধে বিদ্রোহের কথাও বলা হয়েছিল।

জি ভি কুমার এবং তারকনাথ দাস ভ্যানকুভার ছাড়তে বাধ্য হন। আমেরিকায় এসে সেখানকার সিয়েটল (Seattle) শহরে তারা ইন্ডিয়া হাউস নামে একটি সংগঠন তৈরী করলেন। এখানে তারা প্রতি শনিবার ভারতীয় শ্রমিকদের কাছে বক্তৃতার মাধ্যমে সমকালীন পরিস্থিতি সম্বন্ধে সচেতন করতেন। ১৯১৩ সালে খালসা দিওয়ান সোসাইটির সঙ্গে একত্রিত হয়ে তাঁরা ভারতবর্ষে একটি প্রতিনিধি দল পাঠান। ভাইসরয় বা পাঞ্জাবের লেফটেন্যান্ট গভর্নরের সঙ্গে দেখা করাটা প্রাথমিক উদ্দেশ্য হলেও পাঞ্জাবের সর্বত্র এরা সমাবেশে মিলিত হন। অঞ্চলের সংবাদপত্রগুলিও তাদের সমর্থন করেছিল। এইভাবে দেশের বাইরের সংগঠরা, দেশের ভিতরের মানুষদের সঙ্গে সংযোগ তৈরী করেছিল। ১৯১৩ সালে ভগবান সিং নামে এক শিখ ভ্যানকুভারে পৌঁছন। ভগবান সিং খোলাখুলিভাবে সশস্ত্র আন্দোলনের মাধ্যমে ইংরেজ সরকারের অপসারণের কথা প্রচার করতে শুরু করেন। বন্দেমাতরম বিপ্লবীদের পরস্পরের সম্বোধন ধ্বনি হবে, একথাও ভগবান সিং বলেন। ভগবান সিং ভ্যানকুভার (Vancouver) থেকে বহিস্কৃত হলে, বিপ্লবী কাজকর্ম শুরু হল আমেরিকায়। এই সময় প্রধান ভূমিকা নিয়েছিলেন লালা হরদয়াল নামে একজন রাজনৈতিক কর্মী। হরদয়াল কিছুকাল স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ে পড়াশুনো করেছিলেন, কিন্তু অল্প সময়ের মধ্যে বিপ্লবীদের সঙ্গে যুক্ত হয়ে যান ১৯১২ সালে লর্ড হার্ডিঞ্জের ওপর বোমা নিক্ষেপের খবর তাঁকে উদ্দীপ্ত করে। হরদয়ালের বক্তব্য ছিল আমেরিকানদের সঙ্গে যুদ্ধ নয়, আমেরিকায় ভারতীয়রা যে স্বাচ্ছন্দ্য ও স্বাধীনতা পাচ্ছে তাই ব্যবহার করা হবে ইংরেজদের সঙ্গে লড়াই করার জন্য। হরদয়াল সশস্ত্র সংগ্রামে সকলকে সামিল হওয়ার জন্য আহ্বান জানালেন। হরদয়ালের বক্তব্যকে কেন্দ্র করে একটি কার্যকরী সমিতি তৈরী হল এবং একটি পত্রিকাও চালু করা হল। পত্রিকার নাম গদর। সানফ্রান্সিসকো শহরে গদর পত্রিকায় কেন্দ্রীয় অফিস তৈরী হল। বিভিন্ন শহরে শহরে মিটিং এবং আলোচনাও সংগঠিত করা হল। পোর্টল্যান্ডের প্রথম মিটিং এ গদর আন্দোলনের কর্মসূচী গ্রহণ করার সঙ্গে সঙ্গে আন্দোলনও শুরু হয়ে গেল।

১৯১৩ সালে উর্দু এবং গুরুমুখী দুই ভাষায় গদর প্রকাশিত হয়। গদর কথাটির অর্থ হল বিপ্লব,

বিদ্রোহ। পত্রিকার শিরোনামে লেখা ছিল ‘আংরেজ রাজ কা দুশমন’। অর্থাৎ ইংরেজ সরকারের শত্রু। প্রথম সংখ্যাটিতে ইংরেজ সরকারের শাসনের ১৪ টি ক্ষতিকরনীতি কথা লেখা হয়েছিল। এগুলির মধ্যে প্রধান ধরা হয়েছিল হিন্দু মুসলমানের মধ্যে বিভেদ সৃষ্টি, ভারতীয় কারিগরি শিল্পের ধ্বংস ইত্যাদি। এককথায় ইংরেজ সরকারের অপশাসনের বিবরণের যে কাহিনী ও ব্যাখ্যা জাতীয় আন্দোলনের বিভিন্ন পর্বে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছিল তাই সংক্ষিপ্ত আকারে গদরের প্রতিটি সংখ্যায় প্রকাশিত হচ্ছিল। গদরের প্রতিটি সংখ্যায় বারবার করে একটি বিষয়ের উল্লেখ থাকত— ১৮৫৭ সালের মহাবিদ্রোহের পর ছাপান্ন বছর অতিক্রান্ত হয়েছে, দ্বিতীয় বিদ্রোহের সময় এখন উপস্থিত। এছাড়া বিনায়ক দামোদর সাভারকরের ভারতের স্বাধীনতা সংগ্রাম (The Indian War of Independence) লেখাটি ধারাবাহিকভাবে গদর পত্রিকাতেই প্রকাশিত হচ্ছিল। লোকমান্য তিলক, অরবিন্দ, বিনায়ক দামোদর, মাদাম কামা, শ্যামজীকৃষ্ণ বর্মা, অজিত সিং এদের লেখাও গদরের পাতায় প্রকাশিত হত। অনুশীলন সমিতি বা যুগান্তর দল, এমন কি রাশিয়ান গুপ্ত সমিতিগুলির কথাও থাকত।

গদরের প্রকাশিত কবিতাগুলির প্রভাব ছিল সবচেয়ে বেশী। ‘গদর কি গুঞ্জ’ নামে এগুলি ছেপে বিতরণ করা হত বিনা পয়সায়। কবিতাগুলির বিপ্লবাত্মক ভাব তো ছিলই, কিন্তু বিশেষ করে লক্ষ্যণীয় ছিল ধর্ম নিরপেক্ষতার সুর।

হিন্দু, শিখ, পাঠান এবং মুসলিম
এবং যারা সব সৈন্যবাহিনীতে আছেন
শোনো আমাদের দেশকে লুণ্ঠন করছে
ব্রিটিশ
আমাদের যুদ্ধ করতে হবে,
এখন পন্ডিত আর কাজিকে দরকার নেই
পূজো উপাসনার সময় পার হয়ে গেছে,
এখন সময়, হাতে তলোয়ার নেওয়ার

প্রথম পর্বের ধ্যান ধারণা থেকে দ্বিতীয় পর্বের গদর বিপ্লবীদের মানসিকতা এবং চিন্তার পরিণতি যে অনেকটাই এগিয়ে ছিল। গদর প্রকাশিত এই কবিতাটি থেকে বোঝা যায়। (Bipan Chandra and others. *India's struggle for Independence* P 150)

উত্তর আমেরিকার ভারতীয়দের মধ্যে গদর প্রচারিত হলেও পরে ফিলিপিন দ্বীপপুঞ্জ, হংকং, চীন, মালয়, সিঙ্গাপুর, ত্রিনিদাদ এবং হনডুরাসে শেষপর্যন্ত ভারতেও গদর পৌঁছে গিয়েছিল। গদরের লেখাগুলি অপ্রত্যাশিত এবং অভূতপূর্ব প্রতিক্রিয়া তৈরী করল। নানা জায়গায়, আলোচনা ও বিতর্ক হত লেখাগুলি নিয়ে। গদরের কবিতাগুলি লোকের মুখে মুখে ফিরত।

খুব অল্প সময়ের মধ্যে গদর পাঞ্জাবী অধিবাসীদের চরিত্র বদলে দিল। একদা যারা ব্রিটিশ রাজের

প্রভুভক্ত ছিল, তারাই এখন বিদ্রোহী সংগ্রামী। লালা হরদয়াল অবাক হয়ে গিয়েছিলেন পাঞ্জাবী তরুণদের উদ্দীপনা দেখে। এর আগে তার মনে হয়েছিল, আগামী দশ বছরের মধ্যে বিপ্লবের কোন সম্ভাবনা নেই। এখন তার মনের হল দশ বছর অনেকখানি সময়, যে কোন মুহূর্তে বিপ্লব শুরু হয়ে যেতে পারে। দশ বছরের প্রতীক্ষার দরকার নেই।

১৯১৪ সালে ২৫শে মার্চ নৈরাজ্যবাদী কাজকর্মের অভিযোগে হরদয়াল গ্রেপ্তার হন। যদিও সকলেরই ধারণা, ব্রিটিশ সরকারের হাত ছিল এতে। জামিনে মুক্তি পেয়ে হরদয়াল গোপনে আমেরিকা ছেড়ে চলে যান। এভাবে তাঁর সঙ্গে গদর আন্দোলনের সরাসরি যোগাযোগ হঠাৎই বিচ্ছিন্ন হয়ে গেল।

ঐ বছরেরই মার্চ মাসে কোমাগাতামারু নামে একটি জাহাজে কিছু ভারতীয় কানাডার উদ্দেশ্যে যাত্রা শুরু করল। জাহাজটি ভাড়া করেছিলেন গুরু দিৎ সিং নামে একজন ব্যবসায়ী। পূর্ব এবং দক্ষিণ পূর্ব এশিয়া থেকে যাত্রীরা কানাডা অভিমুখে কর্মসম্বন্ধে রওনা হয়েছিল। যাত্রীরা সংখ্যায় ছিল ৩৭৬ জন। এর আগে কানাডার সরকার ভারত থেকে ভারতীয়দের কানাডায় আসা বন্ধ করে দিয়েছিল। কিন্তু কানাডিয়ান সুপ্রিম কোর্ট সরকারের আদেশ লঙ্ঘন করে ৩৫ জন যাত্রীকে কানাডায় আসার সুযোগ দেয়। গুরুদিত সিং এতেই উৎসাহিত হয়ে কোমাগাতামারু জাহাজের ব্যবস্থা করেছিলেন। কানাডার সরকার কিন্তু যাত্রীদের অবতরণে বাধা দেয়, যাত্রীদের নামতে দেওয়া হল না। এর কারণ অনেকগুলি। প্রথম, ভারতীয় কর্মীদের বিরুদ্ধে কানাডিয়ানের অনীহা ছিল, তারা মনে করছিল এতে তাদের কর্মসংস্থানের ব্যাঘাত ঘটবে। তাছাড়া গদর কর্মীদের প্রচার এবং বিপ্লবাত্মক কাজকর্ম, কানাডার সরকারকে ত্রস্ত করেছিল। কোমাগাতামারুর যাত্রীদের সঙ্গে এই ব্যবহারের প্রতিক্রিয়া হিসেবে বিদ্রোহের ডাক দিলেন, বরকতুল্লা খান, ভগবান সিং, রামচন্দ্র এবং মোহন সিং ভাকনা। এরই মধ্যে প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়ে গেল এবং ব্রিটিশ সরকারের নির্দেশ অনুযায়ী জাহাজের কোন যাত্রীকেই কোনও বন্দরেই নামার অনুমতি দেওয়া হল না। অবশেষে যখন কলকাতার বজবজ বন্দরে জাহাজ পৌঁছল ক্লাস্ত, পরিশ্রান্ত ক্ষুব্ধ যাত্রীদের সঙ্গে পুলিশের খণ্ডযুদ্ধ শুরু হল। তার কারণ যাত্রীরা সরকারের ঠিক করা ট্রেনে চড়তে অস্বীকার করেছিল, কারণ তাদের মনে হয়েছিল এই ট্রেনে তাদের নজরবন্দী করে পাঞ্জাবে পাঠিয়ে দেওয়া হবে। তাদের অনুমান কিন্তু ভুল ছিল না। বজবজের রক্তাক্ত যুদ্ধের পর পরই বিদ্রোহীদের একত্রিশ জনকে জেলে আটকে রাখা হয়, এবং বাকীদের ট্রেনে চাপিয়ে নজরবন্দী করে পাঞ্জাবে নিয়ে যাওয়া হয়েছিল।

কোমাগাতামারু জাহাজের ঘটনার পরেপরেই প্রথম বিশ্ব যুদ্ধে ইংরেজদের প্রাথমিক অসুবিধার সুযোগে গদর বিপ্লবীরা আবুলান এ জঙ্গ বা যুদ্ধের ঘোষণা করল। মহম্মদ বরকতুল্লা খান, রামচন্দ্র, ভগবান সিং সশস্ত্র বিদ্রোহের ডাক দিলেন। চীন, হংকং মালয়, জাপান, সিঙ্গাপুরের ভারতীয়দের হিন্দুস্তানে গিয়ে বিপ্লবে যোগ দেওয়ার ডাক দেওয়া হল। কর্তার সিং এবং রঘুবীর দয়াল গুপ্ত ভারতবর্ষে এসে পৌঁছিলেন। ভারত সরকার গদর পরিকল্পনা সম্বন্ধে ওয়াকিবহাল ছিল। ফলে ভারতীয় অভিবাসীদের, ভারতে পৌঁছন মাত্র, সন্দেহজনক এই অভিযোগে বিরাট সংখ্যককে গ্রেপ্তার করা হল, অন্যদেরও গতিবিধি

ওপর কড়া নজর রাখা হল।

যে আশা, উদ্দীপনা নিয়ে গদর বিপ্লবীরা এসেছিলেন অতি অল্পসময়ের মধ্যেই তার অবসান ঘটল। পাঞ্জাবের বেশীর ভাগ মানুষ উদ্বেলিত হলনা। সামরিক বাহিনীর মধ্যে বিদ্রোহের বীজ বপনের চেষ্টাও ব্যর্থ হয়।

সাংগঠনিক নেতৃত্বের প্রয়োজন ছিল। ১৯১৫ সালে রাসবিহারী বসু পাঞ্জাবে পৌঁছলেন বিদ্রোহের নেতৃত্ব দেবার জন্য। রাসবিহারী সেনা বাহিনীর বিভিন্ন ইউনিটগুলিতে গোপনে বিপ্লবী প্রচার কার্য শুরু করলেন। ঠিক হল ১৯শে ফেব্রুয়ারী বিদ্রোহ শুরু হবে। কিন্তু ব্রিটিশ সরকারের সি.আই.ডি বিভাগ আগে ভাগে খবর পেয়ে যাওয়ার প্রায় সমস্ত বিদ্রোহী নেতাদের সকলেই গ্রেপ্তার হলেন একমাত্র রাসবিহারী বসু পালিয়ে যেতে পেরেছিলেন।

ইংরেজ সরকারের দমননীতি চূড়ান্ত আকার নিয়েছিল। পাঞ্জাবে মাণ্ডলে ষড়যন্ত্র মামলা শুরু হয়। পঁয়তাল্লিশ জন বিপ্লবীর ফাঁসির হুকুম হয়। ২০০ জনের কারাদণ্ড হয়। এভাবে প্রায় এক প্রজন্মের পাঞ্জাবের জাতীয়তা বাদী নেতৃত্বের অবসান ঘটানো হল।

বরকতুল্লা এবং মহেন্দ্রপ্রতাপের প্রচেষ্টায় স্বাধীন ভারত সরকার তৈরীর প্রচেষ্টাও ব্যর্থ হয়।

গদর বিদ্রোহ ব্যর্থ হয়েছিল। কিন্তু বিদ্রোহের সাফল্য তৈরী হল অন্যত্র। খুব সহজ ভাবে গদর বিপ্লবীরা সাধারণ স্বল্প শিক্ষিত মানুষের কাছে দাদাভাই নৌরোজীর সম্পদের নির্গমণের তত্ত্ব থেকে শুরু করে অবশিষ্টায়ন, ভারতীয় অর্থনীতির অবক্ষয়ের ইতিহাস, তিলকের রাজনৈতিক চিন্তাভাবনা এবং ১৮৫৭ সালের মহাবিদ্রোহের সম্বন্ধে সাধারণের ব্যাখ্যা, পৌঁছে দিয়েছিলেন। পূর্ববর্তী অন্য সমস্ত বিপ্লবীদের লেখাও গদর পত্রিকায় ছাপা হত। এই লেখাগুলি একত্রিত ভাবে ইংরেজ সরকারের বিরুদ্ধে ভারতীয় জাতীয়তাবাদের প্রতিবাদ, প্রতিকার এবং বিদ্রোহের ইতিহাস অভিবাসী ভারতীয়দের কাছে ব্যক্ত করেছিল। আধুনিক অর্থে গদর পত্রিকা এবং গদর গুঞ্জের কবিতাগুলি যথার্থ প্রচারপত্রের ভূমিকা নেয়।

গদর বিদ্রোহের দ্বিতীয় সাফল্য হল সাম্প্রদায়িক ঐক্য, হিন্দু-মুসলমান সম্প্রীতি এবং ঐক্যের সচেতন সচেতন এবং সফল প্রয়াস এবং রূপায়ণ তৈরী করা। গদর বিপ্লবীদের মধ্যে কোন আঞ্চলিকতার প্রবণতা ছিল না। হিন্দু পাঞ্জাবী হরদয়াল অনায়াসে বরকতুল্লার সঙ্গে মিলিত হয়েছিলেন একই বিপ্লবী চিন্তা ভাবনায়। অন্যদিকে বাঙালী রাসবিহারী বসুকে সর্বোচ্চ নেতৃত্ব দিতে তাদের দ্বিধা ছিল না। তিলক, অরবিন্দ, ক্ষুদিরাম, কানাইলাল দত্ত সবাই গদর বিপ্লবীদের অনুপ্রেরণার আদর্শ ছিলেন। বাঙালী বিপ্লবীদের বন্দেমাতরম ধ্বনি তাদের পরস্পরের অভিবাদনের সম্বোধন ছিল। এভাবে জাতি ধর্ম, সাম্প্রদায় নির্বিশেষে দেশপ্রেমকে তারা সর্বভারতীয় চেতনায় উন্নীত করেছিলেন।

গদর বিপ্লবীরা নৈরাজ্য বাদ (anarchism), (Syndicalism) সিডিক্যালিজম সমাজবাদ বা Socialism,- এই সব ইউরোপীয় রাজনৈতিক দর্শনের সঙ্গে ভারতীয় জাতীয়তাবোধ এবং স্বদেশ প্রেমের ধারণাকে মিলিয়ে

দেন। এটি তাঁদের রাজনৈতিক বৈশিষ্ট্য বা অন্যতম সাফল্য ছিল। মুক্তি সংগ্রামের আকাঙ্ক্ষাকে শুধু মাত্র দেশকালের সীমায় আটকে না রেখে বৃহত্তর জীবন সংগ্রামের সঙ্গে যুক্ত করে ভারতীয় বিপ্লবকে তারা অন্য এবং ব্যাপকতর মাত্র দিয়েছিলেন।

গদর বিপ্লবীদের চতুর্থ সাফল্য হল, বিপ্লবের সংজ্ঞা ও ব্যাপ্তির ব্যাপারে আন্তর্জাতিক ক্ষেত্র তৈরী করা।

গদর বিপ্লবের প্রধান ত্রুটি হল প্রকৃত সংগঠনের অভাব। একটি বিপ্লবী আন্দোলন সফল করতে হলে যে সাংগঠনিক ব্যবস্থা, নেতৃত্ব, অর্থনৈতিক সাহায্য এবং যথাযথ রণকৌশল দরকার, গদর বিপ্লবীদের এর কোনটিই ছিল না। ফলে বিপ্লব সফল হল না। চূড়ান্ত দমননীতি কর্তার সিং প্রমুখ পঁয়তাল্লিশজন বিপ্লবীদের ফাঁসি, বাকী কুড়ি জনের দীর্ঘকালীন কারাবাস, প্রায় এক জন্মের জাতীয়তাবাদী নেতৃত্বের অবসান ঘটিয়েছিল। পাঞ্জাবে বিপ্লবের কাজে ব্যাপ্ত কোন নেতাই আর রইল না। ফলে আগামী দিনগুলিতে একটা শূন্যতা দেখা গেল।

৪.২.৬ তৃতীয় পর্ব : ১৯২০-১৯৩৯

সশস্ত্র সংগ্রামী বিপ্লবীদের প্রথম বিশ্বযুদ্ধের সময়ই চূড়ান্ত ভাবে দমন করা হয়েছিল। যুদ্ধের পর মন্টেগু-চেমসফোর্ড (Montagu Cheimsford) আইনের সংস্কারগুলি কার্যকরী করার জন্য ব্রিটিশ সরকার বন্দী বিপ্লবীদের ছেড়ে দেয়। ১৯২০ সালে গান্ধীজীর অসহযোগ আন্দোলন শুরু হল। গান্ধী চিত্তরঞ্জন দাশ প্রমুখ নেতাদের তাগিদে বিপ্লবীদের কেউ কেউ এই আন্দোলনে যোগ দিলেন। অন্যরা এই বিপুল আকারের এবং অভিনব গণ আন্দোলনকে সফল করার জন্য কিছুকাল সশস্ত্র বিপ্লবের চিন্তাভাবনা এবং কাজকে স্থগিত রাখলেন। কিন্তু অসহযোগ আন্দোলন আকস্মিক বন্ধ হয়ে যাওয়ায়, অহিংস সত্যগ্রহের কার্যকারিতা সম্বন্ধে বহুজনের মনে সংশয় দেখা দিল। অসহযোগ আন্দোলন থেমে গেল— এই পরিস্থিতিতে অনেকেই সশস্ত্র বিপ্লবের দিকে ঝুঁকলেন। তবু একথা মনে রাখা দরকার ভগৎ সিং, চন্দ্রশেখর আজাদ, সূর্যসেন, যতীন দাস, যোগেশ চন্দ্র চট্টোপাধ্যায়, সুখদেব—পরবর্তী পর্বের সশস্ত্র বিপ্লবীরা কিন্তু প্রাথমিক ভাবে অহিংস সত্যগ্রহ এবং অসহযোগ আন্দোলনে উৎসাহের সঙ্গে যোগ দিয়েছিলেন।

১৯২০ সালের পর থেকে একদিকে পাঞ্জাব, উত্তর প্রদেশ এবং বিহার অন্যদিকে বাংলা, এই দুই অঞ্চল নিয়ে দুটি ধারায় সশস্ত্র বিপ্লবের পরবর্তী আন্দোলন শুরু হয়েছিল। দুটি ধারাতেই নতুন কিছু সামাজিক পরিবর্তনের প্রভাব পড়েছিল। প্রথমটি হল প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী সময়ের শ্রমিকদের ট্রেড ইউনিয়ন আন্দোলন। শ্রমিক ট্রেড ইউনিয়ন আন্দোলনের অন্তর্নিহিত বিপ্লবী সম্ভাবনাকে জাতীয় সংগ্রামের সঙ্গে একাত্ম করার প্রচেষ্টা দেখা গেল। দ্বিতীয় প্রভাব এল রুশ বিপ্লব এবং সদ্য প্রতিষ্ঠিত সোভিয়েত রাশিয়ার সমাজতান্ত্রিক রাষ্ট্রের সাফল্য থেকে। এর পাশাপাশি ভারতীয় কম্যুনিস্ট গোষ্ঠীগুলির প্রভাব এবং ওয়াকার্স এ্যান্ড পেজান্টস পার্টি (Workers and Peasants Parties WWP) বা শ্রমিক, কৃষক, দলের

এই একটি সংগঠনে সংঘবদ্ধ হওয়া কম্যুনিজম, সোসালিজম, প্রলোতারিয়েত শ্রেণীর গুরুত্ব তৈরী করা ইত্যাদি চিন্তা ভাবনাগুলি বিপ্লবী জাতীয়তাবাদের ভিন্নতর পরিবেশ তৈরী করল।

১৯২৪ সালের অক্টোবর মাসে, কানপুরে, রামপ্রসাদ বিসমিল, যোগেশ চট্টোপাধ্যায়, এবং সচ্চিদানন্দ সান্যালের নেতৃত্বে হিন্দুস্তান রিপাবলিকান অ্যাসোসিয়েশন (Hindustan Republican Association) তৈরী হল। এই সংগঠনের প্রাথমিক কার্যসূচী হল সশস্ত্র বিপ্লবের মাধ্যমে ঔপনিবেশিক, শাসনের অবসান ঘটানো এবং প্রাচীন ভারতের গণতান্ত্রিক নির্বাচনের মাধ্যমে স্বাধীন ভারতীয় যুক্তরাষ্ট্রীয় তৈরী করা।

একটি কার্যসূচী রূপায়িত করার জন্য, প্রচার কার্য, তরুণ ভারতীয়েরে আন্দোলনে সামিল করা, এবং অস্ত্রচালনার প্রশিক্ষণ দেওয়া এই সব ব্যাপারে অর্থের প্রয়োজন ছিল। অর্থ সংগ্রহের জন্য হিন্দুস্তান রিপাবলিকান আর্মি (Hindustan Republican Army) কিছু সদস্য ৯ই আগস্ট ১৯২৫ লখনউ শহরের কাছে কাকোরি নামে একটি ছোট গ্রামে আট নম্বর ডাউন ট্রেনে ডাকাতি করে, রেলের সরকারি তহবিলের টাকা লুণ্ঠ করে। কাকোরি ষড়যন্ত্র মামলায় আসফাখউল্লা কান, রামপ্রসাদ বিসমিল, রোশন সিং এবং রাজেন্দ্র লাহিড়ীর ফাঁসির হুকুম হয়। বাকী চারজনকে আন্দামানে এবং সতেরোজনকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হল। চন্দ্রশেখর আজাদকে ধরা যায়নি।

কাকোরি মামলা উত্তর ভারতের সশস্ত্র বিপ্লবের আন্দোলনকে ঘোরতর আঘাত করলেও, আন্দোলনকে পুরোপুরি বন্ধ করতে পারেনি। চন্দ্রশেখর আজাদের নেতৃত্ব নতুন করে আন্দোলন শুরু হল, কিছু পরেই, উত্তরপ্রদেশে বিজয়কুমার সিনহা, শিববর্মা, জয়দেব কাহর আর পাঞ্জাবের ভগত সিং, ভগবতী চরণ ভোবা, এবং সুখদেব, পাঞ্জাবে আন্দোলন গড়ে তুলতে লাগলেন। এই সময়ের বিপ্লবীরা সোসালিস্ট চিন্তাভাবনায় গভীর ভাবে উদ্বুদ্ধ হয়েছিলেন। ৯ই এবং ১০ই সেপ্টেম্বর ১৯২৮ দিল্লীর ফিরোজ শাহ কোটলা ময়দানে সমাজতান্ত্রিক আন্দোলনই ভবিষ্যৎ কার্যসূচী হবে, এই পরিকল্পনা নিয়ে দলের নতুন নামকরণ হল হিন্দুস্তান সোসালিস্ট রিপাবলিকান অ্যাসোসিয়েশন অথবা আর্মি। (Hindustan Socialist Republican Association or Army) ১৯২৮ সালে সাইমন কমিশন বয়কট উপলক্ষ করে দেশব্যাপী প্রতিবাদ সভা, মিছিল, হরতাল হয়। এরকমই একটি মিছিলে, পুলিশের লাঠি চার্জে, লালা লাজপৎ রায়ের মৃত্যু হল। পাঞ্জাবের সর্বজনপ্রিয় নেতা, শের ই পাঞ্জাব লালা লাজপৎ রায়ের এ হেন মৃত্যুকে হিন্দুস্তান সোসালিস্ট দলের রোমান্টিক তরুণ নেতারা ইংরেজ সরকারের সরাসরি চ্যালেঞ্জ বলে মনে করল। ১৭ই ডিসেম্বর ১৯২৮ ভগত সিং, আজাদ এবং রাজগুরু লাহোরে পুলিশ সন্ডার্সকে (Saunders) হত্যা করলে। সন্ডার্স লাজপত রায়ের ওপর লাঠি চালানোর ব্যাপারে যুক্ত ছিলেন। হত্যার পর হিন্দুস্তান রিপাবলিকান দল একটি প্রচারপত্র তুলে ধরে, তাতে বলা হল লক্ষ লক্ষ মানুষের অসীম শ্রদ্ধার নেতার মৃত্যু একজন সাধারণ পুলিশ কর্মচারীর হাতে,— এই ঘটনা সমগ্র জাতির পক্ষে অপমানজনক। ভারতের তরুণ দলের কর্তব্য এই অপমানে প্রতিশোধ নেওয়া, অপমানকে মুছে ফেলা, যে কোন ব্যক্তির হত্যাই অনভিপ্রেত। কিন্তু সরকারের অমানবিক আচরণের জন্য

এবং অন্যায় একটি ব্যবস্থার অংশীদার এই মানুষটির বিলুপ্তি একান্ত প্রয়োজন হিসেবে একে হত্যা করা হয়েছে। (Bipachandra, Indias Struggle for Independence P 249).

হিন্দুস্থান রিপাবলিকান আর্মির নেতারা বিপ্লবের আদর্শ সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে দিয়ে বিপ্লবকে জনমুখি করতে চেয়েছিলেন। ইতিমধ্যে সরকার নিরাপত্তা এবং বাণিজ্য সংক্রান্ত দুটি বিল পাশ করাতে চাইছিল। সচেতন ভারতীয়দের মনে হয়েছিল বিল দুটি সাধারণ মানুষের, বিশেষ করে শ্রমিকদের স্বাধীনতা খর্ব করার জন্য তৈরী করা হয়েছে। এরই সূত্র ধরে, বটুকেশ্বর দত্ত এবং ভগত সিং ৮ই এপ্রিল ১৯২৯ দিল্লীর সেন্ট্রাল লেজিসলেটিভ এ্যাসেম্বলির হলে বোমা ছুড়লেন কোন হত্যার উদ্দেশ্যে নয়। বধিত সরকারকে সাধারণ মানুষের বক্তব্যকে শোনানোর জন্য, এই ঘটনাকে প্রচার কার্যের মত ব্যবহার করে, সাধারণ মানুষকে সরকারের জনবিরোধী কার্য সম্বন্ধে ওয়াকিবহাল করার জন্য।

ভগত সিং, বটুকেশ্বর দত্ত, সুখদেব এবং রাজগুরুর বিখ্যাত মামলার প্রতিদিনের কাহিনী সংবাদপত্রগুলির মাধ্যমে সাধারণ মানুষের কাছে পৌঁছে গিয়েছিল। বিচার চলাকালীন ভগত সিং এবং অন্যদের নির্ভীক সাহসী মনোভাব সকলের শ্রদ্ধা অর্জন করেছিল।

১৯৩১ সালের ২৩শে মার্চ ভগত সিং, সুখদেব এবং রাজগুরুর ফাঁসি হয়। এর প্রতিবাদেই সারা দেশের মানুষ স্কুল, কলেজ, অফিস, আদালতে অনুপস্থিত থেকে স্বতঃস্ফূর্ত শোক পালন করে। লাহোর ষড়যন্ত্র মামলা সশস্ত্র আন্দোলনের ইতিহাসে একটি বিশেষ, অধ্যায় তৈরী করছিল। সম্ভ্রাসবাদের ইতিহাসে রিপাবলিকান এ্যাসোসিয়েশন নতুন আদর্শ এবং চিন্তাধারা তৈরী করেছিল। ১৯২৫ সালে দলের ইস্তাহারে বলা হয়েছিল যে ব্যবস্থা মানুষের প্রতি মানুষের অবিচার এবং শোষণ তৈরী করে, তার চূড়ান্ত অবসান ঘটানোই তাদের উদ্দেশ্য। একই সঙ্গে বলা হল সমাজতান্ত্রিক বিপ্লব এবং কম্যুনিষ্ট আদর্শ প্রচারই বিপ্লবীদের লক্ষ্য। দলের মুখপত্র রেভুলিউশনারি (Revolutionary) তে যানবাহন ব্যবস্থা, বড় শিল্প এবং রেলপথগুলিকে জাতীয়করণের প্রস্তাব করা হয়েছিল। মূল সংগঠিত সশস্ত্র বিপ্লব আন্দোলনের পাশাপাশি শ্রমিক এবং কৃষক আন্দোলন তৈরী করাও দলের অন্যতম কাজ, একথাও বলা হয়েছিল।

আগেকার গোপন ষড়যন্ত্র এবং ব্যক্তি হত্যার কার্যসূচী বর্জন করে খোলাখুলি সশস্ত্র আন্দোলনই সঠিক পন্থা, একথা এসময়ে বিপ্লবীদের মনে হয়েছিল। তাছাড়া হিন্দু মুসলমান এবং অন্যধর্ম সম্প্রদায় নির্বিশেষে সেকুলার বা ধর্মনিরপেক্ষ আন্দোলনই হওয়া উচিত এমন কথাও তারা বলেছিলেন।

হিন্দুস্থান রিপাবলিকান এ্যাসোসিয়েশনের প্রধান নেতা ভগত সিং ছিলেন আগেকার যুগের বিপ্লবী অর্জিত সিং এর ভাইপো। ভগতসিং একজন বুদ্ধিজীবী ছিলেন। রাশিয়ার বলশেভিক বিপ্লব (Bolshevik) এবং সোভিয়েত আন্দোলন ইটালি এবং আয়ারল্যান্ডের বিভিন্ন আন্দোলনগুলি তাকে প্রভূত প্রভাবিত করেছিল। ভগত সিং এবং সুখদেব দলের সদস্যদের পাঠচক্রের মাধ্যমে নিয়মিত বিপ্লবী এবং কম্যুনিষ্ট চিন্তাধারায় শিক্ষিত করতেন। এমন কি জেলের ভেতরেও তিনি রীতিমত একটি লাইব্রেরী তৈরী করেছিলেন এবং পাঠচক্রের ব্যবস্থা করেন। ভগত সিং মনে করতেন, যে কোন বিপ্লবে, উদ্দেশ্য চিন্তা এবং আদর্শের

ভূমিকাই মুখ্য- অতএব সেই চিন্তা এবং আদর্শকে স্পষ্ট এবং বিস্তারিত ও গভীর ভাবে জানা দরকার। সুখদেব ভগবতীচরণ ভোরা, শিব ভার্মা, বিজয় সিনহা, যশপাল প্রত্যেকেই বুদ্ধিজীবী ছিলেন। এমন কি চন্দ্রশেখর আজাদ যিনি ইংরেজী কমই জানতেন, কিন্তু চাইতেন তার কাছে স্পষ্টভাবে সব কিছু ব্যাখ্যা করা হোক। মূলত তার তাগিদেই ভগবতী চরণ ভোরা ফিলসফি অফ দি বম্ব (Philosophy of the Bomb) বইটি রচনা করেছিলেন। বইটিতে বিপ্লববাদের বিস্তারিত ব্যাখ্যা করা হয়েছে।

পাঞ্জাব নওজোয়ান ভারত সভা বা লাহোর ছাত্র ইউনিয়নের মত সংগঠনগুলি ছিল বিপ্লববাদ প্রচারের উপযুক্ত জায়গা। একক ব্যক্তিগত সম্ভ্রাসবাদ নয়, সচেতন মানুষের সংগঠিত, সশস্ত্র খোলাখুলি সংগ্রাম, সঠিক পথ একথাই ভগত সিং এবং তার সহযোদ্ধাদের অভিমত ছিল।

অধ্যাপক বিপান চন্দ্রের মতে সম্ভ্রাসবাদ থেকে গণ আন্দোলনের আদর্শে পরিবর্তিত হওয়ার যে প্রয়োজনীয়তা এবং স্বাভাবিক সময়কালের প্রয়োজন ছিল, বিপ্লবীদের ব্যগ্রতা এবং অতিব্যস্ত তাগিদের কারণে তা সম্ভব হল না। তাছাড়াও দলের কর্মী নির্বাচনের সমস্যা ছিল। কর্মীদের শিক্ষিত করার মধ্যেও তাড়াছড়োর ব্যাপার ছিল। তবু হিন্দুস্তান রিপাবলিকান এ্যাসোসিয়েশন জাতীয়তাবাদের নতুন সংজ্ঞা তৈরী করেছিল। জাতীয়তাবাদে শুধুমাত্র সাম্রাজ্যবাদের নিপাত নয়। সাম্রাজ্যবাদের অবসান ঘটিয়ে, জাতীয় মুক্তি বা স্বাধীনতা জাতীয়তাবাদের প্রাথমিক উদ্দেশ্য হলেও সমস্ত রকম শোষণ, উৎপীড়নের অবসান ঘটিয়ে সর্বব্যাপী সকল মানুষের মুক্তিই সঠিক জাতীয়তাবাদ। স্বাধীনতা শুধু রাজনৈতিক নয়, অর্থনৈতিক এবং সামাজিকও বটে। এভাবে ভগত সিং এবং তার সহকর্মীরা সশস্ত্র বিপ্লবী জাতীয়তাবাদের ক্ষেত্রে প্রসারিত করেছিলেন। মার্কসবাদী দর্শনে বিরোধী ছিলেন। ফলে সাধারণ নিপীড়িত মানুষের শোষণ ও অত্যাচারের থেকে মুক্তি স্বাধীনতার যুদ্ধের অপরিহার্য অঙ্গ বলে মনে করতেন। ভগত সিংদের প্রস্তাবিত স্বাধীনতার যুদ্ধে ধর্মের কোন ভূমিকা ছিল না। ব্যক্তিগতভাবে ঈশ্বরে অবিশ্বাসী এবং নাস্তিক ভগতসিং ধর্ম এবং কুসংস্কারের উর্ধ্বে যুক্তিবাদী চিন্তা ও বলিষ্ঠ নির্ভীক ভাবনায় সহকর্মী সহযোদ্ধাদের অনুপ্রাণিত করতে চেয়েছিলেন।

ভগত সিং-এর ফাঁসির পরে পরেই আরেকটি ঘটনা দেশবাসীকে আলোড়িত করেছিল। জেলের ভেতরে বিচারাধীন বিপ্লবীরা জেলের অব্যবস্থা এবং একথ্য শোচনীয় অবস্থার প্রতিবাদে অনশন ধর্মঘট শুরু করেছিল। এই সঙ্গে তাদের দাবী ছিল, তাদের যেন সাধারণ অপরাধী নয় রাজবন্দী হিসেবে দেখা হয়। ১৩ই সেপ্টেম্বর চোষটি দিন অনশনের পর রাজবন্দী যতীনদাসের মৃত্যু হয়। যতীনদাসের মরদেহ ট্রেনে লাহোর থেকে কলকাতায় নিয়ে আসার পর প্রতিটি স্টেশনে হাজার হাজার মানুষ শ্রদ্ধা নিবেদনের জন্য জমায়েত হয়েছিল। কলকাতায় ছ লাখ মানুষের আড়াই মাইল লম্বা শোভাযাত্রা তার মরদেহ অনুসরণ করে।

বাংলাতেও এইসময় বিপ্লবীরা দলবদ্ধ হচ্ছিল। প্রথম বিশ্বযুদ্ধের পর বিপ্লবীদের একদল চিত্তরঞ্জন দাশের স্বরাজ পার্টির সঙ্গে সহযোগিতা করে। চিত্তরঞ্জন দাশের মৃত্যুর পর কংগ্রেসের মধ্যে দুটি দল তৈরী

হয়— সুভাষচন্দ্র বসু এবং যতীন্দ্রমোহন সেনগুপ্তের আলাদা নেতৃত্বে। অনুশীলন দলের সদস্যরা যোগ দিলেন যতীন্দ্রমোহন সেনগুপ্তের সঙ্গে। যুগান্তর দলের সদস্যরা সুভাষচন্দ্রের সঙ্গে যুক্ত হলেন।

ইতিমধ্যে ১৯২৪ সালে গোপীনাথ সাহা, কুখ্যাত পুলিশ কমিশনার টেগার্টকে হত্যা করতে গিয়ে অন্য আরেকজন ইংরেজকে হত্যা করলেন। বিচারে গোপীনাথ সাহা দোষী সাব্যস্ত হন এবং তার ফাঁসি হয়। এই সময় থেকে এইধরনের নির্দয়, অমানবিক বিচার এবং শাস্তির বিরুদ্ধে জনমত ক্রমশ সরব হচ্ছিল। গোপীনাথ সাহা'র ফাঁসি এবং সেই সঙ্গে সুভাষচন্দ্র এবং অন্যান্য কংগ্রেস নেতাদের গ্রেপ্তারে কিছুকালের জন্য বাংলার রাজনৈতিক জগতে শূন্যতা তৈরী করল। পুরোনো অনুশীলন এবং যুগান্তর দলের সদস্যদের মধ্যেও কর্মসূচী নিয়ে বিবাদ হচ্ছিল। সশস্ত্র বিপ্লববাদ কি স্থগিত হল, এমন ভাবনা চিন্তা শুরু হওয়ার আগেই, অল্প কিছুদিনের মধ্যেই সংগ্রামী বিপ্লবের নতুন পর্ব শুরু হল। এই পর্বের নেতা হলেন মাস্টার সূর্য সেন।

চট্টগ্রামের জাতীয় বিদ্যালয়ে শিক্ষকতা করতেন। এই জন্যই সেই অঞ্চলের মানুষেরা তাকে মাস্টারদা বলত। সূর্য সেন মাস্টারদা নামে সকলের কাছে পরিচিত ছিলেন। প্রথম দিকে তিনি অসহযোগ আন্দোলনে যোগ দিয়েছিলেন। ১৯২৬-২৮ সালের মধ্যে রাজনৈতিক কাজকর্মের জন্য তিনি গ্রেপ্তার হল। প্রতিভাবান সংগঠক হিসাবে সূর্যসেনের খ্যাতি ছিল। তার রাজনৈতিক চিন্তাভাবনায় মানবিকতার বড় ভূমিকা ছিল। একজন বিপ্লবীর বড় ধর্ম হচ্ছে মানবিকতা, এ কথা তিনি সবসময়ে মনে করতেন।

অল্প সময়ের মধ্যেই সূর্যসেন তার চারপাশে উৎসাহী আদর্শবাদী তরুণদের সমাবেশ তৈরী করলেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন অনন্ত সিং, গণেশ ঘোষ, লোকনাথ বল এবং আরও অনেকেই। এই দলের কার্যসূচীর প্রধান লক্ষ্য হল ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তিকে পরোয়া না করে মুখোমুখি সংগ্রাম শুরু করা। চট্টগ্রামকে মুক্ত স্বাধীন অঞ্চলে পরিণত করা প্রাথমিক উদ্দেশ্য ছিল। টেলিগ্রাফ এবং টেলিফোন যোগাযোগ বিচ্ছিন্ন করে রেললাইন উপড়ে দিয়ে চট্টগ্রামকে সমগ্র ব্রিটিশ শাসন থেকে মুক্ত করাই ছিল প্রধান উদ্দেশ্য। ১৯৩০ সালের ১৮ই এপ্রিল রাত দশটায় পরিকল্পনা কার্যকরী করার সিদ্ধান্ত নেওয়া হয়।

ভারতীয় গণতান্ত্রিক সেনাবাহিনী, চট্টগ্রাম শাখা এই নামে গণেশ ঘোষের নেতৃত্বে প্রথম চট্টগ্রামের পুলিশের অস্ত্রাগার লুণ্ঠন করা হয়। অন্যদিকে লোকনাথ বলের নেতৃত্বে (Auxilliary) অক্সিলিয়ারী ফোর্সের অস্ত্রাগারও আক্রমণ করা হল। কিন্তু মুশকিল হল যে, দ্বিতীয় ক্ষেত্রে বিপ্লবী আক্রমণকারীরা অস্ত্রগুলি কোথায় ছিল তার খোঁজ পেলেন না। এর ফল শোচনীয় হয়েছিল। সেই মুহূর্তে অবশ্য সূর্যসেন 'বন্দেমাতরম' এবং 'ইনকিলাব জিন্দাবাদ' ধ্বনির সঙ্গে সাময়িকভাবে বিপ্লবী সরকারের প্রতিষ্ঠা ঘোষণা করলেন। সকাল হওয়ার আগেই বিপ্লবীরা চট্টগ্রাম শহর ছেড়ে আশে পাশের পাহাড়ে পালিয়ে যান। জালালাবাদ পাহাড়ের ওপরে ব্রিটিশ বাহিনীর সঙ্গে সশস্ত্র বিপ্লবীদের সংগ্রাম শুরু হয়। যুদ্ধে বারোজন বিপ্লবীর মৃত্যু হল। এরপর সূর্যসেন চট্টগ্রামের গ্রামাঞ্চলে তার দল নিয়ে ছড়িয়ে পড়লেন। সরকার পক্ষের তল্লাসি এবং ভয়ানক শাস্তি সত্ত্বেও গ্রামের মানুষেরা, যাদের অধিকাংশই ছিল মুসলমান খাদ্য এবং আশ্রয় দিয়ে বিপ্লবীদের লুকিয়ে

রাখে। এই ভাবে প্রায় তিন বছর আত্মগোপন করে থাকার পর ১৬ই ফেব্রুয়ারি ১৯৩৩ সূর্যসেন ধরা পড়লেন। ১২ই জানুয়ারী ১৯৩৪ সূর্যসেনের ফাঁসি হল। সহযোদ্ধাদের প্রায় সকলেরই দীর্ঘকাল কারাবাস বা আন্দামানে দ্বীপান্তর হল।

চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের কাহিনী তৎকালীন বাংলায় কিংবদন্তীর মাত্রায় পৌঁছে গিয়েছিল। পরবর্তীকালের পর্যালোচনাতেও এই সংগ্রাম ঐতিহাসিক গুরুত্ব লাভ করে। বিশ শতকের তিরিশের দশককে বাংলার ইতিহাসে বিপ্লবের দশক বলে অভিহিত হয় না। মৃত্যুর পরোয়া না করে, সাম্রাজ্যবাদী শক্তির সঙ্গে বিপ্লবীদের বীরত্ব ও সাহসিকতার যুদ্ধ কাহিনী লোকের মুখে মুখে ফিরত, এই সময়।

বহু তরুণ বিপ্লবী আদর্শে উদ্বুদ্ধ হয়ে আন্দোলনে যোগ দিয়েছিলেন। সংগ্রাম তখনও তীব্র; ইংরেজ ম্যাজিস্ট্রেট, পুলিশ ইনস্পেক্টর জেনারেলের হত্যা এবং অন্তত দুজন গভর্নরকে হত্যার চেষ্টা, এই সব ঘটনায় পরিষ্কার, বোঝা যায় সংগ্রামী বিপ্লবীরা তখনও তৎপর।

ঘটনার দ্রুততায় এবং অতর্কিত চট্টগ্রাম অস্ত্রাগার আক্রমণের আকস্মিকতায় ব্রিটিশ সরকারের প্রাথমিক প্রতিক্রিয়া হয়েছিল আতঙ্ক। কিন্তু খুব তাড়াতাড়ি এই বিমূঢ় ভাব কেটে গিয়ে প্রবল ভাবে দমননীতি প্রয়োগ করা হল। গ্রামের পর গ্রাম পুড়িয়ে চট্টগ্রামে সরকারী সন্ত্রাসের শাসন শুরু হয়। অন্যত্র, সর্বত্র, নানাধরনের দমন মূলক আইন তৈরী করে, সংগ্রামী বিপ্লবকে সম্পূর্ণভাবে উচ্ছেদ করার সরকারী প্রচেষ্টা চলল। সর্বভারতীয় জাতীয় নেতারাও গ্রেপ্তার হলেন। বিপ্লবীদের অভিনন্দন জানানোর জন্য জওহরলাল নেহেরুকেও রাজদ্রোহিতার অপরাধে দুবছরের কারাদণ্ড দেওয়া হল।

বিশের এবং তিরিশের দশকের বাংলার বিপ্লবীরা আগেকার ধর্মীয় বাতাবরণের বাইরে চলে এসেছিলেন। আগের মত তারা আর ধর্মীয় শপথ বা প্রতিজ্ঞা নিতেন না। হিন্দুত্বকে অতিক্রম করে মুসলমানদের সঙ্গে বিপ্লবী যোগাযোগ এই দশকের বিপ্লবের উল্লেখযোগ্য লক্ষণ। চট্টগ্রাম বেভুলিউশনারী আর্মির অনেক সদস্যই ছিলেন মুসলমান। সান্তা, মির আহমেদ, ফকির আহমদ খান, টুনু মিঞা, এরা সব সক্রিয় কর্মী ছিলেন। চট্টগ্রামের বিপ্লবীরা গ্রামবাসী মুসলমানদের সক্রিয় সাহায্য পেয়েছিলেন। তবু কোথাও একটা ফাঁক থেকে গিয়েছিল। বিপ্লবীরা, চাষী, শ্রমিক, অগণিত সাধারণ মানুষের সঙ্গে সামাজিক অর্থনৈতিক যোগাযোগ করতে পারেন নি। এটাই তাদের ত্রুটি, ব্যর্থতা।

বিশের এবং তিরিশের দশকে জাতীয়তাবাদী রাজনীতির একটা বড় লক্ষণ ছিল তরুণ মেয়েদের বিপ্লবী রাজনীতিতে অংশগ্রহণ। পরোক্ষ এবং প্রত্যক্ষভাবে গৃহের অভ্যন্তর থেকে এবং বাইরের জগতেও মেয়েরা সংগ্রামী বিপ্লবের অংশীদার হয়েছিলেন। বিশ শতকের প্রথম দিকে সরলাদেবী, ভগিনী নিবেদিতা বা আনি বেসান্ত (Annie Basant) পরে মাদাম কামা, বিপ্লবী আন্দোলনের সঙ্গে সরাসরি যুক্ত ছিলেন। মাদাম ভিকাজি কামা ১৯১৮ সালে জার্মানীর স্টু গার্ট শহরের আন্তর্জাতিক সমাজতন্ত্রী কংগ্রেসের অধিবেশনে যোগ দিয়েছিলেন। মাদাম কামাই প্রথম ইউরোপের জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন। এ ছাড়া বন্দেমাতরম নামে একটি কাগজ লালা হরদয়ালের সহায়তায় বার করেছিলেন। লন্ডনে ফ্রি ইন্ডিয়ান সোসাইটি নামে

একটি সংগঠন করেন, উদ্দেশ্য ছিল প্রবাসী ভারতীয়দের একত্রিত করার। কিন্তু ব্রিটেনের দমননীতি ও নির্যাতন থেকে রেহাই পাওয়ার জন্য ফ্রান্সে পালিয়ে যান, সেখানে বিপ্লবীদের ঘাঁটি তৈরী হয়। মাদাম কামা জার্মানির ভারতীয় বিপ্লবীদের বার্লিন কমিটির সঙ্গে যোগাযোগ রাখতেন।

মাদাম কামার দৃষ্টান্ত অনুসরণ করে বিশ শতকের বিশ এবং তিরিশের দশকে বহু মেয়ে নিজেদের বিপ্লবের সঙ্গে যুক্ত করেন। এই দুই দশকে মেয়েদের পড়াশোনাও বিস্তার পেয়েছিল। কুড়ির দশকের শেষ, এবং তিরিশের দশকে নারী উচ্চশিক্ষা প্রতিষ্ঠিত এবং প্রসারিত। নারীশিক্ষা ও সচেতনতা মুক্তি সংগ্রামেরই আরেকটি দিক, এবং পরিপূরক আন্দোলন এ কথা খুবই স্পষ্ট হয়ে উঠেছিল এই সময়। এ ব্যাপারে কলকাতার বেথুন কলেজের বিশেষ ভূমিকা ছিল। সরকারী কলেজ হিসেবে বেথুন কলেজের ছাত্রীদের প্রত্যক্ষ রাজনীতি করার কোন সম্ভাবনা ছিল না। কিন্তু আবাসিক কলেজের সুরক্ষার কারণে বহু ছাত্রী পূর্ববঙ্গ থেকে এখানে পড়তে আসতেন। পূর্ববঙ্গ তখন বিপ্লবী রাজনীতির কেন্দ্রস্থল, এদের মধ্যে অনেকেই কলেজের ছাত্রী থাকাকালীনই বিপ্লবীদের সঙ্গে যুক্ত হন।

১৯২৮ সালে সাইমন কমিশন বয়কট উপলক্ষে, বেথুন কলেজের ছাত্রীরা কলেজ কর্তৃপক্ষ এবং সরকারী শিক্ষা বিভাগের নিষেধাজ্ঞা অগ্রাহ্য করে একজোট হয়ে হরতাল পালন করেছিলেন। শিক্ষা অধিকর্তা ওটেন সাহেবের মত জবরদস্ত মানুষের চোখ রাঙানিতেও তারা ভয় পাননি। হরতালে যোগ দেওয়ার জন্য কিছু ছাত্রীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হলে বীনা দাশ, কল্যাণী দাশ, ইলা সেনগুপ্তর নেতৃত্বে দীর্ঘকাল ব্যাপী আন্দোলন চলে। শেষ পর্যন্ত ছাত্রীরাই জয়ী হয়। কলেজের বাইরে, ছাত্রীরা সুভাষচন্দ্র এবং সরলাদেবীর সমর্থন পেয়েছিলেন। বীনা দাশ, কল্যাণী দাশ, কমলা দাশগুপ্ত, ইলা সেনগুপ্ত এরা সকলেই পরবর্তী সময়ে প্রত্যক্ষ ভাবে বিপ্লবী রাজনীতির সঙ্গে যুক্ত হন। বলা যেতে পারে কলেজের ঘটনায় তাদের রাজনীতির হাতে খড়ি হয়েছিল।

কমলা দাশগুপ্ত বিপ্লবী দলে বোমা পাচারের কাজে যুক্ত ছিলেন। যুগান্তর দলের দীনেশ মজুমদার তার শিক্ষা গুরু ছিলেন। ১৯৩০ সালে ডালহৌসি বোমা মামলার অন্যতম অভিযুক্ত হিসেবে তাকে গ্রেপ্তার করা হয়। বীনা দাশ বি.এ. পরীক্ষার কনভোকেশনের সময় গভর্নর স্ট্যানলি জ্যাকসনকে (Stanley Jackson) গুলি করার প্রচেষ্টা করেন গুলি গভর্নরের গায়ে লাগেনি। কিন্তু বীণা দাশ গ্রেপ্তার হন এবং সাতবছর কারাদণ্ডে দণ্ডিত হন।

কমলা দাশগুপ্ত, বীণা দাশের মত প্রীতিলতা ওয়াহেদারও তিরিশের দশকে বেথুন কলেজের ছাত্রী ছিলেন এবং তাদের মতই কলেজের ছাত্রী থাকাকালীন গোপনে সশস্ত্র সংগ্রামী রাজনীতির আদর্শে বিপ্লবীদের সঙ্গে যুক্ত হন। প্রীতিলতা মাস্টারদা সূর্যসেনের দলে যোগ দিয়েছিলেন। ১৯৩৬ সালের ২৪ শে সেপ্টেম্বর প্রীতিলতা কয়েকজন বিপ্লবীদের সাথে চট্টগ্রামের পাহাড়তলি ইউরোপিয়ান ক্লাব আক্রমণ করেন। ক্লাবের একজন মারা যান। পুলিশের হাতে গ্রেপ্তার হওয়ার আগে প্রীতিলতা সায়ানাইড খেয়ে আত্মহত্যা করেন। উজ্জ্বলা মজুমদার দার্জিলিং এ গভর্নর অ্যান্ডারসন (Anderson) কে হত্যার ষড়যন্ত্রে প্রত্যক্ষভাবে যুক্ত ছিলেন। স্পেশাল ট্রাইব্যুনালে উজ্জ্বলার যাবজ্জীবন কারাদণ্ড হয়। পরে হাইকোর্টের আপিলে তা কমিয়ে চৌদ্দ বছর করা হয়েছিল।

শান্তিঘোষ, সুনীতি চৌধুরী ১৯৩১ সালের কুমিল্লার ম্যাজিস্ট্রেট সিডেভসকে সরাসরি গুলি করে হত্যা করেছিলেন। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর বন্দী হিসাবে যাবজ্জীবন কারাদণ্ডের হুকুম হয়েছিল ওদের। ১৯৩৯ সালে গান্ধীজীর সুপারিশে এরা মুক্তি পেলেন। কল্পনা দত্ত মাস্টারদা সূর্য সেনের দলের সহযোদ্ধা ছিলেন। ১৯৩৩ সালে, সূর্যসেনকে জেল থেকে বার করে আনার এক ষড়যন্ত্র কল্পনা দত্ত অন্যান্যদের সঙ্গে পুলিশের সঙ্গে লড়াইতে শেষ পর্যন্ত ধরা পড়েন। যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হলেও ১৯৩৯ সালে একইভাবে গান্ধীজীর সুপারিশে মুক্তি পেয়েছিলেন। পরবর্তী কালের বহু সশস্ত্র সংগ্রামীদের মত কল্পনা দত্ত মার্কসবাদী রাজনীতিতে পরিবর্তিত হন।

তিরিশের দশকেই সশস্ত্র বিপ্লব আন্দোলন স্তিমিত হয়ে আসে। সরকারের দমননীতির ফলে বিপ্লবীদের সংখ্যাও ক্রমশ হ্রাস পেতে থাকে। ১৯৩১ সালে ফেব্রুয়ারী মাসে, এলাহাবাদের একটি পার্কে পুলিশের সঙ্গে সংঘর্ষে চন্দ্রশেখর আজাদের মৃত্যু হয়। আজাদের মৃত্যুর সঙ্গে সঙ্গে পাঞ্জাব, উত্তর প্রদেশ, বিহার অঞ্চলের সশস্ত্র বিপ্লব বন্ধ হয়ে গেল। সূর্যসেনের মৃত্যু বাংলার বিপ্লবী আন্দোলনকেও রোধ করল। জেলে, আন্দামানে, কারাবন্দী বিপ্লবীরা নতুন করে চিন্তাভাবনা শুরু করলেন। বিপ্লবীদের বড় অংশ মার্কসবাদ এবং সমাজতান্ত্রিক বিপ্লবের দিকে আকৃষ্ট হলেন। এরা কম্যুনিষ্ট পার্টি, এবং অন্য বামপন্থী দলগুলির সঙ্গে যুক্ত হন। বিপ্লবীদের আরেকটি দল গান্ধীজীর কংগ্রেসে যোগ দেন।

সশস্ত্র বিপ্লব আন্দোলনে কতগুলি গুরুতর সীমাবদ্ধতা ছিল। সবচেয়ে বড় কথা এদের রাজনীতি কখনই কোন রকম গণ আন্দোলন গড়ে তুলতে পারেনি। একমাত্র ভগত সিং ছাড়া, অন্য নেতারা বা অন্য সংগঠন গুলি এ বিষয়ে সে রকম কোন চিন্তা করেনি। সাধারণ মানুষ— কৃষক, শ্রমিকদের রাজনৈতিক শিক্ষা এবং চেতনায় সংঘবদ্ধ করার কথাও ভাবা হয়নি।

তবুও ভারতবর্ষের জাতীয় মুক্তি সংগ্রামে বিপ্লবীদের ভূমিকা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ। এদের সাহস, আত্মত্যাগ, তেজ ভারতীয় চেতনায় গভীর দাগ কেটেছিল। ব্রিটিশ ঔপনিবেশিক সাম্রাজ্যবাদের বিরোধিতা করে এবং সম্মুখ সংগ্রাম বা আক্রমণের মাধ্যমে ইংরেজ সরকারকে তারা দ্রুত, বিপর্যস্ত, এবং ভীত করেছিল, ইতিহাসে তার প্রমাণ থেকে গেছে।

৪.৩ সারাংশ

ভারতবর্ষের সংগ্রামী জাতীয়তাবাদের সময়কাল উনিশ শতকের শেষ দশক থেকে বিশ শতকের তৃতীয় দশক পর্যন্ত। কিন্তু ব্রিটিশ ঔপনিবেশিক সাম্রাজ্যবাদের সঙ্গে সশস্ত্র লড়াই বহু আগে থেকেই শুরু হয়েছিল, জাতীয়তাবোধ স্পষ্টভাবে সেই সময় জেগে না উঠলেও, বিদেশী শাসনের বিরুদ্ধে অস্ত্রের সংগ্রামকে যদি জাতীয়তাবোধের প্রকাশ বলা হয় তা হলে, অষ্টাদশ শতকের কিছু কৃষক আন্দোলন থেকে শুরু করে ১৮৫৭ সালের মহাবিদ্রোহ পর্যন্ত সশস্ত্র সংগ্রামের একটি পূর্বতন ধারা আগেই ছিল।

বিশ শতকের সূচনায় চরমপন্থী থেকে পরবর্তী সংগ্রামী আন্দোলনের জন্ম হয়। বহু সংগঠন, সংবাদপত্র এবং ব্যক্তি মানুষের চিন্তাভাবনা সংগ্রামী জাতীয়তাবাদকে পরিণত রূপ দিয়েছিল।

প্রথম পর্বে ১৯০৬-১৯১৪ এই পর্বে, মহারাষ্ট্র, বাংলা এবং পাঞ্জাবে সংগ্রামী সশস্ত্র আন্দোলনের চরিত্র ছিল এইরকম— গোপন সংগঠন ও ষড়যন্ত্র, অত্যাচারী ইংরেজ কর্মচারীকে শাসকপক্ষের প্রতিনিধি হিসেবে ধরে নিয়ে অতর্কিতে হত্যা করা। এই হত্যার মাধ্যমে শাসকপক্ষের মধ্যে সন্ত্রাস তৈরী করাই প্রথম পর্বের বিপ্লবীদের উদ্দেশ্য ছিল। ধরা পড়ার পর তাদের বিচারকার্যের বিবরণগুলি প্রচার হিসাবে প্রতিষ্ঠা করা। প্রথম পর্বের বিপ্লবীরা হিন্দু ধর্মের গভীর বাইরে যেতে পারেন নি। ধর্মের নামে শপথ এবং প্রতিজ্ঞা তাদের অন্য ধর্মীয় গোষ্ঠী থেকে বিচ্ছিন্ন করে রেখেছিল। এই পর্বের বিপ্লবীদের মধ্যে স্মরণীয় হলেন বাংলার ক্ষুদ্রিরাম, অরবিন্দ এবং বারীন্দ্র, প্রফুল্লচাকী, যতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় মহারাষ্ট্রের চাপেকর এবং সাভারকর ভাতৃদ্বয়।

দ্বিতীয় পর্বের সংগ্রামী আন্দোল, ভারতবর্ষ থেকে বিদেশেও ছড়িয়ে পড়েছিল। এই পর্বের আন্দোলনের বিশেষত্ব হল ধর্মের এবং সম্প্রদায়ের গণ্ডী অতিক্রম করে, ধর্মনিরপেক্ষ জাতীয় সংগ্রামী আন্দোলন গড়ে তোলার প্রয়াস। এই ব্যাপারে গদর পত্রিকা এবং গদর আন্দোলন তৎকালীন ইংরেজ সরকারকে কানাড়া, আমেরিকা থেকে ভারতবর্ষ পর্যন্ত সন্ত্রস্ত করে রাখে। গদর আন্দোলন শুরু করেছিলেন লালা হরদয়াল। একই সময় কোমাগাতামারু জাহাজের ঘটনা, এবং বজবজের যুদ্ধ, সংগ্রামী আন্দোলনকে অন্য এবং ব্যাপকতর মাত্রায় নিয়ে যায়।

তৃতীয় পর্বের সূচনা, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর। এই পর্বের নেতৃত্ব ছিল ভগত সিং, এবং তার সহযোগীরা। হিন্দুস্থান রিপাবলিকান এ্যাসোসিয়েশন সশস্ত্র বিপ্লবকে কম্যুনিষ্ট দর্শনের প্রভাবে সকল শ্রেণীকে একত্রিত করে মুখোমুখি সংগ্রামে পরিণত করেছিল। বাংলায় সূর্যসেন, মাস্টারদা, অনন্ত সিং, গণেশ ঘোষ, প্রীতিলতা ওয়াদ্দেদার এবং কল্পনা দত্ত, চট্টগ্রাম বাহিনী তৈরী করে সংঘবদ্ধ লড়াইতে চট্টগ্রাম স্বাধীন করার প্রচেষ্টা নেন।

তৃতীয় পর্বের সশস্ত্র বিপ্লবের অন্যতম বৈশিষ্ট্য হল জাতীয় সংগ্রামে, মেয়েদের অংশ গ্রহণ। বহু অল্পবয়সী মেয়েরা, সরাসরি লড়াইতে, অথবা, বোমা, রিভলবার পাচারের কাজ করে বিপ্লবের অংশীদার হন।

সংগ্রামী জাতীয়তাবাদের অনেক ত্রুটি ছিল। তবু কংগ্রেস পরিচালিত মূলধারা জাতীয় আন্দোলনের পাশাপাশি সশস্ত্র বিপ্লব, ভারতের স্বাধীনতা ইতিহাসে, বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা তৈরী করেছিল। বস্ত্ত ইংরেজ সরকারকে সশস্ত্র বিপ্লবীরাই সন্ত্রস্ত ও ভীত করেছিল। এখানেই সশস্ত্র বিপ্লবের সাফল্য।

৪.৪ অনুশীলনী

রচনাভিত্তিক প্রশ্ন—

- ১। সংগ্রামী জাতীয়তাবাদের পটভূমি আলোচনা কর।
- ২। সংগ্রামী বিপ্লবী আন্দোলনের প্রথম পর্বের আলোচনা কর।

৩। বিপ্লবী আন্দোলনের দ্বিতীয় পর্বে গদর আন্দোলনের ভূমিকা কি ছিল?

প্রবন্ধ রচনা কর—

- ১। হিন্দুস্থান সোস্যালিস্ট রিপাবলিকান এ্যাসোসিয়েশন এবং ভগৎ সিং।
- ২। চট্টগ্রামে অভ্যুত্থান ও চট্টগ্রাম বিপ্লবীরা।
- ৩। সংগ্রামী বিপ্লবী আন্দোলনে ইতিহাসে মেয়েদের ভূমিকা।

টীকা লেখো—

(ক) মাদাম কামা, (খ) প্রীতিলতা ওয়াদেদ্দার, (গ) চাপেকর ভ্রাতৃদ্বয়, (ঘ) অনুশীলন ও যুগান্তর, (ঙ) বাসুদেব বলবন্ত ফাড়কে, (চ) শ্যামজী কৃষ্ণবর্মা, (ছ) বাঘা যতীন, (জ) ক্ষুদিরাম, (ঝ) মারাঠা ও কেশরী, (ঞ) ভবানী মন্দির, (ট) সরলা দেবী, (ঠ) ওকাকুরা, (ড) গদর কি গুঞ্জ।

দু এক কথায় উত্তর দাও।

- (ক) 'মিত্রমেলা' কারা স্থাপন করেছিলেন এবং কোথায়?
- (খ) বালসমাজ ও আর্য়বান্ধব সমাজ কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল?
- (গ) 'অনুশীলন সমিতি' প্রথম প্রতিষ্ঠা করেন কে ?
- (ঘ) 'গদর' শব্দের অর্থ কি?
- (ঙ) 'হিন্দুস্থান সোস্যালিস্ট রিপাবলিকেশন এ্যাসোসিয়েশন' এর মুখপত্রের নাম কি ছিল?
- (চ) কোন বিখ্যাত বিপ্লবী জাপানে পালিয়ে যান?
- (ছ) বীনা দাশ কাকে হত্যা করবার পরিকল্পনা করেন, এবং কোথায়?
- (জ) কল্পনা দত্ত পরবর্তী জীবনে কোন রাজনৈতিক দর্শন গ্রহণ করেন?

৪.৫ গ্রন্থপঞ্জী

1. Biopan Chandra, Mridula Mukherjee, Aditya Mukherjee, K.N. Panikkan, Sucheta Mahajan : India struggle for Independence, Penguin Books, 1989.
2. সুপ্রকাশ রায়. ভারতের বৈপ্লবিক সংগ্রামের ইতিহাস, DNBA Brothers কলকাতা ১৯৭০।
3. কমলা দাশগুপ্ত, স্বাধীনতা সংগ্রামে বাংলার নারী, জয়শ্রী প্রকাশন, কলকাতা, ১৯৬৪।

একক ১ □ প্রথম বিশ্বযুদ্ধের ভারতের রাজনীতি এবং গান্ধী

গঠন

- ১.০ উদ্দেশ্য
- ১.১ প্রস্তাবনা
- ১.২ প্রথম বিশ্বযুদ্ধ এবং ভারতবর্ষ
- ১.৩ মন্টেগু-চেমসফোর্ড আইন
 - ১.৩.১ সস্তাবনা
 - ১.৩.২ অসন্তোষ
- ১.৪ গান্ধীর আবির্ভাব এবং প্রাথমিক আন্দোলনসমূহ
 - ১.৪.১ চম্পারন সত্যাগ্রহ
 - ১.৪.২ খেড়া সত্যাগ্রহ
 - ১.৪.৩ আমেদাবাদ সত্যাগ্রহ
 - ১.৪.৪ রাওলাট সত্যাগ্রহ
- ১.৫ ভারতীয় রাজনীতিতে গান্ধীর ভূমিকা
 - ১.৫.১ গান্ধী, সত্যাগ্রহ এবং অহিংস আন্দোলনের আদর্শ
 - ১.৫.২ গান্ধীর আবেদন এবং জনপ্রিয়তা
- ১.৬ সারাংশ
- ১.৭ অনুশীলনী
- ১.৮ গ্রন্থপঞ্জী

১.০ উদ্দেশ্য

এই একক পড়ে আপনি জানবেন :

- প্রথম বিশ্বযুদ্ধের অব্যবহিত পরে ভারতবর্ষের পরিস্থিতি।
- ভারতীয় রাজনীতিতে গান্ধীর উত্থানের প্রেক্ষাপট।
- রাজনৈতিক নেতা হিসাবে গান্ধীর জনসাধারণের কাছে আবেদনের কারণ।

১.১ প্রস্তাবনা

ভারতের স্বাধীনতা সংগ্রামে তথা ভারতের রাজনৈতিক জীবনে মোহনদাস করমচাঁদ গান্ধীর অবদান শত্রু-মিত্র সকলের কাছেই অনস্বীকার্য। রাজনৈতিক এবং আদর্শগত ভাবে যারা গান্ধীর সঙ্গে একমত নন তাঁরাও ভারতের স্বাধীনতা সংগ্রামে গান্ধীর নেতৃত্বকে খাটো করে দেখেন না, কারণ বিংশ শতাব্দীর প্রথম ভাগে গান্ধী ছিলেন ভারতীয় রাজনীতির এবং রাজনৈতিক চেতনার মূর্ত প্রতীক। এই এককে ভারতীয় রাজনীতিতে গান্ধীর আবির্ভাবের প্রেক্ষাপট আলোচিত হবে।

এই এককের মাধ্যমে আপনি জানতে পারবেন কীভাবে বিক্ষিপ্ত কয়েকটি আঞ্চলিক রাজনৈতিক আন্দোলনের মাধ্যমে গান্ধী সর্বভারতীয় রাজনীতিতে প্রবেশ করেন এবং অচিরেই ভারতের অন্যতম রাজনৈতিক নেতা হিসাবে নিজেকে প্রতিষ্ঠা করেন। সবশেষে গান্ধীর রাজনৈতিক আদর্শ এবং তাঁর আবেদন, উভয়ের মাধ্যমে গান্ধীর নেতা হিসাবে জনপ্রিয়তার কারণ আলোচিত হবে।

১.২ প্রথম বিশ্বযুদ্ধ এবং ভারতবর্ষ

১৯১৪ সালে ইউরোপের একটি হত্যাকাণ্ডকে কেন্দ্র করে যখন যুদ্ধ শুরু হয়, তখন কেউই অনুমান করতে পারেনি যে সেই যুদ্ধ প্রায় চার বছর ধরে চলবে, এবং রণাঙ্গন হবে বিশ্বের একটা বড় অংশ। যুদ্ধ চলতে থাকার ফলে বিশ্বের বহু অংশে অপ্ৰত্যাশিত কিছু পরিবর্তনের ইঙ্গিত মিলতে থাকে। যুদ্ধরত অবস্থায় ব্রিটেনকে আর্থিক এবং সামরিক সাহায্যের জন্য বিশ্বজুড়ে বিস্তৃত ব্রিটিশ সাম্রাজ্যের দিকে তাকাতে হয়। অস্ট্রেলিয়া, কানাডা, দক্ষিণ আফ্রিকা অর্থাৎ সাম্রাজ্যের যে সমস্ত অঞ্চলে খানিকটা স্বশাসন আগেই দেয়া হয়েছিল তারা ডমিনিয়ন (Dominion) স্বশাসনের মাত্রা বাড়ানোর শর্তে ব্রিটিশ সামরিক প্রয়াসকে পূর্ণ সমর্থন দিয়েছিল। ভারতবর্ষ তখন স্বশাসনের অধিকার না পাওয়াতে ভারতের ব্রিটিশ শাসকেরাই নিঃশর্তে ভারতবর্ষের তরফে সবরকম সাহায্যের আশ্বাস দেন।

ভারতীয় রাজনীতিবিদরাও অবশ্য ব্রিটেনের যুদ্ধপ্রয়াসে অকুণ্ঠ সমর্থনের ঘোষণা করেন, এবং অনেকেই (যেমন তিলক, পরে গান্ধী) যুদ্ধ প্রয়াসকে সহায়তা করার ক্ষেত্রে ব্যক্তিগত উদ্যোগ নিয়েছিলেন। ভারতীয় রাজনীতিবিদদের আশা ছিল যুদ্ধ শেষ হলে ভারতবর্ষ অন্যান্য ডমিনিয়নের মত স্বশাসন পাবে। বালগঙ্গাধর তিলক এবং অ্যানি বেসান্ত “হোমরুল” আন্দোলন গড়ে তোলেন ১৯১৬ সালে থেকে। এই আন্দোলনের উদ্দেশ্য ছিল স্বশাসনের পক্ষে জনমত গড়ে তুলে স্বশাসন বা Home Rule -এর দাবি জোরদার করা।

এ সময়ে ব্রিটিশ সরকারও প্রথমে পরোক্ষভাবে এবং পরে প্রত্যক্ষভাবে এই আশার পুষ্টি করে। ১৯১৭ সালে ভারতসচিব এডউইন মন্টেগু ঘোষণা করেন যে ক্রমশ স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানের মাধ্যমে ভারতবর্ষে সাম্রাজ্যের অন্তর্ভুক্ত দায়িত্বশীল সরকার স্থাপন করাই ভবিষ্যতের ব্রিটিশ নীতি। ফলে ভারতের রাজনীতিতে সাংবিধানিক শাসনব্যবস্থা প্রতিষ্ঠার উজ্জ্বল সম্ভাবনা দেখা যায়।

ভারতবর্ষের আর্থসামাজিক পরিস্থিতিতেও প্রথম বিশ্বযুদ্ধের প্রভাব পড়ে। যুদ্ধের প্রয়োজনে ভারতবর্ষ থেকে শিল্পজাত পণ্যদ্রব্যের চাহিদা বাড়তে থাকে, এবং শিল্পদ্রব্যের যোগান সমানুপাতে না

বাড়ায় পণ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি ঘটতে থাকে। একই সময়ে কৃষিজাত পণ্যের ক্ষেত্রেও মূল্যবৃদ্ধি হতে থাকে, যার মূল প্রভাব পড়ে সাধারণের ভোগ্য কৃষিপণ্যের ওপর। বস্তুত কৃষিপণ্যের বাণিজ্যীকরণের সূচনার সময় থেকেই, অর্থাৎ ১৮৭০-এর দশক থেকেই উন্নতমানের কৃষিপণ্য (যেমন ধান, গাম) চাষের প্রবণতা বাড়ে, এবং সাধারণ গ্রামবাসীর মূল খাদ্য পণ্য (জোয়ার, বাজরা, অড়হড়) চাষের প্রবণতা কমে। ফলে ধান বা গমের মূল্যবৃদ্ধির থেকেও বেশী বৃদ্ধি হয় অনুন্নত মানের কৃষিপণ্যের। যুদ্ধকালীন চাহিদা যোগানের থেকে অনেক বেশী হওয়াতে যেখানে গমের দাম ৫০% মতন বাড়ে সেখানে বাজরার মূল্য হয়ে যায় প্রায় দ্বিগুণ। তাই, যুদ্ধের ফলে লাভবান কিছু লোককে বাদ দিলেও ভারতবর্ষের সংখ্যা গরিষ্ঠের জীবনযাত্রার মানে অবনতি দেখা দেয়।

জীবনযাত্রার মানের অবনতি আরও প্রকট হয়ে ওঠে বিশেষত গ্রামাঞ্চলে। সরকারি রাজস্ব নীতিতে কৃষকের বিপন্নতা আরও বৃদ্ধি পায়। যুদ্ধকালীন সেনাবাহিনীতে সৈন্য নিয়োগের ফলে গ্রামীণ অর্থনীতিতে কিছুটা ভার লাঘব হলেও ১৯১৮ সালে যুদ্ধ শান্তির পরে সেনারা ঘরে ফিরলে গ্রামীণ অর্থনীতির সংকট এক নতুন মাত্রা পায়। ঘরে ফেরা সৈনিকদের কৃষি অর্থনীতিতে পুনর্বীর কর্মসংস্থান সহজ ছিল না। বিশেষত যুদ্ধকালীন কৃষি পণ্যের চাহিদা কমে যাওয়ায়। একই ভাবে নগরাঞ্চলেও যুদ্ধ-ফেরত সেনাকে বিকল্প কর্মের সন্ধান দেয়া মুশ্কিল হয়ে দাঁড়ায়—বিশেষত যুদ্ধকালীন শিল্পপণ্যের চাহিদা হ্রাস পাওয়ায়।

সব মিলিয়ে ১৯১৮ সালে যুদ্ধের অবসানের সময় ভারতবর্ষে আশা-হতাশার দোলচল দেখা দিয়েছিল। এই পরিস্থিতিতেই পাশ হয় ভারত শাসন আইন।

১.৩ মন্টেগু চেমসফোর্ড আইন

১৯১৯ সালে ভারত শাসন আইন (Government of India Act) পাশ হয়। ভারত সচিব এডউইন মন্টেগু এবং ভাইসরয় লর্ড চেমসফোর্ডের নামানুসারে এটিকে মন্টেগু চেমসফোর্ড বা মন্ট-ফোর্ড আইনও বলা হয়।

মন্ট-ফোর্ড আইনে সর্বভারতীয় এবং প্রাদেশিক শাসনকাঠামোয় ব্যাপক পরিবর্তন আনা হয়। সর্বভারতীয় ক্ষেত্রে দ্বিকক্ষবিশিষ্ট আইনসভা সৃষ্টি হয়। (কাউন্সিল অফ স্টেট এবং লেজিসলেটিভ অ্যাসেমব্লী) যার সংখ্যাগরিষ্ঠ সদস্যই হবে নির্বাচিত, কিন্তু শাসনবিভাগের ওপর আইনসভার কোন নিয়ন্ত্রণ থাকবে না।

প্রাদেশিক সরকারের ক্ষেত্রে প্রবর্তিত হয় দ্বৈতশাসন (Dyarchy)। এর মাধ্যমে কয়েকটি মন্ত্রকের (যেমন, শিক্ষা, কৃষি, স্বাস্থ্য, ইত্যাদি) ভারপ্রাপ্ত মন্ত্রীদের নির্বাচিত প্রাদেশিক আইনসভার কাছে দায়বদ্ধ করে দেয়া হয়।

ভোটাধিকার প্রাপ্ত নাগরিকের সংখ্যা প্রাদেশিক আইনসভার ক্ষেত্রে হয়ে দাঁড়ায় প্রায় ৫৫ লক্ষ, এবং কেন্দ্রীয় আইনসভার ক্ষেত্রে তা হয় ১৫ লক্ষ। মুসলিম এবং অন্য সম্প্রদায়ের জন্য পৃথক নির্বাচক মন্ডলীতেও ভোটারের সংখ্যা বহুগুণ বেড়ে যায়।

মন্ট-ফোর্ড আইনের প্রকৃত উদ্দেশ্য ছিল দ্বিবিধ-আর্থিক বিকেন্দ্রীকরণ এবং ভারতীয় সহযোগীদের সংখ্যাবৃদ্ধি। বিশ্বযুদ্ধের জন্য যে ঋণভার ব্রিটেনকে বহন করতে হচ্ছিল তার থেকে অব্যাহতি পেতে সাম্রাজ্যের সর্বত্র রাজস্ব আদায় এবং ব্যয় উভয়ই আঞ্চলিক প্রশাসনের হাতে তুলে দিয়ে কেন্দ্রীয় কাঠামোর ওপর ভার লাঘব করাই ছিল শ্রেষ্ঠ পছন্দ। ব্রিটিশ রাজনেতাদের অভিপ্রায় ছিল এই আর্থিক-প্রশাসনিক বিকেন্দ্রীকরণ প্রক্রিয়ার সঙ্গে ভারতীয় রাজনৈতিক নেতাদের যুক্ত করে দেয়া। ভারতীয় নেতারা আঞ্চলিক শাসনের সঙ্গে যুক্ত হলে তাঁদের রাজনৈতিক সক্রিয়তা অনেকটা প্রশমিত হবে, এবং তাঁরা সাম্রাজ্যের স্বার্থের সঙ্গে নিজেদের সহজেই মিলিয়ে নিতে পারবেন—এতে ব্রিটিশ সাম্রাজ্যের সহযোগীদের সংখ্যাবৃদ্ধি হবে।

১.৩.১ সম্ভাবনা

ব্রিটিশ সরকারের অভীষ্ট যাই থাকুক না কেন, মন্ট-ফোর্ড আইন ভারতীয় রাজনীতিতে এক ব্যাপক পরিবর্তন আনে। ১৯১৯-এর ওই আইনের সম্ভাবনাগুলি তৎকালীন রাজনীতিবিদদের চোখ এড়িয়ে যায়নি, যদিও সবকটি সম্ভাবনাই যে তৎক্ষণাৎ দৃষ্টিগোচর হয়েছিল, তাও নয়।

ভোটার সংখ্যা একবারে বহুগুণ হয়ে যাওয়ায় অকস্মাৎ সমাজের অনেক স্তরের লোকদের রাজনৈতিক তাৎপর্য বেড়ে যায়। ফলে প্রাক-যুদ্ধ পর্বে যে দেখা মুষ্টিমেয় ভারতবাসীর দৃষ্টিভঙ্গী থেকে সামাজিক বাস্তবতার প্রতিফলন ঘটত বিভিন্ন রাজনৈতিক দলের দাবী-দাওয়াতে, তা ১৯১৯-এর পরে অপ্রাসঙ্গিক হয়ে পড়ে। রাজনীতির পরিবর্তিত পরিপ্রেক্ষিতে নতুন রাজনৈতিক সমীকরণের প্রয়োজন থেকে জন্ম নেয় জনমুখী রাজনৈতিক আন্দোলন, যাতে সমাজের বহু উপেক্ষিত মানুষের সমস্যা জনসমক্ষে চলে আসে। তৎকালীন নেতাদের অগোচরেই ভারত গণতন্ত্রের পথে চলতে শুরু করে।

প্রাদেশিক শাসনভারের সীমিত বিকেন্দ্রীকরণ যুদ্ধ-পূর্ব পর্বের হতাশাব্যাঞ্জক আবহের আবসান ঘটায়। সরকারী নীতি প্রণয়ন এবং কার্যকর করার ক্ষেত্রে ভারতবাসীকে অংশগ্রহণ করার অধিকার দেবার ফলে ভারতীয় নেতাদের সামাজিক তথা রাজনৈতিক গুরুত্ব বৃদ্ধি পায়। আপাতদৃষ্টিতে এতে ব্যক্তি রাজনীতিবিদের লাভ হলেও, প্রতিনিধিত্বমূলক রাজনীতির গুরুত্ব এবং কার্যকারীতা জনমানসে প্রতিষ্ঠিত হবার অবকাশ জন্মায়। পরবর্তীকালীন রাজনীতির ধারা এই সম্ভাবনাকে আরও প্রকট করে দেয়।

১.৩.২ অসন্তোষ

মন্ট-ফোর্ড আইনে সন্তুষ্টির তুলনায় অসন্তোষের সঞ্চার বেশি হয়েছিল। বিশ্বযুদ্ধের সময়ে ব্রিটিশ প্রতিশ্রুতি ভারতে যে প্রত্যাশার জন্ম দিয়েছিল, ১৯১৯ সালের দ্বৈত শাসন প্রকল্প তার খুব অল্পই পূরণ করতে সক্ষম হয়। মন্ট-ফোর্ড আইন ছাড়াও, যুদ্ধোত্তর ভারতবর্ষে একাধিক কারণে ক্ষোভের সঞ্চার হয় যা রাজনৈতিক হতাশাকে আরও তীব্র হয়ে উঠতে সাহায্য করে।

দ্বৈতশাসনের অন্যতম ত্রুটি ছিল ভারতীয়দের হাতে তুলে দেয়া মন্ত্রকগুলির চরিত্র থেকে। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি প্রভৃতি মন্ত্রকগুলিতে ক্ষমতা ছিল কম কিন্তু দায়িত্ব ছিল বেশি। সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতে ব্রিটিশ নীতির জন্য ব্যাপক ক্ষোভ সৃষ্টি হয়েছিল। নীতির সার্বিক পরিবর্তনের প্রয়োজন থাকলেও তার জন্য

আবশ্যিক অর্থ মন্ত্রকগুলির হাতে ছিল না। সমস্ত গুরুত্বপূর্ণ মন্ত্রক ব্রিটিশ পদাধিকারীদের হাতে ছিল; এবং ভারতীয়দের হাতে তুলে দেয়া মন্ত্রকের নেয়া যে কোন সিদ্ধান্ত বাতিল করার অধিকার প্রাদেশিক গভর্নর এবং ভারতের ভাইসরয়ের থাকার ফলে কাঠামোর আমূল পরিবর্তন ঘটানোয় সাংবিধানিক সমস্যাও ছিল। ফলে বহু ভারতীয়ের মনে হয়েছিল যে মন্ট-ফোর্ড আইনের মাধ্যমে শাসনের ক্ষেত্রে খুব অল্পই স্বাধিকার দেয়া হয়েছে।

এই হতাশা যুদ্ধোত্তর সামাজিক পরিস্থিতির জন্য রাজনৈতিক ভাবে আরও তীব্র হয়ে উঠেছিল। কৃষিপণ্যের মূল্যবৃদ্ধি, শিল্পক্ষেত্রে যুদ্ধকালীন চাহিদার অবসানের দরুণ শিল্পক্ষেত্রে মজুরী হ্রাস এবং কর্মী ছাঁটাই, যুদ্ধফেরত সৈনিকদের পুনর্কর্মসংস্থানের সমস্যা— সব মিলিয়ে ব্রিটিশ বিরোধী মনোভাব চরমে ওঠে। মন্ট-ফোর্ড আইনে ভোটাধিকার প্রাপ্ত ব্যক্তির সংখ্যা ব্যাপক বৃদ্ধি পাওয়ায় এই ধরনের সমস্যা রাজনৈতিক ক্ষেত্রে গুরুত্ব পেতে শুরু করে।

অতএব, ১৯১৯ সালে ভারতবর্ষে তীব্র রাজনৈতিক আন্দোলনের জন্য পরিস্থিতি অনুকূল ছিল। রাজনৈতিক এবং সামাজিক অসন্তোষের মিশ্রণের ফলে অসহিষ্ণুতা উপমহাদেশের প্রায় সর্বত্র একই সময়ে দেখা দেয়ায় দেশব্যাপী আন্দোলনের সম্ভাবনাও ছিল উজ্জ্বল। প্রয়োজন ছিল দেশব্যাপী গ্রহণযোগ্যতা সম্পন্ন কোন নেতা বা সমষ্টিগত নেতৃত্বের। এই পটভূমিকাতেই রাজনীতিতে প্রবেশ করেন মোহনদাস করমচাঁদ গান্ধী।

১.৪ গান্ধীর আবির্ভাব এবং প্রাথমিক আন্দোলনসমূহ

গান্ধীর রাজনীতিতে হাতেখড়ি দক্ষিণ আফ্রিকায়। আইনজীবী হিসাবে সেখানে গেলেও ব্যক্তিগতভাবে বর্ণবিদ্বেষের শিকার হয়ে গান্ধী রাজনৈতিকভাবে সচেতন হন। এর পরে সেখানকার সরকার অ-শ্বেতাঙ্গদের ক্ষেত্রে বিভিন্ন বৈষম্যমূলক আইন প্রয়োগ করলে দক্ষিণ আফ্রিকায় বসবাসকারী বা কর্মরত ভারতীয়দের যে আন্দোলন গড়ে ওঠে তার রূপকার ছিলেন গান্ধী।

বিশ্বযুদ্ধ চলাকালীন গান্ধী ভারতবর্ষে ফিরে এসেই সক্রিয় রাজনীতিতে যোগদান করেননি। ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে ঘুরে গান্ধী সাধারণ মানুষের দৈনন্দিন সমস্যাগুলি বোঝার চেষ্টা করেন। ইতোমধ্যে দক্ষিণ আফ্রিকায় গান্ধীর শান্তিপূর্ণ অহিংস আন্দোলনের আংশিক সাফল্য রাজনৈতিক এবং অরাজনৈতিক, কিন্তু সচেতন ভারতবাসীকে এক বিকল্প রাজনীতির সন্ধান দেয়।

গান্ধীর এই বিকল্প রাজনীতির প্রতিভূ হিসাবে আগমন অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। তার আগে অবধি ভারতীয় রাজনীতির তিনটি ধারা—অর্থাৎ কংগ্রেসের নরমপন্থী এবং চরমপন্থী ধারা তথা সশস্ত্র বিপ্লব— কেনটাই কোন প্রত্যক্ষ সাফল্য আনতে পারেনি। সেই তুলনায় গান্ধীর সত্যগ্রহ আন্দোলন (যা ক্রমাগত চেষ্টায় সত্যের দ্বারা বিপক্ষকে তার অন্যায্য অবস্থান প্রসঙ্গে সচেতন করে দেয়) দৃশ্যতই দক্ষিণ আফ্রিকার বৈষম্যমূলক আইন পরিমার্জনে সফল হওয়ায় অনেক বেশী আশাব্যঞ্জক ছিল। এই আশায় সওয়ার হয়েই চম্পারণের পীড়িত সেখানকার কিছু ব্যক্তি কৃষকদের হয়ে গান্ধীর সাহায্য চেয়েছিলেন এবং সেই সূত্রেই গান্ধীর ভারতীয় রাজনীতি প্রবেশ।

১.৪.১ চম্পারন সত্যাগ্রহ

বিহারের চম্পারন জেলায় কৃষক অসন্তোষ চলছিল দীর্ঘদিন ধরে। রামনগর, বেতিয়া এবং মধুবন অঞ্চলের জমিদারদের থেকে ঠিকাদারী লিজ নিয়ে ইউরোপীয় নীলকর সাহেবরা ঊনবিংশ শতাব্দীতেই তিনকাঠিয়া ব্যবস্থা চালু করে, যার অনুসারে প্রতি এক বিঘা জমির অন্তত তিন কাঠাতে নীল চাষ করতে হবে, এবং তা নামমাত্র মূল্যে নীলকরদের হাতে তুলে দিতে হবে। ১৮৬০-এর দশক থেকেই এর বিরুদ্ধে অসন্তোষ দেখা যায়, কিন্তু এই অসন্তোষ চরমে ওঠে ১৯০০ সাল থেকে। ইউরোপে বস্ত্রশিল্পে ব্যবহার্য কৃত্রিম রঙ আবিষ্কারের পরে নীলের চাহিদা বহুগুণে হ্রাস পায়। নীলচাষ তেমন লাভবান না থাকায় নীলকরেরা চাষীদের দুটি বিকল্প দেন নীলচাষ থেকে অব্যাহতি পাবার জন্য শারাবেসী (খাজনা বৃদ্ধি) অথবা তাওয়ান (নীলকরের ক্ষতিপূরণ বাবদ থোক অর্থ)। কৃষকেরা এই দাবি মানতে না পেয়ে আবেদন, নিবেদন এবং আদালতে বিচার প্রার্থনা করে বিরোধিতা চালাতে থাকলেও সাফল্য আসে নি।

এহেন পরিস্থিতিতে চম্পারনের এক সম্পন্ন কৃষক রাজকুমার শুল্লা ১৯১৬ সালে কংগ্রেসের লক্ষ্ণৌ অধিবেশনে গান্ধীর সাহায্য প্রার্থনা করেন। প্রথমে ইতঃস্তত করলেও শুল্লার পীড়াপীড়িতে গান্ধী ১৯১৭ সালে চম্পারণে যান। গান্ধী চম্পারন ঘুরে দেখতে থাকাকালীন তাঁকে ঘিরে যে উত্তেজনা সৃষ্টি হয় তাতে নীলকর সাহেবরা আতঙ্কিত হয়ে গান্ধীকে বিরত করতে সরকারকে চাপ দেন। সরকার তাঁকে বিরত করার চেষ্টা করলে গান্ধী এর বিরোধিতা করেন। চম্পারনের কৃষক এবং বিহারের অন্যান্য অঞ্চলের লোকেরাও গান্ধীর পাশে দাঁড়ানোতে সরকার গান্ধীর যাতায়াতের থেকে বিধিনিষেধ তুলে নেয় এবং গান্ধীর দাবি অনুসারে একটি কমিশন নিযুক্ত করে। কমিশনের সুপারিশ অনুসারে তিনকাঠিয়া ব্যবস্থা রদ হয়ে যায় এবং মোট দেয় খাজনা বৃদ্ধির হার ২৬% থেকে কমিয়ে ২০% করা হয়। গান্ধী খাজনাবৃদ্ধির হার কমালেও খাজনাবৃদ্ধি নীতিগতভাবে মেনে নেন কারণ নীলকর এবং কৃষকদের সহাবস্থানের জন্য সংঘাত এড়ানোই তিনি বাঞ্ছনীয় মনে করেছিলেন।

পরবর্তীযুগের সমালোচকদের মতে (যেমন সুমিত সরকার) চম্পারনে তিনকাঠিয়া ব্যবস্থার অবসান ছাড়া গান্ধী প্রকৃত কোন সাফল্য অর্জন করেননি। কিন্তু এই সামান্য সাফল্যের বিশাল একটা মনস্তাত্ত্বিক তাৎপর্যও ছিল। ইতিপূর্বে কোন রাজনৈতিক ব্যক্তি বা সংগঠন সাধারণ লোকের দৈনন্দিন কোন সমস্যাকে সমাধানের কোন সরাসরি চেষ্টা করেননি। সে তুলনায় গান্ধীর প্রচেষ্টা এবং সাফল্য (তা সে যতই সীমিত হোক) দুই-ই ছিল সমান অপ্রত্যাশিত। এর ফলে রাতারাতি আঞ্চলিক একটি সমস্যা সারা দেশে দৃষ্টি আকর্ষণ করে, এবং গান্ধীর সম্বন্ধে আশার সঞ্চার হয়।

আঞ্চলিক রাজনীতির সূত্র ধরে গান্ধীর সর্বভারতীয় রাজনীতিতে আসার জন্য যে সাংগঠনিক ভিত দরকার ছিল, তাও চম্পারনেই প্রথম প্রতিষ্ঠিত হয়। রাজকুমার শুল্লা, সন্ত রাউত, প্রভৃতি সম্পন্ন চাষী, স্থানীয় মহাজন বণিক, মোক্তার এবং পীর মহম্মদ, হরবঙ্গ সহায়ের মত স্কুলশিক্ষক প্রভৃতি ব্যক্তির চম্পারনে বিশেষ সাহায্য করেছিলেন ঠিকই। কিন্তু প্রাদেশিক রাজনীতিতে গান্ধীর প্রভাব বিস্তারে আরও গুরুত্বপূর্ণ ছিলেন মফঃস্বল এবং শহরতলি অঞ্চলের পেশাজীবির। যেমন রাজেন্দ্রপ্রসাদ, অনুগ্রহ নারায়ন সিনহা, জ.ব. কপলানী, প্রভৃতি। জুডিথ ব্রাউন এঁদের বলেছেন গান্ধীর রাজনীতির “সহ-ঠিকাদার (Sub-

contractor), যাদের সাহায্যে গান্ধীর আঞ্চলিক রাজনীতির সোপান বেয়ে সর্বভারতীয় রাজনীতিতে উত্তরণ।

১.৪.২ খেড়া সত্যাগ্রহ

চম্পারনের সাফল্যের সুবাদে ১৯১৮ সালে গুজরাতের খেড়া অঞ্চলের বাসিন্দারা গান্ধীর সাহায্য প্রার্থনা করে। এক্ষেত্রে গান্ধীর সাফল্য ছিল খুবই সীমিত, কিন্তু আন্দোলন শুরু করার সুবাদেই গান্ধীর ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়।

গুজরাতের খেড়া অঞ্চলে কুনবি-পতিদার শ্রেণীর জমির স্বত্বভোগী কৃষক শ্রেণী মূলত আমেদাবাদ অঞ্চলের জন্য খাদ্যশস্য, তামাক এবং তুলা উৎপাদন করত। ঊনবিংশ শতাব্দীতে এরা সমৃদ্ধি উপভোগ করলেও ১৯৮৮ থেকে বারংবার প্রাকৃতিক দুর্যোগ এবং মহামারীর দরুণ অর্থনৈতিক দুঃসময়ের সম্মুখীন হয়। ডেভিড হার্ডিমান দেখাচ্ছেন যে ছোট পতিদার শ্রেণীর পক্ষে এই সঙ্কট আরও দুর্বিষহ হয়ে ওঠে কারণ বড় পতিদার শ্রেণীর লোকেরা বৈবাহিক পণ বা যৌতুকের সুবাদে সামাজিক প্রতিপত্তি বজায় রাখলেও, কুলীন না হওয়াতে ক্ষুদ্র পতিদাররা সেই পথ অবলম্বন করতে পারেনি। ১৯১৭-১৮ সালে শস্য ভাল না হওয়ার পাশাপাশি নিত্য প্রয়োজনীয় শিল্পদ্রব্য যেমন কোরোসিন এবং নুনের দাম বাড়ে। তার ওপর কৃষি-শ্রমিক হিসাবে নিযুক্ত বাড়াইয়া জাতির লোকেরা তাদের মজুরী বাড়িয়ে নিতে সফল হওয়ায় ক্ষুদ্র পতিদারদের প্রায় নাভিশ্বাস ওঠার উপক্রম হয়।

১৯১৭ সালে খেড়ার বাসিন্দারা গান্ধীর সাহায্য চাইলে গান্ধী প্রথমে ইতস্তত করেন, কিন্তু ১৯১৮ সালে তিন এগিয়ে আসেন। ১৯১৮ সালে শস্য ভাল হওয়াতে খাজনা মুকুবের দাবি সফল হয়নি ঠিকই কিন্তু গান্ধী কিছু ছাড় আদায় করতে পেরেছিলেন।

খেড়ার সত্যাগ্রহের ফলে বিহারের মতই বিহারেও গান্ধী কিছু অনুগামী পেয়েছিলেন। যেমন শঙ্করলাল ব্যাঙ্কার, ইন্দুলাল যোগিক এবং মহাদেব দেশাই। যারা গান্ধীর আঞ্চলিক রাজনীতি ভিত্তি নির্মাণ এবং জাতীয় রাজনীতিতে উত্তরণে সহায়ক হয়েছিলেন। কিন্তু আরও গুরুত্বপূর্ণ ছিল খেড়ায় গান্ধীর শুরু করা দীর্ঘমেয়াদী কৃষি-প্রকল্পগুলি। খেড়া অঞ্চলের বহু গ্রামীণ সংগঠন এবং গঠনমূলক কাজের সুবাদে গ্রামীণ উন্নয়নের মাধ্যমে গান্ধীয় রাজনীতির যে দুর্গ তৈরি হয়েছিল তা স্বাধীনতা সংগ্রামে জন আন্দোলনগুলির সময়ে খুব কার্যকরী সাব্যস্ত হয়েছিল।

১.৪.৩ আমেদাবাদ সত্যাগ্রহ

গান্ধীর খেড়া আন্দোলনের প্রায় সমসাময়িক ছিল আমেদাবাদ শিল্পাঞ্চলে সত্যাগ্রহ। আমেদাবাদে শিল্পাঞ্চলে প্লেগের দরুণ একটি বাড়তি ভাতা দেয়া হত। ১৯১৭ সালে আমেদাবাদের সূতীর মিলের মালিকেরা ব্যায় সঙ্কোচনের উদ্দেশ্যে এই ভাতা বন্ধ করার চেষ্টা করে। মূল্যবৃদ্ধির সময়ে এই পদক্ষেপ শ্রমিক স্বার্থবিরোধী হবার ফলে মিল শ্রমিকদের মধ্যে অসন্তোষ দেখা দেয়। ভাতা বন্ধের বিনিময়ে শ্রমিকেরা মজুরিতে ৫০% বৃদ্ধি দাবি করেছিল, মালিকেরা ২০% এর বেশি দিতে রাজি ছিল না।

এমতাবস্থায় গান্ধীর গুণমুগ্ধ শিল্পপতি অম্বালাল সারাভাই গান্ধীকে মধ্যস্থতা করতে আহ্বান করেন।

গান্ধী সমাধান সূত্র হিসেবে মজুরির ৩৫% বাড়ানোর কথা বলেন, কিন্তু মালিকেরা প্রথমে তা মানতে রাজি ছিলেন না। ১৫ই মার্চ গান্ধী প্রথম অনশনে বসেন, এবং অনতিবিলম্বেই মালিক পক্ষের সম্মতি আসায় বিষয়টির মীমাংসা হয়ে যায়।

সাধারণত বলা হয় যে, ধর্মঘটা শ্রমিকদের উদ্বুদ্ধ করতেই গান্ধী অনশনে বসেন। কিন্তু জুডিথ ব্রাউন জেলা শাসকের রিপোর্ট উদ্ধৃত করে দেখিয়েছেন যে গান্ধীর মালিকপক্ষের সঙ্গে নৈকট্য নিয়ে শ্রমিকদের বক্রোক্তির ফলেই গান্ধী অনশনে বসেন।

উদ্দেশ্য যাই থাক না কেন, গান্ধীয় রাজনীতির “সাফল্যের” ধারাকে অব্যাহত রেখেছিল আমেদাবাদ সত্যাগ্রহ। মালিক-শ্রমিক সংঘাতকে গান্ধী শ্রেণী সংগ্রামের আলোকে দেখতে নারাজ ছিলেন। তাঁর মতে মালিক-শ্রমিক সহাবস্থান এবং সহযোগিতাই ছিল এঁদের সম্পর্কের মূল কথা। মধ্যস্থতামূলক এই দৃষ্টিভঙ্গী শিল্পপতি গোষ্ঠীকে গান্ধীর প্রতি আকৃষ্ট করে, এবং গান্ধীকে রাজনীতির অন্যতম মূল স্তম্ভ হিসাবে দাঁড়াতে উদ্যোগী করে। অন্য ক্ষেত্রে শ্রমিক এবং অন্যান্য সাধারণ মানুষের চোখে গান্ধীর রাজনৈতিক সদিচ্ছা এবং ভাব মূর্তিকে আরও ইতিবাচক ভাবে প্রতিষ্ঠা করবে।

১.৪.৪ রাওলাট সত্যাগ্রহ

সর্বভারতীয় রাজনীতির আঙিনায় গান্ধীর প্রবেশ ১৯১৯ সালে রাওলাট আইনের বিরুদ্ধে আন্দোলনের সূত্র ধরে।

দ্বৈত শাসন প্রকল্পে ব্রিটিশ বাণিজ্যিক স্বার্থ ক্ষুণ্ণ হবে বলে সরকারি এবং বেসরকারি শ্বেতাঙ্গ মহলে এক আশঙ্কার সৃষ্টি হয়েছিল। এই আশঙ্কা দূর করতে ভারতীয় সামাজিক তথা রাজনৈতিক অধিকারের ওপর যুদ্ধকালীন বিধিনিষেধ স্থায়ী করার সুপারিশ করে বিচারপতি রাওলাটের অধীনে রাজদ্রোহ বিষয়ক কমিটি (১৯১৮)। ওই সুপারিশ অনুসারে ১৯১৯ সালের মার্চ মাসে ভারত প্রতিরক্ষা আইন (Defence of India Act) বা রাওলাট আইন পাশ করা হয়। এই আইন অনুসারে রাজদ্রোহমূলক কার্যকলাপের সন্দেহের ভিত্তিতেই দুবছর অবধি যে কাউকে বিনাবিচারে বন্দী রাখা যেতে পারে। রাজদ্রোহের সংজ্ঞা রাখা হয় অত্যন্ত ব্যাপক—এমনকি রাজদ্রোহমূলক বলে ঘোষিত পুস্তিকা কারও কাছে পাওয়া গেলে তা হবে রাজদ্রোহের সমান অপরাধ।

যদিও রাওলাট আইন কেবল সক্রিয় রাজনীতিবিদদের কথা ভেবেই তৈরি হয়েছিল, তাও জনমানসে এই আইন চরম ক্ষোভের উদ্বেক করে। এর কারণ ব্রিটিশ সরকারের পুলিশ তাদের উগ্র, দমনমূলক পন্থার জন্য এমনিতেই কুখ্যাতি অর্জন করেছিল। সেই পুলিশের হাতেই বর্ধিত ক্ষমতা দেয়ায় রাওলাট আইন সাধারণ ভারতবাসীর অবিশ্বাসকে আরও বাড়িয়েই দিয়েছিল।

ভারতের রাজনৈতিক জগতের সবাই রাওলাট আইনের বিরোধীতায় মুখর হলেও দেশব্যাপী অহিংস কিন্তু সক্রিয় প্রতিবাদের প্রসঙ্গটি উত্থাপন করেন গান্ধী। নরমপন্থীরা চাইছিলেন চিরাচরিত আবেদন নিবেদনেই নিজেদের সীমাবদ্ধ রাখতে। চরমপন্থীরা ব্রিটিশ সরকারকে কর দেয়া থেকে জনগণকে বিরত রাখতে চাইছিলেন। গান্ধী প্রথমে এর পরিবর্তে প্রস্তাব করেন যে, স্বেচ্ছাসেবীরা প্রাক্ষ্যে নিষিদ্ধ রাজনৈতিক পুস্তিকা বিক্রি করে গ্রেপ্তারবরণ করে রাওলাট আইনকে অকার্যকরী বলে প্রমাণ করার চেষ্টা করবে। পরে,

২৩মার্চ ১৯১৯ সালে গান্ধী ৩০শে মার্চ দেশজোড়া হরতালের ডাক দেন। পরে তিনি হরতালের দিন বদলে ৬ই এপ্রিল ধার্য করেন, যাতে সমস্ত আয়োজন ঠিকভাবে সম্পন্ন করা যায়।

রাজনৈতিক হাতিয়ার হিসেবে হরতালের অভিনবত্বই রাওলাট সত্যগ্রহকে একটা আলাদা মাত্রা এনে দেয়। একটি বিশেষ দিনে একটি বিশেষ কারণে সারাদেশের গতি স্তব্ধ করে দেয়া একাধারে ভারতীয় সংহতি এবং ব্রিটিশ শক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকার অঙ্গীকারের সূচক ছিল। ফলে ব্যক্তিগতভাবে কোন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত না থাকলেও গান্ধী বিভিন্ন জায়গা থেকে সমর্থন পান। দেশজুড়ে বিস্তৃত হোমরুল সংগঠনগুলি গান্ধীকে লোকবল এবং অর্থবল দিয়ে সহায়তা করে। কারণ ইতিপূর্বে অ্যানী বেসান্তের অন্তরীন হবার বিরুদ্ধে হোমরুল সমর্থকদের গান্ধী সমর্থন করেছিলেন। অনুরূপভাবে আলি আতুদ্বয়ের কারাবাসের বিরুদ্ধে সোচ্চার হওয়ার সুবাদে গান্ধী আনসারি এবং মৌলানা আব্দুল বারির নেতৃত্বে উত্তর ভারতের মুসলিম রাজনীতিবিদদের রাওলাট আন্দোলনের সময় পাশে পেয়েছিলেন।

রাওলাট সত্যগ্রহকে সুসংহত রূপ দিতে গান্ধী স্বয়ং “সত্যগ্রহ সভা” প্রতিষ্ঠা করেছিলেন। এই সভার উদ্দেশ্য ছিল প্রচারমূলক পুস্তিকা, ক্রোড়পত্র বিলি করা এবং রাওলাট আইনের বিরুদ্ধে “সত্যগ্রহ শপথ” হস্তাক্ষর সংগ্রহ করা। সামগ্রিকভাবে কংগ্রেস এই আন্দোলনে যুক্ত না থাকলেও মহারাষ্ট্র এবং বাংলায় কংগ্রেস সংগঠন গান্ধীর এই উদ্যোগ সমর্থন করতে এগিয়ে আসে। ব্যক্তিগতভাবে গান্ধী সত্যগ্রহের বিষয়ে সচেতনতা বাড়াতে উত্তর এবং দক্ষিণ ভারতীয় বিভিন্ন শহরে মার্চ এবং এপ্রিল মাসে ঝটিকা সফরে যেতে থাকেন।

সামগ্রিকভাবে দেখলে বোঝা যায় যে সাংগঠনিক দিক থেকে রাওলাট আন্দোলন ছিল অত্যন্ত দুর্বল। এই আন্দোলন সীমিত ছিল মূলত নগরায়িত এবং এর পুরোভাগে ছিল প্রধানত নিম্নমধ্যবিত্ত এবং মধ্যবিত্ত শ্রেণী। ৩০শে মার্চ এবং ৬ই এপ্রিল, দুটি দিনই প্রায় স্বতঃস্ফূর্ত ভাবে হরতাল পালন করা হয় ভারতবর্ষে অধিকাংশ শহরেই। তবু আন্দোলনের প্রাবল্য অনুভূত হয় অমৃতসর, লাহোর, গুজরানওয়ালা প্রভৃতি পাঞ্জাবের বিভিন্ন শহরে, আমেদাবাদ, দিল্লী, বম্বে এবং খানিকটা কলকাতায়।

রাওলাট সত্যগ্রহ প্রবলতম আকার নেয় পাঞ্জাবে। যুদ্ধের আগে থেকেই অর্থনৈতিক কারণে পাঞ্জাবে উত্তেজনার পারদ চড়ছিল। ১৯১৭ সালের মধ্যে খাদ্যদ্রব্যের দাম মজুরীর থেকে চারগুণ বেশি বৃদ্ধি পাওয়ায় পরিস্থিতি এমনিতেই ছিল অগ্নিগর্ভ। এই সময়ে আর্য সমাজের ব্রিটিশ বিরোধী কার্যকলাপ এবং ইকবালের আহ্বানে মুসলিম জাগরণেরও সূত্রপাত ঘটে। ফলে গান্ধী রাওলাট সত্যগ্রহের ডাক দেয়াতে পাঞ্জাবে ভিন্নধর্মী বহু সামাজিক তথা রাজনৈতিক ধারা ঐক্যবদ্ধ আন্দোলনের সুযোগ পায়। ৩০শে মার্চ এবং ৬ই এপ্রিলের হরতাল সর্বাঙ্গিকভাবে সফল হওয়াতে হিন্দু-মুসলিম-শিখ ঐক্য দেখে পাঞ্জাবের শাসক ও ডায়ার সন্ত্রাস্ত হয়ে পড়েন, এবং অসন্তোষের প্রাণকেন্দ্র অমৃতসরে সামরিক শাসন জারি করেন। সামরিক শাসন বলবৎ করতে পাঠানো জেনারেল ডায়ার বৈশাখী উৎসবের দিন সমস্ত সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করেন। এই ঘোষণার কথা না জেনে জালিয়ানওয়ালাবাগে বিপুল সংখ্যক লোক জমায়েত হলে দৃষ্টান্তমূলক ব্যবস্থা হিসাবে ডায়ার সহস্রাধিক নিরস্ত মানুষের ওপর গুলি চালানোর নির্দেশ দেন। এতে সরকারী মতে ৩৭৯, বেসরকারী মতে সহস্রাধিক লোক প্রাণ হারান।

অমৃতসরের দমনমূলক নীতি পাঞ্জাবের অন্যত্রও অনতিবিলম্বে অনুসৃত হয়। দিল্লীতে গান্ধীকে প্রবেশাধিকার না দেবার প্রতিবাদে ১০ থেকে ১৩ই এপ্রিল লাগাতার হরতাল চলতে থাকে। কিন্তু সমাজের নিম্নবর্ণের সহিংস আন্দোলনের প্রবণতা থেকে মধ্যবিত্তশ্রেণী আন্দোলন থেকে সরে আসে। গান্ধীর বিরুদ্ধে নেওয়া ব্রিটিশ পদক্ষেপের প্রতিবাদে আমেদাবাদে ব্যাপক হিংসাত্মক কার্যকলাপ শুরু হয় যাতে শ্রমিক শ্রেণীর ভূমিকা ছিল বেশি। তুলনায় বম্বে ছিল শান্তিপূর্ণ যদিও ১০-১১ এপ্রিল ৪৮ ঘণ্টা ব্যাপী বন্ধে বম্বে কার্যত অচল হয়ে যায়। কলকাতায় উত্তরভারতীয় হিন্দু এবং মুসলিমরা হরতালে অংশগ্রহণ করলেও বাঙালী, বিশেষত যুবসমাজের অনুপস্থিতি অত্যন্ত প্রকট হয়ে পড়েছিল।

মুষ্টিমেয় কিছু শহর বাদ দিলে প্রায় সর্বত্রই আন্দোলন কালক্রমে হিংসার দিকে ঝুঁকছিল। বিশেষত আমেদাবাদের ঘটনার পরিপ্রেক্ষিতে গান্ধী রাওলাট আন্দোলনকে “Himalayan Blunder” বলে প্রত্যাহার করে নেন। (১৮ এপ্রিল ১৯১৯)।

রাওলাট সত্যাগ্রহের সরাসরি কোন সাফল্য নজরে পড়ে না, কারণ রাওলাট আইন রদ করা হয়নি। তবু গান্ধীর রাজনৈতিক উপস্থিতি এই সত্যাগ্রহের মাধ্যমে আঞ্চলিকতার গভীর কাটিয়ে উঠে সর্বভারতীয় রাজনীতিতে গান্ধীকে প্রতিষ্ঠা করতে সাহায্য করে। শুরু হয় গণ আন্দোলনের যুগ।

১.৫ ভারতীয় রাজনীতিতে গান্ধীর ভূমিকা

১.৫.১ গান্ধী, সত্যাগ্রহ এবং অহিংস আন্দোলনের আদর্শ

গান্ধীবাদী রাজনীতি তৎকালীন সমস্ত রাজনৈতিক পন্থার থেকে স্বতন্ত্র ছিল। নরমপন্থী কংগ্রেসীদের মত গান্ধী দীর্ঘদিন স্বরাজের পরিবর্তে স্বশাসনের কথাই বলেছিলেন—১৯৩০ পর্যন্ত গান্ধী ভারতকে ব্রিটিশ শাসনমুক্ত করার কথাই বলেছিলেন, সাম্রাজ্যের সঙ্গে যোগ ছিন্ন করার অভিপ্রায় তাঁর ছিল না। রাজনৈতিক লক্ষ্য নরমপন্থীদের মত হলেও আবেদন নিবেদনের পরিবর্তে তিনি চরমপন্থীদের মত প্রত্যক্ষ সংগ্রামের পন্থা অবলম্বন করেন। নরমপন্থী উদ্দেশ্যের সঙ্গে চরমপন্থী উপায়ের সমন্বয় সাধন করেই আসে গান্ধীবাদী রাজনীতি, যার অন্যতম বৈশিষ্ট্য গান্ধীর “সত্যাগ্রহ” এবং “অহিংসা”।

ব্যক্তিগতভাবে গান্ধী ছিলেন নৈরাজ্যবাদী। কেন্দ্রীয় রাষ্ট্রব্যবস্থার ওপর তাঁর বিশেষ আস্থা ছিল না কারণ গান্ধী মনে করতেন রাষ্ট্র ব্যক্তির পূর্ণতর বিকাশকে ব্যাহত করে। লেভ তলস্তয়, জন রাস্কিন এবং হেনরি যোরোর রচনা পড়ে এবং বিলেতে তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে গান্ধী উপলব্ধি করেন যে বিশ্বজুড়ে যে আধুনিকতা এবং আধুনিক জীবনযাত্রার প্রসার ঘটে চলেছিল (যার দুই মূল স্তম্ভ হল আধুনিক রাষ্ট্র এবং শিল্প ব্যবস্থা) তাতে মানবিক মূল্যবোধগুলি অপ্রাসঙ্গিক হয়ে পড়ছিল। আধুনিক জীবনের যান্ত্রিকতা থেকে মুক্তি পেতে গান্ধী অনাড়ম্বর জীবনযাত্রার পক্ষপাতী ছিলেন। দক্ষিণ আফ্রিকায় থাকাকালীন এহেন জীবনযাত্রার সন্ধানে তিনি তলস্তয় এবং ফিনিক্স নামক দুটি আশ্রম পত্তন করেন। সেখানে গান্ধী এবং তাঁর ঘনিষ্ঠ কিছু অনুগামী শিল্প সভ্যতাকে যথাসম্ভব বর্জন করে একটি স্বনির্ভর গোষ্ঠীবদ্ধ জীবন যাপন করতেন। গান্ধীর মতে এই গোষ্ঠীবদ্ধ, অনাড়ম্বর জীবনের মাধ্যমেই সত্যের সন্ধান পাওয়া সম্ভব। এবং সত্যের সন্ধান পাওয়াই মানবজীবনের অন্যতম উদ্দেশ্য।

সত্যের অনুসন্ধান সংক্রান্ত এই ধারণাই ছিল গান্ধীবাদী রাজনৈতিক দর্শনের মূলে। গান্ধীর মতে যাই ব্যক্তির পূর্ণতর বিকাশের পথে অন্তরায় হয়ে দাঁড়াবে তা কার্যত সত্যের পথে অন্তরায় হবে। সেক্ষেত্রে সেই অন্তরায়কে দূর করে সত্য প্রতিষ্ঠাই মানুষের লক্ষ্য হওয়া উচিত। কিন্তু সত্যের প্রতিষ্ঠার জন্য হিংসা বা পেশীবলের আশ্রয় নেয়া যতটা অনৈতিক ততটাই অকার্যকর। উদ্দেশ্য সাধনে হিংসার আশ্রয় নিলে প্রতিপক্ষের মধ্যে যে তিক্ততা আসে তা সমস্যার সমাধান না করে আরও জটিল করে তোলে। তাছাড়া সত্যের স্বরূপ নিশ্চিতভাবে না জানা থাকায় নিজের মতামত জোর করে অন্যের ওপর চাপিয়ে দেয়া সত্যের পরিপন্থী।

গান্ধীর রাজনৈতিক দর্শনের মূল তত্ত্ব ছিল “সত্যগ্রহ”। অর্থাৎ সত্যের প্রতি অগ্রহ বা নিষ্ঠা জনিত যে শক্তি। সত্যগ্রহ বলতে গান্ধী বুঝতেন আলাপ-আলোচনা এবং প্রয়োজনে অহিংস-কিন্তু-সক্রিয় প্রতিরোধ দ্বারা প্রতিপক্ষের মত পরিবর্তনের নিরলস চেষ্টা। গান্ধীর জীবনদর্শনে মনে করা হত যে ব্যক্তি মূলগতভাবে কখনো অশুভ শক্তির আধার হতে পারে না। কোন ব্যক্তি সত্যের পথে অন্তরায় সৃষ্টি করে তখনই, যখন সে সত্যের স্বরূপ জানে না। একজন সত্যগ্রহীর তাই কর্তব্য প্রতিপক্ষকে সত্যের স্বরূপ জানানো এবং তাকে সত্যের পথে ফিরিয়ে আনা।

যে কোন কারণে প্রতিপক্ষ সত্যের স্বরূপ বুঝতে অপারগ হলে একজন প্রকৃত সত্যগ্রহী সক্রিয় প্রতিরোধ গড়ে তুলতে নীতিগতভাবে বাধ্য। কারণ সত্যের জন্য সব কিছু ত্যাগ করা গেলেও কোন কিছুর জন্যই সত্যকে ত্যাগ করা যায় না। কিন্তু গান্ধীর মতে সক্রিয় প্রতিরোধ মানে সহিংস আন্দোলন নয়। মানুষ হিংসার আশ্রয় নেয় তখনই যখন সে প্রতিপক্ষের শক্তিকে ভয় পায়, এবং বাহুবলে তাকে পরাজিত করে নিজের শক্তি সম্বন্ধে নিজেকে আশ্বস্ত করার চেষ্টা করে। সেক্ষেত্রে স্বপক্ষ বা প্রতিপক্ষ যেই জয়ী হোক, আসলে জয়ী হয় পশু-শক্তি। পরাজিত হয়ে সত্য, মানবিক মূল্যবোধ। পরাজিত পক্ষ নিজের চ্যুতি-বিচ্যুতি বিষয়ে সচেতন না হয়ে প্রতিপক্ষের প্রতি বিদ্বেষ পোষণ করে—এই বিদ্বেষ পরে আরও জটিল সমস্যার বীজ হয়ে দেখা দেয়। পক্ষান্তরে গান্ধীর মতে প্রতিবাদ অহিংস হলে, পেশী-শক্তি বা পশুশক্তির ওপর নির্ভরশীল না হলে, প্রতিপক্ষের মনে পরিবর্তন আসতে বাধ্য। সত্যগ্রহী শত প্রতিকূলতা সত্ত্বেও তার আদর্শে এবং বক্তব্যে অবিচল থাকলে প্রতিপক্ষের মনে তার নিজের আদর্শ এবং অবস্থান নিয়ে দ্বিধা জন্মাবে। ফলে হিংসার পরিবর্তে বাদানুবাদ সম্ভব হবে, এবং প্রতিপক্ষ শেষ অবধি সত্যের পথ অনুসরণ করতে বাধ্য হবে।

মনে রাখা প্রয়োজন যে গান্ধীর মতে অহিংস আন্দোলন মানে ‘নিষ্ক্রিয় প্রতিরোধ’ নয়। সত্যগ্রহীর প্রতিরোধ সক্রিয় না হলে কার্যকর হবে না, এটা গান্ধী মানতেন। তাঁর অহিংস চেতনা কখনো দুর্বলতাপ্রসূত ছিল না। সত্যের বলে বলীয়ান সত্যগ্রহীর প্রতিরোধ করার শ্রেষ্ঠ পছা ছিল প্রতিপক্ষের কতৃৎসর বৈধতাকেই চ্যালেঞ্জ করা। শাসনকারীকে ব্যক্তিগত আক্রমণ না করে তার শাসনের অধিকারকে আক্রমণ করলে সচারচর যে নৈতিক ভিত্তির ওপর শাসনের গ্রহণযোগ্যতা নির্ভর করে সেই ভিত্তি ধ্বংস হয়ে যায়। এ হেন প্রতিরোধ অহিংস হলেও সক্রিয়—গান্ধীবাদী রাজনীতির অন্যতম হাতিয়ার ছিল এই অহিংস কিন্তু সক্রিয় প্রতিরোধ।

সক্রিয় প্রতিরোধের উপায় হিসেবে গান্ধী এক অভিনব পদ্ধতি বাতলে ছিলেন। শাসকের নৈতিকতাকে চ্যালেঞ্জ করতে গান্ধী শান্তিপূর্ণ উপায়ে বিশেষ বিশেষ কিছু আইন অমান্য করার ওপর জোর দিতেন। স্বেচ্ছায় কারাবরণ করে সত্যাগ্রহী শাসককে বুঝিয়ে দিতে যে শাসকের দেয়া শাস্তিকে সে ভয় পায় না অর্থাৎ আইন যে ভীতির ওপর নির্ভর করে কার্যকর হয়, একজন সত্যাগ্রহী সেই ভয়কে জয় করেই এগিয়ে চলে। এছাড়া, গান্ধী প্রতিপক্ষের সঙ্গে অসহযোগের কথা বলতেন। শাসকের কর্তৃত্ব কায়েম থাকতে গেলে শাসিতের তরফ থেকে সেই কর্তৃত্ব মেনে নেয়ার প্রবণতা থাকতে হবে অর্থাৎ শাসকের কর্তৃত্ব শাসিতের সহযোগীতা ছাড়া কয়েক হতে পারে না। এই সহযোগীতা প্রত্যাহার করে নিলে কর্তৃত্ব ভোগকারী শক্তি বাধ্য হবে তার প্রতিপক্ষের সঙ্গে রফায় আসতে। এই অসহযোগের অন্যতম মাধ্যম ছিল সরকারী নীতির বিরুদ্ধে বিপুল জনসমাবেশ এবং প্রয়োজনে হরতাল।

প্রত্যক্ষ সংগ্রামের এই বিভিন্ন কার্যক্রমের সঙ্গে গান্ধীর সত্যাগ্রহে ছিল নিরন্তর আলাপ-আলোচনা তথা আপাস-মীমাংসার ওপর বিশেষ গুরুত্ব। গান্ধী সবসময়েই আপসের মাধ্যমে প্রতিপক্ষের সঙ্গে বিবাদের মামাংসার পক্ষপাতী ছিলেন। তবে গান্ধী শুধু আপসের স্বার্থেই আপসের পক্ষপাতী ছিলেন না। তাঁর মতে কোন ক্ষেত্রেই সত্যাগ্রহী তাঁর মৌলিক উদ্দেশ্য নিয়ে আপস করতে পারে না। কিন্তু মৌলিক উদ্দেশ্য চরিতার্থ করতে যে কোন গৌণ বিষয় নিয়ে আপসের চেষ্টা করার প্রয়োজন হলে সেই আপস সমর্থনযোগ্য।

বলা বাহুল্য, গান্ধীর এই রাজনৈতিক দর্শন তাঁর রাজনৈতিক কার্যকলাপকে আলাদা মাত্রা দিলেও খুব অল্প রাজনীতিবিদই এই পন্থা অনুসরণ করেছিলেন। তবু প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী যুগে ভারতীয় রাজনীতিতে গান্ধীর অহিংস রাজনীতির সামগ্রিক প্রভাব অনস্বীকার্য। এই প্রভাবের মূল কারণ গান্ধীবাদী রাজনৈতিক দর্শন নয়, গান্ধীবাদী রাজনীতির বিশেষ কয়েকটি বৈশিষ্ট্য যা সেই সন্ধিক্ষণে গ্রহণযোগ্য হয়েছিল।

১.৫.২ গান্ধীর আবেদন এবং জনপ্রিয়তা

রাজনীতিবিদ হিসাবে গান্ধী যে আবেদনের সঞ্চারণ করেছিলেন এবং যে জনপ্রিয়তা উপভোগ করেছিলেন, আধুনিক ভারতের ইতিহাসে তা নজিরবিহীন। আসমুদ্র হিমাচল ভারতবর্ষের সর্বত্র স্বাধীনতা সংগ্রামের অবিসংবাদী নেতা হিসাবে গান্ধী যে স্বীকৃতি পেয়েছিলেন তাঁর তুল্য স্বীকৃতি যৌথভাবে কোন রাজনৈতিক দলের নেতৃত্বও বোধকারি উপভোগ করেননি। এর একটা বড় কারণ গান্ধীর রাজনৈতিক ভিত প্রাদেশিক রাজনীতিতে সীমিত ছিল না। প্রথম থেকেই গান্ধীর রাজনৈতিক ভিত উপমহাদেশের প্রাদেশিক বিভাজন অতিক্রম করার প্রবণতা দেখিয়েছিল। কিন্তু গান্ধীর আবেদন এবং জনপ্রিয়তার জন্য গান্ধীয় রাজনীতির প্রায় সমান গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়িয়েছিল ইতিহাসের সেই সন্ধিক্ষণ যখন গান্ধী ভারতীয় রাজনীতিতে প্রবেশ করেন।

গান্ধীর পূর্ববর্তী রাজনৈতিক নেতাদের প্রত্যেকেরই রাজনৈতিক জীবনের সূত্রপাত হয়েছিল তাঁদের নিজস্ব প্রাদেশিক রাজনীতির অঙ্গনে। তাঁদের ক্ষমতার ভিত্তি প্রাদেশিক রাজনীতিতে থাকার দরুণ তাঁদের প্রভাবও মূলত একটি প্রদেশেই সীমাবদ্ধ থাকত। তাই গোখলে, তিলক, মদনমোহন মালব্য প্রভৃতি নেতৃবর্গ কংগ্রেসের সর্বভারতীয় স্তরে প্রভাবশালী হয়ে উঠলেও গোখলে এবং তিলকের প্রভাব মূলত

মারাঠা অঞ্চলে এবং মালব্যের প্রভাব মূলত যুক্ত প্রদেশে সীমাবদ্ধ ছিল। গান্ধীর রাজনৈতিক জীবনের সূত্রপাত ভারতের কোন প্রদেশে না হয়ে দক্ষিণ আফ্রিকায় হয়েছিল। সেখানে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের বিভিন্ন ধর্মাবলম্বী মানুষের সান্নিধ্যে এসে এবং তাদের নেতৃত্ব দিয়ে গান্ধী প্রাদেশিকতার সীমা অতিক্রম করেন। তাই ভারতবর্ষে ফিরে আসার পরে গুজরাতে আঞ্চলিক রাজনীতিতে যোগ না দিয়ে গান্ধী সুদূর বিহারে হস্তক্ষেপ করেন। সর্বভারতীয় রাজনীতিতে যোগদানের আগেই গান্ধীর নেতা হিসেবে যে পরিচিতি গড়ে উঠেছিল তা এই সমস্ত কারণেই অন্যান্য যে কোন নেতার থেকে আলাদা প্রকৃতির ছিল। ১৯১৫ সালে গান্ধী যখন সাবরমতী আশ্রমের প্রতিষ্ঠা করেন তখন তাঁর ঘনিষ্ঠ ২৫ জন অনুগামীর ১২ জনই ছিল তামিল ভাষাভাষি, অন্য কোন ভারতীয় নেতার কাছে ছিল অভাবনীয়।

প্রাদেশিক সীমাবদ্ধতার উর্দে থাকলেও গান্ধী ধীরে ধীরে দেশ জুড়ে তাঁর ক্ষমতার বৃত্ত প্রশস্ত করতে সচেষ্ট ছিলেন, এবং এই উদ্দেশ্যে সফলও হয়েছিলেন। এই ক্ষেত্রেও গান্ধী তাঁর পূর্ববর্তী এবং পরবর্তী নেতাদের থেকে অনেক বেশি দূরদৃষ্টির পরিচয় দিয়েছিলেন। গান্ধীর পূর্ববর্তী প্রজন্মের নেতৃবর্গ যেমন নৌরজি, উমেশ বনার্জী, দিনশ ওয়াচা, ফিরোজ শাহ মেহতা, গোখলে, তিলক — সাধারণত অন্যান্য প্রদেশের সমমনোভাবাপন্ন নেতাদের সঙ্গে রাজনৈতিক সম্পর্ক স্থাপন করার চেষ্টা করতেন। সেই আমলে সর্বভারতীয় স্তরের রাজনীতি কংগ্রেসের তিনদিনব্যাপী রাজনীতিতেই সীমাবদ্ধ থাকার দরুণ প্রাদেশিকতার গভী অতিক্রম করার কোন তাগিদও কেউ অনুভব করেননি। দক্ষিণ আফ্রিকার রাজনৈতিক অভিজ্ঞতার দরুণ গান্ধী উপলব্ধি করেন যে ব্রিটিশ সাম্রাজ্যের বিরুদ্ধে ঐক্যবদ্ধ জাতীয় সংগ্রাম গড়ে তুলতে গেলে রাজনীতির পুরানো ঝাঁচ বদলাতে হবে। তিনি উপলব্ধি করেন যে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের রাজনীতিকে তৃণমূল স্তরে নিয়ে যেতে হবে, এবং তা সম্ভব করতে গেলে আঞ্চলিক রাজনীতি সচেতন লোকেদের সঙ্গে নিতে হবে। প্রাথমিক আন্দোলনগুলির সুবাদে গান্ধী এরকম কিছু আঞ্চলিক যোগসূত্র স্থাপন করেন যেমন চম্পারন সত্যগ্রহের সূত্রে রাজেন্দ্রপ্রসাদ, খেড়ার সূত্রে মহাদেব দেশাই, আমেদাবাদের সূত্রে বল্লভভাই প্যাটেল, ইত্যাদি। এঁরা প্রাথমিকভাবে রাজনীতির লোক না হলেও গান্ধীর সান্নিধ্যে এসে প্রথমে আঞ্চলিক রাজনীতি, এবং পরে গান্ধীর ছত্রছায়ায় সর্বভারতীয় রাজনীতিতে যোগদান করেন। পরবর্তী প্রায় তিন দশক ধরে যখনই গান্ধী কোন অঞ্চলে রাজনৈতিক কারণে গেছেন, তখনই তিনি এ ধরনের যোগ স্থাপনে সফল হন। প্রখ্যাত ঐতিহাসিক জুডিথ ব্রাউনের মতে ক্ষমতার এই “সহ-ঠিকাদার”-দের (Sub-contractors of power) দৌলতে সর্বভারতীয় রাজনীতিতে গান্ধী নিজেকে ক্ষমতার মূল ঠিকাদার (Chief Contractor of Power) হিসেবে প্রতিষ্ঠা করতে পারেন। ক্ষমতা এবং প্রভাবের সোপান খেয়ে ওঠার ক্ষেত্রে গান্ধী এবং তাঁর এই আঞ্চলিক অনুগামীরা ছিলেন পরস্পরের পরিপূরক— উভয়েরই উভয়কে সমান প্রয়োজন ছিল।

রাজনৈতিকভাবে সচেতন লোকেদের সমর্থন পাবার থেকেও বেশি গুরুত্বপূর্ণ ছিল সাধারণ ভারতবাসীর রাজনৈতিক সচেতনতার বিকাশ ঘটানো। এই ক্ষেত্রেও গান্ধী ঈর্ষনীয় সাফল্য পেয়েছিলেন। প্রাক-গান্ধী পর্বে ভারতীয় রাজনীতির গভী সীমাবদ্ধ ছিল বিভিন্ন দল ও সংগঠনের কার্যকলাপের মধ্যে। তৎকালীন রাজনীতির বিস্তৃতি ছিল মূলত নগরাঞ্চলে, সমাজের উচ্চবিত্ত তথা শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে। সর্বভারতীয় রাজনীতির ক্ষেত্রে একমাত্র সংগঠন ছিল ভারতের জাতীয় কংগ্রেস। প্রাদেশিক এবং

জাতীয় রাজনীতির মূল লক্ষ্য ছিল ভারতবর্ষের শাসনব্যবস্থা এবং প্রশাসনিক কাঠামোতে ভারতীয়দের উপস্থিতি বাড়ানো। তাই আঞ্চলিক দলগুলি এবং জাতীয় কংগ্রেস উভয়েই প্রাদেশিক এবং কেন্দ্রীয় আইনসভায় নির্বাচিত বা মনোনীত ভারতীয় জনপ্রতিনিধির সংখ্যা বাড়ানোর দাবি জানান কংগ্রেস ক্রমশ নির্বাচিত জনপ্রতিনিধিত্বের কথা বলছিল, আলিগড়ের নেতৃবর্গ এবং পরে মুসলীম লীগের নেতৃবর্গ প্রথমে নির্বাচনের বিরোধিতা করেন এবং পরে পৃথক নির্বাচনমণ্ডলীর দাবি জানান। প্রশাসন ব্যবস্থার ক্ষেত্রেও কংগ্রেস সিভিল সার্ভিস (Indian Civil Service বা I.C.S)-এ ভারতীয়দের সাফল্যের অনুকূল ব্যবস্থার (অর্থাৎ, পরীক্ষার্থীদের বয়সের উর্দ্বসীমা বৃদ্ধি) দাবি জানায়, আলিগড় প্রশাসনে মুসলিম যুবকদের জন্য আসন সংরক্ষণের দাবি জানায়। শহরের বিস্তারিত এবং পেশাজীবী শ্রেণীভুক্ত লোকেরা এই রাজনৈতিক দাবি-দাওয়ায় ধরা পড়লেও বৃহত্তর ভারতের সামাজিক বাস্তবতার কোন ছোঁয়াই এই দাবিসমূহের ধরা পড়েনি। ফলে ভারতের সাধারণ মানুষও এই রাজনীতির সঙ্গে একাত্ম হতে পারেনি।

রাজনীতির সঙ্গে জনসাধারণের যোগ স্থাপনের উদ্দেশ্যে গান্ধী ভারতীয় ভারতীয় রাজনীতির ব্যাকরণই পাল্টে দিয়েছিলেন। গান্ধী কোন বিমূর্ত রাজনৈতিক দাবি নিয়ে আন্দোলন করতেন না। সাধারণত বিশেষ বিশেষ উত্তেজক পরিস্থিতিতে গান্ধী এমন কোন বিষয় ঘিরে আন্দোলন করতেন যার তাৎপর্য হত সহজবোধ্য। সর্বভারতীয় রাজনীতির আঙিনায় গান্ধী যতবার আন্দোলনের ডাক দেন, প্রত্যেকবারই তিনি এমন একটি বিষয় বেছে নিয়েছিলেন যা সারা ভারতে সব শ্রেণীর মানুষই সহজে বুঝতে পারবে। সীমিত, শহরে কিছু শ্রেণীর অর্থনৈতিক, সামাজিক বা রাজনৈতিক চাহিদা নয় গান্ধীর আন্দোলনের মূল উদ্দেশ্য ছিল ব্রিটিশ শাসনজনিত ভারতীয় সমাজের দুর্দশা দূর করা। তাই আঞ্চলিক রাজনীতি বা সর্বভারতীয় রাজনীতি, সর্বত্রই গান্ধী বিশেষ বিশেষ সমস্যা দূর করতে সচেষ্ট ছিলেন। জাতীয় রাজনীতিতে তাঁর প্রথম পদক্ষেপ, রাওলাট সত্যগ্রহের সময়। গান্ধী ব্রিটিশ আইনের দমনমূলক চরিত্রের দিকে জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। রাওলাট আইনকে মূলত রূপক হিসাবে ব্যবহার করে তিনি বোঝাতে চেয়েছিলেন ভারতের সবথেকে ধনী এবং সবথেকে দরিদ্র ব্যক্তি ব্রিটিশ শক্তির সামনে সমান অসহায়। তেমনি অসহযোগ আন্দোলনের সময়ে গান্ধী জনগনকে বুঝিয়ে দিয়েছিলেন যে ব্রিটিশ শাসনের স্থিতিশীলতা নির্ভর করছে ভারতীয়দের আনুগত্য এবং সহযোগিতার ভিত্তিতে। সেই সহযোগিতা প্রত্যাহার করে নিলে প্রবল প্রতাপশালী ব্রিটিশ সরকারের ক্ষমতা ব্যাপক হ্রাস পাবে।

উদ্দেশ্যের সহজবোধ্যতার মতই গান্ধীর রাজনৈতিক পন্থাও ছিল সহজবোধ্য। সংবিধান সভায় ভারতীয় প্রতিনিধিত্ব বিষয়ে দৃষ্টিপাত না করে গান্ধী রাজস্বের চড়া হার, কৃষিশিল্প এবং বস্ত্রশিল্পের ওপর ব্রিটিশ শাসনের নেতিবাচক প্রভাব, শ্রমিকদের সমস্যা প্রভৃতি দৈনন্দিন বাস্তবিকতার কথা বলাই গান্ধী শ্রেয় মনে করতেন। এবং এই শোষণমূলক ব্রিটিশ ব্যবস্থার বিকল্প হিসাবে গান্ধী তুলে ধরেন অন্য এক সমাজজীবনের চিত্র যেখানে আধুনিক সভ্যতার কুফলগুলি অনুপস্থিত। ভারতবর্ষের অশিক্ষিত, নিরক্ষর লক্ষ লক্ষ গ্রামবাসীর কাছে এই বার্তা পৌঁছে দিতে গান্ধী রামরাজ্যের কথা বলতে থাকেন। রামরাজ্য বলতে গান্ধী কোন হিন্দু রাষ্ট্র স্থাপনের কথা বলতেন না। রামরাজ্য বলতে তিনি এমন এক সমাজব্যবস্থার কথা বলতে যা দাঁড়িয়ে ছিল ন্যায় ও সত্যের মত সর্বজনগ্রাহ্য মূলবোধের উপর। কিবা হিন্দুধর্ম, কিবা ইসলাম, সর্বত্র আদর্শ সমাজব্যবস্থার বুনয়াদ সত্য এবং ন্যায় হওয়াতে রামরাজ্যে অ-হিন্দু ব্যক্তিদের কোন অসুবিধার অবকাশ

থাকতে পারে না। তাই গান্ধী হিন্দুদের পাশে পেতে রামরাজ্যের কথা বলার পাশাপাশি মৌলানা আব্দুল বারি, আনসারি প্রভৃতি মুসলিম ধর্মপ্রাণ নেতার সাহায্যে মুসলিম সমাজের দিকে সমর্থন চেয়ে হাত বাড়ান। গান্ধী বুঝেছিলেন যে আদতে ধর্মপ্রাণ এবং পাশ্চাত্য শিক্ষায় বঞ্চিত লক্ষাধিক ‘মূর্ক’ ভারতীয়দের সঙ্গে যোগাযোগ স্থাপন করতে হলে পাশ্চাত্য রাজনৈতিক ধ্যানধারণা বিসর্জন দিতে হবে— মানুষকে আহবান জানাতে গেলে রাজনীতি থেকে ধর্মকে পৃথক করলে চলবে না, রাজনীতির স্বার্থেই ধর্মকে আহবান করতে হবে। তবে বলা বাহুল্য, গান্ধীর কাছে ধর্মের উপযোগিতা ছিল সামাজিক মূল্যবোধের আধার, যার মূল উদ্দেশ্য মানুষের সঙ্গে মানুষকে জুড়ে দেয়া, মানুষকে মানুষের থেকে ধর্মের নামে পৃথক করা নয়। গান্ধীর রাজনীতির এই মূল্যবোধ-কেন্দ্রিকতার জন তিনি পাশে পেয়েছিলেন মৌলানা আজাদের মত বিদগ্ধ ব্যক্তি এবং ভারতবর্ষের লক্ষাধিক মানুষকে, যারা পাশ্চাত্যমুখী প্রাতিষ্ঠানিক রাজনীতির সঙ্গে নিজেদের মেলাতে পারতেন না। এঁদের কাছে গান্ধী রাজনীতির এক অন্য অর্থ বহন করে এনেছিলেন, যেখানে রাষ্ট্র এবং সমাজ পরস্পরের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে যুক্ত—রাষ্ট্রনির্মাণ যেখানে সমাজকে অস্বীকার করে হতে পারে না। রাজনীতিতে ‘মূল্যবোধকে এরকম প্রাধান্য দেয়াতে অগুনতি সমাজকে অস্বীকার করে হতে পারে না। রাজনীতিতে ‘মূল্যবোধকে এরকম প্রাধান্য দেয়াতে অগুনতি ভারতবাসীর মনে হয়েছিল যে এই সংগ্রাম আসলে তার সংগ্রাম, কারণ গান্ধী যে মূল্যবোধের কথা বলেছেন সেটি আসলে তারই মূল্যবোধ। এইভাবেই গান্ধীর ছত্রছায়ায় ভারতে শুরু হয় জনমুখী রাজনীতি।

জনমুখী রাজনীতির সুবাদেই গান্ধীর সঙ্গে ভারতের প্রাতিষ্ঠানিক রাজনীতির যোগ স্থাপন সম্ভব হয়েছিল, কিন্তু সেটিই একমাত্র কারণ ছিল না। একথা সত্যি যে মন্ট-ফোর্ড আইনে ভোটাধিকারপ্রাপ্ত নাগরিকের সংখ্যা বহুলাংশে বেড়ে যাওয়ায় প্রাতিষ্ঠানিক রাজনীতির সঙ্গে যুক্ত রাজনৈতিক দলগুলি ক্রমশ জনমুখী হবার প্রচেষ্টা করে চলেছিল। এ রকম পটভূমিকায় গান্ধীর আঞ্চলিক সাফল্য এবং রাওলাট সত্যাগ্রহের সুবাদে দেশ জোড়া পরিচিতির ফলে গান্ধীর রাজনীতির উপযোগিতা সবার কাছেই সহজবোধ্য ছিল। তাই ১৯১৯-২০ সাল থেকেই সর্বভারতীয় রাজনীতির সবথেকে প্রভাবশালী সংগঠন কংগ্রেসের সঙ্গে ভারতীয় রাজনীতির উদীয়মান তারকা গান্ধীর নৈকট্য যেন অনেকটাই অনিবার্য ছিল।

তবে কংগ্রেসের গান্ধীকে প্রয়োজন ছিল, গান্ধীর কংগ্রেসকে কিছু কম প্রয়োজন ছিল না। গান্ধী বুঝেছিলেন যে জনমুখী রাজনীতিকে সাংগঠনিক রূপ না দিলে সে রাজনীতির প্রভাব সুদূরপ্রসারী হবে না। ফলে ব্যক্তিগতভাবে কংগ্রেসের সদস্য না হলেও গান্ধী কংগ্রেসের কাঠামোয় আমূল পরিবর্তন করে সংগঠনটিকে জনমুখী করে তোলেন (পরের এককে দেখুন)। কংগ্রেসের সর্বভারতীয় বিস্তারকে ব্যবহার করে ভারতের প্রতিটি প্রদেশে গান্ধী বকলমে উপস্থিত হতে থাকেন। গান্ধীর পরামর্শে কাঠামোগত পরিবর্তনের ফলে কংগ্রেস ভারতের গ্রামে গ্রামে পৌঁছে যায়। ১৯২০-এর পর থেকে তাই ভারতীয় রাজনীতিতে গান্ধী এবং কংগ্রেস সমার্থক না হলেও ওখপ্রোতভাবে যুক্ত হয়ে যায় অবশ্যই। গ্রামে গ্রামে কংগ্রেসের সাংগঠনিক উপস্থিতির মাধ্যমে গান্ধীও ঘরে ঘরে পরিচিত হয়ে ওঠেন ব্রিটিশ বিরোধী আন্দোলনের অবিসংবাদী নেতা হিসেবে।

জনমুখী রাজনীতির সঙ্গে কংগ্রেসের অতি সহজেই মানিয়ে নিতে পারার পিছনেও গান্ধীর বিশাল অবদান ছিল প্রাথমিকভাবে কংগ্রেস বিত্তশালী শ্রেণীভুক্ত লোকদের সংগঠন হবার সুবাদে জনমুখী হয়ে উঠতে না পারার অন্যতম কারণ ছিল শ্রেণীস্বার্থের সংঘাত। ভূস্বামী শ্রেণীর প্রভাবের দৌলতে কংগ্রেস

প্রথম তিন দশক কৃষক স্বার্থের প্রসঙ্গ উত্থাপন করতেও পারেনি ফলে কংগ্রেসে প্রথম তিন দশক ধরে কৃষকশ্রেণীর কোন উপস্থিতি ছিল না। একইভাবে শিল্পপতিদের সমর্থন ধরে রাখতে শ্রমিকস্বার্থ কংগ্রেসে উপেক্ষিত হয়ে থাকত বিশ্বযুদ্ধের পর অবধি। গান্ধীর রাজনৈতিক দর্শনে শ্রেণী সংঘাতের পরিবর্তে শ্রেণী সহযোগিতার ওপর জোর দেয়াতে শ্রেণী-স্বার্থ সংক্রান্ত মৌলিক বিরোধটি মিটে যায়।

গান্ধীর সমাজদর্শনের কেন্দ্রে ছিল সদাশয় পিতৃবৎ এক মনোভাব এবং সামাজিক দায়বদ্ধতার ধারণা। গান্ধী মনে করতেন জমিদার এবং কৃষক, মালিক এবং শ্রমিক তাদের নিজ নিজ অর্থনৈতিক বলয়ে একে অপরের পরিপূরক। তাঁর মতে জমিদার এবং কৃষকের শ্রেণীগত বিরোধের থেকে অনেক বেশি তাৎপর্যপূর্ণ তাদের পারস্পরিক নির্ভরশীলতা। গ্রামীণ অর্থনীতিতে জমিদারের কৃষককে যতটা প্রয়োজন, কৃষকেরও জমিদারকে ততটাই প্রয়োজন। গান্ধীর চোখে একজন জমিদার কৃষকের ভাল-মন্দের জন্য ততটাই দায়বদ্ধ যতটা এক পিতা তার সন্তানের জন্য দায়বদ্ধ থাকেন। একই ভাবে শিল্পক্ষেত্রে মালিক এবং শ্রমিক পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে অর্থনীতিকে সচল রাখে, এবং মালিক শ্রমিকের অবস্থার জন্য সমাজের কাছে দায়বদ্ধ। ফলে গান্ধীর দর্শনে মার্কসীয় শ্রেণী সংঘাত হল বস্তুত এক অবাঞ্ছনীয় পরিণতি। আদর্শ পরিস্থিতিতে আন্তঃশ্রেণী বিবাদ সামাজিক দায়বদ্ধতার আলোক আলোচনার দ্বারা দূর হবে।

গান্ধীর রাজনীতির তত্ত্ব অনুসারে চলতে তাই বিপরীতধর্মী শ্রেণীস্বার্থের মধ্যে আপস করে বৃহত্তর জাতীয় স্বার্থে একত্রে সংগ্রাম করার সম্ভাবনা ছিল প্রবল। প্রায় সর্বত্র জঙ্গী সংগ্রামের পরিবর্তে আলাপ-আলোচনা এবং নৈতিকতার ওপর জোর দেওয়ার পাশাপাশি সমস্ত সমস্যাকে সমস্যার মর্যাদা দেয়াতে গান্ধী বিপরীত ধর্মী স্বার্থগোষ্ঠীর মধ্যে সমন্বয় সাধন করতে পেরেছিলেন। ফলত, পূর্বেকার রাজনীতিবিদদের মত গান্ধীর জনপ্রিয়তা কোন বিশেষ শ্রেণীর মধ্যেই সীমাবদ্ধ ছিল না, সব শ্রেণীর কাছেই গান্ধীর জনপ্রিয়তা ছিল অভূতপূর্ব। এই জনপ্রিয়তা গান্ধীর জন আন্দোলনের ক্ষেত্রে এক বিশাল অবলম্বন সাব্যস্ত হয়েছিল।

তবু গান্ধীর আবেদন এবং জনপ্রিয়তার ক্ষেত্রে আলোচিত প্রত্যক্ষ বা পরোক্ষ কারণগুলি গান্ধীর সার্বজনীন গ্রহণযোগ্যতার পক্ষে যথেষ্ট নাও হতে পারত। অন্যান্য রাজনৈতিক তথা সামাজিক আন্দোলনের নেতাদের মতই গান্ধী নিছক একজন বড় মাপের ব্যক্তিত্ব হিসাবে সীমিত থাকতে পারতেন। কিন্তু ঘটনাক্রমে গান্ধী হয়ে দাঁড়িয়েছিলেন জীবন্ত কিংবদন্তী। উপমহাদেশের এক বিস্তীর্ণ অঞ্চল জুড়ে ভারতবর্ষের নিরক্ষর, সাধারণ লোকের কাছে গান্ধীর পরিচয় ছিল একজন পরিত্রাতা হিসাবে। গান্ধীর রাজনৈতিক উদ্দেশ্য এবং উপায়ের সহজবোধ্যতা এবং তাঁর অনাড়ম্বর জীবনযাত্রা তাঁকে অন্যান্য প্রতিষ্ঠিত রাজনীতিবিদদের তুলনায় অনেক কাছের মানুষ বলে প্রতিষ্ঠা পেতে সাহায্য করেছিল। সাধারণ লোকের সাধারণ সমস্যাগুলিকে জনসমক্ষে আনার ফলে সাধারণের মনে হতে থাকে যে গান্ধী আসলে তাদের লড়াইটাই লড়াই। ফলে দেশজুড়ে একটা প্রবণতা দেখা যায়, যে যেখানে উর্দ্ধতন কোন ক্ষমতার বিরুদ্ধে লড়াই, তার নেতৃত্ব জনমানসে গান্ধীর ওপরে আরোপিত হচ্ছে। যেমন ১৯২১ সালে উত্তর প্রদেশের ভূমিহীন কৃষকেরা মনে করতেন গান্ধী তাদের কৃষিজমি পেতে আন্দোলনে নেতৃত্ব দিচ্ছেন। ওই বছরই আসামের চা বাগানের কুলীরা কাজ

ছেড়ে যাবার সময় বলে যে তারা গান্ধীর আদেশ পালন করছে—যদিও এর মূল কারণ অসন্তোষজনক মজুরী এবং কাজের পরিবেশ বলেই অনুমেয়।

গোরক্ষপুরে ১৯২০-এর দশকের প্রারম্ভিক পর্ব নিয়ে শাহীদ আমীনের গবেষণা দেখাচ্ছে গান্ধীকে সাধারণ মানুষ নিজের কল্পনার রঙে কেমন ভাবে রাঙিয়ে নিয়েছিল। বহু কৃষক খাজনা দিতে অস্বীকার করে এই বলে যে গান্ধী মহারাজের আগমনের ফলে ব্রিটিশ রাজ্যের সমাপ্তি আসন্ন, তাই ব্রিটিশ সরকারকে খাজনা দেবার আর কোন প্রয়োজন নেই। এলাহাবাদ জেলার কিষণ আন্দোলন সংক্রান্ত ১৯২১-এর এক গোয়েন্দা রিপোর্টে বলা হয় যে জমিদারদের বিরুদ্ধে সংগ্রামরত কৃষকদের ধারণা যে গান্ধী আসলে ব্রিটিশ শক্তির বিরুদ্ধে নন, তিনি জমিদারদের শোষণের বিরুদ্ধে কৃষক আন্দোলনের নেতৃত্ব দিতে এসেছেন। এরকমভাবে অধিকাংশ ভারতবাসীই তাদের ব্যক্তিগত ক্ষোভ, অভিযোগ, বিদ্বেষের বহিঃপ্রকাশ হিসাবে গান্ধীকে দেখতেন। অন্যান্য নেতৃবর্গ যেখানে ব্রিটিশ শক্তির সঙ্গে সংগ্রামরত বলে পরিচিত ছিল, গান্ধীর সেখানে পরিচয় ছিল সবরকম অন্যান্যের বিরুদ্ধে লড়তে থাকা এক জীবনযোদ্ধার। তাই বহুক্ষেত্রে এমন হয়েছে মানুষ নিজের সাফল্যের কৃতিত্বও নির্দিষ্টায় গান্ধীকে দিয়ে দিয়েছে। প্রতাপগড়ে কৃষকদের জমি থেকে বে-আইন উচ্ছেদ রোখার আন্দোলন ১৯২১ সালে সফল হলে সেখানকার লোকেরা এর জন্য গান্ধীকে কৃতিত্ব দেয়—যদি গান্ধী বা কংগ্রেস নয়, এই আন্দোলনের নেতৃত্ব দেন বাবা রামচন্দ্র।

দেশের প্রতিবাদী সত্ত্বা হিসাবে গান্ধীর এই ভাবমূর্তি কতকটা জনশ্রুতির ওপর ভিত্তি করে গড়ে উঠলেও কংগ্রেসের সাংগঠনিক শক্তি প্রায় সমান গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল। ভারতবর্ষের প্রত্যন্ত অঞ্চলেও কংগ্রেসের শাখা সংগঠন থাকতে জনজীবনের প্রায় প্রতি ক্ষেত্রেই কংগ্রেস কোন না কোন ভাবে উপস্থিত থাকতে পারে। জনশ্রুতির ভিত্তিতে গড়ে ওঠা গান্ধীর ভাবমূর্তি কখনো সচেতনভাবে কখনো অচেতনভাবে কংগ্রেস সম্বন্ধে লালন-পালন করতে থাকে। ফলে জনশ্রুতির মাধ্যমে গড়ে ওঠা ভাবমূর্তি বাস্তবতার ধাক্কাতেও ভাঙেনি। বরং বিশেষ দশকের শেষ লগ্নে কংগ্রেস বেতার, মাইক্রোফোন প্রভৃতি প্রযুক্তির পূর্ণ সদ্ব্যবহার করতে শুরু করায় ইতোপূর্বে গান্ধী যাদের কাছে অধরা ছিলেন তারাও সেই কিংবদন্তীর সান্নিধ্যে আসতে পারে। কংগ্রেসের বিশাল জনসমাবেশে সহস্রাধিক লোক যখন একযোগে গান্ধীকে দেখতে এবং শুনতে পায়, শারীরিক দূরত্ব কমলেও কিংবদন্তীর প্রাবল্য কমার পরিবর্তে বাড়তেই থাকে। তবে প্রথম দিকে জনশ্রুতিতে গান্ধীর ওপর যে দেবত্ব আরোপিত হত সেই প্রবণতা ত্রিশের দশকের মধ্যেই অন্তর্হিত হয়।

গান্ধীর প্রবল রাজনৈতিক আবেদন এবং জনপ্রিয়তা ভারতের গণআন্দোলনকে এক অভিনব মাত্রা এনে দেয়। বিংশ শতাব্দীতে আসমুদ্র হিমাচল যে রাজনৈতিক সচেতনতা এবং আন্দোলন দেখা দেয় তাতে গান্ধীর নেতৃত্বের যে ভূমিকাটি ছিল বিশ্বের জনমুখী রাজনীতির ইতিহাসেও তা সমান অভিনব। এর আগে কোন একজন ব্যক্তি জনপ্রিয়তার এমন শীর্ষে পৌঁছায়নি যাতে সম্পূর্ণ ভিন্নধর্মী রাজনীতির প্রবক্তারাও তাঁর নেতৃত্ব মেনে নিয়েছেন। ১৯১৯ সালে রাওলাট সত্যগ্রহ, ১৯২২ সালে অসহযোগ আন্দোলন, ১৯৩২ সালে আইন অমান্য আন্দোলন—সব ক্ষেত্রেই যখন গান্ধী আন্দোলন প্রত্যাহারের ডাক দিয়েছেন, ইচ্ছার বিরুদ্ধে হলেও অন্যরা সেই ডাকে সাড়া দিয়েছে। এমন কী আইন অমান্য আন্দোলনের সময় সশস্ত্র বিপ্লবী আন্দোলনের নেতারাও আন্দোলন প্রত্যাহারের পরে তাঁদের প্রত্যক্ষ সংগ্রাম মূলতুবি করে দেন। সর্বভারতীয়

রাজনীতির স্তরে জাতীয় নেতা হিসাবে এরকম গ্রহণযোগ্যতা অন্য কোন নেতা লাভ করতে পারেননি। বিশেষ দশক থেকে চল্লিশের দশক পর্যন্ত ভারতীয় রাজনীতির বিভিন্ন ধারাকে একসূত্রে গেঁথে রেখে দশজোড়া স্বাধীনতা সংগ্রামকে ঐক্যবদ্ধ এবং নিয়ন্ত্রিত গণআন্দোলনের রূপ দেবার ক্ষেত্রে গান্ধীর নেতৃত্ব নির্ধারকের ভূমিকা নিয়েছিল।

১.৬ সারাংশ

১৯১৮ সালে মহাযুদ্ধ শেষ হলে ভারতবর্ষে ব্যাপক সামাজিক তথা রাজনৈতিক অস্থিরতা দেখা যায়। চার বছরব্যাপী যুদ্ধের পরে ভারতীয় অর্থনীতি তখন এক সংকটের মুখে। কৃষিপণ্য এবং অন্যান্য দ্রব্যসামগ্রীর উর্দ্ধমুখী দামের দরণ জনসাধারণের জীবন দুর্বিষহ হয়ে উঠেছিল। বিশেষত নগরাঞ্চলে এই অসন্তোষ তীব্র আকার ধারণ করেছিল। ওই একই সময়ে শাসনভার লাঘব করতে এবং ভারতের রাজনৈতিক নেতাদের সমর্থন পেতে বহু প্রতিশ্রুত ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয় মন্ট-ফোর্ড আইনের মাধ্যমে। এই আইনে প্রাদেশিক মন্ত্রিসভার কিছু দায়িত্ব নির্বাচিত জনপ্রতিনিধিদের হাতে তুলে দেয়া ছাড়াও ভোটাধিকার প্রাপ্ত নাগরিকের সংখ্যা বাড়িয়ে দেয়া হয়। এই দুটি কারণে ভারতীয় রাজনৈতিক দলগুলি সংকীর্ণ সংসদীয় রাজনীতির বদলে জনমুখী রাজনীতিতে প্রবৃত্ত হন।

প্রকৃত অর্থে ভারতে জনমুখী রাজনীতির জনক ছিলেন গান্ধী। আদতে আইনজীবী গান্ধী পেশাসূত্রে দক্ষিণ আফ্রিকায় গিয়ে সেখানকার সরকার এবং সমাজের বৈষম্যমূলক আচরণে পীড়িত হন এবং অহিংস আন্দোলনের মাধ্যমে প্রতিকার দাবি করেন। ভারতবর্ষে ফিরে গান্ধী প্রাদেশিক রাজনীতি বা কোন রাজনৈতিক দলে যোগ না দিয়ে কয়েকটি আঞ্চলিক সমস্যা দূর করতে সচেষ্ট হয়েছিলেন যা সচরাচর কোন প্রতিষ্ঠিত দল করত না।

গান্ধীর রাজনৈতিক কৌশলের অভিনবত্ব এবং চম্পারন, খেড়া এবং আমেদাবাদে সত্যাগ্রহের সাফল্য আংশিক হলেও তাৎপর্যপূর্ণ ছিল। সাধারণ মানুষের দৈনন্দিন সমস্যাকে রাজনীতির আঙিনায় নিয়ে আসায় অল্প সময়েই বিভিন্ন প্রদেশে গান্ধী অনুগামী পেতে শুরু করেন। দমনমূলক রাওলাট আইন পাশ কেন্দ্র করে গান্ধী যখন সর্বভারতীয় রাজনীতিতে প্রবেশ করেন তাঁর এই প্রাদেশিক রাজনীতির উর্দ্ধে উঠে সফল আন্দোলনকারীর ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়ে ওঠে—যদিও রাওলাট সত্যাগ্রহের উদ্দেশ্য সিদ্ধ হয়নি।

সর্বভারতীয় রাজনীতিতে গান্ধীর উষ্কার গতিতে উত্থানের অন্যতম বড় কারণ রাজনীতিবিদ হিসেবে গান্ধীর অভিনবত্ব। সশস্ত্র সংগ্রামের পথ এড়িয়ে গান্ধী দমন-পীড়নের নৈতিকতার মূলে আঘাত করেছিলেন। তাঁর অহিংস সত্যাগ্রহের আরও বড় তাৎপর্য হল এতে সাধারণ মানুষও নিজের হাতে এক রাজনৈতিক হাতিয়ার পেয়ে যায়।

গান্ধীর আবেদনের আরেকটা বড় কারণ তাঁর কর্মসূচীর সহজবোধ্যতা। যে কোন আন্দোলনের মূল উদ্দেশ্য সাধারণ লোকের দৈনন্দিন সমস্যার সঙ্গে সরাসরিভাবে যুক্ত হওয়াতে সব শ্রেণীর লোকের মনে হয় গান্ধী আসলে তাদের লড়াই-এ নেতৃত্ব দিতে এসেছেন। গান্ধীর রাজনীতির এই জনমুখীনতার সুবাদে গান্ধীকে ঘিরে বিভিন্ন অতিকথার (Myth) জন্ম হয় যা তাকে অল্প সময়েই গগনচুম্বী জনপ্রিয়তা এনে দেয়।

গান্ধীর এই জনপ্রিয়তা এবং আবেদনের সুবাদেই জাতীয় রাজনীতির অঙ্গনে গান্ধী অবিসংবাদী নেতা হিসাবে প্রতিষ্ঠিত হন, এবং জাতীয় আন্দোলনের মূলস্রোতে ভারতীয় নেতৃবর্গ তাঁর আধিপত্য ধীরে ধীরে স্বীকার করে নেন।

১.৭ সারাংশ

- (ক) মহাযুদ্ধোত্তর ভারতবর্ষে জনমুখী পরিস্থিতি কীভাবে সৃষ্টি হয়েছিল তা আলোচনা করুন।
- (খ) ভারতীয় রাজনীতিতে প্রবেশকালে গান্ধীর নেতৃত্বে সংগঠিত আন্দোলনগুলির সংক্ষিপ্ত বিবরণ দিন।
- (গ) গান্ধীর অহিংস আন্দোলন তথা সত্যগ্রহের আদর্শের সংক্ষিপ্ত আলোচনা করুন।
- (ঘ) রাজনীতিবিদ হিসাবে গান্ধীর বিপুল আবেদনের কারণ কী ছিল?

সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন

- (ক) যুদ্ধকালীন ভারতবর্ষে “হোমরুল” আন্দোলনের পুরোভাগে কারা ছিলেন?
- (খ) মন্টেগু-চেমসফোর্ড আইনে ভারত শাসন ব্যবস্থায় কোন মৌলিক পরিবর্তন দেখা গিয়েছিল?
- (গ) তিনকাঠিয়া ব্যবস্থা কাকে বলে? গান্ধীর চম্পারন সত্যগ্রহের সঙ্গে তিনকাঠিয়া ব্যবস্থা কীভাবে সম্পর্কিত?
- (ঘ) খেড়া সত্যগ্রহের প্রত্যক্ষ কারণ কী ছিল?
- (ঙ) সর্বভারতীয় রাজনীতিতে গান্ধীর আবির্ভাব কোন সত্যগ্রহের সূত্র ধরে?

১.৮ গ্রন্থপঞ্জী

১. Judik Brown — Gandhi's Rise to Power.
২. Judik Brown — Gandhi : A Prisoner of hope (OUP)
৩. অমলেশ ত্রিপাঠী — স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেস ১৮৮৫-১৯৪৭ (আনন্দ পাবলিশার্স)
৪. Sumit Sarkar — Modern India 1885-1947 (Macmillan India)

একক ২ □ গান্ধী এবং জনমুখী রাজনীতি ১৯২১-৪২

গঠন

- ২.০ উদ্দেশ্য
- ২.১ প্রস্তাবনা
- ২.২ স্বাধীনতা সংগ্রামে জনগণ এবং জনমুখী রাজনীতি
- ২.৩ খিলাফত - অসহযোগ আন্দোলন ১৯২১-২২
 - ২.৩.১ খিলাফত এবং ভারতের মুসলিম সম্প্রদায়
 - ২.৩.২ গান্ধী, খিলাফত এবং অসহযোগ আন্দোলন
 - ২.৩.৩ অসহযোগ আন্দোলনের ধারা এবং প্রকৃতি
 - ২.৩.৪ আন্দোলন প্রত্যাহার
- ২.৪ আইন অমান্য আন্দোলন
 - ২.৪.১ প্রেক্ষাপট-ভারতীয় রাজনীতি ১৯২২-২৮
 - ২.৪.২ আন্দোলনের ধারা এবং প্রকৃতি
 - ২.৪.৩ গান্ধী-আরউইন চুক্তি দ্বিতীয় গোলটেবিল বৈঠক এবং পরবর্তী রাজনীতি
- ২.৫ নির্বাচনের রাজনীতি থেকে ভারতছাড়ো আন্দোলন
 - ২.৫.১ ১৯৩৫ ভারত শাসন আইন এবং প্রাদেশিক কংগ্রেস সরকার
 - ২.৫.২ দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং ভারতের রাজনীতি
 - ২.৫.৩ ভারত ছাড়ো আন্দোলন
- ২.৬ সারাংশ
- ২.৭ অনুশীলনী
- ২.৮ গ্রন্থপঞ্জী

২.০ উদ্দেশ্য

এই একক পড়ে আপনি জানতে পারবেন :

- স্বাধীনতা সংগ্রামে জনমুখী রাজনীতির প্রকৃতি।

- অসহযোগ, আইন অমান্য এবং ভারত ছাড়ো আন্দোলনের প্রেক্ষাপট, ধারা এবং প্রকৃতি।
- আন্দোলনগুলির অন্তর্বর্তীকালীন রাজনীতির ধারা।

২.১ প্রস্তাবনা

বিংশ শতাব্দীর বিশ থেকে চল্লিশের দশকে ভারতের রাজনীতিতে যে পরিবর্তনগুলি চোখে পড়ে সেগুলির প্রভাব স্বাধীন ভারতের রাজনীতিতেও সমানভাবে দেখা যায়। বিশের দশকের আগে যে সংকীর্ণ সংসদীয় রাজনীতি প্রচলিত ছিল, এই সময় থেকে তার অবসান ঘটে, রাজনীতির আঙিনায় প্রবেশ করে आम জনগণ।

এই এককে আপনি জানতে পারবেন সংকীর্ণ রাজনীতির বেড়া জাল ভেঙে কীভাবে রাজনীতিতে জনসাধারণের প্রবেশ ঘটে। ভারতীয় রাজনীতিকে এভাবে জনমুখী করে তোলার ক্ষেত্রে সংসদীয় রাজনীতিতে ঘটা পরিবর্তন এবং গান্ধীর নতুন রাজনৈতিক ব্যাকরণ যৌথ প্রক্রিয়ার রূপ নেয়। তবু রাজনীতিতে জনমুখীনতা একবারে আসেনি, তা এসেছিল দফায় দফায়—মূলত নিচি উপমহাদেশব্যাপী জন আন্দোলনের মাধ্যমেই এই এককে জন আন্দোলনের মাধ্যমে ভারতীয় রাজনীতির জনমুখী হয়ে ওঠার ইতিহাস আলোচিত হবে।

২.২ স্বাধীনতা সংগ্রামে জনগণ এবং জনমুখী রাজনীতি

বিংশ শতাব্দীর রাজনীতিতে যে বৈশিষ্ট্য বিশ্বজুড়ে দেখা গেছে তা হল রাজনীতির আঙিনায় জনগণের প্রবেশ। শিল্প সভ্যতার যুগে আধুনিক সমাজে সাধারণ লোকের গুরুত্ব কতকটা জ্যামিতিক হারে বৃদ্ধি পায়। রাজনীতিতে এই বর্ধিত গুরুত্বের প্রতিফলন দেখা যায় প্রতিনিধিত্বমূলক রাজনীতির তত্ত্বের মধ্যেই। উনবিংশ শতাব্দীতে এই প্রতিনিধিত্বের তত্ত্বের আবির্ভাব ঘটলেও সর্বসাধারণের রাজনৈতিক অধিকার — নারী পুরুষ, ধনী-দরিদ্র নির্বিশেষে—বিংশ শতাব্দীর আগে কোথাও রাষ্ট্রীয় স্বীকৃতি পায়নি।

ভারতবর্ষে রাজনীতির আঙিনায় সর্বসাধারণের প্রবেশ ঘটে বিংশ শতাব্দীতে বিশেষ দলকে। ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সংগ্রামকে সংসদীয় সভার বা সরকারী অলিন্দের বাইরে নিয়ে এসে গান্ধী এই পথ সুগম করে দিয়েছিলেন। সশস্ত্র বিপ্লবের পথ ছাড়াও প্রত্যক্ষ এবং সক্রিয় প্রতিবাদ করা সম্ভব—এই সত্যটি প্রতিষ্ঠিত হয় গান্ধীর নেতৃত্বে জন আন্দোলনের মাধ্যমে। অহিংস, নিয়ন্ত্রিত, বিশাল জন আন্দোলন মেন একদিকে ভারবাসীর রাজনৈতিক সচেতনতা বাড়িয়েছিল, তেমনি ব্রিটিশ শক্তির সামনে তুলে ধরেছিল বিশাল এক চ্যালেঞ্জ। দোদগ্ধ প্রতাপশালী ব্রিটিশ শক্তি উপলব্ধি করতে শুরু করে, যে “মুক শতসহস্র” ভারতীয়দের কল্যাণে অছিলায় তারা সাম্রাজ্যের নৈতিক অধিকার দাবি করে এসেছিল, সেই শতসহস্র মুক ভারতীয় সর্বসাধারণই উঠে দাঁড়ানোতে শাসনের নৈতিক অধিকার তারা হারাতে চলেছে। ১৯২০ থেকে ১৯৪৭-এ তাই ধীরে ধীরে মূল প্রশ্ন ভারতবর্ষ স্বশাসনের অধিকার পাবে কনা তাছিল না। মূলপরশ্ন হয়ে দাঁড়িয়েছিল কত তাড়াতাড়ি কতটা অধিকার পাবে।

ভারতীয় রাজনীতিবিদদের পরিপ্রেক্ষিতে জনগণের রাজনীতিতে প্রবেশের অন্য তাৎপর্যও ছিল। ইতোপূর্বে সমাজের শিক্ষিত, প্রতিপত্তিশালী গোষ্ঠীগুলির স্বার্থই রাজনৈতিক দাবি-দাওয়ায় ফুটে উঠত। সর্বভারতীয় যে বিষয়গুলির দিকে নজর দেয়া হত (যেমন ভারতীয় শিল্প ব্যবস্থার পতন, কৃষির দূরবস্থা, ব্রিটেনের বৈষম্যমূলক অর্থনৈতিক নীতি) তাতে সর্বসাধারণের দৈনন্দিন সমস্যাগুলির নিরসনের কোন তাগিদ বা অভিপ্রায় সচরাচর দেখা যেত না। এমনকী অধিকাংশ ক্ষেত্রে তেমন কোন সমস্যা আছে কিনা সে প্রসঙ্গে সচেতনতাই ছিল দুর্লভ। যে সমস্ত ক্ষেত্রে প্রত্যক্ষভাবে ঔপনিবেশিক শক্তি জড়িত ছিল না, বা বিদেশী শক্তির পাশাপাশি দেশীয় শক্তিরও সামাজিক কোন সমসায় প্রত্যক্ষ ভূমিকা ছিল (যেমন কৃষকদের দুর্দশা), সে সমস্ত প্রসঙ্গ রাজনীতির াওতার বাইরে রাখাইশ্রেয় মনে করা হত, স্বাধীনতা সংগ্রামেই রাজনীতির উদ্দেশ্য সীমিত রাখার প্রবণতার কাণ ছিল স্বাধীনতা বলতে শুধু বিদেশী শক্তির নিয়ন্ত্রমুক্তি বোঝা।

গান্ধীর সময় থেকে স্বাধীনতা বলতে ব্যাপকতর এক অর্থ বোঝা শুরু হয়। স্বাধীনতা বলতে গান্ধী বুঝতেন প্রতিটি মানুষের দৈনন্দিন জীবনে আরোপিত সমস্যার থেকে মুক্তিঙ্গ এই আরোপন বিদেশী শক্তির দ্বারা যতটা হতে পারে, ততটাই স্বদেশী শক্তির দ্বারাও হতে পারে। ভারতবর্ষ সবাধন তখনই হবে যখন এই সমস্যাগুলির ক্ষেত্রে সকলের স্বার্থ সামগ্রিক ভাবে বিবেচিত হবে এবং সমস্যা দূরীকরণের সময় দুর্বল এবং সবল উভয়কেই সমান মর্যাদা দেওয়া হবে। এই পরিবর্তিত বোধের সুবাদে ভারতের সর্বসাধারণের মধ্যে রাজনৈতিক চেতনা সঞ্চারিত হয়। সাধারণ ভারতবাসী উপলব্ধি করেছে স্বাধীন ভারতে তার নিজস্ব গুরুত্ব থাকবে, ফলে স্বাধীনতা সংগ্রামে যোগদান করা একোধারে তার অধিকার এবং কর্তব্য।

রাজনৈতিক সচেতনতার এই হাতিয়ার নিয়ে গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষে শুরু হয় জনমুখী রাজনীতি তথা জন আন্দোলনের যুগ। ক্ষমতার প্রাপ্তে অবস্থিত সর্বসাধারণ অকস্মাৎ এসে উপস্থিত হয় রাজনীতির প্রাণকেন্দ্রে। এইপরিবর্তনের যুগেই প্রোথিত হয় গণতান্ত্রিক ভারতের বীজ।

২.৩ খিলাফত-অসহযোগ আন্দোলন ১৯২১-২২

প্রথম বিশ্বযুদ্ধের অব্যবহিত পরে যে সামাজিক-রাজনৈতিক অসন্তোষ ব্রিটিশ ভারতেদেকা যায় রাওলাট সত্যগ্রহের পরে তা প্রমানিত হবার কোন লক্ষনই দেখা যায়নি। বরং জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড এবং তার পরে ব্রিটিশ সরকারের কোনরকম অনুতাপের অবাধ রাজনৈতিক অসন্তোষের মাত্রা কয়েকগুণ বাড়িয়ে দেন। প্রথম দিকে জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের পূর্ণ সত্য জানা না গেলেও ধীরে ধীরে তা প্রকাশ পেতে থাকে। ক্রমাগত ভারতীয় নেতাদের বিমুচতা উদ্ভায় পরিণত হয়। রবীন্দ্রনাথ খে গান্ধী, মতিলাল নেহরু থেকে কেলকার সকলেই ব্রিটিশ রাজের প্রতি বীতশ্রদ্ধ হয়ে উঠেছিলেন।

একই সময়ে ভারতের মুসলিম সম্প্রদায়ের মধ্যঢ় ব্রিটিশরাজের বিরুদ্ধে মনোভাব ক্রমশ কঠিন হয়ে উঠছিল। প্রথম বিশ্বযুদ্ধের কিছা আগে থেকে ভারতীয় মুসলিমরা ইসলামী দুনিয়ার খলিফা, অটোমান সুলতানের ভবিষ্যত নিয়ে উদ্বিগ্ন হয়ে উঠেছিলেন। কারণ ইউরোপের বস্কান অঞ্চল থেকে তুরস্ক

শক্তিকে ক্রমশ সরে আসতে হচ্ছিল, যাতে ইউরোপীয় শক্তিবর্গের প্রত্যক্ষ সমর্থন ছিল। বিশুযুদ্ধের সময়ে তুলস্ক ব্রিটিশ শক্তির বিরোধীতাকে জেহাদ আখা দেওয়ায় ভারতবর্ষের মুসলিমদের একটি বড়গোষ্ঠী ব্রিটিশ শক্তির বিরোধীতা করা শুরু করে। বিশ্ব যুদ্ধে তুরস্কের পরাজয়ের ফলে খলিফার ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়ে। বিশ্বের অন্য বহুদেশের মতই ভারতবর্ষের মুসলিমরাও খলিফার সৈ। মর্যাদাপূর্ণ ব্যবহারের দাবি আন্দোলন তীব্র করার কথা ভাবতে থাকে।

১৯১৯-২০ সালে এই উত্তেজক পরিস্থিতিতে ভারতের জাতীয় কংগ্রেস এবং খিলাত আন্দোলনকারীরা একে অপরে দিকে সমর্থনের হাত বাড়ান। কংগ্রেস বুঝেছিল প্রতিনিধিত্বমূলক রাজনীতির যুগে মুসলিম জনসমর্থন বারতীয় রাজনীতিকে বলিষ্ঠভাবে প্রতিষ্ঠা দিতে অপরিহার্য ছিল। খিলাফতিরা বুঝেছিল ব্রিটিশরাজের বিরুদ্ধে সফল প্রতিরোধ বা গণআন্দোলন গড়ে তুলতে তা শুধু মুসলিমসদের মধ্যেই সীমাবদ্ধ থাকলে চলবে না। তাই পারস্পরিক স্বার্থে কংগ্রেস-খিলাফতিদের বৈত্ৰী স্থাপন হয়, শুরু হয় ভারতের প্রথম নিয়ন্ত্রিত জনআন্দোলন।

২.৩.১. খিলাফত এবং ভারতের মুসলিম সম্প্রদায়

“খিলাফত” কথাটির অর্থ ‘খলিফা সম্পর্কিত’। বিংশ শতাব্দীর প্রথম দশকে বিপন্ন তুর্কী শক্তি আটোমান সাম্রাজ্যের সর্বত্র মুসলিম আনুগত্য নিশ্চিত করতে নিখিল ইসলামী মতাদর্শের পতন ঘটায়। অটোমান সুলতান সুন্দী মুসলিমদের খলিফা বলে স্বীকৃত হওয়ায় তিনি সমস্ত মুসলিমের ধর্মীয় আনুগত্যের দাবিদার ছিলেন। নিখিল ইসলামীয়তা () তুর্কী সাম্রাজ্যের সীমান্ত পেরিয়ে অন্যান্য দেশেও প্রভাব ফেলেছিল, ভারতীয় উপমহাদেশ ছিল এর অন্যতম নিদর্শন। আলী ভাতৃদয়, মৌলানা আব্দুল বারি, মৌলানা আজাদ প্রভৃতি নেতার রাজনীতিতে প্রবেশ ঘটে এইনিখিল ইসলামী রাজনীতির সূত্রেই।

গেল মিনোল্টের মত ঐতিহাসিকেরা খিলাফতি আন্দোলনের নিহিত উদ্দেশ্য নিয়ে প্রশ্ন তুলেছেন। মিনোল্ট মনে করেন খিলাফতিদের মূল উদ্দেশ্য ছিল ভারতের মুসলিম সম্প্রদায়ের মধ্যে পাশ্চাত্যমুখী আলিগড়পন্থীদের প্রভাব ঠেকানো এবং উপমহাদেশের মুসলিম জনগোষ্ঠীকে প্রাদেশিকতা এবং সংকীর্ণ স্বার্থের উর্দে এনে সুসংহত করা। সেক্ষেত্রে এমন কোন বিষয়ের প্রয়োজন ছিল যা ধনী-দরিদ্র, প্রদেশ বা শ্রেণীর উর্দে উঠে মুসলমানের সত্তাকে সরাসরি আহ্বান করতে পারে। ইসলামীব দুনিয়ার খলিফার মর্যাদাকে এই উদ্দেশ্যে ব্যবহার করলে সাধারণ ধর্মনিষ্ঠ মুসলিমদের সমর্থন পাওয়া সম্ভব ছিল, কারণ পাশ্চাত্য শিক্ষায় বঞ্চিত সাধারণ মুসলিমদের কাছে ধর্ম ছিল জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ দিক, তার আত্ম-পরিচয়ের অন্যতম অঙ্গ। পাশ্চাত্য শিক্ষাপ্রাপ্ত মুসলিমদের একটি বড় সংখ্যাও আত্ম-পরিচয়ের ক্ষেত্রে ধর্মকে অপরিহার্য মনে করতেন। তাই খিলাফত আন্দোলন কেন্দ্র করে মুসলিম সম্প্রদায়ের মধ্যে যতটা সংহতি আনা সম্ভব ছিল, আলিগড়-প্রধান মুসলিম লীগের সংসদীয় রাজনীতিতে তার কণামাত্রও সম্ভব ছিল না।

খিলাফত আন্দোলনের বাহ্যিক এবং নিহিত উদ্দেশ্য পৃথক হলেও দুটি ক্ষেত্রেই প্রত্যক্ষ লক্ষ্য ছিল ব্রিটিশ রাজ। ভারতের মুসলিমদের দুর্দশার জন্য রাজের দায় স্বরণে রেখে খিলাফতিরা ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সর্বাঙ্গিক সংগ্রাম করতে চায়। এই সংগ্রামের সাফল্যের জন্য অ-মুসলিম জনসমর্থন ছিল আবশ্যিক। খিলাফতি নেতৃবর্গ তাই শুরু থেকেইবৃহত্তর হিন্দু-মুসলিম সাম্প্রদায়িক সহাবস্থানের কথা বলে এবং ব্যাপকতর রাজনৈতিক আন্দোলনে যুক্ত হবার কথা বলে। এই প্রবণত রাওলাট সত্যাপ্রহের সময় গান্ধী-আব্দুল বারি সমঝোতার মাধ্যমে ত্বরান্বিত হয়।

২.৩.২ গান্ধী, খিলাফত এবং অসহযোগ আন্দোলন

ভারতের জাতীয় কংগ্রেসের কিছু নেতা ব্যক্তিগতভাবে খিলাফত আন্দোলনের চেষ্টা করলেও সাময়িকভাবে কংগ্রেস খিলাফত আন্দোলনের সঙ্গে যোগ দেয়াতে দ্বিধাগ্রস্ত ছিল। খিলাফতির চাইছিলেন মন্ম-ফোর্ড আইন অনুসারে গঠিত প্রাদেশিক কাউন্সিলের আসন্ন নির্বাচন বর্জন করতে। কংগ্রেসের বরিষ্ঠ নেতাদের অধিকাংশই কাউন্সিল বর্জনে নারাজ ছিলেন। চিত্তরঞ্জন দাশ, মতিলাল নেহেরু প্রমুখ চাইছিলেন প্রাদেশিক কাউন্সিলে প্রবেশ করে তা অচল করে ব্রিটিশ সরকারকে ব্যাপকতর প্রশাসনিক সংস্কারে বাধ্য করা। অ্যানী বেসান্ত প্রমুখ নেতৃবর্গ মনে করেন বহুকষ্টে অর্জিত অধিকার হেলায় ত্যাগ করা অনুচিত হবে। গান্ধী স্বয়ং প্রথমে মনে করেছিলেন ব্রিটিশদের বাড়ানো হাত গ্রহণ করাই উচিত। কিন্তু উপর্যুপরি দুটি ঘটনা তাঁর মত পরিবর্তন করে। ১৪মে ১৯২০ তারিখে সেক্রে-এর চুক্তি () অনুসারে তুরস্ক সাম্রাজ্য থেকে আরব অঞ্চলগুলি বিচ্ছিন্ন করে দেওয়া হয়, এবং খলিফার ক্ষমতা হ্রাস করা হয়। এতে ভারতীয় মুসলিমদের উষ্ণ শীর্ষবিন্দুতে পৌঁছায়। ২৯শে মে ১৯২০ তারিখে হান্টার কমিশনের রিপোর্ট ব্রিটেনের সংসদে পেশ হলে গভর্নর ও ডায়ারকে নির্দোষ সাব্যস্ত করা হয়, এবং জেনারেল ডায়ারকে লর্ডস সভা ধিক্কার জানাতে অস্বীকার করে।

বৃহত্তর রাজনৈতিক আন্দোলনের উদ্দেশ্যে কেন্দ্রীয় খিলাফত কমিটির এলাহাবাদ অধিবেশনে (১-৩ জুন ১৯২০) বহু জাতীয়দাবাদী হিন্দু নেতায়োগদান করেন। গান্ধী মৌলানা বারির অসহযোগ কার্যক্রম সমর্থন করে খিলাফতিদের মধ্যকার চরমপন্থী গোষ্ঠীর হাত শক্ত করেন। স্থির হয় ১৯১৯ সালে প্রস্তাবিত দেশ জোড়া হরতাল এবং ব্রিটিশ সরকারের সঙ্গে রাজনৈতিক তথা সামাজিক ক্ষেত্রে সবরকম সহযোগিতা প্রত্যাহারের মাধ্যমে দেশব্যাপী আন্দোলন গড়ে তোলা হবে।

গান্ধী মনে করেছিলেন যে হিন্দু-মুসলিম তথা সর্বভারতীয় ঐক্যসাধনের পর থেকে অনুকূল পরিবেশ পাওয়া যাবে। খিলাফত ভারতীয় মুসলিমের আত্ম-পরিচয়ের সঙ্গে যুক্ত থাকতে, সেই বিষয়ে ভারতের হিন্দুরা নিঃশর্তে তাদের পাশে দাঁড়ালে সাম্প্রদায়িক বিভেদের উর্দেল উঠে ঐক্য গড়ে তোলা যাবে। তদুপরি পাঞ্চাবে ব্রিটিশ অত্যাচারে হিন্দু-মুসলিম সমান ভাবে নীড়নের শিকার হওয়াতে ঐক্যসাধনের জন্য আবশ্যিক “শত্রুপক্ষ” ও উপস্থিত ছিল—ব্রিটিশ সরকার। ফলে গান্ধী কংগ্রেসের ওপর চাপ সৃষ্টি করতে থাকেন যাতে “খিলাফত অন্যায়” এবং “পাঞ্জাব অন্যায়”—এর বিরুদ্ধে খিলাফতিদের সঙ্গে কংগ্রেস হাত মিলিয়ে অসহযোগ আন্দোলন শুরু করে।

কেন্দ্রীয় খিলাফত কমিটি এলাহাবাদে চার স্তরে অসহযোগের ডাকদেয়। ব্রিটিশ খেতাব, উপাধি, বর্জন, সরকারী সংস্থা, পুলিশ এবং সেনাবাহিনী বয়কট, অর্থনৈতিক অসহযোগ (রাজস্ব দেওয়া থেকে বিরত থাকা) এবং প্রাদেশিক কাউন্সিল বর্জন। কংগ্রেস নেতৃত্বের একটি বড় অংশ এতে ব্যাপক আন্দোলনের বিরুদ্ধে ছিলেন। চিত্তরঞ্জন এবং মতিলাল নেহেরু সরকারি শিক্ষা প্রতিষ্ঠান সম্পূর্ণতন বয়কট করার বিরুদ্ধে ছিলেন কারণ বিকল্প ব্যবস্থা কিছু ছিলই না। কাউন্সিল বর্জনের প্রশ্নটিই অবশ্য সব থেকে বড় প্রতিপন্ন হয়। বম্বে এবং বাংলায় নভেম্বরে অনুষ্ঠিত নির্বাচনে কংগ্রেসের সম্ভবনা উজ্জ্বল হওয়ায় এঁরা কাউন্সিল বর্জন করতে চাননি। কিন্তু পাঞ্জাবে তেমন অবস্থা না হওয়ায় লাজপত রায় বর্জনের পক্ষে ছিলেন। বেসান্তের বিরোধীগোষ্ঠীর সক্রিয়তায় মাদ্রাজ এবং বম্বের নেতৃত্বও ক্রমশ

বেসান্তের বিরুদ্ধাচারণ করার উদ্দেশ্যে বর্জনের পক্ষে চলে যায়। সেপ্টেম্বরে উত্তর প্রদেশের পরিস্থিতি দেখে মহিলালও দ্বিধাগ্রস্ত হয়ে পড়াতে ডিসেম্বরে কংগ্রেসের নাগপুরে বার্ষিক অধিবেশনে আপসের রফা স্থির হয়। গান্ধী মনে নেন যে আন্দোলনের লক্ষ্য স্বরাজ হলেও ব্রিটিশ সাম্রাজ্যের সঙ্গে যোগ ছিন্ন করা হবেনা। স্কুল,আদালত বয়কটের পাশাপাশি বিকল্প ব্যবস্থা করতে হবে এবং বিদেশী পণ্যদ্রব্য বয়কট করতে হবে (বণিক স্বার্থ অস্বীকার করে)। বিনিময়ে দাশ কাউন্সিল বর্জন মেনে নেন। গান্ধী একবছরের মধ্যে স্বরাজ আনার প্রতিশ্রুতি দিয়ে অহিংস অসহযোগ আন্দোলন শুরু করার আহ্বান জানান।

নাগপুর অধিবেশনেই কংগ্রেসকে প্রাতিষ্ঠানিক ধাঁচ তেলেসাজানো হয় গান্ধীর কথানুসারী। ন্যূনতম সদস্য চাঁদা ৪ আনা ধার্য করা হয়, গ্রাম-তালুকা-জেলা বা শহর কমিটিকে ক্রমানুসারে সাজিয়ে ভাষার ভিত্তিতে প্রদেশিক কমিটি গঠন করে তার অধীনে আনা হয়। প্রাদেশিক নেতৃত্বের সঙ্গে সর্বভারতীয় নেতৃত্বের যোগ হিসেবে ১৫ সদস্যের কার্যনির্বাহী কমিটি এবং সর্বভারতীয় কংগ্রেসে কমিটি সৃষ্টি হয়, যাতে জনসংখ্যারে অনুপাতে প্রতিনিধি নির্বাচিত হবে। এইসাংগঠনিক পুনর্বিদ্যাসের মাধ্যমে কংগ্রেস ভারতবর্ষের প্রতিটি অঞ্চলে শাখা-সংগঠনের মাধ্যমে হাজির হতে সফল হয়, এবংজনমুখী রাজনীতির জন্য উপযোগী হয়ে ওঠে।

২.৩.৩ অসহযোগ আন্দোলনের ধারা এবং প্রকৃতি

অসহযোগ আন্দোলন চারটি পর্যায়ে দানা বাঁধে। ডিসেম্বর ১৯২০ থেকে মার্চ ১৯২১ অবধি চলে প্রথম পর্যায়। এই পর্বে ভারতীয়রা বিভিন্ন ব্রিটিশ পরিচালিত সংস্থা এবং প্রতিষ্ঠান বর্জন করে,যেমন আদালতে, সরকারি বিদ্যালয়, মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়, এছাড়া ভারতীয়রা ব্রিটিশ সরকারের দেয়া খেতাব, উপাধি ইত্যাদি বর্জন করতেশুরু করেন। মার্চ-জুলাই ১৯২১ ছিল আন্দোলনের দ্বিতীয় পর্ব—এ পর্যায়ে কংগ্রেসে এক কোটি সদস্যভুক্তি এবং তিলক স্বরাজ তহবিলে এক কোটি টাকা তোলার উদ্দেশ্যে দেশব্যাপী প্রচেষ্টা চলে। জুলাই থেকে অক্টোবর ১৯২১—অর্থাৎ আন্দোলনের তৃতীয় পর্বে আন্দোলন ক্রমশ কটপস্থার দিকে ঝুঁকতে থাকে। শুরু হয় বিলিতি দ্রব্য বর্জন। নভেম্বর ১৯২১ থেকে ফেব্রুয়ারী ১৯২২ অর্থাৎ শেষ পর্বে রাজশক্তির দমনমূলক নীতির প্রতিক্রিয়াস্বরূপ আন্দোলন করমশ অহিংস হবার প্রবণতা দেখাতে থাকে,অর্থাৎ গান্ধীর নিয়ন্ত্রণ শিথিল হয়ে আসে। এই পরিপ্রেক্ষিতেই গান্ধী আন্দোলন প্রত্যাহার করে নেন।

অসহযোগ আন্দোলনের প্রথম পর্বে সরকারি প্রতিষ্ঠান বর্জনের উদ্যোগ সর্বক্ষেত্রে সমান সাফল্য পায়নি। সক্রিয় রাজনীতির সঙ্গেযুক্ত প্রতিষ্ঠিত আইনজীবী—যেমন চিত্তরঞ্জন, মোতিলাল নেহরুর মত ব্যক্তির আদালত বর্জন করতে থাকেন, বিকল্প বিচার ব্যবস্থার অনুপস্থিতিতে সকলে তাঁদের অনুসরণ করতে সাহস পাননি। তুলনায় সাময়িকভাবে অনেক বেশি সফল হয়েছিল ছাত্র আন্দোলন। সরকারের অনুগ্রহলব্ধ আলিগড় মহাবিদ্যালয়ে গান্ধী চাত্র অসহযোগের যে ধারা শুরু করেন তাতে কালক্রমে লাহোরের ইসলামী মহাবিদ্যালয়, কলকাতা মাদ্রাসা প্রভৃতি সরকারি বা সরকার সমর্থিত প্রতিষ্ঠানের ছাত্ররা প্রতিষ্ঠান ত্যাগ করে বেরিয়ে আসে। এঁদের জন্য বিকল্প প্রতিষ্ঠান হিসাবে ২০ অক্টোবর ১৯২০ তারিখে প্রতিষ্ঠা হয় স্বাধীন মুসলিম জাতীয় বিশ্ববিদ্যালয় (পরবর্তীকালের জামিয়া মিলিয়া ইসলামিয়া)

। কলকাতায় মৌলানা আজাদ স্থাপন করেন মাদ্রাসা-ই-ইসলামিয়া। হিন্দু প্রধান মেনারস হিন্দু বিশ্ববিদ্যালয় বয়কটকারী ছাত্রীদের নিয়ে ফেব্রুয়ারী ১৯২১-এ স্থাপিত হয় স্বদেশী প্রতিষ্ঠান কাশী সংস্কৃত বিশ্ববিদ্যালয়। আমেদাবাদ গান্ধী স্বয়ং প্রতিষ্ঠা করেন গুজরাত মহাবিদ্যালয়। এই কার্যবিধির মাধ্যমে কংগ্রেসী রাজনীতির সো। ছাত্র আন্দোলনের যে যোগ স্থাপিত হয় তা পরবর্তী আন্দোলনগুলির সময়েও বিশাল ভূমিকা নিয়েছিল।

মূলত যুব সম্প্রদায়কে ঘিরে স্বেচ্ছাসেবী আন্দোলন গড়ে ওঠে এইসময়। শিলাফত-অসহযোগ আন্দোলনে যৌথ উদ্দেশ্য এবং অসহযোগ কার্যক্রম নিয়ে রাজনৈতিক সচেতনতা বাড়ার অন্যতম কারণ এই স্বেচ্ছাসেবী সংগঠনগুলি। মূলত এদেরই উদ্যোগে ছাত্র- আন্দোলন এত ব্যাপক হয়ে ওঠে, কংগ্রেসের সদস্যসংখ্যা শতগুণ বেড়ে যায় এবং তিলক স্বরাজ্য তহবিলে আন্দোলন চালু রাখার মত অর্থ তোলা সম্ভব হয়। আন্দোলনের তৃতীয় পর্বে, ব্রিটিশ রাজকুমার, প্রিন্স অফ ওয়েলেন ভারত ভ্রমণে এলে সর্বত্র প্রতিবাদ সভা করার এবং পরে অর্থনৈতিক বয়কটের সময়ে ক্রেতাদের বিলিতি পণ্য কেনা থেকে বিরত করার ক্ষেত্রে স্বেচ্ছাসেবকরা অগ্রণী ভূমিক নেয়।

অসহযোগ আন্দোলন ভারতবর্ষের সর্বত্র সমান সাড়া ফেলেনি। আন্দোলনের সামাজিক চরিত্র এবং তীব্রতা বিভিন্ন অঞ্চলে বিভিন্ন রকম ছিল। অসহযোগ আন্দোলন মূলত নগরাঞ্চলে তীব্রতম আকার নিয়েছিল, কারণ যুক্তপ্রদেশ (বর্তমান উত্তর প্রদেশ)বাদ দিলে কোথাও কৃষক আন্দোলন এই সময়ে প্রবল আকার ধারণ করেনি। সবথেকে শৃঙ্খলাবদ্ধ আন্দোলন দেখা গিয়েছিল গুজরাত এবং বিহারে। যেখানে আন্দোলন অত্যন্ত সচেতনভাবে গান্ধীর অহিংস পন্থা অবলম্বন করেছিল। মহারাষ্ট্রে তিলকের অনুগামীদের সংখ্যাধিক্যের কারণে অসহযোগ আন্দোলন তেমন প্রবল নাহলেও বম্বে শহরে হিন্দু-মসলিম শ্রমিক ঐক্য অর্থনৈতিক বয়কটের পর্যায়ে ব্রিটিশ রাজের অর্থনীতিকে প্রায় পঙ্গু করে দেয়। প্রিন্স অফ ওয়েলসের ভারত ভ্রমণকে কেন্দ্র করে বম্বেতে রাজনৈতিক বিরোধীতা এক নতুন মাত্রা পায়। এই পর্যায়ে, অর্থাৎ ১৯২১ মাঝামাঝি সময় থেকে অর্থনৈতিক বয়কট শুরু হওয়াতে আন্দোলন তীব্র হয়ে ওঠে। আন্দোলনের প্রথম পর্যায়ে বণিক শ্রেণী ব্রিটিশদ্রব্য বয়কটের বিপক্ষে থাকলে পাউন্ডের বিনিময় মূল্য হ্রাস হবার ফলে পূর্ববৎ শতানুসারে আমদানী লাভজনক সাব্যস্ত হয়নি। বিনিময় মূল্য পরিবর্তনে ব্রিটিশ পুঁজিপতিরা নারাজ হওয়াতে ভারতের আমদানীকারী গোষ্ঠী অসহযোগী আন্দোলনে যোগ দেয়াতে স্বদেশী শিল্প ব্যাপক লাভবান হয়। দক্ষিণ ভারতে একমাত্র কর্ণাটক অঞ্চল বাদ দিলে প্রায় সর্বত্রই অসহযোগ আন্দোলন ব্যাপক সফল হয়েছিল, কিন্তু এ প্রান্তে গান্ধীর অহিংসার সাফল্য সত্ত্বেও তার প্রকাশ ঘটে মূলত জাত-পাত ভিত্তিক আন্দোলনের (যেমন নাদর আন্দোলন, মদ্যপান বিরোধী আন্দোলন ইত্যাদি) মাধ্যমে, পাঞ্জাবে শিখ ধর্মের পীঠস্থানগুলি ব্রিটিশ অনুগ্রহপ্রাপ্ত মহন্তদের হাত থেকে কেড়ে নেবীর উদ্দেশ্যে আকালি আন্দোলন অসহযোগ আন্দোলনকে সাফল্য এনেদেয়। যুক্তপ্রদেশে নগরাঞ্চলে কংগ্রেস-খিলাফত যৌথ সাফল্যে উদ্বুদ্ধ হয়ে কংগ্রেস কর্মীরা যুক্তপ্রদেশের কিষাণ সভা আন্দোলনে যোগদান করলে ১৯২১-এর শেষ লগ্নে যুক্তপ্রদেশে অসহযোগ আন্দোলন ক্রমে হিংসার দিকে এগোতে থাকে।

বাংলায় অসহযোগ আন্দোলন প্রথম পর্বের সময়। প্রিন্স অফ ওয়েলসের বিরুদ্ধে প্রতিবাদস্বরূপ ডাকা ১৭ই নভেম্বর হরতাল সর্বাঙ্গিক সাড়া পায়। কংগ্রেস খিলাফতিদের ঐক্যের ফলে পাট এবং

নীলচাষের সঙ্গে যুক্ত কৃষকেরা ব্রিটিশ খামারে চাষ করতে অস্বীকার করে। গ্রামীণ শাসন ব্যবস্থাতে পরিচালনাকারী ইউনিয়ন বোর্ড নতুন করে চাপালে ১৯২১ সালে ইউনিয়ন বোর্ড বয়কটের সূত্রপাত হয়। এই আন্দোলন তীব্রতম অকার ধারণ করে মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায়। এই অঞ্চলে ক্রমশ সরকারকে দেয় রাজস্বের পাশাপাশি জমিদারকে দেয় খাজনার বিরুদ্ধেও সচেতনতা বাড়তে থাকে। সাঁওতাল প্রধান অঞ্চলগুলিতে এবং রাজশাহী, ময়মনসিংহ, বরিশাল প্রভৃতি অঞ্চলে াদিবাসী তথা কৃষক সম্প্রদায় বিদ্রোহের পথে এগোতে থাকে। যেমনটা একই সময়ে অন্ধ্র অঞ্চলেও দেখা যাচ্ছিল। বাংলায় শ্রমিক আন্দোলনও তীব্র থেকে তীব্রতর হয়ে উঠছিল। ১৯২১ সালে একলক্ষ সাতাশি হাজারের বেশী শ্রমিক ১৩৭টি ভিন্ন ধর্মঘটে যোগ দেয়।

২.৩.৪ আন্দোলন প্রত্যাহার

অসহযোগ আন্দোলন দেশজোড়া যে আবেগের জোয়ার এনেছিল, গান্ধীর তার সবদিক সমর্থন করতে পারেননি। কৃষক এবং শ্রমিক অসন্তোষক্রমশ তাঁর মধ্যে হতাশা জাগিয়ে তুলছিল। মালাবার অঞ্চলে হিন্দু জেনমি ভূস্বামী এবং মহাজনদের বিরুদ্ধে মুসলিম মোপলাদের সংগ্রাম যখননুশংস হত্যা এবং বলপূর্বক ধর্মান্তরের রূপ নেয়, গান্ধী তখনইশঙ্কিত হন। বাংবার বিভিন্ন অঞ্চলে হিংসার প্রকোপ দেখে গান্ধী অন্তত দুবার বারদৌলি অঞ্চলে সত্যাগ্রহ পিছিয়ে দেন। বারদৌলি সত্যাগ্রহ ছিল মূলত গ্রামীণ সমাজে আইনঅমান্য আন্দোলনের প্রকল্প। অর্থাৎ ভারতের প্রত্যন্ত গ্রামগুলিতে নিয়ন্ত্রিত জনআন্দোলন নিয়ে যাবার প্রথম ধাপ। কিন্তু গান্ধী ক্রমশ অনিশ্চিত হয়ে উঠছিলেন যে গ্রামীণ ভারতবর্ষে অহিংস সত্যাগ্রহের পরিস্থিতি রয়েছে কিনা।

এমন পরিস্থিতিতে শোনা গেল ডইফেব্রুয়ারী ১৯২২ তারিখে গোরক্ষপুরের চৌরিচৌরায় জনতা ২২ জন পুলিশকে থানায় জীবন্ত পুড়িয়ে মেরেছে। যদিও ব্রিটিশ দমননীতির উচ্চাঙ্গে যাবার ধারা অব্যাহত রেখে চৌরিচৌরায় জনতার প্রতিযথেষ্ট প্ররোচনামূলক আচরণ পুলিশ করেছিল, তবু গান্ধী জনতার দোষ স্বলনের চেষ্টা না করে বারদৌলিতে কংগ্রেসের বিশেষ অধিবেশনডেকে আন্দোলনের যবনিকা টেনে দিলেন। গণ সত্যাগ্রহের পরিবর্তে গঠনমূলক কার্যকলাপে সঙ্কল্পনেয় কংগ্রেস।

কংগ্রেস এবং খিলাফতিদের শীর্ষ নেতারা প্রায় সকলেই ব্রিটিশ দমননীতির শিকার হয়ে কারারুদ্ধ। কারান্তরাল থেকেই চিত্তরঞ্জন, মতিলাল, জওহরলাল, সুভাষচন্দ্র, আলি ভাতৃদয়—সকলেই ক্ষোভ প্রকাশ করেছিলেন। সুভাষ এবং জওহরলাল মনে করেছিলেন আন্দোলন যখন তীব্র হয়ে উঠছে তখন প্রত্যাহার করে নেয়া সমীচিন হয়নি। একই মত পেষণ করেছিলেন কট্টপন্থী খিলাফতিরা। চিত্তরঞ্জন এবং মতিলালের আপত্তির কারণ ছিল অন্য। তাঁরা চেয়েছিলেন প্রিন্স অফ ওয়েলসের আগমন উপলক্ষে বড়লাট রিডিং যখন আন্দোলন স্থগিত রেখেশাসন সংস্কারের প্রস্তাব দিয়েছিলেন, তখনই তামেনে নিন। গান্ধী তখন এইদাবি নস্যাত করে দেন। তার তিন মাসবাদে গান্ধী যখন আন্দোলন প্রত্যাহার করেন তখন রিডিং-এর প্রস্তাব আর বিবেচ্য ছিল না।

গান্ধীর যুক্তি ছিল সম্পূর্ণ ভিন্ন। তিনি দেখতে পাচ্ছিলেন যে আন্দোলনের অহিংস চরিত্র ক্রমশবদলে যাচ্ছিল। বিশেষত, উত্তেজক বক্তব্য রাখার দরুণ সাম্প্রদায়িক সম্প্রীতি বিপন্ন হবার আশঙ্কায় ১৯২১ সালে তিনি মৌলানা মহম্মদ আলিকে ক্ষমা চাইতে জোর দেয়ায় তাঁর সঙ্গে খিলাফতিদের দূরত্ব বাড়তে

থাকে। তিনি বুঝতে পারেন যে খিলাফতের প্রয়োজনে সহিংস আন্দোলন করতেও প্রস্তুত। এর ওপরে কৃষক এবং শ্রমিক আন্দোলন হিংসার পথে নামলে গণআন্দোলকে অহিংস রাখা যাবে না। সেক্ষেত্রে ব্রিটিশ দমননীতি নৈতিক বৈধতা পেয়ে যাবে, এবং জন আন্দোলনকে মেশীবেলে চূর্ণ করা কসম্ভব হবে। এ সমস্ত কারণে গান্ধী ১৯২২ সালে অসহযোগ আন্দোলন স্থগিত রাখার সিদ্ধান্ত নেন।

২.৪. আইন অমান্য আন্দোলন

ভারতে জনমুখী রাজনীতি তথা জন-আন্দোলনের যুগের দ্বিতীয় উল্লেখযোগ্য পর্যায় ছিল ১৯৩০-৩২ সালের আইন অমান্য আন্দোলন। এই আন্দোলন রাজনৈতিক দিক থেকে অসহযোগ আন্দোলনের স্বাভাবিক পরিণতি। অসহযোগ আন্দোলনের উদ্দেশ্য ছিল ব্রিটিশ শাসনের থেকে সহযোগিতার হাত সরিয়ে নিয়ে রাজের দুর্বলতা এবং প্রজাতন্ত্রের ওপর নির্ভরশীলতা বুঝিয়ে দেয়া। আইন অমান্য আন্দোলন ব্রিটিশ শাসনের নৈতিক অধিকারকে অস্বীকার করে ভারতীয়দের স্বায়ত্ত্বশাসনের দাবি প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে সংগঠিত হয়েছিল। এর মূল বক্তব্য ছিল ব্রিটিশ রাজের ভারত শাসনের কোন নৈতিক অধিকার না থাকায় ব্রিটিশ আইন না মানাই প্রতিটি ভারতবাসীর কর্তব্য।

২.৪.১ প্রেক্ষাপট : ভারতীয় রাজনীতি ১৯২২-২৯

অসহযোগ আন্দোলন প্রত্যাহারের পর কংগ্রেস ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে দ্বিধাবিভক্ত হয়ে যায়। কারারুদ্ধ হবার আগে গান্ধী কংগ্রেসকে ভারতবর্ষের গ্রামে গ্রামে গঠনমূলক কাজে লিপ্ত হতে বলেন, তাঁর এই মত সমর্থন করেন রাজাগোপালাচারী, প্যাটেল প্রমুখ নির্বাচন-বিরোধী () নেতারা, অধ্যাদিকে চিত্তরঞ্জন, মতিলাল এবং হাকিম অজমল খাঁ প্রমুখ নির্বাচন পন্থীরা () চাইছিলেন কংগ্রেস পরবর্তী প্রাদেশিক কাউন্সিল নির্বাচনে অংশগ্রহণ করে এগুলি অচল করে দিক যাতে সরকার সংস্কারে বাধ্য হয়। গয়ায় ১৯২২ সালের বার্ষিক অধিবেশনে নির্বাচনপন্থীরা পরাজিত হলে সভাপতি চিত্তরঞ্জন পদত্যাগ করে ১৯২৩ সালের ১লা জানুয়ারী মতিলালের সঙ্গে স্বরাজ্য পার্টি স্থাপন করেন। অনিচ্ছা সত্ত্বেও গান্ধী চিত্তরঞ্জনের অবস্থানকে মর্যাদা দিয়ে নির্বাচন-বিরোধী এবং নির্বাচন-পন্থী—উভয় নীতিকে কংগ্রেসের কার্যক্রমের অঙ্গ বলাতে কংগ্রেস বড় বিভাজন এড়াতে পারে।

১৯২৩-২৬ সালে স্বরাজ্য পার্টি বাংলা এবং যুক্তপ্রদেশে ভাল ফল করে কাউন্সিল ভেতর থেকে অকেজো করার যে পরিকল্পনা নিয়েছিল তাতে আংশিক সাফল্য আসে। সাফল্য আংশিক ছিল কারণ স্বরাজ্য পার্টির ধারণা ছিল কাউন্সিল অচল হলে সরকার আপসের কথা বলবে। কিন্তু যুদ্ধোত্তর উত্তেজনা প্রশমিত হওয়ায় ব্রিটিশ রাজের ক্ষমতার বিকেন্দ্রীকরণের ইচ্ছা ক্রমশ দূরীভূত হয়। ফলে ধীরে ধীরে শক্তিক্ষয়ের পর ১৯২৬ সালে চিত্তরঞ্জনের মৃত্যুর পরে স্বরাজ্য পার্টি আবার কংগ্রেসি মূলস্রোতে ফিরে আসে।

ওই সময়েই গান্ধীর ও তাঁর অনুগামী কংগ্রেসিরা দেশের বিস্তীর্ণ অঞ্চলে গঠনমূলক কাজে মগ্ন হন। প্রাকৃতিক দুর্যোগক্রান্ত অঞ্চলে ত্রাণ পৌঁছানো থেকে আরম্ভ করে গ্রামে গ্রামে শিক্ষাব্যবস্থা, স্বাস্থ্য-

বিষয়ক সহায়তা ইত্যাদি জনকল্যাণমূলক জাক করে কংগ্রেসের সাংগঠনিক ভিত মজবুত হয়। রাজনীতিতে জনগণের গুরুত্ব সকলের অগোচরে রাজনীতির ব্যাকরণে ঢুকিয়ে গান্ধীর কংগ্রেস হয়ে ওঠে প্রকৃত অর্থে জনমুখী এবং জনপ্রিয়।

ইতোমধ্যে তুরস্কে তুর্কী শাসক দ্বারা খলিফা পদের অবসান ঘটানো হলে ভারতে খিলাফত আন্দোলন অপ্রাসঙ্গিক হয়ে পড়ে। বিশেষ দশকের মাঝামাঝি অর্থনৈতিক এবং সামাজিক পরিস্থিতির দরুণ হিন্দু-মুসলিম সম্পর্কে অবনতি হয়। ১৯২৪ সালে উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে এক দাঙ্গায় ১৫৫ জন নিহত হয়। ১৯২৬ সালে কলকাতায় তিনটি দাঙ্গায় ১৩৮ জনের মৃত্যু হয়। ঢাকা, পাটনা, রাওয়ালপিণ্ডি এবং যুক্ত প্রদেশের বিভিন্ন জায়গায় ১৯২৩ থেকে ১৯২৭ -এর মধ্যে শতাধিক দাঙ্গা হয়। এর কারণ মূলত আর্চ-সমাজের “শুদ্ধি” এবং “সংগঠন” নামক দুটি প্ররোচনামূলক আন্দোলন। ঘোর বদলা হিসেবে মুসলিম মৌলবৌদী শুরু করে “তনজিম” এবং “তবলিখ” আন্দোলন। অধিকাংশ ক্ষেত্রে হিন্দু-মেলবাদী এবং হিন্দু জাতীয়তাবাদী নেতৃবর্গ (যেমন লাজটপত রায়, মালব্য, যুঞ্জ) কংগ্রেসের সঙ্গে যুক্ত থাকার ফলে কংগ্রেসের প্রতি মুসলিম বিরাগ বাড়তে তাকে।

মন্ট-পোর্ড আইনে প্রবর্তিত শাসনব্যবস্থা কতটা সফল তা খতিয়ে দেখার জন্য একটি কমিশনের নিযুক্ত মন্ট-ফোর্ড আইননেই বলা ছিল। ১৯২৭ সালে সেই অনুসারে সাইমন কমিশন পাঠানো হয় ভারতবর্ষে। ব্রিটিশ সরকারের অনুমান ছিল সাম্প্রদায়িক দ্বন্দ্ব দীর্ঘ ভারতবর্ষে রাজনৈতিক ঐক্যের অভাবে ক্ষমতা হস্তান্তর বা বিকেন্দ্রীকরণ কোনটাই আদায় করে নেবার মত অবস্থায় ভারতীয়রা নেই— ফলে কমিশনের সব সদস্যই শেতাঙ্গ হলে তা নিয়ে বিরোধীতা তারা শাশা করেনি।

কিন্তু ভারতের ভবিষ্যত নিয়ে পর্যালোচনার ভারপ্রাপ্ত কমিশনে কোন ভারতীয় সদস্য না থাকা ভারতের রাজনীতিবিদদের কাছে চরম অপমান বলে মনে হয়। দেশজুড়ে সাইমন কমিশন বয়কটের সিদ্ধান্তে সব রাজনৈতিক দল ঐক্যমত হয় (ব্যতিক্রম পাঞ্জাবের ইউনিয়নিস্ট পার্টি এবং মাদ্রাজে জাস্টিস পার্টি)। জিন্নার নেতৃত্বে মুসলিম লীগ এবং তেনবাহাদুর সাফ্রর অধীনে লিবারেল কনফেডারেশন কংগ্রেসের সঙ্গে একজোট হয়ে সর্বদলীয় সম্মেলন আহ্বান করে। জিন্না মুসলিম লীগের কটরপন্থী মুসলিমদের জন্য সর্বভারতীয় আইনসভায় ১/৩ আসন সংরক্ষিত থাকবে এবং সিন্ধু, বালুচিস্তান এবং উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ পৃথক রাজ্য হিসাবে গঠিত হবে। দিল্লীতে সর্বদলীয় সম্মেলনের প্রথম বৈঠকে (ফেব্রুয়ারী ১৯২৮) এই শর্ত স্বীকৃত লে পূর্ণ উদ্যমে ভারতীয় রাজনীতিবিদরা (মূলত মতিলাল নেহরু এবং সাফ্র) স্বায়ত্ব শাসিত ভারতের সংবিধান প্রণয়নের চেষ্টা করতে থাকেন। এই সংবিধান প্রণয়নের উদ্দেশ্য ছিল ব্রিটিশ সরকারকে দেখিয়ে দেওয়া যে ভারতীয়রা ঐক্যবদ্ধভাবে রাজনৈতিক সমস্যা সমাধান করতে পারে। কিন্তু আগস্ট মাসে সর্বদলীয় সম্মেলনের লঙ্কৌ অধিবেশনে হিন্দুত্ববাদী কেলকার, মালব্য প্রভৃতির চাপে নেহরু যে রিপোর্ট পেশ করা হয় তাতে জিন্নার দাবীসমূহের প্রায় কিছুই স্বীকৃতি পায়নি। ফলে পরবর্তীকালে জিন্না কংগ্রেসের সঙ্গে যোগ সম্পূর্ণ ইচ্ছা করে লীগে আত্মনিয়োগ করেন।

সাইমন কমিশনের ভারতসফর জনিত উত্তেজনা এবং নেহরু রিপোর্ট জনিত উৎসাহ ছাড়াও

ভারতবর্ষের রাজনৈতিক পরিমণ্ডলে গতিসঞ্চয়ের অন্য কারণ ছিল। বিশ্বজনীন যে অর্থনৈতিক মন্দা ১৯২৯-এ প্রকট হয়েছিল, ১৯২৮ সাল থেকেই তার পূর্বাভাস দেখা যাচ্ছিল। কৃষিপণ্যের মূল্যহ্রাসে ফলে কৃষক শ্রেণী চরম দুর্দশার শিকার হতে থাকে ১৯২৬ সালের শেষ থেকে। ওই সময় থেকেই শ্রমি অসন্তোষও বৃদ্ধি পেতে থাকে এবং সদ্য প্রতিষ্ঠিত ভারতের কমিউনিস্ট পার্টি (১৯২৬) এবং অন্যান্য বামপন্থী শক্তি শ্রমিক অসন্তোষে সৃষ্টি করতে থাকে। তাদের চরমপন্থী দাবির প্রতিফল হিসাবে সমাজতন্ত্র এবং প্রজাতন্ত্র প্রতিষ্ঠার মাধ্যমে ব্রিটিশ শক্তির সঙ্গে যোগ ছিন্ন করার দাবি ওঠে। সর্ব উত্তর ভারতে সমাজতন্ত্রী বিপ্লবী সংগঠন দেকা দেয় (যেমন হিন্দুস্তান রিপাব্লিকান অ্যাসোসিয়েশন, যার পরে নাম হয় হিন্দুস্তান সোস্যালিস্ট রিপাব্লিকান আর্মি—যার অন্যতম নেতা ভগৎ সিং)। ১৯২৮ সালের কলকাতা অধিবেশনে বামপন্থী শ্রমিক সংগঠনের সমর্থনে কংগ্রেসের যুব নেতৃবর্গ (যেমন সুভাষ এবং জওহরলাল) কংগ্রেসের অভীষ্ট পরিবর্তনের দাবি জানান। তাঁদের দাবি ছিল নিছক স্বায়ত্বশাসনের (Dominion Status) পরিবর্তে কংগ্রেস পূর্ণস্বরাজের লক্ষ্যে পরিচালিত হোক। কংগ্রেসের রক্ষণশীল গোষ্ঠী এতে নারাজ হওয়াতে গান্ধী সমঝোতা সূত্র আনেন। তিনি বলেন, পরবর্তী এক বছরের মধ্যে ব্রিটিশ সরকার ভারতকে স্বায়ত্বশাসন না দিলে কংগ্রেস পূর্ণস্বরাজকে তাদের অভীষ্ট বলে স্থির করবে।

ওদিকে ব্রিটেনে ক্ষমতাসীন লেবার সরকার সাইমন কমিশনের বিরুদ্ধে আন্দোলন তীব্রতা দেখে ঘোষণা করে যে স্বায়ত্বশাসন প্রদান করাই লন্ডনের উদ্দেশ্য, এবং তা সাইমন কমিশনের রিপোর্ট এলেই বিবেচিত হতে পারে। সরকার একটি গোলটেবিল বৈঠকেরও প্রস্তাব দেয় ১৯২৯ সালে। গান্ধী, মতিলাল এবং মালব্য এই প্রস্তাব প্রাথমিকভাবে মেনে নিয়ে শর্ত রাখেন যে কংগ্রেসকে সংখ্যাগরিষ্ঠের মর্যাদা দিতে হবে, এবং আলোচনা হতে পারে স্বায়ত্বশাসন কবে কীভাবে দেয়া হবে সেই নিয়ে, দেখা হবে কিনা তা নিয়ে নয়। বড়লাট আরউইন এই শর্ত মানতে অস্বীকার করায় ডিসেম্বর ১৯২৯-এ আলোচনা ভেঙে যায়। ১৯২৯ সালে লাহোর অধিবেশনে সভাপতি জওহরলাল তাই দৃষ্ট কণ্ঠে ঘোষণা করেন কংগ্রেসের পরিবর্তিত লক্ষ্য—পূর্ণ স্বরাজ।

২.৪.২ আন্দোলনের ধারা এবং প্রকৃতি

লাহোর অধিবেশনের পরের দু-মাস ভারতবাসী গান্ধীর দিকে তাকিয়ে ছিল, কখন কীভাবে গণআন্দোলনের পরের ধাপ শুরু হবে সে সম্বন্ধিত ইঙ্গিতের আশায়। ২৬শে জানুয়ারি ১৯৩০ কংগ্রেসের উদ্যোগে সর্বত্র স্বাধীনতার শপথ নিয়ে বলা হয় ভারতবর্ষের অর্থনৈতিক, রাজনৈতিক এবং সামাজিক দুর্গতির জন্য দায়ী ব্রিটিশ সরকারের প্রতি আনুগত্য অপরাধ বলে গণ্য হবে। দেশ জুড়ে বিদেশী সরকার প্রণীত আইন অমান্য করা এমন কী খাজনা দেয়া তাকে বিরত থেকে প্রতিরোধ গড়ে তুলতে আহ্বান জানানো হয়। ৬ই জানুয়ারী কংগ্রেসী মন্ত্রীদের প্রাদেশিক মন্ত্রীসভা থেকে পদত্যাগ করতে বলা হয়। ৩১শে জানুয়ারী গান্ধী বড়লাট আরউইনকে ১১-দফা দাবি পেশ করেন। এর মধ্যে কিছু দাবি সাধারণ হলেও (যেমন সামরিক খরচ এবং সরকারী কর্মচারীদের বেতনে ৫০% হ্রাস; রাজনৈতিক বন্দীমুক্তি ইত্যাদি) তিনটি দাবি ছিল মন্ত্রাকাঙ্ক্ষ বুর্জোয়া স্বার্থ স্মরণে রেখে (টাকা-পাউন্ডের বিনিময় মূল্য পরিবর্তন, ভারতীয় সুতিশিল্পকে সরকারি সুরক্ষা এবং উপকূলবর্তী নৌচলাচলে ভারতীয়

উদ্যোগকে নিরাপত্ত)। এছাড়া দুটি মূলত কৃষক-সম্পর্কিত দাবিও (ভূমি রাজস্বে ৫০% হ্রাস এবং সরকারের লবন কেনা বেচায় একচেটিয়া অধিকার তথা লবন কর বাতিল করা) রাখা হয়। এই দাবিগুলি পত্রপাঠ নস্যাৎ করে দেয়াতে গান্ধী লবন সত্যাগ্রহের ডাক দেন।

১৯৩০-এর অর্থনৈতিক মন্দার পরিপ্রেক্ষিতে গণআন্দোলনের প্রেক্ষাপট তৈরি ছিল ঠিকই, কিন্তু এমন কোন একটা বিষয় ছিল না যা কেন্দ্র করে সারা দেশে সমান সাড়া পাওয়া যেতে পারত। গান্ধী যখন আইন অমান্য আন্দোলন শুরু করতে লবন-আইন ভাঙতে চান তখন অনেকে এর তাৎপর্য বুঝতে পারেনি। লবন আইন অনুসারে সরকারের অনুমতি ছাড়া এবং সরকারের কর নিয়ে নুন প্রস্তু করা আইন বিরুদ্ধ ছিল। গান্ধী এই আইনকে কেন্দ্র করে ভারতবাসীকে বোজাতে চান নুনের মত প্রাত্যহিক ব্যবহারের সামান্যতম দ্রব্য থেকে অর্থনীতির প্রতি স্তরে ব্রিটিশ শাসকেরা বারতবর্ষকে শোষণ করে চলেছে। লবন আইন ভঙ্গ করে গান্ধী ভারতের ব্রিটিশ শাসনের এই সর্বগ্রাসী শাসনযন্ত্রের শাসনের নৈতিক অধিকারকেই অস্বীকার করতে চান। সেই উদ্দেশ্যেই তিনি সাবরমতী আশ্রম থেকে ডাভী অভিমুখে যাত্রা করেন (১২ মার্চ—৬ এপ্রিল, ১৯৩০) এবং ডাভীতে লবন আইন ভেঙে কারাবরণ করেন। তাঁর অনুপস্থিতিতে অহিংসভাবে সবরকম আইন অমান্য করার আহ্বান দেওয়াতে এই আন্দোলন শুরু থেকেই তীব্রতা লাভ করেছিল।

গান্ধীর শান্তিপূর্ণভাবে সবরকম আইন অমান্যের আহ্বানের কারণ ছিল উপকূলবর্তী অঞ্চল ছাড়া লবন আইন অপ্রাসঙ্গিক ছিল। তাই গান্ধীর এই আহ্বানের মূল উদ্দেশ্য ছিল আঞ্চলিক সমস্যাগুলির বিরুদ্ধে আঞ্চলিক প্রতিবাদগুলিকে সুসংহত সর্বভারতীয় আন্দোলনের সঙ্গে জুড়ে দেয়া। তাই এই আন্দোলনের আঞ্চলিক তথা গোষ্ঠীস্বার্থ অনেক বেশি প্রকট হয়ে উঠেছিল।

গান্ধীর রাজনীতির দুর্গ বিহটোর এবং গুজরাতে অসহ আইন অমান্য আন্দোলন বরাবরের মতই নিয়ন্ত্রিত ছিল। কংগ্রেসি ভূস্বামী সম্প্রদায়ের নেতৃত্বে সরকারকে রাজস্ব দেয়া বন্ধ করা হলেও জমিদারদের দেয় খাজনার বিরুদ্ধে কোন আন্দোলন দেখা যায়নি। মস্বে এবং গুজরাতে বণিক এবং শিল্পপতিরা সীরকারি আর্থিক তথা শিল্পনীতিকে ক্ষতিগ্রস্ত হওয়াতে এঁরা একজোট হয়ে কংগ্রেসের অর্থনৈতিক প্রকল্পে সমর্থন যোগান—বিলিতি পণ্য বর্জন করে, বহুত্বসবে যোগ দিয়ে এঁরা এঁদের অনমনীয়তার পরিচয় দেন।

শান্তিপূর্ণ আইন অমান্যের মাধ্যমে কারাবরণ করে ব্রিটিশ শাসনযন্ত্রকে নিষ্ক্রিয় করে দেবার গান্ধীবাদী প্রকল্প বস্বে এবং গুজরাত বাদ দিলে সবথেকে বেশি সফল হয় বাংলায়। কিন্তু প্রদেশ কংগ্রেস নেতাদের আভ্যন্তরীণ দ্বন্দ্বের থেকে বেশি কিছু সাফল্য বাংলার নগরাঞ্চলে দেখা যায়নি।

কর্ণাটক এবং মধ্যপ্রদেশে আইন অমান্য আন্দোলন প্রবল আকার নেয় মূলত আদিবাসী এলাকায় জঙ্গল সংক্রান্ত আইন ঘিরে। শুধু বেরার অঞ্চলেই ১০৬টি সত্যাগ্রহ হয়েছিল জঙ্গল সংক্রান্ত আইন নিয়ে। তামিলনাড়ু এবং মালাবার অঞ্চলে সত্যাগ্রহ তুঙ্গে ওঠে মাদক বর্জন আন্দোলনকে কেন্দ্র করে, যার সুবাদে অজস্র মদের দোকানের সামনে পিকেটিং করা হয়।

যুক্তপ্রদেশে আইন অমান্য আন্দোলন দুটি ভাগে ভাগা যায়। আওয়াজের তালুকদারের ব্রিটিশরাজের

প্রতি অনুগত থাকতে সেখানে কংগ্রেসের নেতৃত্বে কিষাণ সভা আন্দোলনে সরকারকে রাজস্ব এবং জমিদারকে খাজনা দেয়া থেকে কৃষককে বিরত করা হয় নেহরুর নেতৃত্বে। কিন্তু আগ্রা অঞ্চলের জাতীয়তাবাদী ভূস্বামীদের দেয় খাজনা থেকে সেখানকার কৃষকেরা অব্যাহতি পায়নি।

অসহযোগ আন্দোলনের থেকে আইন অমান্য আন্দোলন অনেক বেশি ব্যাপ্ত এবং তীব্র হয়েছিল। উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশে খান আব্দুল গফফর খানের নেতৃত্বে পেশওয়ার থেকে আরম্ভ করে বাংলা এবং যুক্তপ্রদেশ এবং পাঞ্জাব থেকে তামিলনাড়ু সর্বত্রই আইন অমান্য আন্দোলন প্রবল গতিলাভ করেছিল। তদুপরি, কৃষিপণ্যে মন্দাজনিত মূল্য-হ্রাসে ফলে ভারতবর্ষের গ্রামাঞ্চলে যে দুর্গতি দেখা দিয়েছিল তার ফলস্বরূপ জাতীয়তাবাদী আন্দোলনে ভারতের কৃষকমাজ বিপুল উৎসাহে যোগদান করে। উপজাতীয় এবং আদিবাসী সমাজও বৈম্যমূলক বৃটিশ নীতির বিরুদ্ধে রুখে দাঁড়ায়।

কিন্তু নগরাঞ্চলে সাময়িকভাবে পুঁজিপতিদের যোগদান বাদ দিলে নগরবাসী এই আন্দোলনে তেমন যোগদান করেননি। তেমনই বিশেষ দশকের রাজনৈতিক তিজ্ঞতার দৌলতে মুসলিম সমাজ এই আন্দোলনে গোষ্ঠীগত ভাবে যোগদানে বিরত থাকে।

তবু জনআন্দোলনের নিরীখে আইন অমান্য আন্দোলন দুটি কারণে গুরুত্বপূর্ণ। প্রথমত, এই আন্দোলনে প্রথমবার ভারতীয় নারী প্রকাশ্য রাজনীতিতে প্রবেশ করে, এবং আইন অমান্য করে বিপুল খেঁচায় কারাবরণ করে। দ্বিতীয়ত, ভারতের কৃষক শ্রেণীকে রাজনীতির কেন্দ্রীয় বৃত্তের নিয়ে এসে জনমুখী রাজনীতিতেও এক নতুন দিগন্ত এনে দেয়। এর পরে কৃষক স্বার্থ ভারতীয় রাজনীতির এক অপরিহার্য দিক হিসাবে গণ্য হতে থাকে।

২.৪.৩ গান্ধী-আরউইন চুক্তি দ্বিতীয় গোলটেবিল বেঠক এবং পরবর্তী রাজনীতি

১৯৩০ সালে মাঝামাঝি সময় থেকে ব্রিটিশ দমননীতি আইন অমান্য আন্দোলনের বিষয়ে গান্ধীকে সন্দ্বিহান করে তোলে। রাজস্ব দিতে অসম্মত হলে কৃষি জমি বিক্রী করে দেবার দরুণ আন্দোলনের তীব্রতা কমার সংকেত পাওয়া যাচ্ছিল। পাশাপাশি, শিল্পপতি এবং পুঁজিপতিরা সরকারের থেকে ইতিবাচক সাড়া পেয়ে গান্ধীকে চাপ দিতে থাকেন আন্দোলন প্রত্যাহার করে নেবার জন্য।

ইতিমধ্যে লন্ডনে প্রথম গোলটেবিল বেঠকে কংগ্রেস বাদে ভারতের সব রাজনৈতিক দল যোগ দিলেও কোন সিদ্ধান্তে আসা যায়নি। ১৯৩০ সালে সাইমন কমিশন রিপোর্টে স্বায়ত্ত্ব শাসনের উল্লেখ না করলেও প্রাদেশিক কসরকার ভারতীয়দের হাতে তুলে দেবার কথা বললে সব দলই তাতে সম্মত হয়ে। সেই ক্ষেত্রে কংগ্রেস আইদপত্যের আশঙ্কায় ভারতের ছোট ছোট স্বাধীন রাজন্যগুলি একটি দুর্বল কেন্দ্রীয় যুক্তাজ্য ব্যবস্থার প্রস্তাব দিলে, ব্রিটিশ সরকার এতে সম্মত হয়। কিন্তু কংগ্রেসের অনুপস্থিতিতে কোন ব্যবস্থাই কার্যকর হবে না বুঝে তারা কংগ্রেসকে আলোচনায় আনতে চায়। কেন্দ্রে দুর্বল হলেও দায়বদ্ধ সরকারের প্রতিশ্রুতি পেয়ে নরমপন্থী নেতারা গান্ধীকে আন্দোলন স্থগিত রেখে আসন্ন দ্বিতীয় গোলটেবিল বেঠকে যোগ দিতে পীড়াপেড়ি করেন।

ফেব্রুয়ারী-মার্চ ১৯৩০-এ গান্ধী এবং আরউইন ব্রিটিশ ভারতের গ্রীষ্মকালীন রাজধানী সিমলাতে

আলোচনায় বসেন। মার্চ মাসে গান্ধী আরউইন চুক্তিতে গান্ধীর কয়েকটি দাবি আরউইন মেনে নেননি— যেমন সত্যাগ্রহীদের অধিগৃহীত সম্পত্তি ফেরত দেয়া। কিন্তু ভূমি রাজস্বের হার কমাতে এবং লবন কর শিথিল করতে আরউইন সম্মতি জানান। কংগ্রেসের যুবাকর্মীদের কাছে আরও পীড়াদায়ক ছিল পূর্ণস্বরাজ থেকে গান্ধীর পিছু হটা। আরউইন স্পষ্টই বলে দিয়েছিলেন যে যুক্তরাজ্যের শাসন কাঠামোতে নির্বাহিত ভারতীয় মন্ত্রীদের ক্ষমতা উর্দ্ধতন ব্রিটিশ শাসকদের ক্ষমতার দ্বারা সীমিত থাকে। তা সত্ত্বেও গান্ধী দ্বিতীয় গোলটেবিল বৈঠকে যোগদানে সম্মত হওয়ায় পূর্ণস্বরাজপন্থীরা হতাশ হয়েছিলেন। তারা চেয়েছিলেন গান্ধীর আন্দোলন চালু রাখুন।

গান্ধী দুটি কারণে আরউইন চুক্তি মেনে নেন। প্রথমত, অসহযোগ আন্দোলন চলাকালীন সংস্কার-বিষয়ক আলোচনার প্রস্তাব প্রত্যাখ্যান করে পরে তিন শূন্য হাত ফিরেছিলেন। ১৯৩০-৩১-এ একদিকে কৃষক আন্দোলনে হিংসার প্রবণতা এবং অন্যদিকে পুঁজিপতিদের চাপের মুখে আন্দোলনের যিন্ম্রণ হারাবার সম্ভবনা তিনি দেখতে পেয়েছিলেন। সেক্ষেত্রে দ্বিতীয়বার শূন্যহাতে ফেরার অভিলাষ তাঁর ছিল না। দ্বিতীয়ত, আরউইন তাঁর সো। ব্যক্তিগত আলোচনায় বসে কার্যত কংগ্রেসকে ভারতবর্ষের মুখপাত্রের মর্যাদা দিচ্ছিল।

গান্ধীর এর সদ্ব্যবহার করতে ইচ্ছুক ছিলেন। তাই ১৯৩২-এ করাচি অধিবেশনে আইন অমান্য আন্দোলন সাময়িকভাবে মূলতুমি করতে গান্ধীকে বিশেষ বেগ পেতে হয়নি।

দ্বিতীয় গোলটেবিল বৈঠকে সবচেয়ে বড় বাধা হয়ে দাঁড়ায় সাম্প্রদায়িক সমস্যা। ১৯৩১-সেপ্টেম্বর-ডিসেম্বর ধরে চলা এই বৈঠকে মুসলিম, শিক, ভারতীয় খ্রীশ্চান, ইউরোপীয় অধিবাসী এবং নিম্নবর্ণের প্রতিনিধিরা প্রত্যেকেই পৃথক নির্বাচনমণ্ডলী দাবি করতে থাকে। কংগ্রেসের একক প্রতিনিধি হিসাবে গান্ধী দাবি করেন যে কংগ্রেস জাতি ধর্ম নির্বিশেষে ভারতবাসীর প্রতিনিধি এবং কংগ্রেস পৃথক নির্বাচন ব্যবস্থা চায় না। ফলত ১লা ডিসেম্বর প্রধানমন্ত্রী ম্যাকডোনাল্ড তিনটি কমিটি নিয়োক করেন, যাতে ভারতীয় প্রতিনিধিদের মধ্যে ঐক্যমতের অভাবে ব্রিটিশ একতরফা ভাবে ভারতে ক্ষমতা বিকেন্দ্রীকরণের সিদ্ধান্ত নিতে পারে।

খালি হাতে ভারতে ফিরে গান্ধী দেখেন ব্রিটিশ দমননীতি আরউইনের পরে আসা বড়লাট উইলিংডনের হাতে অহরও তীব্র হয়ে উঠেছে। নেহরুর এবং আব্দুল গফফর খান কারারুদ্ধ। গান্ধী পুনরায় আইন অমান্য আন্দোলনের ডাক দিলে চরম নৃশংতার সঙ্গে ব্রিটিশ সরকার দমননীতি প্রয়োগ করে। ফলে তিন মাসের মধ্যেই যাবতীয় উদ্দীপনা প্রশমিত হয়ে যায়। মার্চ ১৯৩৩-এর মধ্যে ১২০,০০০ সত্যাগ্রহী কারারুদ্ধ হয়। ভারতীয়দের নাগরিক অধিকার অবাধে লঙ্ঘিত হয়।

১৯৩২ সালের অগাস্ট মাসে প্রধানমন্ত্রী ম্যাকডোনাল্ড সাম্প্রদায়িক বাটোয়ারার কথা ঘোষণা করেন। এতে বিভিন্ন সম্প্রদায়ের পৃথক নির্বাচন ব্যবস্থা দয়ো ছাড়াও ভারতের অস্পৃশ্যদেরও একই অধিকার দেয়া হল। গান্ধী এর বিরুদ্ধে ানশনে বসে হিন্দু সমাজে বিভাজন এড়াতে চাইলেন। ফলে ১৯৩২ সালে পুনা চুক্তি অনুারে আবেদকার পৃথক নির্বাচনমণ্ডলী ত্যাগ করে সংরক্ষিত আসন নিয়ে সন্তুষ্ট থাকেন। সমাজের দলিত শ্রেণীর মধ্যে সচেতনতা এবং গংগ্রেসের প্রভাব বিস্তার করতে গান্ধীর শুরু করেন তাঁর হরিজন প্রকল্প।

২.৫ নির্বাচনের রাজনীতি থেকে ভারতছাড়ো আন্দোলন

১৯৩৫ থেকে ১৯৪২ সাল ভারতের রাজনীতির জনমুখী চরিত্রকে গণতান্ত্রিক পরিণতির দিকে নিয়ে যাবার পথে অন্যতম গুরুত্বপূর্ণ পর্ব। এই পর্বে রাজনৈতিক চেতনায় সমাজতান্ত্রিক মতাদর্শ ক্রমশ স্বাভাবিক চিন্তাধারায় পরিণত হয়। ১৯৩৭-এ প্রাদেশিক নির্বাচনে কংগ্রেসের এবং অন্যান্য দলের সাফল্যের অন্যতম কারণ নীতির জনমুখীনতা। সীমিত ক্ষেত্রে কার্যরত প্রাদেশিক মন্ত্রিসভাগুলি জনমুখী রাজনীতি নিজ নিজ রাজনৈতিক মতানুসারে করতে থাকায় গণতান্ত্রিক ভারতের পূর্বচিত্র সহজেই দৃষ্টিগোচর হয়েছিল।

১৯৩৯-এ দ্বিতীয় বিশ্বযুদ্ধ এসে এই বিকেন্দ্রীকৃত শাসনব্যবস্থার স্বাভাবিক বিবর্তন ব্যাহত করে। যুদ্ধে একতরফা ভাবে ভারতবর্ষকে জড়িয়ে দেবার প্রতিবাদে কংগ্রেস মুখর হলেও কংগ্রেসী অসহযোগীতার সুযোগে অন্যান্য রাজনৈতিক দল সরকারের সান্নিধ্য কামনা করে। ফলে ১৯৪২ সালে যখন কংগ্রেস স্বাধীনতার দাবী জানিয়ে ক্রীপসের দৌত্য অস্বীকার করে, রাজনীতিন আঙিনায় কংগ্রেস তখন নিঃসঙ্গ। এহেন পরিস্থিতিতে জনমানসে তথা রাজের দৃষ্টিতে কংগ্রেসের কতৃৎস্বের দাবি প্রতিষ্ঠা করতে শু হয় ভারত ছাড়ো আন্দোলন। কিন্তু এই আন্দোলন কংগ্রেসের অজান্তেই হয়ে ওঠে প্রকৃত জন-আন্দোলন। নিয়ন্ত্রণের রাশ কংগ্রেসের হাতে না থাকায় ভারত ছাড়ো আন্দোলন হয়ে ওঠে ভারতের ইতিহাসের প্রবলতম জন আন্দোলন।

২.৫.১ ১৯৩৫ ভারত শাসন আইন এবং প্রাদেশিক কংগ্রেস সরকার

১৯৩৫ সালের ভারত শাসন আইন ভারতে দায়িত্বশীল সরকার গঠনের মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরণের ঘোষণা করে। ১৯৩২-এর পরে একতরফা ব্রিটিশ পদাধিকারীদের মস্তিষ্ক প্রসূত এই আইন ভারতের সব রাজনৈতিক গোষ্ঠীর দ্বারা সমালোচিত হয়।

এই আইনে ইতিবাচক দিক বলতে ছিল প্রাদেশিক স্তরে দ্বৈতশাসনের অবসান। প্রাদেশিক মন্ত্রিসভা সম্পূর্ণত নির্বাদিত আইনসভার কাছে দায়বদ্ধ থাকবে, যদিও গর্ভনরের হাতে বিশেষ ক্ষমতা ন্যস্ত থাকবে যাতে নির্বাচিত আইনসভাকে পরয়োজনে উপেক্ষা করে কাজ চালানো যায়। প্রাদেশিক নির্বাচনমরডলীতে ভোটাধিকার প্রাপ্ত নাগরিকের সংখ্যা ৬৫ শতাংশ থেকে বাড়িয়ে ৩ কোটি করা হয়।

কেন্দ্রীয় যুক্তরাজ্যের কাঠামোতে কেন্দ্রীয় সরকারের হাতে প্রভূত ক্ষমতা রাখা হয়। কেন্দ্রীয় শাসনযন্ত্রের বেশ কিছু বিষয় নির্বাচিত মন্ত্রীদের হাতে তুলে দেবার কথা হয় (দিও বিদেশ নীতি, রেলপথ, প্রতিরক্ষা, ইত্যাদি ইংরেজ পদাধিকারীদের হাতে থাকে)। ভারতের আর্থিক স্বাধীনতা প্রায় স্বীকৃত হলেও বড়লাটকে প্রায় বর্ময় কর্তৃত্বে বহাল রাখতে ব্রিটিশ প্রধান্য অক্ষুণ্ন থাকে। কেন্দ্রীয় আইনসভার উচ্চমঞ্চের ২৭৬ আসনের মধ্যে ১০৪ এবং নিম্নমঞ্চের ৩৭৫ আসনের মধ্যে ১২৫টি আসন থাকবে ভারতীয় রাজন্যবর্গের দ্বারা মনোনীত প্রার্থীর জন্য। তবে এই যুক্তরাজ্য সংক্রান্ত ধারা রাজন্যবর্গের ৫০ এর সম্মতি সাপেক্ষ ছিল—এবং এই সম্মতি জ্ঞাপন না করাতে এই অংশটি কোনটা দিনই প্রযুক্ত হয়নি।

ভোটাধিকার প্রাপ্ত নাগরিকের সংখ্যা বেড়ে যাওয়াতে কংগ্রেসের রাজনীতিতে জনমুখীনতা আরও বাড়ে। গান্ধীর পদাঙ্ক অনুসরণ করে গ্রামাঞ্চলে কংগ্রেসের সামাজিক এবং রাজনৈতিক কাজের সুফল তো

বটেই, যুক্তপ্রদেশে কৃষাণ আন্দোলনের সঙ্গে যুক্ত থাকার সুবাদে কৃষি সংক্রান্ত পরিকল্পনা গ্রহণে ফলে কংগ্রেসের জনপ্রিয়তা ক্রমশ বৃদ্ধি পায়—বিশেষত লক্ষ্মী এবং ফযেজকুর অধিবেশনে নেহরু সমাজতন্ত্রের দিকে আকর্ষণ অনেককেই আশাঘিত করে।

১৯৩৭ সালের নির্বাচনের প্রাদেশিক আইনসভাগুলির মোট ১৫৮৫ আসনের ৭১১টা কংগ্রেস দখল করে। ১১টি রাজ্যের মধ্যে পাঁচটিতে (মাদ্রাজ, বিহার, ওড়িশ্যা, যুক্তপ্রদেশ এবং মধ্যপ্রদেশ) সংখ্যাগরিষ্ঠতা এবং বস্তুতে বৃহত্তম দল হবার সুবাদে কংগ্রেস সরকার গঠনের অবস্থায় আসে। এই বিপুল জয়ের অন্যতম বড় কারণ অবশ্যই গান্ধীবাদী জনসংযোগ প্রকল্প এবং ফয়জাবাদের কৃষি কর্মসূচী। কিন্তু এই বিপুল জয় কিছু সমস্যারও উদ্ভেক করে। কংগ্রেস এর আগে নীতিগতভাবে প্রাদেশিক শাসনব্যবস্থায় গভর্নরের বিশেষ অধিকার মানতে অস্বীকার করেছিল। নির্বাচন সাফল্যের পরে সরকার গঠনের কথা উঠলে সেই নীতিগত অবস্থানের পরিবর্তনের পক্ষে দক্ষিণপন্থীদের চাপ আসতে থাকে। জুলাই ১৯৩৭ ছটি রাজ্যে কংগ্রেস মন্ত্রীসভা গঠন হয়, কয়েকমাসের মধ্যে উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে এবং পরের বছর আসামে কোয়ালিশন মন্ত্রীসভা গঠিত হয়। অর্থাৎ বাংলা, সিন্ধু এবং পাঞ্জাব বাদ দিলে দেশের প্রায় সর্বত্রই কংগ্রেসের শাসন প্রতিষ্ঠা হয়েছিল।

১৯৩৮-৩৯ সালে কংগ্রেসের জনসংযোগ বাড়ানোর প্রক্রিয়া ব্যাপক আকার ধারণ করে। যুক্তপ্রদেশে ভূমি সংস্কারের পক্ষে সওয়াল করে কংগ্রেস কৃষাণ সভার নেতৃত্ব ধরে রাখলেও বিহার এবং বাংলায় কংগ্রেস ভূমিসংস্কারের পক্ষে ছিল না। প্রায় সব কংগ্রেস শাসিত রাজ্যেই বামপন্থী রাজনীতি কড়া হাতে দমন করার প্রবণতা দেখা যায়। এবং সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বিষয় হল কংগ্রেসের সাম্প্রদায়িক সমস্যার ক্ষেত্রে অবদান। কংগ্রেস ওয়ার্কার শিক্ষা সম্মেলনে (১৯৩৭) মৌলিক শিক্ষা সম্পর্কিত যে কার্যাবলী গ্রহণ করেছিল, ক্ষমতাসীন হয়ে রাজ্যগুলিতে কংগ্রেস তা বলবৎ করার চেষ্টা করে। এতে নাগরী হরফে হিন্দী চর্চায় জোর দেবার ফলে এবং অজান্তেই হিন্দু মতাদর্শের প্রচারের রূপ দেয়াতে উদুভাষী মুসলিম সত্তা বিপন্ন বোধ করে। তার ওপর হিন্দু কৃষকদের স্বার্থে মুসলিম ভূস্বামীর জমি অধিক্রহনের কথা যুক্ত প্রদেশে বলে, বাংলায় মুসলিম কৃষকের স্বার্থের বিরুদ্ধে ভূমি সংস্কারের বিরোধিতা করাতে কংগ্রেস প্রতিনিয়ত সাম্প্রদায়িক আখ্যা পায়। মুসলিম লীগের তীব্র আক্রমণের মুখে কংগ্রেস সদিচ্ছা ব্যক্ত করা ছাড়া বিশেষ কিছু করতে ব্যর্থ হয় কারণ ওই সময়ে গান্ধী-সুভাষ বিবাদ চরম পর্যায়ে পৌঁছয়।

২.৫.২ দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং ভারতীয় রাজনীতি

১লা সেপ্টেম্বর ১৯৩৯ ব্রিটেন জার্মানীর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। ৩রা সেপ্টেম্বর ভারতের বড়লাট ভারত সরকারের তরফে ব্রিটেনের হয়ে যোগদানের কথা ঘোষণা করেন। ভারত জড়িয়ে পড়ে ফ্যাসিবাদী শক্তির বিরুদ্ধে দ্বিতীয় বিশ্বযুদ্ধে।

১৯৩৮ সথকেই এই সংকটের পূর্বাভাস পাওয়া যাচ্ছিল। কংগ্রেসের বামপন্থী গোষ্ঠী মনে করেছিল ইউরোপে ব্রিটিশ ব্যস্ততার সুযোগ নিয়ে ভারতে গণ-আন্দোলন, প্রয়োজনে গণঅভ্যুত্থান গড়ে তুলে ব্রিটিশ শাসনের অবসান ঘটানোর এটি আদর্শ সময়—এই মতামতের অন্যতম প্রবক্তা ছিলেন সুভাষচন্দ্র বসু। অন্যদিকে ত্রিশের দশকে ইউরোপ ভ্রমণের সুবাদে নেহরু ফ্যাসিবাদ সম্বন্ধে সম্যক ভাবে পরিচিত থাকায়

তীব্র ফ্যাসিবাদী ছিলেন। তিনি চাইছিলেন বিশ্বজোড়া ফ্যাসিবিরোধী সংগ্রামে ভারত ব্রিটেনের পাশে থাকুক। কংগ্রেস নেহরুর মতই কতকটা মেনে নেয়।

ব্রিটেনের হয়ে ভারতের যুদ্ধরত হওয়াতে কংগ্রেসের বিশেষ আপত্তি না থাকলেও ভারতীয় রাজনীতিবিদদের সঙ্গে কোন পরামর্শ না করে একতরফাভাবে ভারতকে যুদ্ধে জড়িয়ে দেওয়া কংগ্রেসের সম্মত বলে মনে করেনি। তবু কংগ্রেস যুদ্ধে পূর্ণ সহযোগিতা করতে রাজী ছিলেন দুটি শর্তে—অবিলম্বে প্রকৃত দায়িত্বশীল নির্বাচিত কেন্দ্রী সরকারের গঠন করতে হবে; এবং যুদ্ধোত্তর ভারতের সংবিধান সভা গঠনের প্রতিশ্রুতি দিতে হবে।

বড়লাট লিনলিয়গো কংগ্রেসকে দ্বিমাত্র জমি ছাড়তে নারাজ ছিলেন। ১৯৩৯ সালে এশিয় মহাদেশে যুদ্ধের সম্যক সম্ভবনা ক্ষীণ হওয়ায়, এবং ভাতের আইনের সংশোধনী অনুসারে ১৯৩৯ সালে বড়লাটের প্রভূত ক্ষমতাবৃদ্ধি হওয়াতে, লিনলিয়গোর অনমনীয়তা বেড়ে যায়। অক্টোবর মাসে বড়লাট অনির্দিষ্ট ভবিষ্যতে ভারতকে স্বায়ত্তশাসন দেবার অঙ্গীকার করলে অসন্তুষ্ট কংগ্রেস ২২শে দিসেম্বর ১৯৩৯ সমস্ত প্রাদেশিক মন্ত্রিসভা থেকে বেরিয়ে আসে। লিনলিয়গো স্বায়ত্তশাসন সংক্রান্ত ভাষণে ভারতের বিভিন্ন সম্প্রদায়ের সম্মতির ওপর ভবিষ্যত কাঠানোর রূপ নির্ভরশীল বলে দেয়াতে, মুসলিম লীগ এবং আন্দোলকের ইন্ডিপেন্ডেন্ট লেবার পার্টি কংগ্রেসি মন্ত্রিসভার পদত্যাগকে ‘মুক্তি দিবস’ বলে ঘোষণা করে।

১৯৪০-এ ব্রিটেন যখন জার্মানীর দ্বারা আক্রান্ত, তখন ভাতের পূর্ণ সমর্থন পেতে স্বয়ং লিনলিয়গো আপসে রাজি হলেও প্রধানমন্ত্রী চার্চিল তার বিরোধীতা করেন। ফলে “আগস্ট প্রস্তাব” (১৯৪০)-এ শুধুমাত্র বড়লাটের শাসনবিভাগ এবং যুদ্ধ উপদেষ্টা কমিটিতে ভারতীয়দের অন্তর্ভুক্তি ছাড়া নতুন কোন প্রস্তাব ছিল না।

আগস্ট প্রস্তাবের পরে রামগড় কংগ্রেসে (১৯৪০) গৃহীত প্রস্তাব অনুযায়ী গান্ধী মুষ্টিমেয় নেতাদের ব্যক্তিগত সত্যগ্রহ প্রকল্পের কথা ঘোষণা করেন। তবু ১৯৪১-৪২ সালে কংগ্রেসের বামপন্থীরা বাদে সবাই ব্রিটিশ সরকারের সঙ্গে সমঝোতা চাইছিল। ১৯৪২ পূর্ব এশিয়া জাপানের বিস্ময়কর সাফল্য এবং উপর্যুপরি ব্রিটিশ পশ্চাদপসরণের (সিঙ্গাপুর, বর্মা, আন্দামন) পরিপ্রেক্ষিতে ভারতের আক্রান্ত হবার সম্ভাবনা প্রবল হয়ে উঠতে থাকে। মার্কিন সরকার এবং জাতীয় সরকারের লেবার সদস্যদের চাপে পড়ে চার্চিল বিশেষ ক্ষমতাসম্পন্ন একটি উচ্চপদস্থ প্রতিদ্বন্দ্বিতা পাঠাতে রাজী হন। সরকারের লেবার সদস্য স্ট্যাফোর্ড ক্রীপসের নেতৃত্বে এই দলের উদ্দেশ্য ছিল ভারতীয় রাজনৈতিক দলগুলির সহযোগিতা লাভের অদূর ভবিষ্যতে ক্ষমতার বিকেন্দ্রীকরণ এমনকি হস্তান্তর নিয়ে আলোচনা করা।

ক্রীপস ক্যাবিনেটের যে ঘোষণা পত্র সম্মল করে ভারতে এসেছিল তাতে বলা হয় যুদ্ধোত্তর পূর্বে অনতিবিলম্বেই স্বায়ত্তশাসন, এমনকী পূর্ণ স্বাধীনতার অধিকার দেয়া হবে। প্রাদেশিক আইনসভার দ্বারা নির্বাচিত একটি সংবিধান সভা গঠন করা হবে, তবে কোন প্রদেশ ইচ্ছা করলে সংবিধানসভায় যোগদানে বিরত থাকতে পারে। ভারতীয় রাজন্যবর্গ তাঁদের প্রতিনিধি মনোনয়নের অধিকার পাবেন। এবং অনতিবিলম্বেই ভারত সরকারের অন্তর্বর্তীকালীন শাসনবিভাগে ভারতীয় রাজনীতিবিদদের যোগদানের

ব্যবস্থা করা হবে, যদিও যুদ্ধ-পরিচালনার সর্বময় ক্ষমতা বড়লাটের হাতে থাকবে।

কংগ্রেস প্রাথমিকভাবে ক্রীপসের দৌত্য মেনে নেয়। সংবিধান সভায় যোগদাপ থেকে বিরত থাকতে পারার আশ্বাস পাওয়ায় লীগও আলোচনায় প্রস্তু ছিল। অন্তর্বর্তী সরকারের যোগদানের ব্যাপারে ঐক্যমত হলেও প্রতিরক্ষা বিষয়ক আলোচনায় ক্রীপস ভারতীয়দের হাতে বেশী ক্ষমতা দিতে প্রথমে রাজী থাকলেও লিনলিয়গো এবং চার্চিলের আপত্তিতে তা বানচাল হয়ে যায়। সরকারের সর্বময় কর্তৃত্ব ব্রিটিশদের হাতেই ন্যস্ত থাকবে বলাতে কংগ্রেস আলোচনা ছেড়ে বেরিয়ে আসে।

ক্রীপস মিশন (মার্চ-এপ্রিল ১৯৪০) ব্যর্থ হলে পরে কংগ্রেসের ধৈর্য্যচ্যুতি ঘটে। গান্ধী একে “Post-dated cheque on a crashing bank” আখ্যা দেন। ক্রীপস প্রস্তাব যে আশা জাগিয়েছিল, তার ব্যর্থতা ততটাই হতাশার জন্ম দেয়। তার ওপর যুদ্ধকালীন রাজনৈতিক তৎপরতার বিষয়ে অসহিষ্ণুতা, অর্থনৈতিক অনিশ্চয়তা—সব মিলে যে আবহ তৈরি হয়েছিল তারই সূত্র ধরে গান্ধী ভারত ছাড়ো আন্দোলনের ডাক দেন।

২.৫.৩ ভারত ছাড়ো আন্দোলন

১৯৪২-এর গ্রীষ্মে গান্ধী অস্বাভাবিক অনমনীয় হয়ে উঠেছিলেন। ১৯৩৯ সাল থেকেই ব্রিটিশ দমননীতি তীব্র হয়ে উঠেছিল কারণ ব্রিটিশ শাসকেরা কংগ্রেসকে আন্দোলনে প্ররোচিত করে যুদ্ধকালীন বিশেষ অধিকার বলে কংগ্রেসকে চূর্ণ করে দিতে চাইছিল। ১৯৪২-এর শুরু থেকেই জাপানী আক্রমণের সম্ভবনা প্রবল হতে থাকে পূর্ব এবং দক্ষিণ-পূর্ব এশিয়ায় কর্মরত ভারতীয়দের পরিত্যাগ করে ব্রিটিশরা যেভাবে নিজেদের বাঁচাবার চেষ্টা করে তাতে ব্রিটিশদের প্রতি ব্যাপক ক্ষোভ জন্মায়। পূর্ব এশিয়া থেকে ফিরে আসা ভারতীয়রা ক্ষোভের সঙ্গে অন্য একটি উপলক্ষ্য নিয়ে এসেছিল—প্রবল প্রতাপশালী ব্রিটিশ সাম্রাজ্য এবারে ভাঙনের মুখে। এর পাশাপাশি যুদ্ধের প্রয়োজনে ভারতীয় অর্থনীতি চরম মূল্যবৃদ্ধি সৃষ্টি করে ব্রিটিশ সরকারে অজান্তেই বাড়িয়ে চলেছিলেন। এসবেরই প্রকাশ ঘটেছিল গান্ধীর অনমনীয়তায়।

গান্ধী মনে করতেন জাপান ভারত আক্রমণ করতে পারে যদি ভারতে ব্রিটিশ শাসন অব্যাহত থাকে। তাই ৮ আগস্ট ১৯৪২ বক্সিতে কংগ্রেসের অধিবেশনে ব্রিটিশ শক্তিকে ভারত ছাড়তে বলেন। গান্ধী তাঁর অনমনীয়তার পরিচয় দিয়ে আন্দোলনকে শুধু অহিংস পথে চলার আহ্বান করেই বিরত থাকেন। তিনি বলেন, কংগ্রেসের শীর্ষ নেতৃত্ব কারারুদ্ধ হলে প্রতিটি স্বাধীনতাকামী ভারতবাসী যেন নিজেকে অসিংস পথে পরিচালিত করে। “করেঙ্গে ইয়া মরেঙ্গে” মন্ত্রের মধ্যেও এই অনমনীয়তা পরিষ্কার হয়ে যায়।

৯ই আগস্ট ভোররাতেই লিনলিয়গো কংগ্রেসের শীর্ষস্থানীয় প্রায় সব নেতাকেই কারারুদ্ধ করেন, এবং এক সপ্তাহের মধ্যে প্রাদেশিক কংগ্রেসি নেতৃত্বও কারারুদ্ধ হয়ে যায়। ফলে, কংগ্রেসি জনআন্দোলনের সাধারণত যে নিয়ন্ত্রিত হবার প্রবণতা থাকত তা ১৯৪২-এর আন্দোলনে অনুপস্থিত।

ভারত ছাড়ো আন্দোলনকে তিনটি পর্বে ভাগ করা যায়। প্রথম পর্বে ভারতের বিভিন্ন প্রান্তে নগরায়ণে প্রবল অস্থিরতা দেখা দেয়। বন্যে ৯-১৪ আগস্ট লাগাতার হরতালে নিশ্চল হয়ে পড়ে।

কলকাতায় ১০-১৭ অগাস্ট লাগাতার বনধ্ চলতে থাকে। দিল্লীতে পুলিশ এবং জনতার খণ্ডযুদ্ধে বহু ব্যক্তি হতাহত হয়। পাটনা দুদিনের জন্য ব্রিটিশ শাসকদের হাতছাড়া হয়ে যায়। অন্যান্য শহরেও শ্রমিক ধর্মঘটে নগরজীবন বাহত হয়।

আন্দোলনের দ্বিতীয় পর্যায়ে অসন্তোষ শহর ছেড়ে শহরতলী এবং মফস্বলের দিকে এগোতে থাকে। ১৯৩০ সালে আন্দোলন থেকে দূরে থাকা শহরে মধ্যবিত্ত ছাত্র এবং বৃহত্তর যুব সমাজ প্রত্যক্ষ সংগ্রামে অংশগ্রহণ করে। রেললাইন উৎখাত, থানা বা অন্যান্য সহকারী কার্যালয় আক্রমণের সংখ্যা দেশজুড়ে রাতারাতি বাড়তে থাকে। ব্রিটিশ রাজের সংযোগ ব্যবস্থা বহুক্ষেত্রে বিপন্ন হয়।

তৃতীয় পর্যায়ে ব্যাপক কৃষক যোগদানের ফলে উপমহাদেশের একটা বড় অংশ উত্তাল হয়ে উঠেছিল। বিহার, যুক্তপ্রদেশের পূর্বাঞ্চল, মেদিনীপুর, উড়িষ্যা, মহারাষ্ট্র এবং কর্ণাটকে কৃষক অসন্তোষ ব্যাপক অভ্যুত্থানের আকার নেয়। বিহারে এই আন্দোলনের পূর্ণ কৃতিত্ব ছিল অ-কংগ্রেসি কিষাণ সভার। আন্দোলন অধিকাংশ ক্ষেত্রেই হিংসার আশ্রয় নেয়, এবং অল্প সময়ের জন্য হলেও রামমনোহর লোহিয়া এবং জয়প্রকাশ নারায়ণের মত বামপন্থর কংগ্রেসিদের নেতৃত্বে প্রতি সরকার গঠিত হয়।

মেদিনীপুরে কৃষক জাগরণের ফলে তান্ত্রলিপ্ত জাতীয় সরকার প্রতিষ্ঠা করেন সতীশ সরকার প্রমুখ নেতা। এই প্রতি-সরকার সেপ্টেম্বর ১৯৪৪ সাল অবধি।

উড়িষ্যার বালাসোরে কংগ্রেসের নেতৃত্বে কৃষক অব্যুত্থানের যে সূত্রপাত হয় তা স্বরাজ পঞ্চায়েতের গঠনে সাহায্য করে। দৃষ্টান্ত উদ্ভূত হয়ে স্বরাজ পঞ্চায়েতের ধারণা ক্রমশ উড়িষ্যার বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়ে। নুরুপভাবে মহারাষ্ট্রে সাতারা এবং খান্দে অঞ্চলে কৃষক অব্যুত্থানের ব্রিটিশ রাজশক্তি পিছু হটতে বাধ্য হয়। আগ্লা সাহেবের নেতৃত্বে সাতারার জাতীয় সরকার এই কৃষক অব্যুত্থানের সুবাদে বেশ কিছু দিন স্বরাজ প্রতিষ্ঠা করে।

ভারত ছাড়া আন্দোলন প্রবল হলেও সর্বব্যাপী হয়নি। কৃষিক্ষেত্রে উন্নয়নের সুবাদে সমৃদ্ধ কৃষকরা যে সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল—যেমন পাঞ্জাব, যুক্তপ্রদেশের পশ্চিমাঞ্চল, গুজরাত, তামিলনাড়ুর এক বিস্তীর্ণ অঞ্চল—যেসব অঞ্চলে ব্রিটিশ বিরোধী আন্দোলন আদৌ তীব্রতা লাভ করেনি। তার ওপর মুসলিম লীগ সরকারের পক্ষ অবলম্বন করায় মুসলিম সমাজের একটি বড় অংশও আন্দোলন থেকে দূরে সরে থাকে। ফলে পূর্ববঙ্গ এবং মুসলিম প্রধান অঞ্চল মোটের ওপর শান্ত ছিল।

তাতেও আন্দোলনের প্রাবল্য নিয়ে সন্দেহের বিশেষ অবকাশ নেই। দলগতভাবে কমিউনিস্টরা ব্রিটিশ শাসনে পক্ষে থাকলেও তৃণমূল স্তরে কমিউনিস্ট এবং কংগ্রেস কর্মীরা কাঁধে-কাঁধ মিলিয়ে ১৯৪২-এর গণআন্দোলনকে অহিংস জনআন্দোলনের গভী পার করে এক অব্যুত্থানের রূপ দিত সাহায্য করেছিল।

১৯৪২-এর মধ্যেই তীব্র দমননীতির দৌলতে উত্তাল ভারতবর্ষকে ব্রিটেন নিয়ন্ত্রণে আনতে সফল হয়। ১৯৪৩ সালে প্রায় এক লক্ষ লোক কারারুদ্ধ হল। মোট ২০৮টি পুলিশ চৌকি, ৩৩২টি রেল স্টেশন, ৯৪৫টি পোস্ট অফিস আক্রান্ত হয়েছিল। সাড়ে ছ'শোর বেশি বোমা বিস্ফোরণ হয়েছিল সারা দেশ জুড়ে।

গণজাগরণের এই রূপ দেখে ব্রিটিশ সরকার উপলব্ধি করে যে যুদ্ধকালে চরম দমননীতি নিয়ে এই আন্দোলন স্তব্ধ করা গেলেও, যুদ্ধোত্তর ভারতে তা সম্ভব হবে না। পেশীবলে ভারতকে সাম্রাজ্যে ধরে রাখা সম্ভব হবে না বুঝেই নবনিযুক্ত বড়লাট কংগ্রেসি নেতৃবর্গকে মুক্তি দিয়ে আলোচনার মাধ্যমে ক্ষমতা হস্তান্তরের প্রয়াস শুরু করেন ১৯৪৩-৪৪ সালে। শুরু হয় স্বাধীনতার প্রহর গোনা।

২.৬ সারাংশ

১৯৪২-৪২ ছিল ভারতীয় রাজনীতির জনমুখী হওে ওঠার কাল। বিংশ শতাব্দীর বিশেষ দশক অবধি ভারতীয় রাজনীতি মূলত সংসদীয় অলিন্দে সীমাবদ্ধ ছিল। ভারতের রাজনীতি গান্ধীর প্রবেশের পরেই রাজনীতিতে ক্রমশ জনগণের উপস্থিতি এবং গুরুত্ব বাড়তে থাকে।

১৯২০-২২ সাল খিলাফত অসহযোগ আন্দোলন ছিল ভারতের ইতিহাসের পতরথম সর্বভারতীয় নিয়ন্ত্রিত জন আন্দোলন। তুরস্কের সুলতান ইসলামী দুনিয়ার খলিফার প্রতি অমর্যাদাপূর্ণ আচরণে ক্ষুব্ধ ভারতীয় মুসলিম সমাজ তখন ব্রিটিশ সরকারের সঙ্গে সমস্ত রকম অসহযোগিতার কথা ভাবছিল। হিন্দুদের সাহায্য ছাড়া অসহযোগ ব্যর্থ হতে পারে এই আশঙ্কায় তারা হিন্দু-প্রধান কংগ্রেসের সাহায্য চায়। মন্ট-ফোর্ড আইনের হতাশাব্যাঞ্জক ক্ষমতার আংশিক বিকেন্দ্রীকরণের পরে জালিয়াওয়ালাবাগ হত্যাকাণ্ড কেন্দ্র করে ব্রিটিশ শাসনের বিশ্বাসযোগ্যতা তখন তলানীতে এসে ঠেকেছে। দেশব্যাপী উত্তেজনার মধ্যে গান্ধী উপলব্ধি করেন হিন্দু-মুসলিম ঐক্য গড়ে ব্রিটিশ বিরোধীতার এর থেকে ভাল অবকাশ আর আসবে না। তাই কংগ্রেসের একাংশের আপত্তি সত্ত্বেও গান্ধী ১৯১৯ সালে ঘোষিত কাউন্সিল নির্বাচন থেকে কংগ্রেসকে দূরে সরিয়ে রেখে জন আন্দোলন শুরু করেন।

১৯২১-২২-এর খিলাফত অসহযোগ আন্দোলন ছিল মূলত শহরে সীমাবদ্ধ ছিল। যুদ্ধোত্তর ভারতে অসন্তোষ নগরবাসীর মধ্যে প্রবল হওয়ায় এবং কংগ্রেসী জনসংযোগ গ্রামাঞ্চলে তেমন ব্যাপ্ত না হওয়াতেই এই সীমাবদ্ধতা তাছাড়া কংগ্রেসের তখনও তেমন নির্দিষ্ট কোন কৃষিকর্মসূচীও ছিল না। তবু বহু জায়গায় গান্ধীর নাম-মাহাত্ম্যকে অবলম্বন করেই কৃষক বিদ্রোহ দেখা দেয়। আন্দোলনের নিয়ন্ত্রিত অহিংস চরিত্র বিপন্ন হচ্ছিল। ১৯২২ সালে চৌরিচৌরা ঘটনার পরিপ্রেক্ষিতে তাই গান্ধী অসহযোগ আন্দোলন প্রত্যাহার করে নেন।

১৯২০-এর দশক তিনটি কারণে গুরুত্বপূর্ণ। প্রথম, কংগ্রেসের নির্বাচনপন্থী গোষ্ঠী স্বরাজ্য পাটি নামে দ্বৈতশাসন যন্ত্রে অংশগ্রহণ করে দ্বৈত শাসনরে অসারতা প্রমাণ করলেও শাসন সংস্কার আনতে ব্যর্থ হয়। দ্বিতীয়ত মুসলিম তিক্ততা বাড়ার সুযোগ নিয়ে ভারতের স্বশাসনের অক্ষমতা প্রমাণ করতে সাইমন কমিশন পাঠানো হয়। এই কমিশনে কোন ভারতীয় না থাকতে ভারতবাসী এর বিরুদ্ধে প্রতিবাদ জানায়, এবং সর্বদলীয় এক সম্মেলনে স্বাধীন ভারতের সংবিধানের রূপরেখা ঠিক করা হয়। কংগ্রেসের যুবগোষ্ঠী পূর্ণস্বরাজ্যের লক্ষ্যে এগোতে চাপ সৃষ্টি করতে থাকে। ওই সময়েই বিশ্বজনীন অর্থনৈতিক মন্দার পূর্বাভাস ভারতে দেকা যায়। রাজনৈতিক তথা অর্থনৈতিক অসন্তোষের প্রতিফলন ঘটে আইন অমান্য আন্দোলনে। এক্ষেত্রে বিশেষ দশকের তৃতীয় গুরুত্বপূর্ণ ঘটনা—গান্ধীর গ্রামীণ উন্নয়ন প্রচেষ্টার সুবাদে কংগ্রেসের গ্রামে গ্রামে উপস্থিতি—জন আন্দোলনকে ব্যাপকতর বিস্তৃতি পেতে সাহায্য করে।

আইন অমান্য আন্দোলন শুরু হয় ডাভীতে লবন সত্যাগ্রহ দিয়ে। পরে তা অহিংস মতে সর্বকম আইন অমান্যের মাধ্যমে ব্রিটিশ শাসনের নৈতিক অধিকারকে চ্যালেঞ্জ জানায়। এই আন্দোলনের প্রভাব নগরাঞ্চলে সীমিত থাকলেও গ্রামাঞ্চলে প্রাবল্য লাভ করে। ক্ষেত্রবিশেষে আন্দোলন অহিংসার সীমারেখাও লঙ্ঘন করে যায়। এমতবস্থায় বড়লাট আরউইন গান্ধীকে আন্দোলন থামিয়ে ভারতের ভবিষ্যত শাসনসংস্কার নিয়ে আলোচনা করতে লন্ডনে এক গোলটেবিল বৈঠকে আহ্বান করেন। গান্ধী-আরউইন চুক্তি অনুসারে বড়লাট গান্ধীর অল্প কিছু দাবি মেনে নেন, বিনিময়ে গান্ধী গোলটেবিল বৈঠকে যোগ দিতে যান।

দ্বিতীয় গোলটেবিল বৈঠক থেকে খালি হাতে ফিরে ১৯৩০-এর দশকে গান্ধী জনসংযোগ বাড়াতে থাকেন। ১৯৩৫-এর ভারত শাসন আইনে প্রাদেশিক শাসনের ভার ভারতীয়দের নির্বাচিত প্রতিনিধিদের হাতে তুলে দেয়া ঠিক হয়। গান্ধীর নেতৃত্বে কংগ্রেসি জনসংযোগ এবং কৃষি-বিষয়ক রাজনৈতিক কর্মসূচীর সুবাদে কংগ্রেস ১৯৩৭-এর প্রাদেশিক নির্বাচনে সাফল্য লাভ করে এবং সব মিলে আটটি প্রাদেশিক মন্ত্রিসভায় যোগ দেয়।

১৯৩৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হলে কংগ্রেস অবিলম্বে স্বায়ত্ত্ব শাসনের দাবি জানায়। বড়লাট সেই দাবি মানায় কংগ্রেস মন্ত্রিসভাগুলি পদত্যাগ করে। প্রত্যক্ষ সহায়তার বিনিময়ে স্বশাসনের দাবিতে অনড় কংগ্রেস ক্রীপস্ প্রস্তাবের সময় আশাবিহীন হয়, কিন্তু তা ব্যর্থ হওয়ায় রাজনৈতিক অস্থিরতা, ব্রিটিশ বিরোধী জনমত এবং জাপানী আক্রমণের সম্ভবনার পরিপ্রেক্ষিতে ইংরেজ সরকারকে ভারত ছাড়তে গণ আন্দোলনের সূচনা করে।

১৯৪২ সালের ভারত ছাড়ো আন্দোলনের কংগ্রেসি শীর্ষ নেতৃত্ব কারারুদ্ধ হয়। ফলে ইতোপূর্বের জন আন্দোলনে দলের যে নিয়ন্ত্রণ ছিল ১৯৪২-এ তা দেখা যায়নি। রাজনৈতিকভাবে সচেতন এবং ক্ষুধার ভারতবাসী ১৯৪২-এ প্রায় অভ্যুত্থান ঘটিয়ে ফেলে। চরম দমননীতি নিয়ে সেই জনজাগরণ প্রশমিত করলেও ১৯৪২-এ ব্রিটিশ রাজ বুঝে যায় তাদের অস্তিত্ব লগ্ন আসন্ন প্রায়।

২.৭ অনুশীলনী

- ক) খিলাফত আন্দোলন কেন অনুষ্ঠিত হয়? এতে কংগ্রেসের অংশগ্রহণের কারণ কী ছিল?
- খ) অসহযোগ আন্দোলনের ধারা এবং প্রকৃতি আলোচনা করুন।
- গ) আইন অমান্য আন্দোলনের ধারা এবং প্রকৃতি আলোচনা করুন।
- ঘ) ভারত ছাড়ো আন্দোলনের প্রেক্ষাপট বিষয়ে আলোচনা করুন।
- ঙ) ভারত ছাড়ো আন্দোলনের ধারা বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করুন।

সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন :

ক) খিলাফত কথাটির অর্থ কী? ১৯২০-এর দশকে ভারতবর্ষে খিলাফত আন্দোলন কেন সংঘটিত হয়েছিল?

- খ) অসহযোগ আন্দোলনের প্রস্তাব কেন্দ্রীয় খিলাফত কমিটির কোন নেতা উত্থাপন করেন?
- গ) অসহযোগ আন্দোলনের লুত্র ধরে প্রতিষ্ঠিত যে কোন দুটি স্বদেশী শিক্ষাপ্রতিষ্ঠানের নাম বলুন।
- ঘ) বিশেষ দশকে কংগ্রেসের যে কোন দুজন নির্বাচনপন্থী (Pro-changer) এবং নির্বাচন বিরোধী (No-changer) নেতার নাম উল্লেখ করুন।
- ঙ) সাইমন কমিশনের ঘোষিত উদ্দেশ্য কী ছিল?
- চ) ১৯৩৭ সালের নির্বাচনের পরে কোন কোন প্রদেশে কংগ্রেস সরকার গঠনে সফল হয়?
- ছ) ১৯৩৯ সালে প্রাদেশিক মন্ত্রীসভাগুলি থেকে কংগ্রেসের সরে আসার কারণ কী ছিল?
- জ) ভারত ছাড়ো আন্দোলনের সূত্রপাতের সময় কোন ব্রিটিশ বড়লাট এক তীব্র দমননীতির আশ্রয় নেন?

২.৮ গ্রন্থপঞ্জী

- ১) অমলেশ ত্রিপাঠী — স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেস — ১৮৮৫-১৯৪৭ (কলকাতা আনন্দ পাবলিশার্স, ১৯৩৭)
- ২) Sumit Sarkar — Modern India 1885-1947 (Madras, Macmillan India, 1983)
- ৩) Jupital Brown — Gandhi-A Prisoner of Hope (Oxford University Press)

একক ৩ □ কংগ্রেসে বামপন্থী আন্দোলনের উদ্ভব

গঠন

- ৩.০ উদ্দেশ্য
- ৩.১ প্রস্তাবনা
- ৩.২ নেতাজি সুভাষ ও আজাদ হিন্দ ফৌজের প্রতিষ্ঠা
- ৩.৩ নেতাজি সুভাষ ও আজাদ হিন্দের কার্যকলাপ
- ৩.৪ শ্রমিক আন্দোলন
- ৩.৫ সারাংশ
- ৩.৬ অনুশীলনী
- ৩.৭ গ্রন্থপঞ্জী

৩.০ উদ্দেশ্য

ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসের বিভিন্ন গতিধারাকে উপলব্ধি করার জন্য বামপন্থীদের কার্যকলাপ ও পরবর্তী পর্যায়ে নেতাজি সুভাষচন্দ্রের কার্যাবলীকে অনুধাবন করা আবশ্যিক। সেই উদ্দেশ্যই এই রচনা।

৩.১ প্রস্তাবনা

সমগ্র পৃথিবীর ইতিহাসে ১৯১৭ রাশিয়ার বলশেভিক বিপ্লব বিশেষ গুরুত্বপূর্ণ। ১৮৪৮ সালে মার্কস-নব উদ্ভিত শিল্পনির্ভর ধনতান্ত্রিক সমাজব্যবস্থার বিকল্প হিসেবে বিপ্লবানুভিত্তিক সমাজতন্ত্রের তত্ত্ব প্রতিষ্ঠা করেন। তাঁর প্রয়োগ ১৯১৭ রাশিয়ায় লেনিন করতে সক্ষম হন। জার সাম্রাজ্যের পতন শ্রমিক শ্রেণীর নেতৃত্বে রাষ্ট্র গঠন সারা বিশ্বের শোষিত মানুষের মধ্যে একধরনের আশার সঞ্চার করতে সক্ষম হয়। বিশেষত উপনিবেশবাসীদের মধ্যে একধরনের বিশ্বাস গড়ে ওঠে যে ব্রিটিশ শক্তি ও সাম্রাজ্যবাদ তথা ধনতন্ত্রই একমাত্র ঐতিহাসিক সত্য নয়। তবে ১৯১৭র পর তেঁকেই যে ভারতবর্ষে জাতীয় আন্দোলনে সমাজতান্ত্রিক আদর্শ জনপ্রিয় হয়েছিল তা নয়। যোগাযোগ ব্যবস্থার অসুবিধা, বিশেষত রাজশক্তি বিরোধীতায় রাশিয়ায় খবর সংগ্রহ সহজ ছিল না। ফলত ভারতের কমিউনিস্ট ও সোস্যালিস্টের মধ্যে মার্কস ও অন্যান্য বৈপ্লবিক তত্ত্ব সম্পর্কে একধরনের ওপর ওপর ধারণা গড়ে উঠেছিল। তার চেয়েও বড় কথা ২০ দশকের গোড়ার দিকে গান্ধীর নেতৃত্বে গণ আন্দোলন জাতীয় আন্দোলনে এক নতুন তাৎপর্য এনেছিল ফলত এই পরিস্থিতিতে সমাজতন্ত্রের বিস্তার বিশেষ ব্যাপকতা লাভ করেনি। কিন্তু ভারতের শিক্ষিত এলিটদের মধ্যে মার্ক্সবাদ যদিও একটা প্রভাব ফেলতে সক্ষম হয়। প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে ভারতীয়

জাতীয় আন্দোলনে কোনো সমাজতান্ত্রিক আদর্শের নির্যাস পাওয়া যায় না। যদিও মার্ক্স, কেশব সেন ও নৌরজীর সময়কার, লেনিন, গোখলে ও তিলকের সমসাময়িক ছিলেনঙ্গ প্রথম বিশ্বযুদ্ধের পরই সামগ্রিকভাবে ভারতীয় বুদ্ধিজীবীদের মধ্যে সমাজবাদের প্রতি আগ্রহ বৃদ্ধি পায়। এঁরা জাতীয়তাবাদী ভাবনায় উদ্ভূত হওয়া সত্ত্বেও গান্ধীর যান্ত্রিক কারিগরী বিদ্যার বিলোপ, ধনতন্ত্রের সমালোচনাকে স্বতঃস্ফূর্তভাবে মেনে নিতে পারেনি। এর সঙ্গে প্রথম বিশ্বযুদ্ধ ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের মধ্যবর্তী সময় সমাজতন্ত্রের বিকাশ, ব্রিটিশ শাসকের দমননীতি, অর্থনৈকি সংকট, আন্তর্জাতিক পরিস্থিতি বিশেষত কমিনটনের নির্দেশ এই বিকাশকে প্রভাবিত করেছিল।

বলশেভিক বিপ্লব যে বুদ্ধিজীবী সম্প্রদায়ের মধ্যে বিশেষ সাড়া ফেলেছিল তার প্রমাণ পাওয়া যায় সেই সময়ের লেখা বিভিন্ন রচনায়। S. A. Darge 'Gandhi and Lenin', Muzaffar Ahmed-এর 'নবযুগ' এক্ষেত্রে উল্লেখযোগ্য। ১৯২০র অক্টোবরে মানবেন্দ্র রায়ের নেতৃত্বে তাসকন্দে কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া প্রতিষ্ঠিত হয় এবং ১৯২০র পর থেকে ভারতে বেশ কতকগুলো বামপন্থী গোষ্ঠীর ভারতের উদ্ভব হয়। পেশোয়ার, কানপুরে বামপন্থী ধারা স্পষ্ট হয়ে ওঠে যার ফলশ্রুতি পেশোয়ার ষড়যন্ত্র মামলা, কানপুর বলশেভিক ষড়যন্ত্র মামলা।

কমিউনিস্ট পার্টির কার্যাবলীর সর্বব্যাপী বিস্তারের উদ্দেশ্যে তৃতীয় কমিনটনে আলোচনা করা হয়। এই আলোচনায় ঠিক হয় কমিউনিস্টরা কংগ্রেসের বৃহত্তর প্ল্যাটফর্মের মধ্যে থেকে নিজস্ব অস্তিত্ব বজায় রাখবে। এক্ষেত্রে কংগ্রেসের সহযোগতায় জনগণের কাছে পৌঁছানোটা যেমন গুরুত্বপূর্ণ, তেমনি নিজস্বতা বজায় রেখে বৈপ্লবিক পার্টি গড়ে তোলাও প্রয়োজনীয় এই দুই উদ্দেশ্য কংগ্রেসের মধ্যে থেকে বামপন্থী আন্দোলন পরিচালনার মধ্যেই সফলতা লাভ করবে বলে কমিউনিস্টরা বিশ্বাস করেছিল।

কমিউনিস্টদের এই উদ্দেশ্য ১৯২৮ দশকে W.P.P. (Workers Present Party)র কার্যাবলীর মাধ্যমে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছিল। জহরলাল নেহেরু, সুভাষচন্দ্র বোস, ইয়ুথ লিগ ও অন্যান্য বামপন্থী পার্টির সঙ্গে একত্রিত হয়ে W.P.P. জাতীয় আন্দোলনকে দৃঢ়তা দান করেছিল। এই পর্যায়ে সিপিআই বুর্জোয়া জাতীয়তাবাদী আন্দোলনের মধ্যে থেকে শ্রমিক নেতৃত্ব প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণ করে। এইভাবেই তারা বিশ্বাস করে Dictatorship of proletariat প্রতিষ্ঠিত হবে। W.P.P. তাই বলা যায় শুধুই কমিউনিস্ট পার্টির 'Sub-party' ছিল না। কংগ্রেসের মধ্যে যে বামপন্থীর ছিলো তাদের একটা প্রভাব স্পষ্ট ছিলো কিন্তু W.P.P. এর সদস্যরা যেহেতু একই সঙ্গে কংগ্রেসেরও সদস্য তাই এই বিভাজনটা স্পষ্ট ছিলো না। W.P.P. কংগ্রেসের সঙ্গে অভ্যন্তরে ও বাইরে নিজস্ব ঐতিহ্য বজায় রেখে কংগ্রেসের মধ্যে একটা বামপন্থী চরিত্র গড়ে তুলতে সম্পূর্ণ না হলেও অনেকাংশেই সক্ষম হয়েছিল। কংগ্রেসের বন্ধের মতো প্রাদেশিক খাশায় W.P.P.-র বিশেষ প্রভাব পড়েছিল। ১৯২৮ পর্যন্ত কংগ্রেসের মধ্যেও W.P.P. কার্যাবলী গ্রহণ করার মতো এক ধরনের উদারতা দেখা দিয়েছিলে।

কমিউনিস্টদের প্রভাব বৃদ্ধির সঙ্গে সঙ্গে সরকারের দমননীতিও বৃদ্ধি পেতে থাকে মীরাট ষড়যন্ত্র মামলা তার অন্যতম উদাহরণ। ১৯২৯-এ ৩ জন কমিউনিস্ট গ্রেপ্তার হন। এদের মুক্তির দাবিতে সোচ্চার হন নেহেরু, আনসারি মতো ব্যক্তিব্রা।

১৯২৮-এর পর থেকে কমিউনিস্ট পার্টি অনেক বেশি বিচ্ছিন্ন হয়ে যায়। এই বিচ্ছিন্নতার কারণ হয়ে দাঁড়ায় কমিউনিস্টদের আভ্যন্তরীণ সমস্যা। তারা কংগ্রেসকে একটা Class Party বা শ্রেণী পার্টি হিসেবে উপলব্ধি করত কংগ্রেস যে একটা বৃহত্তর প্ল্যাটফর্ম তা তারা উপলব্ধি করতে পারেনি। বাস্তবকে না দেখে তারা তত্ত্বের ওপর অধিক গুরুত্ব দিয়েছিল। প্রকৃপক্ষে অর্থনৈতিক দিক থেকে যতই শ্রেণীভাগ থাকুক না কেন বিদেশী শক্তির কাছে পদানত হবার অসম্মান সমস্ত শ্রেণীর কাছে এক সুতরাং বুর্জুয়া জাতীয়তাবাদীরা যে প্রকৃতই সাম্রাজ্যবাদ বিরোধী—এই উপলব্ধি তাদের হয়নি। আদর্শের দ্বারা প্রভাবিত হয়ে তারা মনে করত অর্থনৈতিক অবস্থান আলাদা হলে আদর্শগত অবস্থান আলাদা হতে বাধ্য। তাই যে কোনো গণঅভ্যুত্থানের ক্ষেত্রে শ্রেণীচরিত্র খোঁজার প্রয়াস কমিউনিস্টদের মধ্যে দেখা গিয়েছিল। কংগ্রেসকে মধ্যবিত্ত বুর্জুয়া ও ভূস্বামীর প্রতিধিত্বের কেন্দ্র হিসেবে সমালোচনা করলেও বামপন্থী আদর্শে বিশ্বাসী ব্যক্তিবর্গ কংগ্রেসেই কেন বৃহত সংখ্যক কৃষক শ্রেণী অংশ দিয়েছিল এই প্রশ্নের সমাধান করতে পারেনি উপরন্তু বিভিন্ন সময়ে তাদের কংগ্রেসের সহযোগিতার প্রয়োজন হয়েছিল।

কমিউনিস্টদের আভ্যন্তরীণ সমস্যার পরিবর্তন ঘটে সপ্তম কমিনটনে এর পর থেকে যেখানে সমগ্র পৃথিবী জুড়ে ফ্যাসিবাদ বিরোধী শিবির গড়ে তোলার কথা বলে ফ্যাসিবাদ ও সাম্রাজ্যবাদ বিরোধী শক্তিকে একত্রিত করা হয়। এক্ষেত্রে উপনিবেশে জাতীয়তাবাদী বুর্জুয়া শক্তির সঙ্গে বামপন্থীদের আপোষের ক্ষেত্র উন্মোচিত হয়। ফলে এই পর্যায় থেকে কংগ্রেসকেও অন্যভাবে দেখা শুরু হয়। কংগ্রেসে এমন এক গোষ্ঠী যোগদান করে যাদের শিল্পপতি বা ধনতন্ত্রের দুনিয়া থেকে আলাদা করে দেখা হয়।

১৯৩৪-এ সরকার কর্তৃক কমিউনিস্ট পার্টিকে বেআইনী ঘোষণা করলে কংগ্রেসের আভ্যন্তরে কাজ করাটা আরো প্রয়োজনীয় হয়ে ওঠে। ১৯৩৬-এ Bradley থিসিসে বলেই দেওয়া হয় কংগ্রেসের মধ্যে শ্রেণী চরিত্র খোঁজার প্রয়োজন নেই। কাণ কংগ্রেস হল — 'United front of people' সপ্তম কমিনটনেও ভারতের ক্ষেত্রে কমিউনিস্ট পার্টিকে কংগ্রেসের সঙ্গে কাজ করার কথা বলা হয়। কারণ এসময়ে সাম্রাজ্যবাদের বিরোধিতা অপেক্ষা ফ্যাসিবাদের বিরোধিতা অনেক বেশি গুরুত্বপূর্ণ ছিলো। যার ফলশ্রুতি কিষাণ সভা, ট্রেড ইউনিয়ন, কেরালা, অন্ধ্র পাঞ্জাব বাংলায় কৃষক আন্দোলন।

যদিও এক্ষেত্রেও তাত্ত্বিক সমস্যার মুখোমুখি হয়েছিল বামপন্থী আদর্শের ব্যক্তিবর্গ। প্রথমত তারা মনে করত হিংসাত্মক বিপ্লব ছাড়া পরিবর্তন সম্ভব নয়। তিবীয়ত কমিউনিস্টরা কংগ্রেসের মধ্যে থেকে কাজ করলেও কমিউনিস্ট পার্টি তখনই একটা শ্রেণী পার্টি হিসেবে গঠিত হবে যখন তা শ্রমিক শ্রেণীর মুখপাত্র হবে এবং এটা তখনই সম্ভব যখন কংগ্রেসের প্রতি তাদের মোহগ্রস্ততার অবসান ঘটবে।

কমিউনিস্ট পার্টি দ্বিতীয় কমিনটনের পর থেকেই কংগ্রেসের একটা প্রভাব বিস্তার করতে চেয়েছিল যা নেহেরুর সময়েই সম্পূর্ণতা লাভ করেছিল। ১৯২৭-এর পর থেকে নেহেরুর নেতৃত্বে যব সম্প্রদায়ের মধ্যে থেকেই একধরনের চরমপন্থী সমাজতন্ত্রবাদের পক্ষপাতিত্ব দেখা যায়। এমনকি চন্দ্রশেখর, আজাদ, ভগৎ সিং-এর মত সম্ভ্রাসবাদীরাও সমাজবাদী হয়ে ওঠে।

নেহেরু ছাত্রাবস্থায় বিদেশে থাকাকালীন মার্কসবাদের প্রতি আগ্রহী হন। তাঁর সাম্যবাদ প্রকৃতপক্ষে ভারতের জাতীয় আন্দোলনক আর্থ-সামাজিক সাম্যের দিকে ধাবিত করেছিল। আউধে কৃষক বিদ্রোহেই

তার প্রমাণ ১৯২৮-এ তিনি সুভাষের সঙ্গে Independence for India League গড়ে তোলেন ও ১৯২৯ এ লাহোরে কংগ্রেসের প্রেসিডেন্ট পদ লাভ করলে কংগ্রেসের মধ্যে বামপন্থী প্রভাব স্পষ্ট হয়ে ওঠে। নেহেরু ধনতন্ত্রের বিরুদ্ধে আন্দোলন ও সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আন্দোলনকে এক করে League of Independence-এর মাধ্যমে দুটো আন্দোলনকে ত্বরান্বিত করেন। সাম্রাজ্যবাদ বিরোধী যেকোনো শক্তিই যে ধনতন্ত্রের বিরোধী এই উপলব্ধি নেহেরুর বক্তব্যের মাধ্যমেই পরিষ্কার হয়ে গিয়েছিল যা মানবেন্দ্র রায় পারেননি। নেহেরু ও সুভাষের নেতৃত্বেই কংগ্রেসের মধ্যে বামপন্থী ধারার কার্যাবলী জনমানসে প্রবল আলোড়নের সৃষ্টি করেছিল। নেহেরু কংগ্রেসকে 'multi-class organization;-পরিণত করতে চেয়েছিলেন। এই সময় কংগ্রেস গ্রামীণ অঞ্চলে কৃষকদের সংগঠিত করতে সক্ষম হয়। নেহেরু সমাজতান্ত্রিক মডেলের পক্ষপাতী হলেও তাকে কমিউনিস্ট বলা যায় না এবং এখানেই কমিউনিস্ট পার্টির সঙ্গে কংগ্রেসের আভ্যন্তরের বামপন্থী আন্দোলনের পার্থক্যকে উপলব্ধি করা যায়। নেহেরু গান্ধীর মতো শ্রেণীদ্বন্দ্বকে অস্বীকার করেননি। কিন্তু একসঙ্গে তিনি 'dictatorship of proletariat' এর কথাও বলেননি। তিনি বিশ্বাস করতেন শ্রমিক হ্রেনীর সাহায্য ছাড়াও স্বাধীনতা সম্ভব যদিও কিন্তু তার সঙ্গে সঙ্গে তিনি বলে দিচ্ছেছিলেন এর ফলে যে স্বাধীন ভারত গড়ে উঠবে তা হবে ধনতান্ত্রিক রাষ্ট্র। প্রকৃতপক্ষে সমাজতান্ত্রিক আদর্শকে ভারতীয় পরিস্থিতির উপযোগী করে ব্যবহারের মধ্যেই নেহেরু তথা তাঁর নেতৃত্বে কংগ্রেসের আভ্যন্তরীণ বামপন্থী আন্দোলনের সার্থকতা নিহিত ছিলো।

১৯৩৯-এ Congress Socialist Party-র উত্থান হয়। প্রকৃতপক্ষে ১৯৩০-৩৪-এর মধ্যে কংগ্রেসের যুবক সম্প্রদায় গান্ধীয়ান রাজনীতির প্রতি আস্থা হারিয়ে ফেলে। নাসিকের জেলে থাকাকালীন মার্কসবাদ ও সমাজবাদের এরা নতুন পার্টি গঠনে উদ্বুদ্ধ হয় যা C.S.P. [Congress Socialist Party] নামে খ্যাত। এই পার্টির গোষ্ঠীরা CPI এর সঙ্গে যেমন একমত হতে পারছিলেন না তেমনি জাতীয় আন্দোলনকে সর্বস্তরে উপনীত করতে চেয়েছিল। বস্মতে জয়প্রকাশ নারায়ণের নেতৃত্বে এই পার্টি প্রতিষ্ঠিত হয়। এই পার্টির সদস্য নরেন্দ্রদেব সরাসরি ঘোষণা করেন কংগ্রেস ছাড়া এগোনো যাবে না। ফলে C.S.P., AITUC একযোগে কাজ করতে আগ্রহী হয়।

CSP উদ্দেশ্যই ছিলো কংগ্রেসের মধ্যে সমাজবাদ জনপ্রিয় করা ও কংগ্রেসকে দৃঢ়তা দেওয়া হয়। কংগ্রেসের মধ্যে দুবার বামপন্থী নেতৃত্ব বিজিত হয়। ১৯৩৯-এ ত্রিপুরীতে ও ১৯৪০-এ রামগড়ে। কিন্তু এক্ষেত্রে উল্লেখযোগ্য বাম ও ডান পন্থার ভিত্তিতে যখন কংগ্রেসের বিভাজনের সময় আসে CSP কখনই গান্ধীকে অস্বীকার করেননি। CSP নেতারা জনগণের ওপর গান্ধীর প্রভাব সম্পর্কে সচেতন ছিলেন। জয়প্রকাশ নারায়ণ বলেন — “We solialist do not want to create factions in the congress nor do we desire to displace the old leadership of Congress and to establish revial leadership” —যদিও গান্ধী ১৯৩৯-এ CSP-র সঙ্গে শ্রেণীদ্বন্দ্ব হিংসা প্রভৃতি বিষয়ে মতপার্থক্য প্রকাশ করেনি। তিনি কংগ্রেসের মধ্যে CSP কৃষিসংস্কার বিষয়ে কংগ্রেসকে বিশেষভাবে প্রভাবিত করেছিল। ১৯৪২-এর আন্দোলনে কমিউনিস্টারা সরে এলেও CSP তাতে যুক্ত হয়। CSP কংগ্রেসের সঙ্গে কাজ করতে পেরেছিল কারণ CPI এর মতো তার কংগ্রেসের বাইরে কোন অস্তিত্ব ছিলো না ফলে আভ্যন্তরে ও বাইরের আদর্শগত সংঘাতের মুখোমুখি CSP কে হতে হয়নি। এটা ছিল কংগ্রেসের আভ্যন্তরের একটা গোষ্ঠী কংগ্রেস এর কার্যাবলী থেকে নিজেকে পৃথক অস্তিত্ব রাখার প্রয়োজনও ছিলো না।

৩.২ নেতাজি সুভাষচন্দ্র ও আজাদ-হিন্দ ফৌজের প্রতিষ্ঠা

সুভাষচন্দ্র প্রথম ও শেষপর্যন্ত ছিলেন একজন জাতীয়তাবাদী তাই তিনি জাতীয়তাবাদী আদর্শের কোনোরকম সমালোচনা বিরোধী ছিলেন। তাত্ত্বিক জায়গা থেকে জাতীয়তাবাদে দুধরনের সমালোচনার উল্লেখ করেন তিনি। প্রথম সাংস্কৃতিক আন্তর্জাতিকতাবাদের দৃষ্টিকোণ থেকে অপরটি আন্তর্জাতিক কমিনিসমের দৃষ্টিকোণ থেকে। এই দুটি দৃষ্টিকোণ থেকে জাতীয়তাবাদ ক্ষুদ্র স্বার্থপর একটা গণ্ডিরেখা। কিন্তু সুভাষের মতে ভারতবাসীর মুক্তি একমাত্র জাতীয়তাবাদী আন্দোলনে — জাতীয়তাবাদ ছাড়া স্বাধীন চেতনা বিকাশের অন্য কোনো মাধ্যমের কথা তিনি স্বীকার করেননি। তাঁর রাজনৈতিক মতাদর্শ গড়ে উঠেছিল বিভিন্ন আদর্শের সমন্বয়ে। তিনি একইসঙ্গে কমিউনিস্ট ও ফ্যাসিস্ট বা National Socialism জাতীয়তাবোধকে ভিত্তি করে গড়ে ঠেঠেছে, আর কমিউনিস্ট আন্দোলন আন্তর্জাতিকতাবাদ ভিত্তি করে গড়ে উঠেছে। সুভাষ এই দুই আদর্শ গ্রহণে উৎসাহী হয়ে একদিকে জার্বানীর জাতীয়তাবাদী ভাবধারার শরিক হতে চেয়েছিলেন তেমনিই সোভিয়েত অর্থনৈতিক সাম্যের আদর্শ গ্রহণ করতে চেয়েছিলেন।

সুভাষচন্দ্র যখন রাজনীতিতে যোগ দেন তখন ভারতীয় রাজনীতি বা কংগ্রেস রাজনীতি পরিচালিত হচ্ছিল গান্ধীর নেতৃত্বে। গান্ধী সত্যগ্রহ ও অহিংস অসহযোগ আন্দোলন উদ্ভাবন করেন। সুভাষচন্দ্র অহিংসার আদর্শে পুরোপুরি বিশ্বাসী না হয়েও গান্ধীর নেতৃত্ব স্বীকার করে নিচ্ছিলেন। যেমন নিয়েছিলেন জহরলালও। সুভাষচন্দ্র বিশ্বাস করতেন আপোষহীন সংগ্রামে। সুভাষের রাজনৈতিক দর্শনের মূল লক্ষ ছিল দেশবাসীর আর্থ-সামাজিক জীবনের উন্নতি তিনি সমগ্র মানবসভ্যতার জন্য কোন সার্বজনীন সমাধান সূত্রের উত্থাপন করতে পারেননি। উপরন্তু তিনি ভারতবর্ষে পরিস্থিতি উপযোগী তত্ত্ব ও তথ্যের মিশ্রণে স্বাধীন ভারতের আদর্শ চিত্র গড়ে তোলেন।

সুভাষচন্দ্র তাঁর লেখা 'Fundamental Problems of India' ইওরোপীয়রা ভারতবর্ষকে সাধু, রাজা, ঋষির দেশ বলে মনে করেন। তিনি মনে করেন ভারতবর্ষকে এভাবে দেখার কারণ ভারতের সুপ্রাচীন ঐতিহ্য এখনও জীবিত। গ্রীস, ব্যাবিলন, মিশরের মত ভারতের প্রাচীন সংস্কৃতি মৃত নয়। কিন্তু এর অর্থ এই নয় ভারতে আধুনিক সভ্যতার বিকাশ হয়নি বরঞ্চ বলা যায়—ভারতবর্ষ প্রাচীন ঐতিহ্য ও আধুনিক জ্ঞান বিজ্ঞানের ধারা সমান্তরলাভাবে প্রবাহিত। তিনি স্বীকার করেন যে পাশ্চাত্য জ্ঞান চর্চার মাধ্যমেই ভারতবর্ষে উদারতন্ত্র, সংবিধানতন্ত্র ও গণতন্ত্রের আদর্শ বিকাশ সম্ভব হয়েছে। বিপ্লবী মতাদর্শও ভারতবর্ষে পশ্চিম থেকেই এসেছে মাৎসিনি গ্যারিবল্ডির জীবনী থেকে ভারতবাসী বিপ্লবী আদর্শ গ্রহণ করেছে। কিন্তু ভারতবাসীর মননকে এই সমস্ত ওপর প্রভাবিত করেনি বরঞ্চ ভারতবাসী পশ্চিমের যুক্তিবাদী রাজনৈতিক ভাবধারা আত্মস্থ করেছে।

তিনি স্বাধীন ভারতের রাষ্ট্রব্যবস্থা সম্পর্কে সুস্পষ্ট মতামত ব্যক্ত করেছিলেন। তিনি সমাজবাদের সমর্থক ছিলেন এবং শিল্প ও কৃষিক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত্বকরণ ও ব্যক্তিগত সম্পদের ক্ষেত্রে একটা নির্দিষ্ট সীমারেখা বজায় রাখার পক্ষপাতী ছিলেন। একই সঙ্গে তিনি বলশেভিকদের অন্ধ অনুকরণের পক্ষপাতী ছিলেন না ও ভারতবর্ষের পরিস্থিতি অনুযায়ী সমাজবাদের প্রয়োগকে গুরুত্ব দিয়েছিলেন। তিনি এটাও

উল্লেখ করেন সোভিয়েত রাশিয়ার একটা পরীক্ষামূলক অধ্যায়ের মধ্যে দিয়ে যাচ্ছে সুতরাং সোভিয়েত রাশিয়াকে প্রগতি ও সাম্যের মূর্ত আদর্শ মনে করাটা উচিত হবে না। তিনি পৃথক কমিউনিস্ট পার্টিরও কোন প্রয়োজন বোধ করেননি। তাঁর মতে জাতীয়তাবাদী পার্টি যদি দেশের কৃষক ও শ্রমিকদের স্বার্থের দিকে মনোযোগী হয় তবে পৃথক কমিউনিস্ট পার্টির কোন প্রয়োজন নেই। আর যে দেশের ৯০% মানুষ শ্রমজীবী সে দেশের জাতীয়তাবাদী পার্টি অবশ্যই শ্রমিক, কৃষকের আর্থ-সামাজিক স্বার্থের ওপর প্রতিষ্ঠিত হবে।

সুভাষের নিজস্ব রচনা পড়লে এটা খুব স্পষ্ট বোঝা যায় যে তিনি ভারতবর্ষকে স্বাধীন যুক্তরাষ্ট্রীয় প্রজাতন্ত্র হিসেবে দেখতে চেয়েছিলেন—তিনি সাম্রাজ্যবাদের অধীনে স্বায়ত্ত শাসন চাননি। তাঁর মতে ভারতবর্ষ, কানাডা, অস্ট্রেলিয়ার চেয়ে স্বতন্ত্র—ভারতবাসী ও ব্রিটিশদের মধ্যে কোনো মিল নেই। সুতরাং ব্রিটিশদের কোনো অধিকার নেই ভারতবর্ষ শাসন করার। তিনি কেনইবা পূর্ণ স্বারাজের পক্ষে সে বিষয়ে তাও তিনি বনে। তিনি মনে করেন রাজনৈতিক স্বাধীনতা ছাড়া শিক্ষা বিস্তার, সমাজ সংস্কার বা শিল্পায়ন সম্ভব নয়—অথচ এই তিন ক্ষেত্রের বিশেষ প্রয়োজন ভারতের আর্থ-সামাজিক ক্ষেত্রে। নানাজাতির দেশ বলে ভারতবর্ষ বিদেশীদের অধীনে থাকবে নিজেদের স্বাধীন সত্তা বিকাশ করতে সক্ষম হবে তা তিনি মানতে রাজী ছিলেন না। তিনি সোভিয়েত রাশিয়ার উদাহরণ দেখিয়ে বলেন যে ভিন্নজাতির সমাবেশ সম্ভবও রাষ্ট্র গঠন সম্ভব। তাছাড়া তাঁর মতে ধর্মের ভিত্তিতে যে বিচ্ছিন্নতাবাদের কথা ব্রিটিশ সরকার প্রচার করছে তাতে সংখ্যাগরিষ্ঠ মুসলমানদের সমর্থন নেই বরঞ্চ তারা কংগ্রেসে নেতৃত্বে জাতীয় আন্দোলনকেই সমর্থন করছে। ভারতীয়দের মধ্যেও একটা ধারণা হয়েছে যে ব্রিটিশরা চলে গেলে ভারতবর্ষ তার প্রতিরক্ষা করতে অক্ষম হবে কিন্তু সুভাষের মতে আন্তর্জাতিক শক্তিসাম্যের সঙ্গে কূটনৈতিক চুক্তির সংগঠন ভারতের স্বাধীনতা রক্ষায় তৎপর হবে।

স্বাধীনতা সংগ্রামের পদ্ধতি নিয়ে কংগ্রেসের বয়জ্যেষ্ঠ সদস্যদের সঙ্গে তাঁর বিশেষ মতপার্থক্য ছিল। তিনি পূর্ণ স্বারাজের পক্ষে ছিলেন। কারণ তিনি উপলব্ধি করেছিলেন যে ব্রিটিশ সরকার Dominian Status কখনই দেবে না। এক্ষেত্রে ছমাসের জন্য আন্দোলন ব্যাহত রাখার কোন যুক্তি তিনি পাননি। সুভাষের মতে কংগ্রেসের মধ্যে একটা বামগোষ্ঠী বিকশিত হয়েছে এবং এই বাম গোষ্ঠীর দায়িত্ব আন্দোলনের গতি নির্দেশ করা। কংগ্রেসের গান্ধী আন্দোলনের প্রতি যথার্থ সম্মান রেখে তিনি বলেন ২০ দশকে গান্ধীর আন্দোলন যথার্থ বৈপ্লবিক ছিল কিন্তু ৩০ দশকে এই আন্দোলন তার তীক্ষ্ণতা হারিয়েছে এবং যুব সম্প্রদায়ের নেতৃত্বে নতুন বামপন্থী আন্দোলনের প্রয়োজন দেখা দিয়েছে। এই আন্দোলনের উদ্দেশ্য পূর্ণ স্বরাজ। তিনি আরো বলেন তাঁর প্রজন্ম ও আগের প্রজন্মের মধ্যে দুটো বিষয়কে কেন্দ্র করে পার্থক্য রয়েছে। পূর্ব প্রজন্মের মধ্যে আধুনিক শিল্প ও আধুনিক সামরিক বাহিনীর সাহায্যে দেশ গঠনের প্রতি অনীহা লক্ষণীয়। কিন্তু যুবসম্প্রদায়ের এই দুটোই আধুনিক যুগের দাবি বলে মনে করে তিনি একইসঙ্গে মনে করেন যুবসম্প্রদায় ও প্রবীণদের মধ্যে এই মতপার্থক্য আন্দোলনের পক্ষে ক্ষতিকারক নয় বরঞ্চ এর ফলে আন্দোলনের শক্তি বর্ধিত হবে। তিনি কংগ্রেসের নেতৃবর্গকে মানসিক রক্ষণশীলতা থেকে বেরিয়ে আসতে বলেন। কংগ্রেসের কর্মসূচীতে বৈপ্লবিক পরিবর্তন অপেক্ষা আপোষের প্রবণতা খুব বেশি বলে তিনি তার সমালোচনা করেন।

তিনি আরও বলেন ভারতের গ্রামীণ অর্থনীতির বিকাশের ক্ষেত্রে খাদি শিল্পের বিকাশ বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, এর ফলে গ্রামীণ মানুষের অর্থনৈতিক শ্রীবৃদ্ধি সম্ভব হয়েছে। তিনি জনগণের অর্থনৈতিক দুরবস্থা মাচনকে আরো গুরুত্ব দেবার কথা বলেন নয়তো জনগণ আন্দোলনকে উৎসাহ হারাতে। তবে তিনি শুধুমাত্র নঞর্থক সমালোচনায় ব্যস্ত ছিলেন না। তিনি সুস্পষ্ট কর্মসূচীও নির্মাণ করেছিলেন। তিনি বুঝেছিলেন সমকালীন আন্তর্জাতিক পরিস্থিতি ভারতের স্বাধীনতা সংগ্রামের ক্ষেত্রে আদর্শ প্রেক্ষাপটের স্বরূপ ব্রিটেনের সাম্রাজ্য ছিল বিশেষ সংকটপূর্ণ অবস্থায়। সুদূর প্রাচ্যে জাপানের উত্থান, ভূমধ্যসাগরীয় অঞ্চলে ইটালির শক্তিবৃদ্ধি ব্রিটেনের পরিস্থিতিকে জটিল করে তুলেছিল। তাছাড়া সোভিয়েত রাশিয়ার উত্থান যেকোনো সাম্রাজ্যবাদী রাষ্ট্রের ক্ষেত্রে বিশেষ ভয়ের কারণ ছিল। এই পরিস্থিতিতে বিশ্বযুদ্ধ যে আসন্ন তা স্পষ্ট হয়ে গিয়েছিল এবং বিশ্বযুদ্ধ যে ব্রিটিশ সরকারের অর্থনীতির ওপর বিশেষ চাপ ফেলবে তাও পষ্ট ছিল। ব্রিটেনের নৌশক্তির জায়গায় সামরিক ক্ষেত্রে বিমান শক্তির উত্থান ব্রিটেনের নৌশক্তিকে গুরুত্বহীন করে তুলেছিল।

সুভাষ এই পরিস্থিতিকে ভারতীয় জাতীয় সংগ্রামের জন্য কাজে লাগাতে আগ্রহী ছিলেন। 'Democracy of India' তে তিনি লিখেছিলেন এই সময়ের প্রধান কাজ সাইমন কমিশনের বিরোধিতা করা এবং সমস্ত পার্টি একত্রিত হয়ে একটা সংবিধান রচনা করা যা ইংরেজ সরকারকে পুরোপুরি মেনে নিতে হবে। একইসঙ্গে অর্থনৈতিক বয়কটের মাধ্যমে আন্দোলন চালু রাখতে হবে। দুর্বল ও নিরস্ত্রের সবচেয়ে শক্তিশালী অস্ত্র বিদেশী পণ্যের বর্জন। কুড়ি বছর আগে স্বদেশী যুগে এই আন্দোলন ব্রিটিশ সাম্রাজ্যকে যথেষ্ট সঙ্কটে ফেলেছিল বলে তিনি মনে করেছিলেন। তিনি কংগ্রেস ও গান্ধীর সমালোচনা করলেও তিনি গংগ্রেসের গুরুত্ব ও গান্ধীর আন্দোলনের পদ্ধতির প্রয়োজনীয়তা বিষয় দ্বিধাহীন ছিলেন। তিনি বামপন্থীদের মনে করিয়ে দেন যে কংগ্রেস স্বাধীনতা সংগ্রামের প্রধানতম গণসংগঠন এর বাইরে বেরিয়ে সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনকে জোরদার করা সম্ভব নয়। তিনি সত্যাগ্রহ আন্দোলনকে Passive resistance মনে করতেন না, তাঁর প্রকৃতপক্ষে হিংসাত্মক বা অহিংসাত্মক কোন প্রকার গণ আন্দোলনেই আপত্তি ছিলো না কিন্তু তাঁর আপত্তি ছিলো আন্দোলন চলাকালীন মাঝে মাঝে বিরতিতে। তাঁর জীবনের স্বপ্ন ছিল ভারতবর্ষের স্বাধীনতা। তাঁর স্বাধীনতার লক্ষ্য ছিল ভারতবাসীর জীবনের মান উন্নয়ন ও আর্থ সামাজিক ক্ষেত্রে সাম্যের প্রতিষ্ঠা। তিনি কোন বিশেষ মতাদর্শ বা দরিদ্র ও পরাধীনতা মোচনের ক্ষেত্রে কোন তাত্ত্বিক সমাধান অপেক্ষা ব্যবহারিক সমাধানে আগ্রহী ছিলেন এবং রাজনৈতিক দর্শনের উপরে ছিল তাঁর দেশপ্রেম।

৩.৩ নেতাজি ও আজাদহিন্দের কার্যকলাপ

ভারতবর্ষের স্বাধীনতা আনয়নের জন্য সুভাষচন্দ্র জার্মানী গিয়ে জার্মানির হাতে বন্দী ভারতীয় সেনাদের নিয়ে তিনি একটি সেনাদল গঠন করে ব্রিটিশের বিরুদ্ধে যুদ্ধের সিদ্ধান্ত নেন। এটাই ছিল আজাদ হিন্দ ফৌজের প্রথম পরিকল্পনা। জার্মানীর ভারতীয়রা সুভাষচন্দ্রকে নেতাজি উপাধি দেয় এবং জয়হিন্দ বলে পারস্পরিক অভ্যর্থনার রীতি চালু করে।

ইতিমধ্যে জাপান, ব্রিটেন ও আমেরিকার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে ৭ই ডিসেম্বর ১৯৪১। এই সময়

ভারতীয় বিপ্লবী রাসবিহারী বসু জাপানে ছিলেন। জাপান দ্রুতগতিতে সিঙ্গাপুর, ব্রহ্মদেশ, মালয় দখল করে নিলে রাসবিহারী বসু দক্ষিণপূর্ব এশিয়ার ভারতীয়দের নিয়ে সৈন্যদল তৈরি করে ভারত স্বাধীন করার পরিকল্পনা করেন দক্ষিণপূর্ব এশিয়ায় ভারতের স্বার্থ বিপন্ন করে। ভটনাচক্রে ইতিমধ্যে সিঙ্গাপুরে আজাদহিন্দ ফৌজ গঠনের সূত্রপাত হয়। রাসবিহারী বসু ও ব্রিটিশ ভারতীয় সেনাবাহিনীর যুদ্ধবন্দী উচ্চপদস্থ সামরিক কর্মচারী মোহন সিং ১৯৪২ সালের ১লা সেপ্টেম্বর আজাদহিন্দ ফৌজের প্রতিষ্ঠা প্রকাশ্যে ঘোষণা করেন। ব্যাংককে ইন্ডিয়ান ইন্ডিপেনডেন্স লীগ রাসবিহারীকে প্রস্তাব দেয় যে সুভাষচন্দ্রকেই ভারতের স্বাধীনতা সংগ্রামে নেতা করা উচিত। ১৯৪৩এর ৮ই ফেব্রুয়ারি সুভাষচন্দ্র জার্মানি ছেড়ে জাপানে আসেন। কিন্তু তিনি যখন জাপানে আসেন তখন জাপানের নৌ ও বিমান বহর বিপর্যস্ত।

ইতিমধ্যে আজাদহিন্দ বাহিনীর ও নেতাজির যুদ্ধ প্রস্তুতি সকল খবরই ভারতে গোপনে পাচার হচ্ছিল। নেহেরু সাংবাদিক সম্মেলনে বলেন সুভাষ বসু ভারতে এলে তিনি তার বিরোধিতা করবেন। কারণ তার মতে সুভাষের বাহিনী জাপানীদের হাতের পুতুল ছাড়া আর কিছু নয়।

সুভাষচন্দ্র বলতেন, তাঁর রাজনৈতিক জীবনে তিনি সব সময়েই অনুভব করতেন যে স্বাধীনতা পাওয়ার জন্য ভারত সবদিক থেকে তৈরি, শুধু তার নেই একটি মুক্তি বাহিনী। ১৯৪২ সালে আগস্ট মাসের মধ্যে ৪০ হাজার ভারতীয় যুদ্ধবন্দী আজাদ বাহিনীতে যোগদান করেন। ১৯৪৩ সালের ২২শে অক্টোবর সিঙ্গাপুরে সুভাষচন্দ্র আজাদ হিন্দ বা স্বাধীন ভারতের যুদ্ধকালীন সরকারের প্রতিষ্ঠা ঘোষণা করেন। ২৩শে অক্টোবর সুভাষচন্দ্র ব্রিটেনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন। তিনি নিজে এই সরকারের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, যুদ্ধ ও পররাষ্ট্র মন্ত্রী ও আজাদ হিন্দ বাহিনীর সর্বাধিনায়কের পদ গ্রহণ করেন। অর্থমন্ত্রী হন এ সি চট্টোপাধ্যায়। প্রচার বিভাগ ও মহিলা বিভাগের দায়িত্ব দেওয়া হয় যথাক্রমে এস. এ. আয়ার ও লক্ষ্মী স্বামীনাথনের হাতে। উপদেষ্টা ও সচিব হন যথাক্রমে রাসবিহারী বসু ও এম. এ. সহায়।

১৯৪২-এর নভেম্বর জাপানী প্রধানমন্ত্রী তোজো আজাদ হিন্দ সরকারকে জাপানী বাহিনী দ্বারা ইতিমধ্যে অধিকৃত আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ছেড়ে দেবার জাপান সরকারের সিদ্ধান্ত ঘোষণা করেন। ১৯৪৪-এ ৪ঠা ফেব্রুয়ারী আজাদ হিন্দ বাহিনীর সুবায় ব্রিগেড বাহিনীর প্রথম ব্যাটেলিয়ন রেঙ্গুন থেকে প্রোম অভিমুখে যাত্রা করে। ১৯৪৪-এ মার্চ মাসে এই ব্যাটেলিয়ানের গৌরবময় ও গুরুত্বপূর্ণ বিজয়লাভ ঘটে ব্রিটিশ বাহিনীর পশ্চিম আফ্রিকা সেনাদলের বিরুদ্ধে। ১৯শে মার্চ ১৯৪৪এ ভারতীয় জাতীয় বাহিনী ভারতের মাটিতে জাতীয় পতাকা উত্তোলন করে। ভারতের জাতীয় বাহিনী মৌডক অধিকার করে ১৯৪৪ সালর মে মাসে। ইতিমধ্যে এপ্রিলের ৮ তারিখ আজাদ হিন্দ বাহিনী কোহিমা অবরোধ করে। এরপর বর্ষা শুরু হলে স্থির হয় বর্ষার পর আজাদ হিন্দ বাহিনী আসামের ভিতর দিয়ে বাংলায় আক্রমণ চালাবে।

ইতিমধ্যে মার্কিন যুক্তরাষ্ট্র প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে বিমান বাহিনীর দ্বারা প্রচণ্ডভাবে আক্রমণ চালিয়ে জাপানকে কোনঠাসা করে ফেললে জাপান ব্রহ্ম সীমান্ত থেকে তাঁর বিমান বাহিনী যুদ্ধরত এলাকায় সরিয়ে নিতে বাধ্য হয়। এদিকে বর্ষা শুরু হওয়ায় যোগাযোগ ও খাদ্য সরবরাহ বিপর্যস্ত হয়। খাদ্যাভাব, রোগ, শীত, ম্যালেরিয়া ও পার্বত্য অঞ্চলের বিষাক্ত পোকাকার কামড়ে হাজার হাজার জাপানী

ও আজাদ হিন্দ সৈন্য মৃত্যুবরণ করে। সুভাষ ব্রিগেডের সেনাপতি কর্ণেল শাহনওয়াজ খান দাবি করেছেন “নানা অসুবিধা সত্ত্বেও এই অভিযানে আমরা ভারতের অভ্যন্তরে ১৫০ মাইল অগ্রসর হয়েছিলাম। কোন রণক্ষেত্রেই আমরা পরাজিত হইনি। এই অভিযানে আজাদ হিন্দ বাহিনীর প্রায় ৪০০০ সৈন্য মৃত্যু বরণ করেছিলেন।” ১৯৪৪-এ জানুয়ারি মাসে রেঙ্গুনে প্রধান সামরিক কার্যালয় প্রতিষ্ঠিত হয়।

১৯৪৪-এ মে মাসে মৌডক দখল করার পর যুদ্ধের গতি পরিবর্তিত হয়। জুন মাসে স্বদেশ রক্ষার্থে জাপানী সনাবাহিনী বর্মা পরিত্যাগ করে ও প্রায় একই সময়ে আধুনিক অস্ত্রের সজ্জিত বিশাল মার্কিন বাহিনী ব্রিটিশ বাহিনীর সঙ্গে একত্রিত হয়ে ভগ্নস্বাস্থ্য, অস্ত্র ও গোলাবারুদহীন ও প্রায় অনাহারে থাকা আজাদহিন্দ বাহিনীকে প্রবল বিক্রমে চতুর্দিক থেকে ঘিরে ধরে। ১৯৪৪-এ সেপ্টেম্বরে ব্রিটিশ বাহিনী মৌডক পূর্নদখল করে। ইতিপূর্বে ১৯৪৪ সালেই কোহিমা ইম্ফল রণাঙ্গনে প্রচণ্ড যুদ্ধের পর সম্মিলিত জাপানী ও আজাদ হিন্দ ফৌজের অভিযান পর্যুদস্ত হয়। ১৯৪৬-এ ৬ই আগস্ট হিরোসিমাতে পারমাণবিক বোমা ফেলা হয়। কয়েকদিন পর নাগাসাকিতে এই বোমা ফেলার ঘটনা ঘটে। জাপান শান্তি চুক্তির প্রার্থনা জানায় ১৬ই আগস্ট। জাপানের আত্মসমর্পণের সঙ্গে সঙ্গে ভারতের জাতীয় বাহিনীর মুক্তি সংগ্রামে সকল আশা লোপ পায়।

সুভাষচন্দ্র ভারত ছেড়ে জার্মানীতে হিটলারের সঙ্গে যোগাযোগ স্থাপনের মুহূর্ত থেকে ভারতের ব্রিটিশ শাসক ও ভারতের কম্যুনিষ্ট পার্টি একত্রে তাঁকে শত্রুপক্ষের দালাল ও ফ্যাসিস্ট বলে ঘোষণা করে। কংগ্রেসও সুভাষচন্দ্রের এহেন কা প্রীতির চোখে দেখেনি। এই তিন পক্ষের মনোভাবের সঙ্গে জনগণের মনোভাবের সমতা ছিল না। যে মুহূর্তে জনগণ জেনে গেল সুভাষচন্দ্রের অপরিসীম আত্মত্যাগের কাহিনী, সেই মুহূর্তে জনগণের কাছে তিনি হয়ে গেলে নেতাজি। সুভাষচন্দ্রের পক্ষে নিজের কাজের যৌক্তিকতা প্রমাণ করার প্রয়োজন ছিল ভারতের কংগ্রেস নেতৃত্বের কাছে, সাধারণ মানুষের কাছে নয়। কারণ জার্মানীর হাতে ব্রিটেন মার খাচ্ছে বা জাপানের হাতে ব্রিটেন মার খাচ্ছে — এই ব্যাপারটা মানুষ উৎফুল্লভাবে নিয়েছিল। সুভাষচন্দ্র ১৯৪১-এ ২০ এপ্রিল বার্লিন তেকে এক গোপন বেতার ভাষণে বলেন তিনি অক্ষ শক্তির উমেদার নন। জার্মানীতে তাঁর আসার একমাত্র উদ্দেশ্য ভারতের স্বাধীনতা। তাঁর বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ করা হয়েছে সে সম্পর্কে তাঁর বক্তব্য “আমার দেশবাসীর কাছে আমার পরিচিতির কোন প্রয়োজন আছে বলে আমি মনে করিনি। ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আমার সমগ্র জীবন একটা দীর্ঘ নাছোড়বান্দা এবং আপোষহীন সংগ্রাম ও এটাই দেশবাসীর প্রতি আমার বিশ্বস্ততা।”

জাপানের আত্মসমর্পণের দুদিন আগেই সুভাষচন্দ্র তা জানতে পারেন। সেরামবান থেকে ১৩ই আগস্ট নেতাজী সিঙ্গাপুর পৌঁছান। আজাদ হিন্দ সরকারের উচ্চপদস্থ কর্মচারীরা তাঁকে অবিলম্বে অন্য কোথাও আত্মগোপন করার জন্য চাপ দিতে থাকেন। ১৭ই আগস্ট তিনি সায়গন আসেন। দুই ইঞ্জিন বিশিষ্ট একটি জাপানী বোমারু বিমানে অন্যান্য জাপানী অফিসারদের সঙ্গে নেতাজি ও কর্ণেল হবিবুর রহমান ফরখোসার তাইহোকু বিমান বন্দরে পৌঁছান ১৮ই আগস্ট বেলা দুটোয়। এরপর হঠাৎই আশুন ধরে যাওয়ায় বিমান বিধ্বস্ত হয়। নেতাজি আহত হন পরে হাসপাতালে তাঁর মৃত্যু হয়। যদিও নেতাজির মৃত্যু সংবাদ ব্রিটেন ও আমেরিকার গোয়েন্দা দপ্তর বিশ্বাস করেনি। তাঁর মৃত্যু সংবাদ ২১শে আগস্টের পূর্বে

ভারতে প্রচারিত হয়নি। ব্রহ্মশ ভারতে আজাদ হিন্দ ফৌজের কৃতিত্বের সংবাদ ছাড়িয়ে যায়। ১৯৪৬-এ মে থেকে অক্টোবরে ২০ হাজার হাজার হিন্দ সৈন্য রেঙ্গুন থেকে ভারতে ফিরে আসে। মালয় আর ব্যাংককে ৭ হাজার সৈন্য আত্মসমর্পণ করে। সেনাপতিদের মধ্যে ক্যাপ্টেন সাইগল, ক্যাপ্টেন ধীরো ও ক্যাপ্টেন সাহনওয়াজের বিরুদ্ধে চার্জ গঠন করা হয়। কিন্তু সাধারণ সৈনিকদের মুক্তি দেওয়া হয়। ১৯৪৬-এ লালকেল্লায় বিচার শুরু হয়। আসামী পক্ষে দাঁড়ায় ভুলাভাই দেশাই, তেজবাহাদুর সফ্র, জওহরলাল। এই বিচার নিয়ে দেশের মধ্যে প্রবল উত্তেজনা দেখা দেয়। আজাদ হিন্দ ফৌজের উদ্দীপনা ব্রিটিশ ভারতীয় সেনাবাহিনীর মধ্যেও সংক্রমিত হয়। ফলে ব্রিটিশ শক্তি বিচলিত হয়ে পড়ে। সেনাপতিদের বিচারে মৃত্যুর আদেশ দিয়ে শেষপর্যন্ত তাদের মুক্তি দিতে বাধ্য হয়।

আজাদ হিন্দ ফৌজ নিয়ে ১৯৪৬-এর ২১-২৩ নভেম্বর কলকাতায় এক গণবিস্ফোরণ ঘটে যায়। আজাদ হিন্দ বাহিনীর বন্দীদের মুক্তির দাবিতে ছাত্রা মিছিল করে। ২২ ও ২৩ তারিখ সারা শহরে গণ্ডগোল ছড়িয়ে যায়। ট্রাম ও ট্যাক্সি ধর্মঘট পালন করে। জনতা ট্রেনও অবরোধ করে। তাদের ওপর গুলিও চালানো হয়।

সর্বোপরি বলা যায় সামরিক ক্ষেত্রে আজাদ হিন্দ ফৌজের সাফল্য সীমিত হলেও ভারতীয় কংগ্রেস তাদের রাজনৈতিক হাতিয়ার হিসেবে আজাদ হিন্দকে সাফল্যের সঙ্গে ব্যবহার করেছে। যদিও আজাদ হিন্দ বাহিনীর ব্রিটেনকে যুদ্ধে পরাজিত করার ও স্বাধীন ভারত প্রতিষ্ঠার উদ্দেশ্যে যথার্থতা লাভ করেনি।

হিউয়ে তাঁর গ্রন্থে বলেছেন একদা অনুভূতিশীল নেতাজি নির্দয় ডিস্টেকারে পরিণত হয়েছিলেন। তাঁর মতের বিরুদ্ধতা করলে কারোর ক্ষমা ছিল না। যদিও অন্য কোনো সূত্রে এক বক্তব্যের সমর্থন পাওয়া যায় না।

দ্বিতীয়ত আজাদ হিন্দ বাহিনীর সৈন্য ও স্টাফ অফিসারদের মধ্যে অনেকেই বাহিনী ত্যাগ করে পালিয়ে গেছেন বা ব্রিটিশ বাহিনীতে ফিরে গেছেন এমন নজির পাওয়া যায়। ঘটনার গুরুত্ব অনুধাবন করা যায় ১৩ই মার্চ ১৯৪৬ সালে প্রচলিত নেতাজির বক্তব্য থেকে। এতে তিনি অভিযোগ করেছেন যে কেন্দ্রীয় বাহিনীর দ্বিতীয় ডিভিশানের পাঁচজন অফিসার বাহিনী ত্যাগ করেছেন। এই ঘটনা বাহিনীর যুদ্ধবৃত্তিকে দুর্বল করে তোলে।

২৮শে এপ্রিল ১৯৪৫-এ বর্মা ত্যাগের সময় বাহিনীর সেনাদের মনোবল বৃদ্ধির উদ্দেশ্যে তাদের সাহসিকতাকে গুরুত্ব দিয়ে বহুবিধ প্রশংসা করেছিলেন। কিন্তু নেতাজি তাঁর বাহিনীর সেনাদের বলেছিলেন ব্রিটিশ ভারতীয় সেনাদের সম্মুখীন হয়ে জয়হিন্দ বলে চীৎকার করলেই ব্রিটিশ বাহিনীর ভারতীয় সেনারা আজাদ হিন্দ বাহিনীর সেনাদের ওপর গুলি না চালিয়ে তাদের স্বাগত করবে। এই ধারণা যদিও মিথ্যা বলে প্রমাণিত হয়েছিল।

চতুর্থত উপযুক্ত সামরিক শিা ও শঙ্কলার অভাব ছিল আজাদ হিন্দ বাহিনীর সেনাদের। এর কারণ অবশ্যই ছিল সময়ে স্বল্পতা। বাহিনীতে অজস্র স্থানীয় সিভিলিয়ন যোগ দিয়েছিলেন যাদের পর্যাপ্ত সামরিক শিক্ষা দেওয়া হয়নি।

পঞ্চমত, আজাদ হিন্দ বাহিনী অস্ত্র-গুলি, পোষাক থেকে শুরু করে খাবারদাবার সমস্ত কিছুই জাপানের মুখাপেক্ষী ছিল। যুদ্ধের শেষের দিকে মিত্রশক্তির প্রবল আক্রমণে বিধ্বস্ত জাপান এই সরবরাহ অক্ষুণ্ণ রাখতে পারেনি।

যষ্ঠত, মিত্রপক্ষ আমেরিকার বিপুল সাহায্যে বলীয়ান হয়ে উঠতে থাকলেও, জাপানকে সাহায্য করার কেউ ছিলো না। সর্বোপরি বলা যায় নেতাজি ও আজাদহিন্দ বাহিনীর পক্ষে সময় ছিল প্রতিপুল। যখন আজাদ হিন্দ যুদ্ধ শুরু করল, তখন জাপানের সামরিক দুর্বলতা প্রকট হয়ে দেখা দেয়। সামরিক শক্তির বিচারে তারতম্য এতটাই বেশি ছিল যে পেশাদার সামরিক বাহিনী এই ঝুঁকি নিত কি না সন্দেহ।

৩.৪ শ্রমিক আন্দোলন

ভারতের কমিউনিস্ট পার্টির সবচেয়ে উল্লেখযোগ্য কৃতিত্ব হল শ্রমিক আন্দোলনে নেতৃত্ব দেওয়া এবং শ্রমিক শ্রেণীকে সুসংগঠিত করা। কংগ্রেসের বামপন্থী নেতৃত্বদান শ্রমিকদের সম্পর্কে উৎসাহী এবং তাঁদের আন্দোলনে নেতৃত্ব দিলেও দক্ষিণপন্থী নেতাদের মধ্যে শ্রমিকদের সম্পর্কে তেমন উৎসাহ ছিল না। গান্ধীজি প্রথমদিকে শ্রমিক আন্দোলনে নেতৃত্ব দিলেও পরে শ্রমিক আন্দোলনে উৎসাহ দেখাননি। অমলেশ ত্রিপাঠীর মতে ১৯২৮ খ্রীষ্টাব্দের পর থেকে শ্রমিকদের সঙ্গে গান্ধীজির কোন সম্পর্ক ছিলো না।

মানবেন্দ্রনাথ রায় কমিউনিস্ট পার্টির দুটো রূপ রাখতে চেয়েছিলেন, একটা জাতীয়তাবাদী আন্দোলনে বামপন্থী হিসেবে কাজ করবে, অপরটি সীমাবদ্ধ থাকবে কৃষক ও শ্রমিকদের মধ্যে। প্রকাশ্য পার্টির নাম হবে ওয়ার্কাস এ্যান্ড পেজেন্টস পার্টি। এইভাবে কমিউনিস্ট পার্টি শ্রমিকদের সঙ্গে গভীর যোগসূত্র স্থাপন করে। পার্টির আদর্শ ও ভাবধারায় শ্রমিকশ্রেণী অনুপ্রাণিত হয়। ১৯২৭-এ ফেব্রুয়ারী ও সেপ্টেম্বর মাসে খড়্গাপুরে রেলওয়ে কর্মীরা যে ধর্মঘট করেন তাতে কমিউনিস্টদের উল্লেখযোগ্য ভূমিকা ছিল। এই ধর্মঘট প্রমাণ করে যে শ্রমিকরা ভি. ভি. গিরি ও এ্যাডভুজের মত নরমপন্থী শ্রমিক নেতার নেতৃত্বে সন্তুষ্ট নয়। যখন এ্যাডভুজ ধর্মঘটকে লিলুয়া ওয়ার্কসপে ছড়িয়ে দেওয়ার কমিউনিস্ট প্রস্তাবকে অগ্রাহ্য করেন তখন ডাঙ্গে তাঁর প্রচণ্ড সমালোচনা করেন।

১৯২৬-এ বোম্বাইয়ের কাপড়ের কলের শ্রমিকদের মধ্যে কমিউনিস্টদের প্রভাব বাড়তে থাকে। ১৯২৮-এ কমিউনিস্ট প্রভাবিত ওয়ার্কাস এ্যান্ড পেজেন্টস পার্টির নেতৃত্বে কলকাতা কর্পোরেশন ও চেঞ্জইল ও বাউড়িয়ার চটকলে ধর্মঘট হয়। কিন্তু সবচেয়ে উল্লেখযোগ্য ধর্মঘট হয় বোম্বাইয়ে ১৯২৮-এ। বেতন হ্রাসের বিরুদ্ধে এই ধর্মঘট হয়। কমিউনিস্ট পরিচালিত গিরনি কামগার ইউনিয়ন এই ধর্মঘটে নেতৃত্ব দেয়। এই ধর্মঘট যে অত্যন্ত সফল হয়েছিল তা ভারত সবিচের কাছে লিখিত বোম্বাইয়ের গভর্নরের এক পত্রেই প্রকাশিত হয়েছে। এই পত্রে তিনি বিস্ময় প্রকাশ করে লিখেছিলেন যে, যথেষ্ট পুলিশ দিয়ে নিরাপত্তার ব্যবস্থা করা সত্ত্বেও একজন শ্রমিকও কাজে যোগ দেয়নি। এই ধর্মঘটের অবসান ঘটে, যখন মিল মালিকরা ১৯২৭ খ্রীষ্টাব্দে নতুন হারে বেতন দিতে সম্মত হন। কমিউনিস্ট প্রভাবিত গিরনি-কামগার ইউনিয়নের সদস্য সংখ্যা ছিল ৬০ হাজার যেখানে এন. এম. যোশী পরিচালিত ইউনিয়নের সদস্য ছিল ৯৮০০। ১৯২৮-এর পর থেকে বোম্বাইয়ে রেলওয়ে কর্মী ও তেল ডিপোর কর্মচারীদের ওপর কমিউনিস্টদের প্রভাব বাড়তে থাকে।

সুতরাং শ্রমিক আন্দোলন দমনের উদ্দেশ্যে সরকার পাবলিক সেফটি বিল ও ট্রেডস্ সিপিউটস্ গ্র্যাক্ট পাশ করালেন ১৯২৯-এ। আশ্চর্যের কথা এই যে কংগ্রেস এই দুটি বিলের বিরোধিতা করলেও বিতর্কের সময় এক বিরাট সংখ্যক কংগ্রেস অনুপস্থিত ছিলেন। ঐ বছরই ব্রিটিশ সরকার ২০শে মার্চ ভারতের ৩২জন বিশিষ্ট শ্রমিক নেতাকে গ্রেপ্তার করে ব্রিটিশ রাজশক্তির বিরুদ্ধে ষড়যন্ত্রের অইবযোগে। এই ঘটনাকে বলা হয় মীরাট ষড়যন্ত্র মামলাগুজ প্রখ্যাত কমিউনিস্ট নেতা মুজাফফর আহমেদ, এস. এড. ডাঙ্গে প্রভৃতি গ্রেপ্তার হন। এঁদের সঙ্গে ছিলেন ব্রিটিশ কমিউনিস্ট নেতা বেঞ্জামিন ব্র্যাডলি ও ফিলিপ স্প্যাট। ১৯৩৩ খৃষ্টাব্দে এই মামলা বলে বিচারে প্রায় সকলেই দোষী সাব্যস্ত হয়ে কারাদণ্ড ভোগ করেন। পৃথিবীর বহু বিখ্যাত রাজনীতিবিদ, চিন্তাবিদ ও দার্শনিক এই ঘটনাকে নিন্দে করেন।

১৯৩১-এ কমিউনিস্টদের মধ্যে মত পার্থক্য দেখা দেওয়ায় এ.আই.টি.ইউ.সি-তে ভাঙ্গন দেখা দেয়। কিছু কমিউনিস্ট Red Trade Union Congress প্রতিষ্ঠা করে। ১৯৩৪-এ শ্রমিক আন্দোলন আবার নতুন শক্তি সঞ্চয় করে। কিন্তু ঐ বছরই জুলাইয়ে কমিউনিস্ট পার্টি বে-আইনী ঘোষিত হয়।

৩.৫ সারাংশ

মার্ক্সের নব উত্থিত শিল্পনির্ভর সমাজব্যবস্থার বিকল্প হিসেবে বিজ্ঞাভিত্তিক সমাজব্যবস্থার বিকল্প হিসেবে বিজ্ঞানভিত্তিক সমাজতন্ত্রের তত্ত্বের আদর্শে কংগ্রেসেও বামপন্থী আন্দোলনের সূত্রপাত। যা কিনা কমিউটানের আদর্শ দ্বারা প্রভাবিত হয়ে আপন গতিধারার নির্ধারণে তৎপর হয়গুগ নেহেরুর কর্মতৎপরতা এই আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। এই আন্দোলনের আদর্শ ধরে আন্তর্জাতিক কমিউনিসমের ভাবদারায় সুভাষচন্দ্র তাঁর জাতীয়তাবাদকে ব্যাখ্যা করেন। পরবর্তী পর্যায়ে স্বাধীনতা আন্দোলন সুভাষচন্দ্রের পরিচালনায় ও আজাদহিন্দ বাহিনীর গঠনের মধ্যে দিয়ে আপন গতিময়তায় ফিরে যায়।

৩.৬ অনুশীলনী

১। বামপন্থী আন্দোলনের বিস্তার ও কংগ্রেসের বামপন্থীর আন্দোলনের উত্থান ও কার্যাবলী সম্পর্কে একটি সমালোচনামূলক পূর্বক লিখুন।

২। কংগ্রেসের মধ্যস্থিত বামপন্থী আন্দোলন পরিচালনার ক্ষেত্রে নেহেরুর কার্যাবলির আলোচনা কর — নেহেরুর তথা বামপন্থী আন্দোলনের কি কোনো সীমাবদ্ধতা ছিলো বলে তুমি মনে কর, যদি থাকে তবে তা কেন বলুন।

৩। বামপন্থী আন্দোলনে সি.এস.পি.-র ভূমিকা পর্যালোচনা করে সি.পি.আই-এর সঙ্গে তার পার্থক্য নির্ণয় করুন।

৪। নেতাজি সুভাষচন্দ্রের রাজনৈতিক আদর্শবোধ, ভারতের স্বাধীনতা সম্পর্কিত ধারণা ও তাঁর নিজস্ব পরিকল্পনা সবিস্তারে আলোচনা করুন।

৫। নেতাজির রাজনৈতিক আদর্শবোধের প্রতিফলনই কি আজাদ হিন্দু বাহিনীর গঠনের ঘটনায় রা পড়ে—তোমার মতামত যুক্তিসহ ব্যাখ্যা করুন।

৬। নেতাজির অবদান ভারতের স্বাধীনতা আন্দোলনের পরিচলনের ক্ষেত্রে বর্তমান উল্লেখযোগ্য তা আজাদ হিন্দ বাহিনীর কার্যকলাপ বর্ণনার মাধ্যমে বোঝান। এই বাহিনী ব্যর্থ কেন হলো?

সংক্ষিপ্ত প্রশ্ন :

১। W.P.P.-এর পুরো নাম কী?

২। ডাঙ্গা ও মুজাফফার আমমেদের রচনার নাম করুন।

৩। সপ্তম কমিনটনে কী বলা হয়েছিল?

৪। ১৯২৮-এ নেহেরু কার সঙ্গে কী গঠন করেন?

৫। কংগ্রেস স্যোসালিস্ট পার্টির উত্থান করে হয়।

৬। আজাদ হিন্দ বাহিনীর জন্ম কোন সালে হয়েছিল?

৭। নারীদের দ্বারা গঠিত বাহিনীর নাম কী? এই সংগঠনের একজন নেত্রীর নাম লিখুন।

৮। ১৯৪১-এর ৭ই ডিসেম্বর স্মরণীয় কেন?

৯। ১৯৪৪ সাল আজাদ হিন্দ বাহিনীর ক্ষেত্রে স্মরণীয় কেন?

৩.৭ গ্রন্থপঞ্জী

১। অমলেশ ত্রিপাঠী — স্বাধীনতা সংগ্রামে ভারতের জাতীয় কংগ্রেস

২। Sumit Sarkar — Modern India

৩। Bipin Chandra — India's Struggle for Freedom

৪। প্রণব কুমার চট্টোপাধ্যায় — আধুনিক ভারত

৫। Leonard A Gordon — Brothers Against the Raj

৬। Tarachand — History of the Freedom Movement

একক ৪ □ পাকিস্তান দাবি

গঠন

- ৪.০ উদ্দেশ্য
- ৪.১ প্রস্তাবনা
- ৪.২ ক্ষমতা হস্তান্তর
- ৪.৩ ক্ষমতা হস্তান্তর পরবর্তী পরিস্থিতি
- ৪.৪ সারাংশ
- ৪.৫ অনুশীলনী
- ৪.৬ গ্রন্থপঞ্জী

৪.০ উদ্দেশ্য

ইংরেজ সরকারের বিভেদ নীতি, হিন্দু মুসলিম সম্পর্ককে স্বাধীনতা আন্দোলনের প্রেক্ষিতে বুঝতে গেলে পাকিস্তান আন্দোলন, স্বাধীনতা ও স্বাধীনতার পরবর্তী ভারতবর্ষকে অনুধাবন করা আবশ্যিক। সাম্প্রদায়িক সমস্যা যা আজও ভারতবর্ষের অন্যতম সমস্যা হয়ে দাঁড়িয়েছে তার উৎসকে সন্ধান করা একান্তই প্রয়োজন যাতে করে তার সমাধান করা সম্ভব হয়।

৪.১ প্রস্তাবনা

বঙ্গভঙ্গের বিরুদ্ধে যে জাতীয়তাবাদী আন্দোলন শুরু হয়, ইংরেজ সরকারের সার্থক বিভেদ নীতি মুসলমান সম্প্রদায়কে তা থেকে দূরে রাখতে সমর্থ হয়েছিল বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলন মুসলমান মুসলমানদের স্বার্থবিরোধী ইংরেজ সরকারের এই টোপ মুসলমানরা সহজেই গ্রহণ করেছিল তাদের অধিকাংশজনই বিশ্বাস করত বঙ্গভঙ্গ আন্দোলন হিন্দুদের আন্দোলন এবং তা থেকে মুসলমানদের দূরে থাকাই বাঞ্ছনীয় যে আন্দোলন ছিল গোটা দেশের পক্ষে মঙ্গলজনক তা হয়ে দাঁড়াল মুসলমানদের চোখে কেবল হিন্দু সম্প্রদায়ের পক্ষে মঙ্গলজনক। ধর্মনিরপেক্ষ যুক্ত আন্দোলনের প্রথম সুযোগ হাতছাড়া হয়ে গেল। এই পরিস্থিতিকে আরো জটিল করে তুলেছিল সৈয়দ আহমেদের হিন্দু-মুসলমানে স্বার্থ এক নয়—এহেন ঘোষণা। সৈয়দ আহমেদের এই মতবাদ যেন স্বায়ত্তশাসনব্যবস্থার নির্বাচন পদ্ধতিটির ভিতর দিয়ে সাম্প্রদায়িক রাজনীতির প্রভাব পূর্বভারতের মুসলমান দৃষ্টিভঙ্গীকে পৃথক মাত্রা দিয়েছিল। আধুনিক শিক্ষা থেকে বঞ্চিত মুসলমান সমাজ সহজেই সাম্প্রদায়িকতার শিকার হয়ে পড়ে। বাংলা তথা ভারতের জাতীয়তাবাদী আন্দোলন ধ্বংস করাই কার্জনোর লক্ষ্য ছিলো। ১৯০৬ এ ভারত সরকার ভারতবাসীকে কিছু শাসনতান্ত্রিক সুযোগ সুবিধা দেওয়ার কথা চিন্তা করছিল ঠিক এই সময়ে চরমপন্থী হিন্দুত্ব ঘেঁষা

আন্দোলনকারীদের হিন্দুদের দেবীর কাছে শপথ নেওয়ার যে পন্থা গ্রহণ করেছিল মুসলমানদের পক্ষে তা মেনে নেওয়া সম্ভব ছিল না। তাই তারা হিন্দু আন্দোলনকারীদের থেকে নিজেদের সরিয়ে নিয়েছিল। বিসার-উল-মুস্ক সহ কয়েকজন মুসলমান নেতা মুসলমানদের স্বার্থরক্ষার জন্য একটি রাজনৈতিক সংস্থা গঠন করে। এই সংস্থার নীতি ছিল (১) সরকারের কাছে মুসলমান জনগণের মনোভাব পেশ করা (২) ইংরেজ রাজত্ব স্থায়ী করার প্রচেষ্টা চালিয়ে যাওয়া ও কংগ্রেসি আন্দোলন থেকে মুসলমান সম্প্রদায়কে দূরে সরিয়ে রাখা।

১৯০৬-এ ঢাকায় সর্বভারতীয় মুসলিম সীগের প্রতিষ্ঠা হয়। লীগের প্রধান প্রচার ছিল দেশের বৃহত্তম ও মহত্তম স্বার্থও যদি মুসলমানদের স্বার্থ বিন্দুমাত্র ক্ষুণ্ণ করে তবে মুসলিম স্বার্থকেই অগ্রাধিকার দেওয়া হবে। ১৮৮৫ সালের পর থেকে সৈয়দ আহমেদের নেতৃত্বে মুসলিম বিচ্ছিন্নতাবাদের লক্ষ্য সফল করার যে প্রয়াস চলছিল ১৯০৬-এ তা পূর্ণ হয়। বিচ্ছিন্নতাবাদ রাজনৈতিক সংগঠনের মাধ্যমে প্রকাশিত হয়। মুসলিম লীগ শুধুমাত্র মুসলমানদের প্রতিনিধিত্ব করার প্রতিষ্ঠান হয়ে দাঁড়ায়। আলিগড় আন্দোলনের আদর্শ ও লক্ষ্যকে ভিত্তি করে লীগের আদর্শ গড়ে ওঠে।

মুসলিম লীগকে সম্বৃদ্ধ করার জন্য ১৯০৯-এ মার্চ মিন্টো সংস্কারের মুসলমান সম্প্রদায়ক আইন সভায় পৃথক সদস্য নির্বাচনের (Seperate electorate) অধিকার দেওয়া হয়। এইভাবে ভারতের রাজনীতি দ্বিজাতিতত্ত্বের (Two-nation theory) প্রবেশ ঘটে। যদি মুসলমানদের এত আমল দেওয়া কিছুতেই উচিত হয়নি বলে ১৯০৯ সালের ১১ই নভেম্বর মর্লির কাছে মিন্টো স্বীকার করেছেন কিন্তু দুজনেই অন্য কিছু করার ব্যাপারে প্রয়োজন অনুভব করেননি। তবে ১৯১১-য় মুসলিম লীগের সোচ্চার প্রতিবাদ অগ্রাহ্য করে বঙ্গভঙ্গ রদ করা হয়।

মুসলিম লীগের রাজনৈতিক কার্যকলাপ বিদেশী শাসনের বিরুদ্ধে না গিয়ে হিন্দু সম্প্রদায় ও জাতীয় কংগ্রেসের বিরুদ্ধে সকল শক্তি ব্যয় করেছে। জাতীয়তাবাদী শিক্ষিত মুসলমানদের কাছে মুসলিম লীগের এই সীমাবদ্ধতা ক্রমশ স্পষ্ট হয়ে ওঠে। মৌলানা মহম্মদ আলি, হাকিম আজমল খান, হাসান ইমান প্রমুখ নেতাদের মধ্যে মুসলিম লীগের কার্যকলাপ সম্পর্কে বিতৃষ্ণা জন্মে গিয়েছিল। তারা সংগ্রামী জাতীয় আন্দোলনে সক্রিয় অংশ নেওয়ার প্রচার অভিযান শুরু করেন। এই ধরনের জাতীয়তাবাদী চেতনা দেওবন্দ নামেক একটি স্থানের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষাপ্রাপ্ত মুসলমানদের মধ্যেও দেখা গিয়েছিল—আবুল কালাম আজাদ ছিলেন এই প্রতিষ্ঠানের সদস্য। তবে মুসলমান সম্প্রদায়ের অধিকাংশই বুঝতে পারেননি দেশপ্রেম ধর্মবিরোধী নয়। সাম্প্রদায়িকতা, পাকিস্তান দাবি, ভারত বিভাগ ইত্যাদি যে কোন বিষয় আলোচনা করতে হলে জিন্মা সম্পর্কে বিস্তৃত জানা আবশ্যিক।

একদা কংগ্রেস সদস্য জাতীয়তাবাদী জিন্মা পরবর্তীকালে সাংঘাতিক সাম্প্রদায়িক মনোভাবাপন্ন হয়ে মুসলিমদের জন্য পৃথক রাষ্ট্র স্থাপনের দাবি করেন। Time and Tide নামক পত্রিকায় ১৯৪০-এর জানুয়ারী মাসে তিনি প্রথম দ্বিজাতি তত্ত্বের প্রসঙ্গ সমর্থন করে প্রবন্ধ লেখেন। ঐ বছরেই মার্চে তিনি আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সামনে বক্তৃতা প্রসঙ্গে বলেন, “একটা জিনিস এমন পরিষ্কার হয়ে গেছে যে আমরা আর সংখ্যালঘু নই, আমরা নিজেরাই একটি পৃথক ও বিশিষ্ট জাতি, আমাদের

ভবিষ্যৎ আমাদের নিজেদের।”

জিন্না রাজনীতি শুরু করেন দাদাভাই নওরোজীর নেতৃত্বে ভারতের জাতীয় কংগ্রেসের সদস্য হিসেবে। ঐ সময় তিনি সৈয়দ আহমেদের মতো হিন্দু-মুসলমান ঐক্যে বিশ্বাসী ছিলেন। ১৯১৬ সালে জিন্না লীগের সঙ্গে কংগ্রেসের লক্ষ্মী চুক্তি সম্পাদনে প্রভূত সাহায্য করেন। ১৯১৩ সালে মহম্মদ আলির প্ররোচনায় তিনি মুসলিম লীগে যোগ দিলেও এই শর্তে যোগ দিয়েছিলেন যে লীগের লক্ষ্য কংগ্রেসের লক্ষ্য থেকে খুব বেশি আলাদা হবে না। এই সময়ে অনেকেই জিন্নাকে হিন্দু মুসলমান ঐক্যের দূত হিসেবে আখ্যা দিয়েছেন। যদিও লক্ষ্মী চুক্তির ভিত্তিতে কংগ্রেস মুসলমানদের জন্য পৃথক নির্বাচন মণ্ডলী মেনে নেয় ও এর ফলে মুসলমানেরা নিজেদের আলা আইডেনটিটি সম্পর্কে সচেতন হয়ে ওঠে।

১৯৩০ সালে মহম্মদ আলির মৃত্যুর পর জিন্না মুসলিম লীগের নেতা হন। ১৯৩৭ সালের নির্বাচনের পর বিভিন্ন প্রদেশের সরকার গঠন করে কংগ্রেস। মুসলিম লীগ সরকারের বাইরেই তেকে যায়। নির্বাচনে বিহার, ওড়িশ্যা, মাদ্রাজ, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ কংগ্রেস নিরঙ্কুশ সংখ্যা গরিষ্ঠতা অর্জন করে। বোম্বেতে ১৭৫টি আসনের মধ্যে ৮-৬টি লাভ করে বৃহত্তম দলে পরিণত হয়। বিভিন্ন প্রদেশে কংগ্রেসী কার্যকলাপ জিন্নাকে ক্রমশ হতাশ করে। তিনি উপলব্ধি করতে থাকেন সংখ্যাগুরু মানেই কংগ্রেসী শাসন। আর কংগ্রেসী শাসন মানেই হিন্দুদের শাসন। মুসলিমদের জন্য ভারতে এক পৃথক রাষ্ট্র যা সৈয়দ আহমেদের পরবর্তী রচনার মধ্যে নিহিত ছিল, যা রহমৎ আলি একদা প্রচার করেছিল যা ১৯৩০ এর পর থেকে ইকবালের রচনায় ক্রমবর্ধমান রূপে দেখা যাচ্ছিল, তা ক্রমেই জিন্নাকে আকৃষ্ট করেছিল। এতদসত্ত্বেও বলা যায় বহু মুসলিম ব্যক্তিত্বই স্বতন্ত্র রাষ্ট্রের দাবি সমর্থন করেননি।

১৯৩০ এর কেমবরিজ থেকে আসা কিছু ছাত্র যখন পাকিস্তানের দাবি পেল তখন তাদের কাছে জিন্না বলেন, “আমার নিজের বিশ্বাসের বিরুদ্ধে আমার কতরমেই মনে হচ্ছে যে তোমাদের কথাই ঠিক।” এই বক্তব্যের পেছনে নিঃসন্দেহে যে শক্তি বিশেষভাবে ভূমিকা গ্রহণ করেছিল, তা ছিল ব্রিটিশ সরকার। গান্ধীর ভূমিকাকেও গুরুত্বহীন করে তোলা যায় না। গান্ধী চেয়েছিলেন সারা ভারতের নেতারা তাঁরই অনুগত বাধ্য (docile) হবেন। এখানেই সদস্যদের মধ্যে বিরোধের সূচনা হয়। জিন্নার সঙ্গে গান্ধীর বিরোধ জিন্নার আধিপত্য স্থাপনের কাজে ব্রিটিশ প্রশাসন তার কূটনীতির সর্বোত্তম প্রক্রিয়া কাজে লাগায়।

কলকলতা কংগ্রেসের প্রাক্কালে ১৯২৮ সালের ২৮ থেকে ৩১ আগস্ট লক্ষ্মী সর্বদলীয় সম্মেলনে জিন্নার সংশোধনী প্রস্তাব প্রত্যাখান করে কংগ্রেসের কোন কোন নেতা প্রশ্ন তোলেন, মুসলমানদের হয়ে কথা বলার অধিকার জিন্নার আছে কি? প্রকৃতপক্ষে জিন্না সঙ্গে বোঝাপড়ার পথে অনতিক্রম্য বাধা তৈরি করেন কংগ্রেসের ওপরতলার অদূরদর্শী কংগ্রেস নেতারা।

মৌলানা আজাদ আফসোস করে লিখেছেন নেহেরুর অনমনীয় আপত্তির জন্য কংগ্রেস ও লীগের মিলনের সম্ভবনা ব্যর্থ হয়। উত্তরপ্রদেশের মন্ত্রীসভায় আজাদ বলেছেন, দুজন মন্ত্রী নেবার সূত্রে বোঝাপড়া হয়ে গিয়েছিল, কিন্তু নেহেরুর আপত্তির ফলে তা কমিয়ে একজন করাহয় ফলে আলোচনা ভেঙে যায়। চৌধুরী খালিকুজ্জমান অভিযোগ করেছেন, কংগ্রেস চেয়েছিল লীগের অবলুপ্তি। গান্ধীর ব্যক্তিগত সচিব পেয়ারেলাল কৌশলগত দিক থেকে একে গুরুতর ভুল বলে স্বীকার করেছেন — “a tactical error

of the first magnitude"। পেণ্ডেলের মুন বলেছেন একে অশান্তির মূল উৎস তার তা থেকেই ভারত বিভাজনের সূত্রপাত। কিন্তু মূনের বক্তব্য ঐতিহাসিকদের দ্বারা সামলোচিত কারণ ভারত বিভাজন এত তুচ্ছ করণে ঘটেনি।

পাকিস্তান আন্দোলন, মুসলিম বিচ্ছিন্নতাবাদ ও ভারত বিভাগ একটি অপরটির সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। প্রথম দুটি যত শক্তিশালী হয়েছে ভারত বিভাগ ততোই অনিবার্য হয়ে উঠেছে। খিলাফৎ আন্দোলনে গান্ধী প্রভাবশালী মৌলভিদের সাহায্য নিয়েছিলেন, যারা কোরানের আয়াত থেকে উদ্ধৃতি দিয়ে ধর্মযুদ্ধ ঘোষণা ও কাফের হত্যার আহ্বান জানায়। মৌলানা আজাদ লিখিছেন প্যানইসলাম মতবাদ 'শত্রুর শত্রু মিত্র' এই কৌটিল্য নীতি অনুযায়ী কংগ্রেসের মিত্র হতে পারে কিন্তু তার অবশ্যস্বাবী পরিণতি মুসলিম বিচ্ছিন্নতাবাদ। মুসলিম চাষী, শ্রমিক, মধ্যবিত্ত সকলেই ঔপনিবেশিক শাসনের শিকার হওয়া সত্ত্বেও পদের মধ্যে সেই চেতনা জাগানোর চেষ্টা করা হয়নি।

১৯৪০ সালে লাহোর মুসলিম লীগ অধিবেশনে প্রথম পাকিস্তান প্রস্তাব গৃহীত হয়। জিন্মা দাবি করেন যে তিনি একাকী মাত্র একজন সচিব ও একটি টাইপরাইটারের সাহায্যে পাকিস্তান ছিনিয়ে এনেছেন মুসলমানদের জন্য। জিন্মা মুসলমানদের কাছে নিজেকে রাজনৈতিক মুক্তিদাতা হিসেবে প্রতিষ্ঠিত করতে সমর্থ হন।

পাকিস্তান দাবি, পাকিস্তানের ডিচস্তা ও জিন্মার রাজনীতি ভারতীয় জারনীতি ও সমাজের ওপর ভয়াবহ প্রতিক্রিয়ার সৃষ্টি করে। মুসলমানদের মধ্যে চরমপন্থী রাজনীতির উদ্ভব ঘটে।

নেহেরু মনে করতেন জনগণের অর্থনৈতিক সমস্যার সূষ্ঠ সমাধানই সাম্প্রদায়িক সমস্যার সমাধান করতে পারবে। জাতীয়তাবাদ ও সাম্রাজ্যবাদ এই দুই শক্তি নেহেরুর মতে ভারতীয় রাজনীতিতে বিদ্যমান। কিন্তু জিন্মার মতে এই দুই শক্তির সঙ্গে অপর একটি শক্তি অঙ্গাঙ্গীভাবে জড়িত সেই শক্তি মুসলমান শক্তি। জিন্মার মতে লীগও দেশের স্বাধীনতা চায় কিন্তু হিন্দু মুসলিম সংহতির পূর্ব শর্ত সংখ্যালঘু প্রশ্নের সমাধান। তাছাড়া কংগ্রেস মুসলমানদের প্রতিনিধিত্ব দাবি করতে পারে না।

১৯৩৫-এ দেখা যায় মুসলিম লীগ মোটেই জনসমর্থন আদায় করতে পারেনি। জিন্মা এক্ষেত্রে ইসলাম বিপন্ন—এই জিগির পেলেন। পরিস্থিতি এতটাই মারাত্মক হয়ে ওঠে যে ১৯৭৩ -এ জুনের মধ্যেই পাঞ্জাব ও বোম্বেতে দাঙ্গা দেখা যায়।

১৯৪০-এ লাহোরে লীগের প্রস্তাবে পাকিসকতান শব্দটি ছিলো না। দেশভাগের কথাও এক্ষেত্রে বলা হয়নি। ১৯৪৬ পর্যন্ত লীগ এই অস্পষ্ট প্রস্তাবের কোনো ব্যাখ্যাও দেয়নি। জাপানের পার্ল হারবার আক্রমণের পরেই মার্কিন প্রেসিডেন্ট চার্চিল সরকারের ওপর চাপ সৃষ্টি করতে থাকে ভারতকে ডোমিনিয়ান স্ট্যাটাসের মর্যাদা দেওয়ার জন্য। ক্রিপস মিশন ভারতে পাঠানো হল যদিও ভারতে তাতেও কোনো সুবিধা হয়নি। হে পরিস্থিতিতে রাজা গোপালাচারী ও কমিউনিস্ট পার্টি পাকিস্তানি প্রস্তাব সমর্থন করে বসে। অবশেষে গান্ধীও বাধ্য হলেন—“Let it be a partition between two brothers, if a division there must be” — বলতে।

১৯৪০-এ পাকিস্তান ভাবান মুসলমানদের মধ্যে দ্রুত ছড়িয়ে যায়। ১৯৪৬-এর ১৬ই আগস্ট পাকিস্তান নেওয়ার মন্ত্র নিয়ে কলকাতায় হিন্দু-মুসলিম দাঙ্গার সূচনা হল।

সাম্প্রদায়িক রাজনীতি

এ বিষয়ে সন্দেহ নেই যে ১৯০৬ মুসলিম লীগ প্রতিষ্ঠা হওয়ার পর থেকেই হিন্দু ও মুসলমানদের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হওয়ার পথ বিস্তৃত হয়। মুসলিম লীগ প্রতিষ্ঠা হওয়ার পরই ময়মনসিংহে বিলাতি পণ্য বর্জন কেন্দ্র করে সাম্প্রদায়িক সংঘর্ষের বীভৎস প্রকাশ ঘটে। পূর্ববঙ্গ নিয়ে নতুন প্রদেশ গঠনের অর্থই বেশি চাকরির সুযোগ এই ব্রিটিশ প্রচার সাফল্যের সঙ্গে শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর মুসলমান সম্প্রদায়কে স্বদেশী আন্দোলন থেকে সরিয়ে আনত সক্ষম হয়। সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার দায় এই শ্রেণীর ওপর অনেক ক্ষেত্রে চাপানো হয়। কারণ তারা নিজেদের স্বার্থে যেমন মোল্লা মৌলবিদের সাম্প্রদায়িক উত্তেজনা ছড়ানোর কাজে লাগিয়েছেন। ফলে ১৯০৬ মে মাসে ময়মনসিং জেলার ঈশ্বরগঞ্জে, মার্চ মাসে ১৯০৭-এ কুমিল্লায়, এপ্রিলে মেতে ১৯০৭-এ জামানপুর ময়মনসিংহের দেওয়ানগঞ্জ, বক্সিগঞ্জে ব্যাপক হিন্দু মুসলিম দাঙ্গা শুরু হয়।

এইসব ঘটনার পরিণতিতে হিন্দু সাম্প্রদায়িকতা অতি দ্রুত বৃদ্ধি পেতে থাকে। ১৯১৬ সালে প্রতিষ্ঠিত হয় হিন্দু মহাসভা। ইসলামে ধর্মান্তরিত মালকানা রাজপুত, গুজর, বানিয়াদের হিন্দু ধর্মে ফেরানোর সংকল্প নিয়ে স্বামী শ্রদ্ধানন্দ শুদ্ধ আন্দোলন শুরু করেন ১৯২৩-এ। ১৯২৬-এ নাগপুরে হিন্দু আত্মরক্ষা বাহিনী প্রতিষ্ঠিত হোল রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ নামে। হিন্দুসমাজের যাবতীয় বিষয়েই শুধুমাত্র এই সংঘ আলোকপাতে উদ্যত হয়। হিন্দু ও মুসলমান উভয় সমাজের পক্ষ থেকেই প্রচারিত হয় হিন্দু ও মুসলমান দুটি পৃথক জাতি যারা একত্রে বসবাস করতে পারে না।

এই সবার পরিণাম ব্রিটিশ শাসকের পক্ষেই সহায়ক হয়েছিল। দুই সম্প্রদায়ের সাম্প্রদায়িকবাদীরা অশিক্ষিত গরীব মানুষদের সহজেই সাম্প্রদায়িক দাঙ্গায় জড়িয়ে দিতে পেরেছে। একবার সামান্য কিছু শুরু হলেই তাতে অসামাজিক অপরাধপ্রবণ মানুষরা অংশনিয়ে ঘটনা জটিল করে তোলে। নিরাপদ স্থানে দাঁড়িয়ে রাজনৈতিক দলগুলির নতৃত্ব গোপনে সাম্প্রদায়িক দাঙ্গায় নানাভাবে সাহায্য করে। জাতীয়তাবাদী মুসলমানরা যেমন জিন্নার সাম্প্রদায়িক রাজনীতিকে প্রতিরোধ করতে এগিয়ে আসেননি, তেমনি উদারপন্থী নির্মল চ্যাটার্জী, শ্যামাপ্রসাদ মুখার্জী সাম্প্রদায়িকদের প্রতিরোধ করতে পারেননি। ব্রিটিশ সাম্রাজ্যবাদের সমর্থনে জাতীয়তাবাদী আন্দোলনের বিরুদ্ধে ভারত বিভাগের আন্দোলনও ফলে ধীরে ধীরে তীব্র হয়ে উঠে।

৪.২ ক্ষমতা হস্তান্তর

১৯৪৭ সালে মাউন্টব্যাটেন বড়লাট নিযুক্ত হয়ে আসেন। সাম্প্রদায়িক হাঙ্গামার পরিপ্রেক্ষিতে তিনি উপলব্ধি করতে পারলেন যে সময় অবচয় করা ঠিক হবে না। তিনি রিপোর্ট লিখলেন। ‘তড়িঘড়ি কাজ না করলে আমাকে গৃহযুদ্ধের ধাক্কা সামলাতে হবে।’ তবে মাউন্টব্যাটেনকে ভারত বিভাজনের প্রখাদ উদ্যোক্তা মনে করা অসমীচীন। যেসব ভাষ্যকাররা মাউন্টব্যাটেনের একক ব্যক্তিগত উদ্যোগকে অতিরঞ্জিত

করে দেখিয়েছিলেন তাঁরা হলেন—হাডসন, ক্যাশেল, জনসন প্রমুখ। মন্ত্রী কমিশনের প্রস্তাব অনুসারে অখণ্ড ভারত মেনে নেওয়ার জন্য তিনি ভারতীয় নেতাদের সঙ্গে যুক্তি পরামর্শ করেন। তবে কোন সহমত না হওয়াতে ভারত ও পাকিস্তান এই দুই ডোমিনিয়ন গঠনের প্রস্তাবন দেন। জাতীয়তাবাদী নেতারা ভারত বিভাগের সাম্পাদায়িক দাঙ্গা থেকে দেশকে রক্ষা করতে শেষ অবধি ভারত বিভাগের প্রস্তাবে সম্মতি দান করেন। তবে তাঁরা দুই-জাতিতত্ত্বের নীতি গ্রহণ সম্মত হননি। ভারতের মুসলিম লীগ প্রভাবিত অঞ্চলগুলোতেই একমাত্র ভারতের মূল ভূখণ্ড থেকে পৃথক করতে রাজি হন ও যেসব অঞ্চলে মুসলিম লীগের প্রভাব ছিল, শুধুমাত্র সেই অঞ্চলগুলি ভারতের মূল ভূখণ্ড থেকে আলাদা করতে তাঁরা রাজি হন, এবং যেসব অঞ্চলে মুসলিম লীগের প্রভাব সম্বন্ধে সন্দেহ ছিল, সেই অঞ্চলে গণভো গৃহণের দাবি জানান। যেমন—উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ ও আসামের শ্রীহট্ট জেলা প্রভৃতিতে একবাক্যে জাতীয়তাবাদী নেতারা ভারত বিভাগে রাজি হলেন ঠিকই কিন্তু তা ধর্মের ভিত্তিতে নয়। তারা রাজি হলেন সাম্প্রদায়িক বিভূষিকা নিরসনের উদ্দেশ্যে প্রমোদিত হয়েই এমত অবস্থাতে ভারত বিভাগে সম্মত হওয়া ছাড়া জাতীয়তাবাদী নেতাদের অন্য কোন উপায় ছিলো না। মাউন্টব্যাটন তওরা জুন সুস্পষ্টভাবেই ভারত বিভাগের পরিকল্পনা ঘোষণা করেন। তিনি আরো ঘোষণা করেন যে ১৯৪৮-এর আগেই ভারতীয়দের হাতে ক্ষমতা হস্তান্তর হবে। বাধ্য হয়েই কংগ্রেস ‘অখণ্ড ভারত’ পরিত্যাগ করে। ‘পাকিস্তান’ দাবি স্বীকৃত হওয়াতে মুসলিম লীগ সন্তোষ প্রকাশ করে।

৪.৩ ক্ষমতা হস্তান্তর পরবর্তী পরিস্থিতি

হিন্দু মুসলমান দাঙ্গা নামক সমস্যা মোকাবিলা করতে হয় সর্বপ্রথম নেহরু সরকারকে। হাজার হাজার মানুষ পাকিস্তান ছেড়ে ভারতে চলে আসতে থাকেন। অসংখ্য উদ্বাস্তু আগমনের ফলে ভারতে সীমান্তবর্তী অঞ্চলগুলিতে আর্থ-সামাজিক সমস্যা ঘনীভূত হয়ে থাকে। উভয় দেশেই চলে রক্ষণশীল সাম্প্রদায়িক হাঙ্গামা। নেহরু সরকার তখন একদিকে যেমন হাঙ্গামা দমনে কঠোরনীতি গ্রহণ করে তেমনি অপরদিকে উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেন। ইতিমধ্যেই এক শান্তি সভায় গুলিবিদ্ধ হয়ে মারা যান মহাত্মা গান্ধী। নেহরু সরকার এটাকে একটা বিপর্যয় বলে গণ্য করে। কিন্তু কিছুদিনের মধ্যেই তারা এই সংকট কাটিয়ে ওঠে।

স্বাধীন ও জোট নিরপেক্ষ বৈদেশিক নীতিও ছিল নেহরু সরকারের। প্রায় সকল দেশের সঙ্গে ভারত স্বাধীনতার পর কূটনৈতিক সম্পর্ক স্থাপন করেন। যে সকল দেশ তখন স্বাধীন হয়েছিল সেগুলিকে ভারত স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিতে বিলম্ব করেনি। যে সমস্ত দেশ স্বাধীনতা আন্দোলন কাটিয়ে তারা ভারতকে দ্বিধাহীনভাবে সমর্থন জানায়। নেহরু সরকার রাশিয়া ও অন্যান্য সমাজতান্ত্রিক দেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপন করে।

৪.৪ সারাংশ

১৯০৬-এর ঐতিহাসিক পরিস্থিতি বঙ্গভঙ্গ আন্দোলনকে হিন্দু সম্প্রদায়ের আন্দোলনে পরিণত করে মুসলিম সম্প্রদায়ের পৃথক রাষ্ট্র পাকিস্তান আন্দোলনে পথ তরাণিত করে। ১৯০৬-এ মুসলিম লীগ এই

পৃথকীকরণের পরিণাম। পরবর্তী পর্যায়ে জোরদার হয় দ্বিজাতিতত্ত্বের সূত্র। জিন্নার তৎপরতা পরিস্থিতি আরো জটিল করে হিন্দু ও মুসলিম সংঘর্ষকে আবশ্যিক করে তোলে যার প্রভাব ভারতের স্বাধীনতা আন্দোলনের ওপর পড়ে।

৪.৫ অনুশীলনী

- ১। পাকিস্তান আন্দোলনের সঙ্গে সাম্প্রদায়িক বিদ্বেষের সম্পর্ক কোথায়?
- ২। ক্ষমতা হস্তান্তরের ক্ষেত্রে জিন্নার দায়িত্ব কতটা ছিলো তা যুক্তিসহকারে বর্ণনা করুন।
- ৩। পাকিস্তান আন্দোলনে ব্রিটিশ সরকারের ভূমিকা পর্যালোচনা করুন।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। দ্বিজাতিতত্ত্বের প্রসঙ্গ কে কোথায় কবে উত্থাপন করেন?
- ২। মুসলিম লীগের প্রতিষ্ঠা কবে হয়?
- ৩। লক্ষ্মী চুক্তি কবে সম্পাদিত হয়?
- ৪। পাঞ্জাব ও বম্বেতে কোন সময় দাঙ্গার সূত্রপাত ঘটে?

৪.৬ গ্রন্থপঞ্জী

- 1) Ayesha Jalal — The sole spokesman.
- 2) Uma Kaur — Muslims and Pakistan.
- 3) Bipin Chandra — India after Independence.
- 4) Maulana A. K. Azad — India wins freedom.

একক ১ □ গণপরিষদ ও ভারতের সংবিধান রচনা

গঠন

- ১.১ উদ্দেশ্য
- ১.২ প্রস্তাবনা
- ১.৩ গণপরিষদ সৃষ্টির ইতিহাস
 - ১.৩.১ গণপরিষদের প্রয়োজন বা গুরুত্ব
 - ১.৩.২ ভারতীয় ভাবনা : ১৯০৬ সালের জাতীয় কংগ্রেসের প্রস্তাব
 - ১.৩.৩ হোমরুল আন্দোলন
 - ১.৩.৪ অসহযোগ আন্দোলন ও গান্ধীজির স্বরাজ ভাবনা
 - ১.৩.৫ সর্বদলীয় বৈঠক ও সংবিধান কমিটি
 - ১.৩.৬ জাতীয় কংগ্রেসের বিভিন্ন সম্মেলনে গণপরিষদের দাবি
- ১.৪ গণপরিষদ সম্পর্কে ব্রিটিশ সরকারের মনোভাব ও নীতি
 - ১.৪.১ ১৯০৯ সালের ভারত-শাসন আইন
 - ১.৪.২ ১৯১৯ সালের ভারত-শাসন অআইন
 - ১.৪.৩ সাইমন কমিশন
 - ১.৪.৪ গোল-টেবিল বৈঠক
 - ১.৪.৫ সাংবিধানিক সংস্কার বিষয়ে শ্বেতপত্র
 - ১.৪.৬ যৌথ সংসদীয় কমিটি ও ১৯৩৫ সালের ভারত-শাসন আইন
 - ১.৪.৭ ক্রিপস্ মিশন
 - ১.৪.৮ ওয়াভেল পরিকল্পনা
 - ১.৪.৯ ক্যাবিনেট মিশন পরিকল্পনা

- ১.৪.১০ গণপরিষদের নির্বাচন
- ১.৪.১১ দেশবিভাগ, মাউন্টব্যাটেন পরিবর্তন ও গণপরিষদ
- ১.৪.১২ ভারতীয় স্বাধীনতা আইন ও গণপরিষদ
- ১.৫ গণপরিষদ সম্পর্কে মুসলিম লিগের দৃষ্টিভঙ্গি
- ১.৬ গণপরিষদে দেশীয় রাজ্যের অংশগ্রহণের প্রশ্ন
- ১.৭ গণপরিষদের গঠনপ্রণালী
 - ১.৭.১ গণপরিষদে প্রতিধিত্ব, আসন বণ্টনের নীতি ও গণপরিষদের সদস্য সংখ্যা
 - ১.৭.২ গণপরিষদের নেতৃত্ব
 - ১.৭.৩ অধিবেশন ও কর্মপদ্ধতি
 - ১.৭.৪ কমিটি
- ১.৮ গণপরিষদের কার্যাবলী
 - ১.৮.১ জনমঞ্চ ও আলোচনা সভা হিসাবে গণপরিষদ
 - ১.৮.২ আইনসভা হিসাবে দায়িত্ব পালন
 - ১.৮.৩ সংবিধান রচনার কাজ : প্রস্তাবিত সংবিধান ও তার বৈশিষ্ট্য
- ১.৯ গণপরিষদের ভূমিকার মূল্যায়ন
 - ১.৯.১ সারাংশ
 - ১.৯.২ অনুশীলনী
 - ১.৯.৩ গ্রন্থপঞ্জী

১.১ উদ্দেশ্য

এই এককটি পাঠ করলে আপনি জানতে পারবেন

- আধুনিক ভারতবর্ষের ইতিহাসের এক অত্যন্ত কৌতূহলপ্রদ ও তাৎপর্যপূর্ণ অধ্যায়—স্বাধীন ভারতের সংবিধান রচনার প্রেক্ষাপক্ষ ও প্রস্তুতিপর্ব;

- সংবিধান সভা হিসাবে গণপরিষদ সম্পর্কে কংগ্রেস সহ দেশীয় রাজনৈতিক দলগুলির দৃষ্টিভঙ্গি এবং এ বিষয়ে ব্রিটিশ সরকারের মনোভাব;
- গণপরিষদের গঠনপ্রালী ও কার্যপদ্ধতি;
- গণপরিষদের বিভিন্ন কাজ, বিশেষত সংবিধান রচনার ক্ষেত্রে এর ভূমিকা;
- ভারতের রাজনৈতিক ইতিহাসের বিচারে গণপরিষদের স্থান ও প্রভাব।

১.১ প্রস্তাবনা

ইতিপূর্বে আধুনিক ভারতবর্ষের ইতিহাসের নানা পর্যায় ও পর্বের ঘটনাপ্রবাহের সঙ্গে আপনাদের পরিচয় ঘটেছে। এবারে আমরা আলোচনা করব আধুনিক ভারতের ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ পর্ব নিয়ে। স্বাধীন ও নতুন ভারত গঠনের প্রথম ও প্রধান উদ্যোগ হল দেশ শাসন ও পরিচালনার উৎকৃষ্ট বিধিব্যবস্থা গড়ে তোলার ইচ্ছা, এবং এক্ষেত্রে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা। এই ইচ্ছা বাস্তবায়িত হল একটি সংবিধান সভা বা গণপরিষদ (Constituent Assembly) সৃষ্টি ও সংবিধান রচনার মাধ্যমে। গণপরিষদ সৃষ্টি ইতিহাস দিয়েই আমরা শুরু করব বর্তমান এককের আলোচনা। গণপরিষদের প্রয়োজন কেন এ সম্পর্কে দু-চার কথা জানার পর এক্ষেত্রে ভারতীয় ভাবনা কি ছিল সে বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হবে। প্রসঙ্গত জাতীয় কংগ্রেসের বিভিন্ন আন্দোলন ও জাতীয় কংগ্রেসের বিভিন্ন অধিবেশনের প্রস্তাবে এ বিষয়ে কী কী দাবি ছিল বা জাতীয় কংগ্রেসের নেতৃত্ব এ নিয়ে কি ভেবেছেন সে বিষয়ে আলোকপাত করা হবে। গণপরিষদ সম্পর্কে মুসলিম লিগের দৃষ্টিভঙ্গি কি ছিল সেটি আমাদের বিচার্য। গণপরিষদে দেশীয় রাজ্যের অংশগ্রহণের প্রশ্নটিও এক্ষেত্রে গুরুত্বপূর্ণ। গণপরিষদ সম্পর্কে বর্তমান এককের আলোচনার একটি বিশেষ অংশ জুড়ে থাকবে এক্ষেত্রে ব্রিটিশ শাসকের মনোভাব কি ছিল তার বিবরণ। এর পর একে একে আলোচনায় আসবে গণপরিষদের গঠনপ্রণালী, কার্যপদ্ধতি ও ভূমিকা। যেহেতু সংবিধান রচনাই ছিল গণপরিষদের মুখ্য কাজ বা দায়িত্ব, তাই এই বিষয়টি বর্তমান আলোচনায় অতিরিক্ত গুরুত্ব পাবে। গণপরিষদ রচিত সংবিধানের রূপরেখাটির একটি সংক্ষিপ্ত পরিচয় আপনাদের সামনে তুলে ধরা হবে। বর্তমান এককের শেষ অংশে সংবিধান বিশেষজ্ঞ, রাজনীতি ও ইতিহাসের গবেষকদের বিচার-বিশ্লেষণকে সামনে রেখে গণপরিষদের কাজের মূল্যায়ন করা হয়েছে।

১.৩ গণপরিষদ সৃষ্টির ইতিহাস

আধুনিক ভারতের ইতিহাসে একটি দীর্ঘ সময় কেটে গেছে স্বাধীনতা ও স্বরাজের ভাবনাকে কিভাবে কার্যকর করা যাবে তা নিয়ে মতবিরোধ ও বিতর্ক করে। জাতীয় আন্দোলনের কংগ্রেস নেতৃবর্গ, মুসলিম লিগ,

ব্রিটিশ সরকার সকলেই ছিলেন এই বিতর্কের শরিক। ব্রিটিশ প্রবর্তিত ভারত-শাসন আইন বা সংস্কারের নীতির সাহায্যে স্বাধীনতা লাভ সম্ভব নয়, স্বরাজই স্বাধীনতার মূল শর্ত—ধীরে ধীরে জাতীয় কংগ্রেসের মধ্যে এই ভাবনাই প্রবল হয়ে উঠেছিল। জাতীয় কংগ্রেসের এই স্বরাজ ভাবনার মধ্যেই ছিল গণপরিষদ সৃষ্টির মূল উপকরণ। জাতীয় আন্দোলনের সংগঠিত মঞ্চ ভারতের জাতীয় কংগ্রেস ও কংগ্রেস নেতৃত্বের তরফে এক্ষেত্রে কি উদ্যোগ বা প্রস্তুতি নেওয়া হয়েছিল তার কিছু পরিচয় দেওয়া প্রয়োজন।

১.৩.১ গণপরিষদের প্রয়োজন

সাধারণ অর্থে গণপরিষদ হল সংবিধান রচনার উদ্দেশ্য মিলিত নির্বাচিত জনপ্রতিনিধিদের এক সভা। ব্যাপক অর্থে গণপরিষদ হল সেই দায়িত্বশীল সংস্থা যার কাজ একটি স্বাধীন জাতির চিন্তা-বাবনা ও আশা-আকাঙ্ক্ষাকে রূপদান করা। গণপরিষদ রচিত সংবিধানের মাধ্যমেই স্বাধীন জাতি যাত্রা শুরু করে এবং এগিয়ে চলে সুনির্দিষ্ট লক্ষ্য নিয়ে। সংবিধান স্ব-শাসন ও সুশাসনের হাতিয়ার, নিয়ন্ত্রিত ও দায়িত্বশীল শাসনের সুনির্দিষ্ট আদর্শ ও নীতি। এর মাধ্যমেই প্রতিফলিত হয় সরকারের দায়িত্ব ও কর্তব্য, নাগরিক অধিকার এবং সরকার ও নাগরিকের সম্পর্ক। গণপরিষদ রচিত সংবিধান কেবলমাত্র একটি আইনগত দলিল বা আদালতগ্রাহ্য কিছু নিয়মাবলীর সমষ্টি নয়। সংবিধান জননৈতিকতা, সামাজিক মূল্যবোধ, সমাজ-সংহতির দর্পণ। সংবিধান দেশ গঠন এবং সমাজ নির্মাণের প্রত্যয়; আবেগ আর কিছু তত্ত্বকথা দিয়ে সংবিধান রচনার কাজ চলে না। আবার ইতিহাসের অন্ধ অনুসরণ করে বা বাইরে থেকে গ্রহণ বা অনুকরণ করে সংবিধান রচনার কাজে সাফল্য পাওয়া যায় না। সংবিধান রচনার কাজে প্রয়োজন কঠোর পরিশ্রম আর ব্যাপক প্রস্তুতি। স্বাধীন দেশের জন্য সংবিধান রচনার এই গুরুদায়িত্ব বহন করে গণপরিষদ। মার্কিন যুক্তরাষ্ট্রে সাংবিধানিক কনভেনশন (Constitutional Convention) বা ফ্রান্সের জাতীয় কনভেনশন (National Convention) সংবিধান রচনার উদ্দেশ্য নিয়েই গঠিত হয়েছিল। উভয় দেশেই জাতীয় স্বাধীনতা, গণসংগ্রাম ও গণতান্ত্রিক আদর্শের প্রতি আনুগত্য নিয়ে এই সংস্থা দুটি সংবিধান রচনার কাজে উদ্যোগী হয়। পাশ্চাত্যের এই গণতান্ত্রিক দেশগুলির মতোই ভারতেও স্বাধীনতা সংগ্রামের অভিজ্ঞতা আর দেশ পরিচালনার নতুন ভাবনায় প্রভাবিত হয়ে সংবিধান রচনার প্রস্তুতি নেন গণপরিষদের সদস্যরা। স্বরাজ ও স্বশাসনের আন্দোলন ও দাবির সূত্র ধরেই উঠে আসে গণপরিষদ সৃষ্টি আর সংবিধান রচনার উৎসাহ। শেষ পর্যন্ত নানা ঐতিহাসিক ঘটনা, বিতর্ক, প্রতিক্রিয়া আর প্রত্যাশার মধ্য দিয়ে সৃষ্টি হল গণপরিষদ। পরিষদের প্রথম অধিবেশন বসে ৯ ডিসেম্বর, ১৯৪৬। ১৯৪৬—থেকে ১৯৪৯ দীর্ঘ তিন বছরে কঠোর পরিশ্রম আর প্রস্তুতির মধ্য দিয়ে রচিত হল স্বাধীন ভারতের সংবিধান।

১.৩.২ ভারতীয় ভাবনা : ১৯০৬ সালের জাতীয় কংগ্রেসের প্রস্তাব

১৯০৬ সালে ভারতের জাতীয় কংগ্রেস (Indian National Congress) দাদাভাই নওরোজীর (Dadabhai Naoroji) সভাপতিত্বে যে চারদফা কর্মসূচীর (Four-point Programme) কথা ঘোষণা করে তার প্রথমটি

প্রান্তলিপি : কেশরী (Keshari) পত্রিকায় তিলকের ঘোষণা 'স্বরাজ আমার জন্মগত অধিকার' ('Swaraj is my birth right') এবং ১৮৯৫ সালের স্বরাজ বিল এক অর্থে মানবিক অধিকার সংক্রান্ত প্রথম দাবি। ব্রিটিশ সাংবিধানিক পছা বা ব্যবস্থা মেনে ভারতবাসীর আর চলতে চায় না; একথাই এই দাবিতে প্রতিষ্ঠিত।

ছিল স্বরাজ (অন্য তিনটি কর্মসূচী ছিল স্বদেশী, বয়কট ও জাতীয় শিক্ষা)। সন্দেহ নেই, এই স্বরাজ কথাটির মধ্যেই ছিল স্বাধীনতার মাধ্যমে স্ব-শাসনের অধিকার অর্জন এবং নিজের মত ও পথ অনুসারে সংবিধান রচনার এক প্রবল ইচ্ছা। ১৮৯৫ সালেই বালগঙ্গাধর তিলক (Balgangadhar Tilak) 'স্বরাজ বিল' নামে

একটি বিল এনে স্বশাসন সম্পর্কে ভারতবাসীর চেতনাতা ও প্রত্যাশাকে জাগ্রত করতে চেয়েছেন ১৮৯২ সালের ভারতীয় পরিষদ আইনে (Indian Concils Act, 1892) পরিষদের কাজকর্মে ভারতীয়করণ (Indianization) বা গণতন্ত্রীকরণ (Democratization) কোনটিরই তেমন কোন ছাপ ছিল না, আইনসভার কাজকর্মেও দায়িত্বশীলতার প্রকাশ ঘটেনি। ব্রিটিশ সাংবিধানিক শাসন আর সংস্কার প্রস্তাব দিয়ে যে ভারতের জাতীয় আন্দোলনের গতিকে রুদ্ধ করা সম্ভব নয়—তিলকের নেতৃত্বে জাতীয় কংগ্রেসের একটি গোষ্ঠী এই ভাবনাকে লালন করেছে। এই ভাবনারই স্পষ্ট প্রকাশ ঘটেছে ১৮৯৫ সালে কংগ্রেসের অধিবেশনে। তিলক স্বরাজের পক্ষে দাবি তুললেন। ব্রিটিশ সরকারের স্বাস্থ্য ও জন-নিরাপত্তা নীতির বিরুদ্ধে অভিযোগ তুলে তিলকের নেতৃত্বে বিপ্লবী যুবকর্মীরা সংগঠিত আন্দোলন শুরু করেন। বম্বে প্রেসিডেন্সীতে হিংসাত্মক বিক্ষোভের মুখে ব্রিটিশ প্রশাসন রীতিমত চাপে পড়ে যায়। বিপ্লবী আন্দোলনের প্রসারকে রুদ্ধ করতেই ঔপনিবেশিক শাসন প্রয়োগ করলেন ষড়যন্ত্র ও নিপীড়নের কঠোর আইন। বিনা বিচারে ১৮ মাস কারারুদ্ধ হলেন তিলক।

তিলকের নেতৃত্বে পুনা বিপ্লবী কর্মকাণ্ডের মধ্যেই ছিল ব্রিটিশরাজের বিরুদ্ধে প্রতিবাদ এবং ব্রিটিশ সাংবিধানিক পদ্ধতির উগ্র বিরোধিতা। জাতীয় কংগ্রেসের মধ্যে নরমপন্থা ও চরমপন্থার মতভেদ আর বিভাজন রেখাটি ক্রমশ স্পষ্ট হয়ে উঠলো। তরুন, জাতীয়তাবাদী সক্রিয় কর্মীদের কাছে স্বরাজই হল এক এবং অন্তিম লক্ষ্য। তিলক ছাড়াও এই গোষ্ঠীতে ছিলেন লালা লাজপত রায়, বিপিনচন্দ্র পাল, অরবিন্দ ঘোষ প্রমুখ জাতীয়তাবাদী নেতা। অন্যদিকে গোপাল কৃষ্ণ গোখলের নেতৃত্বে কংগ্রেসের সরকারি গোষ্ঠী স্বরাজ ও প্রতিরোধ আন্দোলনকে দূরের লক্ষ্য (distant goal) বলে চিহ্নিত করলেন এবং সাংবিধানিক পথেই চলতে চাইলেন। কংগ্রেস সংগঠনের এই বিতর্ক ও বিবাদের পরিস্থিতিতেই ব্রিটিশ সরকার বঙ্গভঙ্গের পদক্ষেপ গ্রহণ করে। কংগ্রেসের কলকাতা অধিবেশনের আগেই বেনারাস অধিবেশনে (১৯০৫) ব্রিটিশ সরকারের নীতির বিরুদ্ধে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। তিলকের নেতৃত্বে সরকারের বিরুদ্ধে নিষ্ক্রিয় প্রতিরোধ আন্দোলনের (Passive Resistance) প্রস্তাব গৃহীত হয়। বঙ্গভঙ্গ আন্দোলন ও

স্বদেশী আন্দোলনের ডাক দেওয়া হয়ঙ্গ গোখলে তাঁর সভাপতির ভাষণে ব্রিটিশ স্বশাসিত উপনিবেশগুলির মতো ভারতের জন্যও স্বশাসনের দাবি করেন। ইংলন্ডের যুবরাজের (Price of Hales) ভারত আগমনের পরিস্থিতিতে বেনারস কংগ্রেসে প্রতিরোধ আন্দোলনের কর্মসূচী শেষ পর্যন্ত স্থগিত রাখার সিদ্ধান্ত হয়। বঙ্গভঙ্গের সিদ্ধান্তে সরকার অটুট থাকতে কংগ্রেসের পক্ষে অবশ্য আন্দোলনের কর্মসূচী থেকে কোনবাবেই সরে আসার সম্ভবনা ছিল না। নরমপস্থা ও চরমপস্থার প্রবল মতভেদের পরিস্থিতিতে দলের অবশ্যস্তাবী বিভাজন রোধ করতেই কলকাতা অধিবেশনে নরমপস্থা নেতৃত্বকে স্বশাসন তথা স্বরাজের দূরের লক্ষ্যকেই মেনে নিতে হয়।

কলকাতা কংগ্রেসের সিদ্ধান্ত যে ভারতের জাতীয় কংগ্রেসের আনুষ্ঠানিক সিদ্ধান্ত নয়, চরমপস্থীদের চাপে পড়েই যে দলকে আপোষ নীতি হিসাবে স্বদেশী, স্বরাজ আর বয়কটের প্রস্তাব নিতে হয়েছে তা বোঝা গেল কংগ্রেসের সুরাট অধিবেশনের (১৯০৭) মঞ্চে। সাংবিধানিক পদ্ধতি ও ব্রিটিশ সরকারের সঙ্গে মধ্যস্থতার পথে চলার সাংগঠনিক সিদ্ধান্ত চরমপস্থা নেতৃত্ব মেনে নিতে পারেনি। বিশৃঙ্খলা ও প্রবল মতভেদের বাতাবরণে দলের বিভাজন সম্পন্ন হল। দলীয় নেতৃত্বের ক্ষোভ আর ব্রিটিশ সরকারের কোপে পড়ে চরমপস্থা সাংগঠনিক ভাবনা কর্মকাণ্ড কিছুকালের জন্য স্তব্ধ হল বটে কিন্তু স্বরাজ ও স্বায়ত্তশাসনের দাবি এক দশক পরেই ফিরে এসেছে আনুষ্ঠানিকভাবে কংগ্রেসের অন্যতম সাংগঠনিক নীতি হিসাবে।

১.৩.৩ হোমরুল আন্দোলন

ব্রিটিশ শাসক ভারতবাসীর মনস্তত্ত্ব ও সংগ্রামী চেতনার গতিটিকে বুঝতে যে ভুল করেছে অল্পকাল পরেই তা বোঝা গেল। দমনপীড়ন আইন (The Newspaper (Incitement to offence) Act, 1908 এবং Criminal Procedure Code (Amendment) Act, 1908) বা বিভাজন ও অনুগ্রহের নীতি গ্রহণ করেই যে ভারত-শাসন সম্ভব নয় পরবর্তীকালের ঘটনাবলী থেকে তা একে একে প্রমাণিত হল। ১৯০৯ সালের ভারত-শাসন আইন (যা মর্লে-মিন্টো সংস্কার নামে পরিচিত) যে ভারতবাসীর জন্য কিছু সুবিধা (Concessions) ছাড়া কিছু নয়, এর মাধ্যমে যে এদেশে দায়িত্বশীল শাসন বা স্বশাসনের কোন সুযোগ দেওয়া সম্ভব নয়, লর্ড মর্লে নিজেই একথা স্বীকার করেন। ব্রিটিশ সরকার এই আইনের মাধ্যমে ভারতকে আরও দক্ষভাবে শাসন করার কথা ভেবেছিল মাত্র। এদেশের জন্য পার্লামেন্টীয় শাসনের কোন প্রতিশ্রুতি এতে ছিল না। ভারবাসীর জন্য স্বায়ত্তশাসন নয়, এই আইন স্বায়ত্তশাসনকে বিলম্বিত করার এক সাম্রাজ্যবাদী প্রচেষ্টা মাত্র বা ব্রিটিশ শাসনকে স্থায়িত্ব দেবার এক কৌশল, জাতীয়দাবাদী নেতারা একথা ভেবেছেন।

তবে এই পর্বেও স্বদেশী আন্দোলন অব্যাহত থেকেছে, বয়কট প্রত্যাহার করা হয়নি, জনসভা ও প্রচারপত্রের মাধ্যমে প্রতিরোধ সংগ্রাম চলেছে। ব্রিটিশ সংস্কার নীতির একটি ইতিবাচক ফল অবশ্য বঙ্গভঙ্গ রদ। তবে স্বরাজ বা স্বায়ত্তশাসনের ভাবনা রদ হয়নি। স্বায়ত্তশাসনের আন্দোলনকে নবরূপে ফিরিয়ে আনলেন অ্যানি বেসান্ত (Annie Besant)। বেসান্তের কৃতিত্ব হল কংগ্রেসের বিদেহী দুই গোষ্ঠীকে একত্রে এই

আন্দোলনে সামিল করা এবং আয়ারল্যান্ডের স্বাধীনতা আন্দোলনের ধারায় ভারতবাসীকে স্বাদেশিকতা ও স্বশাসনের (Home Rule) ভাবনায় জাগ্রত করা। সন্দেহ নেই স্বাধীন ভারতবর্ষে আগামী দিনের ভারতবর্ষে শাসনের রূপরেখা কি হবে তার এক আভাষ হোমরুল আন্দোলনে ছিল। বেসান্তের হোমরুল আন্দোলনে তিলকের হোমরুল বিলের মানবিক অধিকারের দাবি যে নতুন করে উঠে এসেছে। হোমরুল সংক্রান্ত প্রসাতব অবশ্য কংগ্রেসের দলীয় মঞ্চে তেমন সাড়া জাগাতে পারে নি। তিলক ছাড়া অন্য কারোর কাছ থেকে এ প্রশ্নে তেমন উৎসাহব্যঞ্জক সাড়া আসে নি। ভারতে দায়িত্বশীল শাসন ও সাংবিধানিক সংস্কার নিয়ে লর্ড চেমস্ফোর্ডের কাছে আইনসভার ১৯জন ভারতীয় সদস্যের দাবিপত্র (Memorandum) বা স্বাধীনতা ও সংস্কার বিষয়ে কংগ্রেস ও মুসলিম লিগের চুক্তি (Lucknow pact, 1916) ছাড়া ওই পর্বের স্বাধীনতা আন্দোলনে উল্লেখযোগ্য তেমন কিছু ছিল না।

১.৩.৪ অসহযোগ আন্দোলন ও গান্ধীজির স্বরাজভাবনা

শুধুমাত্র সাংবিধানিক সংস্কার আর প্রচলিত আপোষ ও অনুগ্রহের নীতি যে ভারতের স্বাধীনতা সংগ্রামের সাফল্যে পথ নয়—পরবর্তী কালের ঘটনাবলী থেকে তার পরিচয় মেলে। ব্রিটিশ শাসননীতি ও কূটকৌশলের জবাব দিতে গড়ে উঠেছে বিপ্লববাদ, সন্ত্রাসবাদ ও গুপ্ত সংগ্রামী সংগঠন। স্বাধীনতা আন্দোলনের এই চরমপন্থার গतिकে রুদ্ধ করতেই ব্রিটিশ সরকার নানা নিপীড়নমূলক আইন (এদের মধ্যে রাওলাট অঅইন, ১৯১৯ অন্যতম) প্রণয়ন করে। এই পর্বেই ভারতীয় রাজনীতিতে গণ-আন্দোলনের জোয়ার নিয়ে এলেন মহাত্মা গান্ধী। দক্ষিণ আফ্রিকায় সত্যাগ্রহ আন্দোলনের অভিজ্ঞতাকে এদেশে প্রয়োগ করার সঙ্গে সঙ্গে তিনি কৃষক, শ্রমিকের দাবি আদায়ের আন্দোলনেও নিজেস্ব যুক্ত করলেন। গান্ধীজির নেতৃত্বে কংগ্রেসের সাংগঠনিক পুনরুজ্জীবন ঘটল, স্বাধীনতা ও স্বরাজের দাবি নতুন গতি পেল। জালিয়ানওয়ালাবাগের ঘটনা বা নিপীড়নমূলক, আইনের বিরূপ প্রতিক্রিয়াকে সামাল দিতে মন্টফোর্ড রিপোর্টের ভিত্তিতে (মন্টগু ও চেমন্ফোর্ড রিপোর্টকে একত্রে মন্টফোর্ড, রিপোর্ট বলা হয়) ব্রিটিশ সরকার ভারত-শাসন আইন, ১৯১৯ প্রবর্তন করে। এই আইনে ভারতের ভবিষ্যৎ রাজনৈতিক গড়ন ও স্বায়ত্তশাসন নিয়ে কিছু গঠনমূলক প্রস্তাবের সুপারিশ ছিল। তবে দ্বৈতশাসন (Dyarchy) ও দায়িত্বশীল শাসনের কথা বলা হলেও কার্যক্ষেত্রে এই আইন স্থিতাবস্থার পরিবর্তন আনে নি। যুক্তরাষ্ট্রের নীতি মেনে প্রাদেশিক সরকারের হাতে ক্ষমতা দেওয়া হয় নি, প্রাদেশিক সরকারের ক্ষমতা ছিল কেন্দ্রীয় সরকারের দ্বারা অর্পিত ক্ষমতা (Delegated powers) মাত্র। ভারত সচিবের (Secretary of State for India) অবাধ নিয়ন্ত্রণ দায়িত্বশীল শাসনের পরিপন্থী ছিল।

প্রান্তলিপি : বৈপ্লবিক ও সন্ত্রাসবাদী সংগঠন হিসাবে দেশের মধ্যে যুগান্তর ও অনুশীলন সমিতি এবং দেশের বাইরে লালা হরদয়ালের গদ্দর পার্টি (Goddar Party) উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে। বাঘাযতিন, ক্ষুদিরাম, প্রফুল্লচাকি, সাভারকার ভ্রাতৃদ্বয়, অরবিন্দ ঘোষ, মানবেন্দ্রনাথ রায় প্রমুখ এই বিপ্লবী ও সন্ত্রাসবাদী আন্দোলনের ফসল।

এই পরিস্থিতিতেই গান্ধীজির স্বরাজভাবনা একান্ত তাৎপর্যপূর্ণ। এই স্বরাজের আদর্শ ও বাণীতে উৎসাহিত হয়েই প্রায় দুঁদশক পরে একটি দেশজ সংস্থা হিসাবে আত্মপ্রকাশ করেছে গণপরিষদ। গান্ধীজি যথার্থই উপলব্ধি করেছিলেন যে ভারত-শাসন আইন অপরিপূর্ণ, অসন্তোষজনক এবং হতাশাজনক। তবুও সত্যাদর্শী গান্ধীজি ধৈর্য হারায় নি। যতশীঘ্র সম্ভব একটি দায়িত্বশীল সরকার প্রতিষ্ঠার লক্ষ্যে সংস্কারের পথেই কাজ করে যেতে হবে—এই ছিল তাঁর আহ্বান। জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের রক্ত তখনও শুকোয়নি, ব্রিটিশ সরকারের সঙ্গে দায়িত্বপূর্ণ সহযোগিতার (Responsive Cooperation) পথেই তিনি চলতে চেয়েছেন। কিন্তু জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের দায় গ্রহণ না করে যখন ব্রিটিশ সরকার ঘটনাটিকে ‘an error of judgement’ বলে উপেক্ষা করল, হত্যাকাণ্ডের ঘাতকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে দ্বিধা করল, এমনকি এই নারকীয় ঘটনায় মৃতদের পরিবারগুলিকে কোন ক্ষতিপূরণ দিতেও আপত্তি করল, তখন গান্ধীজি আর স্থির থাকতে পারেন নি। ইতিমধ্যে তিলকের মৃত্যু ঘটেছে, কংগ্রেস সংগঠনে গান্ধীজির অপ্রতিহত প্রভাব কায়ম হয়েছে, পস্থা কিছুটা ভিন্ন হলেও তিলকের স্বরাজ ভাবনাই ফিরে এল গান্ধীজির হাত ধরে।

১৯২০ সালের সেপ্টেম্বর মাসে কলকাতার বিশেষ অধিবেশনে গান্ধীজির নেতৃত্বে অসহযোগ আন্দোলনের প্রস্তাব ও কর্মসূচী গৃহীত হল। লালা লজপৎ রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় কংগ্রেস তার পূর্বকার শাসনতান্ত্রিক সংস্কারের মাধ্যমে স্বশাসনের লক্ষ্য ছেড়ে অহিংস অসহযোগিতার পথে স্বরাজ অর্জনের ডাক দিল। কংগ্রেসের নাগপুর বার্ষিক অধিবেশনে (ডিসেম্বর, ১৯২০) গান্ধীজির অসহযোগের পথে স্বরাজের ডাক ব্যাপক সমর্থন পেল। লক্ষ্যণীয় বিষয় হল, ব্রিটিশ শাসনের অধীনে স্বরাজ অর্জনের সম্ভাব্যতা নিয়ে প্রশ্ন না তুললেও প্রয়োজনে ব্রিটিশ শাসনাধীনে না থেকেও অর্থাৎ বাইরে থেকেও স্বরাজ অর্জন যে অসম্ভব নয় গান্ধীজি এই সত্য উপলব্ধি করতে পেরেছেন। ১৯২২ সালে *Young India* পত্রিকায় স্বরাজ সম্পর্কে তিনি যে ভাবনা প্রচার করেছেন, তা ওই উপলব্ধিরই বলিষ্ঠ প্রকাশ। স্বরাজের লক্ষ্যেই ব্রিটিশরাজের সরকারি পদ, সম্মান, নির্বাচন, শিক্ষা-প্রতিষ্ঠান, আদালত ইত্যাদি বয়কট করার সিদ্ধান্ত হল, আর্থিক, সাংস্কৃতি ও সর্বক্ষেত্রে স্বদেশী আন্দোলনের ডাক দেওয়া হল। এক বছরের মধ্যে স্বরাজ অর্জনের সময়সীমা নির্ধারিত হল, এক ব্যাপক গণ আন্দোলনের সৃষ্টি হল। নানা নিপীড়ন, সরকারি নিষেধাজ্ঞা জারি করেও আন্দোলনের গতি স্তব্ধ করা যায় নি। এক অবাঞ্ছিত ঘটনা (টোরিটোরায় হিংসাত্মক ঘটনা) এই ঐতিহাসিক আন্দোলনের করুণ পরিসমাপ্তি ঘটালেও এই গণ-আন্দোলনের অভিজ্ঞতাকে সামনে রেখেই একদিকে স্বাধীনতা আন্দোলন ও অন্যদিকে ব্রিটিশ সরকারের শাসনতান্ত্রিক দৃষ্টিভঙ্গির পট পরিবর্তনের সূচনা হয়েছে। নির্বাচনে অংশগ্রহণের প্রশ্ন, স্বরাজ্য পার্টির উত্থান, ১৯১৯ সালের আইনের সংস্কার ও পর্যালোচনার জন্য অনুসন্ধান কমিটি (Reform Enquiry Committee) গঠন, ডমিনিয়ন মর্যাদার প্রশ্ন, সর্বদলীয় বৈঠক, মতিলাল নেহরুর নেতৃত্বে সর্বদলীয় কমিটি ও সংবিধান রচনার প্রস্তাব সবকিছুই পরিবর্তিত পরিস্থিতিতে নতুন শাসনতান্ত্রিক দৃষ্টিভঙ্গির নির্দেশক।

১৯২২ সাল ভারতবর্ষের সংবিধান রচনার প্রেক্ষাপট হিসাবে তাৎপর্যপূর্ণ। গান্ধীজির অবর্তমানে কংগ্রেসের একটি অংশ এই সময় আইনসভায় যোগদানের কথা, নির্বাচনে অংশ নেবার কথা ভাবছে। গয়া অধিবেশনে নির্বাচনে অংশ নেবার সিদ্ধান্ত পরাস্ত হলে কংগ্রেসে আবার ভাঙন দেখা দিল। এই পর্বেই চিত্তরঞ্জন দাশ, মতিলাল নেহরু প্রমুখ কংগ্রেস ছেড়ে স্বরাজ্য পার্টি গড়লেন। ১৯২২ সালে *Young India* পত্রিকায় গান্ধীজির উপলব্ধি : ভারতবাসীকেই নিতে হবে তার আপন ভাগ্য নির্বাচনের দায়িত্ব। গান্ধীজি বললেন :

স্বরাজ বা স্বাধীনতা ব্রিটিশ পার্লামেন্টের দান হিসাবে আসবে না, ভারতের নিজস্ব সত্তার পূর্ণ বিকাশ ও ঘোষণা রূপেই স্বাধীনতার আবির্ভাব ঘটবে। (“Swaraj will not be a free gift of the British Parliament; it will be a declaration of India's full self-expression.....”)

গান্ধীজি যা বলতে চেয়েছেন তা হল স্বরাজের অর্থ কেবলমাত্র ইংরেজ শাসন থেকে মুক্তি নয়। স্বরাজ হল জাতীয় ও ব্যক্তি গত (প্রতিটি ভারতবাসীর) আত্মোপলব্ধি ভারতবাসীর ইচ্ছার প্রকাশ ঘটবে তাদের স্বাধীন পছন্দের প্রতিনিধিদের মাধ্যমে। গান্ধীজির বিশ্বাস, বিদেশী জীবনধারা ও বিদেশী শাসন—স্বরাজ উভয়ের হাত থেকেই মুক্তি চায়। ভারতবাসীর নিজেরাই হবে তাদের আত্মিক ও রাজনৈতিক ভবিষ্যতের নিয়ন্তা। গান্ধীজির ভাবনা থেকে যে কথা উঠে এল তা হল ভারতবাসীর চাই একান্ত নিজস্ব প্রতিনিধিসভা ও সংবিধান।

১.৩.৫ সর্বদলীয় বৈঠক ও সংবিধান কমিটি

গণপরিষদ সৃষ্টির মূলে গান্ধীজির স্বরাজভাবনা প্রাথমিক প্রেরণা হলেও সমসাময়িক অন্যান্য কিছু ঘটনা বা প্রচেষ্টা থেকেও গণপরিষদের ধারণা উৎসারিত হয়েছে। ১৯১৯ সালের ভারত-শাসন আইনে আইনটি চালু হবার ১০ বছর পরে সাংবিধানিক পরিবর্তনের জন্য বিধিবদ্ধ কমিশন (Statutory Commission) গঠন করার প্রস্তাব ছিল। কিন্তু ১৯১৯ সালে আইনের বিরুদ্ধে প্রতিক্রিয়া এতটাই প্রবল ও ব্যাপক আকর নেয় যে ব্রিটিশ সরকার দুবছর আগেই কমিশন গঠনের সিদ্ধান্ত নেয়। অসহযোগ আন্দোলন, স্বরাজ্য পার্টির দাবি, মুডিম্যান কমিটির (Muddiman Committee) ভারতীয় সদস্য তেজ বাহাদুর সপ্ৰ (Tej Bahadum Sapru), মহম্মদ আলি জিন্না (M. A. Jihhah) প্রমুখের অভিমত এবং উদ্ভূত রাজনৈতিক চাপল্য ও অস্থিরতা ইত্যাদির দিকে লক্ষ্য রেখেই সরকার সাংবিধানিক সংস্কারের জন্য তথ্যানুসন্ধানের প্রয়াস নেয়। তবে ভারতীয় প্রতিনিধিত্ব না থাকতে এই কমিশনের প্রতি প্রথম থেকেই জাতীয়তাবাদী নেতারা অনাস্থা প্রকাশ

প্রান্তলিপি : ১৯২৪ সালে স্বরাজ্য পার্টির নেতা মতিলাল নেহরু কেন্দ্রীয় আইনসভায় তাঁর বক্তৃতায় বলেছেন, সংবিধান রচনায় নিজেদের হাত না থাকলে কোন দেশের সংবিধান আছে এ কথা বলা যায় না।

কেন্দ্রীয় সরকারের উদ্যোগে স্যার মুডিম্যানের (Muddiman) সভাপতিত্বে গঠিত সংবিধান সংস্কার কমিটিতে তেজ বাহাদুর সপ্ৰ, প্রমুখ সংখ্যালঘিষ্ঠেরা যে মতামত দেন তাতে দ্বৈতশাসন লোপ করার কথা ছিল।

করেন। কমিশন গঠনের কথা ঘোষণা করে ভারতসচিব লর্ড বার্কেনহেড (Lord Birdenhead) জানান ভারতবাসীর পক্ষে সর্বসম্মতভাবে সংবিধান তৈরি সম্ভব নয়, সুতরাং সরকারকেই এক্ষেত্রে দায়িত্ব নিতে হবে। স্যার জন সাইমনকে (Sir John Simon) সভাপতি করে সাত সদস্যের এক কমিশনের হাতে সংবিধান পর্যালোচনার দায়িত্ব দেওয়া হল। ইতিপূর্বে তিলক, অ্যানি বেসান্ত স্বরাজ বিলের প্রস্তাব দিয়েও ব্যর্থ হয়েছেন। লর্ড বার্কেনহেডের চ্যালেঞ্জ গ্রহণ করে এবার ভারতবাসীর পক্ষ থেকে একটি সর্বদলীয় সম্মেলন (All Party Conference) আহ্বান করা হল নিজেদের উদ্যোগে সংবিধান রচনার লক্ষ্য নিয়ে। ২৯টি সংগঠনের এই সম্মেলনে ডমিনিয়ন মর্যাদার ভিত্তিতে একটি দায়িত্বশীল সরকার গঠনের প্রস্তাব নেওয়া হল। ডমিনিয়ন মর্যাদাকেই স্বাধীনতার দ্যোতক ভাবা হল, একটি কমিট গড়ে অধিকার বিল (Bill of Rights) ও অন্যান্য কিছু সাংবিধানিক ব্যবস্থা নেবার কথা ভাবা হল। ফেব্রুয়ারি সম্মেলনের বিতর্ক ও জটিলতা দূর করতে আবার মে মাসে সর্বদলীয় সম্মেলন ডাকা হল। এই সম্মেলনে মতিলাল নেহরুকে সভাপতি করে একটি কমিটি গঠিত হল এবং এই কমিটিকে সংবিধান রচনার দায়িত্ব দেওয়া হল। মতিলাল নেহরু কমিটি ভারতবাসীর জন্য একটি খসড়া সংবিধান পেশ করে। ব্রিটিশ ভারত ও রাজ্যগুলিকে নিয়ে একটি যুক্তরাষ্ট্রীয় খাঁচের ব্যবস্থা এবং কেন্দ্রে ও রাজ্যে দায়িত্বশীল প্রতিনিধিমূলক শাসনের সুপারিশ করে এই কমিটি। কেন্দ্র দ্বিপরিসদ সম্পন্ন আইনসভা, প্রাপ্তবয়স্কের ভোটাধিকার, ভাষায় ভিত্তিতে রাজ্যের পুনর্গঠন, অধিকার বিল, সংখ্যালঘুর সংরক্ষণ ইত্যাদিরও সুপারিশ করে কমিটি এই সংবিধানে। ১৯২৮ সালের আগস্ট মাসে লঙ্কৌ সম্মেলনে নেহরু সংবিধান অনুমোদন পায় এবং পরবর্তী সময়ে বিভিন্ন রাজনৈতিক দল সংবিধান বিষয়ে পৃথকভাবে ভাবনাচিন্তা করে।

১.৩.৬ জাতীয় কংগ্রেসের বিভিন্ন সম্মেলনে গণপরিষদের দাবি

বিগত শতকের (বিংশ শতকের) তিরিশের দশক থেকে ভারতের জাতীয় কংগ্রেসের আনুষ্ঠানিক নীতি ও প্রধান দাবি হিসাবে স্বীকৃতি পেয়েছে গণপরিষদের ধারণা। ১৯২৮ সালের সেপ্টেম্বর মাসে কংগ্রেস কার্যকরী কমিটি (Congress Working Committee) মতিলাল নেহরু কমিটির রিপোর্ট অনুমোদন করলে কংগ্রেস সংগঠনে বিতর্ক সৃষ্টি হয়। জওহরলাল নেহরু প্রতিবাদে কংগ্রেসের সম্পাদক পদ ত্যাগ করেন। জওহরলাল নেহরুর মতে, কংগ্রেস কার্যকরী কমিটির এই সিদ্ধান্ত ১৯২৭ সালে অনুষ্ঠিত কংগ্রেসের মাদ্রাজ বার্ষিক অধিবেশনের সিদ্ধান্তের পরিপন্থী। মাদ্রাজ অধিবেশনে কংগ্রেস পূর্ণ স্বাধীনতা (স্বরাজের) দাবি করে। ডমিনিয়ন মর্যাদা (Dominion Status) চেয়ে সংবিধানের যে খসড়া মতিলাল নেহরু কমিটি পেশ করেছে তা সম্পূর্ণভাবেই পূর্ণ স্বরাজের দাবি থেকে বিচ্যুতি। কংগ্রেসের ডিসেম্বর অধিবেশনে নেহরু রিপোর্ট অনুমোদিত হলে ব্রিটিশ সরকারের কাছে এটাই প্রতিপন্ন হল যে, ভারতের সাংবিধানিক পথ ও পস্থা হল ডমিনিয়ন মর্যাদা। ব্রিটিশ শ্রমিকদলের প্রধানমন্ত্রী র্যামসে ম্যাকডোনাল্ডের (Ramsay MacDonald) ডাকে দেশে ফিরে লর্ড আরউইন (Lord Irwin) এরকম অভিমতই পেশ করেন। সাইমন কমিশনের রিপোর্ট ও আরউইনের

অভিমতের ভিত্তিতে সরকার সিদ্ধান্ত নিল ভারতের ভবিষ্যৎ সংবিধান সম্পর্কে মতামত যাচাই করতে ব্রিটিশ ভারত ও ভারতীয় প্রতিনিধিদের নিয়ে গোল-টেবিল বৈঠক হবে। কংগ্রেসের কার্যকরী কমিটির অধিকাংশ সদস্য এ বিষয়ই ইতিবাচক সাড়া দিলেও জওহরলাল নেহরু ও সুভাষচন্দ্র বসু পূর্ণ স্বাধীনতার প্রশ্নেই অটল রইলেন। মতিলাল নেহরু রিপোর্ট মেনে নেবার জন্য কংগ্রেস ব্রিটিশ সরকারের কাছে যে সময়সীমা দিয়েছিল (ডিসেম্বর ৩১, ১৯২৯) সেই সময়সীমা অতিক্রান্ত হল। গান্ধীজি ও জিন্নার উপস্থিতিতে ভাইসরয়ের সঙ্গে যে বৈঠক (ডিসেম্বর ২৩, ১৯২৯), সেই বৈঠক থেকে কোন স্পষ্ট প্রস্তাবও এল না। ভারতীয় নেতারা হতাশ হলেন। সংবিধান রচনার প্রয়াস বাধা পেল।

পরবর্তীকালের ঘটনাগুলি ভারতের সংবিধানতন্ত্রের ইতিহাসে স্মরণীয়। ১৯২৯ সালের ডিসেম্বরে কংগ্রেস লাহোরে অধিবেশন ডেকে জওহরলাল নেহরুকে সভাপতি রে যে সিদ্ধান্ত নিল তা অভিনব। মতিলাল নেহরু রিপোর্টের সমগ্র প্রস্তাব বর্জন করা হল। কংগ্রেস সংবিধানের ১ ধারায় বর্ণিত 'স্বরাজ' বলতে যে পূর্ণ স্বাধীনতাই বোঝাবে একথা বলা হল। কংগ্রেস কর্মীদের প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনে অংশ নেওয়া থেকে বিরত থাকতে আহ্বান জানানো হ। আইনসভা বা আইনসভার কমিটি থেকে কংগ্রেস সদস্যদের পদত্যাগ করতে বলা হল। সর্বভারতীয় কংগ্রেস কমিটিকে লাহোর কংগ্রেস আইন অমান্য আন্দোলনের কর্মসূচী নেবার অধিকার দিল। ২৬ জানুয়ারি দিনটিকে ভারতের স্বাধীনতা দিবস হিসাবে গণ্য করার প্রস্তাব নেওয়া হল এবং পূর্ণ স্বরাজ অর্জনের জন্য প্রতিজ্ঞাবদ্ধ হল কংগ্রেসকর্মীরা।

উদ্ভূত রাজনৈতিক পরিস্থিতি এবং অর্থনৈতিক সংকটের জটিল আবর্তে সারা ভারত উত্তাল হল। বন্ধুভাই প্যাটল গুজরাটের সুরাটে কৃষকদের নিয়ে সত্যাগ্রহের ডাক দিয়েছেন। কমিউনিস্টরা কৃষক ও শ্রমিক আন্দোলনে সক্রিয় হয়েছেন। সরকার কমিউনিস্টদের মিরাত ষড়যন্ত্র মামলায় অভিযুক্ত করেছে। কংগ্রেসের মধ্যে সমাজতন্ত্রী ভাবনার প্রসার ঘটেছে। সর্বভারতীয় শ্রমিক সংঘ কংগ্রেসের (All India Trade Union Congress) সভাপতি হিসাবে জওহরলাল নেহরু ভারতে স্বাধীন সমাজতান্ত্রিক প্রজাতন্ত্রে প্রতিষ্ঠার ডাক দিলেন। গান্ধীজি তাঁর পূর্ববর্তী দ্বিধা কাটিয়ে উঠে সারা ভারতবর্ষে সত্যাগ্রহের ডাক দিলেন। কংগ্রেস কার্যকরী কমিটি গান্ধীজিকে আইন অমান্য আন্দোলনের পূর্ণ কর্তৃত্ব দিলেন। ভাইসরয়ের কাছে উদ্ভূত পরিস্থিতির অবসান ঘটানে আবেদন জানিয়ে ব্যর্থ হলে গান্ধীজি একরকম বাধ্য হয়েই লবণ আইন অমান্য শুরু করলেন। শুরু হল গান্ধীজির ডাণ্ডি অভিযান ও সত্যাগ্রহ। সর্বস্তরের মানুষ এই আন্দোলনে অংশ নিল। সরকার ব্যাপক দমন পীড়ন নীতি প্রয়োগ করেও এই আন্দোলন দমাতে পারে নি। কংগ্রেসের নেতৃবর্গ গ্রেপ্তার হলেন, কংগ্রেসের কমিটি ও শাখা সংগঠনগুলি নিষিদ্ধ হল। শেষ পর্যন্ত ব্রিটিশ সরকার আবার গোলটেবিল বৈঠক ডেকে ভারতে ঔপনিবেশিক মর্যাদা দেবার প্রতিশ্রুতি দিলেন। উপনিবেশের মর্যাদা দিয়ে ভারতে একটি যুক্তরাষ্ট্রীয় সরকার গঠনের ব্যাপারে অগ্রসর হবেন বলে ব্রিটিশ প্রধানমন্ত্রী ম্যাকডোনাল্ড জানালেন।

আরউইনের সঙ্গে চুক্তি করে গান্ধীজি আইন অমান্য আন্দোলন প্রত্যাহার করে নিলেন। বিনিময়ে কংগ্রেসের ওপর নিষেধাজ্ঞা উঠল। সুভাষচন্দ্র বা জওহরলাল নেহরু এই চুক্তি না মানলেও, করাচি কংগ্রেসে (১৯৩১ মার্চ) গান্ধী-আরউইন চুক্তি অনুমোদিত হল। তবে কংগ্রেসের স্বাধীনতার প্রস্তাবকে গুরুত্ব না দিয়ে ব্রিটিশ সরকার সাংবিধানিক সংস্কারের পথেই অগ্রসর হলেন। দ্বিতীয় গোলটেবিল বৈঠকেও কংগ্রেসের দাবি অস্বীকৃত হল। গান্ধীজি খালি হাতে ফিরে এলেন। কংগ্রেস কার্যকরী কমিটি আবার আইন অমান্য আন্দোলন শুরু করার প্রস্তাব নিল। এই পর্বে সরকারি তরফে ব্যাপক দমন পীড়ন চলেছে, সাম্প্রদায়িক বাঁটোয়ারার (Communal Award) মাধ্যমে ভারতবর্ষে বিভেদনের রাজনীতি কার্যকর করার চেষ্টা চলেছে, আবার শাসন-সংস্কার আইন (Reform Act) আর সংস্কারের শ্বেতপত্র (White Paper on Reforms) দিয়ে জাতীয় নেতাদের তুষ্ট করার চেষ্টাও হয়েছে।

গোলটেবিল বৈঠকের ব্যর্থতা, ব্রিটিশ সরকারের দীর্ঘসূত্রিতা, গান্ধীজির আইন অমান্য আন্দোলন প্রত্যাহারের সিদ্ধান্ত কংগ্রেসের যুবশক্তি, বিশেষত জওহরলাল নেহরু ও সুভাষ বসুকে জাতীয় আন্দোলন ও স্বাধীনতার প্রশ্নে নতুনভাবে ভাবতে প্ররোচিত করেছে। এই পর্বেই গণপরিষদ ও সংবিধান সম্পর্কে কংগ্রেসের ভাবনা তাৎপর্যপূর্ণ। ১৯৩৪ থেকে ১৯৩৯—এই পাঁচ বছরে গণপরিষদ সম্পর্কে কংগ্রেস তার সুস্পষ্ট ভাবনা প্রকাশ করে।

১৯৩৪ সালে ভারতের জাতীয় কংগ্রেস আনুষ্ঠানিক নীতি হিসাবে গণপরিষদের দাবি করে। সর্বভারতীয় কংগ্রেস কমিটি ১৯৩৪ সালের মে মাসে নির্বাচনে অংশগ্রহণ এবং পার্লামেন্টীয় বোর্ড স্থাপনের মাধ্যমে প্রার্থী নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করে। নভেম্বরে অনুষ্ঠিত নির্বাচনে প্রদেশগুলিতে দল অভাবনীয় সাফল্য পায়। নির্বাচনে সাফল্যের সুযোগেই কংগ্রেস গণপরিষদ গঠনের ঐতিহাসিক দাবি রাখে। সাংবিধানিক ও সরকারি প্রস্তাবের শ্বেতপত্র প্রত্যাখান করে কংগ্রেস কার্যকরী সমিতি জানায় শ্বেতপত্রের একমাত্র বিকল্প হল সার্বিক প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত গণপরিষদের দ্বারা রচিত একটি সংবিধান (“The only satisfactory alternative to the white paper is a constitution drawn up by a Constituent Assembly elected on the basis of adult franchise,.....”)। গোলটেবিল বৈঠক ব্যর্থ হবার পর জওহরলাল নেহরু বলেছিলেন ভারতে জনগণই ভারতের ভবিষ্যৎ-নিয়ন্তা। সুতরাং তাদের হাতেই ভারতের সংবিধান রচনার ক্ষমতা থাকা উচিত। ১৯৩৬ সালে ফৈজপুর সম্মেলনে গণপরিষদ গঠনের প্রস্তাব গ্রহণ করে কংগ্রেস বলে, প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত গণপরিষদ ভারতে প্রকৃত গণতান্ত্রিক রাষ্ট্রের প্রতিষ্ঠায় সাহায্য করবে। ফৈজপুর অধিবেশনে সভাপতির ভাষণে নেহরু স্পষ্টভাবে জানান যে ব্রিটিশ সাম্রাজ্যবাদী স্বার্থে কংগ্রেস নির্বাচনে লড়ছে না বা প্রাদেশিক সরকারে যোগদানের জন্যও নয়। সংবিধানতন্ত্র বা সংস্কারবাদের পথে চলার কোন ইচ্ছা আমাদের নেই। ১৯৩৫ সালের ভারত-শাসন আইনের প্রস্তাবের

বিরোধিতাই আমাদের লক্ষ্য। ১৯৩৭ সালের ১ মার্চ কংগ্রেস কার্যকরী কমিটির প্রস্তাবে বলা হল, পূর্ণ স্বরাজ বা পূর্ণ স্বাধীনতাই কংগ্রেসের লক্ষ্য। অসহযোগিতা নতুন সংবিধানের জন্য সংগ্রাম করা, ১৯৩৫ সালের ভারতশাসন আইন যুক্তরাষ্ট্রীয় প্রস্তাবটির প্রতিরোধ করা এবং গণপরিষদের জন্য জাতির দাবিকে প্রতিষ্ঠা করাই কংগ্রেসের লক্ষ্য। ১৯৩৭ সালে ২০ মার্চ কংগ্রেস জনপ্রতিনিধিদের সর্বভারতীয় জাতীয় কনফারেন্সে প্রায় একই অনুভূতির কথা শোনা যায়। প্রকৃত গণতান্ত্রিক রাষ্ট্র গঠনের স্বার্থেই ভারতের জনগণকে ক্ষমতা হস্তান্তর করতে হবে। গণপরিষদের মাধ্যমে ভারতের জনগণই এই ধরনের রাষ্ট্রভাষ্যকে রূপ দেবে। নির্বাচনে জয়লাভের পর ৬টি রাজ্যে মন্ত্রিসভা গড়ে কংগ্রেস যে সব উল্লেখযোগ্য ভূমিকা নেয় তার মধ্যে অন্যতম হল স্বাধীন ভারতের জন্য সামাজিক অর্থনৈতিক সংস্কারের কর্মসূচী গ্রহণ। প্রাদেশিক স্বাভাবিক ব্রিটিশ আইনের সুযোগ নিয়ে কংগ্রেস প্রমাণ করতে চেষ্টা করেছে ভারতবাসী নিজেদের বিষয় সংগঠিত ভাবে, দক্ষতার সঙ্গে পরিচালনা করতে সমর্থ।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিস্থিতি বা মুসলিম লিগের সঙ্গে বিচ্ছেদ কংগ্রেসের রাজনৈতিক দাবি সাফল্যের সঙ্গে প্রতিষ্ঠা করার পথে সাময়িক বাধা সৃষ্টি করেছে সন্দেহ নেই। তবে গণপরিষদের দৃঢ় দাবি থেকে কংগ্রেস সরে আসে নি। ভারতের স্বাধীনতার পক্ষে সাধারণ ঐক্যবদ্ধ মঞ্চ থেকে সম্ভব না হলেও, কংগ্রেস লড়াই চালিয়েছে নিজের সাংগঠনিক স্তরেই। এই পর্বে গণতান্ত্রিক রাষ্ট্র ও স্বাধীনতার স্বার্থেই ব্রিটিশ সরকারকে তার যুদ্ধ পরিকল্পনা নিয়ে প্রশ্ন করেছে কংগ্রেস। ১৯৩৯ সালের সেপ্টেম্বর ও নভেম্বর মাসে কার্যকরী কমিটি আবার ভারতের স্বাধীনতা ও গণপরিষদের দাবিতে সোচ্চার হয়েছে। ২৩ নভেম্বর কংগ্রেস কার্যকরী কমিটি দ্ব্যর্থহীন ভাষায় জানায়, যুদ্ধ চলছে সাম্রাজ্যবাদী স্বার্থে, দেশের সাম্প্রদায়িক সমস্যা বা অন্যান্য সমস্যার সমাধানের সবচেয়ে উপযোগী পথ হল গণপরিষদ। চারদিন আগে হরিজন পত্রিকায় গান্ধীজি অত্যন্ত গুরুত্বের সঙ্গে একই দাবি করেছেন। News Chronicle-এর সঙ্গে সাক্ষাৎকারে গান্ধীজি বলেছেন গণপরিষদই একমাত্র ও কার্যকর সমাধান। ১৯৪০ সালের জুলাই মাসে যুদ্ধে ব্রিটিশ সরকারে পাশে দাঁড়াতে কংগ্রেস রাজী হয়েছে এই শর্তে যে ভারতের স্বায়ত্তশাসন অধিকার যুদ্ধের পরে ব্রিটিশ সরকার মেনে নেবে এবং কেন্দ্রে একটি অন্তর্বর্তীকালীন সরকার গঠন করবে (কংগ্রেস কার্যকরী কমিটির প্রস্তাব, পূনা, জুলাই ৭, ১৯৪০)। গণপরিষদই যে একমাত্র পথ, নেহরুও কংগ্রেসের পক্ষে এই কথা বার বার ঘোষণা করেছেন। ১৯৪০ সালে রামগড় কংগ্রেসে পূর্ব স্বরাজ এবং গণপরিষদ গঠনের পক্ষে প্রস্তাব গৃহীত হয়েছে। ১৯৪৬ সালে গণপরিষদ সৃষ্টির পূর্ব পর্যন্তও কংগ্রেসের সাংগঠনিক প্রস্তাবে ও বার্ষিক সম্মেলনে গণপরিষদের পক্ষে দৃঢ় দাবি ছিল। ১৯৪২ সালেও সরকারের দরফে যখন কোন সমাধান সূত্র এল না বা ব্রিটিশ সরকার ডোমিনিয়ন মর্যাদার অধিক কোন দাবিতে সম্মত হল না তখন কংগ্রেস সরকারের সঙ্গে সহযোগিতার রাস্তা থেকে সরে এল। ১৯৪২ সালের জুলাই মাসে ওয়ার্ধায় কংগ্রেস কার্যকরী কমিটি মিলিত হয়ে সিদ্ধান্ত নিল, ভারতে ব্রিটিশ

শাসনের অবসান ঘটাতে হবে। জুলাই প্রস্তাবটিই অনুমোদিত হল বোম্বাইয়ে আগস্ট মাসের ৮ তারিখে সর্বভারতীয় কংগ্রেস কমিটির সভায়। শুরু হল ভারত ছাড় আন্দোলন। গান্ধীজি ডাক দিলে ‘করেঙ্গে ইয়ে মরেঙ্গে’ ('Do or Die')। আপোষ, মধ্যস্ততার চেষ্টা হল কোন কোন নেতার তরফে। গান্ধীজি অনশনে বসলেন (ইতিমধ্যে তিনি গ্রেপ্তারও হয়েছেন)। অবশেষে ব্রিটিশের দরখ থেকেই এল মিমাম্‌সা সূত্র। গণপরিষদ গঠিত হল বটে, তবে বাধাবিঘ্ন আর বিভাজনের চিহ্ন নিয়েই জন্ম নিল গণপরিষদ।

১.৪ গণপরিষদ সম্পর্কে ব্রিটিশ সরকারের মনোভাব ও নীতি

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কালে গণপরিষদ সম্পর্কে ভারতীয় মন একরকম প্রস্তুতই হয়ে গেছে বলা চলে। যুদ্ধের প্রতিকূল পরিস্থিতি এই মানসিকতা সৃষ্টিতে প্রত্যক্ষভাবে সাহায্য করলেও, জাতীয়তাবাদী চেতনা ও জাতীয় মর্যাদা রক্ষায় ভারতবাসীর সংগঠিত প্রয়াস বা উদ্যোগকটি এই সময় বিশেষভাবে চোখে পড়ে। ভারতবাসীর আত্মনিয়ন্ত্রণের দাবি গতিলাভ করেছে দ্রুত রাজনৈতিক পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখেই। ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তির দুর্বলতাও প্রকট হয়ে উঠেছে। ভবিষ্যৎ ভারত রাষ্ট্রের রূপরেখা কি হবে তা নিয়ে নবনিস্কৃত শ্রমিক দলের সরকার ও ভারতের জাতীয় নেতাদের দরাদরি ও শলা-পরামর্শ শুরু হয়ে গেল। জাতীয় নেতাদের তরফে গ্রহণযোগ্য রাজনৈতিক সমাধান কি হবে তা নিয়ে নানা বিতর্ক ও আলোচনা হল। তেজবাহাদুর সাফ্র, চক্রবর্তী রাজা গোপালাচারী (Chakrabarti Raja Gopalachari), হিন্দু মহাসভা ও আকালীদের প্রতিনিধিগণ, মহম্মদ আলী জিন্না প্রমুখের উপস্থিতিতে সর্বদলীয় সম্মেলে উদ্ভূত রাজনৈতিক সংকট ও সাংবিধানিক প্রশ্নের সমাধান সূত্র স্থির করার চেষ্টা হয়। ব্রিটিশ সরকারের তরফেও যতশীঘ্র সম্ভব স্বশাসনের অধিকার দেবার উদ্যোগ নেওয়া হল। ক্রীপ্‌স্‌ মিশন সাফল্য না পেলেও স্বশাসনের প্রতিশ্রুতি জাগিয়ে রেখেছিল। ওয়াভেন পরিকল্পনা, ক্যাবিনেট মিশন পরিকল্পনা গণপরিষদের ধারণাকে বাস্তবায়িত করে, গণপরিষদ আইনগতভাবে সৃষ্টি হল ১৯৪৭ সালের ১৫ আগস্ট। ১৯৪৭ সালের জুলাই মাসে ভারতীয় স্বাধীনতা আইনে (The Indian Independence Act) গণপরিষদ গঠনের প্রস্তাবটি গৃহীত হয়। প্রস্তাবটি আসে লর্ড মাউন্টব্যাটেনের এক ঘোষণা অনুসারে। ক্যাবিনেট মিশন পরিকল্পনা অনুসারে ১৯৪৬ সালে গণপরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়, ২৯৬ সদস্য বিশিষ্ট গণপরিষদ গঠিত হয়। ১৯৪৬ সালের ৯ ডিসেম্বর গণপরিষদের প্রথম সভা বসে। তবে মুসলিম লীগ এই সভায় অংশ নেয় নি। এই পর্বে কংগ্রেসের নেতৃত্বেই গণপরিষদের কাজকর্ম শুরু করলেও, পরিষদে আইনগত মর্যাদা নির্ধারিত হয় নি। সার্বভৌম সংস্থা হিসাবেও এর অবস্থান দিয়ে প্রশ্ন ছিল। কংগ্রেস ও মুসলিম লিগের মতপার্থক্য, ভারত-বিভাজন ইত্যাদির কারণে অবিভক্ত গণপরিষদের ধারণা শেষ পর্যন্ত কাজ করে নি। মাউন্টব্যাটেন প্রস্তাব অনুসারে ও ভারতীয় স্বাধীনতা আইন অনুসারে জন্ম নিল নতুন ভারত রাষ্ট্র। নতুন ভারত রাষ্ট্রের হয়ে সার্বভৌম ক্ষমতা নিয়ে হাজির হল গণপরিষদ।

এবার আসুন আমরা গণপরিষদ সৃষ্টির পেছনে ব্রিটিশ সরকারের মনোভাব বা উদ্যোগ কি ছিল সেই অতীত ঘটনার দৃশ্য (Flash-back) দেখি। ১৯০৯ সালের ভারত-শাসন আইন আর ১৯৪৭ সালের ভারত স্বাধীন আইন-এর মাঝের বছরগুলি সরকারি সাংবিধানিক ব্যবস্থাগুলিই আমরা এখানে দেখাবার চেষ্টা করবো। এই সাংবিধানিক ব্যবস্থাগুলির মধ্যেই গণপরিষদের দাবি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সরকারি অনুমোদ পেয়েছে বলা যেতে পারে।

১.৪.১ ১৯০৯ সালের ভারতশাসন আইন

গণপরিষদের ধারণা প্রচার না পেলেও, বিংশ শতকের প্রথম দশক থেকেই স্বরাজ অর স্বদেশীর ভাবনা ছড়িয়ে পড়ে ভারতের জাতীয়বাদী আন্দোলনে। স্বরাজের ডাকেই সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে সশস্ত্র প্রতিরোধ সংগঠিত হল। শুধুমাত্র শাসন আর দমনের সাহায্যে এই প্রতিরোধ আন্দোলনকে নিষ্ক্রিয় করা সম্ভব নয় একথা ভেবেই ব্রিটিশ শাসকের পক্ষ থেকে একটি শাসন-সংস্কারের সুপারিশ করা হল। ১৯০৯ সালের এই শাসন-সংস্কারে (যা মর্লে-মিন্টো সংস্কার নামে পরিচিত) ভারতবাসীকে কিছু রাজনৈতিক সুবিধা বা অনুগ্রহ দেবার চেষ্টা হলেও ভারতবর্ষে কোন দায়িত্বশীল সরকার স্থাপন বা স্বশাসনের কোন প্রতিশ্রুতি ছিল না। ব্রিটিশ সাম্রাজ্য নিরাপদ করতে ইংল্যান্ড থেকেই ভারতের নিয়ন্ত্রণ ও পরিচালনা প্রয়োজন, ভারতে কোন কর্তৃপক্ষের তে ক্ষমতা ছেড়ে দেওয়া ঠিক নয়, নতুন আইনে এটাই সুনিশ্চিত হল। লন্ডনের হোয়াইট হল থেকেই ভারত-সচিবের মাধ্যমে ভারতবর্ষের শাসন পরিচালনার কাজ চলবে—নতুন আইনে এটাই স্থির হল। জাতীয় কংগ্রেস ও ভারতবাসীর মনে ব্রিটিশ শাসন নিয়ে যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছিল, নতুন এই আইনি সংস্কারে উপশম করতে চাইল নামমাত্র কিছু ব্যবস্থাপত্র দিয়ে। এগুলি হল : আইন-পরিষদের আয়তন বাড়িয়ে ভারতীয়দের সেখানে সদস্যপদ দেওয়া, বিভিন্ন সম্প্রদায় ও শ্রেণীর প্রতিধিত্বের ব্যবস্থা। গণপরিষদের মাধ্যমে সাংবিধানিক গণতন্ত্র প্রতিষ্ঠার যে উদ্যোগ পরবর্তীকালে লক্ষ্য করা গেছে, ১৯০৯ সালের সংস্কার আইনে তার এক ক্ষীণ আভাস ছিল, অনেকে এই মত ব্যক্ত করেন। আইনসভার সম্প্রসারণ, নির্বাচন, প্রতিনিধিত্ব—এইসব ধারণা ও ভাবনার সঙ্গে ভারতবাসীর পরিচয় ঘটল, পরিষদীয় শাসন সম্পর্কেও অভিজ্ঞতা হল, স্বরাজ, স্বাধীনতা ও গণপরিষদের পক্ষে আগামী দিনে ভারতবাসীর দাবি জোরদার হল। ব্রিটিশ শাসক অবশ্য পদ্ধতিগত জটিলতা, বিভেদমূলক নির্বাচনী ব্যবস্থা, আনুষ্ঠানিক নিয়মনীতির জালে স্বায়ত্তশাসনের মূল দাবিকে বন্দী করে রেখেছে।

১.৪.২ ১৯১৯ সালের ভারতশাসন আইন

মর্লে-মিন্টো শাসন-সংস্কারের মাধ্যমে প্রশাসনিক ও পরিষদীয় ব্যবস্থাকে প্রসারিত করার চেষ্টা হলেও, স্বশাসন বা স্বায়ত্তশাসনের কোন ভাবনা এই সংস্কারে প্রায় পায় নি। স্বরাজ ও স্বদেশীর দাবিতে ভারতবাসী অটল থেকেছে এবং সেইসঙ্গে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে প্রতিরোধ আন্দোলনেও সোচ্চার ও সক্রিয় হয়েছে। একসময় স্বদেশী ও হোমরু আন্দোলনের সীমানা অতিক্রম করে জাতীয় আন্দোলন সম্ভ্রাসবাদ ও বিপ্লববাদের পথে ঝুঁকিয়েছে।

ব্রিটিশ সাম্রাজ্যবাদ ও স্বৈরশাসনের উচ্ছেদ ঘাটতে বিপ্লবী সংগঠনের সৃষ্টি ও প্রসার এবং ব্রিটিশ সরকারের পুলিশী ও নিপীড়ন ব্যবস্থা ভারতের জাতীয় আন্দোলনের ইতিহাসে এক নতুন পরিস্থিতির সৃষ্টি করেছে। ইতিমধ্যে ভারতের রাজনীতিতে গান্ধীজির প্রবেশ ও নেতৃত্ব গণ-আন্দোলনের ক্ষেত্রে এক সম্পূর্ণ নতুন পর্বের সূচনা করেছে। অহিংস-অসহযোগ ও সত্যগ্রহ আন্দোলনের চাপে ব্রিটিশ সরকার সামরিক আইনের পরিবর্তে দায়িত্বশীল শাসন প্রতিষ্ঠার পক্ষে প্রয়োজনীয় সংস্কার আইন গ্রহণের কথা ভাবতে থাকে। ১৯১৭ সালে ভারতসচিব এডউইন মন্টেগু (Edwin Montagu) ব্রিটিশ সাম্রাজ্যের অংশ হিসাবে ভারতে স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান প্রবর্তনের কথা বলেন। এর কিছুদিন পরেই লর্ড চেমসফোর্ড (Lord Chemsford) ভারতে উদারনৈতিক শাসন প্রতিষ্ঠার পক্ষে বলেন। তৎকালীন ভারতসচিব অস্টেন চেম্বরলেনও (Austen Chamberlain) এদেশে দায়িত্বশীল শাসনের প্রস্তাব পেশ করেন। বলা যেতে পারে মন্টেগু ও চেমসফোর্ডের ভাবনায় প্রভাবিত হয়েই ব্রিটিশ সরকার ভারতে স্বায়ত্তশাসনের পক্ষে যে আইন কার্যকর করে সেটিই ভারতশাসন আইন, ১৯১৯ (মন্টেগু চেমসফোর্ড আইন বা সংক্ষেপে মন্টফোর্ড আইন) নামে পরিচিত। কেন্দ্র ও প্রদেশগুলির মধ্যে ক্ষমতা বিভাজন, আইনসভার স্বাধীনতা, পার্লামেন্টীয় পদ্ধতি, নির্বাতন—এই শাসন সংস্কারের কতকগুলি ইতিবাচক দিক ছিল সন্দেহ নেই। ভারতসচিবের একাধিপত্য বা কেন্দ্রীয় নিয়ন্ত্রণের ব্যবস্থা কর্তৃক হলেও এই আইন ভারতে পরিষদীয় শাসনের ভিত্তি প্রতুত করেছে ও স্ব-শাসন সম্পর্কে ভারতবাসীকে উৎসাহিত করেছে। আইনসভা, প্রতিনিধিত্ব ও সংবিধানকে সামনে রেখে এদেশে স্বায়ত্তশাসন ও দায়িত্বশীল শাসন প্রতিষ্ঠা সম্ভব—১৯১৯ সালের আইনের পটভূমিতে সে আশা ব্যক্ত হল। পরবর্তীকালে স্বরাজ অর্জন ও মুক্তি সংগ্রামের ক্ষেত্রে সূচনা হল এক নতুন ও বলিষ্ঠ অধ্যায়।

১.৪.৩ সাইমন কমিশন

১৯১৯ সালের আইনে স্বায়ত্তশাসনের প্রতিশ্রুতি থাকলেও অসচ্ছ ও রাজনৈতিক উদ্দেশ্যে তাড়িত এই আইন শেষ পর্যন্ত ভারতবাসীকে হতাশ করেছে। ভারতবাসীর এই হতাশা ও অসন্তোষ প্রকাশ পেলে কংগ্রেসের অমৃতসর অধিবেশনে, অহিংস-অসহযোগ আন্দোলনে। স্বরাজের দাবিতে সোচ্চার হল গোটা ভারতবর্ষের মানুষ। গান্ধীজির নেতৃত্বে শুরু হল নিষ্ক্রিয় প্রতিরোধ আন্দোলন। এক বছরের মধ্যে স্বরাজ অর্জিত হবে বলে গান্ধীজি ঘোষণা করলেন। সাংবিধানিক আন্দোলনের সীমা ছাড়িয়ে দেশী ও স্বরাজের আন্দোলন গণ-আন্দোলনে প্রসারিত হল। গান্ধীজি আন্দোলন প্রত্যাহার করলেও, শাসনতান্ত্রিক সংস্কার ও ডোমিনিয়ন মর্যাদার দাবিতে মতিলাল নেহরু ও চিত্তরঞ্জন দাশের স্বরাজ্য দল (Swarajya Party) আন্দোলন ও স্বরাজ সংগঠনের কাজ চালিয়ে গেছে। বামপন্থীদের নেতৃত্বে কৃষক ও শ্রমিকের আন্দোলন সংগঠিত হয়েছে। ইতিমধ্যে দ্বৈতশাসনের অবসানের পক্ষে জোর সওয়াল শুরু করেন স্যার মুডিম্যানের নেতৃত্বে গঠিত কমিটি। তেজবাহাদুর সফ্র, মহম্মদ আলি জিন্না, এস. এস. আয়ার

(S. S. Ire), আর. পি. পরাজ্ঞাপে (R. P. Paranjpe) প্রমুখ বিশিষ্ট জাতীয় নেতৃবর্গ দ্বৈতশাসনের বৈধতা নিয়ে প্রশ্ন করেন। জিন্নার নেতৃত্বে মুসলিম নেতারা সাম্প্রদায়িক সমস্যা সমাধানের জন্য যৌথ নির্বাচক মণ্ডলীর প্রস্তাব করেন। এই পরিস্থিতিতেই ব্রিটিশ সরকার সাংবিধানিক সংস্কার নিয়ে নতুনভাবে তথ্যানুসন্ধানের জন্য স্যার জন সাইমনের নেতৃত্বে একটি কমিশন গঠন করে। সাময়িকভাবে কমিশন বিরুদ্ধতা ও বিক্ষোভের সম্মুখীন হলেও, কমিশনের রিপোর্টে সাংবিধানিক সংস্কারের কিছু প্রস্তাব ছিল। কমিশনের প্রস্তাবে দ্বৈতশাসনের অবসান ও যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা প্রবর্তনের সুপারিশ ছিল। ডোমিনিয়ন মর্যাদার ভিত্তিতে এদেশে দায়িত্বশীল সরকার প্রতিষ্ঠার কথা অবশ্য কমিশনের সুপারিশে ছিল না।

ভারতীয়দের পক্ষে ঐক্যবদ্ধভাবে এদেশের জন্য সংবিধান রচনা করা সম্ভব নয়, ভারতসচিব বার্কেনহেডের এই চ্যালেঞ্জ ভারতবাসীর মনে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি করে। এরই ফলশ্রুতি মতিলাল নেহরুর নেতৃত্বে সর্বদলীয় সম্মেলন এবং এই সম্মেলনে গঠিত সংবিধান কমিটি। ভারতে গণপরিষদ ও সংবিধান রচনার প্রাথমিক প্রস্তুতি শুরু হয়েছে মতিলাল নেহরুর নেতৃত্বে গঠিত এই কমিটিতে।

নেহরু কমিটির রিপোর্টকে প্রত্যাখ্যান করে জিন্নার নেতৃত্বে মুসলিম লিগ এক বিকল্প প্রস্তাব উপস্থিত করে। ইতিমধ্যে জওহরলাল নেহরুর সভাপতিত্বে কংগ্রেস লাহোরে পূর্ণ স্বাধীনতার প্রস্তাব পেশ করে। গান্ধীজির নেতৃত্বে আইন অমান্য আন্দোলনের প্রস্তুতিও শুরু হয় প্রায় একই সঙ্গে। সত্যগ্রহ আন্দোলন ও ব্রিটিশ সরকারের দমননীতির প্রেক্ষাপটে যে অস্থির রাজনৈতিক পরিস্থিতি সৃষ্টি হয় তারই ফলে ইংরেজ সরকার গোলটেবিল বৈঠকের আপসমূলক উদ্যোগ নেয়।

১.৪.৪ গোলটেবিল বৈঠক

প্রথম গোলটেবিল বৈঠক (১২ নভেম্বর, ১৯৩০) ইংরেজ সরকারের আশ্বাস ছিল ডোমিনিয়ন মর্যাদাসহ ভারতে যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা গঠন। গান্ধীজি-আরউইন চুক্তির শর্ত মেনে আইন অমান্য আন্দোলন প্রত্যাহার করা হল। দ্বিতীয় গোলটেবিল বৈঠক (৭ সেপ্টেম্বর, ১৯৩১) সাংবিধানিক সংস্কারের প্রস্তাবের পক্ষে উদ্যোগ নেওয়া হলেও, ব্রিটিশ সরকারের পক্ষে কার্যকর কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। আপস-মীমাংসায় ভারতীয়দের প্রাপ্তি ছিল শূন্য। গান্ধীজি ভারতে ফিরে এলেন। নবনিযুক্ত ভাইসরয় লর্ড উইলিংডন (Willingdon) শাসন-সংস্কারের প্রক্ষে উদাসীন ছিলেন। গান্ধী-আরউইন যুক্তি কার্যকর হল না। ভারতের জাতীয়তাবাদী আবেগ মূল্য না পাওয়াতে আইন অমান্য আন্দোলন আবার শুরু হল। ব্রিটিশ সরকার দমলমূলক নীতি গ্রহণ করে পরিস্থিতিকে আরও অস্থির ও জটিল করে তুললেন। এই পর্যায়ে ব্রিটিশ সরকারের নতুন নীতি হল সাম্প্রদায়িক বাঁটোয়ারা (Communal Award), তৃতীয় গোলটেবিল বৈঠক ও সাংবিধানিক সংস্কার বিষয়ে শ্বেতপত্র (White Papers on Constitutional Reforms) প্রকাশ।

১.৪.৫ সাম্প্রদায়িক বাঁটোয়ারা ও অন্যান্য শাসন-সংস্কার

আইন-অমান্য আন্দোলন চলাকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী ম্যাকডোনাল্ড আইনসভার সদস্য বন্টনের এক ব্যবস্থা গ্রহণ করেন; বিভিন্ন সম্প্রদায়ের জন্য পৃথক নির্বাচনক্ষেত্র ও আসন সংরক্ষণের ব্যবস্থা হল। উন্নত প্রতিক্রিয়ার মুখেও ব্রিটিশ সরকার তার সিদ্ধান্তে অটল ছিল। পুনাচুক্তি (Puna Pact) অনুসারে অনুন্নত শ্রেণীর জন্য অধিক আসন সংরক্ষণের ও পৃথক নির্বাচনের ব্যবস্থা করে অবস্থা সাময়িকভাবে সামাল দেওয়া হলেও অচিরেই সরকারকে তৃতীয় গোলটেবিল বৈঠক আহ্বান করে যৌথ নির্বাচকমণ্ডলী গড়ার এক উদ্যোগ নিতে হল। বৈঠকে শাসনতান্ত্রিক সংস্কারের এক শ্বেতপত্র প্রকাশ করা হল। স্বায়ত্তশাসনের পক্ষে না হলেও শ্বেতপত্র ভারতে শাসনতান্ত্রিক অঙ্গগতির ক্ষেত্রে এক নতুন মাত্রা সংযোজন করে। যুক্তরাষ্ট্র, প্রাদেশিক স্বাভাব্যতা ও ব্রিটিশ সরকারের দায়িত্ব-কর্তব্য সম্পর্কে শ্বেতপত্রে বিস্তারিতভাবে বলা হয়। শ্বেতপত্র নিয়ে তথ্যানুসন্ধানের জন্য গঠিত হল লর্ড লিনলিথগোর (Lord Linlithgow) নেতৃত্বে যৌথ পার্লামেন্টারী কমিটি (১৯৩৪)। এই কমিটিই ভারতে নতুন ধরনের শাসন-সংস্কারের সবুজ সংকেত দেয়। ১৯৩৫ সালের ভারতশাসন আইনের প্রণয়ন প্রকৃত হল; স্বশাসন না দিলেও নতুন আইনে স্বশাসন ও সংস্কারের প্রতিশ্রুতি ছিল। ইংরেজ সরকারের উদারনীতি ও ইতিবাচক সংস্কারের সুযোগগুলিকে কাজে লাগিয়েই স্বশাসনের ক্ষেত্রে সর্বব হলেম জাতীয় নেতৃবর্গ।

১.৪.৬ ১৯৩৫ সালের ভারতশাসন আইন

১৯৩৫ সালের ভারতশাসন আইনে একদাধারে সংসদীয় ও যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার ভিত্তিতে ভারতশাসনের নীতি গ্রহণ করা হলেও, প্রকৃত গণতান্ত্রিক শাসন বা স্বায়ত্তশাসনের প্রস্তাব ছিল না। ভারতে জাতীয় কংগ্রেসের সংস্কারপর্যায় ও প্রগতিশীল নেত্রীরা প্রস্তাবিত ব্রিটিশ শাসন-সংস্কারে আস্থা না দেখালেও এটা বুঝেছিলেন যে গণতন্ত্রের প্রত্যাশা পূরণ না হলেও, স্বশাসনের উৎসাহগামী না হলেও সংসদীয় ও দায়িত্বশীল শাসনব্যবস্থার কিছু উপাদান এই আইনে ছিল। এই আইন অনুসারেই কংগ্রেস প্রাদেশিক নির্বাচনে অংশ নেয়, সংখ্যাগরিষ্ঠতা পায়, প্রদেশে সরকার গঠন করে, প্রশাসনিক ও পার্লামেন্টারী শাসনে অভিজ্ঞতা লাভ করে। এই আইনকে সামনে রেখেই সীমিতভাবে হজেও সরকারের উন্নয়নমূলক কাজকর্মে কংগ্রেসসহ অন্যান্য রাজনৈতিক দলগুলি প্রত্যক্ষভাবে অংশ নেয়। ১৯৩৫ সালের ভারতশাসন সাম্রাজ্য শাসনের স্বার্থে ব্যবহৃত হলেও স্বশাসনের সাময়িক ও আংশিক সুযোগ সৃষ্টি করেছে। যুক্তরাষ্ট্রের নিয়ম মেনে প্রদেশগুলির শাসন সম্ভব ছিল না ঠিকই, ক্ষমতা বন্টন পদ্ধতি বা মন্ত্রীদের দায়িত্ব কোন ক্ষেত্রেই গণতন্ত্রের নীতিপূর্ণ প্রতিফলিত হয় নি একথাও সত্য, তবে প্রাদেশিক স্বায়ত্তশাসনে যে সুযোগ ছিল সেটিই ভবিষ্যৎ ভারতের স্বশাসনের আন্দোলনকে শক্তিশালী করেছে। ১৯৩৫ সালের শাসন-সংস্কারের পরবর্তী বছরের ঘটনাক্রম প্রমাণ করে যে ভারতে সাংবিধানিক ও সংসদীয় শাসনের ইতিবাচক সম্ভাবনা সৃষ্টি হতে চলেছে। সংস্কারের প্রক্ষেপে মতবিরোধ, সাম্প্রদায়িক দ্বন্দ্বিভঙ্গি,

সাংগঠনিক ও রাজনৈতিক প্রতিবন্ধকতা দায়িত্বশীল সাংবিধানিক শাসনের পথে বাধা হলেও গণতান্ত্রিক সংস্কার ও স্বশাসনের চাপের কাছে ব্রিটিশ শাসককে শেষ পর্যন্ত নতি স্বীকার করতে হয়েছে। ক্রীপস মিশন, ওয়াভেল পরিকল্পনা ও ক্যাবিনেট মিশন পরিকল্পনা গণপরিষদ ও স্বাধীন সংবিধান রচনার ক্ষেত্রে এক-একটি পদক্ষেপ হিসাবেই চিহ্নিত।

১.৪.৭ ক্রিপস্ মিশন

গণপরিষদের দাবিকে প্রস্তাবকারে রূপ দেবার সরকারি প্রচেষ্টা সর্বপ্রথম লক্ষ্য করা গেল ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিলের ক্যাবিনেট মন্ত্রী স্যার ইয়াকোব ক্রিপসের শাসনসংস্কার সংক্রান্ত একদফা প্রস্তাবে। যুদ্ধ ও রাজনৈতিক অচলাবস্থার পটভূমিতে ১৯৪০ সালের ২৯ মার্চ ক্রিপস যে প্রস্তাব পেশ করেন শাসন-সংস্কারের ক্ষেত্রে তাকে অবশ্যই পাল্লাবদলের এক সূচনা বলা যেতে পারে। সংবিধান ও গণপরিষদ সম্পর্কে এতটা সম্পৃক্তভাবে সরকারের তরফ থেকে বক্তব্য ইতিপূর্বে পাওয়া যায় নি। ক্রিপস জানালেন—

১। যুদ্ধ শেষ হবার পরেই ভারতকে শাসনাধিকার দেওয়া হবে, এক নির্বাচিত সংস্থার মাধ্যমে ভারতের সংবিধান প্রণয়ন করা হবে। সংবিধানে ভারত ডোমিনিয়ন মর্যাদা পাবে।

২। নব নির্বাচিত প্রাদেশিক আইন পরিষদ গণপরিষদ নির্বাচিত করবে।

৩। গণপরিষদে ব্রিটিশ ভারত ও দেশীয় রাজ্য উভয়ের প্রতিনিধি থাকবে।

৪। ব্রিটিশ ভারতের যে-কোন অংশ এই ব্যবস্থার বাইরে থাকতে পারে বা পরে যোগদানের সিদ্ধান্ত নিতে পারে।

৫। যেসব প্রদেশ সংবিধান গ্রহণ করতে অনিচ্ছুক তারা তাদের নিজস্ব সংবিধান প্রণয়ন ও গ্রহণ করতে পারে।

ক্রিপস প্রস্তাব নিয়ে কংগ্রেস ও মুসলিম লিগের মধ্যে ঐক্যমত হয়নি। মুসলিম লিগ স্বতন্ত্র পাকিস্তান রাষ্ট্র ও পৃথক গণপরিষদের দাবি করে। পূর্ণ স্বাধীনতার প্রতিশ্রুতি না থাকতে কংগ্রেসও প্রস্তাব সম্পর্কে সন্তুষ্ট ছিল না। গান্ধীজি প্রস্তাবটিকে ফেল পড়া ব্যাংকের আগাম চেক (A post-dated cheque on a crashing bank) বলে মনে করেছেন। আন্দোলকার প্রস্তাবটির মধ্যে বর্ণ হিন্দুদের অধিপত্যের সম্ভাবনা দেখেছেন। ভারতীয় প্রতিনিধিদের ও ব্রিটিশ কর্তৃপক্ষের মতান্তর ক্রিপস প্রস্তাব ও দৌত্যকে শেষ পর্যন্ত সফল হতে দেয়নি। সরকার বিষয়টির সম্ভাবজনক মীমাংসার জন্য লর্ড ওয়াভেলকে (Lord Wavell) ভাইসরয় করে পাঠালেন। হরিজ্ঞান পত্রিকায় গান্ধীজির 'ভারত ছাড়' (Quit India) পরিকল্পনা বাস্তব করে গান্ধীজি ইতিমধ্যেই এদেশে ব্রিটিশ শাসনের উপযোগিতা নিয়ে হতাশা প্রকাশ করেছেন। ভারতে ব্রিটিশ সরকারের উপস্থিতি যে জাপানী আগমনের কারণ হবে, ভারতের স্বাধেই যে ব্রিটেনের ভারত ত্যাগ বাঞ্ছনীয় গান্ধীজি সে কথা জানালেন। কংগ্রেস কার্যকরী কমিটিতেও গ্রহণ করা হল ভারত ছাড় আন্দোলনের প্রস্তাব ও শেষ লড়াইয়ের বলিষ্ঠ

অঙ্গীকার। যুদ্ধোত্তর পরিস্থিতিতে বৈপ্লবিক গণ-আন্দোলনের বিস্ফোরণ ঠেকাতেই ব্রিটিশ সরকার এক রকম বাধ্য হল ওয়াভেল পরিকল্পনার মাধ্যমে নতুন রাজনৈতিক সমাধানের প্রস্তাব পেশ করতে।

১.৪.৮ ওয়াভেল পরিকল্পনা

ওয়াভেল পরিকল্পনায় (১৪ জুন, ১৯৪৫) শাসন-সংস্কারের প্রশ্নে আগেকার দীর্ঘসূত্রিতার অবসন ঘটানোর চেষ্টা হল। বলা হল নতুন সংবিধান রচনা না হওয়া পর্যন্ত ভারতীয় নেতৃবর্গকে নিয়ে একটি অন্তর্বর্তীকালীন সরকার (Interim Government) গঠিত হবে। কাউন্সিল তথা পরিষদে বড়লাট ও প্রধান সেনাপতি ছাড়া সবাই হবেন ভারতীয় প্রতিনিধি। হিন্দু ও মুসলমানদের সমপ্রতিনিধিত্ব থাকবে। কাউন্সিল চলবে ১৯৩৫ সালের ভারতশাসন অঅইন মেনেই। এই সব পরিকল্পনাকে কার্যকর করার জন্য ঐক্যমতে আসার জন্য সিমলায় একটি বৈঠক আহ্বান করা হলেও, প্রতিনিধিত্বের প্রশ্নে কংগ্রেস ও লিগের মধ্যে ঐক্য হল না। ওয়াভেল দেশে ফিরে গিয়ে জানালেন (১৯ সেপ্টেম্বর) আগামী শীতে কেন্দ্রীয় ও প্রাদেশিক আইন পরিষদের নির্বাচন হবে। যতশীঘ্র সম্ভব সংবিধান রচনার জন্য গণপরিষদ গঠিত হবে। গণপরিষদের গঠন বিষয়ে আলোচনা ও বিকল্প প্রস্তাব থাকলে তার ওপর আলোচনা হবে। ভারতীয়দের কাছে গ্রহণযোগ্য শাসন পরিষদ গঠিত হবে।

ওয়াভেল প্রস্তাব নিয়ে বিতর্ক চলতে থাকে। ইতিমধ্যে রাজনৈতিক পরিস্থিতিও আরও সংকটজনক হয়ে ওঠে। আজাদ হিন্দ বাহিনীর সমর্থনে বিক্ষোভ, নৌবিদ্রোহ, বায়ুসেনার অসন্তোষ এবং শ্রমিক ধর্মঘট রাজনৈতিক অস্থিরতাকে ঘনীভূত করে। ১৯৪৫ সালে ক্ষমতায় এসে শ্রমিক দলের সরদার শাসন-সংস্কার ও ক্ষমতা হস্তান্তরের প্রশ্ন নিয়ে আলোচনার জ্য তিন সদস্যের ক্যাবিনেট মিশন ভারতে পাঠায়। ক্যাবিনেট মিশন পরিকল্পনায় (১৬ মে, ১৯৪৬) গণপরিষদ সম্পর্কে একটি স্থির প্রস্তাব পেশ করা হল।

১.৪.৯ ক্যাবিনেট মিশন পরিকল্পনা

গণবিক্ষোভ, সাম্প্রদায়িক রাজনীতি, ১৯৪৫ সালের নির্বাচন, নির্বাচনী রাজনীতিতে কংগ্রেস ও মুসলিম লিগের সাফল্য, গণপরিষদ সম্পর্কে উভয়ের দৃষ্টিভঙ্গি এবং মত পাথক্য—সমস্ত বিষয় গভীরভাবে পর্যবেক্ষণ করে ক্যাবিনেট মিশন যে পরিকল্পনা পেশ করে তার মূল সুপারিশগুলি ছিল :

১। গণপরিষদের মাধ্যমেই এদেশের সংবিধান রচিত হবে;

২। গণপরিষদের সদস্যরা প্রাদেশিক বিধানসভায় নিজ নিজ ম্প্রদায় কর্তৃক নির্বাচিত হবেন;

প্রাস্তুলিপি : তিন সদস্যের ক্যাবিনেট মিশনে ছিলেন লর্ড পেথিক লরেন্স (Lord Pethick Lawrence), সার স্ট্যাফোর্ড ক্রিপ্পস্ (Sir Stafford Cripps) ও এ. ভি. আলেকজান্ডার (A. V. Alexander)। কংগ্রেস, মুসলিম লিগ ও অন্যান্য দলের সঙ্গে আলাপ-আলোচনার ভিত্তিতেই ক্যাবিনেট মিশন গণপরিষদ সম্পর্কে পরিকল্পনা পেশ করে।

৩। প্রতিনিধি নির্বাচনের পদ্ধতি হল একক হস্তান্তরযোগ্য সমানুপাতিক প্রতিনিধিত্ব ;

৪। চীফ কমিশনারের প্রতিনিধি হিসাবে কেন্দ্রীয় আইনসভায় দিল্লীর প্রতিনিধি, আজমীড় মাদ্রাওয়ার প্রতিনিধি ও কুর্গ লেজিসলেটিভ কাউন্সিলের প্রতিনিধি থাকবেন ;

৫। গণপরিষদে রাজ্য ভারতের উপযুক্ত প্রতিনিধিত্ব থাকবে (সংখ্যা অনধিক ৯৩)। আলোচনার মাধ্যমে প্রতিনিধি নির্বাচনের পদ্ধতি স্থির হবে ;

৬। নির্বাচিত প্রতিনিধিরা যতশীঘ্র সম্ভব নয়াদিক্রিতে মিলিত হবেন ;

৭। রাজ্যের প্রতিনিধি হিসাবে একটি আলোচনা কমিটি প্রথমে কাজ করবে ;

৮। প্রাথমিক অধিবেশনে সাধারণ কার্যবিধি স্থির হবে ;

৯। আদিবাসী ও বহির্ভূত অঞ্চলগুলি সম্পর্কে উপদেষ্টা কমিটি গঠিত হবে ;

১০। প্রদেশের প্রতিনিধিরা বিভিন্ন ভাগে বিভক্ত হয়ে (ক, খ, গ) বিভাগের অন্তর্গত প্রদেশের সংবিধান রচনার কাজ শুরু করবেন। বিভাগের অন্তর্গত প্রদেশগুলি হল .

(ক) মাদ্রাজ, বোম্বাই, যুক্তপ্রদেশ, বিহার, মধ্যপ্রদেশ, উড়িষ্যা ;

(খ) পাঞ্জাব, উত্তর-পশ্চিম সীমান্ত সিন্ধু ;

(গ) বাংলা, আসাম।

ইউনিয়ন সংবিধান রচনার কাজে বিভিন্ন বিভাগের প্রদেশগুলি ও রাজ্য ভারতের প্রতিনিধিরা আবার মিলিত হবেন।

১১। সংবিধান চালু হবার সঙ্গে সঙ্গে কোন প্রদেশ ইচ্ছা করলে যে বিভাগে তার স্থান হয়েছে সেই বিভাগ ছেড়ে বেরিয়ে আসতে পারে।

১২। আশু ক্ষমতা হস্তান্তরের উদ্দেশ্যে সব দলের প্রতিনিধি নিয়ে এক 'অন্তর্বর্তী সরকার' (Interim Government) গঠিত হবে। এই সরকার ব্রিটিশ সরকারের কাছ থেকে প্রয়োজনীয় সাহায্য ও সহযোগিতা পাবে। কেন্দ্রীয় সরকারের সব দপ্তর অন্তর্বর্তীকালীন সরকারে ভারতীয়দের হাতে হস্তান্তরিত হবে।

১.৪.১০ গণপরিষদের নির্বাচন

১৯৪৬ সালের জুলাই মাসে ক্যাবিনেট মিশনের প্রস্তাবমতই গণপরিষদের নির্বাচন অনুষ্ঠিত হল। প্রদেশগুলির ২৯২ জন ও চীফ কমিশনার শাসিত ৪টি প্রদেশের (দিল্লী, আজমীড়, মাদ্রাওয়ার, কুর্গ, ব্রিটিশ বালুচিস্তান) ২ জন প্রতিনিধির জন্য নির্বাচন হল। দিল্লী ও আজমীড়-মাদ্রাওয়ার থেকে কেন্দ্রীয় আইনসভায় যে দুজন প্রতিনিধি ছিলেন তাঁরা গণপরিষদে ঐ অঞ্চলের প্রতিনিধি হিসাবে গৃহীত হন। প্রদেশগুলির ২৯২টি আসনের মধ্যে কংগ্রেস ২০৮, মুসলিম লিগ ৭৩ ও অন্যান্য দল ব্যক্তি ১১টি আসন লাভ করে।

ক্যাবিনেট মিশন পরিকল্পনামত গণপরিষদের নির্বাচন হলেও নির্বাচনোত্তর পরিস্থিতি চরম রাজনৈতিক অচলাবস্থা সৃষ্টি করে। ক্যাবিনেট মিশন পরিকল্পনামত সংবিধান রচনার ব্যাপারে পরিষদের প্রথম সভা ডাকা হল। মুসলিম লিগের নির্বাচিত সদস্যরা সভা বয়কট করলেন, গ্রুপ বা বিভাগ গঠনের প্রস্তাবে কংগ্রেস অসন্তুষ্ট ছিল। দ্বিধা সত্ত্বেও অন্তর্বর্তী সরকারে যোগ দেবার ব্যাপারে মুসলিম লিগ রাজী হয়। কংগ্রেস প্রাথমিকভাবে অন্তর্বর্তী সরকারে যোগ দেবার প্রস্তাব অগ্রাহ্য করে। গণপরিষদে স্বাধীনভাবে কাজ করতে না পারলে কংগ্রেস পরিষদ ত্যাগ করবে—নেহেরুর এই বিবৃতি কংগ্রেস ও মুসলিম লিগের পুরনো বিতর্ক ও কলহে নতুন মাত্রা যোগ করে। মুসলিম লিগ নেহেরুর নেতৃত্বে অন্তর্বর্তীকালীর সরকারে যোগ দিতে অস্বীকার করে। ওয়াশেলে অনুরোধ উপেক্ষা করে মুসলিম লিগ ১৬ আগস্ট প্রতিবাদ দিবস পালন করে। লিগ-কংগ্রেস কলহ, মিটিং-মিছিল। দাঙ্গা মিলিহেয় রাজনৈতিক অচলাবস্থা চরমে ওঠে। ভারত ভাগ, পাকিস্তান রাষ্ট্রের দাবি, পৃথক গণপরিষদ গঠন, প্রায় প্রতিটি প্রশ্নে লিগের অবস্থান নিয়ে কংগ্রেস অসন্তুষ্ট ছিল। প্রতিবাদ দিবস পালন ও প্রত্যক্ষ সংগ্রামের কৌশল কংগ্রেস ও লিগের মধ্যে বিভেদ রেখা আরও স্পষ্ট করে দেয়। এসব সত্ত্বেও শেষ পর্যন্ত অয়াবেলের আহ্বানে মুসলিম লিগ মস্ত্রীসভায় যোগ দেন। সরকারের যোগ দেবার পর দপ্তর বন্টন, বাজেটে কর ধার্যের প্রস্তাব (অর্থমন্ত্রী লিয়াকত আলী এই প্রস্তাব আনেন) এসব নিয়ে কংগ্রেস ও লিগের বিরোধী অবস্থান আরও বিশেষভাবে লক্ষ্য করা গেল। হরতাল, সভা, মিছিল, দাঙ্গা (কলকাতা ও নোয়াখালি ট্যাজেডি) নিয়ে কংগ্রেস নেতৃত্ব বিক্ষুব্ধ ছিল। মুসলিম লিগের পাকিস্তান দাবি ও প্ররোচনামূলক কার্যপলাপে (পাঞ্জাব, লাহোর, মুলতান, গুজরাট, জলন্ধর—সর্বত্রই বিশৃঙ্খলা চরমে পৌঁছেছে) কংগ্রেস বিবতর হয়েছে এবং গণপরিষদে মুসলিম লিগের অংশগ্রহণের যথার্থতা নিয়ে প্রশ্ন উঠেছে। এই পর্যায়ে ওয়াশেল যখন দীর্ঘমেয়াদী সমাধানের জন্য প্রস্তুতি নিচ্ছেন, বিকল্পের সম্মান করছেন, ক্যাবিনেট মিশন পরিকল্পনার সঠিক রূপ দেবার কথা ভাবছেন, ঠিক তখনই তাঁকে ফিরে যেতে হল। ওয়াশেলের জায়াগয় ভারতে বড়লাট হিসাবে এলেন লর্ড মাউন্টব্যাটেন (Lord Mountbatten) ৯ ফেব্রুয়ারি, ১৯৪৭ মার্চন্টব্যাটেন ভারতে এলেন এবং এর কয়েকদিন পরেই তাঁর হাতে পৌঁছল ব্রিটিশ প্রধানমন্ত্রী অ্যাটলির (Attlee) ভারতীয়দের হাতে ক্ষমতা হস্তান্তরের খসড়া ঘোষণা।

১.৪.১১ দেশবিভাগ, মাউন্টব্যাটেন পরিকল্পনা ও গণপরিষদ

১৯৪৭ সালের ২০ ফেব্রুয়ারি সংসদে অ্যাটলি ঘোষণা করলেন—

১। কোনরকম বিলম্ব না করে ১৯৪৮ সালের জুন মাসের মধ্যে দায়িত্বশীল ভারতীয়দের হাতে ক্ষমতা হস্তান্তর করা হবে।

২। ইতিমধ্যে যদি দেখা যায় ক্যাবিনেট মিশন পরিকল্পনামত প্রতিনিধিমূলক গণপরিষদ রচিত সংবিধান সর্বসমমতভাবে গৃহীত হচ্ছে না, তবে ব্রিটিশ সরকার স্থির করবে নির্দিষ্ট সময়ে কার হাতে ক্ষমতা হস্তান্তর করা হবে।

৩। ক্ষমতা হস্তান্তরের আগেই দেশীয় রাজ্যগুলির ওপর রাজশক্তির সর্বময় ক্ষমতার অবসান হবে।

৪। ক্ষমতা হস্তান্তরের ফলে উদ্ভূত বিষয় নিয়ে ব্রিটিশ সরকার বিভিন্ন দলগুলির সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে চুক্তি সম্পাদন করবে।

৫। ক্ষমতা হস্তান্তরের ফলে ব্রিটেনের সঙ্গে সম্পর্ক ক্ষুণ্ণ হবে না।

২৪ মার্চ, ১৯৪৭ বড়লাট কার্যভার গ্রহণ করেন লর্ড মাউন্টব্যাটেন। কংগ্রেস ও মুসলিম লিগের প্রবল মতপার্থক্য, গৃহযুদ্ধের পরিস্থিতি, আইন-শৃঙ্খলার অবনতি, পাকিস্তান দাবি নিয়ে মুসলিম লিগের অনমনীয় অবস্থান—সবকিছু লক্ষ্য করে ভারতবিভাজন, ক্ষমতা হস্তান্তর ও গণপরিষদ সম্পর্কে লর্ড মাউন্টব্যাটেন একটি নির্দিষ্ট পরিকল্পনা পেশ করলেন। মাউন্টব্যাটেন পরিকল্পনা নানা বাধার মধ্যে পেশ হল ও ব্রিটিশ সরকারের অনুমোদন পেল ২ জুন, ১৯৪৭। ৩ জুন, ১৯৪৭ প্রস্তাবটি ব্রিটিশ সংসদে ঘোষিত হল। মাউন্টব্যাটেন পরিকল্পনা অনুসারে : (১) ভারত ও পাকিস্তান পৃথক ডোমিনিয়নের মর্যাদা পেল। (২) উভয় দেশের জন্য পৃথক গণপরিষদের অধিকার স্বীকৃতি পেল। গণপরিষদ সম্পর্কে মাউন্টব্যাটেন পরিকল্পনায় বলা হল :

(ক) যেসব অঞ্চল বর্তমান গণপরিষদে যোগ দিতে অনিচ্ছুক তাদের ওপর গণপরিষদ রচিত সংবিধান চাপিয়ে দেওয়া হবে না।

(খ) বাংলা ও পাঞ্জাবের মুসলমান-প্রধান ও অমুসলমানপ্রধান জেলাগুলি পৃথকভাবে বৈঠকে বসবে এবং সাধারণ ভোটে স্থির করবে প্রদেশের বিভাজন হবে কিনা। বিভাজনের প্রস্তাব হলে প্রত্যেক অংশই ঠিক করবে তারা বর্তমান গণপরিষদে থাকবে বা নতুন গণপরিষদ গঠন করবে ও তাতে যোগ দেবে।

(গ) বাংলা ও পাঞ্জাবের সীমানা নির্ধারণ করবে দুটি পৃথক সীমানা কমিশন।

(ঘ) সিন্ধু প্রদেশের আইনসভা স্থির করবে এই প্রদেশ বর্তমান বা নবগঠিত গণপরিষদে যোগ দেবে।

(ঙ) আসামের মুসলমান-প্রধান শ্রীহট্ট জেলা গণভোটে মাধ্যমে স্থির করবে ওই জেলা আসামের সঙ্গে থাকবে না পূর্ববঙ্গের (পূর্ব পাকিস্তান) সঙ্গে যুক্ত হবে।

(চ) উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ গণভোটে মাধ্যমে স্থির করবে ভারত অথবা পাকিস্তান কার সঙ্গে যুক্ত হবে।

(ছ) বালুচিস্তান নিজেই স্থির করবে ভারতের সঙ্গে থাকবে কিনা।

(জ) দেশীয় রাজ্যগুলির ডোমিনিয়নে যোগ দেবার অধিকার থাকবে।

এই প্রস্তাবগুলিকে কার্যকর করার জন্য ব্রিটিশ পার্লামেন্ট যতশীঘ্র সম্ভব আইন প্রণয়ন করবে।

১.৪.১২ ভারতের স্বাধীনতা আইন ও গণপরিষদ

মাউন্টব্যাটেন পরিকল্পনাকে আইনে রূপদান করা হল অত্যন্ত দ্রুততার সঙ্গে। ১৯৪৭ সালের ৪ জুলাই প্রধান মন্ত্রী অ্যাটলি স্বাধীনতা বিল (Indian Independence Bill) কমন্স সভায় পেশ করলেন।

১৮ জুলাই রাজা ষষ্ঠ জর্জের স্বাক্ষর পাবার পর বিলটি আইনে পরিণত হল। ভারতে এই আইন রূপ পেল ১৯৪৭ সালের জুলাই মাসে। ১৫ আগস্ট এই আইন কার্যকর হল (The Indian Independence Act, 1947)। এই আনিবলে ১৫ আগস্ট ১৯৪৭ সালের পর নবগঠিত ডোমিনিয়নের ওপর রাজশক্তির আর কোন ক্ষমতা থাকবে না। লর্ড অ্যাটলির ভাষায় সম্পন্ন হল ব্রিটেনের দৌত্য। লর্ড স্যামুয়েলের কথায় রচিত হল ‘a unique event in history—a treaty of peace without war’। ১৯ জুলাই ভারত ও পাকিস্তানের অস্থায়ী সরকার ঘোষিত হল। পার্টিশন কাউন্সিল, কাউন্সিলের স্টিয়ারিং কমিটি, সালিশী ট্রাইব্যুনাল ইত্যাদির তদারকিতে বিভাজন সম্পন্ন হল। সংবিধান রচনার কাজে স্বতন্ত্রভাবে অগ্রসর হল দুটি পৃথক গণপরিষদ। ডোমিনিয়ন ভারতে ভারতীয় জনগণের পক্ষে নতুন সংবিধান রচনার দায়িত্ব নেয় ভারতের গণপরিষদ। গণপরিষদের হাতে ডোমিনিয়নের আইনসভার দায়িত্ব অর্পণ করা হল। ভারত ব্যবচ্ছেদ হলেও স্বাধীন ভারতের সংবিধানগত ও রাজনৈতিক পুর্গঠনের কাজ শুরু হল গণপরিষদের নেতৃত্বে।

১.৫ গণপরিষদের প্রশ্নে মুসলিম লিগ

গণপরিষদ সম্পর্কে মুসলিম লিগের প্রাথমিক অবস্থান ছিল দ্বিধা ও দ্বন্দ্ব জড়িত। ক্রমশ এ বিষয়ে লিগের দৃষ্টিভঙ্গি স্পষ্ট হয়। নির্বাচনে অংশ নেওয়া, নির্বাচনী ফলাফল, যুক্তফ্রন্ট গঠন প্রায় সব প্রশ্নে কংগ্রেস ও লিগের মধ্যে মতবিরোধ ছিল। গণপরিষদে কংগ্রেস আধিপত্য নিয়ে লিগ কখনই সন্তুষ্ট ছিল না। হিন্দু সংগঠনে ও কংগ্রেসের নেতৃত্বে সংবিধানে মুসলিমদের অধিকার ন্যায্যভাবে প্রতিষ্ঠিত হবে— এ বিশ্বাস জিন্নার নেতৃত্বে মুসলিম লিগের ছিল না। সুতরাং ক্রিপস মিশন, ক্যামিনেট মিশন বা ওয়াভেল পরিকল্পনায় মুসলিম স্বার্থ সংরক্ষণের প্রশ্নে বা অন্যান্য প্রশ্নে মুসলিম লিগ সন্ধিগ্ন দৃষ্টি নিয়েই অগ্রসর হয়েছে, মুসলিম লিগের লঙ্কো অধিবেশন (১৯৩৭) থেকেই সাম্প্রদায়িক রাজনীতির দৃষ্টি নিয়ে মুসলিম লিগ পরিচালিত হয়েছে। কংগ্রেসের পূর্ণস্বরাজ তত্ত্ব বা স্বশাসনের গণতান্ত্রিক ভাবনায় তাদের আস্থা ছিল না। ১৯৩৭-৩৯ বছরগুলিতে লিগ সন্দেহ নিয়েই কংগ্রেসের সঙ্গে একই মঞ্চে অগ্রসর হলেও ১৯৪০ সালে লাহোর প্রস্তাবে পাকিস্তান রাষ্ট্রের প্রয়োজনের কথা বলে পরিস্থিতিকে আরও উত্তেজিত করেছে। যুদ্ধের পরিস্থিতিতে মুসলিম স্বার্থরক্ষার বিষয়ে মুসলিম লিগের দাবি আরও জোরদার হয়েছে, গণপরিষদ সম্পর্কে কংগ্রেসের উৎসাহ ও আবেগ বা ঐক্যবদ্ধ ভারত রাষ্ট্রের সংবিধান বিষয়ে কংগ্রেসের ভাবনাকে মুসলিম সন্দেহের দৃষ্টিতে দেখেছে। ত্রিপুরী কংগ্রেসের (১৯৩৯) পূর্ণ স্বাধীনতা প্রস্তাব ও গান্ধীজীর রাজনৈতিক নিষ্পত্তির ভাবনার প্রতিবাদই ধ্বনিত হয় জিন্নার লাহোর দাবি ও পাকিস্তান রাষ্ট্রের দাবির মধ্যে। কংগ্রেসের দাবির প্রতিবাদ হিসাবেই মুসলিম লিগের প্রচার ছিল দ্বি-জাতি তত্ত্বের। এই মাতৃভূমিতে এমন সংবিধান হবে যেকোনো দুটি সম্প্রদায়ের শাসনাধিকারের দাবি স্বীকৃত হবে, এটাই ছিল মুসলিম লিগের দৃঢ়বিশ্বাস। ওয়াভেলের প্রস্তাবে ভারত বিধারনজের কথা না থাকলেও ক্যামিনেট মিশন, বা মাউন্টব্যাটেন পরিকল্পনা মুসলিম লিগের দাবিমতই

বারতবিভাজন ও স্বতন্ত্র গণপরিষদ গঠনের দাবিকে স্বীকৃতি দিয়েছে। গণপরিষদের নির্বাচনে প্রত্যাশিত সাফল্য পেয়েও মুসলিম লিগের নির্বাচিত সদস্যরা গণপরিষদের প্রথম সভা বয়কট করেছে। সম্ভবত গণপরিষদে কংগ্রেস আধিপত্য এবং মুসলিম প্রতিনিধিত্বের ও অধিকারের প্রশ্নেই লিগের এই সিদ্ধান্ত। পৃথক পাকিস্তান রাষ্ট্র ও পৃথক গণপরিষদেই তাদের স্বাধীনতা সুরক্ষিত থাকবে এই দৃষ্টিভঙ্গির দ্বারা প্রভাবিত হয়েই তারা গণপরিষদের সভা বয়কট করেছে। গণপরিষদে গ্রুপ নিয়ে কংগ্রেসের দাবি বা গণপরিষদের শর্ত নিয়ে কংগ্রেসের ভাবনা লিগের কাছে কখনই গ্রহণযোগ্য হয়নি। স প্রতিনিধিমূলক দায়িত্বশীল সরকার গঠনের প্রশ্নে কংগ্রেসের সঙ্গে লিগের সম্পর্ক ছিল সংঘাতমূলক এবং ব্রিটিশ সরকারের সঙ্গে সম্পর্ক ছিল আপোষমূলক।

১.৬ গণপরিষদে দেশীয় রাজ্যের অংশগ্রহণের প্রশ্ন

গণপরিষদে দেশীয় রাজ্যের অবস্থান স্পর্কে ক্রীপস্ প্রস্তাবে বলা হয়েছে, গণপরিষদে দেশীয় রাজ্যের প্রতিনিধি থাকবে। রাজন্যবর্গের সঙ্গে গণপরিষদে যোগদানের ব্যাপারে আলোচনার জন্য লর্ড ওয়াভেন প্রস্তাব দেন। ক্যাবিনেট মিশন পরিকল্পনায় ব্রিটিশ ভারত ও দেশীয় রাজ্য উভয়েই সমস্ত ভারতের ইউনিয়নের অংশ বলে বর্ণনা করা হয়েছে। ইউনিয়নের আইনসভা ও শাসন পরিষদে রাজন্যবর্গের প্রতিনিধিত্বের কথাও ক্যাবিনেট মিশন বলেছে। রাজন্যবর্গের উপযুক্ত প্রতিনিধিত্ব, সংবিধান রচনায় তাদের পরামর্শ গ্রহণের কথাও বলা হয়েছে। ক্ষমতা হস্তান্তর হলেও রাজ্যবর্গের স্বাধীনতা ক্ষুণ্ণ হবে না। অ্যাটলির ঘোষণায় ওই কথা স্পষ্টভাবেই ছিল। মাউন্টব্যাটেন ঘোষণায় দেশীয় রাজ্যগুলিকে গণপরিষদে যোগ দেবার ব্যাপারে স্বাধীনতা দেওয়া হয়েছে। অধিকাংশ দেশীয় রাজ্য (কাশ্মীর, জুনাগড়, হাদ্রাবাদ ছাড়া) ভারতীয় ইউনিয়নের অন্তর্ভুক্ত হয় এবং প্রতিরক্ষা, বৈদেশিক সম্পর্ক, যোগাযোগের ক্ষেত্রে স্বশাসনের অধিকারও পায়। স্বাধীন ভারতের রাজনৈতিক ব্যবস্থাপনার প্রস্তাবে দেশীয় রাজাদের স্বাধীনতায় হস্তক্ষেপ হবে না—ব্রিটিশ আইনগত ও শাসনতাত্ত্বিক প্রস্তাবগুলিতে সে কথা স্বীকার করা হয়েছে। দেশীয় রাজাদের স্থানীয় অবস্থান নিয়ে বিতর্ক থাকলেও কংগ্রেস, মুসলিম লিগ বা অন্যান্য দল ওদের স্বাধীনতায় হস্তক্ষেপ হবে না বলেই মনে নিয়েছে। তবে ১৫ আগস্টের পর রাজন্যবর্গের পৃথক আন্তর্জাতিক অবস্থান থাকতে পারে বলে ভারতের স্বাধীনতা আইনে বলা হয়েছে। রাজন্যবর্গকে ভারত রাষ্ট্রের মধ্যে অন্তর্ভুক্ত করার জন্য ও গণপরিষদে ওদের সুষ্ঠু প্রতিনিধিত্বের জন্য গণপরিষদের প্রথম অধিবেশন থেকে আলাপ-আলোচনা শুরু হয়েছে।

১.৭ গণপরিষদের গঠনপ্রণালী

গণপরিষদের গঠনপ্রণালী সম্পর্কে ক্যাবিনেট মিশন পরিকল্পনার মূল ধারণাগুলিই প্রযোজ্য হয়েছে। ক্যাবিনেট মিশন পরিকল্পনায় গণপরিষদ কিভাবে নির্বাচিত হবে, গণপরিষদের নির্বাচনের পদ্ধতি কী, প্রতিনিধিত্বের

ভিত্তি কী, অধিবেশন, উপদেষ্টা কমিটি, প্রদেশের প্রতিনিধিত্বের বিভাগ কেমন হবে এসম বিষয়ে প্রস্তাব আছে (ক্যাবিনেট মিশন পরিকল্পনার সুপারিশগুলি দ্রষ্টব্য)। বর্তমান আলোচনায় আমরা গণপরিষদের সদস্যসংখ্যা, সদস্যবন্টনের পদ্ধতি, গণপরিষদের নেতৃত্ব, প্রতিনিধিত্বের ও আসনবন্টনের নীতি, অধিবেশন, কমিটি ব্যবস্থা এইসব বৈশিষ্ট্যগুলির ওপর আলোকপাত করবো।

১.৭.১ গণপরিষদের প্রতিনিধিত্ব ও আসন বন্টনের নীতি ও সদস্যসংখ্যা

গণপরিষদের প্রতিনিধিত্ব ও আসন বন্টনের নীতি স্থির হয়েছিল ক্যাবিনেট মিশন পরিকল্পনায়। ক্যাবিনেট মিশন পরিকল্পনা অনুসারে :

১। ব্রিটিশ শাসিত প্রদেশ ও দেশীয় রাজ্যগুলি জনসংখ্যার অনুপাতে গণপরিষদে আসন পাবে। প্রত্যেক প্রদেশ থেকে প্রতি দশলক্ষ জনসংখ্যার জন্য একজন করে প্রতিনিধি গণপরিষদে স্থান পাবেন।

২। গণপরিষদের সব আসন সাধারণ, মুসলমান ও শিখ—এই তিন সম্প্রদায়ের মধ্যে আনুপাতিক হারে বন্টিত হবে।

৩। প্রাদেশিক আইনসভার সদস্যরা একক হস্তান্তরযোগ্য সমানুপাতিক ভোটাধিকারের ভিত্তিতে নিজ নিজ সম্প্রদায়ের প্রতিনিধি নির্বাণ করবেন।

৪। দেশীয় রাজ্যগুলির প্রতিনিধি মনোনয়নের পদ্ধতি স্থির হবে ঐ রাজ্যগুলির শাসনদের সঙ্গে গণপরিষদের আলোচনার ভিত্তিতে। দেশীয় রাজ্যের প্রতিনিধির সংখ্যা স্থির হয় ৯৩।

ক্যাবিনেট মিশনের প্রস্তাবমত অবিভক্ত ভারতের গণপরিষদের প্রতিনিধিসংখ্যা ছিল এইরকম :

মোট সদস্য — ৩৮৯	
প্রদেশগুলির সদস্য—	
(ক) সাধারণ	২১০
(খ) মুসলিম	৭৮
(গ) শিখ	৪
চিফ কমিশনার শাসিত প্রদেশগুলির সদস্য	৪
দেশীয় রাজ্যগুলির সদস্য	৯৩

১৯৪৬ সালের জুলাই মাসে গণপরিষদের যে নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল তাতে প্রদেশগুলির ২৯২টি আসনের মধ্যে কংগ্রেস ২০৮, মুসলিম লিক ৭৩ ও অন্যান্যদল ১১টি আসন পায়। চিফ কমিশনার শাসিত

৪টি প্রদেশের মধ্যে ২টি প্রদেশের প্রতিনিধদের জন্য নির্বাচন হয়। দিল্লি ও আজমীর মাড়ওয়ার থেকে কেন্দ্রীয় আইনসভার যে ২ জন প্রতিনিধি ছিলেন তাঁরাই গণপরিষদের জন্য মনোনীত হন।

দেশবিভাগের পর স্বতন্ত্র ভারতীয় গণপরিষদের সদস্যসংখ্যা সর্বমোট ২৯৯। এঁদের মধ্যে ২২৯ জন প্রদেশগুলি থেকে এবং ৭০ জন দেশীয় রাজ্যগুলি থেকে গণপরিষদে স্থান পান। অবিভক্ত ভারতে গণপরিষদে কংগ্রেসের সদস্যসংখ্যা ছিল শতকরা ৬৯ জন। ভারত বিভাগের পর এই অনুপাত দাঁড়ায় শতকরা ৮২ জন। ভারত বিভাগের পর মুসলিম লিগের ২৯ জন প্রতিনিধি এদেশে ছিলেন।

১.৭.২ গণপরিষদের নেতৃত্ব

গণপরিষদের সদস্য ও নেতৃবর্গের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন ড. রাজেন্দ্রপ্রসাদ (সভাপতি), জওহরলাল নেহরু, বল্লভভাই প্যাটে, গোবিন্দবল্লভ পন্থ, জগজীবন রম, জে. বি. কৃপালনী, পটুভি সিতারামাইয়া, সি. রাজাগোপালচারী, মৌলানা আজাদের মত বিশিষ্ট ব্যক্তিত্ব। এঁদের অধিকাংশই ভারতের জাতীয় কংগ্রেসের কেন্দ্রীয় ও রাজ্যস্তরের গুরুত্বপূর্ণ নেতা ও পদাধিকারী। গণপরিষদের সদস্যদের মধ্যে শুধু কংগ্রেসের প্রভাবশালী নেতারা ছিলা না, ছিলেন ড. বি. আর. আম্বেদকরের মতো আইনজ্ঞ ও হরিজন সদস্য, শাহদুল্লাহর মতো বিশিষ্ট মুসলিম নেতা, কে. আইয়ার, এন. জি. আয়েঙ্গার, এইচ. এন. কুঞ্জরুর মতো অভিজ্ঞ আইনজ্ঞ ও সংবিধান উপদেষ্টা এবং রাজকুমারী অমৃতা কাউর ও সরোজিনী নাইডু-র মতো মহিলা ব্যক্তিত্ব। রাজনীতিবিদ, সাংবাদিক, চিকিৎসক, আইনজ্ঞ, লেখক, ইনসভার সদস্য, শিল্পপতি, প্রশাসন, সমাজসেবী—নানা বিশিষ্ট পেশা ও বৃত্তির মানুষের ভীড়ে গণপরিষদ ছিল এক জমজমাট সভা। গণপরিষদের নেতৃত্বের একটি বৈশিষ্ট্য ছিল কংগ্রেসের একাধিপত্য। এমনও দেখা গেছে কংগ্রেসের সরকারি দলের নেতা, কংগ্রেস দলের নেতা এবং গণপরিষদের নেতা—এই তিনের মধ্যে কোন প্রভেদের কথা নেই। একই ব্যক্তি কংগ্রেস দল, সরকার আর গণপরিষদের মধ্যমণি হিসাবে বিরাজ করছেন। কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্যরাই গণপরিষদের অধিকাংশ ও গুরুত্বপূর্ণ কমিটির সভাপতি। আবার একই ব্যক্তি একাধিক কমিটিরও সদস্য। গণপরিষদের নেতৃত্ব বিষয়ে আরেকটি কৌতূহলপ্রদ দিক হল বিশিষ্ট আইনজ্ঞরাই পরিষদের চিন্তাভাবনা ও কাজকর্মকে প্রভাবিত করেছেন। অভিজ্ঞ আইনজ্ঞরাই পরিষদের বিতর্ক, নীতিনির্ধারণ এবং সিদ্ধান্তগ্রহণের ক্ষেত্রে কার্যকরী ভূমিকা নিয়েছেন। গণপরিষদের নেতৃত্ব প্রসঙ্গে আর একটি উল্লেখযোগ্য তথ্য হল, এখানে কোন কমিউনিস্ট, সমাজতন্ত্রী বা সাধারণ মানুষের কোন প্রতিনিধি ছিলেন না। প্রতিনিধিদের সামাজিক প্রেক্ষাপট বা ভিত্তি সম্পর্কে বলা যায়, ওঁরা অধিকাংশই সমাজের উচ্চবর্গের মানুষ, বিদেশে শিক্ষাপ্রাপ্ত, শিল্প বা পুঁজির স্বার্থ বা রক্ষণশীল স্বার্থের প্রতিনিধি। নেতৃত্বের বিচারে গণপরিষদকে গণসংস্থা বলা যাবে না। গান্ধীজির মতো জননেতার গণপরিষদের সার্বভৌমত্ব সম্পর্কে সন্দেহ ছিল।

১.৭.৩ গণপরিষদের অধিবেশন ও কর্মপদ্ধতি

গণপরিষদ গঠনের পর প্রায় চারমাস পরেও এর কোন অধিবেশন বসে নি। সম্ভবত কংগ্রেস ও মুসলিম লিগের মতো মতানৈক্যের কারণেই সভা বসতে বিলম্ব হয়েছে। ১৯৪৬ সালের ৯ ডিসেম্বর দিল্লির কনস্টিটিউশন হলে শেষ পর্যন্ত গণপরিষদের প্রথম অধিবেশন বসল। ২০৭ জন সদস্যের উপস্থিতিতে সভা শুরু হল। মুসলিম লিগ সদস্যরা সভা বয়কট মরলেন। কংগ্রেসের বয়োজ্যেষ্ঠ সদস্য সচ্চিদানন্দ সিংহকে অস্থায়ী সভাপতি করেসবার কাজ শুরু হল। ১১ ডিসেম্বর ড. রাজেন্দ্রপ্রসাদ গণপরিষদের অস্থায়ী সভাপতি নির্বাচিত হলেন। ১২ ডিসেম্বর কার্যবিধি সংক্রান্ত কমিটি (Committee of Rules of Procedure) গঠিত হল। প্রথম অধিবেশনে কমিটি গঠনের কাজই হয়েছে, সংবিধান সম্পর্কে কোন বিতর্ক বা প্রসাতব ছিল না। অবিভক্ত ভারতে মোট চারটি অধিবেশনে গণপরিষদ বসেছে। এইসময় পরিষদের কাজে তেমন গতি ছিল না। গণপরিষদের পঞ্চম অধিবেশনই ছিল ঐতিহাসিক। ১৯৪৭ সালের ১৪ আগস্ট মধ্যরাতে এই অধিবেশনে স্বাধীন ভারতের গণপরিষদ বসে। মাউন্টব্যাটেন পরিকল্পনা ও ভারতের স্বাধীনতা আইনের পরিপ্রেক্ষিতে ভারতের গণপরিষদ সার্বভৌমিক ক্ষমতা পায়। পঞ্চম অধিবেশন থেকেই গণপরিষদের প্রয়োজনীয় পুনর্বিদ্যায় ও সংবিধান রচনায় উদ্যোগ লক্ষ্য করা যায়। সংবিধান খসড়া কমিটি ড. আম্বেদকরের নেতৃত্বে সংবিধান রচনার দায়িত্ব গ্রহণ করে।

গণপরিষদের প্রথম অধিবেশন ২ সপ্তাহের বেশি চলে নি। কিছু প্রাথমিক কাজকর্ম ছাড়া অন্য কোন গুরুত্বপূর্ণ বিষয়ই এই অধিবেশনে ওঠেনি। এমনকি সংবিধানের উদ্দেশ্য সংক্রান্ত প্রসাতব (Objective Resolution) এই অধিবেশনে আলোচিত হয় নি। ১৯৪৭ সালে জানুয়ারি মাসের ২০-২৩ তারিখে এ বিষয়ে আলোচনা হয়। এম. আর. জয়কার (M. R. Jaykar) প্রস্তাবটি পেশের পক্ষে ছিলেন না। কিন্তু নেহরুর দৃষ্ট ভাষণ শেষ পর্যন্ত সমালোচকদের মুখ বন্ধ করে দেয়। নেহরুর বক্তব্য ছিল ‘পরিষদের প্রথম কাজ হল একটি নতুন সংবিধান এনে ভারতকে স্বাধীন করা, ভারতবাসীর অন্তর্ভুক্তির ব্যবস্থা করা এবং তারপর নিজের মতো করে প্রতিটি ভারতবাসীকে গড়ে উঠতে সাহায্য করা.....।’ দ্বিতীয় অধিবেশনে গণপরিষদ কমিটি গঠনের কাজেই ব্যস্ত ছিল। তৃতীয় অধিবেশনে অব্যয় ভবিষ্যৎ সংবিধানের একটি রূপরেখা উপস্থিত করা হয়েছে এবং বিভিন্ন বিষয়ে কতকগুলি প্রশ্ন পেশ করা হয়েছে এবং ১৯৪৭ সালের ১০ এপ্রিলের মধ্যে এইসব প্রশ্নের উত্তর কেন্দ্রীয় ও প্রাদেশিক আইনসভার সদস্য এবং গণপরিষদের সদস্যদের কাছে চাওয়া হয়েছে। দেশীয় রাজ্যের গণপরিষদে আসন বন্টনের প্রশ্নটিও এই পর্বে এসেছে। বিভিন্ন কমিটির বিরপোর্ট পেশ ছাড়া কোন আলোচনা এই পর্বে হয়নি। ১৯৪৭ সালের জুলাই মাসে চতুর্থ অধিবেশনে দেশভাগের প্রেক্ষাপটে গণপরিষদের কাজকর্মে মানসিকতা পরিবর্তনের প্রকাশ লক্ষ্য করা গেল। কেন্দ্রীয় বা প্রাদেশিক সংবিধান কমিটির রিপোর্ট নিয়ে আলোচনা শুরু হলেও সভা ৩১ জুলাই মুলতুবি হয়ে যায়। সন্দেহ নেই অবিভক্ত গণপরিষদে নয়, ভারতীয় গণপরিষদেই সংবিধান রচনার প্রকৃত তোড়জোড় শুরু হয়। স্বাধীন ভারতের প্রতি সেবা ও কর্তব্যের প্রতিজ্ঞা নিয়ে শুরু হয় পঞ্চম

ঐতিহাসিক অধিবেশন। মাউন্টব্যাটের পর্ভনর জেনারেল হিসাবে এবং নেহরুর প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেওয়ার মধ্য দিয়ে স্বাধীন ভারতের যাত্রা শুরুর সঙ্গে সঙ্গে আইনসভা ও সংবিধান সভা হিসাবে গণপরিষদের কাজ শুরু হয়। গণপরিষদের কাজ নিয়ে রিপোর্ট দেবার জন্য কমিটিও গঠিত হয়। ২৯ আগস্ট খসড়া সংবিধান কমিটি গঠন ও এর কাজকর্ম সম্পর্কে প্রস্তাব নেওয়া হয়।

১.৭.৪ গণপরিষদের কমিটি

গণপরিষদের কাজকর্ম প্রধানত পরিচালিত হইয়াছে বিভিন্ন সময়ে গঠিত কমিটির মাধ্যমে। কোনো সন্দেহ নেই ভারতের মতো এক বিরাট দেশে সংবিধান রচনার কাজ অত সহজে সম্পন্ন হবার নয়। সম্ভবত এই কারণেই সংবিধান খসড়া কমিটি সহ বিভিন্ন কমিটি গড়ে, কমিটির জ্ঞানী ও অভিজ্ঞ সদস্যদের পরামর্শ নিয়ে সংবিধান রচনার কাজ শুরু হয়েছে। গণপরিষদের সচিবালয়ের (Secretariat) এক্ষেত্রে বিশেষ ভূমিক ছিল। তথ্য সংগ্রহ, নথিপত্র পেশ, নথিপত্র করীক্ষা, ফাইল তৈরি ইত্যাদি কাজে সচিবালয়ের ভূমিকা ছিল প্রশংসনীয়। কমিটিগুলির মধ্যে বিভিন্ন কাজ বন্টন করে দেওয়ার উদ্দেশ্য ছিল সংবিধান রচনার কাজে আরও বিশেষীকরণ ও সূক্ষ্মতা আনা, কাজে সমন্বয় সৃষ্টি করা এবং কাজে আরও গতি আনা। গণপরিষদের কমিটিগুলির একটি সামগ্রিক পরিচিতি এখানে দেওয়া হল :

কমিটি	সদস্যসংখ্যা	সভাপতি
কার্যবিধি সংক্রান্ত কমিটি (Committee on the Rules of Procedure)	১৬	ড. রাজেন্দ্রপ্রসাদ
পরিচালনা কমিটি (Steering Committee)	১৪	ড. রাজেন্দ্রপ্রসাদ
জাতীয় পতাকা সংক্রান্ত অস্থায়ী কমিটি (Committee on National Flag)	১৩	ড. রাজেন্দ্রপ্রসাদ
অর্থ ও কর্মীবিষয়ক কমিটি (Finance and Staff Committee)	১৪	ড. রাজেন্দ্রপ্রসাদ
কেন্দ্রীয় সংবিধান কমিটি (Union Constitution Committee)	১৫	জওহরলাল নেহরু
প্রদেশ কমিটি (States Committee)	৬	জওহরলাল নেহরু

কমিটি	সদস্যসংখ্যা	সভাপতি
কেন্দ্রীয় সংবিধান কমিটির অর্থ-বিষয়ক বিশেষজ্ঞ কমিটি* (Expert Committee on the Financial Provisions of the Union Constitution Committee)	৩	এন. আর. সরকার *
সুপ্রীম কোর্ট বিষয়ে অস্থায়ী কমিটি (Adhoc Committee on Supreme Court)	৭	এস. ভরদাচারি *
ভাষাতত্ত্ব প্রদেশ কমিশন * (Linguistic Provinces Committee)	৩	এম. কে. ধর *
পরিচয় সংক্রান্ত কমিটি (Credentials Committee)	৭	আলাদি কৃষ্ণস্বামী আয়ার
সভা কমিটি (House Committee)	১৭	বি. পট্টভী সিতারামাইয়া
চিফ কমিশনারের প্রদেশ সংক্রান্ত কমিটি (Committee on Chief Commissioners' Provinces)	৭	বি. পট্টভী সিতারামাইয়া
কার্যক্রম নির্দেশ-বিষয়ক কমিটি (Order of the Business Committee)	৩	কে. এম. মুঙ্গী
গণপরিষদের কার্য-সংক্রান্ত কমিটি (Committee on the Functions of the Constituent Assembly)	৭	জি. ভি. মালালাঙ্কান
সংখ্যালঘু ও উপজাতির মৌলিক অধিকার এবং বহিরাগত অঞ্চল বিষয়ক পরামর্শদান কমিটি (Advisory Committee on Fundamental Rights of Minorities, Tribal and Excluded areas)	৭৯	বল্লভভাই প্যাটেল
প্রাদেশিক সংবিধান কমিটি (Provincial Constitution Committee)	২৫	বল্লভভাই প্যাটেল
সংবিধান খসড়া কমিটি (Drafting Committee)	৯	ডি. বি. আর. আশ্বেদকর

উপসমিতিগুলির মধ্যে জে. বি. কৃপলনীর নেতৃত্বে মৌলিক অধিকার সংক্রান্ত কমিটি (১২), গোপীনাথ বলদোলুইয়ের নেতৃত্বে উত্তর-পূর্ব সীমান্ত, আসাম এবং বহিরাগত ও আংশিক বহিরাগত অঞ্চল কমিটি (৫) *, এ. ভি. ঠাকুরের নেতৃত্বে বহিরাগত ও আংশিক বহিরাগত (আসাম বাদে) অঞ্চল কমিটি, (৭) এবং এইচ. সি. মুখার্জীর নেতৃত্বে সংখ্যালঘু কমিটি (৩৫)* বিশেষ উল্লেখের দাবি রাখে।

প্রসঙ্গত সংবিধানের খসড়া কমিটি (Drafting Committee) সম্পর্কে বিশেষভাবে উল্লেখ করা দরকার। ড. আম্বেদকরের নেতৃত্বে ওই কমিটির সদস্যরা ছিলেন আলাদি কৃষ্ণস্বামী আয়ার, এন. গোপালস্বামী আয়েঙ্গার, কে. এম. মুন্সী, মহম্মদ শাহদুল্লা, বি. এল. মিটার ও ডি. পি. খৈতান। পরবর্তীকালে বি. এল. মিটারের স্থলাভিষিক্ত হল এন. মাধব রাও এবং প্রয়াত ডি. পি. খৈতানের শূন্যস্থান পূরণ করেন টি. টি. কৃষ্ণমাচারী। গণপরিষদের সিদ্ধান্তমত সংবিধানের খসড়া প্রস্তাব পরীক্ষা ও সংবিধানকে রূপদান করাই ছিল খসড়া কমিটির কাজ। প্রয়োজনীয় সংশোধন ও সংযোজনের কাজেও এর ভূমিকা ছিল।

১.৮. গণপরিষদের কার্যাবলী

গণপরিষদের গঠন ও কার্যপদ্ধতির উপর বিস্তৃত আলোচনার পর আসুন আমরা দেখি গণপরিষদের কাজ বা ভূমিকাটি কী! একটি আইনসভা যেভাবে কাজকর্ম করে বা কাজকর্মের যে পদ্ধতি অনুসরণ করে গণপরিষদে সেই সব পদ্ধতিই গ্রহণ করা হয়েছে। সভাপতি নির্বাচন দিয়ে শুরু করে, সবা পরিচালনার নিয়মনীতি, নির্ধারণ করে, বিভিন্ন কমিটি গঠনক রেএকটা দীর্ঘ প্রক্রিয়ার মধ্য দিয়ে গণপরিষদের কাজকর্ম চলেছে। গণপরিষদ প্রাথমিকভাবে তার কাজ শুরু করেছে আলোচনার বা বিতর্কের এক মঞ্চ হিসাবে। পরবর্তী সমসয় এই কাজটিই আইনসভার কাজ হিসাবে রূপ নেয়। এই অর্থে গণপরিষদ হল সংবিধান সভাপ্ত ভারতের সবিধান রূপ লাভ করেছে গণপরিষদেরই উদ্যোগ ও দীর্ঘ অধ্যবসায়ের মূলে।

১.৮.১ আলোচনা বঞ্চ হিসাবে গণপরিষদ

আলোচনার ও বিতর্কের মঞ্চ (Public Forum) হিসাবে গণপরিষদের প্রধান ভূমিকা ছিল সংবিধান রচনার প্রশ্নে বিতর্ক করা এবং সংবিধান রচনার কাজ পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। গণপরিষদের ভিতরে ও বাইরে সংবিধান রচনার কাজ কিভাবে চলবে, এক্ষেত্রে কাদের নেতৃত্বে থাকবে, পরিষদের এজিয়ার কি হবে নানা প্রশ্নেই কংগ্রেস ও মুসলিম লীগের মধ্যে আলোচনা ও দর কষাকষি চলেছে। অবিভক্ত ভারতে গণপরিষদের প্রথম চারটি অধিবেশনে সংবিধান রচনার প্রশ্ন ততটা গুরুত্ব পায়নি যতটা পেয়েছে গণপরিষদের কাজকর্ম পরিচালনা, বিভিন্ন স্তরে সমন্বয় ও ভারসাম্য রক্ষা, বিভিন্ন ক্ষেত্রে দায়িত্ব বন্টন ইত্যাদি প্রশ্ন। বিভিন্ন কমিটি নির্বাচন করে, এই কমিটিগুলির হাতে বিভিন্ন সমস্যা বিচারের দায়িত্ব দিয়েই প্রাথমিকভাবে কাজ চলেছে

* তারকা চিহ্ন কমিটিগুলির সভাপতি বা সদস্যরা গণপরিষদের সদস্য নন। গণপরিষদের বাইরে অন্যান্য ক্ষেত্র থেকে এঁরা মনোনীত হয়েছিলো।

গণপরিষদের। কার্যনির্বাহী কমিটি, পরিচয় সংক্রান্ত কমিটি, কর্ম নির্দেশক কমিটি ও কতকগুলি স্থায়ী কমিটি গঠন করেই প্রথম দিকে গণপরিষদ অগ্রসর হয়েছে। কমিটিগুলির প্রতিবেদন নিয়ে আলোচনা হয়েছে। সংবিধান রচনার প্রসঙ্গ গুরুত্ব পেয়েছে ভারত বিভাজনের পর ও ভারতের জন্য পৃথক গণপরিষদ সৃষ্টির পর। সংবিধান রচনার প্রস্তুতি কর্ম প্রকৃতপক্ষে শুরু হয় ১৯৪৭ সালের পরবর্তীকালে পঞ্চম অধিবেশনের সময়।

প্রাথমিকভাবে জনমঞ্চ হিসাবে গণপরিষদ উদ্দেশ্যসংক্রান্ত একটি প্রস্তাব (Objective Resolution) পেশ করে ১৩ ডিসেম্বর, ১৯৪৬। প্রস্তাবটি অনুমোদিত হয় ২২ ডিসেম্বর ১৯৪৬। ১৯৪৭ সালের ২২ জানুয়ারি ঘোষিত এ প্রস্তাবে বলা হয় ভারতবর্ষ একটি স্বাধীন, সার্বভৌম সাধারণতন্ত্র হিসাবে গড়ে উঠবে। এর পরিচালনার জন্য একটি সংবিধান থাকবে। ভারতীয় ইউনিয়ন গড়ে উঠবে দেশীয় রাজ্য, ব্রিটিশ শাসিত প্রদেশ এবং অন্যান্য অঞ্চল নিয়ে যারা এই স্বাধীন সার্বভৌম প্রজাতন্ত্রের অংশ হতে চায়। ভারত রাষ্ট্রের জনগণই হবে সব ক্ষমতার উৎস। এখানে সকলের সামাজিক, আর্থিক, রাজনৈতিক অধিকার স্বীকৃত হবে। সকলের জন্য ন্যায়, মর্যাদা, সুযোগ ও আইনের দৃষ্টিতে সমতা থাকবে। বিভিন্ন ক্ষেত্রে সকলের স্বাধীনতা থাকবে। সংখ্যালঘুর স্বার্থ সংরক্ষিত হবে। ভারতভূমির সম্মান অর্জনে এবং শান্তি ও মানবতার কল্যাণে দেশ সচেষ্টিত হবে।

বর্তমান ভারতীয় সংবিধানের সঙ্গে যেমন একটি প্রস্তাবনা (creamble) সংযুক্ত আছে, গণপরিষদের গৃহীত উদ্দেশ্য সংক্রান্ত প্রস্তাবটি সেইরূপ প্রস্তাবনার কাজ করেছে। নেহরু এই প্রস্তাবকে নিছক প্রস্তাব নয়, একটি ঘোষণা, দৃঢ় প্রতিজ্ঞা, সংকল্প, অঙ্গীকার, বলে বিবেচনা করেছেন। উদ্দেশ্য সংক্রান্ত প্রস্তাব গণপরিষদের সদস্যদের আদর্শ ভাবনা ও দর্শন প্রচার করেছে ভবিষ্যৎ গণতান্ত্রিক ভারতরাষ্ট্রের লক্ষ্য, কর্মসূচী উদ্দেশ্যসংক্রান্ত প্রস্তাবে প্রতিফলিত হয়েছে। জনমঞ্চ হিসাবে গণপরিষদের কাজকর্মে ভারতীয় নেতৃবর্গের বিচিত্র ভাবনা সমন্বিত হয়েছে। এই ভাবনায় একদিকে যেমন আছে নেহরুর গণতান্ত্রিক সমাজবাদের ভাবনা ও রাজেন্দ্রপ্রসাদের উদারবাদী ভাবনা, অন্যদিকে আছে প্যাটেলের রক্ষণশীল চিন্তা ও আশ্বেদকরের নিপীড়িতের দর্শন। নেহরুর মানবিক প্রত্যয়ের সঙ্গে মিলেছে আজাদের অনুধাবন ও বিবেচনাবোধ। আইনি ও বাস্তবধর্মী চিন্তার সঙ্গে মধ্যপন্থার আদর্শ ও স্থান পেয়েছে গণপরিষদে।

১.৮.২ আইনসভা হিসাবে গণপরিষদ

ভারত বিভাজনের পর গণপরিষদ একটি আইনসভার মতোই ভূমিক পালন করতে থাকে। ডোমিনিয়ন ভারতের সংসদীয় শাসনে গণপরিষদ পরিচিত হল সার্বভৌম সভা হিসাবেঙ্গ নিয়মতান্ত্রিক শাসনকর্তা হলেন গভর্নর জেনারেল, ভারত সচিবের পদ বিলুপ্ত হল। কেন্দ্রীয় আইনসভার বিলোপ ঘটল। সাময়িকভাবে গণপরিষদই হল আইনসভা। সংবিধান রচনার কাজ সমাপ্ত না হওয়া পর্যন্ত গণপরিষদ আইনসভার ভূমিকা পালন করবে। ১৯৩৫ সালের ভারতশাসন আইন মেনেই এই সভা চলবে বলে ঠিক হল। দায়িত্বশীল মন্ত্রীসভার (নেহরু মন্ত্রীসভা) পরামর্শ নিয়ে চলবেন গভর্নর জেনারেল (অনেকটা স্বাধীন ভারতের রাষ্ট্রপতির মতো)। আইনসভা হিসাবে গণপরিষদের কাছে মন্ত্রীসভা দায়িত্বশীল। কেন্দ্রীয় বিষয়গুলির ওপর আইনক্রমণের

পূর্ণ ক্ষমতা দেওয়া হল গণপরিষদকে। আইনসভা হিসাবে গণপরিষদকে চালনা করার দায়িত্ব পেলেন জি. ডি. মাভলঙ্কার (G. V. Mavlankar)। তিনি হলেন কেন্দ্রীয় আইনসভা হিসাবে গণপরিষদের প্রথম অধ্যক্ষ (Speaker)। আইনসভা হিসাবে গণপরিষদের দায়িত্ব পালনের জন্য গঠিত হল গণপরিষদের বিশেষ কমিটি (Committee of Functions of the Constituent Assembly)। ৭ সদস্যর এই কমিটির সভাপতি হলেন অধ্যক্ষ মাভলাঙ্কার। সাধারণ আইনবিষয়ক কার্য পরিচালনার জন্য অধ্যক্ষের সভাপতিত্বে গণপরিষদের সদস্যরা মিলিত হতে। এক্ষেত্রে ১৯৩৫ সালের ভারত শাসন আইনের শর্ত মেনেই চলত অসংবিধান আইন হিসাবে গণপরিষদের কাজ। ১৯৩৫ সালের ভারতশাসন আইনের বিধি ৯৯ (Section 99) অনুসারে যুক্তরাষ্ট্রীয় আইনসভা হিসাবে সভা সমস্ত ভারতে আইন প্রণয়নের দায়িত্বে থাকবে এবং প্রথম তালিকার (List I) অন্তর্ভুক্ত বিষয় সম্বন্ধে আইন প্রণয়ন করবে। আইনসভা হিসাবে গণপরিষদ প্রাথমিকভাবে ক্যাবিনেট মিশন পরিকল্পনামত পরিষদে প্রদেশগুলির অন্তর্ভুক্তি ও প্রতিনিধিত্বের প্রশ্নে রাজ্য কমিটির মাধ্যমে আলোচনা করেছে। বিভিন্ন উপদেষ্টা কমিটি, কার্যনিবাহী কমিটি, কার্যনির্দেশক কমিটিগুলি গণপরিষদে সক্রিয় ছিল। সাংবিধানিক প্রশ্ন থেকে প্রথম পর্যায়ে গণপরিষদে রাজনৈতিক প্রশ্ন বা দেশের ঐক্য নিয়েই বিতর্ক হয়েছে বেশি।

১.৮.৩ গণপরিষদে সংবিধান রচনার কাজ

বিতর্ক সভা, আইনি কার্যাবলীর মধ্যে গণপরিষদের কাজ সীমিত ছিল না। গণপরিষদের মূল ভূমিকা ছিল সংবিধান সভা হিসাবে সংবিধান রচনা করা। গণপরিষদ যখন সংবিধান সভা হিসাবে তার ভূমিকা পালন করেছে, তখন এর কার্য পরিচালনার নেতৃত্বে ছিলেন সভাপতি। স্বাধীনতার পূর্বে গণপরিষদের যে চারটি অধিবেশন বসেছে তার অধিকাংশ সময় ব্যয় হয়েছে কমিটি গঠনে। কমিটিগুলির কাজকর্মও তেমনভাবে শুরু হতে পারেনি। তৃতীয় অধিবেশনের পূর্বে সাংবিধানিক উপদেষ্টা বি. এন: রাও ভবিষ্যৎ সংবিধানের বৈশিষ্ট্য নিয়ে একটি প্রশ্নমালা তৈরি করে গণপরিষদের সদস্যদের মধ্যে এবং কেন্দ্রীয় ও রাজ্য আইনসভার সদস্যদের মধ্যে বিতরণ করেছিলেন। শাসনবিভাগ, আইনবিভাগ, বিচার বিভাগ, সংবিধান সংগঠন নিয়ে বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রশ্ন ছিল এই প্রশ্নমালায়। গণপরিষদের তৃতীয় অধিবেশনে (২৮ এপ্রিল, ১৯৪৭-এ শুরু এই অধিবেশন ৫ দিন চলেছিল) মৌলিক অধিকারের ওপর উপদেষ্টা কমিটির সুপারিশ নিয়ে আলোচনা হয়েছিল। কেন্দ্রীয় ক্ষমতা কমিটিও এই অধিবেশনে তার সুপারিশ পেশ করে। এই অধিবেশনে গণপরিষদ কেন্দ্রীয় ও রাজ্য সংবিধান কমিটি গঠনক রা ও পরবর্তী অধিবেশনের আগে এই কমিটির সুপারিশ পেশ করার ব্যাপারে রাষ্ট্রপতি দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া অনুমোদ করে। তবে এ ব্যাপারে গণপরিষদের কাজ তেমন এগোয়নি।

গণপরিষদের পঞ্চম তথা ১৪ আগস্টের (১৯৪৭) অধিবেশনটিই ছিল ঐতিহাসিকভাবে তাৎপর্যপূর্ণ। মধ্যরাতে শুরু এই অধিবেশনেই গণপরিষদের সদস্যরা দেশের সেবায় নিজেদের নিযুক্ত করার শপথ নিলেন। হেরু স্বাধী ভারতের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিলেন। ইতিপূর্বে গণপরিষদ সার্বভৌম সভা হিসাবে ক্ষমতা পেয়েছে। ২৯ আগস্ট সংবিধান খসড়া কমিটি গঠিত হল। আশ্বেদকারের নেতৃত্বে গঠিত এই কমিটি সংবিধানের খসড়া রচনার দায়িত্ব নিল। কমিটিকে সাংবিধানিক উপদেষ্টাদের রচিত সংবিধানের খসড়া প্রস্তাব পরীক্ষা করে ও অন্যান্য বিষয় খতিয়ে দেখে সভায় প্রস্তাবটি পেশ করার অনুমতি দেওয়া হল।

পরবর্তীকালের ইতিহাস সংবিধান রচনার ক্ষেত্রে খসড়া কমিটির তৎপরতা ও গভীর অধ্যবসায়ের ইতিহাস। সংবিধানের পদ্ধতিগত নিয়ম স্থির করার জন্য কিছুটা সময় নেবার পর কমিটি আর তেকে থাকে নি। গণপরিষদের সচিবালয় তেকে খসড়া রচনার কাজ আগস্ট, ১৯৪৭ সালেই সম্পন্ন হলেও সাংবিধানিক উপদেষ্টারা খসড়াটিকে প্রস্তুত করলেন অশেবর মাসে। ২৪৩টি অনুচ্ছেদ ও ১৩টি তফশীল সহ সংবিধান রচিত হল। ২৭ অশেবর খসড়া কমিটি বসলো সংবিধান নিয়ে পরীক্ষা-নিরীক্ষায়। ১৯৪৮ সালের ফেব্রুয়ারি মাসে খসড়া কমিটি সংবিধানের যে নতুন খসড়া উপস্থিত করলো তা আকালে আরো বৃহৎ হল। খসড়া কমিটি রচিত সংবিধানে ৩১৫টি অনুচ্ছেদ ও ৮টি তফশীল ছিল।

এর পর খসড়া সংবিধানটি প্রচার করা হল এবং এ বিষয়ে গণপরিষদের সদস্য, ভারত সরকারের মন্ত্রী, রাজ্য সরকার ও আইনসভার এবং যুক্তরাষ্ট্রীয় আদালত ও হাইকোর্টের কাছে সংবিধানের খসড়া সম্পর্কে মন্তব্য চাওয়া হল। মার্চ মাসের ২২ থেকে ২৪ সংবিধান খসড়াকমিটিতে এইসব মতামত ও মন্তব্য নিয়ে আলোচনা হল। এরপর বিষয়টি পাঠানো হল কেন্দ্রীয় সংবিধান কমিটি, কেন্দ্রীয় ক্ষমতা কমিটি ও রাজ্য সংবিধান সদস্যদের নিয়ে গঠিত এক বিশেষ কমিটির কাছে বিষয়টি নিয়ে ব্যাপক ঐক্যমতের জন্য। এপ্রিলের ১০ ও ১১ তারিখে বিশেষ কমিটিতে আলোচনা হল। ইতিমধ্যে পরামর্শ ও সংশোধন সহ নানা সুপারিশ মতামত সংগৃহীত হয়েছে। বিশেষ কমিটির সদস্য ও বিশেষজ্ঞের মূল্যবান মতামত সামনে রেখেই ১৯৪৮ সালের ১৮-২০ অশেবর খসড়া কমিটি সংবিধানের একটি রূপরেখা তৈরী করে। ১৯৪৮ সালে প্রস্তুত খসড়া সংবিধানের সঙ্গে খসড়া কমিটির সদস্যদের প্রস্তাবিত সংশোধন সংযোজন করে সংবিধানের রূপরেখাটি গণপরিষদে পেশ করা হল। ১৯৪৮ সালের ৪ নভেম্বর। এর পর শুরু হল গণপরিষদে খসড়া সংবিধানকে আইনি রূপ দেবার উদ্যোগ।

প্রথম স্তরে প্রায় পাঁচদিন সংবিধানের নীতির ওপর গণপরিষদে আলোচনা চলেছে। নভেম্বরের ১৫ তারিখে শুরু হল দ্বিতীয় পাঠের (Second Reading) পর্যায়। ১৯৪৯ সালের ১৭ অশেবর এ পর্যায়ের সমাপ্তি ঘটেছে। তবে এই পর্যায়ে জানুয়ারি ৮ থেকে মে ১৫, জুন ১৭ থেকে জুলাই ২০, সেপ্টেম্বর ১৯ থেকে অশেবর ৫—এই তিনটি বিরতি ছিল। দ্বিতীয় পাঠ পর্যায়ে ধরে ধরে, প্রতিটি ধারা ও উপধারার ক্ষপর আলোচনা চলেছে, বহু সংশোধনী (amendments) এসেছে, প্রতিটি ধারা বিচার-বিবেচনা করেই গ্রহণ করা হয়েছে।

বেশ কিছুদিন মূলতুবি থাকার পর গণপরিষদ আবার বসে। এই পর্যায়ে খসড়া কমিটি খসড়া সংবিধানের আরও কিছু পরিবর্তন এনে নভেম্বর মাসের ৩ তারিখি খসড়াটি রাষ্ট্রপতির কাছে পেশ করে। ১৯৪৯ সালে ১৪ নভেম্বর খসড়া সংবিধানের ওপর তৃতীয় পাঠ (Third Reading) শুরু হয়। ইতিমধ্যে সিন্ধু, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ, পূর্ববঙ্গ (সিলেট সহ) এবং বালুচিস্তানের প্রতিনিধিরা ভারতীয় গণপরিষদ ত্যাগ করে পাকিস্তানের গণপরিষদে যোগ দেন। ভারতীয় গণপরিষদে অবশ্য হাদ্রাবাদের সদস্যরা ছাড়া অন্য রাজ্যের (রাজ্য শাসিত) প্রতিনিধিরা যোগ দেন। এই রাজ্যগুলির মধ্যে আনস বন্টনের কজও ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। তৃতীয় পাঠ পর্যায়ে খসড়া সংবিধানের ওপর আরও কিছু সংশোধনী আনা হয়। ১৪-১৬ নভেম্বর এই সংশোধনীগুলি গ্রহণ

করা নিয়ে ভোটাভুটি হয়। ১৭ নভেম্বর খসড়া কমিটির সভাপতি খসড়া সংবিধান গণপরিষদে গ্রহণ করার জন্য বলেন। ২৬ নভেম্বর পর্যন্ত ওই প্রস্তাবের ওপর আলোচনার পর সংবিধান গ্রহণের জন্য ভোট হয়। এর পর গণপরিষদে উচ্চ কণ্ঠে সাধুবাদ ও জয়ধ্বনির মধ্যে রাষ্ট্রপতির অনুমোদনে সংবিধান গৃহীত হয়।

২৬ নভেম্বর থেকেই সংবিধান কার্যকর হয়েছে। সম্পূর্ণ সংবিধানটি অবশ্য কার্যকর হয়েছে ২৬ জরুয়ারি ১৯৫০ থেকে। তিন বছরের দীর্ঘ সময়কাল ধরে কাজ করে, ১১টি অধিবেশনে ১৬৫ দিন খরচ করে এবং ওর মধ্যে ১১৪ দিন খসড়া সংবিধানের ওপর আলোচনা কর, প্রায় ৭,৬৩৫টি সংশোধনী সহ (তার মধ্যে ২,৪৭৩টি শেষ পর্যন্ত উত্থাপিত হয়) ৩৯৫টি ধারা ও ৮টি তপসিল যুক্ত করে পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশের সংবিধান রচিত হল। সংবিধান রচনার জন্য ব্যয় হয়েছে ৬৪ লক্ষ টাকার বেশী। খসড়া সংবিধান কমিটির সদস্যদের বিপুল উৎসাহ ও পরিশ্রম, সতর্কতা এবং বিচার-বিবেচনাকে মূলধন করে, সভাপতি আশ্বেদকরের আইনী ব্যাখ্যা ও যুক্তিকে সঠিকভাবে ব্যবহার করেই পেশ হল ভারতীয় সংবিধান। সংবিধান বিশেষজ্ঞ ও গবেষকরা আশ্বেদকরকেই সম্মান জানালেন ভারতীয় সংবিধানের জনক (Father of the Indian Constitution) আখ্যা দিয়ে।

সংবিধানের প্রস্তাবনায় (Preamble) প্রকাশিত হল সংবিধানের মূল বাণী। ভারতীয় জনগণের নামেই সংবিধান প্রচারিত হল। প্রতিজ্ঞা করা হল সার্বভৌম, গণতান্ত্রিক, সাধারণতান্ত্রিক সংবিধান প্রতিষ্ঠার। বহু পরে সংশোধনী এনে ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্র কথা দুটি যোগ করা হয়েছে। প্রস্তাবনায় এর সঙ্গে যুক্ত হয়েছে সাম্য, স্বাধীনতা, মৈত্রী ও ন্যায়বিচারের নীতি।

মূল সংবিধানে নাগরিকতা, যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা, মৌলিক অধিকার, নির্দেশমূলক নীতি, আইনসভা, শাসনবিভাগ, বিচারবিভাগ, নির্বাচন, রাষ্ট্রগঠন ও প্রদেশের অন্তর্ভুক্তি, সরকারি ভাষা, সংখ্যালঘুর অধিকার এবং আরও নানা বিষয় সংযোজিত হয়েছে। স্বাধীন দেশের সাবধীন সংবিধান রচনার মধ্য দিয়েই পূর্ণ স্বরাজের প্রত্যাশা শেষ পর্যন্ত পরিপূরণ হল।

সব শেষে গণপরিষদের সাফল্য ও ব্যর্থতা নিয়ে আলোচনার অবকাশ থেকেই যায়।

১.৯ গণপরিষদের ভূমিকার মূল্যায়ন

গণপরিষদের ভূমিকার মূল্যায়ন করতে গিয়ে অনেকেই অনেক প্রশ্ন তুলেছেন। (১) গণপরিষদ প্রকৃত অর্থে গণতান্ত্রিক সংস্থা ছিল না। পরোক্ষ নির্বাচন এর ভিত্তি। গণভোটের মাধ্যমে এই সংস্থার উদ্ভব ঘটে নি বা এর পেছনে জনসাধারণের কোন অনুমোদন ছিল না। (২) গণপরিষদ রচিত সংবিধানের কোন মতাদর্শগত স্পষ্টতা বা স্বচ্ছতা ছিল না। (৩) গণপরিষদের রচিত সংবিধানের মৌলিকতা নিয়েও প্রশ্ন উঠেছে। পৃথিবীর বিভিন্ন দেশের সাংবিধানিক নীতির সামঞ্জস্য ঘটিয়ে এমন এক বিশাল সংবিধান সৃষ্টির পেছনে কোন মৌনসিকতা কাজ করেছে—এ প্রশ্ন পরায় সব গবেষকই করে থাকেন। ব্রিটিশ স্বার্থ সংরক্ষণ, রাজন্য স্বার্থ সংরক্ষণ করে জনস্বার্থ সংরক্ষণ সম্ভব নয়। ভারতশাসন আইনের (১৯৩৫) বাইরে অতিরিক্ত কিছুই সংবিধানে নেই। (৪)

আইনজ্ঞ রচিত ভারতের সংবিধান আইনী জাল ও জটিলতা অতিক্রম করতে পারে নি। খসড়া সংবিধান কমিটির সদস্যরা এতটাই নমনীয়তা দেখিয়েছেন যে মাঝে মাঝে মনে হয়েছে কোন লক্ষ্যে ওই সংবিধান গঠিত? নমনীয়তার ধারায় পরিচালিত সংবিধান খসড়া কমিটি (Drafting Committee) শেষ পর্যন্ত হয়ে দাঁড়িয়েছে লক্ষ্যহীন এক কমিটি (Drifting Committee)। (৫) অনেক ক্ষেত্রে আশ্বেদকরের নেতৃত্বে খসড়া কমিটিকে মনে হয়েছে আইনের এক শ্রেণীকক্ষ যেকনে ড. আশ্বেদকর হলেন গুরুগভীর শিক্ষক যিনি আশা করেন সবাই তাঁর অনুগত ও মনোযোগী ছাত্র। সংবিধানের বিশালত্ব, আইনী মারপ্যাঁচ, পদ্ধতিগত দুর্বলতা নিয়ে কোন প্রশ্নই এই শিক্ষকের পছন্দ নয়। সবচেয়ে বড় প্রশ্ন, সৃষ্টিকর্তা গণপরিষদের উপর খসড়া কমিটির প্রভাব যেন অনেকটা সৃষ্ট জীবের সৃষ্টিকর্তার ওপর প্রভুত্বের মতো। গণপরিষদের গতিময় শক্তি হিসাবে নেহেরু, প্রসাদ বা প্যাটেলকে ভাবা হলেও, প্রবাব বা আধিপত্যের ক্ষেত্রে আশ্বেদকর, কে. মে. মুন্সী, আয়েঙ্গার, আইয়ার ইত্যাদিরাই যেন গুরুত্ব পেয়েছেন বেশি। নেহেরুর আবেগের চেয়ে আশ্বেদকরের আইনী ব্যাখ্যা বা মতামতই গুরুত্ব পেয়েছে বেশি।

তবে শুধুমাত্র সীমাবদ্ধতা বা দুর্বলতা চিহ্নিত করে বা গণপরিষদের কাজকর্মে ধারণাগত ফাঁক বা বিচ্ছুরিত দিকে দৃষ্টি আকর্ষণ করেই সমালোচকেরা তাঁদের দায়িত্ব এড়িয়ে যেতে পারেন না। গণপরিষদ রচিত সংবিধানে প্রত্যাশিত জনপ্রতিনিধিত্ব ছিল না বা ঔপনিবেশিক প্রাপ্তির (colonial legacy) অধিক বা অতিরিক্ত কিছু সংবিধানে পাওয়া যায় নি একথা মেনে নিয়েও বলা যায় সংবিধান রচনার এমন বিরাট ব্যাপক এবং দুঃসাহসিক উদ্যোগ ইতিপূর্বে লক্ষ্য করা যায়নি। সীমাবদ্ধতা সত্ত্বেও গণপরিষদ তথা খসড়া কমিটি বিশ্বের এক বৃহত্তম সংবিধান আমাদের উপহার দিয়েছে। গণপরিষদের কার্যবিবরণীর দিকে গভীরভাবে দৃষ্টি দিলে দেখা যাবে একটি অতি বৃহৎ দেশের বৃহত্তম গণতান্ত্রিক সংবিধান রচনার জন্য কতটা গণতন্ত্রসম্মত অনুশীলন ও প্রস্তুতি গ্রহণ করতে হয়েছে। যে সহিষ্ণু মনোবাব দিয়ে পরিষদের কার্যক্রম চলেছে, প্রতিটি প্রশ্নে বিতর্ক বা আলোচনার যে সুযোগ দেওয়া হয়েছে, যে ধৈর্য নিয়ে প্রতিটি সমালোচনাকে গ্রহণ করা হয়েছে—পৃথিবীর খুব কম দেশেই সংবিধান রচনার এমন প্রয়াস লক্ষ্য করা গেছে। দ্রুততা ও হঠকারিতার পথে সংবিধান জনগণের ওপর চাপিয়ে দেওয়া হয়েছে এমন অভিযোগ গণপরিষদের কূট-সমালোচকও করবেন না। নেহেরুর দূরদর্শিতা, আশ্বেদকরের বিশেষজ্ঞ জ্ঞান বা আইনজ্ঞগণের সংগঠিত আইনি ধারণা যে কোন দেশের সংবিধান রচয়িতার কাছে এক অনুকরণযোগ্য দৃষ্টান্ত হতে পারে। গ্র্যানভিল অস্টিন (Granville Austin) বলেছেন, গণপরিষদের লক্ষ্য ছিল সমাজ বিপ্লবের এক লক্ষ্যকে পূর্ণ করা। জোহারি বলেছেন, গণপরিষদ যে সংবিধান রচনা করেছে, তা জনসম্মতির ভিত্তিতে বিপ্লবের জয়কে সূচিত করেছে। গণপরিষদ রচিত সংবিধান জনগণের প্রতি কর্তব্যের এক অঙ্গীকার, জনকল্যাণের লক্ষ্যে এক সমাজ বিন্যাসকে রূপ দেবার ও সুরক্ষিত করার এক অসাধারণ নির্দেশিকা। সংবিধানের প্রস্তাবনায় সংবিধান যে জনগণের জন্যই নিবেদিত সেই বাণীই উচ্চারিত।

একথা সত্য কোন সংবিধানই চরম পূর্ণতা বা শ্রেষ্ঠত্বের দাবি করতে পারে না। গণপরিষদের রচিত ভারতের সংবিধানও এক্ষেত্রে ব্যতিক্রম নয়। এম. ভি. পাইলি (M. V. Pylee) যথার্থই বলেছেন এটি একটি কার্যসাধনার দলিল (A workable document), আদর্শ ও বাস্তবতার সমন্বয় ঘটেছে এর মধ্যে (It is a

blend of idealism and realism)। এরকম একটি সংবিধানকে রূপ দিতে গণতন্ত্রসম্মত ভাবে যা করা প্রয়োজন, যে গভীর বিশ্লেষণ, যুক্তি-তর্ক, অনুসন্ধানী উদ্যোগের প্রতিফলন ঘটানো দরকার, সেটাই ঘটেছে। ভারতের সংবিধান সনাতন বা প্রচলিত দেশীয় ভাবধারাকে যেমন গ্রহণ করেছে, তেমনি পরিবর্তনশীল বা গতিশীল সমাজের চাহিদা বা প্রয়োজনকেও সমানভাবে মূল্য দিয়েছে। উপসংহারে বলা যায় স্বাধীন ভারতের জন্য যে সংবিধান পাওয়া গেল তা একান্তভাবে তাৎপর্যপূর্ণ প্রধানত তিনটি কারণে : (১) সার্বিক ঐক্যমদের (consensus) সুরে বাঁধার প্রচেষ্টা ও প্রক্রিয়া ছিল সংবিধান রচনার উদ্যোগটি। সংবিধানকে ভারতীয় ঐক্যের একটি ঘোষণা (a charter of Indian unity) বললে অত্যুক্তি হয় না। (২) গণতন্ত্র ও মানবিক স্বাধীনতা প্রতিষ্ঠার এক দৃঢ় প্রত্যয় উচ্চারিত হয়েছে ভারতীয় সংবিধানে। গণতান্ত্রিক ও মানবিক সংবিধানের পরিচয় পত্র (Identity Card) হিসাবেই উত্থাপিত হচ্ছে সংবিধানের প্রস্তাবনা। (৩) সংবিধানের মর্যাদা এবং সামাজিক ও নৈতিক মূল্য নির্ধারিত হয় অবশ্যই এর প্রজাতন্ত্রী ও ধর্মনিরপেক্ষ চরিত্রে। ব্রিটিশ ভারতের সাংবিধানিক সংস্কার ও প্রস্তাবগুলি থেকে গণপরিষদ রচিত সংবিধান চরিত্রে ও লক্ষ্যে অবশ্যই স্বতন্ত্র। ব্রিটিশ পার্লামেন্ট এবং সরকারের তদারকি ও নির্দেশের অবসান হল। অস্থায়ী আইনসভা হিসাবে দায়িত্ব নিল গণপরিষদ। স্বাধীন ভারতের স্বাধী সরকারের দায়িত্বে জনগণের নামে নতুন সংবিধান নিয়ে এক স্বাধীন জাতির শুভযাত্রার সূচনা হল।

১.১০ সারাংশ

দেশ শাসন ও পরিচালনার এক উৎকৃষ্ট বিধিব্যবস্থা হল সংবিধান। বর্তমান এককের আলোচনা থেকে আপনারা জানলেন সংবিধান রচনার উদ্দেশ্যেই স্বাধীনতার আগেই সৃষ্টি হয়েছে গণপরিষদ। ভারতের জাতীয় আন্দোলনের বিভিন্ন মঞ্চে, গান্ধীজি, নেহরু ও অন্যান্য জাতীয় নেতৃবর্গের দাবিতে গণপরিষদ সৃষ্টির যে বীজ বপন করা হয়েছিল সেটাই অঙ্কুরিত হল ব্রিটিশ সরকার প্রস্তাবিত বিভিন্ন সংস্কারের মাধ্যমে। জাতীয় কংগ্রেসের স্বরাজ ভাবনা, হোমরুল আন্দোলন, অসহযোগ আন্দোলনের পটভূমিতে গান্ধীজির স্বরাজ ও স্বাধীনতার দাবি, সর্বদলীয় বৈঠকে সংবিধান কমিটি গঠনের সিদ্ধান্ত, মতিলাল নেহরু কমিটির ডোমিনিয়ন মর্যাদা দাবি, জাতীয় কংগ্রেসের বিভিন্ন অধিবেশনে পূর্ণ স্বরাজের দাবি, আগস্ট আন্দোলন, সুভাষের নেতৃত্বে আজাদ হিন্দ ফৌজের অভিযান, ৪৫-৪৬ এর বৈপ্লবিক গণবিক্ষোভ, নৌ-বিদ্রোহ, মুসলিম লিগের লাহোর প্রস্তাব (পাকিস্তান রাষ্ট্রের দাবি) সবকিছুর মধ্যেই ছিল গণপরিষদ সৃষ্টির বাস্তব উপাদান।

জাতীয় আন্দোলনের এই প্রবল পরিস্থিতি ও চাপের মুখে পড়েই ব্রিটিশ সরকার সাংবিধানিক সংস্কারের কিছু প্রস্তাব নেয়। ১৯০৯, ১৯১৯ সালের সংস্কার আইনে সাংবিধানিক গণতন্ত্রের যে আভাস ছিল, সাইমন কমিশন, বিভিন্ন গোলটেবিল বৈঠকে প্রস্তাবিত শাসন সংস্কার, সাম্প্রদায়িক বাটোয়ারা, সাংবিধানিক সংস্কার বিষয়ে শ্বেতপত্র ইত্যাদির মাধ্যমে তাকে প্রসারিত করার প্রত্যাশা ব্রিটিশ সরকারের তরফে ভারতবাসীর কাছে পেশ হয়েছে মাত্র। ১৯৩৫ সালের ভারতশাসন আইনেও স্বায়ত্তশাসনের প্রস্তাব ছিল না; তবে এই আইন দায়িত্বশীল সাংবিধানিক শাসন ও সংসদীয় গণতন্ত্র সম্পর্কে ভারতবাসীর মনে আশা জাগিয়েছে। ব্রিটিশ

সরকারের তরফে গণপরিষদ গঠনের ক্ষেত্রেও ভারতবাসীকে শাসনাধিকার দেবার প্রস্তাবে ক্রিপ্স প্রস্তাব (১৯৪০), ওয়াভেন পরিকল্পনা (১৯৪৫), ক্যাবিনেট মিশন পরিকল্পনা (১৯৪৬) অবশ্যই গঠনমূলক প্রস্তাব। ক্যাবিনেট মিশন পরিকল্পনায় গণপরিষদ সম্পর্কে একটি নির্দিষ্ট প্রস্তাব ছিল। এই প্রস্তাব মেনেই ভারতে গণপরিষদের নির্বাচন হয়েছে এবং গণপরিষদ গঠিত হয়েছে। মাউন্টব্যাটেন পরিকল্পনায় (১৯৪৭) গণপরিষদ গঠনের সঙ্গে সঙ্গে ভারতবিভাজন ও ক্ষমতা হস্তান্তরের পরিকল্পনাও কার্যকর হল এবং এই পরিকল্পনা মতই গণপরিষদেরও বিভাজন ঘটলো। ভারতের স্বাধীনতা আইনে (জুন, ১৯৪৭) ভারতবিভাজন, ক্ষমতা হস্তান্তর ও গণপরিষদের ধারণা আইনি রূপ পেল।

গণপরিষদ সম্পর্কে মুসলিম লিগের অবস্থান তেমন স্পষ্ট ছিল না। কংগ্রেস আধিপত্য মেনে গণপরিষদে অংশ নেবার ইচ্ছা না থাকতে শেষ পর্যন্ত মুসলিম লিগের নেতৃত্বে স্বাধীন পাকিস্তান রাষ্ট্রে তাদের নিজস্ব গণপরিষদ গঠিত হয়। গণপরিষদে অংশ নেবার ব্যাপারে দেশীয় রাজন্যবর্গের ওপর কটন চাপ না থাকলেও রাজন্যবর্গ তাদের পছন্দমত গণপরিষদকেই বেছে নিয়েছেন।

১৯৪৬ সালের ৯ ডিসেম্বর অবিভক্ত ভারতের গণপরিষদের প্রথম অধিবেশন বসে। ড. রাজেন্দ্রপ্রসাদ গণপরিষদের সভাপতি নির্বাচিত হন। গণপরিষদের গঠনপদ্ধতির উল্লেখযোগ্য বিষয় হল এর বিশাল সদস্যসংখ্যা। নির্বাচিত ও মনোনীত সদস্য নিয়ে অবিভক্ত ভারতে পরিষদের সদস্য ছিল ৩৮৯। দেশবিভাগের পর স্বতন্ত্র ভারতীয় গণপরিষদের সদস্য দাঁড়াল ২৯৯। পরিষদের অন্যান্য গঠনতাত্ত্বিক বৈশিষ্ট্য হল কংগ্রেসের সংখ্যাধিক্য, কমিটির মাধ্যমে সভার কাজ পরিচালনা এবং পরিষদীয় পদ্ধতি মেনে বৈঠক ও বিতর্ক পরিচালনা। আইনসভা হিসাবে পরিষদের কার্যপরিচালনার দায়িত্বে ছিলেন জি. ভি. মভলঙ্কর। গুরুত্বপূর্ণ কমিটিগুলির মধ্যে উল্লেখযোগ্য ছিল জওহরলাল নেহরুর নেতৃত্বে কেন্দ্রী ক্ষমতা সংক্রান্ত কমিটি, সর্দার প্যাটেলের নেতৃত্বে মৌলিক অধিকার সংক্রান্ত কমিটি, সংখ্যালঘু বিষয়ক কমিটি, ড. কে. মে. মুন্সীর নেতৃত্বে কার্যনির্বাহী কমিটি, সর্দার প্যাটেলের নেতৃত্বে প্রাদেশিক সংবিধান কমিটি, নেহরুর নেতৃত্বে কেন্দ্রী সংবিধান কমিটি, রাজেন্দ্রপ্রসাদের নেতৃত্বে কার্যবিধি সংক্রান্ত কমিটি ও পরিচালনা কমিটি এবং ড. বি. আর. আম্বেদকরের নেতৃত্বে সংবিধান খসড়া কমিটি, বিভিন্ন অধিবেশনে (অবিভক্ত ভারতে চারটি অধিবেশন) মিলিত হয়ে গণপরিষদের কাজকর্ম চলত। গণপরিষদের অধিবেশনের মধ্যে ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ ছিল পঞ্চম অধিবেশন (২৪ আগস্ট, ১৯৪৭ মধ্য রাত্রে এই অধিবেশন বসে) এবং এই অধিবেশনেই স্বাধীন ভারতের জনগণের নামে ও কংগ্রেস দলের নেতৃত্বে গণপরিষদে পুনর্নির্বাচন হয় ও সংবিধান রচনার উদ্যোগ নেওয়া হয়। এই অধিবেশনেই সংবিধান খসড়া কমিটি গঠন করে এই কমিটির হাতে সংবিধান রচনার দায়িত্ব দেওয়া হল। গণপরিষদের একটি অভিনব বৈশিষ্ট্য ছিল এই যে নানা বৃত্তি ও পেশার ও সম্প্রদায়ের মানুষ ওই সভার প্রতিনিধি হিসাবে হাজির ছিলেন।

গণপরিষদের কাজকর্মের মধ্যে উল্লেখযোগ্য ছিল বিতর্কসভা হিসাবে নানা প্রশ্ন নিয়েও সমস্যা নিয়ে সদস্যরা আলোচনা করেন। উদ্দেশ্য ও আদর্শ সংক্রান্ত প্রশ্নাবের মধ্যেই ছিল গণতান্ত্রিক রাষ্ট্রের কর্মসূচী। ভারতীয় স্বাধীনতা আইন অনুসারে গণপরিষদ সার্বভৌম ক্ষমতা লাভ করে এবং অস্থায়ী আইনসভা হিসাবে তার দায়িত্ব পালন করে। তবে সংবিধান রচনাই ছিল গণপরিষদের মূল দায়িত্ব। নানা যত্ন ও অনুশীলনের

মধ্য দিয়ে, ব্যাখ্যা ও বিতর্কের নানা স্তর পেরিয়ে গণতন্ত্রসম্মত ভাবে দীর্ঘ সময় নিয়ে সংবিধান রচনার কাজ কলে। প্রস্তাব, অভিযুক্ত প্রসাত সংশোধন, সংযোজন করেই আইন বিশেষজ্ঞরা ভারতের সংবিধানকে রূপ দিয়েছেন। একটি গণতান্ত্রিক সংবিধানের সকল বৈশিষ্ট্যই ভারতের সংবিধানে ছিল।

১.১১ অনুশীলনী

১। রচনাত্মক প্রশ্ন :

- (ক) গণপরিষদ সৃষ্টির ইতিহাস সংক্ষেপে লিখুন।
- (খ) জাতীয় কংগ্রেসের বিভিন্ন মঞ্চে গণপরিষদ সম্পর্কে যে দাবি উঠেছিল সে বিষয়ে আলোচনা করুন।
- (গ) গণপরিষদের কার্যাবলী সম্পর্কে লিখুন।
- (ঘ) সংক্ষেপে গণপরিষদ সম্পর্কে একটি টীকা রচনা করুন।
- (ঙ) সংবিধান রচনার কাজে গণপরিষদের ভূমিকা আলোচনা করুন।

২। সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্ন :

- (ক) গণপরিষদ সৃষ্টির পেছনে ভারতীয় ভাবনা কী ছিল?
- (খ) গণপরিষদ সম্পর্কে ব্রিটিশ সরকারের মনোবাব ও নীতি ব্যাখ্যা করুন।
- (গ) ওয়াভেল পরিকল্পনা ও ক্যাবিনেট মিশন পরিকল্পনায় গণপরিষদ সম্পর্কে কী বলা হয়েছে?
- (ঘ) গণপরিষদের প্রশ্নে মুসলিম লিগের মনোভাব কী ছিল?
- (ঙ) গণপরিষদের গঠনতান্ত্রিক বৈশিষ্ট্যগুলি লিখুন।

৩। টীকা লিখুন :

- (ক) গণপরিষদের বিভিন্ন কমিটি।
- (খ) সংবিধান খসড়া কমিটি।
- (গ) গণপরিষদ ও দেশীয় রাজ্য।
- (ঘ) আইনসভা হিসাবে গণপরিষদের কাজকর্ম।
- (ঙ) গণপরিষদের নেতৃত্ব।

১.১২ গ্রন্থপঞ্জী

- ১। Durga Das Basu, *Introduction to the Constitution of India* (1999).
- ২। Granville Austin, *The Indian Constitution Cornerstone of a Nation* (1985).
- ৩। J. C. Johri, *India Government and Politics*, Vol. I, 1996.
- ৪। D. N Sen, *From Raj to Swaraj* (1954).
- ৫। M. M. Singh, *From Raj to Republic : A Retrospect* (1972)
- ৬। R. C. Agarwal, *Indian Political System* (2002)
- ৭। M. V. Pylee, *India's Constitution* (2002)
- ৮। Bipin Chandra, Mridula Mukherjee and Aditya Mukherjee, *India After Independence* (1999).

একক ২ □ গণস্বাধীনত্বের যুগের ইতিহাস : নেহেরু

গঠন

- ২.১ উদ্দেশ্য
- ২.২ ভূমিকা : ভারতীয় সমাজ ও রাজনীতিতে উত্তেজনার সূত্রগুলি
- ২.৩ প্রস্তাবনা
- ২.৪ ঔপনিবেশিক উত্তরাধিকার
- ২.৫ স্বাধীনতা সংগ্রামের ঐতিহ্য
- ২.৬ সংহতির পথে ভারত : রাজন্যশাসিত অঞ্চলগুলির অন্তর্ভুক্তি
 - ২.৬.১ জুনাগড়
 - ২.৬.২ কাশ্মীর
 - ২.৬.৩ হায়দ্রাবাদ
- ২.৭ সংহতির পথে ভারত : পণ্ডিচেরী ও গোয়া
- ২.৮ সংহতির পথে ভারত : ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের দাবি
- ২.৯ সংহতির পথে ভারত : সরকারি ভাষা সংক্রান্ত সংকট
- ২.১০ সংহতির পথে ভারত : উপজাতীয় নীতি ও উপজাতীয় বিচ্ছিন্নতাবাদ
- ২.১১ গণতন্ত্রের পথে ভারত
 - ২.১১.১ গণতন্ত্রের পক্ষে ও বিপক্ষে
 - ২.১১.২ প্রধান রাজনৈতিক দলগুলি
 - ২.১১.৩ নির্বাচনী পদ্ধতির সূচনা

২.১২ উপসংহার

২.১৩ অনুশীলনী

২.১৪ গ্রন্থপঞ্জী

২.১ উদ্দেশ্য

স্বাধীনোত্তর ভারতের যে অধ্যায় পরিচালনার গুরুভার জওহরলাল নেহরুর ওপর অর্পিত হয়েছিল, তাকে আমরা দুটি পর্বে ভাগ কবরে পাঠ করব। প্রথম পর্ব, ১৯৪৭—১৯৫২ ছিল গঠনমূলক অধ্যায়—আত্ম অন্বেষণ ও পারস্পরিক মূল্যায়নের অধ্যায়। এই পর্বের আশু কর্তব্য ছিল, W. H. Morris-Jones-এর ভাষায়, সমস্ত সম্পদ অর্থাৎ (মানব সম্পদ, প্রাতিষ্ঠানিক সম্পদ) দৃঢ়ভাবে একত্রিত করা, অস্তিত্ব (রাষ্ট্রের) সুনিশ্চিত করা, (স্বাধীনতার) উন্মুক্ত সমুদ্রে (রাষ্ট্র) জাহাজকে ভাসমান রাখা। (“The task, is to hold things together, to ensure survival, to get accustomed to the feel of the open sea, to see to it that the vassels keep afloat.”) অর্থাৎ, এই পর্বে দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্র-নায়কদের প্রধান কর্তব্য ছিল সদ্যজাত রাষ্ট্রটির ঐক্য ও সংহতি সমস্ত প্রতিকূলতার বিরুদ্ধে রক্ষা করা। স্বাধীনতার এই পরীক্ষার কালে যে সমস্যাগুলি দেশের সংহতিকে বিপন্ন করে তুলেছিল নেগুলি হল— দেশীয় রাজন্যগুলির অন্তর্ভুক্তির সমস্যা, ভাষাভিত্তিক রাজ্য-পুনর্গঠনের দাবী, সরকারী ভাষা সংক্রান্ত সমস্যা ও উপজাতি জনসমূহের বিচ্ছিন্নতাবাদী আন্দোলন। সবগুলি সমস্যার নিষ্পত্তি যে এই পর্বের মধ্যেই সম্ভব হয়েছিল তা নয়। কিন্তু এই পর্বে রাষ্ট্রনায়কদের সব থেকে বড় কৃতিত্ব ছিল সমস্ত বিচ্ছিন্নতাবাদী শক্তির বিরুদ্ধে স্বাধীনতা ও ঐক্য সুরক্ষিত করা। নেহরুর গুরুত্ব অনুযায়ী কর্তব্য নির্ধারণের নীতি এই কাজে বিশেষ সহায়ক হয়েছিল। দ্বিতীয় পর্বে, অর্থাৎ ১৯৫২ পরবর্তী সময় ক্রিয়াশীলতার দ্বারা চিহ্নিত। এই পর্বে রাষ্ট্র ব্যবস্থা একটি সুনির্দিষ্ট অবয়বপ্রাপ্ত হয়ে সক্রিয় রাজনৈতিক জীবনে পদার্পণ করে। এই সময় একাধারে পূর্বোক্ত সমস্যাগুলির যুক্তিগ্রাহ্য সমাধা হয়েছিল, এবং ভারতীয় রাজনীতিতে গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছিল।

২.২ ভূমিকা : ভারতীয় সমান ও রাজনীতিতে উদ্ভেজনার সূত্রগুলি

ভারতবর্ষের ভাষাগত, ধর্মীয়, জাতিগত ও সাংস্কৃতিক বৈচিত্র্য প্রাবাদপ্রতিক। অনুরূপভাবে সহিংস সংঘাত ও বিরোধ ভারতীয় সমাজ ও রাজনীতির চিরাচরিত বৈশিষ্ট্য। তবে বিশেষভাবে উল্লেখযোগ্য বিষয় এই যে জাতিগত বা সংস্কৃতিগত বৈরিতা কিন্তু বৈচিত্র্য থেকে স্বাভাবিকভাবে উৎসারিত হয়নি। সংঘাতের সূত্রগুলি

খুঁজতে হবে অন্যত্র। ১৯৭১-এর আদমসুমারী ৩৩টি ভাষা তালিকাভুক্ত করেছে, যার মধ্যে ১৫টি রাজনৈতিক স্বীকৃতি লাভ করেছে। ১৯৮১-র আদমসুমারী শতাধিক গোষ্ঠীতে বিভক্ত প্রায় এক কোটিরও অধিক উপজাতি জনসমূহের অস্তিত্ব নথিভুক্ত করেছে। উনবিংশ শতাব্দীর শেষ পাদ থেকে বর্তমান কাল পর্যন্ত উপজাতি জনগোষ্ঠীরগুলি বারবার রাজনৈতিক সক্রিয়তা প্রদর্শন করেছে, যার মধ্যে বেশ কিছু সহিংস বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের রূপ ধারণ করেছে। এই আন্দোলনগুলি কখনো অ-উপজাতীয় জনগোষ্ঠী, কখনো সংশ্লিষ্ট রাজন্যসরকার, কখনো বা ভারত সরকারের বিরুদ্ধে পরিচালিত হয়েছে। চরিত্রগত দিক থেকে, উপজাতি জনসমূহ কখনো মার্বাদী রাজনৈতিক সংগঠনগুলির সমর্থনপুষ্ট হয়ে অর্থনৈতিক বঞ্চনার প্রতিবাদে শ্রেণী সংঘাতে লিপ্ত হয়েছে, আবার কখনো উপজাতীয় রাজনৈতিক সংগঠনের নেতৃত্বে নিছক রাজনৈতিক দাবিদাওকে কেন্দ্র করে বিদ্রোহ করেছে। অপরদিকে এমনও অনেক উপজাতি সম্প্রদায় আছে যারা অদৌ বিদ্রোহের পথে পায় বাড়ায়নি। জাতি ও জাতিগত বৈরিতাও ভারতীয় সমাজকে বহু অংশে খণ্ডিত করেছে। আবার, এক অঞ্চল থেকে অপর একটি অঞ্চলে অভ্যর্থনা, বিশেষ করে, অসমের মত স্বল্প জন-ঘনত্ব বিশিষ্ট আদিবাসীর এলাকায় অথবা দিল্লী, মুম্বাইয়ের মত মহানগরীতে স্থানান্তর অনেক ক্ষেত্রে অধিবাসী ও বহিরাগতদের মধ্যে সংঘাতের সূত্রপাত করে।

ভাষা রাজনীতিতে জাতিগত ও সাংস্কৃতিক আন্দোলনগুলির উৎস বিশ্লেষণ করতে গেলে সর্বপ্রথম উল্লেখ করতে হয় যে ঔপনিবেশিক তথা উত্তর ঔপনিবেশিককালে রাষ্ট্রীয় স্বীকৃতি এক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ইংরেজ সরকার পূর্ব ভারতে অসমিয়া ও ওড়িশা ভাষার তুলনায় বাংলা ভাষার প্রতি পক্ষপাতি করছিল এবং উত্তর ভারতে হিন্দীর বদলে উর্দুর পৃষ্ঠপোষকতা করেছিল। দ্বিতীয়ত, সাম্রাজ্যবাদী স্বার্থে তারা মুসলিম ও শিখদের জন্য পৃথক নির্বাচকমণ্ডলীর অনুমোদন করেছিল এবং ধর্মের ভিত্তিতে অন্যান্য বিশেষ সুযোগ সুবিধাও প্রদান করেছিল। তৃতীয়ত, সাম্রাজ্যবাদী স্বার্থের তাগিদে সরকার মধ্যভারতে সমতলভূমির বাসিন্দাদের আদিবাসী এলাকায় প্রচারণা করতে উৎসাহ দিয়েছিল। কিন্তু একই স্বার্থের বশবর্তী হয়ে তারা পূর্বভারতে অনুরূপ স্থানান্তরে বাধা দিয়েছিল। উপরন্তু, দক্ষিণ ভারতে যেহেতু জাতীয় কংগ্রেসের নেতৃত্বে ব্রাহ্মণ-সম্প্রদায় প্রতিষ্ঠিত ছিল, সেহেতু ইংরেজ সরকার সেখানে ব্রাহ্মণ-বিরোধী আন্দোলনে মদত দিয়েছিল।

স্বাধীনোত্তর যুগে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার বিভিন্ন গোষ্ঠীর মধের স্বীকৃতির ভারসাম্য পরিবর্তন করতে প্রয়াসী হয়। উদর্চর স্থলে হিন্দী ভাষা সরকারি ভাষার মর্যাদা পায়। অসমে বাংলাভাষী সংখ্যালঘু সম্প্রদায় ও উপজাতি জনগোষ্ঠীর ইচ্ছার বিরুদ্ধে অসমিয়া একমাত্র সরকারি ভাষার মর্যাদা পায়। মুসলিম ও শিখদের জন্য পৃথক নির্বাচনকেন্দ্র নীতিগতভাবে বর্জন করা হয় কিন্তু সংসদে, প্রশাসনে ও শিক্ষাক্ষেত্রে তফশিলী জাতি ও উপজাতিদের জন্য আসন সংরক্ষিত করার নীতি গ্রহণ করা হয়। সমাজে রাষ্ট্রীয় স্বীকৃতির প্রভাব বিপরীত ধর্মী। কোন কোন ক্ষেত্রে স্বীকৃত গোষ্ঠীগুলি রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতার ছত্রছায়ায় নিজেদের শক্তি বৃদ্ধি করেছে।

অপরদিকে অন্যান্য গোষ্ঠীগুলি দুর্বলতর হয়ে পড়েছে। আবার ক্ষেত্রে বিশেষে মর্যাদা থেকে বঞ্চিত সম্প্রদায়গুলির মধ্যে প্রতিশোধমূলক আন্দোলন মাথাচাড়া দিয়ে উঠেছে। অস্বীকৃত কিন্তু “পশ্চাৎপদ সম্প্রদায়”গুলির তফশিলী জাতি ও উপজাতিদের প্রদত্ত সমান সুযোগ সুবিধার দাবিতে অসংখ্য আন্দোলন এই পর্যায়ভুক্ত।

কেন্দ্র ও রাজ্য সরকার অনুসৃত নীতি ও রাজনৈতিক কৌশল জাতিগত ও সংস্কৃতিগত দ্বন্দ্বের অপর একটি গুরুত্বপূর্ণ উপাদান। নেহরুর যুগে প্রধান ভাষা ও সংস্কৃতিগত আন্দোলনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বহুত্ববাদী নীতি (Pluralist Policy) অনুসরণ করে প্রধান ভাষা গোষ্ঠীগুলির ভাষাভিত্তিক রাজ্যের দাবিকে মর্যাদা দিয়েছিল। একই সঙ্গে কিন্তু আঞ্চলিক স্তরে জাতপাত বা ভাষাভাষীর দ্বন্দ্বের কেন্দ্রীয় সরকার সচেতনভাবে উভয় পক্ষ থেকে সমদূরত্ব বজায় রেখেছিল। আবার রাজ্যগুলি যখন ভাষাগত সংখ্যালঘুদের প্রতি বৈষম্যমূলক আচরণ করেছে, তখনও কেন্দ্র হস্তক্ষেপ থেকে বিরত থেকেছে।

ভারতীয় সমাজে টানা পোড়েনের অপর একটি উৎস বিভিন্ন সামাজিক গোষ্ঠীর প্রগতির অসম হার। এর ফলে চাকুরি, শিক্ষাগত সুযোগ সুবিধা ও রাজনৈতিক ক্ষমতা দখলের ক্ষেত্রে তাদের মধ্যে ভারসাম্য বিনষ্ট হয়েছে। অধিবাসী ও বহিরাগতদের মধ্যে কর্মসংস্থান, শিক্ষা ও রাজনৈতিক ক্ষমতা দখলের প্রতিদ্বন্দ্বিতা শুধু ভারতবর্ষেই নয় সমগ্র তৃতীয় বিশ্বে জাতি দাঙ্গার আকার ধারণ করেছে।

২.৩ প্রস্তাবনা

রাষ্ট্র ও সমাজের পারস্পরিক সম্পর্কের বিন্যাস সময় ও দেশ বিশেষে বিভিন্ন আকার ধারণ করে। কোথাও দীর্ঘ সময় ধরে এই সম্পর্ক বিবর্তিত হয়, আবার কোথাও কোন বড় মাপের বৈপ্লবিক পরিবর্তন রাষ্ট্র ও সমাজের পারস্পরিক সম্পর্ক নির্দিষ্ট করে দেয়। দ্বিতীয় পরিস্থিতি, অর্থাৎ, সরকার পরিবর্তন তিনভাবে উদ্ভূত হতে পারে— অভ্যন্তরীণ অভ্যুত্থান, বৈদেশিক শাসন স্থাপন অথবা তার অবসান। আধুনিক ভারত রাষ্ট্র তৃতীয় শ্রেণীর উজ্জ্বলতম দৃষ্টান্ত। এরূপ রাষ্ট্রের উন্নয়নে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ভূমিকা মুখ্য। ১৯৪৭ সালের ১৫ই আগস্ট ক্ষমতার হস্তান্তর ভারতবাসীর ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে শতাব্দীব্যাপী সংগ্রামের অবসান ঘটিয়ে সদ্যজাত রাষ্ট্রটির আর্থ-সামাজিক ও রাজনৈতিক প্রগতির সূচনা করে। জাতীয়তাবাদী নেতৃত্ব (যাঁরা স্বাধী ভারতের সার্বভৌম ক্ষমতা হাতে তুলে নিয়েছিলেন) জাতীয়তাবাদ, ধর্মনিরপেক্ষতা ও গণতন্ত্রের উপর ভিত্তি করে এমন একটি রাষ্ট্র গড়ে তুলতে চেয়েছিলেন যার লক্ষ্য হবে দ্রুত অর্থনৈতিক উন্নয়ন এবং সামাজিক ক্ষেত্রে আমূল সংস্কার, অর্থাৎ সেই সমস্ত আদর্শ বা লক্ষ্য যা জাতীয়তাবাদী আন্দোলনের নেতা হিসাবে তাঁরা তুলে ধরেছিলেন। কাজটি কিন্তু আদৌ সহজ ছিল না। দেশভাগ ও সাম্প্রদায়িক দাঙ্গার তাণ্ডব অচিরেই স্বাধীনতার

উদ্দীপনাকে ম্লান করে দিয়েছিল। ১৪ই আগস্ট প্রদত্ত একটি ভাষণে জওহরলাল নেহরু বলেছিলেন, “যে কীর্তি আজ আমরা উদ্‌যাপন করছি তা একটি পদক্ষেপমাত্র, বৃহত্তর সাফল্য ও কৃতিত্ব অর্জনের চাবিকাঠি.....আগামী দিগুণি স্বস্তির বা আরামের নয় বরং বিরামহীন পরিশ্রমের যাতে আমরা আমাদের অঙ্গীকার পূরণ করতে পারি।” (“The Achievement we celebrate today is but a step, an opening of opportunity, to the greater triumph and achievements.....That future is not one of ease and resting but of incessant striving so that we may fulfil the pledges we have so often taken.”) স্বাধীন ভারতে তাত্ক্ষণিক সমাধানের দাবী করেছিল রাজ্যনশাসিত অঞ্চলগুলির সংহতির সমস্যা, দেশব্যাপী সাম্প্রদায়িক দাঙ্গা, ৬০ লক্ষ পাকিস্তানী উদ্ভাস্তর পুনর্বাসন ও তেলেঙ্গানার কমিউনিষ্ট আন্দোলন। ঘটনাবলীর আকস্মিক সমাবেশের ফলে নতুন রাষ্ট্রের কার্যকরী নিয়ন্ত্রণ বর্তায় জওহরলাল নেহরু পরিচালিত একটি রাজনৈতিক গোষ্ঠীর হাতে যাদের প্রাথমিক কর্তব্যই ছিল দৃঢ়ভাবে আইনশৃঙ্খলা ও রাজনৈতিক স্থিতবস্থা প্রতিষ্ঠা করা। মাঝারি মাপের সমস্যাগুলি ছিল সংবিধান প্রস্তুত করা, প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক ব্যবস্থা গড়ে তোলা, কেন্দ্রে ও রাষ্ট্রগুলিতে প্রতিনিধিত্বমূলক ও দায়িত্বশীল সরকার স্থাপনের জন্য নির্বাচন করা, এবং সামগ্রিক ভূমি সংস্কারের বাধ্যমে আধা-সামন্ততান্ত্রিক কৃষি ব্যবস্থার অবসান ঘটান। দীর্ঘমেয়াদি সমস্যাগুলি ছিল জাতীয় সংহতি সাধন, জাতি গঠন, দ্রুতলয়ে অর্থনৈতিক উন্নয়ন সাধন, দেশব্যাপী দারিদ্র্য দূরীকরণ, এবং যোজনা পদ্ধতির রূপায়ণ। পাহাড় প্রমাণ সমস্যার মধ্যে দিয়ে জাতি গঠনের পথে স্বাধীন ভারত যখন তার যাত্রা শুরু করেছিল, তার পুঁজি ছিল জওহরলাল নেহরুর যোগ্য নেতৃত্বের পাশাপাশি একদিকে সর্দার বল্লভভাই প্যাটেল, মৌলানা আবুল কালাম আজাদ, সি. রাজাগোপালাচারীর মত তীক্ষ্ণবী নেতৃত্ব, এবং অপরদিকে রাজ্যস্তরে উত্তরপ্রদেশের গোবিন্দ বল্লভ পন্থ, পশ্চিম বাংলার ড. বিধানচন্দ্র রায়, বোম্বে বি. জি. খের ও মোরারজী দেশাই-এর মাপের রাজনীতিবিদ, আধুনিক ও গণতান্ত্রিক ব্যবস্থা পরিচালনায় যাঁদের যোগ্যতা ছিল প্রশ্নাতীত। কংগ্রেস নেতৃত্বের পাশাপাশি ছিলেন সমাজবাদী মতাদর্শী আচার্য নরেন্দ্র দেব ও জয়প্রকাশ নারায়ণ, শ্যামাপ্রসাদ মুখার্জী এবং দলিত নেতা ড. বি আর আম্বেদকর। রাষ্ট্রের দু’টি মুখ্য উদ্দেশ্য ছিল ঐক্যবদ্ধ জাতি গঠন এবং সমাজের মৌলিক পরিবর্তন। ১৯৪৭-এর ভারত রাষ্ট্র ছিল দু’টি পরস্পর বিরোধী ঐতিহ্যের ধারক ও বাহক; ঔপনিবেশিক ঐতিহ্য এবং জাতীয়তাবাদী আন্দোলনের ঐতিহ্য।

২.৪ ঔপনিবেশিক উত্তরাধিকার

একাধিক দিক থেকে স্বাধীন ভারতের শাসনতান্ত্রিক কাঠামো ছিল ঔপনিবেশিক প্রশাসনের উত্তরলব্ধি। এক্ষেত্রে সর্বাগ্রে উল্লেখযোগ্য সরকারের প্রয়োজনীয়তা সম্পর্কে জনমানসে সচেতনতা। এই সচেতনতার অভাবই

সাধারণত নতুন রাষ্ট্রগুলির সামনে সব থেকে বড় সমস্যা হয়ে দাঁড়ায়। গ্রামীণ ভারত হয়ত ব্রিটিশ শাসনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ছিল না। কারণ সংখ্যাগত দিক থেকে সরকার ছিল ক্ষুদ্র এবং সব থেকে বিবেকবান জেলাশাসকও সম্ভবত তাঁর এলাকাভুক্ত কিছু গ্রা অপরিদর্শিত রেখে দিতেন সময়ের অভাবে। কিন্তু প্রতিটি গ্রামেই মোড়ল ও পাটোয়ারস্থানীয় লোকেরা গ্রামীণ স্তরে সরকারের প্রতিনিধিত্ব করতেন। সরকারের অস্তিত্ব ছিল সুদূর, তার ক্ষমতা ও কর্তৃত্ব গ্রামীণ মানুষের কাছে ছিল বিস্ময়জনক এবং তার সর্বময় অস্তিত্ব সম্পর্কে তারা ছিল অতিমাত্রায় সচেতন। তাদের চোখে সরকারের ভূমিকা ছিল বৈপরীত্যে ভরা—সে একাধারে দাতা ও গ্রহীতা, রক্ষক ও ভক্ষক (কর-গ্রংগ্রাহক)। সবথেকে লক্ষ্যনীয় বিষয় ছিল এই যে সরকার সম্বন্ধে সাধারণ মানুষের মনোভাব ছিল শ্রদ্ধাসূচক এবং শক্তিশালী সরকারের অস্তিত্ব তাদের কাছে বাঞ্ছনীয় ছিল। এই সচেতনতা শেষ শুধুমাত্র গ্রামের অশিক্ষিত কৃষকের মধ্যে সীমাবদ্ধ ছিল তা নয়, শহুরে জনতার কাছে সরকার ছিল অনেক বেশি বাস্তব, অনেক বেশি দৃশ্যমান অস্তিত্ব, অতএব অনেক বেশি সমালোচনার যোগ্য। কিন্তু সরকারের গুরুত্ব সম্বন্ধে তারাও ছিল সমধিক সচেতন। শহুরে বুদ্ধিজীবীদের চোখে সরকার ছিল এমন একটি প্রতিষ্ঠান যার দিকে তাঁরা তাকিয়ে থাকতেন তাঁদের অর্থনৈতিক, প্রশাসনিক ও সাংবিধানিক প্রত্যাশা পূরণের জন্য। শাসনতন্ত্রের এই গ্রহণযোগ্যতা থেকেই একটি নতুন রাষ্ট্র তার জয়যাত্রা শুরু করতে পারে। স্বাধীন ভারতের রাষ্ট্রনেতারা ঔপনিবেশিক আমল থেকে শুধু যে শাসনতন্ত্রের গ্রহণযোগ্য মানসিকতাই উত্তরাধিকার সূত্রে পেয়েছিলেন তাই নয়, আরো সুনির্দিষ্টরূপে পেয়েছিলেন প্রশাসন যন্ত্র ও উপকরণসমূহ। এই উপকরণগুলি ছিল প্রথমত, সাংগঠনিক, কাঠামো ও পদ্ধতিগত, এবং দ্বিতীয়ত, কর্মী বিষয়ক।

আধুনিক ভারতে সংবিধানকে যদি সুস্টপ্ট ঐকিক লক্ষণযুক্ত যুক্তরাষ্ট্রীয় কাঠামো বলে চিহ্নিত করা যায়, তাহলে ১৯৪৭-এ ঔপনিবেশিক যুগের উত্তরাধিকারস্বরূপ যে সংবিধান সে লাভ করেছিল তা ছিল গুরুত্বপূর্ণ যুক্তরাষ্ট্রীয় বৈশিষ্ট্য সমন্বিত ঐকিক ব্যবস্থা। গণতন্ত্রের মত যুক্তরাষ্ট্রীয়, ব্যবস্থাও ক্রম বিবর্তনের মাধ্যমে পরিণতি লাভ করে। ১৮৬১ সালের ভারতীয় পরিষদ আইন অতি সামান্য পরিমাণে হলেও জনপ্রতিনিধিত্ব পীতি প্রবর্তন করেছিল। ১৯০৯ সালের মর্লে-মিন্টো সংস্কার ও ভারতীয় পরিষদ আইন এবং ১৯১৯ সালের মন্টেগু চেম্‌সফোর্ড রিপোর্ট ও ভারত শাসন আইন এই প্রবণতাকে আরো অগ্রসর করেছিল। ১৯৩৫ সালের ভারত শাসন আইন প্রতিনিধিত্বমূলক ও যুক্তরাষ্ট্রীয় শাসন ব্যবস্থার এই বিবর্তনের উপাস্ত এবং ১৯৫০-এর স্বাধীন ভারতের সংবিধান এই ধারায় চূড়ান্ত পরিণতি। উল্লিখিত প্রতিটি সাংবিধানিক সংস্কারই কেন্দ্রীয় এবং আইন পরিষদে এবং নির্বাহিক পরিষদে ভারতীয়দের বৃহত্তর অংশগ্রহণের পথ প্রশস্ত করেছিল এবং জনসংখ্যার ক্রমবর্ধমান অংশকে ভোটাধিকার অর্পণ করেছিল।

ব্রিটিশ শাসন ব্যবস্থা ছিল জেলাকেন্দ্রিক। একাধিক জেলার সমন্বয়ে গড়ে উঠত একটি প্রশাসনিক বিভাগ, এবং একাধিক প্রশাসনিক বিভাগের সমন্বয়ে গঠিত হত একটি প্রদেশ। আবার, প্রতিটি জেলাই একাধিক

উপবিভাগে বিভক্ত হত, এবং উপবিভাগগুলির ক্ষুদ্রতর একক ছিল তেহসিল বা তালুক যা আবার একাধিক গ্রামের সমন্বয়ে গঠিত। নিজস্ব পৌর প্রশাসন আছে এমন বড় শহর ব্যতীত সব দেশেই এই কাঠামোর ভিত্তিতে প্রশাসন গড়ে উঠেছিল। স্বাধীন ভারত এই জেলাভিত্তিক শাসন কাঠামো গ্রহণ করেছিল। এ হেন প্রশাসনের তিনটি বৈশিষ্ট্য বিশেষ গুরুত্বপূর্ণ। প্রথমত, বিভাগীড মহাধ্যক্ষ, সমাহর্তা অথবা জেলা-প্রশাসক অথবা উপ-মহাধ্যক্ষ, উপবিভাগীয় আধিকারিক। তেহসিলদার বা মমলতদার জাতীয় থানীয় সার্বিক কতৃত্ব ও দায়িত্বসম্পন্ন একজন পদাধিকারী আমলার উপস্থিতি এবং পাশাপাশি জেলা আবক্ষাধ্যক বা মুখ্য যন্ত্রবিদের মত একজন বিশেষজ্ঞ আধিকারিকের উপস্থিতি যিনি প্রাদেশিক স্তরে সরকারের উপযুক্ত বিভাগের কাছে দায়বদ্ধ থাকতেন। সরকারের অগ্রগণ্য কর্তব্য ছিল আইনশৃঙ্খলা রক্ষা করা, বিবাদ-বিসংবাদের নিষ্পত্তি এবং প্রশাসনের ব্যয় নির্বাহের জন্য রাজস্ব সংগ্রহ। এর সঙ্গে খনিষ্ঠভাবে সম্পর্কিত দ্বিতীয় বৈশিষ্ট্য ছিল বিচার-বিভাগীয় এবং প্রশাসনিক বিভাগের কর্মচারীদের মধ্যে কতলব্যের দৃঢ় পৃথকীকরণের অভাব। ব্রিটিশ শাসন ব্যবস্থার একটা প্রবণতা ছিল একই আধিকারিকের মধ্যে দুই ধরনের ক্ষমতার কিয়দংশে সমাবেশ ঘটানো। সুতরাং জেলাশাসক ছিলেন একাধারে সমাহর্তা, বিচারক এবং প্রশাসন। কেন্দ্রীভূত আমলাতন্ত্রের পাশাপাশি লর্ড রিপনের সংস্কারকামীতা এবং জাতীয়তাবাদী আন্দোলন ১৮৮২-র পর থেকে জেলাও তন্ত্রস্তরের বেসরকারী সদস্যদের একটি পরিষদ সৃষ্টি করেছিল যার সদস্যরা প্রথমে মনোনীত এবং পরবর্তীকালে নির্বাচিত হতেন। সুতরাং দেখা যায় যে ব্রিটিশ শাসন ব্যবস্থা ছিল পদমর্যাদা অনুযায়ী নীচ থেকে ওপর পর্যন্ত দৃঢ়ভাবে স্তর সমন্বিত একটি সংগঠন। উত্তরাধিকারস্বরূপ স্বাধীন ভারত এই জেলাভিত্তিক শাসন কাঠামো লাভ করেছিল কিন্তু এই সময় আইন-শৃঙ্খলা রক্ষার পাশাপাশি জেলাগুলিকে উন্নয়নমূলক কর্মসূচিরও একক হিসাবে গড়ে তোলা হয়েছিল।

ইংরেজ সরকারের কর্মীবৃন্দের প্রতি নজর দিলে দেখা যাবে যে সব থেকে মৌলিক, অগ্রগণ্য ও উৎকৃষ্ট পদ ছিল ভারতীয় (অসামরিক) প্রশাসনিক কৃত্যক (Indian Civil Service)। যে দেশে সরকারী চাকরির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে থাকে যথাযোগ্য সম্মান, সেখানে সর্বোচ্চ বিভাগের সদস্যপদ মানুষকে সমাজের উচ্চতম স্তরে উন্নীত করত। এই পদ ছিল প্রশাসনিক ক্ষমতার একচেটিয়া আধার। আমলাদের এই স্তর থেকে শুধুমাত্র জেলা, প্রাদেশিক ও কেন্দ্রীয় স্তরের শীর্ষস্থানীয় আধিকারকরাই মনোনীত হতেন না, অধিকাংশ প্রাদেশিক শাসনকর্তা, প্রাদেশিক নির্বাহিক পরিষদের সদস্যবৃন্দ, বড়লাটের নির্বাহিক পরিষদের অধিকাংশ সদস্য এবং ভারত সচিবের ভারত পরিষদের কিছু সদস্যও কৃত্যক পদ থেকে মনোনীত হতেন। প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে এই শীর্ষস্থানীয় প্রশাসনিক পদে নিযুক্তি হত। এই পদের ভারতীয় সদস্যদের, যাঁদের বলা হত ব্রিটিশ রাজের “ইম্পাত কাঠামো” স্বাধীনতা উত্তর কালেও বজায় রাখা হয়েছিল এবং এরই আদলে প্রচলিত হয়েছিল ভারতীয় জনপালন কৃত্যক (Indian Administrative Service) নামক একটি নূতন পদ। দলের অভ্যন্তরে নেহরু যতই নীতিগত বিরোধে কোণ ঠাসা হয়ে পড়তে থাকলেন, ততই তিনি এই শ্রেণীর আমলাদের উপর নির্ভরশীল হয়ে পড়লেন। এই নির্ভরশীলতা সদামঙ্গলময় ছিল না কারণ আমলাতন্ত্রে

ভারতীয়করণ ঘটলেও, দায়িত্বজ্ঞান ও সংবেদনশীলতার অভাব ব্রিটিশ আমলের মতই স্বাধীন ভারতের আমলাদেরও বৈশিষ্ট্য ছিল।

স্বাধীন ভারতের দেওয়ানী ও ফৌজদারী আইন ব্রিটিশ আইন ব্যবস্থার অবিচ্ছিন্ন ধারা। ঔপনিবেশিক যুগ থেকে স্বাধীন ভারত আরও লাভ করেছিল রাজনৈতিক দিক থেকে নিরপেক্ষ ও শক্তিশালী একটি সামরিক সংগঠন। নীতিগতভাবে ইংরেজ শাসনকরা এমন এক সামরিক সংগঠনের পক্ষপাতী ছিলেন যা চূড়ান্তভাবে পেশাদারী, রাজনৈতিক মতাদর্শ থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন এবং রাষ্ট্রীয় কর্তৃত্বের নিয়ন্ত্রণাধীন। স্বাধীন ভারতের রাষ্ট্র নেতারা এই ঐতিহ্য সাদরে গ্রহণ করেছিলেন ও লালন করেছিলেন। ঠিক এই কারণেই, প্রতিবেশী রাষ্ট্র পাকিস্তানের মত ভারতবর্ষে সামরিক শাসন কোনদিন গণতন্ত্রকে অবদমিত করতে পারেনি।

জেলাভিত্তিক সর্বভারতীয় শাসনতন্ত্র, কেন্দ্রীভূত আমলাতন্ত্র, সর্বভারতীয় প্রশাসনিক কৃত্যক (Indian Civil Service) এবং সর্বভারতীয় আইন ব্যবস্থার মাধ্যমে ইংরেজ শাসন একদিকে যেমন ভারতবর্ষের ঐক্য সাধন করেছিল এবং সর্বভারতীয় চেতনার বিকাশ ঘটিয়েছিল, অপরদিকে তারাই সাম্রাজ্যবাদী স্বার্থে বিভিন্ন শ্রেণীর ভারতীয়দের মধ্যে বিভেদ সৃষ্টি করেছিল। আধুনিক ভারতের সাম্প্রদায়িক সমস্যা অনেকাংশে সাম্রাজ্যবী ভেদনীতির বিষফল; সব শ্রেণীর ভারতীয়দের ঐক্যবদ্ধ সংগ্রামের সম্ভবনায় ভীত সাম্রাজ্যবাদী শাসকরা শুধু সাম্প্রদায়িক সমস্যাতেই ইন্ধন দেয়নি, বর্ণহিন্দু ও নিম্নবর্ণীয় হিন্দুদের সংঘাতে প্রেরণা যুগিয়েছে এবং জাতীয়তাবাদী আদর্শের বিরুদ্ধে রাজন্যবর্গকে সমর্থন করেছে। ক্ষমতা হস্তান্তরের সঙ্গে সঙ্গেই হস্তান্তরিত হয়েছিল এই দ্বিধাবিভক্ত সমাজ।

২.৫ স্বাধীনতা সংগ্রামের ঐতিহ্য

স্বাধীন ভারতের রাজনৈতিক ঘটনা প্রবাহ স্বাধীনতা আন্দোলনের দীর্ঘ ইতিহাস থেকে বিচ্ছিন্নভাবে বিশ্লেষণ করা সম্ভব নয়। ভারতবর্ষ তার অর্থনৈতিক ও প্রশাসনিক কাঠামো যদি প্রাক্ ঔপনিবেশিক ও ঔপনিবেশিক যুগ থেকে গ্রহণ করে থাকে, তাহলে সে তার নিজস্ব স্বাধীনতা আন্দোলন থেকে গ্রহণ করেছিল সেই সমস্ত মূল্যবোধ, আদর্শ ও দৃষ্টিভঙ্গী যা ছিল জাতি গঠনের প্রয়াসে তার মূল প্রেরণা। স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীন ভারতের উন্ময়ন ছিল নেহরুর ভাষায় “এক ধারাবাহিক বিপ্লব” যার দুই অধ্যায়ের যুগসূত্র ছিল এই আদর্শগুলি। শুরু থেকেই জাতীয়তাবাদীরা বুঝেছিলেন যে জাতি গঠনের প্রক্রিয়ায় ভারত নবাগত। তাঁদের ভাষায় ভারত তখনও ছিল একটি “উদীয়মান জাতি”। সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রামের মধ্যে দিয়ে তাঁরা এই প্রক্রিয়াকে পূর্ণতা দিতে সচেষ্ট হয়েছিলেন। অতএব প্রারম্ভিক পর্ব থেকেই জাতীয়তাবাদী আন্দোলন সর্বভারতীয় চেতনার ওপর গুরুত্ব আরোপ করেছিল।

সাম্প্রদায়িক ভিত্তিতে দেশের বিভাজন জাতীয়তাবাদী নেতলব্দ অনিচ্ছাসত্ত্বেও মেনে নিতে বাধ্য হয়েছিলেন, কিন্তু অন্তর থেকে গ্রহণ করেননি। অতএব স্বাধীনতার অব্যবহিত পরে স্বাধীনতা সংগ্রামের দীর্ঘ অভিজ্ঞতা থেকে লব্ধ ধ্যান ধারণা ও লক্ষ্যগুলির মধ্যে অগ্রাধিকার পেয়েছিল জাতীয় ঐক্য ও সংহতি। এই লক্ষ্য উপনীত হবার জন্য নেহরু ও তাঁর সমসাময়িক নেতারা সর্বপ্রকার জাতপাতগত, ধর্মীয়, ভাষাগত ও সংস্কৃতিগত বিরোধিতার পরিপ্রেক্ষিতে দু'টি নীতি দৃঢ়ভাবে অনুসরণ করেছিলেন; যে কোন বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে অবৈধ বলে গণ্য করা এবং প্রয়োজন বলপ্রয়োগে দমন করা; ধর্মের ভিত্তিতে কোন গোষ্ঠীর রাজনৈতিক দাবীকে স্বীকৃতি দান তেঁকে বিরত থাকা।

ভারতবাসীর স্বাধীনতা সংগ্রাম বিশ্বের ইতিহাসে সম্ভবত বৃহত্তম গণ আন্দোলনের নজির। গান্ধীজীর দেতৃত্বে এই আন্দোলন সত্যাগ্রহ নীতি অবলম্বন করেছিল, যার দ্বৈত স্তম্ভ ছিল জনগণের একাংশের সক্রিয় অংশগ্রহণ এবং নিষ্ক্রিয় অংশের সহানুভূতি ও সমর্থন। এই অহিংস বিপ্লবে জনগণের অংশগ্রহণের অভিজ্ঞতাই স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব তথা সার্বভৌম ভারতীয় গণরাজ্যের প্রতিষ্ঠাতাদের জনসাধারণের রাজনৈতিক চেতনার ওপর আস্থা রাখতে সাহায্য করেছিল এবং সর্বজনীন ভোটাধিকার প্রদানে উৎসাহ দিয়েছিল। এই অভিজ্ঞতা থেকেই প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক ব্যবস্থা এবং জনসাধারণের নাগরিক অধিকার ভারতীয় রাজনৈতিক চিন্তাধারার অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে দাঁড়ায়। গোড়া থেকেই জাতীয়তাবাদী আন্দোলন গণতান্ত্রিক ধ্যান ধারণা ও প্রতিষ্ঠানসমূহ জনগণের মধ্যে জনপ্রিয় করে তুলতে প্রয়াসী ছিল এবং সর্বজনীন নির্বাচনের ভিত্তিতে সংসদীয় প্রতিষ্ঠানসমূহ প্রবর্তনের জন্য সংগ্রাম করেছিল। বিংশ শতাব্দীর শুরু থেকে জাতীয়তাবাদীরা সর্বজনীন প্রাপ্তবয়স্ক ভোদিকারের দাবীতে সোচ্চার হয়েছিলেন। জাতীয় আন্দোলনের মূল সংগঠন, ভারতের জাতীয় কংগ্রেস, জন্মলগ্ন থেকেই গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত। প্রতিটি স্তরেই সিদ্ধান্ত গৃহীত হত আলাপ-আলোচনা ও তর্ক-বিতর্কের পর। দলের অভ্যন্তরে বিরোধী মতাবলম্বীদের মত প্রকাশের পূর্ণ স্বাধীনতা ছিল। বাস্তবে তর্ক-বিতর্ক কংগ্রেসের কর্মপদ্ধতির অঙ্গ হয়ে দাঁড়ায়। গণতান্ত্রিক-কর্মপদ্ধতি কিন্তু শুধুমাত্রই ভারতীয় জাতীয় কংগ্রেসেই সীমাবদ্ধ ছিল না। অন্যান্য রাজনৈতিক সংগঠন যথা, কংগ্রেস সোস্যালিস্ট পার্টি, ট্রেড ইউনিয়ন ও কিষানসভা, ছাত্র, বুদ্ধিজীবী ও নারী সংগঠনগুলিও একই কর্মপস্থা অবলম্বন করেছিল।

স্বাধীনতা আন্দোলনের শীর্ষস্থানীয় নেতারা নাগরিক অধিকারসমূহের প্রতি সর্বাঙ্গকরণে বিশ্বস্ত ছিলেন। লোকমান্য তিলক একদা দাবী করেছিলেন, “সংবাদপত্রের স্বাধীনতা ও বাক্-স্বাধীনতা একটি জাতিকে সৃষ্টি করে ও তাকে পুষ্ট করে।” ১৯২২-এ গান্ধীজী ও অনুরূপ মত প্রকাশ করেছিলেন। ১৯৩৯-এ তিনি বলেন, “অহিংসার সঙ্গে সামঞ্জস্য রেখে নাগরিক স্বাধীনতা স্বরাজের প্রথম পদক্ষেপ।” ১৯৩৬-এ নেহরু লিখেছিলেন, “নাগরিক স্বাধীনতা অবদমিত হলে একটি জাতি তার প্রাণবন্ত হারায় এবং বলিষ্ঠ কোন ভূমিকা পালনে অযোগ্য

হয়ে পড়ে।" নাগরিক অধিকারসমূহের সুরক্ষা শুধুমাত্র একটি গোষ্ঠী বা দৃষ্টিভঙ্গির পরিপ্রেক্ষিতেই সীমাবদ্ধ ছিল না। রাজনৈতিক ও মতাদর্শগত দিক থেকে বিরোধী গোষ্ঠীগুলিও একে অপরের নাগরিক অধিকারকে সমর্থন করেছিল। উদাহরণস্বরূপ বলা যায় গোপালকৃষ্ণ গোখল, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের মত নরমপন্থী নেতারা তিলকের মত চরমপন্থী মতাদর্শী নেতার বাক্য স্বাধীনতার অধিকারের দাবীকে সমর্থন করেছিলেন। আবার, অহিংসায় বিশ্বাসী কংগ্রেস নেতারা লাহোরে বিচারামীন ডগং সিং সহ অন্যান্য বিপ্লবী সন্ত্রাসবাদীদের প্রতি এবং মৌরটি ষড়যন্ত্র মামলায় বিচারামীন কমিউনিস্টদের প্রতি সমর্থন জ্ঞাপন করেছিলেন। ১৯২৮ সালে ইংরেজ সরকার যখন বামপন্থী ও শ্রমিক আন্দোলনগুলি দমন করার অভিপ্রায়ে 'জন নিরাপত্তা আইন' ও 'শিল্প বিরোধ আইন' প্রণয়ন করেছিল, তখন কেন্দ্রীয় আইনসভায় শুধু মতিলাল নেহরুই এই প্রস্তাবগুলির বিরোধীতা করেননি, মদনমোহন মালব্য এবং এম, আর জয়াকরের মত রক্ষণশীল নেতৃবৃন্দ এবং ঘনশ্যামদাস বিড়লা, পুরুষোত্তমদাস ঠাকুরদাসের মত পুঁজিবাদী মুখপাত্রও সমালোচনায় মুখর হয়েছিলেন। ১৯৩৭ সালে গঠিত কংগ্রেস মন্ত্রীসভা বিদ্রোহী কৃষক শ্রমিক, ছাত্র এমনকি কংগ্রেস সোস্যালিস্ট পার্টি ও কমিউনিস্ট পার্টির মত প্রগতিশীল ও চরমপন্থী গোষ্ঠী ও দলকেও নাগরিক স্বাধীনতা প্রদান করতে দ্বিধা করেনি। সুতরাং বলা যায় যে জাতীয়তাবাদী আন্দোলনের অভিজ্ঞতা থেকে স্বৈরতান্ত্রিক ও আমলাতান্ত্রিক ঔপনিবেশিক রাজনৈতিক কাঠামোর বিরুদ্ধে একটি ব্যর্থতা গড়ে উঠেছিল। গণতান্ত্রিক ও নাগরিক অধিকারের প্রতি বিশ্বস্ত এই বিরুদ্ধ ব্যবস্থার সারমর্ম ছিল মতাদর্শের প্রতি যথার্থ সম্মান, মত প্রকাশের স্বাধীনতা, তর্ক-বিতর্কের পর সংখ্যাগরিষ্ঠ মতানুযায়ী কর্ম সম্পাদন এবং সংখ্যালঘু মতের অস্তিত্ব ও বিকাশের অধিকার।

স্বাধীন ভারত তার ধর্মনিরপেক্ষতার পাঠ্য গ্রহণ করেছিল স্বাধীনতা সংগ্রামের অভিজ্ঞতা থেকে। জওহরলাল নেহরুই সম্ভবত প্রথম ভারতীয় যিনি সাম্প্রদায়িকতার মধ্যে ফ্যাসিবাদের ভারতীয় সংস্করণ দেখেছিলেন। যদিও জাতীয়তাবাদী আন্দোলন সাম্প্রদায়িকতার বিরুদ্ধে কোন উপযুক্ত রণনীতি অবলম্বন করতে পারেনি, তবুও ধর্মনিরপেক্ষতার প্রতি তার দায়বদ্ধতা ছিল প্রকৃত। ধর্মনিরপেক্ষতার সর্বসম্মত বৈশিষ্ট্যগুলি ছিল নিম্নরূপ : রাষ্ট্রের রাজনৈতিক পরিধি থেকে ধর্মের সম্পূর্ণ পৃথকীকরণ, সমস্ত ধর্মের প্রতি রাষ্ট্রীয় নিরপেক্ষতা অথবা সমান সম্মান প্রদর্শন, বিভিন্ন ধর্মাবলম্বী মানুষদের প্রতি ধর্মের ভিত্তিতে বৈষম্যমূলক আচরণের অনুপস্থিতি, এবং সাম্প্রদায়িকতার সক্রিয় বিরোধিতা।

একটি গণ-আন্দোলনে জনগণের বৃহত্তর অংশকে উদ্বুদ্ধ করতে আদর্শের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আবার সংগ্রামের স্বার্থেই বিভিন্ন রাজনৈতিক আদর্শকে নিয়ে চলতে হয়। কিন্তু স্বৈরতন্ত্রের পথ সযত্নে এড়িয়ে আন্দোলনকে হতে হয় শৃঙ্খলাবদ্ধ, ঐক্যবদ্ধ ও শক্তিশালী। ভারতের জাতীয় কংগ্রেস, মূলত যার নেতৃত্বে সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রাম গড়ে উঠেছিল, এই সত্য অনুধাবন করতে সক্ষম হয়েছিল। বৃহত্তর লক্ষ্যে উন্নীত

হবার স্বার্থে বিভিন্ন মতাদর্শের সহাবস্থান তাকে স্বীকার করতে হয়েছিল। সহাবস্থান ও সহনশীলতার এই ঐতিহ্য স্বাধীন ভারতের রাষ্ট্রনেতারা সাদরে লালন করেছিলেন।

স্বাধীন সার্বভৌম ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক ভারতবর্ষ গড়ে তোলার জন্য সংবিধান পরিষদে জাতীয়তাবাদীরা “শক্তিশালী কেন্দ্র” ও “শক্তিশালী রাষ্ট্রের” প্রয়োজনীয়তার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছিলেন। রাষ্ট্রকে তাঁরা দেখিছিলেন বিশ্বের দরবারে ভারতের স্বাধীন, সার্বভৌম অস্তিত্বের মুখপাত্রস্বরূপ। রাষ্ট্র বহির্শত্রু ও আভ্যন্তরীণ বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে দেশের কৈ সুরক্ষিত করবে, সমাজে শৃঙ্খলা ও অতাইনের শাসন প্রতিষ্ঠা করবে, এবং কেন্দ্রীয় পরিকল্পনার মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন সাধন করে শতাব্দীর অনগ্রসরতা থেকে তাকে মুক্তি দেবে।

২.৬ সংহতির পথে ভারত : রাজন্যশাসিত অঞ্চলগুলির অন্তর্ভুক্তি

আমরা আগেই উল্লেখ করেছি যে নেহরু আমলের প্রথম পর্বে রাষ্ট্রের সর্বাধিক গুরুত্বপূর্ণ কর্তব্য ছিল দেশের ঐক্য ও সংহতি রক্ষা, যার প্রথম পদক্ষেপ ছিল আঞ্চলিক পুনর্গঠন। দু’টি ধাপে আঞ্চলিক পুনর্গঠন সাধিত হয়েছিল। এক্ষেত্রে রাষ্ট্রের সামনে প্রথম সমস্যা ছিল একটি অভিন্ন সর্ববারতীয় প্রশাসনের ছত্রছায়ায় রাজন্য-শাসিত রাজ্যগুলিকে অন্তর্ভুক্ত করা।

ঔপনিবেশিক যুগে দেশীয় রাজাদের দ্বারা শাসিত ৫৬২টি ক্ষুদ্র ও বৃহৎ রাজ্যে ভারতের ৪০% ভূখণ্ড অধিকার করেছিল। ব্রিটিশ সর্বময় কর্তৃত্বের অধীনে এই রাজ্যগুলি বিভিন্ন পর্যায়ের স্বাধীনতা উপভোগ করত। ১৮৫৮ সালে যখন সমগ্র ভারতীয় ভূখণ্ডে ব্রিটিশ সম্রাটের অধিরাজত্ব কায়েম হয়, তখন সম্রাট ও দেশীয় রাজ্যগুলির মধ্যে যে সম্পর্ক স্থাপিত হয় তা ‘সর্বময় কর্তৃত্ব’ বা ‘পরমোক্ষতা’ নামে অভিহিত হয়। সম্রাট অনেকরকম চুক্তিতে দেশীয় রাজ্যগুলির সঙ্গে আবদ্ধ ছিলেন। সেসব চুক্তির একটা সাধারণ বৈশিষ্ট্য ছিল। দেশীয় রাজ্যগুলির আভ্যন্তরীণ প্রশাসনের দায়িত্ব তাদের উপরই ন্যাস্ত ছিল আর সম্রাট তাদের বহিঃসম্পর্ক ও প্রতিরক্ষার দায়িত্ব গ্রহণ করেন। মূলত তিনটি কারণে স্বাধীন ভারতে দেশীয় রাজাদের দ্বারা শাসিত রাজ্যগুলির ভবিষ্যৎ গভীর উদ্বেগের কারণ হয়ে দাঁড়ায়। প্রথম, কিছু শাসকের স্বাধীনতা স্পৃহা। দ্বিতীয়, এই স্বাধীনতা স্পৃহায় ইন্ধন যুগিয়েছিলেন ক্লীমেন্ট অ্যাটলি, যিনি ২০শে ফেব্রুয়ারী ১৯৪৭-এ ঘোষণা করেন যে ব্রিটিশ শাসনের অবসানের সাথে সাথে দেশীয় রাজাদের ওপর ব্রিটিশ সরকারের সর্বময় কর্তৃত্ব উত্তরাধিকার রাষ্ট্রগুলির হাতে বর্তাবে না। এই ঘোষণার ফলশ্রুতিতে বিভিন্ন দেশীয় রাজ্যগুলি দাবি করল যে ব্রিটিশ শাসনের অবসানে তারা স্বাধী হয়ে যাবে। তৃতীয়, দেশীয় রাজাদের স্বাধীনতা স্পৃহা আরও উৎসাহিত হয়েছিল যখন মহম্মদ আলি জিন্মা ১৯৪৭ সালের ১৮ই জুন জনসমক্ষে ঘোষণা করেন ব্রিটিশ আধিপত্য অবসানের সঙ্গে সঙ্গে রাজন্য-শাসিত রাজ্যগুলি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসাবে আত্মপ্রকাশ করবে। এই প্রসঙ্গে ব্রিটিশ মনোভাব অবশ্য

অট্টোম্যান সাম্রাজ্যের পরিবর্তিত হয়, এবং ১৯৪৭-এর ভারত শাসন আইনের ওপর নজর রাখতে গিয়ে অট্টোম্যান সাম্রাজ্য, ব্রিটিশ সরকার প্রত্যাশা করে যে দেশীয় রাজাগুলি ব্রিটিশ কমনওয়েলথের অন্তর্ভুক্ত দুটি ডোমিনিয়নের একটিতে তাদের যথাযোগ্য স্থান পুঁজে নেবে।

এই প্রসঙ্গে জাতীয়তাবাদী মনোভাব ছিল স্পষ্ট ও দৃঢ়। দেশীয় রাজ্যগুলির এই রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষা জাতীয়তাবাদী নেতৃবৃন্দের কাছে গ্রহণযোগ্য ছিল না, কারণ এই প্রবনতা স্বাধীন ভারতের ঐক্য ও সংহতির প্রতিকূল ছিল। দ্বিতীয়ত, ঊনবিংশ শতাব্দীর শেষ পর্বে থেকে জাতীয়তাবাদী আবেগ এই সমস্ত রাজ্যের জনসাধারণকে স্পর্শ করেছিল এবং তাঁরা স্বাধীনতা সংগ্রামে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছিলেন। তৃতীয়ত, জাতীয় আন্দোলনের নেতৃবৃন্দ দীর্ঘ সময় ধরে প্রচার করে এসেছিলেন যে শাসকশ্রেণী নয়, বরং জনসাধারণই রাজনৈতিক ক্ষমতার প্রকৃত অধিকারী। রাষ্ট্র নির্মাণের পথে নেমে তাঁরা স্বাধীনতাই রাজন্যবর্গের স্বাধীনতা সৃষ্টি অগ্রাহ্য করে বলিষ্ঠভাবে ঘোষণা করেন যে আঞ্চলিক নৈকট্য ও জনগণের ইচ্ছার ভিত্তিতে দেশীয় রাজ্যগুলির একমাত্র পথ ছিল ভারত অথবা পাকিস্তানের সাথে সংযুক্তি। এর পাশাপাশি গণতান্ত্রিক ব্যবস্থার প্রবর্তন ও ভারতের সঙ্গে সংযুক্তির দাবিতে এই রাজ্যগুলিতে ভেঙে ওঠে উত্তাল গণ-আন্দোলন। এই পরিস্থিতিতে দেশীয় রাজ্যগুলিকে ভারতীয় শাসনতন্ত্রের অন্তর্ভুক্ত করার দায়িত্ব ন্যস্ত করা হয় ভারতীয় রাজনীতির 'লৌহ মানব' সর্দার বল্লভ ভাই প্যাটেলের ওপর। "নির্ধারিত দিন" অর্থাৎ ১৫ই আগস্ট ১৯৪৭-এর মধ্যে অধিকাংশ রাজ্য শাসিত এলাকাই ভারতীয় অধিরাজ্যে যোগ দেয়। ব্যতিক্রম থেকে যায় শুধু জুনাগড়, কাশ্মীর ও হায়দ্রাবাদ।

২.৬.১ জুনাগড়

সৌরাষ্ট্রের উপকূলে একটি ক্ষুদ্র রাজ্য জুনাগড়। চতুর্দিকে ভারতীয় ভূখণ্ড দ্বারা পরিবেষ্টিত এই রাজ্যের পাকিস্তানের সঙ্গে কোনরূপ ভৌগোলিক নৈকট্য ছিল না; প্রতিবেশী সমস্ত রাজ্যসমূহ ভারতের সঙ্গে সংযুক্ত হয়েছিল। এই রাজ্যের অধিবাসীরা, অধিকাংশই হিন্দু ধর্মাবলম্বী, ভারতের সঙ্গে একীকরণের ইচ্ছা প্রকাশ করেছিল। এই সমস্ত বাস্তব পরিস্থিতি অস্বীকার করে জুনাগড়ের নবাব পাকিস্তানে যোগ দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করেন। পাকিস্তান এই সিদ্ধান্তকে স্বাগত জানালেও জুনাগড়ের জনগণ বিদ্রোহ করে। কংগ্রেস নেতৃত্বে ভারতের সঙ্গে সংযুক্তির দাবিতে এখানে শক্তিশালী গণ-আন্দোলন গড়ে ওঠে; ভারত ও পাকিস্তানের মধ্যে বিবাদের অন্যতম বিষয় হয়ে ওঠে জুনাগড়। কারণ ভারতীয় নেতৃবৃন্দ যেকোনো জনগণের ইচ্ছার প্রতি সম্পূর্ণ সহানুভূতিশীল ছিলেন, সেখানে ভিন্না ভৌগোলিক অবস্থান বা জনসংখ্যার জাতিগত গঠনকে সম্পূর্ণ উপেক্ষা করে ক্রমাগত প্রচার করতে থাকেন যে ব্রিটিশ সার্বভৌমত্বের অবসান প্রতিটি দেশীয় রাজ্যকে ভারত অথবা পাকিস্তানের অন্তর্ভুক্ত হওয়ার অধিকার প্রদান করেছে। জুনাগড় সমস্যা একটি বৃহত্তর প্রশ্ন উত্থাপন করে : স্বাধীনতা এক কর্তৃপক্ষ থেকে অপর কর্তৃপক্ষের হাতে ক্ষমতার বৈধ হস্তান্তর মাত্র, না, জনগণের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার চাবিকাঠি? যাই হোক, গণআন্দোলনের চাপে জুনাগড়ের নবাব দেশ ত্যাগ করতে বাধ্য হন এবং এখানে একটি অস্থায়ী

সরকার প্রতিষ্ঠিত হয়। জুনাগড়ের দেওয়ান শাহনওয়াজ ছুট্টো ভারত সরকারের হস্তক্ষেপ চাইলে ১৯৪৮ সালের ফেব্রুয়ারী মাসে ভারত জুনাগড়ে সেনা পাঠায়, একটি গণভোটের আয়োজন করে, এবং জনগণের মতানুসারে ভারতের সাথে সংযুক্তিসাধন করে।

২.৬.২ কাশ্মীর

কাশ্মীরের ক্ষেত্রে সমস্যা আরো জটিল আকার ধারণ করে। জটিলতার উৎসগুলি ছিল ভারত ও পাকিস্তান উভয়ের সাথে কাশ্মীরের সাধারণ সীমানা। কাশ্মীরের শাসক হরি সিং হিন্দু ধর্মাবলম্বী ছিলেন কিন্তু জনসংখ্যার ৭৫% মুসলিম। ভারতে গণতন্ত্র এবং পাকিস্তানে সাম্প্রদায়িকতাকে ভয় পেয়ে হরি সিং উভয়ের থেকে সমদূরত্ব বজায় রেখে স্বাধীনভাবে শাসন করতে প্রয়াসী হন। এদিকে শেখ আবদুল্লাহ নেতৃত্বে National conference ও অনশ্রিয় রাজনৈতিক ধারাগুলি ভারতের অন্তর্ভুক্ত হওয়ার আকাঙ্ক্ষা প্রকাশ করে।

ভারতীয় নেতৃবৃন্দ কিন্তু কাশ্মীর অন্তর্ভুক্ত করার কোন প্রচেষ্টা করেননি। তাঁদের চিরাচরিত নীতি অনুযায়ী কাশ্মীরের ভবিষ্যৎ নির্ধারণ করার দায়িত্ব তাঁরা কাশ্মীরের অধিবাসীদের ওপরই ন্যস্ত করেছিলেন। জনতদিকে পাকিস্তান শুধু গণভোটের নীতি অস্বীকারই করেনি, কাশ্মীরের ক্ষেত্রে জনমত লঙ্ঘন করেছিল। ২২শে অক্টোবর, ১৯৪৭-এ যখন বেশ কিছু পার্শ্ব উপজাতি পাকিস্তানের পরোক্ষ মদতে কাশ্মীর আক্রমণ করে শ্রীনগরের দিকে অগ্রসর হয়, কাশ্মীরের মহারাজা আতঙ্কিত হয়ে ভারতের কাছে সামরিক সাহায্যের আবেদন জানান। কাশ্মীরের এই আপৎকালেও কিন্তু নেহরু জনমত যাচাই না করে অন্তর্ভুক্তির পক্ষপাতী ছিলেন না। কিন্তু গভর্নর জেনারেল মাউন্টব্যাটেন বলেন যে আন্তর্জাতিক আইন অনুসারে ভারত সামরিক সাহায্য পাঠাতে পারে শুধুমাত্র আনুষ্ঠানিক অন্তর্ভুক্তির পরে। সর্দার প্যাটেল ও শেখ আবদুল্লাহ অন্তর্ভুক্তির জন্য চাপ দিতে থাকেন। অতএব ২৬শে অক্টোবর মহারাজা হরি সিং ভারতে যোগ দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করেন এবং শেখ আবদুল্লাহ প্রধানমন্ত্রীত্বে একটি অস্থায়ী সরকার গঠিত হয়। যদিও কাশ্মীরের মহারাজা এবং শেখ আবদুল্লাহ উভয়েই দৃঢ় ও চিরস্থায়ী সংযুক্তিকরণ চেয়েছিলেন, ভারত তার গণতান্ত্রিক দায়বদ্ধতার প্রতি বিশ্বস্ত থেকে কাশ্মীর উপত্যকায় শান্তি ও শৃঙ্খলা স্থাপন অর্থাৎ বিধায়টিকে মূলতুলি রাখে।

কাশ্মীরের অন্তর্ভুক্তির পর ভারতীয় মন্ত্রী পরিষদ শ্রীনগরে সেনা প্রেরণ করে। অক্রমণকারীদের শ্রীনগর থেকে অপসারণ করা হলেও তারা কিছু অঞ্চল দখল করে রাখে। মাসাধিককাল ধরে সশস্ত্র সংঘর্ষ চলার পর যখন পূর্ণমাত্রায় যুদ্ধের আকার ধারণ করার সম্ভাবনা দেখা দিল, তখন নেহরু মাউন্টব্যাটেনের পরামর্শে সম্মিলিত জাতিপুঞ্জের নিরাপত্তাপরিষদের কাছে কাশ্মীর সমস্যা উত্থাপন করে (৩০শে ডিসেম্বর, ১৯৪৭) পাকিস্তানের পশ্চাদপসরণ দাবি করেন। পরবর্তীকালে নেহরু এই সিদ্ধান্তের জন্য অনুতাপ করেছিলেন। কারণ ব্রিটেন ও মার্কিন যুক্তরাষ্ট্রের তত্ত্বাবধানে নিরাপত্তা পরিষদ পাকিস্তানের পক্ষ অবলম্বন করে। ভারতের অভিযোগ সম্পূর্ণ

অস্বীকার করে “কাশ্মীর সমস্যার” নাম দেওয়া হয় “ভারতপাক বিবাদ”। জাতিপুঞ্জের একটি প্রস্তাব অনুসারে ভারত ও পাকিস্তান উভয় দেশই যুদ্ধবিরতি মেনে নেয় (৩১শে ডিসেম্বর, ১৯৪৮), কিন্তু যুদ্ধবিরতি রেখা বরাবর কাশ্মীর আজও বিভাজিত হয়ে আছে। নিয়ন্ত্রণ রেখার অপর পারে পাক অধিকৃত অঞ্চলে আজাদ কাশ্মীর সরকার গঠিত হয়। পাকিস্তানের তরফ থেকে সমস্ত প্ররোচনা সত্ত্বেও নেহরু যুদ্ধ বিস্তার না করে সম্মিলিত জাতিপুঞ্জের সিদ্ধান্ত মেনে নেন। ভারতবর্ষের বিশেষ স্বার্থের দিকে না তাকিয়ে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল কতগুলি সাধারণ বিবেচনায়। প্যারিস ও লণ্ডন সফরের অভিজ্ঞতা থেকে তিনি বোঝেন যে আন্তর্জাতিক মঞ্চে ভারতের মর্যাদা অনেকাংশেই তার হাদ্রাবাদ ও কাশ্মীর নীতির উপর নির্বরশীল। তিনি অচিরেই বুঝেছিলেন যে দলের অভ্যন্তরে এবং বিরোধীদের কাছে তাঁর কাশ্মীর নীতি সমালোচনার উর্ধ্বে নয়। তবে সেই মুহূর্তে তাঁর কাছে সব থেকে গুরুত্বপূর্ণ বিষয় ছিল ভারত সম্পর্কে পাকিস্তানের সন্দেহ ও ভীতি নিরসনে যুদ্ধবিরতির ভূমিকা।

১৯৫১ সালে জাতিপুঞ্জ একটি প্রস্তাব অনুমোদন করে যে পাক সেনাবাহিনীর অপসারণের পরই কাশ্মীরে গণভোট অনুষ্ঠিত হবে। কিন্তু গণভোটের পরিকল্পনা বাস্তবায়িত হয়নি কারণ পাকিস্তান আজাদ কাশ্মীর থেকে সেনা প্রত্যাহার করতে অস্বীকার করে। অতঃপর ভারত ও পাকিস্তানের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের পথে মূল অন্তরায় কাশ্মীর। ভারত কাশ্মীরের আন্তর্ভুক্তিকে চূড়ান্ত বলে বিবেচনা করে ও কাশ্মীরকে ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ বলে প্রচার করার নীতি অনুসরণ করে। নেহরুর পরিকল্পনায় ভারতে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে ধর্মনিরপেক্ষতার গৌরবময় সাফল্যের ক্ষেত্রে কাশ্মীর একটি উজ্জ্বল দৃষ্টান্ত।

১৯৫৭ সালের ২৬শে জানুয়ারী জন্ম ও কাশ্মীরের জন্য একটি পৃথক সংবিধান বলবৎ করা হয়। ভারতীয় রাজ্য সংঘের অভ্যন্তরে জন্ম কাশ্মীরই একমাত্র রাজ্য যাকে এই মর্যাদা দেওয়া হয়। এই সংবিধানের সঙ্গে ভারতীয় সংবিধানের মৌলিক পার্থক্য ছিল এই যে ভারতের সংবিধানের উপবন্ধ অনুসারে কেন্দ্রীয় সংসদের এই রাজ্যের জন্য যে সব বিধি প্রণয়নের ক্ষমতা আছে সেইসব বিষয় ছাড়া অন্য সমস্ত বিষয়ে রাজ্যের নির্বাহিক ও বিধানিক ক্ষমতা প্রসারিত হবে।

২.৬.৩ হায়দ্রাবাদ

ভারতবর্ষের বৃহত্তম রাজন্যশাসিত রাজ্য হায়দ্রাবাদ সম্পূর্ণভাবে ভারতীয় ভূখণ্ড দ্বারা পরিবেষ্টিত। হায়দ্রাবাদের নিজাম ভারতের অঙ্গীভূত না হয়ে স্বাধীন মর্যাদা দাবি করেন এবং পাকিস্তানের উৎসাহে সেনাবাহিনী সম্প্রসারণ করতে থাকেন। সর্দার প্যাটেল সময় ও সুযোগের অপেক্ষায় থাকলেও স্পষ্টভাষায় জানিসেয় দেন যে ভারত তার ভৌগলিক ক্ষেত্রের মধ্যে এমন কোন বিচ্ছিন্ন অঞ্চল বরদাস্ত করবে না বা তার কণ্টর্জিত স্বাধীনতা ও সংহতিকে বিপন্ন করে তুলবেঙ্গ ভারত সরকারের সঙ্গে একটি চুক্তির ছত্রছায়ায় নিজাম তার বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপ চালিয়ে যেতে থাকেন। ক্রমে ক্রমে নিজাম গণতান্ত্রিক ব্যবস্থা প্রবর্তন করেবেন এই আশায় ভারত

সরকার ব্রিটিশ আইনজ্ঞ স্যার ওয়াল্টার মফটনকে নিযুক্ত করে তার হয়ে নিজারেম সঙ্গে আলাপ আলোচনা করার জন্য। হায়দ্রাবাদের ভবিষ্যৎ সম্পর্কে নেহরু বিশেষভাবে উদ্বিগ্ন ছিলেন কারণ ভারতের কাশ্মীর নীতির উপর হায়দ্রাবাদের প্রভাব অবশ্যম্ভাবী ছিল। এবং দুটি বিষয়ই জাতীয় সীমা অতিক্রম করে পাকিস্তানের সঙ্গে সামগ্রিক সম্পর্কের অঙ্গ হয়ে উঠেছিল।

ইতিমধ্যে হায়দ্রাবাদের অভ্যন্তরে তিনটি ঘটনা ঘটে যা ভারত সরকারকে তৎপর হতে বাধ্য করে। সরকারি পৃষ্ঠপোষকতায় সেখানে একটি মুসলিম সাম্প্রদায়িক জঙ্গী গংগঠনের উত্থান হয়—ইন্ডিহাদ-উল-মুসলিমিন। ঐ সংগঠন ও তার আধা সামরিক বাহিনী রাজাকর ঐ রাজ্যের হিন্দুদের ওপর অকথ্য অত্যাচার চালায়। রাজাকর আক্রমণ ও সরকারী দমননীতির মুখে জনগণ পার্শ্ববর্তী রাজ্যে আশ্রয় গ্রহণ করতে বাধ্য হয়। দ্বিতীয়ত, নিজামকে গণতান্ত্রিক ব্যবস্থা প্রবর্তনে বাধ্য করতে হায়দ্রাবাদ রাজ্য কংগ্রেস একটি শক্তিশালী সত্যগ্রহ আন্দোলন গড়ে তোলে। সরকারী নিপীড়নের মুখে এই আন্দোলন সশস্ত্র রূপ ধারণ করে। তৃতীয়ত, ১৯৪৬-র দ্বিতীয়ার্ধে থেকেই এই রাজ্যের তেলাঙ্গানা অঞ্চলে কমিউনিস্ট নেতৃত্বে একটি শক্তিশালী কৃষক আন্দোলন গড়ে ওঠে। প্রাথমিক পর্বে এই আন্দোলন নিজামের বিরুদ্ধে পরিচালিত হয়েছিল, কিন্তু পরবর্তীকালে তা ভারত সরকারের বিরুদ্ধে চালিত হয়েছিল। এই সমস্ত ঘটনার পাশাপাশি নিজামের অস্ত্র আমদানি অব্যাহত ছিল। অবশেষে ১৯৪৮ সালের ১৩ই সেপ্টেম্বর ভারত সরকার পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে হায়দ্রাবাদে সেনা প্রেরণ করে; তিনদিন পর হায়দ্রাবাদ রাজ্যের সেনাপতি এস্ ইদ্রুস্ ভারতীয় সেনাপতি মেজর জেনারেল জে. এন. চৌধুরীর কাছে আত্মসমর্পণ করেন। নিজামের প্রতি উদারতা প্রদর্শন করে ভারত সরকার তাঁকে হায়দ্রাবাদের আনুষ্ঠানিক শাসক বা রাজপ্রমুখ রূপে স্বীকৃতি দেয়; পঞ্চাশ লক্ষ টাকার রাজভাতা বরাদ্দ করে এবং নিজামের ব্যক্তিগত সম্পত্তির উপর তাঁর অধিকার স্বীকার করে নেয়। ভারতীয় রাজ্যসমূহের সঙ্গে হায়দ্রাবাদের সংযুক্তি দেশীয় রাজ্যগুলির ভারতীয় সংঘের সঙ্গে একীকরণের প্রক্রিয়া সমাপ্ত করে। আসমুদ্র হিমাচল ভারত সরকারের পরোয়ানা বলবৎ হয়। হায়দ্রাবাদ অধ্যায় ভারতে ধর্মনিরপেক্ষতার বিজয় আবার একবার ঘোষণা করে। হায়দ্রাবাদের অগনিত মুসলিম প্রজাই যে শুধু নিবাম বিরোধী সংগ্রামে অবতীর্ণ হয়েছিলেন তাই নয়, সমস্ত দেশ জুড়ে মুসলিম অধিবাসীরা ভারতীয় নীতি সমর্থন করে পাকিস্তান ও নিজাম উভয়কেই নিরাশ করেছিলেন।

দেশীয় রাজ্যগুলির সংযুক্তির দ্বিতীয় অধ্যায় ছিল অপেক্ষাকৃত কঠিন। ভারতীয় অধিরাজ্যে যোগদানের পর এই রাজ্যগুলি নিয়ে ভারত সরকারের দুরকম সমস্যা দেখা দেয়। এক, দেশীয় রাজ্যগুলি যাতে কিছুটা বড়ো আয়তন বিশিষ্ট হয় অর্থাৎ প্রশাসনিক একক হিসাবে টিকে থাকার উপযুক্ত হয় সেইভাবে তাদের গঠন করা, এবং দুই, ভারতের সাংবিধানিক কাঠামোর মধ্যে তাদের যথোচিত স্থান দেওয়া। প্রথম উদ্দেশ্য সাধনের জন্য ‘প্যাটেল পরিকল্পনা’ নামে একটি তিন দফা একীকরণ পদ্ধতি গ্রহণ করা হয়।

(১) ২১৬টি ক্ষুদ্র রাজ্যকে ভৌগলিক দিক থেকে তাদের সন্নিহিত প্রদেশগুলির সঙ্গে যুক্ত করা হয়। ১৯৪৮ সালের ১লা জানুয়ারী ওড়িশা প্রদেশের সঙ্গে ওড়িশা ও ছত্তিশগড়ের সংযুক্তি দিয়ে এই প্রক্রিয়া শুরু হয় এবং ১৯৫০ সালের জানুয়ারী মাসে পশ্চিমবঙ্গের সঙ্গে কোচবিহারের সংযুক্তি দিয়ে তা শেষ হয়।

(২) ৬১টি ক্ষুদ্র দেশীয় রাজ্যকে কেন্দ্রশাসিত অঞ্চলে পরিবর্তিত করা হয়। একীকরণের এই রীতি কেবল সেইসব ক্ষেত্রে অবলম্বন করা হয় যেখানে প্রশাসনিক, সামরিক অথবা অন্য কোন বিশেষ কারণে কেন্দ্রের শাসন প্রয়োজন বলে বিবেচিত হয়।

(৩) কতগুলি ছোট ছোট দেশীয় রাজ্যকে সন্মিলিত করে টিকে থাকতে পারে এমন নতুন কিছু একক গঠন করা হয়েছিল, যাকে বলা হত রাজ্যসঙ্ঘ। এইভাবে ২৭৫টি দেশীয় রাজ্যকে সন্মিতি করে ৫টি সঙ্ঘ গঠন করা হয়—মধ্যভারত, পাটিয়াটা ও পূর্ব পাঞ্জাব সঙ্ঘ, রাজস্থান, সৌরাষ্ট্র এবং ত্রিবাঙ্কুর-কোচিন।

মহীশূর, হায়দ্রাবাদ এবং জম্মু-কাশ্মীর ভারত সঙ্ঘের অভ্যন্তরে স্বতন্ত্র রাজ্যের মর্যাদা বজায় রাখে। সমস্ত প্রকার ক্ষমতা ও কর্তৃত্ব সমর্পন করার পরিবর্তে বিশিষ্ট রাজ্যগুলির শাসকদের সমস্ত কর থেকে মুক্ত রাজভাতা প্রদান করা হয়। ১৯৪৯ সালে যার মূল্য ছিল ৪ কোটি ৬৬ লক্ষ টাকা। শাসকদের উত্তরাধিকারের অধিকারকে স্বীকৃতি দেওয়া হয়েছিল। কিছু ব্যক্তিগত অধিকার ও বিশেষ অধিকার তাঁদের জন্য সংরক্ষিত করা হয়।

দেশীয় রাজাদের প্রদত্ত বিশেষ সুযোগ সুবিধাগুলিকে সমসাময়িক ও পরবর্তী পর্যবেক্ষকরা কঠোর সমালোচনা করেছেন। সরকারী নীতিকে সমর্থন করে ঐতিহাসিক বিপান চন্দ্র বলেছেন যে, স্বাধীনতা ও দেশবিভাগের অব্যবহিত পরের কঠিন পরিস্থিতির পরিপ্রেক্ষিতে, দ্রুত আঞ্চলিক ও রাজনৈতিক পুনর্গঠনের স্বার্থে এই বিশেষ সুবিধাগুলি ছিল নগন্য মূল্য যার বিনিময়ে দেশীয় রাজাদের স্বাধীন অস্তিত্বের বিলোপসাধন করা হয়েছিল। এর ফলে দেশভাগের ক্ষত কিয়দংশে প্রশমিত হয়েছিল।

২.৭ সংহতির পথে ভারত : পণ্ডিচেরী ও গোয়া

ভারতের ভূপৃষ্ঠে আরো দুটি সমস্যাকর্ষিত স্থান থেকে গেল : ভারতের পূর্ব ও পশ্চিম উপকূলে ফরাসি ও পর্তুগীজ উপনিবেশ যার মূল ঘাঁটি ছিল পণ্ডিচেরী ও গোয়া। এই উপনিবেশগুলির জনসাধারণ সদ্য স্বাধীনতাপ্রাপ্ত ভারতবর্ষের সঙ্গে যোগদান করতে তৎপর ছিল। ফরাসি কর্তৃপক্ষ পরিণত বিচার বুদ্ধির পরিচয় দিয়ে দীর্ঘ আলোচনার পর ১৯৫৪ সালে পণ্ডিচেরী ও অন্যান্য ফরাসি ঘাঁটি ভারত সরকারের হাতে তুলে দেয়। কিন্তু ন্যাটো (NATO) গোষ্ঠীর মিত্র ব্রিটেন ও মার্কিন যুক্তরাষ্ট্রের মদতপুষ্ট হয়ে পর্তুগীজরা গোয়া ধরে রাখতে দৃশ্য প্রতিজ্ঞা ছিল। দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে নেহরু ১৭ই ডিসেম্বর ১৯৬১ গোয়াতে ভারতীয়

সেনা পাঠান। গোয়ার শাসক কোন প্রকার সংঘর্ষে না গিয়ে আত্মসমর্পণ করেন। স্বাধীনতার চৌদ্দ বছর পর ভারতের আঞ্চলিক সংহতি সম্পূর্ণ হয়।

স্বাধীন ভারতের আঞ্চলিক পুনর্গঠনের ইতিহাস পর্যালোচনা করলে যে বিষয়টি সহজেই চোখে পড়ে তা হল ভারতবর্ষের আঞ্চলিক সীমানা প্রকৃতিদত্ত বা ইতিহাসলব্ধ নয়। ক্ষমতা হস্তান্তরের বিশেষ পরিস্থিতি, পদ্ধতি এবং ভারত সরকারের সাথে দেশীয় রাজাদের আপোষ আলোচনার ফলশ্রুতি এই সীমারেখাগুলি।

২.৮ সংহতির পথে ভারত : ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের দাবি

স্বাধীনতার প্রথম দুই দশকের মধ্যে ভাষা বিভিন্নরূপে জাতীয়তাবাদী নেতৃত্বদের সমস্যা হয়ে দাঁড়ায়। দেশীয় রাজ্যগুলির সংযুক্তির অব্যবহিত পরেই ভারতীয় সংহতিকে চ্যালেঞ্জ জানিয়েছিল ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের দাবি। ১৯৫০ সালে যখন সংবিধান কার্যকরী করা হয় তখন স্বাধীন ভারতের অঞ্চলসমূহ চারটি ভাগে বিভক্ত ছিল—ভাগ ‘ক’-এর অন্তর্ভুক্ত রাজ্যগুলি ছিল ব্রিটিশ ভারতের প্রাক্তন প্রদেশসমূহ যথা, অসম, বিহার, বোম্বে, মধ্যপ্রদেশ, মাদ্রাজ, ওড়িশ্যা, পাঞ্জাব, উত্তরপ্রদেশ এবং পশ্চিমবঙ্গ। পূর্বতন রাজন্যশাসিত অঞ্চলগুলিকে নিয়ে ‘খ’ ভাগের রাজ্যগুলি গঠিত হয়েছিল। যথা—হাদাবাদ, জম্মু ও কাশ্মীর, মধ্যভারত, মহীশূর, পাতিয়ালা ও পূর্ব-পাঞ্জাব রাজ্য সংঘ, রাজস্থান, সৌরাষ্ট্র, ত্রিবান্ধুর-কোচিন। ‘গ’ ভাগের অন্তর্ভুক্ত রাজ্যগুলি পূর্বতন মুখ্য মহাধ্যক্ষের (Chief Commissioner) প্রদেশসমূহ নতুবা রাজ্যশাসিত রাজ্যগুলির সংযুক্তির ফলে গঠিত ক্ষুদ্রতর একক। যথা—আজমীর, বিলাসপুর, ভূপাল কুর্গ, দিল্লী, হিমাচল প্রদেশ, কচ্ছ, মনিপুর, ত্রিপুরা, বিন্দ্যপ্রদেশ। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ নিয়ে গঠিত হয়েছিল ‘ঘ’ বিভাগের রাজ্যগুলি। এই বিশেষ কাঠামো কোন সুনির্দিষ্ট নীতি অনুযায়ী গড়ে ওঠেনি, বরং একে একে রাজ্যগুলি ভারতে মিলে যাওয়ার ফলস্বরূপ গঠিত হয়েছিল।

ভাষার ভিত্তিতে রাজ্যগুলির পুনর্গঠনের দাবির স্বপক্ষে কিছু জোরালো যুক্তি উপস্থাপিত করা হয়েছিল। যে কোন দেশের সংস্কৃতি ও দেশাচারের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে থাকে ভাষা। তাছাড়া শুধুমাত্র মাতৃভাষার মাধ্যমেই শিক্ষার ব্যাপক প্রসার ও গণ-সাক্ষরতা সম্ভব। সাধারণ মানুষের কাছে গণতন্ত্র তখনই অর্থবহ হয়ে উঠতে পারে যখন রাজনৈতিক ও প্রশাসনিক ক্রিয়াকলাপ সর্বসাধারণের বোধগম্য ভাষায় পরিচালিত হয়। কিন্তু একটি বিশেষ ভাষার ভিত্তিতে রাজ্য গঠিত না হলে সেই ভাষা কখনোই প্রশাসনিক বা বিচার বিভাগীয় কাজের মাধ্যম হয়ে উঠতে পারে না। এই বাস্তবকে স্বীকার করে নিয়ে ১৯১৯ সালের পর থেকে ভারতের জাতীয় কংগ্রেস মাতৃভাষার মাধ্যমে রাজনৈতিক প্রচার শুরু করে এবং ১৯২১ সালে তার সংবিধান পরিবর্তন করে আঞ্চলিক

শাখাগুলি ভাষার ভিত্তিতে পুনর্গঠন করে। গান্ধীজিও মাতৃভাষার গুরুত্ব সম্যক উপলব্ধি করেছিলেন। তিনি স্বীকার করেছিলেন যে আঞ্চলিক ভাষাগুলির পূর্ণবিকাশের জন্য ভাষার ভিত্তিতে প্রদেহগুলির পুনর্গঠন একান্ত জরুরী। সুতরাং স্বাধীন ভারতের অভ্যন্তরীণ সীমানাগুলি যে ভাষার ভিত্তিতে রচিত হবে এটাই সর্বসম্মত সিদ্ধান্ত ছিল। কিন্তু দেশ বিভাগের হাত ধরে আসে গুরুতর প্রশাসনিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বিশৃঙ্খলা। কাশ্মীর সমস্যার জটিলতা ও পাকিস্তানের সঙ্গে সম্ভাব্য যুদ্ধের মুখোমুখি দাঁড়িয়ে রাষ্ট্রনেতাদের সামনে সব থেকে গুরুত্বপূর্ণ কর্তব্য ছিল জাতীয় সংহতি রক্ষা করা। তাঁদের আশঙ্কা ছিল যে ঐ ক্রান্তিকালে অভ্যন্তরীণ সীমারেখা পুনর্বিবেচনা করতে গেলে প্রশাসন ভেঙে পড়বে, অর্থনৈতিক উন্নয়ন ব্যাহত হবে, আঞ্চলিক ও ভাষাগত বিরোধ মাথাচাড়া দিয়ে উঠবে এবং নাশকতামূলক শক্তিগুলি জাতীয় সংহতির কণ্ঠরোধ করবে। সুতরাং নীতিগতভাবে ভাষাভিত্তিক রাজ্যের প্রতি দায়বদ্ধ থেকেও ক্ষমতাসীন নেতারা বিষয়টিকে অগ্রবর্তীতা দিতে পারেননি।

যাই হোক, সংবিধান পরিষদে ভাষাভিত্তিক পুনর্গঠনের প্রশ্নটি উত্থাপিত হওয়ায় ১৯৪৮ সালে বিচারপতি এস. কে. দরের সভাপতিত্বে Linguistic Provinces Commission গঠন করা হয়। এই কমিশনের প্রতিবেদনে বলা হয় যে ভাষাভিত্তিক আঞ্চলিক পুনর্গঠন প্রশাসনিক দক্ষতার অবক্ষয় ঘটাবে। একটি বিক্ষুব্ধ ভাষাগত সংখ্যালঘু সম্প্রদায়ের সৃষ্টি করবে এবং জাতীয় ঐক্য এমন একটি মুহূর্তে বিনষ্ট করবে যখন সর্বশক্তি প্রয়োগ করে তা ধরে রাখা একান্ত জরুরী। এই সমস্ত যুক্তির ভিত্তিতে কমিশন রায় দেয় যে ভাষার ভিত্তিতে রাজ্যগঠন জাতীয় স্বার্থের পরিপন্থী, সুতরাং অবাস্তব। কিন্তু অর্ধশতাব্দী ধরে আঞ্চলিক ভাষাগুলিকে ঘিরে যে রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক উচ্চাশা গড়ে উঠেছিল তা সহজে ধুলিসাৎ করা সম্ভব ছিল না। সাময়িকভাবে থিতুয়ে গেলেও এই দাবি আবার মাথা চাড়া দিয়ে ওঠে, এবং একথা স্পষ্ট হয়ে যায় যে ভাষাভিত্তিক রাজ্যগঠনের দাবিকে অবদমিত করলে জাতীয় ঐক্য অনেক বেশী মাত্রায় বিপন্ন হবে। এই দাবিতে দক্ষিণীরা ছিলেন অনড়। মাদ্রাজ, হায়দ্রাবাদ ও মহীশূরে ইতস্তত বিক্ষিপ্তভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকা তেলেগু ভাষীরা অল্পে পৃথক তেলেগু রাজ্যের দাবিতে সোচ্চার হয়েছিলেন; কন্নড় ভাষীরা প্রধানত মহীশূরে সন্নিবিষ্ট ছিলেন কিন্তু প্রতিবেশী রাজ্যগুলিতেও সংখ্যালঘু হিসাবে উপস্থিত ছিলেন; মারাঠী ভাষীরা গুজরাতিদের সঙ্গে বোম্বাই ভাগাভাগি করে নেওয়ার পরিবর্তে নিজস্ব পৃথক রাজ্য দাবি করেছিলেন। মালয়লম ও তামিল ভাষীরাও একই কারণে বিক্ষুব্ধ ছিলেন এবং অনুরূপ আকাঙ্ক্ষা কোষণ করতেন। অংশত জনমতের চাপে এবং অংশত বিষয়টি রাজনৈতিক মাত্রাপ্রাপ্ত হচ্ছে দেখে জহওরলাল নেহরু, সর্দার বল্লভভাই প্যাটেল এবং পট্টভি সিতারামাইয়াকে নিয়ে জে. ভি. পি. কমিটি গঠন করে (ডিসেম্বর, ১৯৪৮) ভাষাভিত্তিক রাজ্যগঠনের বিষয়টি পুনর্বিবেচনা করার জন্য। জেভিপি কমিটির প্রতিবেদনেও ভাষার ভিত্তিতে রাজ্যগঠনের বিরুদ্ধে রায় দেওয়া হয়। পরিণামস্বরূপ দেশ জুড়ে রাজ্য পুনর্গঠনের দাবিতে গণ-আন্দোলনের জোয়ার আসে।

ভাষার ভিত্তিতে রাজ্যগঠনের ইতিহাস পর্যালোচনা করতে গেলে সর্বাপ্রাে উল্লেখযোগ্য অন্ধর রাজ্যের দাবিতে তেলেগু ভাষীদের সংগ্রাম। অর্ধশতাব্দী ধরে এই দাবি জনপ্রিয়তা অর্জন করেছিল এবং প্রায় সমস্ত রাজনৈতিক দলেরই সহানুভূতি লাভ করেছিল। জেভিপি কমিটি মদ্রাজ প্রেসিডেন্সি থেকে অন্ধ্র গঠন করার যৌক্তিকতা স্বীকার করে নেয় এবং তামিলনাড়ুর নেতৃবৃন্দও এই প্রস্তাবে সম্মত হয়। কিন্তু বিতর্ক দেখা দেয় মাদ্রাজ শহরকে কেন্দ্র করে। অন্ধ্র নেতারা মাদ্রাজ ডে়ে দিতে ইচ্ছক ছিলেন না। কিন্তু ভৌগলিক ও ভাষাগত দিক থেকে মাদ্রাজ তামিলনাড়ুর প্রাপ্য ছিল। ১৯শে অক্টোবর ১৯৫২ জনপ্রিয় স্বাধীনতা সংগ্রামী পোটি শ্রীরামালু আমরণ অনশন শুরু করেন। ৫৮ দিন পর তাঁর মৃত্যু হলে অন্ধ্রজুড়ে শুরু হয় দাঙ্গা, মিছিল, হরতাল ও হিংসাত্মক কার্যকলাপ। এই পরিস্থিতিতে অবশেষ সরকার অন্ধ্র রাজ্যের দাবি মেনে নেয়। ১৯৫৩ সালো অক্টোবরে সৃষ্টি হয় তেলেগুভাষী অন্ধ্র ও তামিল ভাষী অঞ্চল তামিলনাড়ু।

অন্ধ্রের সাফল্য ভাষাভিত্তিক আঞ্চলিক পুনর্গঠনের দাবিতে আন্দোলনরত অন্যান্য ভাষাগোষ্ঠীকে উৎসাহিত করে। ঐ সময় নেহরু আঞ্চলিক পুনর্গঠনের নীতি সম্পূর্ণ কার্যকরী করার পক্ষপাতী ছিলেন না কিন্তু গণতন্ত্রের প্রতি দায়বদ্ধ থেকে তাঁর পক্ষে ধারাবাহিকভাবে জনমত উপেক্ষা করা সম্ভব হয়নি। কিয়দংশ জনগণের জচাহিদা পূরণ করতে এবং কিয়দংশে সমস্যাটিকে প্রলম্বিত করতে ১৯৫৩ সালের আগস্ট মাসে নেহরু বিচারপরি ফজল আলি, কে. এম. পানিকর ও হৃদয়নাথ কুঞ্জরুকে নিয়ে রাজ্য পুনর্গঠন কমিশন গঠন করেন রাজ্য পুনর্গঠনের সমগ্র বিষয়টি “নিরপেক্ষ ও নিরাসক্তভাবে” পুনর্বিবেচনা করার উদ্দেশ্যে। ১৯৫৫ সালে এই কমিশনের প্রতিবেদন প্রশাসনিক ও অর্থনৈতিক বিষয়ের ওপর গুরুত্ব আরোপ করেও ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের সুপারিশ করে। কমিশনের রায় অবশ্য বোম্বে ও পাঞ্জাব বিভাজনের বিপক্ষে ছিল। কিঞ্চিৎ রদবদল করে রাজ্য পুনর্গঠন কমিশনের সুপারিশগুলি কার্যকরী করা হয়। ১৯৫৬ সালে রাজ্য পুনর্গঠন আইন সংসদে পাশ করা হয়। এর ফলে চোদ্দটি রাজ্য ও ছয়টি কেন্দ্রশাসিত অঞ্চলে সৃষ্টি হয়। হায়দ্রাবাদের তেলেঙ্গানা অঞ্চল অন্ধ্র রাজ্যকে হস্তান্তরিত করা হয়। পুরাতন মাদ্রাজ প্রেসিডেন্সির মালাবার জেলার সঙ্গে ত্রিবাকুর কোচিনকে যুক্ত করে কেরলের সৃষ্টি হয়।

রাজ্য পুনর্গঠন কমিশন ও রাজ্য পুনর্গঠন আইনের বিরুদ্ধে তীব্রতম প্রতিক্রিয়া ব্যক্ত করে মারাঠাভাষীরা। এই কমিশনের প্রতিবেদন মালয়লম ও কন্নড়ভাষীদের চাহিদাপূরণের সুপারিশ করলেও বোম্বে বিভাজনের বিরুদ্ধে রায় দিয়েছিল। বরং বোম্বে ও মধ্যপ্রদেশের অংশ বিশেষ নিয়ে বিদর্ভ রাজ্য গঠনের প্রস্তাব দেওয়া হয়েছিল। এই প্রস্তাব কিছু মারাঠাভাষীকে নিজস্ব রাজ প্রদান করত ঠিকই কিন্তু অধিকাংশ মারাঠাভাষীই অবিভক্ত বোম্বে রাজ্যে গুজরাতিদের তুলনায় সংখ্যালঘুতে পরিণত হত। এই আপোষ মীমাংসার ফলে বোম্বে শহরে দাঙ্গা বেধে যায় এবং ৮০ জনের প্রাণহানি হয়। সমস্যা সমাধানের শেষ প্রয়াসে রাজ্য পুনর্গঠন আইন কচ্ছ, সৌরাষ্ট্র ও হায়দ্রাবাদের মারাঠাভাষী এলাকাগুলি বোম্বের সাথে সংযুক্ত করে ও রাজ্যের আয়তন বৃদ্ধি করে।

এই পদক্ষেপ কিন্তু কোন পক্ষকেই তুষ্ট করতে পারল না। মারাটাভাষীরা বোম্বে শহরকে অন্তর্ভুক্ত করে পৃথক রাজ্যের দাবিতে অনড় থাকে। অপরদিকে অবিভক্ত নতুন রাজ্যে গুজরাতীরা সংখ্যালঘুতে পরিণত হয়। অধিকন্তু সংযুক্ত মহারাষ্ট্র সমিতি ও মহাগুজরাত জনতা পরিষদ নামক দুটি ভাষাভিত্তিক গণগঠন রাজনৈতিক দলগুলির স্থাভিষিক্ত হয়। গণ-আন্দোলন ও হিংসাত্মক কার্যকলাপের চাপে অবশেষে ১৯৬০ সালের মে মাসে নেহরু সরকার বোম্বে রাজ্যকে বিভাজিত করে মহারাষ্ট্র ও গুজরাত নামক দুটি পৃথক রাজ্য সৃষ্টি করে। বোম্বে শহর মহারাষ্ট্রের অন্তর্ভুক্ত হয় এবং আমেদাবাদ হয় গুজরাতের রাজধানী।

পাঞ্জাবের ক্ষেত্রে কিন্তু ভাষা সংক্রান্ত নীতি লঙ্ঘন করা হয়। ১৯৫৬ সালে পাতিয়ালা ও পূর্ব পাঞ্জাব রাজ্য সমূহের সঙ্গে পাঞ্জাবকে সংযুক্ত করা হয়। পাঞ্জাবী, পাহাড়ী ও হিন্দিভাষী নিয়ে গঠিত পাঞ্জাব হয়ে যায় একটি ত্রিভাষী রাজ্য। এই রাজ্যের পাঞ্জাবীভাষী এলাকায় পৃথক পাঞ্জাবী সুবার দাবি জোরদার হয়ে ওঠে। কিন্তু দুর্ভাগ্যবশত বিষয়টি সাম্প্রদায়িক আকার প্রাপ্ত হয়। অকালী দলের নেতৃত্বে শিখ এবং জনসঙ্ঘের নেতৃত্বে হিন্দু সাম্প্রদায়িক গোষ্ঠী রাজনীতির হাতিরয়ার হিসাবে ভাষাকে ব্যবহার করে। একদিকে হিন্দু সাম্প্রদায়িকরা পাঞ্জাবী মাতৃভাষা হিসাবে মেনে নিতে অসম্মত হয়ে পাঞ্জাবী সুবার দাবির বিরোধিতা করে, অপরদিকে গুরুমুখী হরফে লিখিত পাঞ্জাবীকে শিখ ভাষা বলে প্রচার করে শিখ সাম্প্রদায়িক গোষ্ঠী পৃথক শিখ রাজ্যের দাবি তোলে। কমিউনিস্ট পার্টি এবং কংগ্রেসের একাংশ এই দাবি সমর্থন করে। কিন্তু নেহরু ও পাঞ্জাব কংগ্রেসের অধিকাংশ এই মত পোষণ করতেন যে প্রকৃতপক্ষে পাঞ্জাব রাজ্যের দাবি আদি ভাষার আবরণে সজ্জিত একটি সাম্প্রদায়িক দাবি। নীতিগত কারণে কংগ্রেস নেতৃবৃন্দ ধর্মীয় বা সাম্প্রদায়িক ভিত্তিতে রাজ্য গঠনের বিরোধী ছিলেন। রাজ্য পুনর্গঠন কমিশনও পৃথক পাঞ্জাবী রাজ্যের দাবি প্রত্যাখ্যান করেছিল কারণ তা বাষা অথবা সাম্প্রদায়িক কোন সমস্যারই সমাধান করবে না।

দশ বছরের নিরবচ্ছিন্ন সংঘাত ও সংগ্রামের পর অবশেষে বাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠন বাস্তবে পরিণত হল। নেহরু ও অন্যান্য নেতাদের সমস্ত আশঙ্কা মিথ্যা প্রতিপন্ন করে এই পুনর্গঠন প্রমাণ করে যে ভাষার প্রতি আনুগত্য জাতির প্রতি আনুগত্যের সঙ্গে ছু সামঞ্জস্যপূর্ণই নয়, পরিপূরকও বটে। বাষার ভিত্তিতে পুনর্গঠন জাতীয় সংহতির পথ প্রশস্ত করে। ভাষার ভিত্তিতে পুনর্গঠন সাধন করে জাতীয় নেতৃবৃন্দ এমন একটি ক্ষোভের উপশম করেন যা পরবর্তীকালে নিশ্চিতভাবে বিচ্ছিন্নতাবাদী প্রবণতার জন্ম দিত। আবার, ভাষাভিত্তিক পুনর্গঠন কোনভাবেই যুক্তরাষ্ট্রীয় কাঠাকোর পরিপন্থী ড়হয়নি বা কেন্দ্রকে দুর্বল অথবা নিষ্ক্রিয় করেনি। রাজ্যগুলির আভ্যন্তরীণ পুনর্বিन্যাস দেশের ঐক্যকে ব্যাহত না করে তাকে আরো শক্তিশালী করে তোলে। রজনী কোঠারীর মতে বাষাভিত্তিক আঞ্চলিক পুনর্গঠন ভারতবর্ষের রাজনৈতিক মানচিত্রকে যুক্তিসঙ্গত করেছিল, এবং ভাষা সমন্বয়ের হাতিয়ার হয়ে উঠেছিল। ভবিষ্যতের প্রাতিষ্ঠানিক বন্দোবস্তের ক্ষেত্রে এই পদক্ষেপ অসাধারণ কার্যকুশল বলে বিবেচিত হয়েছিল। এর ফলে গণতন্ত্রের বিস্তার ঘটে এবং গণতন্ত্র অর্থবহ হয়ে ওঠে।

শক্তিশালী রাষ্ট্রের আদর্শ এবং তাকে সমর্থন করার জন্য সমরূপ বা বিমিশ্র জাতীয়তাবাদে বিশ্বাসী কেন্দ্রীয় সরকার এবং ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠন আন্দোলনের নেতৃবৃন্দের সংঘাত থেকে কতকগুলি নিয়মাবলী ও রাজনৈতিক কৌশলের উদ্ভব হয় যেগুলি সমাকলনবাদী ও আন্তীকরণবাদী আদর্শের তুলনায় বাস্তবে অনেক বেশি বহুত্ববাদী। কার্যত নেহরুর যুগে ভারতীয় রাষ্ট্র সাংস্কৃতিক দিক থেকে একটি বহুত্ববাদী রাষ্ট্রের আকার ধারণ করে যেখানে বিভিন্ন ভাষাগোষ্ঠীর সমানঅধিকার স্বীকৃত ছিল। প্রথম, বণা হয়েছিল যে নীতিগতভাবে কেন্দ্রীয় সরকার কোন বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীকে রাজনৈতিক স্বীকৃতি দেবে না, বরং সর্বশক্তি নিয়োগ করে, প্রয়োজনে সাময়িক বল প্রয়োগ করে, এ ধরনের আন্দোলন দমন করবে। দ্বিতীয়, সরকার ঘর্মের ভিত্তিতে আঞ্চলিক পুনর্গঠনের কোন দাবি বিবেচনা করবে না। তৃতীয়, খামখেয়ালীভাবে অথবা একটি বিশেষ অঞ্চলে কথিত কোন বিশিষ্ট ভাষার ভিত্তিতে রাজ্য গঠনের দাবি গ্রাহ্য হবে না। বিদ্যমান রাজ্যগুলিকে বিভাজিত করার অনীহা থেকেই এই নীতি উদ্ভাবিত হয়েছিল। চতুর্থ, রাজ্য পুনর্গঠনের দাবি যদি সংশ্লিষ্ট ভাষা গোষ্ঠীগুলির যে কোন একটি গোষ্ঠীর দ্বারা উত্থাপিত হয়, তাহলে কেন্দ্রীয় সরকার সেই দাবি বিবেচনাযোগ্য মনে করবে না।

ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠন ভাষাগত সংখ্যালঘু সমস্যার সৃষ্টি করে। একভাষী রাজ্যের অস্তিত্ব কোনমতেই বাস্তবোচিত ছিল না। পরিণামস্বরূপ ভাষার ভিত্তিতে পুনর্গঠিত রাজ্যগুলিতে বহু সংখ্যক ভাষাগত সংখ্যালঘু সম্প্রদায় থেকে যায়। সামগ্রিকভাবে ভারতবর্ষের জনসংখ্যার ১৮% যে রাজ্যে বসবাস করে সেই রাজ্যের সরকারি ভাষা তাদের মাতৃভাষা থেকে ভিন্ন। ভাষাগত সংখ্যালঘু সম্প্রদায়ের মর্যাদা ও অধিকারের প্রশ্নটি গোড়া থেকেই গুরুত্ব সহকারে বিচার্য বিষয় ছিল। একদিকে, তাদের প্রতি বৈষম্যমূলক আচরণের সম্ভাবনা সদা বর্তমান ছিল, অপরদিকে রাজ্যের প্রধান ভাষার সঙ্গে তাদের সংহতি সাধনেরও প্রয়োজন ছিল। প্রয়োজন ছিল সংখ্যালঘু সম্প্রদায়কে অক্ষুণ্ণ করার যে তারা কোন প্রকার বৈষম্যের শিকার হবে না এবং তাদের ভাষা ও সংস্কৃতির অস্তিত্ব ও বিকাশ অব্যাহত থাকবে। একই সঙ্গে সংখ্যাগুরুদের আঙ্গুস্ত করতে হত যে সংখ্যালঘু চাহিদার প্রতি সহানুভূতি তাদের বিচ্ছিন্নতাবাদী মনোভাবকে প্রশ্রয় দেওয়ার সমার্থক নয়। এই জটিল সমস্যা সমাধানের জন্য সংবিধান সংখ্যালঘু সম্প্রদায়গুলিকে কিছু মৌলিক অধিকার প্রদান করে। এক্ষেত্রে উল্লেখযোগ্য সংবিধানের অনুচ্ছেদ ৩০ ও ৩৪৭। অনুচ্ছেদ ৩০ অনুযায়ী সংখ্যালঘু সম্প্রদায়ের নিজেদের পছন্দমতো শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করার ও পরিচালনা করার অধিকার থাকবে এবং রাষ্ট্র ঐ প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে কোন বৈষম্য করবে না। মৌলিক অধিকার ছাড়া সংখ্যালঘু সম্প্রদায়ের অধিকার রক্ষার্থে সংসদীয় আইন দ্বারা দুটি প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হয়। কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রীর সভাপতিত্বে প্রতি রাজ্যের মুখ্যমন্ত্রী ও আরো দু'জন মন্ত্রী নিয়ে গঠিত হয় পাঁচটি আঞ্চলিক পরিষদ। পণ্ডিত নেহরুর চিন্তা অনুযায়ী এই পরিষদগুলির উদ্দেশ্য "সহযোগিতামূলক কর্মের অভ্যাস গড়ে তোলা"। যদি ঠিকমতো কাজ করে তাহলে এই পরিষদগুলি ভাষা

আর প্রদেশের ভিত্তিতে বিচ্ছিন্নতাবাদী প্রবণতা প্রতিরোধ করতে সাহায্য করবে। অধিকাংশ পরিষদের কৃতিত্বই ছিল নগন্য কিন্তু দক্ষিণ আঞ্চলিক পরিষদ প্রদিবেশী রাজ্য সরকার এবং সরকারী কর্মচারীদের মিলনস্থল হিসাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। এছাড়া, ভাষাগত সংখ্যালঘুদের জন্য রাষ্ট্রপতি একজন বিশেষ অঅইকারিক নিযুক্ত করেন। সেই বিশেষ আধিকারিক সংবিধানে ভাষাগত সংখ্যালঘুদের জন্য যেসব রক্ষাকবচ দেওয়া হয়েছে সেইসবরক্ষাকবচ সংক্রান্ত সমস্ত বিষয় অনুসন্ধান করে দেখবেন। কমিশন প্রতিটি রাজ্যে সংখ্যালঘুদের অবস্থা সম্বন্ধে রাষ্ট্রপতিকে প্রতিবেদন জমা দিতে দায়বদ্ধ থাকবেন, এবং সেই সব বিষয়ে রাষ্ট্রপতিকে রিপোর্ট দেবেন। রাষ্ট্রপতির কর্তব্য হবে সংসদের প্রত্যেক কক্ষে রিপোর্ট পেশ করা এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারের কাছে পাঠানো। এই দুটি পদক্ষেপ নতুন রাজ্যগুলিতে সংখ্যালঘুদের প্রতি বৈষম্যমূলক আচরণের সম্ভবনা যথাসম্ভব নিমূল করেছিল। এই সমস্ত পদক্ষেপ সত্ত্বেও বলা যায় যে সংখ্যালঘুদের অধিকার সুরক্ষার ক্ষেত্রে রাজ্য সরকারগুলি সর্বদা গৌরবোজ্জ্বল ভূমিকা পালন করেনি।

২.৯ সংহতির পথে ভারত : সরকারি ভাষা সংক্রান্ত সংকট

আমরা আগেই উল্লেখ করেছি যে স্বাধীন ভারতের প্রথম কুড়ি বছরের অভিজ্ঞতায় সর্বাধিক বিভেদ সৃষ্টিকারী উপাদান ছিল ভাষা। ভাষার ভিত্তিতে আঞ্চলিক পুনর্গঠনের দাবি কিভাবে জাতীয় ঐক্য বিপন্ন করেছিল, সেই ইতিহাস আমরা আগের অংশে পাঠ করেছি। তার পাশাপাশি আমরা এও দেখেছি যে প্রধান ভাষার ভিত্তিতে রাজ্য গঠন এক শ্রীর ভাষাগত সংখ্যালঘু সম্প্রদায়ের সৃষ্টি করে যারা প্রায়শই বৈষম্যমূলক আচরণের শিকার হয়। এই অংশে আমরা দেখব সরকারী ভাষাকে কেন্দ্র করে দেশের সংহতি কিভাবে বিপন্ন হয় এবং রাষ্ট্র নেতারা গণতান্ত্রিক দায়বদ্ধতার প্রতি বিশ্বস্ত থেকে কিভাবে সযত্নে সংঘর্ষের পথ এড়িয়ে সমাধানের দিকে অগ্রসর হয়।

মানুষের সাংস্কৃতিক জীবনের অচ্ছেদ্য অংশ ভাষা। সব সমাজে, বিশেষত ভারতবর্ষের মত বহুভাষী সমাজে ভাষাগত পরিচয় যথেষ্ট অর্থবহ। শিক্ষা, অর্থনৈতিক উন্নয়ন, চাকরী, বৃত্তি ও রাজনৈতিক ক্ষমতা প্রভৃতি বিষয়গুলি ভাষার সো। সম্পর্কিত এবং ভাষাগত বিভিন্নতা এই বিষয়গুলিকে কেন্দ্র করে জটিল রাজনৈতিক আর্বতের সৃষ্টি করে। এই পরিস্থিতিতে স্বাধীন ভারত অসংখ্য ভাষাকে একটি ভাষার দ্বারা স্বাঙ্গীকরণ করার নীতি গ্রহণ করেনি, বরং এই বহুমুখীতাকে মেনে নিয়েছিল যাতে সংঘাতপূর্ণ পরিস্থিতির উদ্ভব না ঘটে বা তা দীর্ঘস্থায়ী না হয়। এ সত্ত্বেও সরকারী ভাষা হিসাবে ইংরাজির জায়গায় হিন্দির প্রচলন সমস্যা সৃষ্টি করে।

জাতীয় নেতৃবৃন্দের উদারগোষ্ঠীর জাতীয় পরিচিতর জন্য জাতীয় ভাষার প্রয়োজনীয়তা আগেই অঙ্গীকার করেছিলেন। প্রকৃতপক্ষে সংবিধান চোদ্দটি প্রধান ভারতীয় ভাষাকে জাতীয় ভাষার স্বীকৃতি দিয়েছিল। কিন্তু

সরকারী কার্যকলাপ এতগুলি ভাষায় পরিচালিত হওয়া সম্ভব ছিল না, অতএব প্রয়োজন দেখা দেয় একটি সাধারণ বাষার যার মাধ্যমে কেন্দ্রীয় স্তরে সরকারি কাজকর্ম পরিচালিত হবে, সাধারণ রাজ্যের সঙ্গে কেন্দ্রের এবং রাজ্যগুলির পারস্পরিক যোগাযোগ রক্ষিত হবে। এখন প্রশ্ন দেখা দিল কোন ভাষাকে সর্বভারতীয় যোগাযোগের মাধ্য হিসাবে ব্যবহার করা হবে। ইংরাজি এবং হিন্দি, এই দুটি ভাষাই কেবল এই স্তরে ব্যবহৃত হওয়ার দাবি করতে পারত। ইংরাজি ভাষার মর্যাদা এবং ভারতের সরকারী ও অন্যান্য কাজে এর সম্ভাব্য ব্যবহারের একটি বাস্তব ও একটি আবেগজনিত দিক ছিল। বাস্তব প্রশ্নগুলি ছিল আন্তর্জাতিক যোগাযোগের যেকোনো ইংরাজি ছিল সব থেকে প্রভাবশালী ভাষা। দ্বিতীয়ত, বিজ্ঞা ও প্রযুক্তির ভাষা হিসাবে হিন্দি তখনও যথেষ্ট অনুল্লত ছিল শব্দভাণ্ডারের দিক থেকে এবং অনূদিত পাঠ্যপুস্তকের প্রাপ্যতার দিক থেকে।

এই বাস্তব সমস্যাগুলির পরিপ্রেক্ষিতে অন্তর্বর্তী সময়ের জন্য অন্তত ইংরাজি ভাষাকে সরকারী কাজে ব্যবহার করার কথা বলা হয়। এক্ষেত্রে বাস্তব অসুবিধা ছিল এই যে ইংরাজি ভাষা দেশের শিক্ষিত সম্প্রদায়ের, অর্থাৎ জন-সংখ্যার এক শতাংশের বোধগম্য ভাষা। অতএব এই বাষাকে সরকারি ভাষার স্বীকৃতি দিলে জনসাধারণ ও সরকারের মধ্যে দুস্তর ব্যবধান সৃষ্টি হবে যা গণতন্ত্রের পরিপন্থী। পাশাপাশি আবেগজনিত বক্তব্য ছিল এই যে একটি দেশ যথার্থই স্বাধীন হতে পারে না যতক্ষণ পর্যন্ত তার জনসাধারণ, দেশের সীমানার ভিতর অন্তত, বিদেশী ভাষা বর্জন করে দেশীয় ভাষা গ্রহণ না করছে।

হিন্দি ভাষার প্রবক্তারা হিন্দির সমর্থনে জোরাল যুক্তি উপস্থাপন করেন। হিন্দি দেশের জনসংখ্যার অধিকাংশের না হলেও বৃহত্তম অংশের, অর্থাৎ 42%-এর কথিত ভাষা। জাতীয়তাবাদী আন্দোলনের সময়, বিশেষ করে গণ-আন্দোলনের যুগে হিন্দি ও হিন্দুস্তানী ভাষা সর্বভারতীয় ভাষার ভূমিকা পালন করেছিল। হিন্দিভাষা কথিত হয় না এমন অঞ্চলেও হিন্দি সর্বাধিক কথিত ও বোধগম্য ভাষা হিসাবে গ্রহযোগ্য হয়েছিল। হিন্দি ভাষার অত্যুৎসাহী সমর্থকদের মধ্যে ছিলেন তিলক, গান্ধী, সি রাজাগোপালাচারী, সুবাস গোস এবং সর্দার প্যাটেল। সংবিধান পরিষদে দুটি প্রশ্নকে কেন্দ্র করে বিতর্ক দেখা দেয়—(১) ইংরাজি ভাষার স্থান গ্রহণ করবে হিন্দি না হিন্দুস্তানী? (২) এই পরিবর্তনের সময়সীমা কি হবে?

সরকারী ভাষার বিষয়টি শুরু থেকেই রাজনীতির সঙ্গে জড়িত। গান্ধী ও নেহরু চেয়েছিলেন দেবনাগরী বা উর্দু হরফে লিখিত হিন্দুস্তানী ভাষা স্বাধীন ভারতে সরকারী ভাষা হিসাবে ব্যবহার করতে। হিন্দি ভাষার সমর্থকরা অনিচ্ছাসত্ত্বেও এই বক্তব্য মেনে নেন। কিন্তু সাম্প্রদায়িক ভিত্তিতে দেশ বিভাজন ঘোষিত হবার সঙ্গে সঙ্গে, বিশেষ করে পাকিস্তানপন্থীরা মুসলমান ও পাকিস্তানের ভাষা হিসাবে উর্দুকে তুলে ধরলে, হিন্দির অনুগামীরাও বিশেষ উৎসাহিত হন। উর্দুভাষাকে তাঁরা বিচ্ছিন্নতার প্রতীক বলে বর্ণনা করে দেবনাগরী হরফে লিখিত হিন্দি ভাষাকে জাতীয় ভাষার মর্যাদা প্রদানের দাবি জানান। এই প্রশ্নে কংগ্রেস দলেও বিভাজন দেখা

দেয়। অবশেষে নেহরু ও আজাদের সমস্ত প্রচেষ্টা ব্যর্থ করে দিয়ে কংগ্রেস সংবিধানিক দল হিন্দি ভাষার পক্ষে সিদ্ধান্ত নেয়। হিন্দি গোষ্ঠীকেও আপোষ করতে হয়, স্থির হয় যে হিন্দি হবে স্বাধীন ভারতের সরকারি ভাষা, জাতীয় ভাষা নয়।

ইংরাজি থেকে হিন্দিভাষায় পরিবর্তনের সময়সীমার প্রশ্নটি হিন্দি ও অ-হিন্দি অঞ্চলের মধ্যে গভীর বিভাজন সৃষ্টি করে। হিন্দির প্রবক্তারা অবিলম্বে পরিবর্তন চেয়েছিলেন কিন্তু অ-হিন্দি ভাষীরা অনির্দিষ্টকালের জন্য না হলেও দীর্ঘ সময়ের জন্য ইংরাজি ভাষাকে বহাল রাখতে চেয়েছিলেন। পণ্ডিত নেহরু চেয়েছিলেন হিন্দিভাষাকে সরকারি ভাষার মর্যাদা দিতে কিন্তু পাশাপাশি ইংরাজিকে একটি অতিরিক্ত সরকারি ভাষারূপে বহাল রাখতে। এর ফলে হিন্দিতে পরিবর্তন ক্রমাঘায়ে সাধিত হবে এবং ইংরাজি ভাষা চর্চায় উৎসাহ দেওয়া হবে।

অ-হিন্দিভাষী ভারতীয়দের আশঙ্কার প্রকৃত কারণ ছিল এই যে হিন্দি সরকারি ভাষারূপে স্বীকৃত হলে, অ-হিন্দি এলাকা, বিশেষ করে দক্ষিণ ভারত, শিক্ষা, সরকারি চাকরী, অর্থনৈতিক উন্নয়ন প্রভৃতি ক্ষেত্রে উপযুক্ত সুযোগ থেকে বঞ্চিত হবে। এরা আরো বলেন যে অ-হিন্দি এলাকার ওপর হিন্দি ভাষা আরোপ করার অর্থ হিন্দি বলয়ের রাজনৈতিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক আধিপত্য।

সংবিধান প্রণেতারা সচেতন ছিলেন যে একটি বহুভাষী রাষ্ট্রের নেত্রী হিসাবে তাঁরা কোন ভাষাভিত্তিক অঞ্চলের স্বার্থকেই অবজ্ঞা করতে পারেন না। ফলে একটি আপোষ মীমাংসায় ভাষা হল—সংবিধান অনুযায়ী দৈনন্দিন হরফে লিখিত ও আঞ্চলিক সংখ্যাসহ হিন্দিকে সরকারী ভাষার মর্যাদা দেওয়া হল। পাশাপাশি এও বলা হল যে ১৯৬৫ সাল পর্যন্ত ইংরাজীও সরকারি ভাষা হিসাবে ব্যবহৃত হবে এবং তারপরও বিশেষ বিশেষ কারণে ইংরাজী ভাষা ব্যবহার হবে কিনা তা সংসদকে বিধি প্রণয়ন করে স্থির করতে বলা হয়। হিন্দিভাষার উৎকর্ষ সাধনের দায়িত্ব অর্পণ করা হয় সরকারের ওপর এবং যথাযথভাবে এই দায়িত্ব পালন হচ্ছে কি না তা দেখার জন্য সংবিধান একটি কমিশন গঠনের এবং একটি সংসদীয় যুগ্ম কমিটি নিয়োগের নির্দেশ দেয়। রাজ্যস্তরে সরকারী ভাষা নির্ধারণের ক্ষমতা সংশ্লিষ্ট বিধানমণ্ডলীর ওপর ন্যস্ত করা হল কিন্তু কেন্দ্রের সরকারি ভাষাই একটি রাজ্যের সঙ্গে অপর রাজ্যের এবং কেন্দ্রের সঙ্গে রাজ্যের যোগসূত্রকারী ভাষা হবে।

সংবিধান প্রণেতারা আশ্য করেছিলেন যে ১৯৬৫ সালের মধ্যে হিন্দি ভাষার প্রবক্তারা হিন্দি ভাষার দুর্বলতা অতিক্রম করবেন এবং অ-হিন্দি এলাকাগুলির বিশ্বাসযোগ্যতা অর্জন করতে সক্ষম হবেন। পাশাপাশি এই প্রত্যাশাও ছিল যে শিক্ষার দ্রুত প্রসারের সঙ্গে সঙ্গে হিন্দি ভাষারও প্রসার ঘটবে এবং হিন্দির বিকল্পে প্রতিরোধ দুর্বল হতে হতে এক সময় নিশ্চিহ্ন হয়ে যাবে। কিন্তু দুর্ভাগ্যবশত শিক্ষার প্রসার এত মধুর গতিতে হয়েছিল যে কাঙ্ক্ষিত ফল পাওয়া যায়নি। উপরন্তু সরকারি ভাষা হিসাবে হিন্দির সাফল্যের সব থেকে বড় অন্তরায় ছিলেন হিন্দিভাষার প্রবক্তারা। ধীরে, ক্রমাঘায়ে ও উদার দৃষ্টিভঙ্গির মাধ্যমে অ-হিন্দি এলাকায় হিন্দিকে গ্রহণযোগ্য করে

তোলার পরিবর্তে উগ্র হিন্দিবাদীরা সরকারি সক্রিয়তার মাধ্যমে হিন্দি ভাষা আরোপ করার নীতি অবলম্বন করেন। এর ফলে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। বাস্তবিক, সমাজ বিজ্ঞান বা বৈজ্ঞানিক গবেষণার ভাষা হিসাবে হিন্দি যথেষ্ট উন্নত ছিল না; সেই ভাষাকে উচ্চশিক্ষা, সাংবাদিকতা প্রভৃতি বিষয়ে জনসংযোগের মাধ্যম হিসাবে পরিশীলিত না করে হিন্দিভাষী নেতৃবৃন্দের একমাত্র লক্ষ্য ছিল সরকারি ভাষার মর্যাদা। আবার সহজ, বোধগম্য ভাষা হিসাবে হিন্দিকে গড়ে না তুলে এই গোষ্ঠী হিন্দি ভাষার সংস্কৃতায়নে প্রয়াসী হয়, ফলে, আরো বেশি মাত্রায় হিন্দি সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যায়।

১৯৫৬-৬০ সালের মধ্যে সরকারি ভাষাকে কেন্দ্র করে তীব্র মত পার্থক্য আবার একবার প্রকাশ্যে আসে এবং তিস্ত বিভাজনের সৃষ্টি করে। ১৯৫৫ সালে বি. জি. খেরের সভাপতিত্বে প্রথম সরকারি কমিশন নিয়োজিত হয়। ১৯৫৬ সালে এই কমিশন তার প্রতিবেদন জমা দেয়; এই প্রতিবেদনটি খতিয়ে দেখে একটি সংযুক্ত সংসদীয় কমিটি। এই কমিটি সুপারিশ করে যে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কার্যক্রমে হিন্দি ভাষা ইংরাজির স্থান গ্রহণ করবে। ধীরে ধীরে স্বাভাবিকভাবেই এই অবস্থান্তর ঘটবে, মসৃণভাবে এবং যতদূর সম্ভব কম অসুবিধা সৃষ্টি করে। ১৯৬৫ সাল পর্যন্ত ইংরাজিই প্রধান সরকারি ভাষা থাকবে, হিন্দি সহকারি সরকারি ভাষা হিসাবে কাজ করবে। ১৯৬৫ সালের পর যখন হিন্দি কেন্দ্রের প্রধান সরকারি ভাষার স্থান গ্রহণ করবে, তখন ইংরাজি সহকারি সরকারি ভাষা হিসাবে চলতে থাকবে। কেন্দ্রের কোন কাজে ইংরাজির ব্যবহারের উপর আপাতত কোন প্রকার নিষেধ আরোপ করা হবে না এবং ১৯৬৫-র পরও সংসদ বিধিদ্বারা যে সব কাজে ইংরাজির ব্যবহার অনুমোদন করবে সেই সব কাজে যতদিন প্রয়োজন ততদিন ইংরাজির ব্যবহার থাকবে, তবে কিছুকাল পর বিকল্প মাধ্যম হিসাবে হিন্দিতে স্বীকার করা হবে, যাতে প্রার্থীরা তাদের পছন্দমতো ইংরাজি বা হিন্দি যে কোন ভাষা বেছে নিতে পারে। রাষ্ট্রপতি একটি আদেশ দ্বারা উপরোক্ত সুপারিশগুলি কার্যকরী করার নির্দেশ দেন। প্রধান নির্দেশ ছিল বৈজ্ঞানিক, প্রশাসনিক ও বিবিধ ক্ষেত্রে হিন্দি পরিভাষা উদ্ভাবন এবং প্রশাসনিক ও কার্য-পরিচালনা বিষয়ক মুদ্রিত রচনাটির ইংরাজী থেকে হিন্দিতে অনুবাদ সম্পর্কে। পরিভাষা উদ্ভাবনের জন্য সরকারি ভাষা কমিশনের সুপারিশ অনুযায়ী দুটি স্থায়ী কমিশন গঠন করা হয়েছিল—(১) সরকারি ভাষা (বিধানিক) কমিশন, (২) বৈজ্ঞানিক ও প্রায়োগিক পরিভাষা সম্পর্কিত কমিশন।

সরকারি ভাষা কমিশনে পশ্চিমবঙ্গ ও তামিলনাড়ুর প্রতিনিধি, অধ্যাপক সুনীতি কুমার চট্টোপাধ্যায় এবং পি, সুধারোয়ান কমিশনের প্রতিবেদনের তীব্র সমালোচনা করেন। কমিশনের সদস্যদের বিরুদ্ধে হিন্দির প্রতি পক্ষপাতিত্বের অভিযোগ এনে অধ্যাপক চট্টোপাধ্যায় বলেন যে কমিশন হিন্দিভাষীদের স্বার্থ তুলে ধরেছে যারা

টিরতরে না হলেও, অনির্দিষ্টকালের জন্য বিশেষ সুবিধা উপভোগ করবে। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে প্রাক স্বাধীনতা পর্বে সুনীতি কুমার চট্টোপাধ্যায় হিন্দি প্রচারিনী সভার পশ্চিমবঙ্গ শাখার দায়িত্বে ছিলেন। অনুরূপভাবে হিন্দি প্রচারিনী সভার দক্ষিণ শাখার প্রাক্তন সভাপতি সি. রাজাগোপালাচরি ঘোষণা করেন, “হিন্দি ভাষার প্রবক্তাদের কাছে ইংরাজি যতটা বিদেশী, অ-হিন্দি ভাষী মানুষের কাছে হিন্দি ততটাই বিজাতীয়।” দক্ষিণ ভারতে “হিন্দি সাম্রাজ্যবাদের” ধ্বনি শক্তিশালী হয়ে ওঠে। অপরদিকে, হিন্দির প্রবক্তারা, যেমন, পুরুষোত্তম দাস ট্যাগুন ও শেঠ গোবিন্দদাস সংযুক্ত সংসদীয় কমিটির বিরুদ্ধে ইংরাজির প্রতি পক্ষপাতিত্বের অভিযোগ আনেন। হিন্দি ভাষী নেতৃবৃন্দের একাংশ পণ্ডিত নেহরু ও শিক্ষামন্ত্রী আবুল কালাম আজাদের কঠোর সমালোচনা করেন সাংবিধানিক বিধানগুলি কার্যকর করতে অসমর্থ বিলম্ব করার জন্য। তাঁরা যথার্থই বুঝেছিলেন যে অবিলম্বে হিন্দিতে অবস্থান্তরের প্রক্রিয়া শুরু করলে তবেই ১৯৬৫ সালের মধ্যে তা সম্পূর্ণ হবে। ১৯৫৭ সালে ড. রামমনোহর লোহিয়ার সংযুক্ত সমাজবাদী দল এবং জনসঙ্ঘ ইংরাজী থেকে অবিলম্বে হিন্দিতে অবস্থান্তরের দাবিতে জরুরী আন্দোলন শুরু করেন।

কংগ্রেস নেতৃবৃন্দ যথার্থই বুঝেছিলেন যে সরকারি ভাষার বিষয়টি ভারতীয় রাজনীতিতে গভীর বিভাজনের সৃষ্টি করতে চলেছে। চূড়ান্ত সাবধানতার সঙ্গে তাঁরা অ-হিন্দি এলাকার ক্ষোভ বিবেচনা করেছিলেন। লক্ষ্য ছিল একটি সর্বসম্মত মীমাংসায় উপনীত হওয়া। স্পষ্ট ভাষায় নেহরু পুনঃ পুনঃ আশ্বাস দিয়েছিলেন যে দেশের কোন অঞ্চলে সরকারি ভাষারূপে হিন্দি আরোপ করা যাবে না ও হবে না, এবং অ-হিন্দি ভাষী জনগণের ইচ্ছানুসারেই হিন্দিতে অবস্থান্তর সাধন করা হবে। এক্ষেত্রে নেহরু সমাজবাদী প্রজা পার্টি ও কমিউনিস্ট পার্টির সমর্থন পেয়েছিলেন। ৭ই আগস্ট ১৯৫৯ সালে সংসদে প্রদত্ত একটি বিবৃতিতে নেহরু সুনির্দিষ্টরূপে আশ্বাস দেন, “যতদিন জনসাধারণের প্রয়োজন থাকবে ততদিন আমি ইংরাজিকে একটি বিকল্প ভাষারূপে বজায় রাখব, এবং আমি এই সিদ্ধান্ত ছেড়ে দেব হিন্দি ভাষী জনগণের উপর নয়, অ-হিন্দি ভাষী মানুষদের উপর।” দক্ষিণ ভারতীয়দের আশঙ্কা প্রশমিত করতে তিনি আরো বলেন যে তাদের পক্ষে হিন্দি শেখা কখনোই বাধ্যতামূলক নয়। এই প্রতিশ্রুতি অনুসারে ১৯৬৩ সালে সরকারি ভাষা আইন পাশ হয়। এই আইনের উদ্দেশ্যে, নেহরুর ভাষায়, ১৯৬৫ সালের পর ইংরাজি ভাষা ব্যবহারের ক্ষেত্রে সাংবিধানিক বিধিনিষেধ শিথিল করা। কিন্তু এই উদ্দেশ্য পূর্ণ না হওয়া পূরণ হয়নি। আইন অনুসারে হিন্দির অতিরিক্ত ইংরাজি ভাষা ব্যবহার “হতে পারে”। “হবে” শব্দের পরিবর্তে “হতে পারে” ব্যবহার অ-হিন্দি গোষ্ঠীগুলির নিরাপত্তাহীনতা বাড়িয়ে তোলে। এই আইন তাদের চোখে বিধিবদ্ধ অঙ্গীকার বলে প্রতীয়মান হয় না। তাঁরা চেয়েছিলেন নৌহ কঠিন প্রতিশ্রুতি, কারণ যদিও নেহরুর উপর তাঁদের অগাধ আস্থা ছিল, পরবর্তী যুগে সন্দেহে তাঁরা সন্দিহান ছিলেন। পরবর্তী ইতিহাস প্রমাণ করে যে তাঁদের আশঙ্কা অমূলক ছিল না।

২.১০ সংহতির পথে ভারত : উপজাতীয় নীতি ও উপজাতীয় বিচ্ছিন্নতাবাদ

ভারতীয় জনজীবনের মূলস্রোতে উপজাতীয় জনসমাজকে সংহত করার কাজমি অপেক্ষাকৃত জটিল। দেশের বিভিন্ন অংশে বসবাসকারী উপজাতি সম্প্রদায়গুলি এক পৃথক সংস্কৃতির অংশীদার। ১৯৭১ সালের আদমসুমারী অনুযায়ী সমগ্র জনসংখ্যার ৬.৯% হলেন উপজাতি জনসম্প্রদায়গুলি যাঁরা ন্যূনাধিক চারশ সম্প্রদায়ে বিভক্ত। মধ্যপ্রদেশ, বিহার, উড়িষ্যা, উত্তর পূর্ব ভারত ব্যতীত অন্য সব রাজ্যেই তাঁরা জনসংখ্যার সংখ্যালঘু অংশ। পার্বত্য ও বনাঞ্চলে বাস করার ফলে ঔপনিবেশিক আমলে তাঁরা অপেক্ষাকৃত বিচ্ছিন্ন জীবনযাপন করেছিলেন এবং অ-উপজাতীয় প্রতিবেশীদের সঙ্গে তাঁদের ঐতিহ্য, সংস্কৃতি আচার-ব্যবহারের পার্থক্য ছিল লক্ষণীয়। ঔপনিবেশিক শাসন একাধিক উপায়ে উপজাতীয় জনজীবনকে স্পর্শ করেছিল। ব্রিটিশ শাসনের হাত ধরে আদিবাসী এলাকাগুলিতে বেশ কিছু বহিরাগত মানুষের অনুপ্রবেশ ঘটে। এই অনুপ্রবেশকারীরা ছিল মহাজন, ব্যবসায়ী, রাজস্ব সংগ্রহকার, সরকারী কর্মচারী এবং অন্তবর্তী শ্রেণীর মানুষ যারা উপজাতি জনসমূহের হিরাচরিত জীবনযাত্রা ব্যাহত করেছিল এবং অর্থনৈতিক দিক থেকে এই সম্প্রদায়গুলিকে শোষণ করেছিল। ঔপনিবেশিক শাসনের পরিণামস্বরূপ উপজাতি জনগোষ্ঠীগুলি জমির উপর তাদের অধিকার থেকে বঞ্চিত হয়। মহাজনের কাছে ঋণের জালে জড়িয়ে পড়ে, অন্তবর্তী শ্রেণীর মানুষের দ্বারা শোষিত হয়, বন এব বন্য সামগ্রীর ওপর তাদের ঐতিহ্যগত অধিকারসমূহও ক্রমে লোপ পায়।

উপজাতি জনসমূহের টপ্রতি স্বাধীন ভারতের অনুসৃত নীতির মূল প্রেণা ছিলেন জওহরলাল নেহরু। তাঁর নির্ধারিত নীতির মূল সূত্র ছিল উপজাতি জনগোষ্ঠীর সমৃদ্ধ সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ। নেহরুর নিজের ভাষায়, “এখানে (উপজাতি অঞ্চলে) আমাদের সর্বপ্রথম যে সমস্যার মসম্মুখীন হতে হবে তা হল এদের (উপজাতি জনগোষ্ঠীগুলিকে) আত্মবিশ্বাসে উদ্বুদ্ধ করে ভারতের সঙ্গে অভিন্ন বোধ জাগানো, এবং এই উপলব্ধির উন্মেষ ঘটান যে তারা ভারতবর্ষের অংশ এবং এখানে তাদের অবস্থান সম্মানজনক।” একই সঙ্গে ভারতীয় রাষ্ট্রের ভূমিকা তাদের চোখে শুধু প্রতিরক্ষা বিধানের শক্তিস্বরূপই নয়, পরিত্রাতাও বটে। নেহরুর দৃঢ় বিশ্বাস ছিল যে ভারতীয় জাতীয়তাবাদী চেতনায় অনায়াসেই উপজাতি জন জীবনের বিশিষ্টতার স্থান সঙ্কুলান হবে।

নীতি নির্ধারণের ক্ষেত্রে স্বাধীন ভারতে উপজাতিদের প্রতি দু’ধনের দৃষ্টিভঙ্গী লক্ষ্য করা যায়। একটি মতানুসারে আদিবাসী জগত বহির্ভূত আধুনিক প্রভাবের দ্বারা আদিবাসী জীবনকে কলুষিত না করে তাদের বিচ্ছিন্ন রাখাই শ্রেয়। দ্বিতীয় মতটি আদিবাসীদের সম্পূর্ণ এবং যথাসম্ভব দ্রুত ভারতীয় জনজীবনের সঙ্গে স্বাঙ্গীকরণ করার পক্ষপাতী ছিল। আদিবাসী জীবনযাত্রার ক্রমিক অবসান তাদের কাছে ছিল উন্নয়নের সমার্থক।

নেহরু দুটি সৃষ্টিকোণই বর্জন করেন। তাঁর মতে প্রথম দৃষ্টিভঙ্গির নিহিতার্থ ছিল উপজাতি জনগোষ্ঠীকে জাদুগরে সংরক্ষিত গবেষণা যোগ্য নমুনাক্রমে গণ্য করা। এক অর্থে এই দৃষ্টিভঙ্গি চূড়ান্ত অবমাননাকর। তাছাড়া উপজাতি জীবনে বহির্জগতের অনুপ্রবেশ এতদূর প্রসার অপ্রসার হয়েছে যে এই প্রক্রিয়াকে বিপরীত দিকে চালিত করা আর কোনমতেই সম্ভব নয়। আবার ভারতীয় জনশ্রোতের আদিবাসী জীবনকে গ্রাস করাও নেহরুর কাছে বাঞ্ছনীয় ছিল না কারণ তার পরিণামে আদিবাসীদের সামাজিক ও সাংস্কৃতিক সত্তা ও সংস্কৃতি বজায় রেখে তাদের ভারতবর্ষের জাতীয় সত্তাবর অংশ হিসাবে গড়ে তুলতে। নেহরুর নীতির দুটি স্থির সূচক ছিল উপজাতি জন সমাজের উন্নয়ন এবং নিজস্ব পদ্ধতিতে উন্নয়ন।

আপাতদৃষ্টিতে দু'টি পরস্পর বিরোধী দৃষ্টিকোণের সামঞ্জস্য বিধান করতে গিয়ে নেহরু কতগুলি মূলনীতির উপর গুরুত্ব আরোপ করেন। প্রথম, কোন বহিরাগত প্রভাব বা বলপ্রয়োগের মাধ্যমে নয়, উপজাতি সম্প্রদায়গুলি নিজেদের স্বাবাবিক গুণাবলী অনুযায়ী উন্নয়নের পথে অগ্রসর হবে। অ-উপজাতীয় মানুষরা নিজেদের আপেক্ষিক উৎকর্ষতার কোন গুঁটোয়া নিয়ে উপজাতি জনগোষ্ঠীর মধ্যে কাজ করবে না। দ্বিতীয়, জমি ও বনজ সম্পদের প্রতি উপজাতি গোষ্ঠীর অধিকারকে মর্যাদা দিয়ে বলা হয়েছিল যে বহিরাগতরা কোন জমি দখল করতে পারবে না। এছাড়া উপজাতি এলাকায় বাজার অর্থনীতির অনুপ্রবেশও কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয়েছিল। তৃতীয়, উপজাতি ভাষাসমূহের পরিপূর্ণ বিকাশের জন্য প্রয়োজনীয় সমর্থন দেওয়া হয়। চতুর্থ, নীতিগতভাবে, উপজাতি অঞ্চলের প্রশাসনের দায়িত্ব এই সম্প্রদায়ের মানুষের ওপরেই ন্যস্ত হবে, বহিরাগতরা অত্যন্ত কম সংখ্যায় এই কাজে নিযুক্ত হবেন। যথেষ্ট সংবেদনশীল ও বিচারবুদ্ধিসম্পন্ন মানুষদেরই এই দায়িত্ব দেওয়া হবে। পঞ্চম, উপজাতি এলাকাগুলির প্রশাসনের ক্ষেত্রে অতিরিক্ত কঠোরতা অবলম্বন না করাই বাঞ্ছনীয়, বরং লক্ষ্য হবে উপজাতি সম্প্রদায়ের সামাজিক ও সাংস্কৃতি প্রতিষ্ঠাসমূহের মাধ্যমেই তাদের উন্নয়ন সাধন করা।

সরকারি নীতি রূপায়িত করার প্রথম পদক্ষেপ ছিল সংবিধানের অনুচ্ছেদ ৪৬। এই অনুচ্ছেদে সাধারণ নির্দেশ দেওয়া হয়েছে যে, রাষ্ট্র বিশেষ যত্নসহকারে সমাজের দুর্বলতর শ্রেণীর, বিশেষ করে তফসিলী জাতি ও উপজাতিদের শিক্ষা ও আর্থিক ব্যবস্থার উন্নতি বিধান করবে এবং সামাজিক অন্যায্য ও সমস্ত রকম শোষণ থেকে তাদের রক্ষা করবে। যে সব রাজ্য উপজাতি ক্ষেত্র আছে সে সব রাজ্যের রাজ্যপালদের উপজাতি জনসমাজের স্বার্থরক্ষার বিশেষ দায়িত্ব দেওয়া হয়েছিল। রাজ্যপাল নির্দেশ দিতে পারেন যে সংসদের বা রাজ্য বিধানমণ্ডলের কোন বিশেষ অতীন রাজ্যের কোন তফসিলী ক্ষেত্রে বা তার কোন ভাগে প্রযুক্ত হবে না, অথবা তিনি ঐ আইনের প্রয়োজনীয় পরিবর্তন করতে পারেন। একটি রাজ্যের তফসিলী ক্ষেত্রের শান্তি ও সুশাসনের জন্য রাজ্যপাল প্রনিয়মসমূহ প্রণয়ন করতে পারেন যা (১) তফসিলী জনজাতিসমূহের সদস্যদের দ্বারা বা

সদস্যদের মধ্যে ভূমির হস্তান্তর প্রতিষিদ্ধ বা সঙ্কুচিত করতে পারে, (২) তফসিলী জনজাতিসমূহের সদস্যদের ভূমি আবন্টন প্রতিনিয়ন্ত্রিত করতে পারে, (৩) তফসিলী জনজাতিসমূহের সদস্যদের সঙ্গে মহাজনী কারবার নিয়ন্ত্রিত করতে পারে। এই উদ্দেশ্যে মৌলিক অধিকার প্রয়োগের ক্ষেত্রেও সংশোধন করা হয়েছিল। বিধানমণ্ডলী ও সরকারি চাকরির ক্ষেত্রে উপজাতি তফসিলী জাতিও জনজাতিসমূহের সদস্যদের জন্য সংরক্ষণের ব্যবস্থাও সংবিধানে আছে। যে সব রাজ্যে তফসিলী ক্ষেত্রসমূহ আছে, সেইসব রাজ্যে রাষ্ট্রপতির নির্দেশে একটি জনজাতি মন্ত্রণা-পরিষদ গঠিত হবে। এই পরিষদ নিযুক্ত করবেন রাষ্ট্রপতি এবং পরিষদের কর্তব্য হবে সংবিধান অনুযায়ী তফসিলী জাতি ও তফসিলী উপজাতিদের জন্য বিহিত রক্ষাকবচগুলির সম্বন্ধে সকল বিষয়ে অনুসন্ধান করা এবং রাষ্ট্রপতি যেরকম নির্দেশ দেবেন সেরকম সময় অন্তর ঐ রক্ষাকবচগুলির কাজকর্ম সম্বন্ধে রাষ্ট্রপতির কাছে রিপোর্ট দেওয়া।

সাংবিধানিক রক্ষাকবচ এবং কেন্দ্র ও সংশ্লিষ্ট রাজ্য সরকারের সমস্ত প্রচেষ্টা সত্ত্বেও উপজাতি জনসমাজের প্রগতি ও উন্নয়নের চিত্রটি বাস্তবে অতিশয় হতাশাব্যঞ্জক। ভারতের উত্তর পূর্বাঞ্চল ছাড়া অন্য সর্বত্র উপজাতি সম্প্রদায়গুলি আজও দারিদ্র ও ঋণের শিকার, ভূমিহীন এবং প্রায়শই কমহীন। কারণ, সদিচ্ছাপ্রণোদিত পরিকল্পনাগুলির দুর্বল রূপায়ণ। কেন্দ্র ও রাজ্য সরকার অনুসৃত নীতিগুলির মধ্যে প্রায়শই বিস্তর ফারাক লক্ষ্য করা যায়। আবার তফসিলী জনগোষ্ঠীর উন্নয়নের জন্য বরাদ্দ তহবিল কখনো সদ্যবহারের অভাবে পড়ে থাকে, কখনো বা অর্থ ব্যয় করে অভীষ্ট লক্ষ্য সিদ্ধ হয় না, আবার অনেক সময় তহবিল তছরূপও হয়। উপজাতি ও জনগোষ্ঠীর স্বার্থ রক্ষার্থে গঠিত জনজাতি মন্ত্রণা পরিষদ প্রত্যাশিত দক্ষতা প্রদর্শন করতে পারেনি। তফসিলী জনজাতি এলাকায় নিযুক্ত প্রশাসনিক ভারপ্রাপ্ত কর্তব্যচারীরা বেশীরভাগ ক্ষেত্রেই অর্ধপ্রশিক্ষণ প্রাপ্ত অথবা উপজাতি সম্প্রদায়গুলির বিরুদ্ধে বিদ্বিষ্ট।

আইন ও আইনী ব্যবস্থা সম্বন্ধে অজ্ঞতার ফলে উপজাতি জনগোষ্ঠীগুলি প্রায়শই ন্যায়বিচার থেকে বঞ্চিত হয়। বহিরাগতদের হাতে জমির হস্তান্তর রোধ করার সঙ্কল্পে আইনগুলি লঙ্ঘিত হওয়ার ফলে উপজাতি সমাজের মানুষরা ক্রমবর্ধমান হারে জমির উপর অধিকার হারাতে থাকে। অনেক এলাকায় খনি ও শিল্পের দ্রুত প্রসার এদের অর্থনৈতিক অবস্থার আরো অবনতি ঘটিয়েছে। একদিকে দুর্নীতিগ্রস্ত সরকারি কর্মচারি ও রাজনীতিবিদদের সঙ্গে জঙ্গলের ঠিকাদারদের অশুভ আঁতাতের ফলে অরণ্য সংহার অপ্রতিহত গতিতে এগিয়ে চলেছে, অন্য দিকে বন ও বনসম্পদের উপর উপজাতি সম্প্রদায়গুলির ঐতিহ্যগত অধিকার ক্রমাগত সঙ্কুচিত হচ্ছে। বন সংক্রান্ত আইন ও প্রতিনিয়ন্ত্রিত বন দপ্তরের সহানুভূতিহীন ও দুর্নীতিগ্রস্ত কর্মীরা উপজাতি জনগোষ্ঠীকে ঝেরান ও শোষণের হাতিয়ার হিসাবে ব্যবহার করছে। উপজাতি জনসমাজের মধ্যে শিক্ষার প্রসার ও নৈরাশ্যজনক।

উপরে পরিবেশিত তথ্যের ভিত্তিতে বলা যায় যে উপজাতি জনসমাজকে ভারতীয় রাজনৈতিক ও সামাজিক জীবনের মূলস্রোতের সঙ্গে যুক্ত করার যে নীতিসমূহ স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী অবলম্বন করেছিলেন তা নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। এক কথায় এই নীতির অন্তর্গত উদ্দেশ্য ছিল ঔপনিবেশিক শাসন ও শোষণের অবসান ঘটিয়ে উপজাতি জনজাতিগুলির চিরাচরিত অর্থনৈতিক অধিকারসমূহ সংবিধানের বলে পুনঃপ্রতিষ্ঠিত করা, উপজাতি জন সম্প্রদায়ের সত্ত্বা ও সংস্কৃতির প্রতি যথাযথ মর্যাদা জ্ঞাপন করে তাদের শিক্ষার পাদপ্রদীপে নিয়ে আসা ও তাদের সার্বিক উন্নতি সাধন করা। কিন্তু দুর্ভাগ্যবশত এই সমস্ত নীতি অক্ষরেই সীমাবদ্ধ থেকেছে এবং বাস্তবিক ক্ষেত্রে স্বাধীন ভারতের উপজাতি সংক্রান্ত নীতি ঔপনিবেশিক নীতিরই নয়া সংস্করণ হয়ে উঠেছে। রাজ্যস্তরে সরকারি উদাসীনতা, দায়িত্বপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের অসংবেদনশীলতা ও দুর্নীতি, এদের একাংশের সঙ্গে রাজনীতিবিদ ও ঠিকাদারদের অশুভ আঁতা উপজাতিদের বিরাচরিত অধিকার সংরক্ষণ করারপরিবর্তে তা আরো সঙ্কুচিত করেছে। পরিণামও হয়েছে ভয়াবহ। অনগ্রসরতা, বঞ্চনা থেকে জন্ম নিয়েছে হতাশা, ক্রমবধমান অর্থনৈতিক, শিক্ষা ও বৃত্তির ক্ষেত্রে বঞ্চনার বিরুদ্ধে প্রতিবাদ বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের আকার ধারণ করেছে। পরিতাপের বিষয় এই উপজাতি জনগোষ্ঠীর বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের মোকাবিলা করতে গিয়ে স্বাধীন ভারতের শাসকবৃন্দ সমস্যার গভীরে প্রবেশ করে তাদের ক্ষোভের প্রতিকার না করে, ঔপনিবেশিক শাসকদের দলেই নিষ্ঠুর দমননীতির আশ্রয় নিয়েছে। ফলে আন্দোলনগুলি দমন করা সম্ভব হয়েছে এবং ভৌগলিক দিক থেকে উপজাতি অধ্যুষিত অঞ্চলগুলি ভারতীয় রাজ্য সংঘের অংশ হিসাবে টিকে আছে। কিন্তু নেহরুর নীতির মূলভাব পরাস্ত হয়েছে—উপজাতি জনগোষ্ঠীগুলি ভারতীয় জীবনধারার সঙ্গে অসম্পূর্ণভাবে সম্পৃক্ত হয়েছে।

উত্তর পূর্বাঞ্চলের উপজাতি জনগোষ্ঠী :

ভারতের উত্তর পূর্বাঞ্চলে অসমের পার্বত্য এলাকায় প্রায় শতাধিক উপজাতি জনগোষ্ঠীর বাস। এরা ভারতের অন্যান্য অঞ্চলের উপজাতি সম্প্রদায়ের সার্বিক দুর্দশার শরিক হলেও এই অঞ্চলের কিছু বিশিষ্টতা ছিল। প্রথম, এই অঞ্চলে বসবাসকারী উপজাতিসমূহ জনসংখ্যার সংখ্যাগরিষ্ঠ অংশ। দ্বিতীয়, ইংরেজ শাসনকালে এই এলাকার সঙ্গে অ-উপজাতি এলাকার অর্থনৈতিক সংস্রব ঘটলেও, বহিরাগতরা এই অঞ্চলে খুব বেশি মাত্রায় অনুপ্রবেশ করতে পারেনি। তৃতীয়, এই অঞ্চলসমূহ অসম প্রদেশের অংশ হলেও তাদের পৃথক প্রশাসনিক মর্যাদা ছিল। এদের সামাজিক ও রাজনৈতিক কাঠামোয় ব্যাপক হস্তক্ষেপ করা হয়নি। উপজাতি সমাজ বহির্ভূত সমতলবাসীদের কৌম জমি করায়ত্ত করা কঠোরভাবে নিয়ন্ত্রিত হয়েছিল। পাশাপাশি ইংরেজ সরকার এই এলাকায় খ্রিস্টান মিশনারীদের অবাধ প্রবেশাধিকার দিয়েছিল। মিশনারীরা যেমন বিদ্যালয়, হাসপাতাল প্রভৃতি স্থাপন করেন, তেমনই গীর্জা প্রতিষ্ঠা করে ব্যাপক আকারে ধর্মাস্তর সাধন করেছিলেন। মিশনারী কার্যকলাপ একাধারে উপজাতিদের আধুনিক ধারণার সঙ্গে পরিচিত করেছিল, জাতীয়তাবাদী প্রভাব থেকে তাদের

মুক্ত রাখতে সহায়তা করেছিল এবং অসম ও অবশিষ্ট ভারতের জনজীবন থেকে এদের বিচ্ছিন্নতা উৎসাহ দিয়েছিল। স্বাধীনতার অর্থাবহিত পরেই কিছু মিশনারী ও অন্যান্য বিদেশী কর্মকর্তারা উত্তর পূর্ব ভারতে পৃথক ও স্বাধীন রাষ্ট্রের প্রেরণা দিয়েছিল।

উত্তর পূর্ব ভারতের উপজাতি জনসমাজের অবশিষ্ট ভারতের সঙ্গে সামগ্রিক রাজনৈতিক ও সাংস্কৃতিক বিচ্ছিন্নতা সম্পর্কে নেহরু যথেষ্ট গুয়াকিবহাল ছিলেন। তিনি বলেছিলেন, “.....তারা কোনদিনই ভারতবর্ষ নামক একটি দেশে বসবাস করার অনুভূতি ভোগ করেনি। বহিরাগতদের সম্বন্ধে তাদের অভিজ্ঞতা ইংরেজ প্রশাসক ও খ্রিস্টান মিশনারীদের যারা তাদের মধ্যে ভারতবিরোধী মনোভাবের জন্ম দিয়েছিলেন।” সুতরাং নেহরু সরকারের উপজাতি সংক্রান্ত নীতি উত্তর পূর্বাঞ্চলের উপজাতি জনগোষ্ঠীগুলির ক্ষেত্রে অধিকতর মাত্রায় প্রাসঙ্গিক ছিল। এই নীতির প্রতিফলন ঘটেছিল সংবিধানের ষষ্ঠ তফসিলে যা শুধুমাত্র অসমের উপজাতি অঞ্চলের ক্ষেত্রে প্রযোজ্য। ষষ্ঠ তফসিল অনুযায়ী অসম, মেঘালয়, ত্রিপুরা ও মিজোরামের উপজাতি অঞ্চলগুলি শাসিত হবে স্বশাসিত জেলা হিসাবে। এই স্বশাসিত জেলাগুলি সংশ্লিষ্ট রাজ্যের নির্বাহিক প্রাধিকারের বাইরে নয়, কিন্তু কতকগুলি বিধানিক ও বিচারিক কর্মসম্পাদনের জন্য জেলা পরিষদ ও আঞ্চলিক পরিষদ সৃষ্টির ব্যবস্থা করা হয়েছে। এই পরিষদগুলি মুখ্যত প্রতিনিধিত্বমূলক সংস্থা। তাদের কতকগুলি বিশেষক্ষেত্রে বিধিপ্রণয়নের ক্ষমতা আছে। যেমন—সংরক্ষিত বন ছাড়া অন্যান্য বন পরিচালনা, সম্পত্তির উত্তরাধিকার, বিবাহ ও সামাজিক প্রথা। রাজ্যপাল এই পরিষদগুলিকে কোনো কোনো মামলা বা অপরাধের বিচার করার ক্ষমতাও অর্পণ করতে পারেন। এই পরিষদগুলির ভূমিরাজস্ব নির্ধারণ ও আদায় করার এবং কতকগুলি নির্দিষ্ট কর ধার্য করার ক্ষমতাও আছে। তবে এই পরিষদগুলি কর্তৃক প্রণীত কোনো বিধি রাজ্যপালের সম্মতি না পেলে কার্যকর হবে না। এই তফসিলের উদ্দেশ্য ছিল উপজাতি জনগোষ্ঠীগুলিকে নিজস্ব পদ্ধতিতে জীবনধারণ করতে সহায়তা করা। উপজাতি জনসমূহকে বৃহত্তর স্বায়ত্তশাসন প্রদান করার অভিপ্রায়ে ভারত সরকার সংবিধানের অধিকতর সংশোধন করার অভিপ্রায় প্রকাশ করেছিল। পাশাপাশি নেহরু স্পষ্ট বুঝিয়ে দিয়েছিলেন যে সরকার কোনপ্রকার বিচ্ছিন্নতাবাদ বা হিংসাত্মক ক্রিয়াকলাপ বরদাস্ত করবে না।

অসমের সীমান্তবর্তী অঞ্চলগুলিকে নিয়ে ১৯৪৮ সালে নেফা (NEFA—North East Frontier Agency) বা উত্তর পূর্ব সীমান্ত অনুসংগঠন সৃষ্টি নেহরু ও ব্রিটিশ নৃতত্ত্ববিদ ভেরিয়ার এলউইনের উপজাতি নীতির শ্রেষ্ঠ রূপায়ণ। অসমের প্রশাসনিক এজিয়ারের বাইরে একটি বিশেষ প্রশাসনের অধীনে নেফা কেন্দ্রশাসিত অঞ্চল রূপে প্রতিষ্ঠিত হয়। ১৯৮৭ সালে নেফা অরুণাচল প্রদেশ নাম প্রাপ্ত হয় এবং পৃথক রাজ্যের মর্যাদা পায়। একদিকে যখন নেফা ভারতের অন্যান্য অংশের সঙ্গে সামঞ্জস্য রেখে উন্নয়নের পথে অগ্রসর হচ্ছিল, সমস্যা দেখা দেয় অসমের প্রত্যক্ষ এজিয়ার ভুক্ত অন্যান্য উপজাতি অঞ্চলে। সমতলভূমির বাংলা ভাষী ও অসমীয়া ভাষী অধিবাসীদের সঙ্গে পার্বত্য উপজাতি সম্প্রদায়ের কোন সাংস্কৃতিক মৌসাদৃশ্য ছিল না। উপরন্তু

উপজাতি গোষ্ঠীগুলির আশঙ্কা ছিল অসমীকরণের নীতি তাদের উপজাতি স্বাধার বিলোপ সাধন করে অসমীয় সংস্কৃতির সঙ্গে তাদের একীভূত করবে। উপজাতি এলাকায় কর্মরত অ-উপজাতীয় শিক্ষক, চিকিৎসক, সরকারি কর্মকর্তা, ব্যবসায়ী প্রভৃতির শ্রেষ্ঠাভিমান তাদের কাছে ছিল বিশেষ আপত্তিজনক। উপজাতি সম্প্রদায়গুলির ক্ষোভের অন্যতম কারণ ছিল তাদের স্বার্থ সত্ত্বে অসম সরকারের প্রযত্ন ও সহানুভূতির অভাব। অসম সরকারের বিরুদ্ধে ক্ষোভ ক্রমশ বাড়তে থাকে এবং পঞ্চাশের দশকের মাঝামাঝি সময় থেকে উপজাতি জনসমূহের একাংশের মধ্যে পৃথক পার্বত্য রাজ্যের দাবি দানা বাঁধে। ১৯৬০-এর দশকে এই দাবি আরো জোরদার হয়ে ওঠে যখন রাজ্যের নেতৃবৃন্দ অসমীয় ভাষাকে রাজ্যের একমাত্র সরকারি ভাষা হিসাবে স্বীকৃতির জন্য আন্দোলন করে। ১৯৬০ সালে পার্বত্য এলাকার বিভিন্ন রাজনৈতিক সংগঠনগুলি একত্রে সর্বদলীয় পার্বত্য নেতৃবৃন্দের সম্মেলন (All Party Hill Leaders' Conference) আহ্বান করে এবং পুনরায় ভারতীয় সংঘের অভ্যন্তরে পৃথক রাজ্যের দাবি তোলে। অসম সরকারি ভাষা আইন যখন প্রশাসনিক কার্যে উপজাতীয় ভাষাগুলির ব্যবহারের দাবিকে নস্যাৎ করে অসমীয় ভাষাকে রাজ্যের সরকারি ভাষার মর্যাদা দেয়, তখন উপজাতি অধ্যুষিত জেলাগুলিতে তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। পৃথক রাজ্যের দাবি গুরুতর আকার ধারণ করে। ১৯৬২-র নির্বাচনে বিধানসভার অধিকাংশ আসনই পৃথক রাজ্যের প্রবক্তাদের দখলে চলে যায় যারা বিধানসভা বয়কট করার সিদ্ধান্ত নেন। দীর্ঘ সংগ্রাম ও আলাপ আলোচনার পর অবশেষে ১৯৬৯ সালে অসম থেকে মেঘালয়কে বিচ্ছিন্ন করে “রাজ্যের অভ্যন্তরে একটি রাজ্য” হিসাবে গঠন করা হয়, আইন-শৃঙ্খলার বিষয়টি ব্যতীত স্বশাসনের অধিকার দেওয়া হয়। মেঘালয়ের আইন-শৃঙ্খলা রক্ষা অসম সরকারের দায়িত্ব থেকে যায়।

নাগাল্যান্ড :

নাগা সম্প্রদায় অসম-ব্রহ্মদেশ সীমান্ত ধরাধর নাগা পর্বতের অধিবাসী। ১৯৬১ সালের আদমশুমারী অনুযায়ী সংখ্যায় পাঁচ লক্ষ নাগা সম্প্রদায় ভারতীয় জনসংখ্যার ০.১ শতাংশেরও কম, এবং বিভিন্নভাষী উপজাতি গোষ্ঠীতে বিভক্ত। স্বাধীনতার অব্যবহিত পরে ভারত সরকার নাগা উপজাতিগুলিকে অসমের সঙ্গে এবং সামগ্রিকভাবে ভারতের সঙ্গে সম্পৃক্ত করতে সচেষ্ট হয়। নাগা নেতৃবৃন্দের একাংশ এই সমাকলন প্রচেষ্টার বিরোধিতা করে এবং ফিজোর নেতৃত্বে স্বাধীনতার দাবিতে সহিংস অভ্যুত্থানের পথে যায়। নেহরুর সামগ্রিক উপজাতি সংক্রান্তনীতির সঙ্গে সংগতি রেখে ভারত সরকার এক দ্বিমুখী নীতি অবলম্বন করে। দৃঢ় ভাষায় সরকার জানিয়ে দেয় যে নাগা অঞ্চলগুলির বিচ্ছিন্নতাবাদী দাবি এবং সহিংস আন্দোলন বরদাস্ত করা হবে না। ১৯৫৫ সালে নাগাল্যান্ডে আইন শৃঙ্খলা পুনঃস্থাপন করতে ভারত সরকার সেনা পাঠিয়ে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন দমন করে। পাশাপাশি নেহরু সরকার নরমপন্থী নাগা নেতৃবৃন্দের দিকে সৌহারদের হাত বাড়িয়ে দেয়। দীর্ঘ আলাপ আলোচনার পর অবশেষে ১৯৬৩ সালে ভারতীয় সংঘের অভ্যন্তরে পৃথক নাগাল্যান্ড রাজ্য সৃষ্টি করা হয়।

নাগা অভ্যুত্থানের কয়েক বছরের মধ্যে উত্তর পূর্বাঞ্চলের মিজো জেলায় অনুরূপ পরিস্থিতির উদ্ভব ঘটে। ১৯৪৭ সাল থেকেই ব্রিটিশ প্রশাসনদের মদতে এই অঞ্চলে বিচ্ছিন্নতাবাদী প্রবণতার জন্ম হয়, কিন্তু এই প্রবণতা তরুণ মিজো নেতৃত্বদের সমর্থন পেতে ব্যর্থ হয় কারণ তাঁরা মিজো সমাজের গণতন্ত্রীকরণ, অর্থনৈতিক উন্নয়ন ও অসম বিধানমণ্ডলীতে পর্যাপ্ত মিজো প্রতিনিধিত্বের বিষয়গুলি নিয়ে মনোনিবেশ করেছিলেন। কিন্তু অসমীয়া ভাষা সরকারি ভাষার মর্যাদা পেলে লালডেঙ্গার সভাপতিত্বে মিজো জাতীয় মোর্চা গঠিত হয় (Mizo National Front)। এই মোর্চা ভারতের থেকে বিচ্ছিন্নতার দাবিতে জঙ্গী আন্দোলন শুরু করে। ১৯৮৭ সালে মিজোরাম একটি পৃথক রাজ্য হিসাবে গঠিত হয়।

২.১১ গণতন্ত্রের পথে ভারত

নেহেরু পরিচালিত স্বাধীন ভারতের রাজনীতির দ্বিতীয় অধ্যায়, অর্থাৎ, ১৯৫১ পরবর্তী যুগটি ছিল রাজনৈতিক ক্রিয়ালীলা যুগ। এই পর্বে অর্জিত কৃতিত্বসমূহের মধ্যে সব থেকে গুরুত্বপূর্ণ ছিল ভারতীয় রাজনীতিতে দৃঢ়ভাবে গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা এবং নির্বাচন পদ্ধতির সূচনা করা। রাজন্যশাসিত অঞ্চলগুলির অন্তর্ভুক্তি আঞ্চলিক পুনর্গঠনের প্রাথমিক পর্বের সমাধা করেছিল। কিন্তু ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের দাবি, সরকারি ভাষা সংক্রান্ত সমস্যা, ভাষাগত সংখ্যালঘুদের সমস্যা ভারতীয় রাজনীতিতে যে উত্তেজনার সৃষ্টি করছিল তা দক্ষতার সঙ্গে প্রশমিত করার জন্য প্রয়োজন ছিল দায়িত্বশীল প্রতিনিধিমূলক সরকারের। আবার অদক্ষভাবে মোকাবিলা করলে এই সমস্যাগুলি বিচ্ছিন্নতাবাদের জন্ম দিত যা অনায়াসেই নতুন রাষ্ট্রটির সংহতি বিপন্ন করত। এই দৃষ্টিকোণ থেকে দেখলে গণতান্ত্রিক পদ্ধতি ও নির্বাচনী প্রক্রিয়া সূচনার গুরুত্ব সহজেই চোখে পড়ে।

২.১১.১ গণতন্ত্রের পক্ষে ও বিপক্ষে :

ভারতবর্ষ সম্ভবত একমাত্র উত্তর ঔপনিবেশিক রাষ্ট্র যেখানে সাম্রাজ্যবাদের অবসানে গণতন্ত্র স্থায়ী হয়েছে। স্বাধীনোত্তর ভারতে গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠা করার সিদ্ধান্তটি অবিসংবাদিতভাবে গৃহীত হয়নি। বিভিন্ন দৃষ্টিকোণ থেকে এই সিদ্ধান্তের বিরোধিতা হয়েছিল। প্রথমত, কোন কোন মহল থেকে বলা হয়েছিল যে গণতন্ত্র ও নাগরিক সভ্যতার ধারণা ও আদর্শ পাশ্চাত্য সমাজে উদ্ভূত। এই সমাজের বিশেষ পরিস্থিতি থেকে এই ধারণাগুলিকে কখনোই বিচ্ছিন্নভাবে বিবেচনা করা সম্ভব নয়। ভারতবর্ষের পরিস্থিতি সম্পূর্ণ ভিন্ন। নিরক্ষরতা, অর্থনৈতিক অনগ্রসরতা, ধর্ম, শ্রেণী ও জাত-পাতের ভিত্তিতে দ্বিধাভিত্তক সমাজে সংসদীয় প্রতিষ্ঠানসমূহ অথবা সাম্যতন্ত্র শিকড় গাড়াতে পারে না। দ্বিতীয়ত, অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে বলা হয়েছিল যে ভারতবর্ষের মত দারিদ্র কন্টকিত দেশে গণতন্ত্র সম্পূর্ণ অচল কারণ এহেন অনুন্নত দেশের দরিদ্র জনসাধারণ গণতান্ত্রিক

অধিকারের চেয়ে বেশি আগ্রহী হবে “এক গ্রাস অন্নে” এবং গণতান্ত্রিক ব্যবস্থা তাদের কাছে হবে অর্থহীন যদি তা তাদের পর্যাপ্ত খাদ্য বস্ত্র ও বাসস্থানের নিরাপত্তা দিতে ব্যর্থ হয়। এই যুক্তির পরিপ্রেক্ষিতে নেহরু ভাববাদীতার চূড়ান্ত পরাকাষ্ঠা দেখিয়ে বলেছিলেন যে, আজ না হোক কাল দরিদ্র জনগণ ভোটাধিকারের মাধ্যমে নিজেদের গণতান্ত্রিক ক্ষমতা ব্যবহার করে এমন একটি সমাজ ব্যবস্থা সৃষ্টি করবে যা তাদের প্রয়োজন-গুলির প্রতি সম্পূর্ণ সহানুভূতিশীল। যাই হোক, এইভাবে সমস্ত বিরোধিতা নস্যাৎ করে ভারতীয় গণ-রাজ্যের প্রতিষ্ঠাতারা রাজনৈতিক দূরদৃষ্টি ও সাহসিকতার পরিচয় দিয়ে গণতন্ত্র ও নাগরিক স্বাধীনতার অঙ্গীকার নেন, এবং গণতান্ত্রিক রাজনৈতিক বাতাবরণে অর্থনৈতিক উন্নয়নের কর্মসূচী গ্রহণ করেন।

২.১১.২ প্রধান রাজনৈতিক দলগুলি :

সংবিধান ভারতের জন্য বহুদলীয় গণতন্ত্রের বিধান দেয়। স্বাধীন ভারতে রাষ্ট্র নেতারা কিভাবে গণতান্ত্রিক অঙ্গীকার বাস্তবায়িত করেন এবং নেহরুর যুগে এই প্রচেষ্টা কতদূর সফল হয়েছিল তা বিশ্লেষণ করার আগে স্বাধীনতার প্রাক্কালে প্রধান রাজনৈতিক দলগুলির সংক্ষিপ্ত ইতিহাস পর্যালোচনা করা যেতে পারে।

(ক) ভারতের জাতীয় কংগ্রেস :

ভারতবর্ষে রাজনৈতিক দল, নির্বাচন প্রক্রিয়া ও প্রতিনিধিত্বমূলক শাসনব্যবস্থা ঔপনিবেশিক যুগে ধীরে, পর্যায়ক্রমে বিবর্তিত হয়েছে। ১৮৮৫ সালে প্রতিষ্ঠিত ভারতের জাতীয় কংগ্রেস জাতীয়তাবাদী আন্দোলনের নেতৃত্ব দান করেছিল এবং স্বাধীন ভারতের সার্বভৌম ক্ষমতা হাতে তুলে নিয়েছিল। অস্তবর্তী সময়ের মধ্যে বিভিন্ন পর্যায়ে কংগ্রেসের রূপান্তর ঘটেছে। কংগ্রেসের রাজনৈতিক সূচনা হয়েছি ব্রিটিশ সরকারের কাছে রাজনৈতিক, প্রশাসনিক ও অর্থনৈতিক সংস্কারের জন্য আবেদন নিবেদনকারী একটি সংঘবদ্ধ শিরোমণি গোষ্ঠীর সংগঠন হিসাবে। ১৯২০ সালের পর কংগ্রেস হয়ে ওঠে একটি গণ-সংগঠন যা একদিকে মহাত্মা গান্ধীর নেতৃত্বে জনগণকে সক্রিয় করার কর্মসূচী গ্রহণ করে ও অপরদিকে প্রাদেশিক বিধানমণ্ডলীর নির্বাচনে অংশ নিতে শুরু করে। ১৯৩৫ সালে প্রাদেশিক স্বায়ত্তশাসন চালু হলে ব্রিটিশ শাসনাধীন অধিকাংশ প্রদেশে শাসক দল হিসাবে কংগ্রেসের তৃতীয় পর্যায়ের বিবর্তন সূচিত হয়, যার চূড়ান্ত পরিণতি হিসাবে স্বাধন ভারতের শাসক দল হিসাবে কংগ্রেস প্রতিষ্ঠিত হয়।

সাম্রাজ্যবাদী শাসনের অবসান কংগ্রেসের সামনে সব থেকে বড় যে প্রশ্ন উত্থাপন করে তা হল আদৌ একটি দল হিসাবে কংগ্রেসে অস্তিত্ব থাকবে কি না। মহাত্মা গান্ধী কংগ্রেসকে গড়ে তুলেছিলেন নিছক একটি রাজনৈতিক দলের ভূমিকা পালন করার জন্য নয়, জাতীয় স্বার্থের মুখপাত্রস্বরূপ গঠনমূলক কর্মসূচী রূপায়ণের হাযির রূপেও বটে। গঠনমূলক কর্তব্যসূচীর অন্তর্ভুক্ত ছিল স্বদেশী রাজনীতি বহির্ভূত অংশ—চরকায় সুতো

কাটা ও খাদি পরিধানে উৎসাহ দেওয়া থেকে শুরু করে অস্পৃশ্যতার বিরুদ্ধে সামাজিক আন্দোলন ও অস্পৃশ্য জাতিগুলির উন্নয়ন, স্বাস্থ্য ও শিক্ষার সাথে সম্পর্কিত সামাজিক উন্নয়নমূলক কর্মসূচী। জাতীয়তাবাদী আন্দোলনের দিনগুলিতে গঠনমূলক কর্বসীচীর একটা বাস্তব উপযোগিতা ছিল। সাম্রাজ্যবাদী দমননীতির মুখে পড়ে যখন কংগ্রেস পরিচালিত আন্দোলনগুলি পিছু হটতে বাধ্য হত তখন এই কর্মসূচী কংগ্রেস কর্মীদের সক্রিয় রাখতে সাহায্য করত। গান্ধী চেয়েছিলেন যে এই রাজনীতি বহির্ভূত কর্মসূচীই কংগ্রেসের সামগ্রিক কর্মসূচী হয়ে উঠুক। তিনি সম্ভবত দলীয় রাজনীতি ও আন্দোলনের রাজনীতির মধ্যে পার্থক্য করেছিলেন। তাঁর কাছে কংগ্রেসের অর্থ ছিল জাতির সামগ্রিক সেবামূলক কাজ, রাজনৈতিক ক্ষমতা দখল নয়। তগে বংগ্রেসের অপর কোন নেতাই গান্ধীর সঙ্গে সহমত পোষণ করেননি। কংগ্রেসের মত একটি শক্তিশালী রাজনৈকি যন্ত্রকে ভেঙে ফেলতে কেউই বড় একটা আগ্রহী ছিলেন না। গান্ধী আনুষ্ঠানিকভাবে এই প্রশ্ন পেশ করার আগেই কংগ্রেসের সধারণ সম্পাদক শঙ্কররাও দেও একটি দলীয় বিজ্ঞপ্তিতে বলেন সংকট ও পরীক্ষার আগামী দিনগুলিতে ভারতের ঐক্য ও স্থিতিশীলতার প্রয়োজন মেটাতে পারে একটি “বৃহৎ রাজনৈতিক দল”। অতএব কংগ্রেসের ধারাবাহিকতার প্রয়োজন প্রস্নাতীত। বহুদলীয় গণতান্ত্রিক ব্যবস্থায় গংগ্রেস সেই সময়কার সর্বাধিক জনপ্রিয় ও গ্রহণযোগ্য রানৈতিক দল হিসাবে নিজের অস্তিত্ব বজায় রাখল।

আনুষ্ঠানিকভাবে ভারতীয় জাতীয় কংগ্রেস একটি বণ সংগঠন যার চাঁদাভিত্তিক সদস্যপদ দু’টি শ্রেণীতে বিভক্ত। সাংগঠনিক দিক থেকে এই দল পদমর্যাদা অনুযায়ী নীচ থেকে ওপর পর্যন্ত স্তরে বিভক্ত। সর্বনিম্নে আঞ্চলিক কমিটি, তার উপর জেলা কমিটি, এবং জেলা কমিটির উপর রাজ্য কমিটি। রাজ্য কমিটির উপর সর্বভারতীয় কমিটি যী শীর্ষে একজন নির্বাচিত সভাপতির নেতৃত্বে একটি কার্যনির্বাহী কমিটি আছে। নেহরুর আমলে রাজ্য ও কেন্দ্রীয় স্তরে সংসদীয় পর্যৎ দলের সদস্যদের রাজ্য বিধানমণ্ডলী ও সংসদ নির্বাচনের মনোনয়ন পত্র দেওয়ার গুরুদায়িত্ব পালন করত। নেহরুর সময় এই আনুষ্ঠানিক গঠন কাঠামো গুরুত্বপূর্ণ হলেও অধিকতর গুরুত্বপূর্ণ ছিল আঞ্চলিক থেকে জাতীয় স্তর পর্যন্ত বিস্তৃত গোষ্ঠীগত সম্পর্কের শৃঙ্খলা। প্রতিটি স্তরে গুরুত্বপূর্ণ কমিটির নিয়ন্ত্রণের জন্য গোষ্ঠী দ্বন্দ্ব দেখা যেত। দলের অভ্যন্তরে এই উপদলীয় বিবাদের অবশ্যস্তাবী পরিণতি ছিল রাজ্যস্তরে সরকার গঠনের জন্য তীব্র প্রতিদ্বন্দ্বিতা। প্রতিটি রাজ্যেই দল দু’টি গোষ্ঠীতে বিভক্ত হয়ে পড়ত— একটি ক্ষমতাসীন গোষ্ঠী যারা সরকার এবং কখনো কখনো দলীয় সংগঠন নিয়ন্ত্রণ করত এবং একটি বিক্ষুব্ধ গোষ্ঠী যারা দলীয় সংগঠনকে হাতিয়ার করে ক্ষমতা দখলের সংগ্রামে লিপ্ত হত। সূতরাং ১৯৫০ ও ’৬০-এর দশকে কংগ্রেস নীতির দ্বারা পরিচালিত না হয়ে ব্যক্তিগত সুবিধাবাদের দ্বারাই চাতি হত। সমস্ত গোষ্ঠীদ্বন্দ্ব ও অভ্যন্তরীণ দলীয় প্রতিদ্বন্দ্বিতা কিন্তু সর্বোচ্চ স্তরে এসে পরিসমাপ্ত হত যেখানে ১৯৫-৫১-র পর থেকে নেহরু নীতি ও রাজনীতির অবিসংবাদিত কর্তৃত্বে প্রতিষ্ঠিত হয়েছিলেন। ঐ সময় জাতীয় নেতৃত্বকে “হাইকমান্ড”

বলে অভিহিত করা হত, এবং অস্তুর্ভুক্ত হতেন নেহরুর ঘনিষ্ঠ রাজনীতিবিদরা। রাজ্যস্তরে গোষ্ঠী সংঘাত যখন নিয়ন্ত্রণের বাইরে গিয়ে দলীয় সংহিতিকে বিপন্ন করার মত পরিস্থিতি সৃষ্টি করত, তখন নেহরুর ঘনিষ্ঠ ও বিশ্বস্ত রাজনীতিবিদরা দুটি বিবদমান গোষ্ঠীর মধ্যে ভারসাম্য রক্ষা করে দলীয় সংহতি ও সংশ্লিষ্ট রাজ্যের রাজনৈতিক স্বাধীনতা সুরক্ষিত করতেন।

স্বাধীনতাবাদের অধিকারী কংগ্রেস যখন স্বাধীন ভারতের শাসকদল রূপে প্রতিষ্ঠিত হল তাঁর সামনে সব থেকে বড় প্রশ্ন ছিল দলীয় নেতৃত্ব ও সরকারের সম্পর্ক। ১৯৪৬ সালের নভেম্বর মাসে নেহরু যখন অস্ট্রেলিয়া সরকারে যোগদান করেন তখনই তিনি দলীয় সভাপতিত্ব থেকে ইস্তফা দেন কারণ সরকারের নেতা ও দলীয় সভাপতির যুগ্ম দায়িত্ব পালন করা তাঁর পক্ষে সম্ভব ছিল না। কংগ্রেস সভাপতি পদে তাঁর উত্তরাধিকারী জে. বি. কৃপালনী দাবি করেছিলেন যে সরকারি নীতি নির্ধারণে দলের সভাপতির ও কার্যনির্বাহী কমিটির প্রত্যক্ষ ভূমিকা থাকবে এবং এদের সঙ্গে আলাপ আলোচনার পরেই সরকার সিদ্ধান্ত গ্রহণ করবে। নেহরু, সর্দার প্যাটেল ও সরকারি স্বাক্ষরিত আসীন অন্যান্য নেতৃবৃন্দ ভিন্ন মত পোষণ করতেন। তাঁদের মতে সরকারি কার্যাবলী ও নথিপত্র সম্বন্ধে চূড়ান্ত গোপনীয়তা অবলম্বন করা প্রয়োজন এবং সরকার বহির্ভূত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছে তা প্রকাশ করা বাঞ্ছনীয় নয়। দল নিঃসন্দেহে দীর্ঘমেয়াদী নীতি ও লক্ষ্য স্থির করে দেবে কিন্তু কখনোই শাসনতন্ত্রে প্রত্যক্ষ হস্তক্ষেপ করবে না। সংবিধান অনুযায়ী সরকার নির্বাচিত বিধানমণ্ডলীর কাছে দায়বদ্ধ থাকবে, দলের কাছে নয়। সরকারের পরিপ্রেক্ষিতে দলের এই গৌণ অবস্থান মেনে নিতে অস্বীকার করে কৃপালনী দুই বছরের মেয়াদ পূর্ণ হওয়ার আগেই পদত্যাগ করেন (নভেম্বর, ১৯৪৭)। তাঁর বক্তব্য ছিল যে সরকার ও দলের কোন সমন্বয় নেই এবং সভাপতি হিসাবে তাঁর অবস্থান অসম্ভব হয়ে উঠেছিল কারণ তিনি মন্ত্রীত্বে আসীন সদস্যদের আস্থাভাজন হয়ে উঠতে পারেননি। এক বছরের জন্য কৃপালনীর স্থলে অভিষিক্ত হন রাজেন্দ্রপ্রসাদ এবং পরবর্তী দুই বছরের জন্য পটুভী সিতারামাইয়া। এঁরা কেউই সরকারের সঙ্গে সাংগঠনিক শ্রেষ্ঠত্ব বা সমতার প্রশ্ন তোলে ননি এবং সভাপতির কার্যাবলী সাংগঠনিক বিষয়েই সীমাবদ্ধ রেখেছিলেন। তবে এই বিতর্ক পাকাপাকিভাবে মিটে যায়নি।

১৯৫০ সালের আগস্ট মাসে দলীয় সভাপতির নির্বাচনকে কেন্দ্র করে নেহরুর সঙ্গে দলের দক্ষিণপন্থীদের সংঘাত প্রকাশ্যে আসে এবং এক বছর ধরে চলে। এই দ্বন্দ্ব নীতি ও আদর্শগত প্রশ্ন জড়িত ছিল ঠিকই কিন্তু অধিকতর গুরুত্বপূর্ণ বিষয় ছিল এই যে আসন্ন সাধারণ নির্বাচনে নতুন পদাধিকারীরা দলীয় প্রার্থীদের মনোনয়নে নির্ণায়ক ভূমিকা পালন করবে। তিনজন প্রার্থী দলের সভাপতিত্বের জন্য প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন—সর্দার প্যাটেল সমর্থিত পুরুষোত্তম দাস ট্যাগুন, নেহরু সমর্থিত জে. বি. কৃপালনী এবং শঙ্কর রাও দেও। ট্যাগুনের রক্ষণশীল সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক দৃষ্টিভঙ্গির জন্য নেহরু তাঁর বিরোধী ছিলেন, এবং স্পষ্ট ভাষায় জানিয়ে

দেন যে ট্যাগুন নির্বাচিত হলে নেহরুর পক্ষে কংগ্রেস কার্যনির্বাহী কমিটির সদস্যরূপে থাকা, এমন কি সরকার চালানো পর্যন্ত কঠিন হয়ে উঠবে। অপরদিকে ট্যাগুনের সমর্থকরা আশা করেছিলেন যে তাঁর নির্বাচন নেহরুকে নিয়ন্ত্রণ করতে সহায়ক হবে এবং নেহরুর আর্থ সামাজিক ও পররাষ্ট্র নীতির পরিবর্তন আনবে। ট্যাগুন সভাপতি পদে নির্বাচিত হন এবং কার্যনির্বাহী কমিটি ও কেন্দ্রীয় নির্বাচন কমিটি তাঁর অনুগামীদের দিয়ে পূর্ণ করা হয়।

কৃপালনীর কংগ্রেসের অভ্যন্তরে কংগ্রেস গণতান্ত্রিক মোর্চা গঠন করে ট্যাগুনের সক্রিয় বিরোধিতা করতে থাকেন। এর ফলে বিস্তারিত তত্ত্বাবধায় সৃষ্টি হয়। অবশেষে কর্মসমিতির নির্দেশানুসারে তিনি এই সংগঠন ভেঙে দেন। ১৯৫১-র শেষের দিকে তিনি কংগ্রেস ত্যাগ করে কিষান মজদুর প্রজা পার্টি গঠন করেন। দক্ষিণপন্থী নেতারা প্রগতিবাদীদের নিয়ন্ত্রণ করার সাফল্যে বিভোর। নেহরু সুযোগের সদ্ব্যবহার করে দক্ষিণপন্থীদের বিরুদ্ধেও একই অস্ত্র প্রয়োগ করেন।

ট্যাগুন কংগ্রেস সভাপতি নির্বাচিত হওয়ার পর দল ও সরকারের সম্পর্কের প্রশ্নটি আবার একবার উঠে আসে। ট্যাগুন ও তাঁর অনুগামীরা দাবী করেন যে প্রধানমন্ত্রী ও মন্ত্রী পরিষদ দলীয় আজ্ঞা কার্যকরী করবে এবং সরকারি নীতি রূপায়িত করার ক্ষেত্রে দলের প্রতি দায়বদ্ধ থাকবে। এই পর্যায়ে নেহরু দলের অভ্যন্তরে সমস্ত বিশোধিতা নির্মূল করতে মরীয়া হয়ে ওঠেন। প্যাটেলের মৃত্যু (১৫ই ডিসেম্বর, ১৯৫০) হলে দল নেহরুর কাছে অপরিহার্য হয়ে ওঠে এবং তিনি সরাসরি দলীয় বিষয়ে হস্তক্ষেপ শুরু করেন। এই সময় একজন দৃঢ়প্রতিজ্ঞ রাজনৈতিক সংগ্রামী রূপে নেহরুর উত্থান সম্পূর্ণ হয়। অবিচল পদক্ষেপে তিনি দলীয় সংঘাতের স্থায়ী নিষ্পত্তির দিকে অগ্রসর হন। সম্ভবত তাঁর লক্ষ্য ছিল আসন্ন সাধারণ নির্বাচনে প্রার্থী মনোনয়নের বিষয়টি নিয়ন্ত্রণ করা কারণ এই মনোনয়নগুলিই বিধানমণ্ডলী এবং রাজ্য ও কেন্দ্রীয় মন্ত্রিসভার চরিত্র নির্ধারণ করবে। এক্ষেত্রে তাঁর প্রথম পদক্ষেপ ছিল দৃঢ় ভাষায় একটি বিজ্ঞপ্তি জারী করে দলের অভ্যন্তরে দল গঠনের উপর নিষেধাজ্ঞার পুনরাবৃত্তি করা এবং আরো এক পা এগিয়ে কোন সাম্প্রদায়িক সংগঠনের সঙ্গে সংশ্রব নিষিদ্ধ করা। দলের প্রার্থী হিসাবে তিনি “প্রগতিশীল সামাজিক দৃষ্টিভঙ্গির” সদস্যদের আহ্বান জানান। আসলে নেহরু চেয়েছিলেন দলীয় সংহতি ব্যাহত না করে দল বা আসন্ন নির্বাচনী প্রক্রিয়ায় দক্ষিণপন্থীদের আধিপত্য খর্ব করা। অসামান্য নৈপুণ্য, দৃঢ়তা এবং রাজনৈতিক প্রতিভার বলে তিনি সর্বভারতীয় কংগ্রেস কমিটিতে তাঁর আর্থ সামাজিক ও পররাষ্ট্র নীতি অনুমোদন করিয়ে নেন। অতঃপর তিনি দলের উপর সামগ্রিক কর্তৃত্ব দাবি করেন : হয় ট্যাগুন কর্মসমিতির পুনর্গঠন করবেন নচেৎ নেহরু পদত্যাগ করবেন। এই দাবি পেশ করে নেহরু পরোক্ষভাবে ট্যাগুনের বহিষ্কারের পথটি প্রস্তুত করেছিলেন। ৬ই আগস্ট ১৯৫১ নেহরু কর্মসমিতি ও কেন্দ্রীয় নির্বাচন সমিতি থেকে পদত্যাগ করে সদস্যদের বাধ্য করেন তাঁর এবং ট্যাগুনের দৃষ্টিভঙ্গির মধ্যে যে কোন একটি বেছে নিতে। সদস্যদের

मध्ये दिमतेर कोन अवकाश छिल ना। तांरा एवंग ट्याडन निजेओ पूर्णमात्राय सचेतन छिलेन ये आसन्न निर्वाचने कंग्रेसेर साफल्य सुनिश्चित करते नेहरूर नेतृत्व अपरिहार्य छिल। अतएव व्याडन नेहरूर पदत्याग स्वीकार ना करे निजेई इस्तफा देन। नेहरू कंग्रेस सभापति निर्वाचित हन। यदिओ नीतिगतभावे नेहरू एकई व्यक्तिर प्रधानमन्त्रीओ ओ दनीय सभापतिहेर विरोधी छिलेन ता सत्रेओ तिनि एई सिद्धान्त मेने नेंन “विशेष परिस्थितिर बाध्याबाधकताय”। दलेर अभ्युत्तरे अविसंवादिता नेता हिसावे नेहरूर उथान सम्पूर्ण हय। आमृत्यु तिनि दलेर ओ सरकारेर सर्वोच्च क्षमता भोग करेन।

(ख) भारतीय कमिउनिस्ट पार्टी :

देशेर विभिन्न प्रांते ओ विभिन्न पर्यायेर चरमपंथी दल ओ राजनीति स्वाधीन भारतेर राजनैतिक जीवनेर एकटि गुरुत्वपूर्ण वैशिष्ट्य। त्रिशेर दशक थेके वामपंथी धारा दुटि मूल श्रोते विभक्त हये पड़े—समाजवादी ओ कमिउनिस्ट। स्वाधीनतार पर दुटि आन्दोलनई असंख्यावार विभाजित हयेछे। फले स्वाधीन भारतेर राजनीतिते गुरुत्वपूर्ण राजनैतिक शक्ति हिसावे अ-कमिउनिस्ट वासेमर अस्तित्व प्राय विलीन हये गेछे। विशेषभावे उल्लेखयोग्य ये वामपंथी दलगुलिर मध्ये विभाजन गोकुलद्वन्द्वेर परिणामे घटेनि, घटेछे नीतिगत कारणे। वामपंथी दलगुलिर सङ्गे कंग्रेसेर एवंग वामपंथी दलगुलिर निजेदेर मध्ये कतकगुलि गुरुत्वपूर्ण नीतिगत पार्थक्य छिल। समाजवादी दलगुलि येथाने श्रमनिविड़ छोट मापेर शिल्लेर विकास वेग विकेन्द्रीभूत योजना पद्धतिर गान्धीवादी अर्थनैतिक परिकल्पना समर्थन करेछिल, कमिउनिस्टदेर दावि छिल कंग्रेस अनुसृत शिल्लायनेर नीतिर थेके आरोो व्यापक हारे भारी शिल्लेर विकास। आवार दक्षिण एशिय राजनीतिते भारतेर स्वाधीन स्वतन्त्र्य भूमिकार उपर जोर दिये समाजवादीरा आस्तुर्जातिक समस्याय एकटि विशिष्ट अवस्थान ग्रहण करेछिल। किन्तु कमिउनिस्टरा ताकिये छिल बृहत् शक्तिद्वयेर द्वन्द्वेर दिके एवंग सेई द्वन्द्वे तारा समाजताम्रिक शिविरेर सङ्गे जोटवद्ध हओयार नीति अनुसरण करेछिल। समाजवादी ओ कमिउनिस्ट आन्दोलनगुलिर समर्थन प्रधानत आङ्गलिक। कमिउनिस्ट आन्दोलन सेई समस्त अङ्गलेई शक्ति सङ्गय करते पेरेछे येथाने स्वाधीनता संग्रामे कंग्रेस दल आधिपत्य विस्तार करते पारेनि, येमन केरल, अङ्ग। अनुरूपभावे समाजवादी आन्दोलनेर दुर्भेद्य घाँटि बिहार ओ उत्तरप्रदेशे १९४२-र भारत छड़ आन्दोलनेर नेतृत्व दियेछिलेन तरुण समाजतन्त्रीरा। सुतरां एई आङ्गलिक समर्थन उँसारित हयेछिल राजनैतिक ओ ऐतिहासिक परिस्थिति थेके, अर्थनैतिक पेम्फापट थेके नय।

स्वाधीनतार प्राक्काले कमिउनिस्ट पार्टीर सब थेके बड़ सम्पद छिल असामान्य योग्यतासम्पन्न एकाधिक नेतृवन्द एवंग असंख्य एकनिष्ठ, सुशृङ्खल ओ परिश्रमी सदस्य ओ कर्मीवन्द। स्वाधीनता अर्जनेर प्रथम पर्याये कमिउनिस्टरा भारतवर्षेर स्वाधीनताके स्वीकृति दियेछिल एवंग समस्त प्रगतिशील शक्तिके आह्वान करेछिल

নেহরুর পাশে দাঁড়িয়ে প্রতিক্রিয়াশীল, সাম্প্রদায়িক ও সাম্রাজ্যবাদের সমর্থক শক্তিগুলিকে পরাস্ত করতে। কিন্তু সোভিয়েত নির্দেশে ১৯৪৭ সালের ডিসেম্বর থেকেই তারা বলতে শুরু করে যে ভারতবর্ষের স্বাধীনতা মেকী (“ইয়ে আজাদী বুটা হ্যায়”)। ১৫ই আগস্টকে তারা জাতীয় প্রবঞ্চনার দিন হিসাবে চিহ্নিত করে বলে যে কংগ্রেস সাম্রাজ্যবাদী ও সামন্ততান্ত্রিক চরিত্র পরিগ্রহ করেছে এবং নেহরু সাম্রাজ্যবাদের দালালস্বরূপ ফ্যাসিস্ট কায়দায় সরকার পরিচালনা করছেন। সংবিধানকে তারা বর্ণনা করে দাসত্বের সনদ রূপে। এই পরিস্থিতিতে কমিউনিস্টরা সাম্রাজ্যবাদ বিরোধী সামন্ততন্ত্র বিরোধী ভূমিকায় অবতীর্ণ হয়ে স্বাধীনতা ও গণতন্ত্রের জন্য সশস্ত্র সংগ্রামের পথ নেয়। এই কর্মসূচীর অঙ্গ হিসাবে তেলঙ্গানার কৃষক আন্দোলনকে প্রলম্বিত করা হয়। হায়দ্রাবাদের নিজামের বিরুদ্ধে পরিচালিত আন্দোলন এখন ভারত বিরোধী আকার ধারণ করে। এই পরিস্থিতিতে কমিউনিস্ট দল নিষিদ্ধ ঘোষিত হয়। ১৯৫১ সালের শেষের দিকে যখন অজয় ঘোষ দলের সাধারণ সম্পাদক, স্ট্যালিনের প্রত্যক্ষ পরিচালনায় কমিউনিস্ট পার্টি তখন তাদেররনীতি পরিবর্তন করে। ভারতের রাজনৈতিক অবস্থান সম্পর্কে পূর্বের নীতিগত অবস্থান বজায় রেখে তারা সশস্ত্র সংগ্রামের কর্মসূচী পিছিয়ে দেয় এবং আসন্ন নির্বাচনে অংশগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ভারতীয় গ্রামীণ শ্রেণীগুলির সুস্পষ্ট পৃথকীকরণের অভাব ও আঞ্চলিক স্তরে উচ্চ ও মধ্যবিত্ত ভূস্বামী সম্প্রদায়ের আর্থ-সামাজিক ও রাজনৈতিক আধিপত্যের ফলে বামপন্থী দলগুলির পক্ষে শুধুমাত্র দারিদ্র্য ও ভূমিহীন রায়তদের স্বার্থ তুলে ধরা সম্ভব হয়নি। বরং তারা শ্রেণীসমষ্টিগত কৌশল অবলম্বন করেছিল এবং শিল্প শ্রমিকদের মধ্যে যথেষ্ট প্রভাব বিস্তার করেছিল। যাই হোক, প্রথম সাধারণ নির্বাচনে দল সেইসব অঞ্চলেই মনোনিবেশ করেছিল যেখানে তার সমর্থন নিশ্চিত ছিল, অর্থাৎ, যে অঞ্চলগুলি পরবর্তীকালে অন্ধ্র ও কেরল বলে পরিচিতি হয়েছিল। মোট প্রদত্ত ভোটের ৪.৬% ভোট পেয়ে ভারতীয় কমিউনিস্ট দল বৃহত্তম বিরোধী দল হিসাবে উঠে আসে। এই ফলাফল থেকে মনে হয়েছিল যে কংগ্রেসের বিকল্প হিসাবে কমিউনিস্ট পার্টির সম্ভাবনা উজ্জ্বল। কিন্তু এই প্রত্যাশা পূরণ হয়নি। নির্বাচনের অব্যবহিত পরেই ভারত রাষ্ট্রের চরিত্র, ভারতীয় প্রেক্ষাপটে বিপ্লবের অপরিহার্যতা, নেহরু সরকারের গঠনমূলক কর্মসূচীর প্রতি দলের দৃষ্টিভঙ্গি প্রভৃতি বিষয়ে কমিউনিস্ট পার্টি অভ্যন্তরীণ নীতিগত দ্বন্দ্ব লিপ্ত হয়।

সময়ের সঙ্গে সঙ্গে কমিউনিস্ট পার্টির আনুষ্ঠানিক অবস্থানে কতগুলি গুরুত্বপূর্ণ পরিবর্তন আসে। প্রথম, ১৯৫৩ সালের মাদুরাই অধিবেশনে দল স্বীকার করে নেয় যে ভারত সরকার একটি স্বাধীন বৈদেশিক নীতি অনুসরণ করেছে কিন্তু পুনরাবৃত্তি করে বলে যে অভ্যন্তরীণ ক্ষেত্রে তার নীতি সমূহের সঙ্গে সাম্রাজ্যবাদী নীতির ধারাবাহিকতা অক্ষুণ্ণ থেকে গেছে। দ্বিতীয়, ১৯৫৬ সালের পালঘাট অধিবেশনে কমিউনিস্ট পার্টি দেশের স্বাধীনতাকে স্বীকৃতি দেয় এবং ভারতবর্ষকে একটি সার্বভৌম গণরাজ্যের মর্যাদা দেয়। কিন্তু তারা বলে যে

সরকার জনবিরোধী নীতি অনুসরণ করে পুঁজিবাদীর ব্যবস্থা গড়ে তুলতে প্রয়াসী। সুতরাং “প্রতিক্রিয়াশীল” কংগ্রেস সরকারকে গদীচ্যুত করতে একটি রাজনৈতিক জোট গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়। তৃতীয়, ১৯৫৮ সালের অমৃতসর অধিবেশনে কমিউনিস্ট পার্টি ঘোষণা করে যে শান্তিপূর্ণ ও সংসদীয় পথে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করা সম্ভব এই অধিবেশনে আরো বলা হয় যে ক্ষমতায় এলে কমিউনিস্ট পার্টি পূর্ণ নাগরিক স্বাধীনতা প্রদান করবে, এমনকি বিরোধী দলগুলির সমালোচনার অধিকারও স্বীকৃতি পায়। চতুর্থ, বিজয়গাড়া অধিবেশনে কমিউনিস্ট পার্টি কংগ্রেসের প্রতি সংগ্রাম ও সহযোগিতার দ্বৈতনীতি গ্রহণ করে।

আপাতদৃষ্টিতে কমিউনিস্ট পার্টির অভ্যন্তরে ঐক্যমত বজায় থাকলেও কিছু আন্তর্জাতিক বিষয়কে কেন্দ্র করে মতপার্থক্য আবার তীব্র আকার ধারণ করে। স্ট্যালিনের বিরুদ্ধে সোভিয়েত সমালোচনা, চীন ও সোভিয়েত রাশিয়ার বিভেদ এবং সবশেষে ১৯৬২-এর ইন্দো-চীন যুদ্ধ কমিউনিস্ট পার্টির ভাঙনকে অবশ্যম্ভাবী করে তোলে। ১৯৬৪ সালে দক্ষিণপন্থী সোভিয়েত অনুগামী গোষ্ঠী সি.পি.আই. এবং বামপন্থী সি.পি.এম. দলের প্রকাশ ঘটে। ভারতের জাতীয় জীবনে কমিউনিস্ট আন্দোলনের ব্যর্থতা ব্যাখ্যা করতে গিয়ে ঐতিহাসিক বিপিনচন্দ্র বলেছেন যে কমিউনিস্টরা ভারতীয় রাজনীতির বাস্তবতা যথার্থ অনুধাবন করতে পারেননি। এই কারণেই কিছু অঞ্চলের বাইরে বৃহত্তর ভারতীয় জনজীবনে তাঁরা কোনো বড় মাপের প্রভাব ফেলতে পারেননি।

(গ) সমাজবাদী দল :

সমাজবাদী দল তার জন্মলগ্ন (১৯৩৪) থেকেই কংগ্রেসের অঙ্গ ছিল যদি তার নিজস্ব পৃথক সংবিধান, সদস্যপদ, নিয়ম শৃঙ্খলা ও মতাদর্শ ছিল। স্বাধীনতার সময় সমাজবাদী দলের সব থেকে বড় সম্পদ ছিল তার নেতৃত্ব—জয়প্রকাশ নারায়ণ, আচার্য নরেন্দ্র দেব, অচ্যুত পটবর্ধন, অশোক মেহতা, রামমনোহার লোহিয়া প্রমুখ। ১৯৪৮ সালের শুরুর দিকে যখন কংগ্রেস নিয়ম করে যে তারা সদস্যরা এমন কোন রাজনৈতিক দলের সদস্য হতে পারবে না যার পৃথক সংবিধান ও নিয়মশৃঙ্খলা আছে, সমাজবাদীরা কংগ্রেস ত্যাগ করে। ঐতিহাসিক বিপিন চন্দ্রের মতে সমাজবাদীদের এই সিদ্ধান্ত ছিল একটি ঐতিহাসিক ভুল। কারণ কংগ্রেসের সর্বব্যাপী চরিত্রের মধ্যে মতপার্থক্য যথাযথ স্থান পেত। কংগ্রেসের লক্ষ্য ছিল সাংগঠনিক ঐক্য আরোপ করা, আদর্শগত অভিন্নতা নয়। যাইহোক, ১৯৫১-৫২ সালের সাধারণ নির্বাচনে সমাজবাদী দল সম্পূর্ণ বিপর্যস্ত হয়। প্রদত্ত ভোটের ১০.৬% লাভ করে লোকসভায় ১২টি আসন দখল করে। বিক্ষুব্ধ কংগ্রেস সদস্যদের নিয়ে গঠিত কিষাণ মজদুর প্রজাপার্টি সাধারণ নির্বাচনে চূড়ান্তভাবে পরাজিত হয়। কংগ্রেস ও কমিউনিস্টদের দ্বারা কোনঠাসা হয়ে যাবার আশঙ্কায় ১৯৫২ সালে সমাজবাদী দল ও কিষাণ মজদুর প্রজাপার্টি একত্রিত হয়ে সমাজবাদী প্রজাপার্টি গঠন করে। গোড়া থেকেই নীতিগত ও গোষ্ঠী সংঘাত, অদক্ষ ও পরিবর্তনশীল নেতৃত্ব এই সংগঠনের সম্ভবনাকে লান করে দিয়েছিল।

(ঘ) ভারতীয় জনসংঘ :

১৯৫১ সালে ড. শ্যামাপ্রসাদ মুখার্জীর নেতৃত্বে জনসংঘ তার রাজনৈতিক যাত্রা শুরু করে। এই দল মূলত একটি সাম্প্রদায়িক সংগঠন, অর্থাৎ, সাম্প্রদায়িক মতাদর্শকে ঘিরে গঠিত একটি সংগঠন। এ ধরনের সংগঠনের সাধারণত কোন কর্মসূচি বা সুনির্দিষ্ট নীতি থাকে না। আবরণস্বরূপ কিছু সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক নীতি থাকে যা নির্বাচনী সুযোগ সুবিধার্থে অথবা অন্য কোন রাজনৈতিক সুবিধার্থে ক্রমাগত পরিবর্তন সাপেক্ষ। এই দল দক্ষিণপন্থী কারণ অর্থনীতির প্রতিক্রিয়াশীল ও নিপীড়নমূলক উপাদনগুলিকে শক্তিশালী না করে রাষ্ট্র ও সামাজ্যের সাম্প্রদায়িকীকরণ সম্ভব নয়। কিন্তু সাম্প্রদায়িক মতাদর্শ প্রকাশ্যে পচরার করার ক্ষেত্রে জনসংঘের দু'টি প্রধান বাধ্যবাধকতা ছিল। ধর্মনিরপেক্ষ গরতান্ত্রিক রাজনীতিতে নির্বাচনে অংশগ্রহণকারী একটি রাজনৈতিক দল হিসাবে তার লক্ষ্য ছিল অ-সাম্প্রদায়িকতার কোন গৌরবোজ্জ্বল মর্যাদা ছিল না। উপরন্তু নির্বাচন সক্রান্ত আইন ধর্মের ভিত্তিতে রাজনৈতিক প্রচার নিষিদ্ধ করেছিল।

২.১১.৩ নির্বাচনী পদ্ধতির সূচনা :

১৯৫০ সালের ২৬শে জানুয়ারী সংবিধান কার্যকর হওয়ার সঙ্গে সঙ্গেই গণতন্ত্রের পথে ভারতের যাত্রা শুরু হয়। প্রথম সাধারণ নির্বাচন (১৯৫১-৫২) গণতন্ত্রের বাস্তব রূপায়ণের পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সাধারণত মনে করা হয় যে এই নির্বাচন সারা পৃথিবীতে গণতান্ত্রিক পদ্ধতির বৃহত্তম পরীক্ষা নিরীক্ষা। সর্বজনীন প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে এই নির্বাচনে ১৮ বছর বয়স্ক ও তদূর্ধ্ব সমস্ত ভারতীয় নাগরিকের ভোটাধিকার স্বীকৃত ছিল। সংবিধান অনুযায়ী নির্বাচনসমূহের অধীক্ষণ, নির্দেশন ও নিয়ন্ত্রণ একটি নির্বাচন কমিশনের উপর বর্তিত হয়েছিল এবং এই কমিশন নির্বাহিক, সসদীয় অথবা শাসকদলের থেকে সম্পূর্ণ স্বাধীন ছিল।

ব্রিটিশ সংসদীয় পদ্ধতির অনুকরণে ভারতীয় সংবিধান প্রতি পাঁচ বছর অন্তর সংসদের নিম্নকক্ষের অর্থাৎ লোকসভার নির্বাচন ধার্য করে। কিন্তু কখনো কখনো প্রদানমন্ত্রীর উপদেশে রাষ্ট্রপতি সভার পাঁচ বছরের মেয়াদাবসানের আগেই নির্বাচন তলব করতে পারেন। যেহেতু অনেক ভারতীয়রই অক্ষরজ্ঞান নেই সেহেতু প্রতিটি রাজনৈতিক দল, এমনকি নির্দল প্রার্থীদেরও নির্বাচনী প্রতীক দেওয়া হয়। ১৯৭১-র আগে পর্যন্ত লোকসভা ও রাজ্য বিধানমণ্ডলীর নির্বাচন একই সাথে অনুষ্ঠিত হত।

নির্বাচনে অংশগ্রহণকারী দল বা প্রার্থীদের নির্বাচনী রণনীতির প্রথম ও প্রধান পদক্ষেপ নির্বাচনী প্রচার। প্রধানত তিনটি উপায়ে একটি দল বা নির্দল প্রার্থী তার রাজনৈতিক বার্তা জনগণের কাছে পৌঁছাতে পারে। প্রথম, প্রতিটি সুসংগঠিত দলই তাদের নীতি ও উদ্দেশ্য সংবলিত ইস্তাহার ইংরাজী ও মাতৃভাষায় মুদ্রিত করে বিলি

করে, যেখানে সাম্প্রতিক ঘটনাবলী সম্পর্কে তাদের বিশিষ্ট অবস্থান ব্যাখ্যা করা থাকে। দ্বিতীয়, প্রামাণ্য ও শহরের রাজপথে প্রার্থী ও তাদের সমর্থকরা জনসাধারণের উদ্দেশ্যে বক্তব্য রেখে তাঁদের নীতিগত অবস্থান বিশ্লেষণ করেন। তৃতীয়, সর্বসমক্ষে অপ্রকাশ্য গুচ পছায় প্রার্থীরা সমর্থনের ভিত্তি দৃঢ় করেন। এক্ষেত্রে প্রচারকরা তাঁদের মুদ্রিত ঘোষণাপত্র ও প্রকাশ্য বিবৃতির বাইরে গিয়ে প্রার্থী ও নির্বাচন কেন্দ্রের ভোটদাতাদের মধ্যে জাতপাতের বন্ধনের ওপর গুরুত্ব আরোপ করেন, বিশেষ গ্রাম বা এলাকার উন্নয়নে তাঁর অবদান তুলে ধরেন অথবা উন্নয়নের প্রতিশ্রুতি দেন।

অলোকসামান্য নেতাদের ব্যক্তিগত আবেদন থেকে শুরু করে শ্রেণী, সম্প্রদায়, জাতপাত ও গোষ্ঠীর প্রতি আনুগত্য, প্রভৃতি ভারতীয় ভোটদাতাদের নির্বাচনী সিদ্ধান্ত প্রভাবিত করে। প্রথম সাধারণ নির্বাচনে প্রচারের পাদপদীপে ছিপেন জওহরলাল নেহরু যিনি অসাধারণ উদ্যমে দলকে পুনরুজ্জীবিত করেছিলেন। বাস্তবিক এই নির্বাচনের প্রতিটি স্তরেই নেহরুর উপস্থিতি ও প্রভাব ছিল সর্বব্যাপী। কিন্তু তৃণমূল স্তরে কিছু অন্যান্য বিবেচনাও অনুভূত হয়েছিল। কিছু প্রার্থী সফল হয়েছিলেন কারণ তাঁরা নেহরু ও গান্ধীর কংগ্রেসের প্রতিনিধিত্ব করেছিলেন, আবার কিছু প্রার্থীকে কংগ্রেসের মনোনয়ন দেওয়া হয়েছিল কারণ আঞ্চলিক প্রভাবের জন্য তাদের সাফল্য সুনিশ্চিত ছিল। ভারতীয় জনসাধারণের রীতিনীতি ও দৈনন্দিন জীবন যাত্রার টানা পোড়েনের সঙ্গে ক্ষমতালিপ্সু রাজনীতিবিদদের নীতি ও উদ্দেশ্যের সামঞ্জস্য কম। উদাহরণস্বরূপ বলা যায় যে তাঁরা শিল্প ও কৃষির বর্ধিত সমগ্র উৎপাদনের দুষ্কিরণ থেকে দেশের অর্থনৈতিক সমস্যা দেখেন, যা সাধারণ মানুষের কাছে দুঃস্থ। সমাজের দরিদ্রতর অংশের দৈনন্দিন উদ্বেগের বিষয় গ্রাসাচ্ছাদন, পানীয় জল, বাসস্থান ও কর্ম নিযুক্তি। দারিদ্র সীমার উপরে যাঁরা বাস করেন তাঁদের স্বার্থ খামার জাত দ্রব্যের বাজার দর, সেচ ব্যবস্থার সুযোগ সুবিধা, নিয়মিত বিদ্যুৎ সরবরাহ, বর্ষাকালে ব্যবহারযোগ্য সড়ক ও সেতু, শিক্ষা ও কর্ম-নিযুক্তি। আঞ্চলিক স্তরের সমস্ত রাজনীতিবিদই এই দাবি দাওয়াগুলির অগ্রগণ্যতা সম্পর্কে সচেতন, কিন্তু দাবিদাওয়া পূরণে তাদের কৃতিত্ব হতাশাবাজক। সুতরাং নির্বাচনী প্রচারের সময় তাঁরা এই সমস্যাগুলির উপর আলোকপাত না করে জনগণকে ভাবতে বাধ্য করেন যে জাতির প্রকৃত সমস্যা অন্ন বস্ত্র বা আশ্রয় নয়— বরং পাকিস্তানের রণ দামামা, কাশ্মীরের বিচ্ছিন্নতাবাদী আন্দোলন অথবা (সাম্প্রতিককালে) অযোধ্যায় রামমন্দির নির্মাণ।

পশ্চিমী গণতন্ত্রের মত দলের প্রতি আনুগত্য ভারতীয় নির্বাচনী রাজনীতিকে চিহ্নিত করে না। ভারতবর্ষে এমন অনেক অঞ্চল আছে যেখানে স্থানীয় বিশিষ্ট ব্যক্তি, সম্ভবত কোন বৃহৎ জমিদার অথবা রাজন্য পরিবারের বংশধর অথবা জাতপাতের ভিত্তিতে প্রভাবশালী ব্যক্তি, হয় নির্দল প্রার্থী হয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে জয় লাভ করে নতুবা প্রতিষ্ঠিত রাজনৈতিক দলগুলির সঙ্গে মনোমত শর্তে সমর্থন বিক্রয় করে। আবার দলের

কোন সদস্য) মনোনয়ন পেতে ব্যর্থ হলে অন্য দল অথবা নির্দল প্রার্থী হয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে বিধা করেন না।

পুনরাবৃত্তি না ঘটিয়েও বলা যায় যে প্রথম সাধারণ নির্বাচনে প্রচার ও ফলাফলের দিক থেকে একক আধিপত্য বিস্তার করেছিল কংগ্রেস তার সর্বময় নেতা জওহরলাল নেহরুর নেতৃত্বে। নেহরুর প্রচারাভিযান মূলত রক্ষণশীল সাম্প্রদায়িকদের বিরুদ্ধে চালিত হয়েছিল। এর কারণ অংশত তাঁর ব্যক্তিগত বিশ্বাস ও চেতনা এবং অংশত দলের অভ্যন্তরে তাঁর অভিজ্ঞতা। ভারতের ঐক্যের বিরুদ্ধে সাম্প্রদায়িক শক্তিগুলি দ্বারা দীর্ঘমেয়াদী ক্ষতির আশঙ্কাও তাঁকে এই রণনীতি অবলম্বন করতে বাধ্য করেছিল। নির্বাচনের ফলাফল তাঁর আশঙ্কা প্রশমিত করেছিল। ভারতের জাতীয় কংগ্রেস লোকসভায় ৭৫% আসন দখল করে ও রাজ্য বিধানমণ্ডলীর ৬৮.৫% আসন দখল করে। শুধু ৮৪টি রাজ্যে কংগ্রেস একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেনি—মাদ্রাজ, ত্রিবাঙ্কুর, কোচিন, ওড়িশ্যা এবং পাতিয়ালা ও পূর্ব পাঞ্জাব সংঘ। এই রাজ্যগুলিতে কংগ্রেস নির্দল প্রার্থী ও ক্ষুদ্রতর স্থানীয় দলগুলির সঙ্গে জোটবদ্ধ হয়ে সরকার গড়েছিল। শ্যামাপ্রসাদ মুখার্জীর নেতৃত্বে তিনটি মুখ্য হিন্দুত্ববাদী সংগঠন, জনসঙ্ঘ, হিন্দু মহাসভা ও রামরাজ্য পরিষদ মাত্র ১০টি আসন দখল করেছিল। অপরদিকে কমিউনিস্ট দল এককভাবে ২৩টি আসন দখল করে। কৃপালনীর কিষান মজদুর প্রজাপাটি ও সমাজবাদীরা একত্রে ২১টি আসন দখল করে। একত্রে উল্লেখযোগ্য যে সমাজবাদী ও কিষান মজদুর প্রজাপাটি যেখানে ৩৯১ জন প্রার্থী দিয়েছিল, কমিউনিস্ট দল সেখানে মাত্র ৭০টি কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা করেছিল। এই নির্বাচনের আরো একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য ছিল এই যে—যে আসনগুলিতে কংগ্রেস দল পরাজিত হয়েছিল, তার অধিকাংশ আসনে তাদের প্রতিষ্ঠিত প্রতিদ্বন্দ্বীরা নির্বাচিত না হয়ে অন্যান্য দল ও নির্দল প্রার্থীরা জয়ী হয়েছিলেন। এই অন্যদলগুলি অধিকাংশই ছিল অবিমিশ্র আঞ্চলিক সংগঠন—পাঞ্জাবী শিখদের অকালী দল, বিহার উপজাতিদের ঝাড়খণ্ড, মাদ্রাজের ড্রাবিড দলসমূহ, এবং ওড়িশ্যার গণতন্ত্র পরিষদ। সফল নির্দল প্রার্থীরা সকলেই প্রায় স্থানীয় মানুষ যারা কোন মতাদর্শের প্রতিদ্বন্দ্বিতা না করে একটি বিশিষ্ট মূল্যবোধ তুলে ধরেছিলেন। এহেন দল ও প্রার্থীদের সাফল্য একটা মৌলিক প্রশ্ন তুলে ধরেছিল—সর্বজনীন প্রাপ্তবয়স্ক ভোটাধিকার কি যথার্থই একটি সর্বভারতীয় রাজনীতির চালিকাশক্তি হতে পারবে?

১৯৫২ সালের পর নেহরুর আমলে আরো দুটি নির্বাচন হয়েছে, ১৯৫৭ ও ১৯৬২ সালে। উভয়ক্ষেত্রেই ভোটাধিকারীদের সংখ্যা বেড়েছিল। ১৯৫১-৫২তে ৪৬% শতাংশ ভোটাধিকারীদের ভোটাধিকার ব্যবহার করেছিলেন। পরবর্তী নির্বাচনে, অর্থাৎ ১৯৫৭ সালে ৪৭% এবং ১৯৬২ সালে প্রায় ৫৪%। দুটি নির্বাচনেই কংগ্রেস লোকসভায় একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছিল—দ্বিতীয় লোকসভা নির্বাচনে ৩৭১ টি আসন দখল করেছিল এবং তৃতীয় নির্বাচনে ৩৫৮টি। ইতিমধ্যে ১৯৫৭ সালে কমিউনিস্ট দল কেবলে বিশ্বের প্রথম নির্বাচিত কমিউনিস্ট সরকার গঠন করে।

২.১২ উপসংহার

স্বাধীন ভারতে নেহরু আমলের রাজনৈতিক ইতিহাস পর্যালোচনা করে বলা যায় যে এই যুগের সব থেকে বড় কৃতিত্ব ছিল সদ্যজাত ভারতীয় রাষ্ট্রকে স্থায়িত্ব দান। এই দৃষ্টিভঙ্গি থেকে প্রতিবেশী রাষ্ট্র পাকিস্তানের সঙ্গে প্রতিতুলনার প্রলোভন এড়ানো কঠিন। আজ যখন ভারতবর্ষে, নানা সীমাবদ্ধতা সত্ত্বেও, গণতন্ত্র দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত, পাকিস্তান কিন্তু সামরিক শাসনে ধুঁকছে। ভারতীয় রাজনীতিতে বা রাষ্ট্রনীতিতে যে স্বৈরাচারী প্রবণতা মতা তোলেনি, তা নয়। (উদাহরণস্বরূপ শ্রীমতী ইন্দিরা গান্ধীর শাসনকালের কথা মনে করা যেতে পারে।) কিন্তু তাকে পরাস্ত করতে সামরিক শাসন জারী করার প্রয়োজন হয়নি, গণতন্ত্রের অস্ত্র দিয়েই এই প্রবণতাকে ঘায়েল করা সম্ভব হয়েছে। গণতন্ত্রের এই সাফল্যের কৃতিত্ব নিঃসন্দেহে নেহরু ও সমকালীন রাজনীতিবিদ ও রাষ্ট্রনেতাদের প্রাপ্য। স্মরণ করা যেতে পারে যে পঞ্চাশের দশকের শুরুতে যখন পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী লিয়াকৎ আলী খাঁ আতাতায়ীর গুলিতে প্রাণ হানার, ভারতবর্ষ তখন প্রথম সাধারণ নির্বাচনের প্রস্তুতি নিচ্ছিল — প্রতিতুলনা নিঃসন্দেহে চোখে পড়ার মত। পাকিস্তানের তুলনায় ভারতে গণতন্ত্রের এই সাফল্যের কতকগুলি সামাজিক কারণ নির্দিষ্ট করা যেতে পারে। এক, ভারতবর্ষ সাম্রাজ্যবাদী শাসন কাঠামো অবিকৃত ও অখণ্ডিত আকার ধারণ করেছিল। যেটা পারিসরনের পক্ষে সম্ভব হয়নি কারণ পাকিস্তান ছিল খণ্ড রাজ্য। দুই, ভারতীয় জাতীয় কংগ্রেসে ও তার ঐক্যমতের রাজনীতির একটা সর্বভারতীয় আবেদন ছিল। প্রথম তিনটি সাধারণ নির্বাচনে (নেহরু যুগে) কংগ্রেস একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে সরকার গঠন করেছিল। ফলে রাজনৈতিক স্থায়িত্ব প্রতিষ্ঠার কাজটি অপেক্ষাকৃত সহজ হয়েছিল। পাকিস্তান যে অঞ্চলগুলি নিয়ে গঠিত হয়েছিল সেখানে মুসলিম লীগের সমর্থনের ভিত্তি দুর্বলতম। সার্বিকভাবে গ্রহণযোগ্য একনি রাজনৈতিক দলের অভাব পাকিস্তানে গণতান্ত্রিক সম্ভবনাকে অন্ধুরেই বিনাশ করেছিল। তিন, আমরা আগেই উল্লেখ করেছি যে গণতন্ত্রের পথে যাত্রা শুরুর সময় স্বাধীন ভারতের সব থেকে বড় সম্পদ ছিল জওহরলাল নেহরুর নেতৃত্বের পাশাপাশি সর্দার প্যাটেল, রাজাগোপালাচারি, গোবিন্দ বল্লভপন্থ, বি. জি. খের, ও মোরারজি দেশাইয়ের মাপের নেতৃত্ব। সমকক্ষ নেতৃত্বের অভাব পাকিস্তানে রাজনীতি সম্ভবনাকে ম্লান করে দিয়েছিল।

২.১৩ অনুশীলনী

বিভাগ—ক (রচনাধর্মী প্রশ্ন)

১। অন্ধজর, বোম্বে ও পাঞ্জাবের দৃষ্টান্ত দিয়ে দেখান নেহরু সরকার ভাষাভিত্তিক রাজ পুনর্গঠনের সমস্যা কিভাবে মোকাবিলা করেছিলেন।

২। সরকারি ভাষা সংক্রান্ত সমস্যা ভারতীয় রাজনীতিতে কিরূপ বিভাজনের সৃষ্টি করে?

৩। প্রথম সাধারণ নির্বাচনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করে ভারতীয় নির্বাচনী রাজনীতির কতগুলি সাধারণ বৈশিষ্ট্য বিশ্লেষণ করুন।

বিভাগ—খ (সংক্ষিপ্ত বিষয়মুখী প্রশ্ন)

১। নেহরুর উপজাতি সংক্রান্ত নীতি উত্তর পূর্বাঞ্চলের উপজাতি সম্প্রদায়ের ক্ষেত্রে কতটা যুক্তিযুক্ত ছিল?

২। নেহরু কিভাবে কংগ্রেস দল ও কংগ্রেস সরকারের বিরোধের নিষ্পত্তি করেছিলেন সংক্ষেপে লিখুন।

৩। ১৯৪৭-১৯৬৪ পর্যন্ত ভারতীয় রাজনীতিতে কমিউনিস্ট আন্দোলন কতটা প্রভাব বিস্তার করেছিল?

২.১৪ গ্রন্থপঞ্জী

১। Bipa Chandra, Mridula Mukherjee, Aditya Mukherjee : India After Independence (1999).

২. Paul Bras : The Politics of India Since Independence (1999).

৩. W. H. Morris Jones : The Government and Politics of India (1967).

৪. Zoya Hasad (ed.) : Politics and the State in India (2000).

৫. Partha Chatterjee (ed.) State and Politics in India (1998).

৬. S. Gopal, Jawaharlal Nehru : A Biography, Vols. 2 and 3 (1989).

৭। দুর্গাদাস বসু, ভারতের সংবিধান পরিচয় (1994)

৮. Sujata Bose and Ayesha Jalal, Modern South Asia (1998).

একক ৩ □ পরিকল্পনা এবং ভারতীয় অর্থনীতি

গঠন

- ৩.১ ভারতে অর্থনৈতিক পরিকল্পনার সংক্ষিপ্ত ইতিহাস
- ৩.২ ভারতে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা
- ৩.৩ ভারতে অর্থনৈতিক পরিকল্পনার উদ্দেশ্য
- ৩.৪ ভারতে অর্থনৈতিক পরিকল্পনার সাফল্যের মূল্যায়ন
 - ৩.৪.১ পরিকল্পনাকারে জাতীয় আয়ের বৃদ্ধি
 - ৩.৪.২ পরিকল্পনাকালে কৃষি উন্নয়নের ক্ষেত্রে সাফল্যের মূল্যায়ন
 - ৩.৪.৩ পরিকল্পনাকালে শিল্পোন্নয়নের প্রয়াসের মূল্যায়ন
 - ৩.৪.৪ অর্থনৈতিক পরিকাঠামো উন্নয়নের মূল্যায়ন
- ৩.৫ ভারতে অর্থনৈতিক পরিকল্পনার ব্যর্থতার বিভিন্ন দিক
- ৩.৬ সারাংশ
- ৩.৭ অনুশীলনী
- ৩.৮ গ্রন্থপঞ্জী

৩.১ ভারতে অর্থনৈতিক পরিকল্পনার সংক্ষিপ্ত ইতিহাস

ব্রিটিশ শাসনে ভারতের অর্থনৈতিক উন্নয়নের জন্য কোনো সক্রিয় উদ্যোগ ছিল না। তাছাড়া অর্থনৈতিক পরিকল্পনা সম্পর্কে কোনো স্পষ্ট ধারণা ১৯২০ সা পর্যন্ত ছিল না। সোভিয়েত ইউনিয়নের সৃষ্ট সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা বুদ্ধিজীবীদের দৃষ্টি আকর্ষণ করেছিল। ঊনবিংশ শতাব্দীতে ভারতের অর্থনৈতিক ইতিহাসের অগ্রণী প্রবক্তাগণ (যেমন, দাদাভাই নওরজী, রমেশচন্দ্র দত্ত, মহাদেব গোবিন্দ রানাডে) দেশের অর্থনৈতিক দুর্গতির দিকে দৃষ্টি আকর্ষণ করেছিলেন; কিন্তু তখন অর্থনৈতিক পরিকল্পনা নিয়ে চিন্তা-ভাবনা কোনো দেশেই ছিল না—ভারতেও ছিল না।

১৯২৪ সালে ভারতীয় অর্থনৈতিক সম্মেলনে ডঃ এম. বিশ্বেশ্বরায়ার তাঁর সভাপতির ভাষণে ভারতে অর্থনৈতিক পরিকল্পনার উপর গুরুত্ব আরোপ করেছিলেন। বিশ্বেশ্বরায়ার দুটি উল্লেখযোগ্য বই হল Reconstructing India এবং Planned Economy for India। ত্রিশের দশকে তিনি এই বই দুটো লিখেছিলেন। তবে এম. বিশ্বেশ্বরায়ার ভারতের তৎকালীন অর্থনৈতিক ব্যবস্থায় প্রকল্প পরিকল্পনার (Project planning) উপর আপেক্ষিক গুরুত্ব বেশি দিয়েছিলেন, যদিও একটি সার্বিক জাতীয় পরিকল্পনার গুরুত্ব তিনি স্বীকার করেছিলেন।

ত্রিশের দশকে ভারতে অর্থনৈতিক পরিকল্পনার পক্ষে প্রধান প্রবক্তা ছিলেন নেতাজী সুভাষচন্দ্র বসু। ১৯২৮ সালে Independence League of India-র বাংলা শাখার ইজ্ঞাহারে সুভাষচন্দ্র মূল শিল্পগুলির জাতীয়করণ এবং রেল, আহাজ ও বিমান পরিবহনের জাতীয়করণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। ১৯৩৩ সালে লন্ডনে রাজনৈতিক সম্মেলনে প্রেরিত সভাপতির ভাষণে স্পষ্টই বলেন—“ভারতে পরিকল্পিত অর্থনীতির প্রবর্তন করতে হবে বৈজ্ঞানিক পথে। এক্ষেত্রে উল্লেখ করা যেতে পারে অধ্যাপক মেঘনাদ সাহা এগিয়ে এসেছিলেন অর্থনৈতিক পরিকল্পনার সমর্থনে। ১৯৩৫-১৯৩৯ সালে Science and Culture পত্রিকায় মেঘনাদ সাহা বেশ কয়েকটি প্রবন্ধে অর্থনৈতিক পরিকল্পনার সমর্থনে জোরালো যুক্তি দেখিয়েছিলেন। বিশেষ করে ১৯৩৭ সালে তাঁর লিখিত প্রবন্ধ “Indian National Reconstruction and Soviet Example” সুভাষচন্দ্রকে বিশেষভাবে অনুপ্রাণিত করেছিল। ভারতে অর্থনৈতিক পরিকল্পনা সম্পর্কে সুভাষচন্দ্রের চিন্তাভাবনা পূর্ণাঙ্গ রূপ পায় হরিপুরা কংগ্রেসে (১৯শে ফেব্রুয়ারী, ১৯৩৮) সভাপতির ভাষণে। তাছাড়া ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশনে দেওয়া (Indian Science News Association) ভাষণ (১১ আগস্ট, ১৯৩৮), প্রাদেশিক কংগ্রেসী শিল্পমন্ত্রীদের সভায় প্রদত্ত ভাষণ (২রা অক্টোবর, ১৯৩৮) এবং নিম্নলিখিত ভারত প্ল্যানিং কমিটির উদ্বোধনী ভাষণে (১৭ ডিসেম্বর, ১৯৩৮) সুভাষচন্দ্র অর্থনৈতিক পরিকল্পনার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছিলেন। হরিপুরা কংগ্রেসে সভাপতির ভাষণে সুভাষচন্দ্র বলেছিলেন, অর্থনৈতিক সমস্যা সমাধানের জন্য কৃষির উন্নয়ন নিশ্চয়ই প্রয়োজন, কিন্তু এটাই যথেষ্ট নয়। রাষ্ট্রের মালিকানা ও রাষ্ট্রনিয়ন্ত্রণে শিল্পায়নের ব্যাপক পরিকল্পনা অপরিহার্য হবে। “পরিকল্পনা কমিশনের পরামর্শে রাষ্ট্রকে উৎপাদন ও ভোগের ক্ষেত্রে সমগ্র কৃষি ও শিল্পবৎস্বকে ক্রমশ সামাজিকীকরণের জন্য একটি ব্যাপক পরিকল্পনা গ্রহণ করতে হবে।”

ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশনের সভায় প্রদত্ত ভাষণে সুভাষচন্দ্র জাতীয় পরিকল্পনার নিয়ামক নীতি নির্ধারণের কথা বলেছিলেন। জাতীয় স্বয়ংস্বরতা অর্জনের লক্ষ্যে মূল শিল্পগুলির যথা বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ, যাতায়াত উৎপাদন, যন্ত্রপাতি নির্মাণ, রাসায়নিক প্রব্য উৎপাদন, যানবাহন ও যোগাযোগ বস্তু নির্মাণ প্রভৃতির বিকাশ সাধন পরিকল্পনার নিয়ামক নীতির অঙ্গ হিসাবে চিহ্নিত হয়েছিল। প্রাদেশিক কংগ্রেসী

শিক্ষামন্ত্রীদের সম্মেলনে তিনি বলেছিলেন ভারতের প্রয়োজন হল একটি শিক্ষা বিপ্লব; ইংলন্ডের মতো নয়, রাশিয়ার মতো।

১৯৩৮ সালে ভারতে জাতীয় পরিকল্পনা কমিটির গঠন একটি উল্লেখযোগ্য ঘটনা। পণ্ডিত জগদহারলাল নেহেরু ছিলেন জাতীয় পরিকল্পনা কমিটির (National Planning Committee) সভাপতি। নিখিলভারত প্ল্যানিং কমিটি (All-India Planning Committee) হিসাবেও এটা পরিচিত ছিল। ১৯৩৮ সালের ১৭ ডিসেম্বর এই কমিটির উদ্বোধন করেন সুভাষচন্দ্র। জাতীয় পরিকল্পনা কমিটি শিল্পের স্থান নির্ণয় (Location of Industry), শিল্প সংগঠন, শিল্প পরিচালনা ও তার আর্থিক নীতি তৈরি করবে তখন এটাই আশা করা হয়েছিল।

দ্বিতীয় মহাযুদ্ধের আগে জাতীয় পরিকল্পনা কমিটি ছাড়া বোম্বাইয়ের আর্টজেন শিল্পপতি দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি পরিকল্পনা প্রস্তুত করেন : এটাকে বলা হল “বোম্বাই পরিকল্পনা” (Bombay Plan)। শ্রী এম. এন. রায় সমাজতান্ত্রিক আদর্শে উদ্ভুদ্ধ হয়ে একটি ‘জনগণের পরিকল্পনা’ (People’s Plan) তৈরি করেন। তাছাড়া শ্রীমান নারায়ণ এবং পরবর্তীকালে শ্রী এম. এন. অগরওয়াল “গান্ধী পরিকল্পনা” (Gandhian Plan) নামে একটি পরিকল্পনা প্রস্তুত করেন। এই পরিকল্পনাগুলির ঐতিহাসিক গুরুত্ব বিশেষ নেই।

এই প্রসঙ্গে অর্থনৈতিক পরিকল্পনা সম্পর্কে গান্ধীজীর দৃষ্টিভঙ্গীর উল্লেখ করা যেতে পারে। পরিকল্পনার যৌক্তিকতা নিয়ে সুভাষচন্দ্র ও গান্ধীজীর মধ্যে বিরোধের সৃষ্টি হয়েছিল। গান্ধীজী রাষ্ট্রীয় নিয়ন্ত্রণে অর্থনৈতিক উন্নয়নের প্রচেষ্টা এবং জাতীয় পরিকল্পনা কমিটি গঠনের প্রস্তাব কখনই মেনে নেননি। গান্ধীজীকে আশ্বস্ত করার জন্য সুভাষচন্দ্র এবং জগদহারলাল নেহেরু উভয়েই ঘোষণা করেছিলেন যে বৃহৎ শিল্পের উন্নয়ন হবে বলে পরিকল্পনায় কুটির শিল্পকে উপেক্ষা করা হবে না। কুটির শিল্প যন্ত্রশিল্পের পরিপূরক হিসাবে কাজ করবে। জাতীয় পরিকল্পনা কমিটি গুরুভার শিল্পের উন্নয়ন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, কৃষির উন্নতি প্রভৃতিকে পরিকল্পনার কর্মসূচীতে অগ্রাধিকার প্রদান করেছিলেন। কিন্তু গান্ধীজী চেয়েছিলেন গ্রামীণ ও কুটির শিল্পের পুনরুজ্জীবনের মাধ্যমে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করা। জাতীয় পরিকল্পনা কমিটি শেষ পর্যন্ত এই সিদ্ধান্তে উপনীত হন যে দেশের অর্থনৈতিক উন্নয়নের প্রচেষ্টায় বৃহদায়তন শিল্প ও কুটির শিল্পের মধ্যে কোনো সংঘাত নেই। একটি জগদহারলালের পরিপূরক হতে পারে। জাতীয় পরিকল্পনা কমিটি এই অভিমতও ব্যক্ত করেন যে কৃষিকে বাদ দিয়ে ভারতে কোনো অর্থনৈতিক পরিকল্পনা রচিত হতে পারে না। জমিদারি প্রথার উচ্ছেদ ও ভূমি সংস্কার, সমবায় কৃষি ব্যবস্থা প্রভৃতির উপরও জাতীয় পরিকল্পনা কমিটি গুরুত্ব আরোপ করেন।

ত্রিপুরী কংগ্রেসের পরে বারতীয় জাতীয় কংগ্রেসের সঙ্গে সুভাষচন্দ্রের সম্পর্ক ছিন্ন হওয়ার পর জাতীয় পরিকল্পনা কমিটির সঙ্গেও তাঁর সম্পর্ক ছিন্ন হয়। শ্রী ভি. ভি. গিরি, শ্রী হরিবিষ্ণু বাসাথ প্রভৃতি নেতারা অর্থনৈতিক পরিকল্পনা সম্পর্কে সুভাষচন্দ্রের মতাদর্শের পূর্ণ সমর্থক ছিলেন। জওহরলাল নেহরু গান্ধীজীর জীবদশায় নিজেকে পুরোপুরি সমাজতান্ত্রিক আদর্শে তৈরি করতে পারেননি। তারণ তাঁর উপর ছিল গান্ধীজীর বিরাট প্রভাব। সেজন্য রওহরলাল নেহরু জাতীয় পরিকল্পনা কমিটির কর্মসূচী কংগ্রেস শাসিত প্রাদেশিক সরকারগুলিতে ঠিকভাবে রূপায়িত করতে পারেননি। তাছাড়া দ্বিতীয় মহাযুদ্ধ আরম্ভ হবার পর সব কিছু ওলোট-পালোট হয়ে যায়।

স্বাধীন ভারতের অর্থনৈতিক পরিকল্পনার সূচনা হয় জওহরলাল নেহরুর নেতৃত্বে। স্বাধীন ভারতে নেহরুকে অর্থনৈতিক পরিকল্পনার প্রধান স্থপতি হিসাবে আখ্যা দেওয়া যায়। ১৯৪৮ সালের এপ্রিস মাসে (তখন গান্ধীজী প্রয়াত হয়েছেন) ঘোষিত ভারতের শিল্পনীতিতে মিশ্র অর্থনীতির (Mixed Economy) কথা বলা হয়। ১৯৫০ সালের ২৬শে জানুয়ারী ভারতের সংবিধান গৃহীত হয়; তাতেই রাষ্ট্রীয় নীতি নির্দেশক (Directive Principles of State Policy) সম্পর্কিত অনুচ্ছেদে ভারতের আর্থ-সামাজিক বিকাশের লক্ষ্য কী হবে তা বলা হয়। জওহরলাল নেহরুর সভাপতিত্বে ভারতের প্রথম জাতীয় পরিকল্পনা কমিশন (National Planning Commission) গঠিত হয়। ১৯৫০-৫১ সালে ভারতের প্রথম পাঁচসালী পরিকল্পনা প্রণীত হয়। এই পরিকল্পনার মেয়াদ ছিল ১৯৫৫-৫৬ সা পর্যন্ত। দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় (১৯৫৬-৫৭—১৯৬০-৬১) সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গঠনের (Socialist Pattern of Society) কথা বলা হয়। ভারতীয় জাতীয় কংগ্রেসও নিজস্ব কর্তৃসূচীতে সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গঠনকে গুরুত্ব দিয়েছিল। দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় ২৫ শতাংশ জাতীয় ায় বৃদ্ধি, দ্রুত শিল্পায়ন, কর্মসংস্থানের সম্প্রসারণ এবং আয় ও ধনের বৈষম্য কমানোর উপরও গুরুত্ব আরোপ করা হয়েছিল। দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনাটি বহুলাংশে প্রশান্ত মহলানবীশ প্রদত্ত মডেল দ্বারা প্রভাবিত হয়েছিল। মহলানবীশ মডেলে একদিকে গুরুভার ও মৌলিক শিল্প এবং অপরদিকে ভোগ্য সামগ্রী শিল্পের উৎপাদন বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করা হয়েছিল। জওহরলাল নেহরু একদিকে মহলানবীশ মডে এবং অপরদিকে সমাজতান্ত্রিক অর্থনীতি সম্পর্কে তাঁর নিজস্ব চিন্তাধারা—এই দুটোর উপর নির্ভর করেই দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনা রূপায়িত করার চেষ্টা করেছিলেন। প্রথম পাঁচসালী পরিকল্পনায় কৃষি-উৎপাদন, বিশেষ করেখাদ্যশস্য উৎপাদন বৃদ্ধিকে অগ্রাধিকার দেওয়া হয়েছিল। সেই সঙ্গে জনসাধারণের জীবনযাত্রার মান উন্নত করা এবং তাদের সামনে আরও উন্নত ধরনের এবং বৈচিত্র্যপূর্ণ জীবনের সম্ভবনা উন্মুক্ত করার কথা বা হয়েছিল। দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় অগ্রাধিকার দেওয়া হচ্ছিল জাতীয় আয়ে বৃদ্ধি এবং গুরুভার ও মৌলিক শিল্পের দ্রুত উন্নয়নের প্রতি। এই দুটো পরিকল্পনাতেই অসম-উন্নয়ন বা অগ্রাধিকারভিত্তিক উন্নয়ন পদ্ধতি (Technique of Unbalanced Growth) প্রয়োগ করা হয়েছিল। কিন্তু তৃতীয় পাঁচসালী পরিকল্পনার

চূড়ান্ত পর্যায়ে যাতে সুথম উন্নয়ন (Balanced Growth) বর্জন করার লক্ষ্যে এগিয়ে যাওয়া যায় সে চেষ্টা করা হয়েছিল।

জওহরলাল নেহরুর আমলে তিনটি পাঁচসালী পরিকল্পনা তৈরি হয়েছিল। এই তিনটি পরিকল্পনাকালে সরকারি ক্ষেত্রের (Public Sector) দ্রুত সম্প্রসারণ হয়েছিল, এবং মিশ্র অর্থনৈতিক কাঠামোর মধ্যেই শিলোপন্নয়নের প্রসাস চলছিল।

নেহরু-মহলানবীশ পরিকল্পনা মডেল যদিও দেশকে শিলোন্নয়নের পথে অনেকটা এগিয়ে নিয়ে গিয়েছিল, তবুও এটা অস্বীকার করা যাবে না যে দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় বৈদেশিক মুদ্রা সংকট চীর হয়েছিল। দেশের প্রকৃত সম্পদ (real resources) কতটা ছিল, বিদেশ থেকে মূলধনী দ্রব্য আমদানি করার ক্ষমতা কতটা ছিল এবং কতটা বাজেট ঘাটতি করা যুক্তিযুক্ত ছিল—এই ধরনের সিদ্ধান্ত গ্রহণে অসঙ্গতি থাকায় দেশের অর্থনৈতিক সংকট ঘনীভূত হয়েছিল। অনেকে একটা “উচ্চাকাঙ্ক্ষার সংকট” (crisis of ambition) বলে অভিহিত করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত এই সংকটটো তীব্রতা কমানো সম্ভব হয়েছিল। নেহরুর আমলে আমদানির বিকল্পীকরণ (Import substitution) নীতি গৃহীত হয়েছিল। আমদানির উপর অধিক হারে শুল্ক ধার্য করে এবং আমদানির পরিমাণ নিয়ন্ত্রণ করে যাতে আমদানির বিকল্প দ্রব্য দেশেই উৎপাদন করা যায় সেই চেষ্টা চালানো হয়েছিল। এই নীতির পক্ষে যুক্তি ছিল, বেশি হারে আমনি শুল্ক ধার্য করা হলে রাজস্ব বাড়বে, আমদানির পরিমাণ কমবে এবং তার একটি অনুকূল প্রভাব হবে বৈদেশিক বাণিজ্যে ঘাটতি মেটাবার ক্ষেত্রে, দেশীয় শিল্পগুলি আমদানির বিকল্প দ্রব্য উৎপাদনে উৎসাহী হবে এবং যদি এর ফলে বিকল্প দ্রব্যের উৎপাদন বাড়ে তবে কর্মসংস্থানেরও সম্প্রসারণ হবে। বলা বাহুল্য, এই নীতিতে রপ্তানি বাড়ার প্রয়োজন থেকে আমদানি কমাবার প্রয়োজনের উপর বেশি গুরুত্ব আরোপ করা হয়েছিল। এজন্য এটাকে বলা হত “হতাশাব্যঞ্জক রপ্তানি” (Export Pessimism)। যাটের দশকেও এই নীতি কার্যকর ছিল। সত্তরের দশক থেকে পরিকল্পনা কর্তৃপক্ষ বুঝতে থাকেন যে আমদানি নিয়ন্ত্রণ নয়—রপ্তানি উন্নয়নই (Export Promotion) হল ভারতের বৈদেশিক বাণিজ্য সংকট দূর করার উপায় এবং রপ্তানিযোগ্য দ্রব্যের উৎপাদন বাড়ার জন্য প্রয়োজনীয় কাঁচামাল ও মূলধন সামগ্রী আমদানির খুবই প্রয়োজন।

আগেই বা হয়েছে, জওহরলাল নেহরু সমাজতান্ত্রিক চিন্তাধারার অনুগামী ছিলেন। সেই চিন্তাধারার সঙ্গে সঙ্গতি রেখেই ১৯৬০ সালে দেশে আয়ের বন্টন ও জীবনধারণের মানে যে বৈষম্য পরিলক্ষিত হয় সে সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি করার জন্য প্রশান্ত মহলানবীশের সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হয়। এই কমিটি তাঁদের প্রতিবেদন দাখিল করেন ১৯৬৩ সালের এপ্রিল মাসের শেষে। এই কমিটির প্রতিবেদন প্রকাশের

এক বছর বাদেই (১৯৬৪) গঠিত হয় একচেটিয়া ক্ষমতা তদন্ত কমিশন (Monopolies Inquiry Commission)।

জওহরলাল নেহরু প্রয়াত হবার পর শ্রীমতী ইন্দিরাগান্ধীও সমাজতান্ত্রিক সমাজ গঠনের আদর্শ সামনে রেখে পরিকল্পনার নীতি নির্ধারণ করেছিলেন। ইন্দিরা গান্ধীর আমলে শিল্প লাইসেন্স ব্যবস্থা জোরদার করা হয়েছিল। ১৯৬৯ সালে দেশের ১৪টি বাণিজ্যিক ব্যাঙ্ক এবং ১৯৮০ সালে আরও ছয়টি বাণিজ্যিক ব্যাঙ্ককে রাষ্ট্রায়ত্ত্ব করা হয়েছিল, এবং দেশ ক্রমশ আমদানি বিকল্পীকরণ নীতি থেকে রপ্তানি উন্নয়ন নীতির দিকে সরে আসছিল। ইন্দিরা গান্ধীর আমলেই দারিদ্র দূরীকরণ পরিকল্পনার অন্যতম উদ্দেশ্য হিসাবে গৃহীত হয়।

ইন্দিরা গান্ধীর আমলে ভারতে অর্থনৈতিক পরিকল্পনার ধারাবাহিকতায় ছেদ পড়ে। তৃতীয় পাঁচসাল পরিকল্পনার মেয়াদ শেষ হবার পর চতুর্থ পাঁচসাল পরিকল্পনার কাজ আরম্ভ করা সম্ভব হয়নি। ভারত-পাকিস্তান যুদ্ধ (১৯৬৫) পর পর দু'বছর প্রচণ্ড খরা, টাকার মূল্যহ্রাস (১৯৬৬) এবং প্রচণ্ড মুদ্রাস্ফীতি ও রাজকোষের তীব্র ঘাটতি—এই কারণগুলির জন্য পাঁচ বছরের জন্য একটি পরিকল্পনা তৈরি করা তখন সম্ভব ছিল না। এজন্য ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৬৮ এই নি বছরের জন্য তিনটি আলাদা বার্ষিক পরিকল্পনা তৈরি করা হয়।

এই প্রসঙ্গে উল্লেখ করাযেতে পারে যে এই সময় থেকে নতুন কৃষি উৎপাদন পদ্ধতি প্রয়োগের সুফল পরিলক্ষিত হয় এবং ১৯৬৮-৬৯ সাল থেকেই দেশে সবুজ বিপ্লব সূচিত হয়। যে সবুজ বিপ্লবের সূচনা তখন হয়েছিল সেটি নতুন সহস্রাব্দের শুরুতেও অব্যাহত আছে।

চতুর্থ পাঁচসাল পরিকল্পনার মেয়াদ ছিল ১৯৬৮-৬৯ সাল থেকে ১৯৭৩-৭৪ সাল পর্যন্ত। উন্নয়নের গতি বাড়ানো এবং সেই সঙ্গে অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখার ওপর গুরুত্ব আরোপ করা ছিল চতুর্থ পাঁচসাল পরিকল্পনার প্রধান উদ্দেশ্য। ইন্দিরা গান্ধী দেশ থেকে দারিদ্র্য হটাবার শ্লোগান দিয়েছিলেন। তবে বিংশ শতাব্দীর শেষেও দেশে ২৫ শতাংশেরও বেশি লোক দারিদ্র্য সীমার নীচে আছে বলে অনুমিত হয়েছে।

১৯৭৪-৭৫ সালে পঞ্চম পাঁচসাল পরিকল্পনা তৈরি হয়েছিল। কিন্তু পাঁচ বছরের মেয়াদ শেষ হবার আগেই ১৯৭৭-৭৮ সালে তার মেয়াদ শেষ হয়ে যায়। এই সময়ে কেন্দ্রীয় সরকারেরও পরিবর্তন হয়। জনতা দলের নতুন সরকার (মোরারজী দেশাইয়ের প্রধানমন্ত্রিত্বে) দেশে Rolling Plan চালু করেছিলেন এবং তার ভিত্তিতে ১৯৭৮-৭৯ সালের জন্য একটি বার্ষিক পরিকল্পনাও তৈরি হয়েছিল। ষষ্ঠ পাঁচসাল পরিকল্পনা দুবার রচিত হয়েছিল। ১৯৮০-৮৫ সালের জন্য ষষ্ঠ পরিকল্পনা তৈরি হয়েছিল ১৯৭৮-৭৯ সালে। কিন্তু জনতা দলের

সরকার সেই পরিকল্পনা বাতিল করে দিয়েছিলেন। পরে ভারতীয় জাতীয় কংগ্রেস আবার সরকার গঠন করলে ১৯৮১ সালে নতুন করে ষষ্ঠ পরিকল্পনা তৈরি করা হয়েছিল; কিন্তু খাতায় কলমে ১৯৮০ সাল থেকেই ষষ্ঠ পরিকল্পনা কার্যকর হয়। এই পরিকল্পনাটিও দারিদ্র্য হটানোর ওপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেছিল। সপ্তম পাঁচসালী পরিকল্পনা (১৯৮৫-৯০) ছিল রাজীব গান্ধীর আমলে তৈরি। রাজীব গান্ধী নতুন প্রযুক্তির দিকে দেশকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করেছিলেন। তাঁর প্রধানমন্ত্রিত্ব কালেই অমদানি উদারীকরণের নীতি প্রথম অনুসৃত হয়, যদিও তারগণ্ডী ছিল সীমিত। সপ্তম পাঁচসালী পরিকল্পনায় একদিকে কোষাগার ঘাটতির (Fiscal Deficit) ক্রমবৃদ্ধি এবং অপরদিকে বৈদেশিক বাণিজ্যে ঘাটতি ও বৈদেশিক ঋণের বৃদ্ধি দেশের অর্থনৈতিক সংকটের সূচনা করে। তবে সপ্তম পরিকল্পনায় গড় উন্নয়ন হার ছিল ৫.৯ শতাংশ। অর্থনৈতিক সংকট তীব্র আকার ধারণ করে ১৯৯০-৯১ সালে। ১৯৯১ সালে নরসিমা রাও প্রধানমন্ত্রী এবং মনমোহন সিং কেন্দ্রীয় অর্থমন্ত্রী হবারপর দেশে অর্থনৈতিক সংস্কারের কর্মসূচী গৃহীত হয়।

ভারতে অর্থনৈতিক উদারীকরণের নীতি গৃহীত হবার পূর্বে পূর্ববর্তী পরিকল্পিত অর্থনীতির কর্মসূচী থেকে দেশের অর্থনীতি অনেক সরে আসে। সারা বিশ্বে বাজার-অর্থনীতির চেউ এবং আন্তর্জাতিক অর্থভাণ্ডার ও বিশ্বব্যাঙ্কের কাছ থেকে গৃহীত ঋণের শর্তাবলীর পূরণ করার বাধ্যবাধকতা ভারতকে অর্থনৈতিক উদারীকরণের নীতি গ্রহণ করতে বাধ্য করেওগ অর্থনৈতিক উদারীকরণ (Economic Liberalisation), বেসরকারীকরণ (Privatisation) এবং বিহায়ন (Globalisation)—এই তিনটি লক্ষ্য সামনে রেখে অর্থনৈতিক সংস্কারের কর্মসূচী এবং দেশের অর্থনৈতিক সামঞ্জস্য বিভানের কর্মসূচী (Structural Adjustment Programme) গৃহীত হয়। তার ফলে যে অর্থনৈতিক পরিকল্পনাকে দেশের অর্থনৈতিক উন্নয়নের মূল চাবিকাঠি হিসাবে বিবেচনা করা হত, সেই অর্থনৈতিক পরিকল্পনা থেকে দেশের অর্থনীতি অনেকটাই সরে আসে। তবে এর মধ্যেই নব্বইয়ের দশকে অষ্টম পাঁচসালী পরিকল্পনা এবং নবম পাঁচসালী পরিকল্পনা তৈরি হয়। এক্ষেত্রে উল্লখ করা যেতে পারে, সপ্তম পরিকল্পনার মেয়াদ আগে শেষ করে দিয়ে আবার দুটি বার্ষিক পরিকল্পনা তৈরি করা হয়েছিল। অষ্টম পাঁচসালী পরিকল্পনার মেয়াদ ছিল ১৯৯২-৯৭ সাল পর্যন্ত। ১৯৯৭-৯৮ সাল থেকে নবম পাঁচসালী পরিকল্পনার কাজ শুরু হয়েছে।

ভারতের অর্থনৈতিক পরিকল্পনার ইতিহাস দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারা বা গতি প্রকৃতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। আমাদের দেশে যে গণতান্ত্রিক শাসনব্যবস্থা প্রচলিত আছে, তার সঙ্গে সামঞ্জস্য বজায় রেখই দেশে গণতান্ত্রিক পরিকল্পনা (Democratic Planning) প্রবর্তিত হয়েছে। গণতান্ত্রিক পরিকল্পনায় মিশ্র-অর্থনীতির কাঠামোর মধ্যে বেসরকারী ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। ভারতে যে অর্থনৈতিক সংস্কার প্রবর্তিত হয়েছে তাতে রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ ও সরকারি উদ্যোগের ভূমিকা ক্রমেই সংকুচিত হচ্ছে এবং বেসরকারী

ক্ষেত্রে ভূমিকা ক্রমেই সক্রিয় হচ্ছে। অষ্টম ও নবম পাঁচসালী পরিকল্পনায় বেসরকারি ক্ষেত্রের ভূমিকা পূর্ববর্তী পরিকল্পনাগুলি অপেক্ষা অনেক বেশি প্রতিভাত হয়েছে।

গণতান্ত্রিক পরিকল্পনার কাঠামোর সঙ্গে সঙ্গতি রেখে ভারতে পরিকল্পনার বিকেন্দ্রীকরণ (Decentralisation) শুরু হয়েছে। গ্রামাঞ্চলে ব্লক পর্যায়, মহকুমা পর্যায় এবং জেলা পর্যায়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্পগুলিকে রাজ্য পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়। বিভিন্ন রাজ্য পরিকল্পনাগুলির মধ্যে সমন্বয় সাধন করেই জাতীয় পরিকল্পনা তৈরি করা হয়।

৩.২ ভারতে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা

যে কোনো অনগ্রসর দেশের পক্ষে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা অনস্বীকার্য। অনগ্রসর দেশে জনসাধারণের জীবনযাত্রার মান অত্যন্ত অনুন্নত থাকে এবং জাতীয় আয় বৃদ্ধির হারও কম থাকে। এসব দেশে বিনিয়োগ বৃদ্ধির হারও খুব কম থাকে। খাড়া আয় ও ধনের বৈষম্য, তীব্র দারিদ্র, বেকার সমস্যা, অসামঞ্জস্যপূর্ণ শিল্পের বিকাশ প্রভৃতি অনগ্রসর দেশের বৈশিষ্ট্য। উন্নতিকামী দেশগুলির এই ত্রুটি-বিচ্যুতিগুলি দূর করার জন্য অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা অনস্বীকার্য।

পরিকল্পনাবিহীন অর্থনীতির পক্ষে দ্রুত জাতীয় আয় বাড়ানো সম্ভব নয়। সীমিত আর্থিক সম্পদের উপযুক্ত ব্যবহার করে এবং প্রাকৃতিক সম্পদগুলিকে কাজে লাগিয়ে জাতীয় উৎপাদন বাড়তে হলে অর্থনৈতিক পরিকল্পনার প্রয়োজন। অপরিকল্পিত অর্থনীতিতে আয় ধনের বৈষম্য বেড়ে যায় এবং দেশগুলি অর্থনৈতিক পরিকল্পনার মাধ্যমে দ্রুত উন্নতির পথে এগোবার চেষ্টা করে। এক্ষেত্রে রাশিয়ার উদাহরণ দেওয়া যেতে পারে। ১৯১৭ সালের অবব্যাহিত পরে বিপ্লবোত্তর রাশিয়ার অর্থনৈতিক অবস্থা ছিল ভারতের মতো। বরং তখন রাশিয়ায় সামন্ততান্ত্রিক ব্যবস্থা বিদ্যমান ছিল এবং দেশে বড় বড় জোতদার (kulaks) ছিল। রাশিয়া তখন শিল্পোন্নত ছিল না। কৃষিক্ষেত্রে দেশটি অনগ্রসর ছিল। কিন্তু অর্থনৈতিক পরিকল্পনা দ্বিতীয় মহাযুদ্ধের আগেই সেই দেশের চেহারা পাল্টে দিয়েছিল। তখনকার রাশিয়া (পূর্বতন সোভিয়েত যুক্তরাষ্ট্র) অর্থনৈতিক পরিকল্পনায় এবং সমাজতন্ত্রের আদর্শে বিশ্বাসী ছিল।

উন্নত এবং স্বল্পোন্নত দেশগুলির মধ্যে অর্থনৈতিক ব্যবধান নূর করার জন্য তৃতীয় বিশ্বের সব দেশেই অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা স্বীকৃত হয়েছে। (১) জাতীয় আয়ের বৃদ্ধি, (২) জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়ন, (৩) দেশের প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার, (৩) জাতীয় উৎপাদনের সুষ্ঠু বন্টন, (৫) মূলধন সৃষ্টির হার বাড়ানো, (৬) কর্মসংস্থানের সম্প্রসারণ, (৭) বৈদেশিক বাণিজ্যের পুনর্গঠন এবং (৮) সামাজিক ন্যায়

প্রতিষ্ঠার জন্য ও দেশ থেকে দাখিল দূর করার জন্য অর্থনৈতিক পরিকল্পনার খুবই প্রয়োজন। পরিকল্পনাবিহীন অর্থনীতিতে এই উদ্দেশ্যগুলি পূরণ করা সম্ভব নয়।

অর্থনৈতিক পরিকল্পনার অভাবে দেশে উৎপাদনের উপকরণগুলির অপচয় বেশি হয় এবং তার ফলে দেশের আয় বৃদ্ধির হার অপেক্ষাকৃত কম হয়। শিল্প-উৎপাদন এবং ব্যবসায় বাণিজ্যের ক্ষেত্রে শ্রিতিশীলতার অভাব দূর করার জন্যও অর্থনৈতিক পরিকল্পনা অপরিহার্য। পরিকল্পনাহীন অর্থনীতিতে জিনিসপত্রের দাম অসম্ভব বেড়ে যেতে পারে, আবার সেই সঙ্গে বেকার সমস্যার তীব্রতা এবং ব্যবসা বাণিজ্যে মন্দাও বেড়ে যেতে পারে। ব্যবসা বাণিজ্যে মন্দা দূর করা এবং বেকার সমস্যার সমাধানের জন্য যে সব প্রকল্প গ্রহণ করা উচিত, সেগুলি রাষ্ট্রীয় হস্তক্ষেপে পরিকল্পিত অর্থনীতিতে গ্রহণ করা অধিকতর যুক্তিযুক্ত। আধুনিক দনতান্ত্রিক দেশগুলিতে অর্থনৈতিক পরিকল্পনার উপর গুরুত্ব দেওয়া হয় না। সেজন্য সে সব দেশের জাতীয় আয় এবং মাথাপিছু প্রকৃত আয় বেশি হলেও বর্ধিত আয়ের সুফল জনসাধারণের মধ্যে সমানভাবে ও ন্যায়সঙ্গতভাবে বন্টিত হয় না। সেজন্য এইসব দেশে বড়লোকের পাশাপাশি বহু গরীব লোক থাকে। মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানী, ব্রিটেন, জাপান প্রভৃতি উন্নত দেশগুলিতে বেকার সমস্যার তীব্রতা এবং জনসাধারণের মধ্যে আয় ও সম্পদের বৈষম্য বিশেষভাবে পরিলক্ষিত হয়। অপরদিকে পূর্বতন সোভিয়েত রাশিয়া অর্থনৈতিক পরিকল্পনার মাধ্যমে বেকার সমস্যার তীব্রতা কমাতে পেরেছিল এবং দেশের অর্থনৈতিক শক্তি ও সম্পদের ন্যায়সঙ্গত বণ্টনও করতে পেরেছিল। এখানেই অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা প্রতিভাত হয়।

ভারতে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা সম্পর্কে এটাও বলা যায় যে পুরোপুরি বাজার-অর্থনীতি ব্যবস্থায় ভারতের পক্ষে সুস্থ অর্থনৈতিক উন্নয়নের পথে এগিয়ে যাওয়া সম্ভব নয়। বাজার-অর্থনীতিতে যে কোনও ক্ষেত্রে চাহিদা ও যোগানের মধ্যে ভারসাম্যের অভাব থাকতে পারে। কোনও দ্রব্যের জন্য (যেমন খাদ্যশস্য অথবা শিল্পক্ষেত্রে প্রয়োজনীয় কাঁচামাল) চাহিদা যদি যোগান অপেক্ষা বেশি হয় তবে সেই ক্ষেত্রে যোগান বাড়ানোর জন্য রাষ্ট্রীয় হস্তক্ষেপ খুবই জরুরী। আবার জনসাধারণের অতিরিক্ত চাহিদা ও জনশক্তির দক্ষন যদি মুদ্রাস্ফীতির সৃষ্টি হয় তবে তা নিয়ন্ত্রণ করার জন্যও রাষ্ট্রীয় হস্তক্ষেপ প্রয়োজনীয়। শুধু বাজারে চাহিদা ও যোগানের স্বাধীন ক্রিয়া-প্রতিক্রিয়ার হাতে গোটা অর্থনীতিকে ছেড়ে দেওয়া যুক্তিযুক্ত নয়। এজন্য অর্থনৈতিক পরিকল্পনার প্রয়োজন খুবই বেশি। ঋণোন্নত দেশে আর্থিক সম্পদের প্রাচুর্য থাকে। বেসরকারি ক্ষেত্রে বড় ধরনের বিনিয়োগও অর্থের অভাবে আটকে যেতে পারে। তাছাড়া আমদানি-রপ্তানি বাণিজ্যে ভারসাম্যের অভাবে দেশে বৈদেশিক মুদ্রাসংকট হতে পারে ও বৈদেশিক পেনদেন ব্যালান্সে ঘাটতি দেখা যেতে পারে। এই সমস্যাগুলির প্রতিকার করার জন্য রাষ্ট্রীয় হস্তক্ষেপ খুবই জরুরী এবং অর্থনৈতিক পরিকল্পনার মাধ্যমেই রাষ্ট্র এক্ষেত্রে অবস্থা নিয়ন্ত্রণে আনতে পারে। এজন্য ভারতের মতো দেশে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা খুব বেশি।

ভারতে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা খুব বেশি থাকা সত্ত্বেও প্রায় উঠতে পারে, কেন ভারত পরিকল্পিত অর্থনীতি থেকে দূরে সরে আসছে এবং অর্থনৈতিক উদারীকরণের (Economic Liberalisation) পথ বেছে নিয়েছে? এই প্রশ্নের উত্তর নিম্নোক্ত আছে ভারতে ১৯৯০-৯১ সালের তীব্র অর্থনৈতিক সংকটের মধ্যে—যে সংকট থেকে বেরিয়ে আসার জন্য ভারতকে অর্থনৈতিক সংস্কারের কর্মসূচী (Package of Economic Reforms) গঠন করতে হয়। ১৯৯০-৯১ সালে ভারতের বৈদেশিক বাণিজ্য তীব্র খাটতির সৃষ্টি হয়েছিল। বৈদেশিক বাণিজ্যের সংকট প্রতিফলিত হয়েছিল দেশের ক্রমবর্ধমান বৈদেশিক ঋণে। ১৯৯১ সালের জুন মাসে ভারতীয় মুদ্রায় দেশের বৈদেশিক ঋণের পরিমাণ ছিল ১,২০,০০০ কোটি টাকা। দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদনের (Gross Domestic Product) এটা ছিল প্রায় ৩৩ শতাংশ। অপরদিকে সরকারের কোথাগার ঘাটতির (Fiscal Deficit) পরিমাণও অসম্ভব বেড়ে গিয়েছিল এবং এটা ছিল দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদনের (GDP) প্রায় ৮.৫ শতাংশের মতো। ১৯৯১ সালের গোড়ায় ভারতে মুদ্রাস্ফীতির হার ছিল ১২ শতাংশ। দেশের অভ্যন্তরে শিথলক্রমে রুপতা এবং শিল্পোৎপাদনের বৃদ্ধির হার হ্রাস, এবং বিদেশী মুদ্রার সঙ্গে ভারতীয় মুদ্রার বিনিময় হারে অবমূল্যায়ন—প্রভৃতি কারণে ভারতে অর্থনৈতিক সংস্কার খুব জরুরী বলে বিবেচিত হয়। বৈদেশিক মুদ্রা সংকট থেকে উদ্ধার পেতে ভারতকে প্রচুর বৈদেশিক ঋণ গ্রহণ করতে হয়, এবং এই ঋণের বেশির ভাগ নেওয়া হয় আন্তর্জাতিক অর্থভাণ্ডার (International Monetary Fund) থেকে। ডাঙ্কড়া দেশের অর্থনীতির কাঠামোগত সমস্যা (Structural Adjustment) বিধানের জন্য বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকেও প্রচুর ঋণ গ্রহণ করতে হয়। আন্তর্জাতিক অর্থভাণ্ডার থেকে ঋণ গ্রহণের শর্ত হল দেশকে অভ্যন্তরীণ সরকারি ব্যয়ের চাপ কমিয়ে অতিরিক্ত চাহিদাকে নিয়ন্ত্রিত (demand management) রাখতে হবে এবং ভারতীয় মুদ্রার বৈদেশিক মূল্য হ্রাস ঘটিয়ে বিদেশী মুদ্রার সঙ্গে বিনিময় হারে স্থিতিশীলতা আনতে হবে। বিশ্বব্যাঙ্কের কাছ থেকে ঋণ গ্রহণের শর্ত হল, অর্থনৈতিক ক্ষেত্রে বেসংক্রিয়করণ (Privatisation), উদারীকরণ (Liberalisation) এবং বিশ্বায়ন (Globalisation) সুনিশ্চিত করতে হবে।

ভারতকে এই শর্তগুলি পালন করার জন্য একগুচ্ছ অর্থনৈতিক সংস্কার কর্মসূচী (Package of Economic Reforms) গ্রহণ করতে হয়েছে, এবং তার ফলে অর্থনৈতিক পরিকল্পনা থেকে অনেকটা সরে আসতে হয়েছে।

পূর্বতন সোভিয়েত ইউনিয়নের পতনের পর সারা বিশ্বে বাজারে অর্থনীতির দিকে একটি ঝাঁক পরিলক্ষিত হয়েছে। বিশ্ববাণিজ্য সংস্থা (World Trade Organisation) গঠিত হবার পর বহুপাক্ষিক বাণিজ্য এবং সেই বাণিজ্যের বিশ্বায়ন (Globalisation) দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে। ভারতের পক্ষেও এই আন্তর্জাতিক অর্থনৈতিক পরিস্থিতি থেকে দূরে সরে থাকা সম্ভব নয়।

কিন্তু ভারতে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা এজন্য ক্ষুণ্ণ হয়নি। সামাজিক ক্ষেত্রে উন্নয়ন, বিশেষ করে শিক্ষার সম্প্রসারণ, জনস্বাস্থ্যের সুবিধা সম্প্রসারণ ও তার মান উন্নয়ন, ময়লা সাফাই ব্যবস্থা, দূর গ্রামাঞ্চলে পানীয় জলের সরবরাহ, কৃষির উন্নয়ন, বিশেষ করে জলসেচ ব্যবস্থার সম্প্রসারণ, জনসাধারণের জন্য খাদ্যের নিরাপত্তা সুনিশ্চিত করা, এবং অর্থনৈতিক পরিকাঠামো (Economic Infrastructure) উন্নয়নের জন্য ভারতে অর্থনৈতিক পরিকল্পনার গুরুত্ব ও যৌক্তিকতা এখনও অপরিসীম।

৩.৩ ভারতে অর্থনৈতিক পরিকল্পনার উদ্দেশ্য

ভারতের অর্থনৈতিক পরিকল্পনার উদ্দেশ্যগুলি আলোচনা করলে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা আরও বেশী অনুভূত হয়। কারণ পরিকল্পিত অর্থনীতি ছাড়া এই উদ্দেশ্যগুলি পূরণ করা অসম্ভব। ভারতের বিভিন্ন অর্থনৈতিক পরিকল্পনার উদ্দেশ্যগুলিকে নিম্নলিখিত ভাবে বর্ণনা করা যায় :

১) জনসাধারণের জীবনযাত্রার মান উন্নত করা এবং তাদের সামনে আরও উন্নত ধরনের এবং বৈচিত্র্যপূর্ণ জীবনের সম্ভবনা উন্মুক্ত করা।

ভারতের প্রথম পাঁচসালী পরিকল্পনায় এই উদ্দেশ্যে অনুযায়ী মানবীয় এবং বস্তুগত সব সম্পদের সদ্যবহার করে উৎকাদন বাড়ানো এবং পরবর্তীকালে আয়, ধন ও সুযোগের বৈষম্য কমানোর কর্মসূচী গ্রহণ করার কথা বলা হয়েছিল। প্রথম পাঁচসালী পরিকল্পনায় যুদ্ধোত্তর ভারত এবং দেশ-বিভাগজনিত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে দেশের অর্থনৈতিক পুনরুজ্জীবনের উপর এবং খাদ্যসামগ্রী ও কাঁচামাল সরবরাহের ব্যবস্থা সহজ করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছিল। দেশের উন্নয়ন কর্মসূচী প্রসারিত করে এবং সেগুলি ঠিকভাবে কার্যকর করে দেশের অর্থনৈতিক উন্নয়ন ভবিষ্যতের জন্য সুদৃঢ় করার উপরেও গুরুত্ব আরোপ করা হয়। সেই সঙ্গে দেশের অর্থনৈতিক পুনর্গঠনের জন্য প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা এবং অর্থনৈতিক সংগঠন উন্নত করার উপরেও প্রথম পাঁচসালী পরিকল্পনায় গুরুত্ব আরোপ করা হয়।

(২) জাতীয় আয় বৃদ্ধি করা।

যে কোনো অর্থনৈতিক পরিকল্পনারই প্রধান উদ্দেশ্য হল জাতীয় আয় বৃদ্ধি করা। অর্থনৈতিক উন্নয়নের প্রধান লক্ষণ প্রকৃত জাতীয় আয় বৃদ্ধি। স্থির মূল্যস্তরের ভিত্তিতে ভারতের প্রথম পাঁচসালী পরিকল্পনায় বাৎসরিক ৩.৭ শতাংশ এবং দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় বাৎসরিক ৪.২ শতাংশ হারে জাতীয় আয় বেড়েছিল। সপ্তম পাঁচসালী পরিকল্পনায় জাতীয় আয় বৃদ্ধির বার্ষিক হারে ছিল ৫.৯ শতাংশ এবং অষ্টম পাঁচসালী পরিকল্পনায় সেই হার ছিল ৬.৭ শতাংশ।

(৩) নির্দিষ্ট সময়ের মধ্যে একটি পরিকল্পিত বিনিয়োগ হার বর্জন করা।

পরিকল্পিত বিনিয়োগ হার অর্জন করতে পারলে বিভিন্ন শিল্পের উৎপাদনী শক্তি বাড়ে এবং তার সাহায্যে পরিকল্পিত হারে উৎপাদন বাড়ানো সম্ভব হয়। তাছাড়া, নির্দিষ্ট সময়ের মধ্যে পরিকল্পিত হারে বিনিয়োগ বাড়ালে পরিকল্পনার শেষে দেশের মূলধন সরবরাহের পরিমাণ বেড়ে যায় এবং যার ফলে ভবিষ্যতের উৎপাদনী শক্তি বাড়ানো সম্ভব হয়। ষষ্ঠ পাঁচসালী পরিকল্পনা পর্যন্ত ভারতে কোনও পাঁচসালী পরিকল্পনাতেই লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিকল্পিত বিনিয়োগ হার অর্জন করা সম্ভব হয়নি। সপ্তম পাঁচসালী পরিকল্পনায় বাজার দরে দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদনরে (GDP) ২২.৭ শতাংশ বিনিয়োগ করা হয়েছিল। অষ্টম পাঁচসালী পরিকল্পনায় বাজার দরে মোট অভ্যন্তরীণ উৎপাদনরে ২৪.৯ শতাংশ বিনিয়োগ করা হয়েছিল। তবে এক্ষেত্রে মনে রাখা দরকার বাজার দরে বিনিয়োগ হার বেশি হলেও প্রকৃত আয়ের (Real Income) ভিত্তিতে বিনিয়োগ হার তার চেয়ে কম ছিল। নবম পাঁচসালী পরিকল্পনার বাজার দরের ভিত্তিতে মোট অভ্যন্তরীণ উৎপাদনের ২৮.২ শতাংশ বিনিয়োগের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে।

(৪) আয় ও ধনের বৈষম্য এবং সম্পদের উপর অর্থনৈতিক শক্তির কেন্দ্রীকরণ হ্রাস করা যাতে পরিকল্পিত অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সামাজিক ন্যায় সুনিশ্চিত হতে পারে, এবং দেশ তেকে দারিদ্র্য দূর করা যেতে পারে।

যদি আমাদের অর্থনৈতিক পরিকল্পনার উদ্দেশ্য হচ্ছে আয় এবং ধনের বৈষম্য হ্রাস করা, তবুও আয় এবং ধনের পুনর্বন্টন করার জন্য এখন পর্যন্ত অভাবনীয় কোনো ব্যবস্থা গৃহীত হয়েছে বলা চলে না। তবে শিল্প লাইসেন্স প্রদানে কড়াকড়ি করা, অপেক্ষাকৃত ধীন শ্রেণীর উপর বেশি হারে করা ধার্য করা, জোতের আয়তনের উপর সর্বোচ্চ সীমা আরোপ করা, প্রভৃতি ব্যবস্থা সরকার কর্তৃক গৃহীত হয়েছে এবং শহর-অঞ্চলের সম্পত্তির উপর সর্বোচ্চ সীমা নির্ধারণ করার ব্যবস্থা প্রবর্তিত হয়েছে। আমাদের পরিকল্পনা কর্তৃপক্ষ বিশ্বাস করেন ধনী-শ্রেণীর উপর বেশি করে কর ধার্য করে গরিব-শ্রেণীর জন্য তা খরচ করলে আয় ও ধনের বৈষম্য কমানো সম্ভব হবে। বাণিজ্যিক ব্যাংক, জীবনবীমা কোম্পানি, সাধারণ বীমা কোম্পানি, কয়লাখনি, প্রভৃতি জাতীয়করণ এবং সরকারী সংস্থা গঠন প্রভৃতির মাধ্যমে বৃহৎ শিল্প-গোষ্ঠীর হাতে অর্থনৈতিক শক্তি কেন্দ্রীভূত হওয়ার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বিত হচ্ছে। দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ পাঁচসালী পরিকল্পনায় আয় ও ধনের বৈষম্য হ্রাস করা এবং মুষ্টিমেয় কয়েকজনের হাতে অর্থনৈতিক শক্তি কেন্দ্রীভূত হওয়া বন্ধ করা অন্যতম লক্ষ্য হিসাবে গৃহীত হয়েছিল। পঞ্চম পাঁচসালী পরিকল্পনায় থেকেই আমাদের দেশে অর্থনৈতিক পরিকল্পনায় বলা হয়েছিল যে দেশের অর্থনৈতিক অনগ্রসরতা এবং আয়ের বৈষম্যই দারিদ্র্যের প্রধান কারণ। সেজন্য পঞ্চম পাঁচসালী পরিকল্পনায় আয় ধনের বৈষম্য হ্রাস করার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছিল। ষষ্ঠ

পাঁচসালার পরিকল্পনারও অন্যতম উদ্দেশ্য ছিল জনসাধারণের দারিদ্র্য দূর করা। সপ্তম অষ্টম এবং নবম পাঁচসালার পরিকল্পনায়ও এই উদ্দেশ্যের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছিল।

সরকারের লক্ষ্য ছিল ২০০০ সালের মধ্যে দেশ থেকে দারিদ্র্য দূর করা। কিন্তু সেটা সম্ভব হয়নি। একটি সাম্প্রতিক হিসাবে দেখা যায়, ১৯৯৭-৯৮ সালে অর্থাৎ, নবম পাঁচসালার প্রথম বছর ভারতের টোম জনসংখ্যার ৩৫.৯৭ শতাংশ দারিদ্র্য সীমার নীচে ছিল। ২০০০ সালের শেষে এই অনুপাত কিছুটা করেছে বটে, —কিন্তু দারিদ্র্য নিমূল করার মতো অবস্থা ভারতে এখনও তৈরি হয়নি।

(৫) অতিরিক্ত কর্মসংস্থানের ব্যবস্থা করা।

ভারতের লক্ষ লক্ষ কর্মহীন লোকের জন্য কর্মসংস্থানের ব্যবস্থা করা আমাদের অর্থনৈতিক পরিকল্পনার অন্যতম উদ্দেশ্য হিসাবে গৃহীত হয়েছে। দ্বিতীয় পাঁচসালার পরিকল্পনা থেকে শুরু করে প্রতিটি পরিকল্পনারই অন্যতম উদ্দেশ্য ছিল বেকার সমস্যার তীব্রতা কমানো এবং অতিরিক্ত কর্মসংস্থানের ব্যবস্থা করা। বেকার সমস্যার তীব্রতা কমানোর জন্য গ্রামাঞ্চলের জন্য এবং শহরাঞ্চলের জন্য আলাদা আলাদা বেশ কয়েকটি প্রকল্প গৃহীত হয়েছে। স্ব-নিয়োজিত কাজের সুযোগ বাড়ানোর জন্য সরকার বিভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রয়াস চালাচ্ছেন। কিন্তু অতিরিক্ত কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব ছিল না। বরং সংগঠিত ক্ষেত্রে স্বেচ্ছা অবসর নীতি (Voluntary Retirement Scheme) চালু হওয়ায় এবং বহু রপ্তা শিল্প ও কলকারখানা বন্ধ হয়ে যাওয়ায় সংগঠিত ক্ষেত্রে বেকার সমস্যাকে নূতন মাত্রা দিয়েছে। অসংগঠিত ক্ষেত্রেও স্বনিয়োজিত কাজের সুযোগ আশানুরূপ বাড়ছে না। বেকার সমস্যাই দেশের দারিদ্র্যের মূল কারণ।

(৬) ভারতের অর্থনৈতিক পরিকল্পনার তিনটি বিশেষ ক্ষেত্রে যথা—কৃষি উৎপাদন, শিল্পক্ষেত্রে উৎপাদন সামগ্রী উৎপাদনের ক্ষমতা এবং বৈদেশিক লেনদেন ব্যালান্সের অবস্থা প্রভৃতি ক্ষেত্রে সমুদয় প্রতিবন্ধক ও ত্রুটি-বিচ্যুতি দূর করার জন্য ব্যবস্থা অবস্থান করা।

প্রথম পাঁচসালার পরিকল্পনায় কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং শিল্পক্ষেত্রে প্রয়োজনীয় কাঁচামালের সরবরাহ পর্যাপ্ত পরিমাণে বৃদ্ধি করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছিল। দ্বিতীয় পরিকল্পনাকালে কৃষিক্ষেত্রে পর আপেক্ষিকভাবে কম গুরুত্ব আরোপ করা হয়েছিল এবং শিল্পক্ষেত্রে দ্রুত উন্নয়নের উপর অধিকতর গুরুত্ব আরোপ করা হয়েছিল। তৃতীয় পরিকল্পনাকালে কৃষি ও শিল্প উভয় ক্ষেত্রের উপর সমানভাবে গুরুত্ব আরোপ করা হলেও কৃষি-উৎপাদনের ক্ষেত্রে পরিকল্পনার শোচনীয় ব্যর্থতা বিশেষভাবে পরিলক্ষিত হয়। চতুর্থ পাঁচসালার পরিকল্পনায় নতুন কৃষি-উৎপাদন পদ্ধতি (New Agriculture Strategy) কার্যকর হয়।

পরবর্তীকালে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে “সবুজ বিপ্লবের” সৃষ্টি হয়। খাদ্যশস্যের উৎপাদন যথেষ্ট বাড়লেও আমাদের দেশে সামগ্রিকভাবে কৃষি-উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে কিছু প্রতিবন্ধক এখনও আছে। জমিতে উপযুক্ত পরিমাণে সার প্রয়োগ করা, দূর গ্রামাঞ্চলে জলসেচ ব্যবস্থার সম্প্রসারণ করা এবং সময় মতো যাতে জলসেচ করা হয় তার ব্যবস্থা করা এবং গরীব কৃসকরা যাতে উচ্চফলনশীল বীজ কিনতে এবং সার ও কীটনাশক ওষুধ কিনতে সমর্থ হয় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা, —এই প্রয়োজনগুলি ঠিকভাবে মেটাতে না পারলে পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী কৃষি-উৎপাদন বাড়ানো সম্ভব হয় না। কৃষি-উৎপাদনের ক্ষেত্রে প্রতিবন্ধকগুলি দূর করে কৃষি উৎপাদনকে হার বৃদ্ধি করা আমাদের অর্থনৈতিক পরিকল্পনার অন্যতম উদ্দেশ্য। শিল্প উৎপাদনকে প্রধান প্রতিবন্ধক হচ্ছে কোনো কোনো শিল্পের অতিরিক্ত উৎপাদনয় শক্তির সদ্যবহারের অভাব, কোনো কোনো শিল্পে উৎপাদনী শক্তির স্বল্পতা, কাঁচামালের উপযুক্ত সরবরাহের অভাব, কাঁচামালের জন্য বিদেশের ওপর নির্ভরতা, উৎপাদন ব্যবস্থায় বৈচিত্র্যের অভাবহেতু কোনো কোনো শিল্পজাত সামগ্রীর ক্ষেত্রে বাজারের বিস্তৃতি না হওয়া, বহুক্ষেত্রে উপযুক্ত শিল্প-মূলধনের অভাব, শ্রমি-মালিক বিরোধ প্রভৃতি। আমাদের অর্থনৈতিক পরিকল্পনার অন্যতম উদ্দেশ্য হল শিল্পক্ষেত্রে বিভিন্ন প্রতিবন্ধক ও বাধা-বিপত্তি দূর করে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করা। অর্থনৈতিক পরিকল্পনার সাফল্যের জন্য এবং উৎপাদন বৃদ্ধির জন্য বিদেশ থেকে যে প্রয়োজনীয় কাঁচামাল ও যন্ত্রপাতি আমদানি করা দরকার তা বৈদেশিক বিনিময় মুদ্রা সরবরাহের উপর নির্ভরশীল। যদি উপযুক্ত পরিমাণে বৈদেশিক মুদ্রার সরবরাহ না থাকে তবে বৈদেশিক সাহায্যের উপর দেশকে অধিকমাত্রায় নির্ভরশীল হতে হয়। বৈদেশিক বিনিময় মুদ্রা বেশি করে অর্জন করার জন্য প্রধান প্রয়োজন হল রপ্তানির পরিমাণ বাড়ানো, অপ্রয়োজনীয় আমদানির পরিমাণ কমানো এবং যতটা সম্ভব কম খরচে আমদানির বিকল্প দ্রব্য উৎপাদনের চেষ্টা করা। আমাদের দেশে অর্থনৈতিক পরিকল্পনার অন্যতম উদ্দেশ্য হিসাবে এগুলি গৃহীত হয়েছে।

৩.৪ ভারতে অর্থনৈতিক পরিকল্পনার মূল্যায়ন

বিশ্বের উন্নয়নশীল দেশগুলির মধ্যে অর্থনৈতিক পরিকল্পনার ক্ষেত্রে ভারত একটি গুণী ভূমিক নিয়েছে। তৃতীয় বিশ্বের কোনো দেশেই ভারতের মতো অর্থ শতাব্দী ধরে অর্থনৈতিক পরিকল্পনার অভিজ্ঞতা নেই। ভারতে অর্থনৈতিক পরিকল্পনার সাফল্য ও ব্যর্থতা দুই-ই আছে। অর্থনীতির পরিকল্পনার মূল্যায়নে এক্ষেত্রে ভারতের সাফল্য ও ব্যর্থতা উভয়ই আলোচনা কতে হবে। আগে সাফল্যের দিকটি বিবেচনা করা যেতে পারে এবং যে যে ক্ষেত্রে সাফল্য এসেছে সেগুলির সঙ্গেও যে ব্যর্থতা জড়িত তা আলোচনা করা যেতে পারে।

ভারতে অর্থনৈতিক পরিকল্পনার সাফল্যের মূল্যায়ন :

ভারতে অর্থনৈতিক পরিকল্পনার সাফল্য বিবেচনা করেত গেলে নিম্নলিখিত বিষয়গুলি আলোচনা করা দরকার। —(১) জাতীয় আয়ের বৃদ্ধি, (২) কৃষি-উৎপাদন বৃদ্ধি এবং সবুজ বিপ্লবের অভিজ্ঞতা, (৩) দেশে শিল্পোন্নয়নের প্রয়াস, (৪) অর্থনৈতিক পরিকাঠামোয় কিছুটা উন্নতি।*

৩.৪.১ পরিকল্পনাকালে জাতীয় আয়ের বৃদ্ধি

পরিকল্পনাকালে দেশের জাতীয় আয় যথেষ্ট বেড়েছে। অর্থনৈতিক পরিকল্পনার প্রথম তিন দশকে জাতীয় আয়ের বৃদ্ধির হার লক্ষ্যমাত্রা অনুযায়ী হয়নি। ষাটের দশকে বাৎসরিক উন্নয়ন হারের গড় হয়েছিল ৩.৮ শতাংশ। দ্বিতীয় দশক এবং তৃতীয় দশকে এই উন্নয়ন হার ছিল যথাক্রমে ৩.৫ শতাংশ এবং ৩.৪ শতাংশ। অথচ পরিকল্পনার লক্ষ্যমাত্রা ছিল বার্ষিক অন্ততঃ পাঁচ শতাংশ হারে জাতীয় আয় বৃদ্ধি। জাতীয় আয় বৃদ্ধির ক্ষেত্রে প্রায় তিন দশকে বিশেষ সাফল্য অর্জিত না হলেও আশির দশকে এবং নব্বইয়ের দশকে জাতীয় আয় বৃদ্ধির ক্ষেত্রে সাফল্য অর্জিত হয়েছে। আশির দশকে গড় উন্নয়ন হার ছিল ৫.২ শতাংশ। এর মধ্যে সপ্তম পাঁচসালী পরিকল্পনার জাতীয় আয় বৃদ্ধির হার ছিল ৫.৯ শতাংশ। ১৯৯০-৯২ এই দুই বছর জাতীয় আয় সামান্য বাড়লেও (গড়ে ২.৯ শতাংশ) অষ্টম পাঁচসালী পরিকল্পনায় (১৯৯২-৯৭) গড় উন্নয়ন হার, অর্থাৎ, গড় জাতীয় আয় বৃদ্ধির হার ছিল ৬.৭ শতাংশ। নবম পাঁচসালী পরিকল্পনায়ও প্রথম তিন বছরে অর্থাৎ, ১৯৯৭-৯৮ থেকে ১৯৯৯-২০০০ সাল পর্যন্ত উন্নয়ন হার গড়ে ৬.১৫ শতাংশ হারে বেড়েছে। অর্থনৈতিক পরিকল্পনার রূপায়নে এটা নিশ্চয়ই সাফল্যে নিদর্শন।

৩.৪.২ পরিকল্পনাকালে কৃষি উন্নয়নের ক্ষেত্রে সাফল্যের মূল্যায়ন

আমাদের দেশে পঞ্চবার্ষিকী পরিকল্পনার গোড়া থেকেই কৃষি উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। ভারতের কৃষি উন্নয়নের সবচেয়ে বড় সাফল্য হল উন্নত ধরনের কৃষি প্রযুক্তির প্রবর্তন এবং সবুজ বিপ্লবের অভিজ্ঞতা। বিভিন্ন পরিকল্পনাকালে কৃষি উন্নয়নের জন্য যেসব ব্যবস্থা গৃহীত হয়েছিল তার বিভিন্ন দিক

* ভারতের অর্থনৈতিক পরিকল্পনার সাফল্য ও ব্যর্থতা সম্পর্কে যে সব পরিসংখ্যান এক্ষেত্রে ব্যবহৃত হয়েছে, তার উৎসগুলি হল : (1) Different Plan Documents, (2) Reserve Bank of India Bulletin, (3) Prabhat Patnaik— "India's Growth Experience" Economic and Political Weekly, May 1987, (4) V.K.R.V. Rao—India's National Income 1950-58 (Sterling Publisher). (5) Sukhamoy Chakrabart, Development Planning (Clarendon Press, Oxford, 1987), (6) Economic Survey, Government of India (7) Economic Survey, 1999-2000 (Government of India).

অ্যালোচনা করলে দেখা যায়, ভূমি-সংস্কার, কৃষিক্ষেত্রে নতুন প্রযুক্তি, কৃষি-পণ্য বাজার ব্যবস্থা উন্নয়ন, কোন কোন ক্ষেত্রে কৃষির যন্ত্রীকরণ এবং কৃষি উন্নয়নের জন্য অর্থ-সংগ্রহ—প্রস্তুতি বিষয়ের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। যদি প্রথম থেকে অষ্টম পাঁচসালী পরিকল্পনা পর্যন্ত কৃষি উন্নয়ন পর্যালোচনা করা হয় তবে এটা স্বীকার করতে হবে যে কৃষিক্ষেত্রে অর্থনৈতিক পরিকল্পনা যথেষ্ট সফল হয়েছে।

প্রথম পাঁচসালী পরিকল্পনায় কৃষি ও খাদ্যশস্য উৎপাদনের উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। তার কারণ ছিল দুটি। প্রথমত, যখন প্রথম পাঁচসালী পরিকল্পনা তৈরি করা হয় তখন দেশ খাদ্য-সমস্যায় বিশেষভাবে জর্জরিত ছিল। তখন প্রধান প্রয়োজন ছিল খাদ্যশস্য তথা কৃষি-উৎপাদন বৃদ্ধি করা। বিদেশ থেকে খাদ্যশস্য আমদানি যাতে কমানো যায় তারও প্রয়োজন তখন অনুভূত হয়েছিল। খাদ্যশস্যের উৎপাদন বাড়ানোর প্রচেষ্টার এটাও একটি কারণ ছিল। দ্বিতীয়ত, প্রথম পাঁচসালী পরিকল্পনার পরবর্তী দ্বিতীয় এবং তৃতীয় পরিকল্পনায় যাতে শিল্পোন্নয়নের জন্য প্রয়োজনীয় কাঁচামালের যোগান বাড়ে সেজন্য প্রথম পরিকল্পনায় কাঁচামাল উৎপাদনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। বলা বাহুল্য, এই কাঁচামালগুলি ছিল কৃষিজাত সামগ্রী। প্রথম পাঁচসালী পরিকল্পনায় কৃষি-উৎপাদন কর্মসূচীর অঞ্চ হিসাবে জলসেচ ব্যবস্থার সম্প্রসারণের উপর গুরুত্ব আরোপ করা হয়েছিল। পল্লীজীবনের সার্বিক উন্নতি সাধনের জন্য সমষ্টি উন্নয়ন প্রকল্পও (Community Development Projects) চালু করা হয়েছিল। প্রথম পাঁচসালী পরিকল্পনায় ভূমি-সংস্কারের নীতি, বিশেষ করে জমিদারি প্রথা ও মধ্যস্থত্বাধিকার বিলোপ করার এবং গ্রামির মালিকানার উর্ধ্বতম সীমা নির্ধারণ করার নীতি ঘোষণা হয়েছিল। তবে ভূমি-সংস্কারের ক্ষেত্রে তখন বিশেষ অগ্রগতি হয়নি। প্রথম পাঁচসালী পরিকল্পনায় কৃষিক্ষেত্রে বিশেষ সাফল্য লাভ হয়েছিল খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে।

দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় দ্রুত শিল্পোন্নয়নের উপর বেশি গুরুত্ব আরোপ করা হলেও কৃষিক্ষেত্রেও উপেক্ষা করা হয়নি। কৃষি-উৎপাদন বৃদ্ধির জন্য দ্বিতীয় পরিকল্পনায় ৪৬৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। তবে দ্বিতীয় পরিকল্পনায় কৃষিক্ষেত্রে অগ্রগতি আশানুরূপ হয়নি। খাদ্যশস্যের উৎপাদন ১৯৬০-৬১ সালে অর্থাৎ দ্বিতীয় পরিকল্পনার শেষে হয়েছিল ৮১ মিলিয়ন টন। কিন্তু তৈলবীজ, পাট, আখ প্রভৃতির উৎপাদনে আশানুরূপ সাফল্য পরিলক্ষিত হয়নি, তাহােকর উৎপাদন কমে গিয়েছিল। প্রথম পরিকল্পনায় কৃষি উন্নয়ন সম্পর্কে যে নীতি গৃহীত হয়েছিল, দ্বিতীয় পরিকল্পনায় সেই নীতিই অনুসৃত হয়েছিল; কিন্তু কৃষিজাত সামগ্রীর দাম দ্বিতীয় পরিকল্পনাকালে বেড়ে গিয়েছিল। তাছাড়া কৃষি-পণ্য বিপণন ব্যবস্থার উন্নয়ন এবং সমবায় খামার (Co-operative Farming) স্থাপনের উদ্যোগও দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় নেওয়া হয়। দ্বিতীয় পরিকল্পনায় সমষ্টি উন্নয়ন উন্নয়ন প্রকল্পগুলিকে নতুনভাবে সাজানো হয়।

তৃতীয় পাঁচসালী পরিকল্পনার অন্যতম লক্ষ্য ছিল খাদ্যশস্যে দ্বাবলস্বী হওয়া এবং রপ্তানি চাহিদা মেটাবার মতো কৃষিপ্রব্য উৎপাদন করা। তৃতীয় পাঁচসালী পরিকল্পনায় কৃষিক্ষেত্রে অগ্রগতির চিত্র ছিল খুবই নৈরাশ্যজনক।

তৃতীয় পরিকল্পনার প্রথম তিন বছরে কৃষির উৎপাদন মোটেই বাড়েনি। যদিও তৃতীয় পরিকল্পনার চতুর্থ বছর খাদ্যশস্যের উৎপাদন আশাতীত বেড়েছিল (৮৯ মিলিয়ন), তবুও পরিকল্পনার শেষ বছর দেশে খাদ্যসংকট চরমরূপ ধারণ করেছিল। পাট এবং তৈলবীজের উৎপাদনও সামান্যই বেড়েছিল; আখের উৎপাদন (শুধু) দ্বিতীয় পরিকল্পনার শেষে যেখানে ছিল ৩০.২৭ মিলিয়ন টন, তৃতীয় পরিকল্পনার শেষে সেটা কমে হয়েছিল ২৭.৩৪ মিলিয়ন টন।

তৃতীয় পাঁচসালী পরিকল্পনার পরবর্তী দুই বছর ভারতে খাদ্যসংকট তীব্র হয়েছিল। সামগ্রিকভাবে কৃষির উৎপাদনও যথেষ্ট কমে গিয়েছিল। দেশের বিভিন্ন স্থানে ঝরা এবং পর্যাপ্ত জলসেচ ব্যবস্থার অভাব ছিল কৃষি-উৎপাদন কমে যাবার প্রধান কারণ। ভারত সরকার তখন বাৎসরিক পরিকল্পনা করে চতুর্থ পাঁচসালী পরিকল্পনা নিছিয়ে দিয়েছিল।

ভারতে কৃষি উন্নয়নের ক্ষেত্রে সাক্ষরতার সূচনা হয় চতুর্থ পাঁচসালী পরিকল্পনায়। আন্তর্জাতিক খাদ্য ও কৃষি সংগঠন (Food and Agricultural Organisation) ডিরেক্টর বোরলগ প্রবর্তিত নতুন কৃষি উৎপাদন পদ্ধতি পরীক্ষামূলকভাবে ভারতে যাটের দশকের গোড়ায় প্রবর্তিত হয়েছিল। চতুর্থ পরিকল্পনাকালে নতুন কৃষি উৎপাদন পদ্ধতি বা নতুন কৃষি প্রযুক্তি কৃষি উন্নয়নের কর্মসূচী হিসাবে গৃহীত হয়। নিবিড় কৃষি উন্নয়ন কর্মসূচী (Intensive Agricultural Development Programme) এবং বিভিন্ন ধরনের উচ্চ ফলনশীল কর্মসূচী (High Yielding Varieties Programme) নতুন কৃষি উৎপাদন পদ্ধতির অন্তর্ভুক্ত। জমিতে রাসায়নিক সারের ব্যাপক ব্যবহার, আধুনিক পদ্ধতিতে কৃষির যন্ত্রীকরণ, গ্রামাঞ্চলে গভীর মলকুল স্থাপন এবং বিদ্যুৎ সম্প্রসারণ করে পাম্পসেটের মাধ্যমে জমিতে জলসেচের সুব্যবস্থা করা, প্রয়োজনীয় ক্ষেত্রে মূলধন-নিবিড় উৎপাদন পদ্ধতির প্রয়োগে জমিতে একাধিক ফসল উৎপাদন (multiple cropping), চারা সংরক্ষণ এবং কীটনাশক ওষুধ প্রয়োগ এবং কৃষকদের উপযুক্ত পরিমাণে আর্থিক সাহায্য ও ঋণ দেওয়ার জন্য প্রতিষ্ঠানগত পরিবর্তন এবং সরকারি এজেন্সিগুলি কর্তৃক কৃষিক্ষেত্রে প্রয়োজনীয় উপাদান (inputs) সরবরাহ করা এবং এগুলি প্রয়োজনীয় ভর্তুকি (subsidy) প্রদান, প্রভৃতি ছিল এই নতুন কৃষি উৎপাদন পদ্ধতির বিভিন্ন দিক।

চতুর্থ পাঁচসালী পরিকল্পনায় এই নতুন কৃষি উৎপাদন পদ্ধতির সার্থক প্রয়োগ করে কৃষির সার্বিক উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছিল এবং তার ফলে দেশে সবুজ বিপ্লবের (Green Revolution) সূচনা হয়েছিল। খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে সাক্ষর অর্জিত হলেও এবং খাদ্যশস্যের আমদানি যথেষ্ট কমে গেলেও খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জিত হয়নি। চতুর্থ পরিকল্পনায় অন্যান্য কৃষি সামগ্রীর ক্ষেত্রে, যেমন—আখ, কাঁচা তুলা প্রভৃতির ক্ষেত্রে, উপাদান বৃদ্ধি আশানুরূপ ছিল না। কাঁচা পাটের উৎপাদন কমে গিয়েছিল।

পঞ্চম পাঁচসালা পরিকল্পনায় কৃষিক্ষেত্রে যথেষ্ট উন্নতি হয়েছিল। খাদ্যশস্যের উৎপাদন বেড়ে গিয়েছিল। পঞ্চম পরিকল্পনায় নতুন কৃষি উৎপাদন পদ্ধতির সার্থক রূপায়ণের উপর গুরুত্ব আরোপ করা হয়েছিল। বিশেষ করে উত্ত ফলনশীল বীজ রোপণ, জমিতে উপযুক্ত পরিমাণে সার পরয়োগ, জলসেচের ব্যাপক ব্যবস্থা, জমিতে কীটনাশক ওষুধ প্রয়োগ প্রভৃতি কর্মসূচী রূপায়ণের উপর গুরুত্ব আরোপ করা হয়।

ষষ্ঠ পাঁচসালা পরিকল্পনায় খাদ্যশস্যের সর্বোচ্চ উৎপাদন তৈলবীজ উৎপাদন এবং আখের চাষও বেড়ে গিয়েছিল। ষষ্ঠ পরিকল্পনায় সবুজ বিপ্লবের বিস্তৃতি হয়েছিল বটে, তবে সবুজ বিপ্লবের সুফল সমগ্র দেশে সমানভাবে বন্টিত হয়নি। ষষ্ঠ পরিকল্পনায় ভূমি-সংস্কারের গতি ত্বরান্বিত কতা, কৃষিক্ষেত্রে আধুনিক প্রযুক্তির সুবিধা নতুন অঞ্চলে সম্প্রসারিত করা এবং গ্রামাঞ্চলে ব্যাপক জলসেচের ব্যবস্থা করার উপর গুরুত্ব আরোপ করা হয়।

সপ্তম পাঁচসালা পরিকল্পনায় গ্রামীণ উন্নয়ন কর্মসূচীর সঙ্গে সঙ্গে কৃষিক্ষেত্রে সার্বিক উন্নয়নের এবং কৃষিক্ষেত্রে নতুন প্রযুক্তিবিদ্যার সম্প্রসারণ ও সেই সঙ্গে সবুজ বিপ্লবের সুফল দেশে বিস্তৃত এলাকায় সম্প্রসারিত করার কথা বলা হয়েছিল। সপ্তম পাঁচসালা পরিকল্পনায় গড়ে বার্ষিক চার শতাংশ হারে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছিল এবং খাদ্যশস্যের উৎপাদনও বেড়ে গিয়েছিল ১৭৯ মিলিয়ন টন।

অষ্টম এবং নবম পাঁচসালা পরিকল্পনায়ও কৃষিক্ষেত্রে সাফল্য অব্যাহত আছে। ১৯১৯-২০০০ সালে, অর্থাৎ নবম পাঁচসালা পরিকল্পনার তৃতীয় বছরে খাদ্যশস্যের উৎপাদন হয়েছে ২০৩ মিলিয়ন টন। খাদ্যশস্যের ক্ষেত্রে ভারত পরায় স্বয়ংসম্পূর্ণতা (Near Self-sufficiency) অর্জন করেছে।

পরিকল্পনাকালে কৃষির উন্নয়ন পর্যালোচনায় দেখা যায় শুধু যে উৎপাদন বৃদ্ধি হয়েছে তা-ই নয়, কৃষির পরিকাঠামোরও যথেষ্ট উন্নতি হয়েছে। কৃষিক্ষেত্রে অর্থ সরবরাহ ব্যবস্থারও উন্নতি হয়েছে। ১৯৬৯ সালে চোদ্দটি ব্যাংক এবং ১৯৮০ সালে ছয়টি ব্যাংক রাষ্ট্রায়ত্ত্ব করা হয়। এই ব্যাংকগুলি এবং সেই সঙ্গে স্টেট ব্যাংক অভ ইন্ডিয়া ও তার সহযোগী ব্যাংকগুলি আঞ্চলিক গ্রামীণ ব্যাংকগুলি কৃষিকে অগ্রাধিকার দিয়ে ঋণ প্রদান করার নীতি অনুসরণ করেছে। তবে গ্রামীণ ঋণ সরবরাহে গরীব কৃষকরা কতটা উপকৃত হয়েছে সে বিষয়ে সন্দেহের অবকাশ আছে। বর্তমানে পাম্পসেটের সাহায্যে জলসেচের জন্য গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ সম্প্রসারিত করার ব্যবস্থা যথেষ্ট সম্প্রসারিত হয়েছে; তাছাড়া গভীর নলকূট স্থাপন করার জন্যও সরকারের আর্থিক বরাদ্দ বেড়েছে। এখনও গ্রামাঞ্চলে বহু জমি জলসেচের সুবিধা থেকে বঞ্চিত। দেশের গ্রামাঞ্চলের সর্বত্র এখনও বিদ্যুৎ সম্প্রসারিত হয়নি।

ভূমিসংস্কারের ক্ষেত্রে দেশ এখনও অনেক পিছিয়ে আছে। পশ্চিমবঙ্গ এবং কেরালায় ভূমি সংস্কারের ক্ষেত্রে সাফল্য অর্জিত হয়েছে। তবে কোনো কোনো রাজ্যে ভূমি সংস্কারের ক্ষেত্রে খুবই সামান্য অগ্রগতি হয়েছে; আবার কোনো কোনো রাজ্যে ভূমিসংস্কার আদৌ হয়নি।

৩.৪.৩ পরিকল্পনাকালে শিল্পোন্নয়নের প্রয়াসের মূল্যায়ন

ভারতে শিল্পোন্নয়নের জন্য প্রকৃত প্রয়াস আরম্ভ হয় দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায়। বর্তমানে উন্নয়নশীল দেশগুলির মধ্যে শিল্পোৎপাদনের ক্ষেত্রে ভারত যে অনেক এগিয়ে আছে এ বিষয়ে সন্দেহ নেই। দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনার অন্যতম উদ্দেশ্য ছিল দ্রুত শিল্পোন্নয়ন অর্জন করা। এই উদ্দেশ্যে একদিকে গুরুভার ও মূলধনি শিল্পের উন্নয়নের উপর এবং অপরদিকে ক্ষুদ্রায়তন ও কুটির শিল্পের উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছিল। দেশের শিল্পোন্নয়ন যাতে রাষ্ট্র একটি ভূমিকা পালন করতে পারে সেজন্য ১৯৫৬ সালে ভারতের শিল্পনীতি (আগে ১৯৪৮ সালে শিল্পনীতি ঘোষিত হয়েছিল) ঘোষিত হয়। এই নীতি অনুযায়ী দেশের ১৭টি গুরুত্বপূর্ণ শিল্পকে রাষ্ট্রের অধীনে নিয়ে আসা হয়।

দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় মৌলিক, মূলধন-সামগ্রী শিল্প এবং উৎপাদনক দ্রব্য শিল্প, বিশেষত যন্ত্রপাতি ও ইঞ্জিনিয়ারিং শিল্পের ক্ষেত্রে বিশেষ অগ্রগতি অর্জিত হয়। সিমেন্ট, কয়লা, এ্যালুমিনিয়াম প্রভৃতির মতো অত্যাবশ্যক শিল্প দ্রব্যগুলির উৎপাদন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছিল। দ্বিতীয় পরিকল্পনায় ভারী রাসায়নিক দ্রব্য, ওষুধপত্র, সারে, রাসায়নিক শিল্পেরও ব্যাপক অগ্রগতি হয়। তাছাড়া পাট, সূতিবস্ত্র, চিনি প্রভৃতি শিল্পে আধুনিকীকরণের কা জআরম্ভ হয়। দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনাকালে সরকারি উদ্যোগে দুগাপুর, ভিলাই ও রাউরকেল্লা ইস্পাত কারখানা স্থাপিত হয়। ইঞ্জিনিয়ারিং শিল্পও যথেষ্ট উন্নত হয়।

দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় গুরুভার শিল্প এবং মূলধনি সামগ্রী শিল্পের (Heavy industries and capital goods industries) উপর গুরুত্ব আরোপ করা হয়েছিল। কিন্তু বৃহদায়তন ভোগ-সামগ্রী শিল্প (Large-scale consumption goods industries) দ্বিতীয় পরিকল্পনায় ততটা গুরুত্ব পায়নি। এই অবস্থায় শিল্পক্ষেত্রে প্রয়োজনীয় উৎপাদন পদ্ধতি মূলধন-নিবিড় (Capital intensive) হয়ে গিয়েছিল। অথচ আমাদের দেশে মূলধনের যোগান কম ছিল। এজন্য সরকারের অমাদানির উপর নির্ভরতা বেড় গিয়েছিল। বিদেশ থেকে যন্ত্রপাতি ও কাঁচামাল আমদানি করে দেশের ভিতর দ্রুত শিল্পোন্নয়নের প্রচেষ্টা চালানোর জন্য শিল্প-উৎপাদনে আমদানি-অনুপাত (import-content) বেশী রাখার ব্যবস্থা হয়েছিল এবং ১৯৫৭ সালে আমদানি লাইসেন্স নীতি শিথিল রা হয়েছিল। কিন্তু বিদেশ থেকে প্রয়োজনীয় সামগ্রী আমদানি করার জন্য যে বৈদেশিক মুদ্রার প্রয়োজন, তা ভারতের ছিল না। তার ফলে দেশে তীব্র বৈদেশিক বিনিময় মুদ্রার সংকট দেখা যায়। প্রকৃতপক্ষে পরিকল্পনাকালে বৈদেশিক লেনদেন ব্যালান্সের যে সমস্যা আমরা বরাবর দেখেছি, তার সৃষ্টি হয়

দ্বিতীয় পাঁচসালার পরিকল্পনাকালে। দ্বিতীয় এবং তৃতীয় পাঁচসালার পরিকল্পনাকালে এজন্য ভারকে প্রচুর বৈদেশিক সাহায্য ও ঋণ গ্রহণ করতে হয়।

ভারতে শিল্পায়নের দ্বিতীয় পর্যায়ে আমদানির বিকল্প জিনিস উৎপাদন (import substitution) উপর এবং ভোগ-সামগ্রী শিল্পের উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করা হয়। তাছাড়া বিদেশী প্রযুক্তির সাহায্যও গ্রহণ করা হয়, যদিও তার প্রভাব খুব বিস্তৃত হয়নি।

তৃতীয় পাঁচসালার পরিকল্পনার ১৯৬৩ সাল পর্যন্ত শিল্পোৎপাদন যথেষ্ট বেড়েছিল। ১৯৬৫-৬৬ সাল থেকে দেশে শিল্পক্ষেত্রে মন্দা দেখা যায়।

শিল্পায়নের দ্বিতীয় পর্যায়ে শিল্পক্ষেত্রে যে মন্দা সূচিত হয় তা আমাদের পরিকল্পনার ব্যর্থতার অন্যতম পরিচায়ক। প্রথম তিনটি পাঁচসালার পরিকল্পনায় শিল্পোৎপাদন গড়ে ৭.৭ শতাংশ হারে বেড়েছিল—কিন্তু ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত—এই দশ বছরে শিল্পোৎপাদন বেড়েছিল গড়ে ৩.৬ শতাংশ হারে। রিজার্ভ ব্যাংক অফ ইণ্ডিয়া ১৯৮৬ সালে "Trends in Industrial Production" শীর্ষক যে সমীক্ষা করেছিল, তাতে দেখা যায় ১৯৫১ সাল থেকে ১৯৭৯ সাল পর্যন্ত শিল্পক্ষেত্রে উৎপাদন বেড়েছিল প্রতি বছর ৫.৮ শতাংশ হারে। রিজার্ভ ব্যাংকের সমীক্ষা অনুযায়ী শিল্পক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির হার ক্রমে হবার কারণগুলি ছিল—(১) সঠিক উৎপাদনের মাত্রা ও উৎপাদন-কৌশল (inappropriate choice of scale and technology) নিয়োগ না হওয়া, (২) উৎপাদন ক্ষমতার সদ্ব্যবহারের স্বল্পহার (poor rate of capacity utilisation), (৩) উৎপাদন-ক্ষমতা এবং চাহিদার মধ্যে সঙ্গতির অভাব (inconsistency between production capacity and demand), (৪) শিল্প-সামগ্রী নির্বাণের ক্ষেত্রে ব্যর্থতা (failure of the manufacturing industry)। ১৯৬৫-৬৬ সাল থেকে সত্তরের দশকের শেষ পর্যন্ত আমরা যে শিল্প-মন্দা দেখতে পেয়েছি, এটা আমাদের দেশের অর্থনৈতিক পরিকল্পনার অন্যতম ব্যর্থতা।

পরিকল্পনাকালে শিল্পোৎপাদনের গতি ক্রমে হবার স্বল্পকালীন কারণগুলি হল, বিনিয়োগযোগ্য সম্পদের অনুৎপাদনমূলক ব্যবহার, ১৯৬৫ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত পর পর তিন বছর ধরেখরা ও পরবর্তীকালে ১৯৭১-৭২ এবং ১৯৭২-৭৩ সালে খরা, এবং এই খরার প্রভাবে কাঁচামালের সরবরাহ হ্রাস, বিদ্যুৎ ঘাটতি, পরিবহনে অব্যবস্থা প্রভৃতি। ১৯৭৩ সালের তেল সংকট শিল্পক্ষেত্রে কাঁচামোগত বিপর্যয়ের সৃষ্টি করেছিল। শিল্প মন্দার দীর্ঘকালীন কারণগুলির মধ্যে নিম্নলিখিত উল্লেখযোগ্য :—(১) শিল্প লাইসেন্সের ক্ষেত্রে জটিল আমরাতান্ত্রিক নিয়ন্ত্রণ এবং অন্যান্য নিয়ন্ত্রণ শিল্পক্ষেত্রে সম্পদের অসম বন্টনের সৃষ্টি করেছিল এবং তার পুঞ্জীভূত প্রভাব শিল্প-উৎপাদনকে ক্ষেত্রে বাধার সৃষ্টি করেছিল। (২) ষাটের দশকে কৃষি-উৎপাদন কম হওয়া শিল্পক্ষেত্রে মন্দা সৃষ্টি হওয়ার অন্যতম কারণ ছিল। (৩) সরকারি ক্ষেত্রে প্রকৃত বিনিয়োগের (real investment)

পরিমাণ কমে যাওয়া শিল্পোৎপাদন কম হওয়ার অন্যতম কারণ ছিল। (৪) শিল্পক্ষেত্রে উৎপাদন খরচ ক্রমেই বেড়ে যাওয়া, (cost exalation), উৎপাদনী ক্ষমতার প্রকৃত ব্যবহারের অভাব (underutilisation of capacity), মালিক-শ্রমিক সম্পর্কে অবনতি, প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহের অভাব এবং ত্রেবিশেষে আর্থিক সংকট—প্রভৃতিও শিল্পোৎপাদন শ্লথ হবার কাণ হিসাবে বিবেচিত হতে পারে।

পরিকল্পনাকালে আমরা দেখতে পেয়েছি সামগ্রিকভাবে শিল্পোন্নয়নের প্রয়াস এবং সরকারি ক্ষেত্রের সম্প্রসারণ (আশির দশক পর্যন্ত) অব্যাহত থাকলেও এক্ষেত্রে যথেষ্ট সাফল্য অর্জিত হয়নি। ১৯৯১ সালে দেশের নতুন শিল্পনীতি ঘোষিত হয় এবং এই শিল্পনীতি অনুযায়ী স্পিক্ষেত্রের বেসরকারিকরণ (privatisation) লাইসেন্স প্রথার পরায় বিলোপ (Near abolition of the licensing system) সরকারি উদ্যোগগুলির বিলম্বীকরণ (Public Disinvestment), রুগ্ন শিল্পগুলিতে বিদায়নীতির (Exit Policy) প্রবর্তন এবং দেশে বৈদেশিক বিনিয়োগের জন্য ঢালা ব্যবস্থা ও বহুজাতিক শিল্পপ্রতিষ্ঠানগুলিকে (Multinational Corporations) ভারতে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারিত করার জন্য বিশেষ সুবিধা প্রদান,, প্রভৃতি ব্যবস্থা করা হয়। অর্থনৈতিক উদারীকরণের (Economic Liberlisation) এবং বিশ্বায়নের (Globalisation) নীতি গৃহীত হবার পরিপ্রেক্ষিতেই নতুন শিল্পনীতি ঘোষিত হয় এবং আমদানি নীতিও উদার করা হয়। কিন্তু নতুন শিল্পনীতি ঘোষিত হবার পরও শিল্পোৎপাদন আশানুরূপ বাড়েনি। পাঁচসালী পরিকল্পনার শেষ বছর (১৯৯৬-৯৭) শিল্পোৎপাদন বৃদ্ধির হার ছিল ৫.৬ শতাংশ; নবম পাঁচসালী পরিকল্পনার প্রথম দুই বছর শিল্পোৎপাদন বৃদ্ধির হার সন্তোষজনক ছিল না। যদিও শিল্পোৎপাদন বৃদ্ধির হার লক্ষ্যমাত্রা অনুযায়ী হয়নি, এটা নিঃসন্দেহে বলা যায়, তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশগুলির মধ্যে শিল্পোন্নয়নের ক্ষেত্রে ভারত একটি অগ্রণী দেশ, তথ্য-প্রযুক্তির (Information Technology) ক্ষেত্রে ভারত বর্তমানে অনেক উন্নত দেশের চেয়েও এগিয়ে আছে।

৩.৪.৪ অর্থনৈতিক পরিকাঠামো উন্নয়নের মূল্যায়ন

অর্থনৈতিক পরিকাঠামোর উন্নয়নে ভারতের প্রধান সাফল্য হল রেলওয়ে সম্প্রসারণ। বর্তমান বিশ্বে তৃতীয় বৃহত্তম রেলওয়ে ব্যবস্থা হল ভারতের কিন্তু সড়ক পরিবহন এবং নদী পরিবহনের ক্ষেত্রে ভারতের সাফল্য যতটা হওয়া উচিত ছিল ততটা হয়নি। তবে সড়ক পরিবহন এবং জল পরিবহন যথেষ্ট সম্প্রসারিত হয়েছে।

অর্থনৈতিক পরিকাঠামো উন্নত হবার প্রধান উপাদান হচ্ছে কয়েকটি মূল শিল্প, যেমন—কয়লা, গ্যাস, বিদ্যুৎ, সিমেন্ট প্রভৃতির উৎপাদন বৃদ্ধি। তাছাড়া পেট্রোলিয়ামজাত সামগ্রীর উৎপাদন বৃদ্ধিও গুরুত্বপূর্ণ। এসব ক্ষেত্রে পরিকল্পনাকালে যথেষ্ট উৎপাদন বেড়েছে। পরিকল্পনাকালে কলকাতার মেট্রো রেল স্থাপন অর্থনৈতিক

পরিকাঠামোকে বিশিষ্টতা দান করেছে। দেশের নগর উন্নয়ন (urban development), স্কুল, কলেজ, হাসপাতাল, বিশ্ববিদ্যালয়, ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট, ম্যানেজমেন্ট ইনস্টিটিউট; নতুন শহর নির্মাণ, আবাসন প্রকল্প, প্রভৃতি ক্ষেত্রে দেশে যথেষ্ট উন্নতি হয়েছে সন্দেহ নেই। কিন্তু সবক্ষেত্রে যে সাফল্য লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয়েছে তা নয়। রাস্তাঘাট নির্বাণ, জাতীয় সড়ক আরও উন্নত করা, প্রভৃতি ক্ষেত্রে অর্থনৈতিক পরিকাঠামো আশানুরূপ উন্নতি হয়নি। ১৯৯৬ সালে কেন্দ্রীয় সরকার কর্তৃক ৫০০০ কোটি টাকার অনুমোদিত মূলধনসহ একটি পরিকাঠামো উন্নয়ন অর্থ কোম্পানি (Infrastructure Development Finance Company) গঠিত হয়েছিল। বিদেশী প্রতিষ্ঠানগত বিনিয়োগকারীরা যাতে ভারত মূলধন বিনিয়োগে আগ্রহী হয় সেজন্য পরিবহণ কাঠামোর উন্নয়ন দরকার—এই উন্নয়নের জন্য অর্থ-সরবরাহকারী হিসেবে এই কোম্পানি গঠিত হয়েছে।

৩.৫ ভারতে অর্থনৈতিক পরিকল্পনার ব্যর্থতার বিভিন্ন দিক

ভারতে অর্থনৈতিক পরিকল্পনার যে সব উদ্দেশ্য আগে আলোচিত হয়েছে তার কোনটিই পূরোপুরি অর্জিত হয়নি। বরং কয়েকটি ক্ষেত্রে পরিকল্পনার ব্যর্থতা বিশেষভাবে চোখে পড়ে, যেমন—(ক) দারিদ্র ও বেকার সমস্যা, (খ) বৈদেশিক লেনদেন ব্যাসানের সমস্যা ও বৈদেশিক মুদ্রা সংকট, (গ) মুদ্রাস্ফীতির সমস্যা—প্রভৃতির সমাধান করা এখনও সম্ভব হয়নি; বরং সমস্যাগুলির তীব্রতা দিনের পর দিন বেড়ে যাচ্ছে।

পরিকল্পনাকালে ১৯৮০ সাল পর্যন্ত ভারতের উন্নয়ন হার হয়েছিল গড়ে ৩.৭৬ শতাংশ, অথচ গড়ে পাঁচ শতাংশ হারে উন্নয়ন হবে বলে ধরে নেওয়া হয়েছিল। ষাটের দশকের মাঝামাঝি থেকে সত্তরের দশকের শেষ পর্যন্ত দেশে শিল্পক্ষেত্রে আমরা মন্দা দেখতে পেয়েছি। আশির দশকে শিল্পোৎপাদনের বৃদ্ধি হলেও এখনও দেশ উৎপাদন লক্ষ্য থেকে গিছিয়ে আছে। আয়ের বৈষম্য দেশে বেড়ই চলেছে—সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গঠনের লক্ষ্য থেকেও দেশ এখন অনেক দূরে সরে এসেছে। দারিদ্র দূরীকরণের সর্মসূচীও সফল হয়নি। সপ্তম পাঁচসালী পরিকল্পনার শেষে দেশে ২৫ শতাংশ লোক দারিদ্রসীমার নীচে থাকবে বলে ধরা হয়েছিল, কিন্তু প্রকৃতপক্ষে তার চেয়ে অনেক বেশি শতাংশ লোক এখন দারিদ্রসীমার নীচে আছে। অষ্টম পাঁচসালী পরিকল্পনার শেষে পরিকল্পনা কমিশনের মতে ২৯.১৮ শতাংশ লোক দারিদ্রসীমার নীচে ছিল। অপর একটি হিসাবে দারিদ্র্য সীমার নীচে ছিল মোট জনসমষ্টির ৩৫.৯৭ শতাংশ।

পরিকল্পনার ব্যর্থতা সর্বাপেক্ষা বেশি পরিলক্ষিত হয়েছে বেকার সমস্যার মোকাবিলা করার ক্ষেত্রে। এই সমস্যার সমাধানের প্রতি যতটা গুরুত্ব দেওয়া উচিত লি, পরিকল্পনার প্রথম পর্যায়ে ততটা গুরুত্ব দেওয়া হয়নি। অবশ্য দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা পরিকল্পনার অন্যতম

উদ্দেশ্য হিসাবে বিবেচিত হয়েছিল, কিন্তু ষাটের দশকের শেষ পর্যন্ত এই সমস্যার সমাধানের জন্য উল্লেখযোগ্য কোনো ব্যবস্থা গৃহীত হয়নি। সংগঠিত শিল্পে কর্মসংস্থানের সুযোগ কমে যাওয়ায় কর্মবিনিময় সংস্থার (Employment Exchange) মাধ্যমে চাকুরীর সুযোগও কমে গেছে। গ্রামীণ বেকার সমস্যার পুরোপুরি সমাধান করা সম্ভব হয়নি। একদিকে বেকার সমস্যা, অপরদিকে দেশের প্রায় এক-তৃতীয়াংশ জনসমষ্টির নিদারুণ দারিদ্র্য দেশের অর্থনৈতিক পরিকল্পনার সার্বিক ব্যর্থতার পরিচায়ক।

আমাদের পরিকল্পনার ব্যর্থতার আরেকটি দিক হল মুদ্রাস্ফীতির তীব্রতা। পরিকল্পনাকালে দেশে একশ্রেণীর লোক যথেষ্ট বড়লোক হচ্ছে এবং তারা দেশে কালো টাকার মাধ্যমে একটি সমান্তরাল অর্থনীতির (Parallel economy) সৃষ্টি করেছে। দেশের কালো টাকার সঠিক হিসাব করা সম্ভব নয়। তবে আনুমানিক এক লক্ষ কোটি কালো টাকা দেশে আছে বলে অনুমিত হয়েছে। ভারত সরকার কঠোর হস্তে এই সমস্যার মোকাবিলা করতে পারেন নি। কালো টাকা মুদ্রাস্ফীতির জন্য বিশেষভাবে দায়ী।

আর্থিক ক্ষেত্রে সরকারের ব্যর্থতা প্রতিফলিত হয় অতিরিক্ত কোষাগার ঘাটতি (Fiscal Deficit) এবং বাজেট ঘাটতির (Budgetary Deficit) মধ্যে। নব্বইয়ের দশকের গোড়ায় সরকারের কোষাগার ঘাটতি বা আর্থিক ঘাটতি ছিল দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদনের (GDP) প্রায় ৯ শতাংশের কাছাকাছি। আশির দশকেও এই ঘাটতির তীব্রতা খুব বেশি ছিল। নব্বইয়ের দশকের শেষে এই ঘাটতির অনুপাত ৫.৬ শতাংশের নীচে নামিয়ে আনা সম্ভব হয়নি। পরিকল্পনার অর্থসংস্থানে লক্ষ্যমাত্রা থেকে প্রকৃত ঘাটতির পরিমাণ বরাবরই বেশি দেখতে পাওয়া গেছে। দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনা থেকেই আমাদের পরিকল্পনা কর্তৃপক্ষ এবং ভারত সরকার অত্যধিক পরিমাণে ঘাটতি অর্থসংস্থানের উপর নির্ভরশীল ছিলেন। যে হারে দেশের উৎপাদন বেড়েছে তার চারগুণ বেশি হারে টাকার যোগান বেড়েছে। তার ফলে মুদ্রাস্ফীতির তীব্রতা বেড়েই চলেছে, কালো টাকার প্রচলন ও ঘাটতি অর্থসংস্থান ছাড়াও দেশে অত্যাৱশ্যক সামগ্রীগুলির ক্ষেত্রে চাহিদা ও যোগানের ভারসাম্যের অভাব, সরকারি নির্দেশ অনুযায়ী পেট্রোল, কয়লা, সিমেন্ট, চিনি, তেল প্রভৃতির মূল্য বৃদ্ধি, চোরা কারবার দমনে ব্যর্থতা প্রভৃতিও মুদ্রাস্ফীতির জন্য দায়ী। খাদ্য সংগ্রহের মূল্যবৃদ্ধি (Rise in Procurement Prices), সরকারি নির্দেশনার ফলে সরকারি বন্টনের আওতায় বিভিন্ন জিনিসের মূল্য বৃদ্ধি (Administered Price hike), ভরতুকির পরিমাণ বৃদ্ধি, এবং আমদানির মূল্যবৃদ্ধি ও (Import Price) মুদ্রাস্ফীতির জন্য দায়ী। সরকারি উদ্যোগগুলির অধিকাংশ ক্ষেত্রেই বর্তমানে লোকসানে চলছে। সরকারি উদ্যোগগুলির দক্ষতার অভাব এবং বিনিয়োগের ক্ষেত্রে প্রতিদান হার (rate of return on investment) কম হওয়াও আমাদের পরিকল্পনার ব্যর্থতার পরিচায়ক। পরিকল্পনার পঞ্চাশ বছরের অভিজ্ঞতায় দেখা যায় এই জিনিসগুলি প্রতিটি পরিকল্পনাতেই পরিলক্ষিত হয়েছে। সরকারের পরিকল্পনা-বহির্ভূত ব্যয়ের পরিমাণও বেড়েছে। এই সবগুলি কারণই পরিকল্পনাকালে মুদ্রাস্ফীতির সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার জন্য দায়ী। ভারতে পরিকল্পনার ব্যর্থতা

প্রতিফলিত হয়েছে সামাজিক সুরক্ষা (Social Safety net) বজায় রাখার ক্ষেত্রেও। এখনও দেশের প্রায় ৩৮ শতাংশ জনসমষ্টি নিরক্ষর। শিক্ষার সম্প্রসারণ, শিশু শ্রমের (Child Labour) অবসান, জনস্বাস্থ্য ও ময়লা সাফাইয়ের ব্যবস্থা, বিশুদ্ধ পানীয় জলের সরবরাহ বং আবাসন ব্যবস্থা, প্রভৃতি ক্ষেত্রে অর্থনৈতিক পরিকল্পনার কর্মসূচি পুরোপুরি বাস্তবায়িত হয়নি।

সর্বশেষে, পরিকল্পনার ব্যর্থতা আমরা দেখতে পাই বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে। বছরের পর বছর (১৯৭৬-৭৮ বাদ) বৈদেশিক লেনদেন ব্যাসাসের চলতি অ্যাকাউন্টে (Current Account of the Balance of Payments) ঘাটতির ফলে সরকারের বৈদেশিক ঋণের বোঝাও বেড়েছে। বৈদেশিক লেনদেন ব্যাসাসের ঘটতি খুবই তীব্র হয়েছিল ১৯৯১-৯২ সালে। সে বছর বৈদেশিক ঋণ ও মোট অভ্যন্তরীণ উৎপাদনের অনুপাত (Debt_GDP ratio) ছিল ৪১.০ শতাংশ। দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ পরিকল্পনাকালে যেসব ঋণ গ্রহণ করা হয়েছিল সেগুলি পরিশোধ করার জন্য বেং সেগুলির উপর সুদ প্রদান করার জন্য n(debt servicing) পরবর্তীকালে আবার ঋণগ্রহণ করতে হয়েছিল এবং এভাবে দেশ বৈদেশিক ঋণের ফাঁদে (Foreign Debt Trap) আটকে গিয়েছিল। ১৯৯৯ সালের ৩১শে মার্চ ভারতের বৈদেশিক ঋণে পরিমাণ ছিল ৯৭.৬৮ বিলিয়ন মার্কিন ডলার এবং এটা ছিল দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদনের ২৩.৫ শতাংশ। আন্তর্জাতিক অর্থভাণ্ডার এবং বিশ্বব্যাংকের কাছ থেকে ভারতকে প্রচুর ঋণ নিতে হয়েছে।

পরিকল্পনার ব্যর্থতার বোঝা দেশের অর্থনীতির সর্বক্ষেত্রেই দেখা যাচ্ছে। তবে পরিকল্পনার সাফল্যও যে কিছু নেই তা নয়, এবং আমরা আলোচনা করেছি। তবে ব্যর্থতা সর্বাপেক্ষা বেশি পরিলক্ষিত হয়েছে দারিদ্র্য—দূরকরণের ক্ষেত্রে, বেকার সমস্যার ক্ষেত্রে ও বৈদেশিক ব্যালেন্সের ক্ষেত্রে। রপ্তানির চেয়ে আমদানি অনেক বেশি হওয়ায় বৈদেশিক বাণিজ্যের ঘাটতি দূর করা সম্ভব হচ্ছে না।

৩.৬ সারাংশ

ভারত অর্থনৈতিক পরিকল্পনার সংক্ষিপ্ত ইতিহাস :

ভারতের অর্থনৈতিক পরিকল্পনার প্রয়োজনীয়তা অনুভূত হয় দ্বিতীয় মহাযুদ্ধের আগে। ১৯২৪ সালে ভারতীয় অর্থনৈতিক সম্মেলনে ডক্টর বিশ্বশ্বরায়ী ভারতে অর্থনৈতিক পরিকল্পনার ওপর গুরুত্ব আরোপ করেছিলেন। নেতাজী সুভাষচন্দ্র বসু যখন ১৯৩৮ সালে ভারতীয় জাতীয় কংগ্রেসের হরিপরা অধিবেশনে সভাপতিত্ব করেন, তখন সভাপতির ভাষণে তিনি ভারতের অর্থনৈতিক পরিকল্পনার একটি সুনির্দিষ্ট কর্মসূচীর রূপরেখা প্রদান করেন। এই সময় ভারতে অর্থনৈতিক পরিকল্পনার নানা দিক সম্পর্কে অন্যান্য যাঁরা সুনির্দিষ্ট অভিমত প্রকাশ করেছিলেন তাঁদের মধ্যে ছিলেন ডক্টর বিশ্বশ্বরায়ী, অধ্যাপক মেঘনাদ সাহা, শ্রীজগৎহরলাল নেহরু ও শ্রী ভি.বি. গিরি। তা ছাড়া শ্রী এম. এন. রায় একটি জনগণের পরিকল্পনা (People's Plan) প্রস্তুত

করেন। নেতাজী সুভাষচন্দ্রের উদ্যোগে যে জাতীয় পরিকল্পনা কমিটি (National Planning Committee) গঠিত হয় তার সভাপতি পদে নির্বাচিত হন শ্রীজগৎহরলাল নেহরু। পরবর্তীকালে স্বাধীন ভারতে যে পরিকল্পনা কমিশন গঠিত হয় তার পূর্বসূরী হিসাবে জাতীয় পরিকল্পনা কমিটি গঠন আমাদের পরিকল্পনার ইতিহাসে বিশেষ গুরুত্বপূর্ণ। নেতাজী সুভাষচন্দ্র গুরুভার শিল্পের উন্নয়ন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, কৃষির উন্নতি, প্রভৃতিকে পরিকল্পনার কর্মসূচীতে অগ্রাধিকার প্রদান করার উপর গুরুত্ব আরোপ করেন। কিন্তু মহাত্মা গান্ধী গ্রামীণ ও কুটির শিল্প, বিশেষত খাদি শিল্পের উপর বেশি গুরুত্ব দিয়ে অর্থনৈতিক স্বয়ংসম্পূর্ণতা অর্জনে উপর আস্থাভাবন ছিলেন। অর্থনৈতিক কর্মসূচী সম্পর্কে সুভাষচন্দ্র ও গান্ধীজীর মধ্যে মতভেদের সৃষ্টি হয়।

দ্বিতীয় মহাযুদ্ধের আগে জাতীয় পরিকল্পনা কমিটি ছাড়া বোম্বাইয়ের আটজন শিল্পপতি দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি পরিকল্পনা প্রস্তুত করেন; তাকে “বোম্বাই পরিকল্পনা” (“Bombay Plan”) বলা হত। তাছাড়া শ্রীমান নারায়ণ (Shriman Narayan) “গান্ধী পরিকল্পনা” (“Gandhian Plan”) নামে একটি পরিকল্পনা প্রস্তুত করেন। শ্রী. এম. এন. রায় প্রস্তুত করেন “জনগণের পরিকল্পনা” (“People’s Plan”)। ঐতিহাসিক তাৎপর্য ছাড়া এগুলির বিশেষ কোনো গুরুত্ব বর্তমানে নেই।

স্বাধীনতাপ্রাপ্তির পর ১৯৫০ সালে ভারতে প্রধানমন্ত্রী সভাপতিত্বে পরিকল্পনা কমিশন (Planning Commission) গঠিত হয় এবং ১৯৫০-৫১ সালে ভারতের প্রথম পাঁচসাল পরিকল্পনা প্রস্তুত হয়। দ্বিতীয় পাঁচসাল পরিকল্পনা প্রস্তুত হবার পূর্বে প্রসিদ্ধ পরিসংখ্যানবিদ অধ্যাপক প্রশান্ত মহলানবীশ একটি পরিকল্পনা-মডেল প্রস্তুত করেন। এটি মহলানবীশ মডেল (Mahalanobis Model) নামে বিখ্যাত। ভারতে ১৯৫০-৫১ সাল থেকে ১৯৫৫-৫৬ সাল পর্যন্ত ছিল প্রথম পাঁচসাল পরিকল্পনা; ১৯৫৬-৫৭ সাল থেকে ১৯৬০-৬১ সাল পর্যন্ত ছিল দ্বিতীয় পাঁচসাল পরিকল্পনা; ১৯৬১-৬২ সাল থেকে ১৯৬৫-৬৬ সাল পর্যন্ত ছিল তৃতীয় পাঁচসাল পরিকল্পনা।

তৃতীয় পাঁচসাল পরিকল্পনা শেষ হবার পর সঙ্গে সঙ্গে চতুর্থ পাঁচসাল পরিকল্পনা প্রণীত হয়নি। ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালের জন্য বার্ষিক পরিকল্পনা তৈরী হয়েছিল। চতুর্থ পাঁচসাল পরিকল্পনার মেয়াদ ছিল ১৯৬৯ সাল থেকে ১৯৭৪ সাল পর্যন্ত। পঞ্চম পাঁচসাল পরিকল্পনার (১৯৭৪-১৯৭৯) পর আবার একবছরের জন্য একটি পরিকল্পনা (১৯৭৯-৮০) তৈরি করা হয়। ষষ্ঠ পাঁচসাল পরিকল্পনা (১৯৮০-৮৫) এবং সপ্তম পাঁচসাল পরিকল্পনার (১৯৮৫-৯০) পর আবার দুটি বার্ষিক পরিকল্পনা (১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২) তৈরি করা হয়। এক্ষেত্রে উল্লেখ করা যেতে পারে যে সপ্তম পরিকল্পনা ১৯৯০-৯১ সালের শেষ পর্যন্ত চালিয়ে নেওয়া হয়নি। কারণ তখন ছিল তীব্র অর্থনৈতিক সংকট। ১৯৯১ সালের জুলাই মাসে ভারতে নতুন অর্থনৈতিক নীতি ঘোষিত হয় এবং অর্থনৈতিক সংস্কারের কাজ শুরু হয়। অষ্টম পাঁচসাল পরিকল্পনা ছিল ১৯৯২-৯৩ সাল থেকে ১৯৯৬-৯৭ সাল পর্যন্ত। ১৯৯৭-৯৮ সাল থেকে নবম পাঁচসাল পরিকল্পনা শুরু হয়েছে।

ভারতে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা :

ভারতের মতো উন্নয়নশীল দেশের পক্ষে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা অনস্বীকার্য। বর্তমানকালে পরিকল্পনাবিহীন অর্থনীতির পক্ষে জাতীয় আয় দ্রুত বাড়ানো সম্ভব নয়। জাতীয় আয়ের বৃদ্ধি ও তার সুষ্ঠু বন্টন, জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়ন, কর্মসংস্থানের সম্প্রসারণ, মূলধন সৃষ্টির হার বাড়ানো, সামাজিক ন্যায় প্রতিষ্ঠার জন্য আয় ও ধনের বৈষম্য কমিয়ে দেশ থেকে দারিদ্র্য দূর করা, ব্যবসায়-বাণিজ্যে মন্দা ও মুদ্রাস্ফীতিজনিত সমস্যার মোকাবিলা করে অর্থনৈতিক স্থিতিশীলতা অর্জন করা, প্রভৃতি উদ্দেশ্যে অর্থনৈতিক পরিকল্পনার প্রয়োজন খুবই বেশি। নব্বুইয়ের দশকের গোড়ায় অর্থনৈতিক সংকটের মোকাবিলা করার জন্য ভারতে নতুন অর্থনৈতিক নীতি গৃহীত হয় এবং অর্থনৈতিক সংস্কারের কর্মসূচী গৃহীত হয়। ভারত ক্রমশ অর্থনৈতিক পরিকল্পনার প্রাচীন কাঠামো থেকে অনেকটা সরে আসে এবং বাজার অর্থনীতির দিকে অর্থনৈতিক নীতি চালিত করতে থাকে। অর্থনৈতিক উদারীকরণ, বেসরকারিকরণ এবং বিশ্বায়ন—এই তিনটি কর্মসূচীর প্রভাবে পরিকল্পনার গুরুত্ব যথেষ্ট কমে যায়। কিন্তু এজন্য পরিকল্পনার যৌক্তিকতা শেষ হয়ে যায়নি। বাজার অর্থনীতিতে যদি যোগান ও চাহিদার মধ্যে কখনও ভারসাম্যের সৃষ্টি হয় সেখানে সরকারকে হস্তক্ষেপ করতে হয় এবং ভারতে সেটা পরিকল্পিতভাবেই করা যেতে পারে। সামাজিক ক্ষেত্রের উন্নয়নে ও অর্থনৈতিক পরিকাঠামোর উন্নয়নে অর্থনৈতিক পরিকল্পনার গুরুত্ব অপরিসীম।

ভারতের অর্থনৈতিক পরিকল্পনার উদ্দেশ্য :

ভারতে অর্থনৈতিক পরিকল্পনার উদ্দেশ্য হল—(১) জনসাধারণের জীবনযাত্রার মান উন্নত করা এবং তাদের সামানে আরও উন্নত ধরনের এবং বৈচিত্র্যপূর্ণ জীবনের সম্ভাবনা উন্মুক্ত করা ; (২) জাতীয় আয় বৃদ্ধি করা (অন্তত বছরে ৫ শতাংশ থেকে ৫.৫ শতাংশ) ; (৩) নির্দিষ্ট সময়ের মধ্যে একটি পরিকল্পিত বিনিয়োগের হার অর্জন করা ; (৪) আয় ও ধনের বৈষম্য হ্রাস করা এবং আয় ও সম্পদের ক্ষেত্রে অর্থনৈতিক শক্তির কেন্দ্রীভাবন করা ; (৫) অতিরিক্ত কর্মসংস্থানের ব্যবস্থা এবং দারিদ্র্য দূরীকরণের জন্য বিভিন্ন ব্যবস্থা অবলম্বন করা ; এবং (৬) ভারতের অর্থনৈতিক পরিকল্পনার তিনটি বিশেষ ক্ষেত্রে, যথা—(ক) কৃষি উৎপাদন, (খ) শিল্পক্ষেত্রে উৎপাদনের ক্ষমতা প্রসার এবং (গ) বৈদেশিক লেনদেনের অবস্থা প্রভৃতি ক্ষেত্রের সমুদয় প্রতিবন্ধক ও ট্রাট-বিচ্ছাদিত দূর করার জন্য ব্যবস্থা অবলম্বন করা।

অর্থনৈতিক পরিকল্পনার সাফল্যের মূল্যায়ন :

জাতীয় আয় বৃদ্ধি—ভারতে অর্থনৈতিক পরিকল্পনার সাফল্য লক্ষ্যমাত্রা অনুযায়ী হয়নি। জাতীয় আয় বৃদ্ধির ক্ষেত্রে পরিকল্পনার প্রথম তিন দশকে লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হয়নি। পরিকল্পনার প্রথম তিন বছরে জাতীয় আয় গড়ে ৩.৬ শতাংশ বেড়েছিল। আশির দশকে গড় উন্নয়ন হার ছিল ৫.২ শতাংশ। অষ্টম পরিকল্পনায় জাতীয় আয় গড়ে ৬.৭ শতাংশ হারে বেড়েছিল।

ভারতে কৃষি উন্নয়ন—প্রথম পাঁচসালা পরিকল্পনায় কৃষি উৎপাদনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছিল। কিন্তু দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনায় কৃষিক্ষেত্রের উৎপাদন আপেক্ষিকভাবে উপেক্ষিত হয়েছিল, এবং শিল্পোন্নয়নের উপর আপেক্ষিকভাবে বেশি গুরুত্ব দেওয়া হয়েছিল। তৃতীয় পাঁচসালা পরিকল্পনার শেষ বছর খাদ্য সংকট তীব্র রূপ ধারণ করেছিল। ভারতে কৃষি উন্নয়নের ক্ষেত্রে সাফল্যের সূচনা হয় চতুর্থ পাঁচসালা পরিকল্পনায়। চতুর্থ পাঁচসালা পরিকল্পনায় নতুন কৃষি প্রযুক্তি প্রবর্তিত হয়। জমিতে রাসায়নিক সারের উপযুক্ত ব্যবহার, আধুনিক পদ্ধতিতে কৃষির যন্ত্রীকরণ, উচ্চ ফলনশীল বীজ রোপণ, জমিতে উপযুক্ত জলসেচের ব্যবস্থা ও কীটনাশক ওষুধের সাহায্যে চারা সংরক্ষণ এবং সরজারি এজেন্সিগুলি গর্তৃক কৃষিট্রে প্রয়োজনীয় উপাদান সরবরাহ প্রভৃতি ব্যবস্থা গৃহীত হওয়ায় কৃষি-উৎপাদনে সবুজ বিপ্লবের সূচনা হয়। পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম পাঁচসালা পরিকল্পনার প্রথম তিন বছর পর্যন্ত কৃষি উৎপাদনের ধারা অব্যাহত আছে। বিশেষ করে খাদ্যশস্য উৎপাদন যথেষ্ট বেড়েছে।

সবুজ বিপ্লবের সূচনা থেকে নবম পরিকল্পনা পর্যন্ত কৃষিক্ষেত্রে উন্নয়ন হলেও ভূমিসংস্কার ব্যবস্থার অগ্রগতি (পশ্চিমবঙ্গ ও কেরালা বাদে) বিশেষ হয়নি। এখনও দেশের এক তৃতীয়াংশ জমিতে জলসেচের ব্যবস্থা করা সম্ভব হয়নি। দূর গ্রামাঞ্চলের অনেক এলাকায় বিদ্যুৎ সম্প্রসারিত হয়নি।

শিল্পোন্নয়নের প্রয়াস : ভারতে শিল্পোন্নয়নের প্রয়াস আরম্ভ হয় দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনায়। দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনায় সাময়িকভাবে এক বছরের জন্য আমদানি নীতি শিথিল করা হয়েছিল যাতে শিল্পক্ষেত্রে প্রয়োজনীয় কাঁচামাল ও যন্ত্রপাতি বিদেশ থেকে আমদানি করা সম্ভব হয় ও তার ফলে পরিকল্পনাকালে বৈদেশিক মুদ্রা সংকটেরও সৃষ্টি হয়েছিল। পঞ্চাশের দশকের শেষ ভাগ থেকে ষাটের দশকের শেষ পর্যন্ত আমদানি বিকল্পীকরণেরওপর গুরুত্ব দেওয়া হয়। শিল্পোন্নয়নের দ্বিতীয় পর্যায়ে ষাটের দশকের মাঝামাঝি থেকে শিল্পক্ষেত্রে মন্দা পরিলক্ষিত হয়। সত্তরের দশকে অবস্থার কিছু পরিবর্তন হয় বটে; তবে শিল্পোৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে ভারতে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়নি।

আশির দশকের শেষে শিল্পোৎপাদন বৃদ্ধির হার লক্ষ্যমাত্রা থেকে অনেক পিছিয়ে ছিল। ১৯৯০-৯১ সালের অর্থনৈতিক সংকটের পরিপ্রেক্ষিতে ১৯৯১ সালে অর্থনৈতিক সংস্কার কর্মসূচী গৃহীত হয় এবং তার অঙ্গ হিসাবে নতুন শিল্পনীতি (১৯৯১) ঘোষিত হয়। নতুন শিল্পনীতিতে শিল্পক্ষেত্রে সবসরকারিকরণ, সরকারি উদ্যোগের বিলম্বীকরণ, রুগ্ন শিল্পের ক্ষেত্রে বিদায় নীতি, লাইসেন্স ব্যবস্থার প্রায় অপসারণ, আমদানি উদারীকরণ (বাণিজ্য নীতির পরিবর্তনের ফলে) এবং বৈদেশিক বিনিয়োগ ও বহুজাতিক শিল্প প্রতিষ্ঠানগুলিক ভারতে ব্যবসা করার জন্য আমন্ত্রণ—এগুলির ওপর গুরুত্ব দেওয়া হয়েছিল। তৃতীয় বিশ্বের দেশগুলির

- ২। দ্বিতীয় পাঁচসালার পরিকল্পনা—মডেলের উপর ভিত্তিহীন ছিল।
- ৩। স্বাধীন ভারতে প্রথম পাঁচসালার পরিকল্পনা শুরু হয়—সাল।
- ৪। ভারতে অর্থনৈতিক সংস্কারের প্রক্রিয়া শুরু হয়—সালে।
- ৫। অষ্টম পাঁচসালার পরিকল্পনায় অতীত আয় বার্ষিক — হারে বেড়েছিল।
- ৬। —সাল থেকে দেশে শিল্পক্ষেত্রে মন্দা দেখা যায়।

২। নিম্নোক্ত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও।

- ১। সমাজতান্ত্রিক ধাঁচে সমাজ গঠনের কথা কোন পাঁচসালার পরিকল্পনায় প্রথম বলা হয়েছিল?
- ২। ভারতে মিশ্র অর্থনীতি গঠনের কথা কখন ঘোষিত হয়েছিল?
- ৩। নতুন শিল্পনীতি কোন সালে ঘোষিত হয়েছিল?
- ৪। বাজার অর্থনীতিতেও সরকারি নিয়ন্ত্রণের প্রয়োজন কোথায়?
- ৫। ভারতে অর্থনৈতিক পরিকল্পনার অন্ততঃ তিনটি ক্ষেত্রে ব্যর্থতার উল্লেখ করুন।
- ৬। অর্থনৈতিক সংস্কারের তিনটি মূল নীতি কি কি?
- ৭। ভারতে অর্থনৈতিক পরিকল্পনার ইতিহাসে সুভাষচন্দ্রের ভূমিকা কি ছিল?
- ৮। অর্থনৈতিক পরিকল্পনা সম্পর্কে মহাত্মা গান্ধীর দৃষ্টিভঙ্গি কি ছিল?
- ৩। সংক্ষিপ্ত উত্তরের বাইরে প্রশ্নমালা।
- ১। ভারতে অর্থনৈতিক পরিকল্পনার ইতিহাস সংক্ষিপ্তভাবে পর্যালোচনা করুন।
- ২। ভারতে অর্থনৈতিক পরিকল্পনার যৌক্তিকতা সম্পর্কে আলোচনা করুন। নব্বুইয়ের দশকে পরিকল্পিত অর্থনীতি থেকে দেশ কিছুটা সরে এলেও পরিকল্পনার যৌক্তিকতা কী শেষ হয়ে গেছে?
- ৩। ভারতে অর্থনৈতিক পরিকল্পনার উদ্দেশ্যগুলি বর্ণনা করুন এবং বিভিন্ন পাঁচসালার পরিকল্পনায় এই উদ্দেশ্যগুলি কিভাবে প্রতিফলিত হয়েছিল তা দেখান।
- ৪। ভারতে পরিকল্পনাকালে কৃষিক্ষেত্রে সাফল্যের মূল্যায়ন করুন।
- ৫। ভারতে পরিকল্পনাকালে শিল্পোন্নয়নের প্রয়াসের মূল্যায়ন করুন।
- ৬। ভারতে অর্থনৈতিক পরিকল্পনার ব্যর্থতার বিভিন্ন দিক আলোচনা করুন।

৩.৮ গ্রন্থপঞ্জী

- ১। শঙ্করীপ্রসাদ বসু, সুভাষচন্দ্র ও ন্যাশানাস প্ল্যানিং (জয়শ্রী প্রকাশন) কলকাতা।
- ২। Sukjamoy Chakrabarty : Development Planning (1987).
- ৩। Primit Chaowdhury (ed.) : Aspects of Indian Economic Development (1971).
- ৪। Prabhat Patnaid : "Indian's Growth Experience", Economic and Political Weekly, May 1987.
- ৫। সুরত গুপ্ত, অর্থনৈতিক উন্নয়ন ও ভারতের অর্থনৈতিক পরিকল্পনা (2000).
- ৬। A. Vidyathan, "The Indian Economy Since Independence (1947-1970); Dharma Kumar (ed.), The Cambridge Economic History of India : Vol. II (1983).
- ৭। Montek Alltialia, "Economic Performance of States in Post-Reforms Period", Economic and Political Weekly, May 6–12, 2000.
- ৮। Bipan Chandra/ Mirdula Mukherjee, Aditya Mukherjee, India After Independence (1999).

একক ৪ □ নেহেরুর পররাষ্ট্রনীতি—জোটনিরপেক্ষ আন্দোলন

গঠন

- ৪.১ উদ্দেশ্য
- ৪.২ প্রস্তাবনা
- ৪.৩ দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী বিশ্বরাজনীতির পরিস্থিতি—ঠাণ্ডা যুদ্ধ (Cold War) এবং তৃতীয় বিশ্বের (Third World) উত্থান।
- ৪.৪ তৃতীয় বিশ্ব সহযোগিতা এবং জোটনিরপেক্ষ তত্ত্ব—সংজ্ঞা এবং উদ্দেশ্য।
- ৪.৫ নেহেরুর নেতৃত্বে তৃতীয় বিশ্বসহযোগিতা এবং জোটনিরপেক্ষ আন্দোলনের জন্ম।
- ৪.৬ নেহেরুর নেতৃত্বে জোটনিরপেক্ষ আন্দোলন (১৯৬১-১৯৬৪)—পরবর্তী পর্যায়—বর্তমান সময়।
- ৪.৭ জোটনিরপেক্ষ আন্দোলনের মূল্যায়ন।
- ৪.৮ উত্তর—ঠাণ্ডা যুদ্ধ (Post-Cold War) প্রভাবিত বিশ্বরাজনীতিতে জোটনিরপেক্ষ আন্দোলনের গুরুত্ব ও তাৎপর্য।
- ৪.৯ সারাংশ
- ৪.১০ সর্বশেষ প্রশ্নাবলী
- ৪.১১ গ্রন্থপঞ্জী

৪.১ উদ্দেশ্য

এই এককটির প্রধান উদ্দেশ্য স্বাধীন ভারতবর্ষের পররাষ্ট্রনীতি গঠন এবং নির্মাণ পরিক্রমার সঙ্গে আপনাদের পরাথমিক পরিচয় করানো। স্বাধীন ভারতের প্রথম দুই দশকে পররাষ্ট্রনীতির প্রধান রূপকার ছিলেন প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু (১৯৪৭-১৯৬৪)। দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী বিশ্বরাজনীতিতে মেরুকরণ (Polarisation) প্রক্রিয়ায় অংশগ্রহণ না করে, নেহরু ভারতের নেতৃত্বে তৃতীয় বিশ্ব সহযোগিতার একটি ধারা গড়ে তোলেন যা শেষ পর্যন্ত জন্ম দেয় জোটনিরপেক্ষ আন্দোলনের। এই এককটিতে আপনারা দেখবেন—

- দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী বিশ্বরানীতির প্রেক্ষাপট—ঠারডা যুদ্ধ এবং তৃতীয় বিশ্বের উত্থান।
- জোটনিরপেক্ষ আন্দোলন—সংজ্ঞা এবং উদ্দেশ্য।
- তৃতীয় বিশ্ব সহযোগিতা এবং জোটনিরপেক্ষ আন্দোলনের পেছনে নেহরুর ভূমিকা।
- ভারতের নেতৃত্বে জোটনিরপেক্ষ আন্দোলনের অগ্রগতি ও বিস্তার।
- জোটনিরপেক্ষ আন্দোলনের মূল্যায়ন।
- জোট নিরপেক্ষ আন্দোলনের বর্তমান সময় প্রাসঙ্গিকতা।

৪.১ প্রস্তাবনা

এই পর্যায়ের অন্য এককগুলি পড়ে আপনারা জেনেছেন যে কিভাবে স্বাধীনতার পরবর্তীকালে প্রথম দুই দশকে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সাংবিধানিক এবং অর্থনৈতিক—নানাবিধ সংস্কারের মাধ্যমে ভারত একটি বিকাশশীল, জনকল্যাণমুখী রাষ্ট্রে (Welfare State) রূপান্তরিত হয়েছিল। একটি স্বাধীন রাষ্ট্রের অন্যতম কর্তব্য হল পররাষ্ট্রনীতি রূপায়ণ। স্বাধীন ভারতের পররাষ্ট্রনীতির প্রধান রূপকার ছিলেন প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু (১৯৪৭-১৯৬৪)। তাই, স্বাধীনতার পরবর্তী দুই দশকে ভারতের বিবর্তিত পররাষ্ট্র নীতিকে “নেহরুনীতি” বলা যুক্তিসংগত।

‘নেহরুনীতির’ অন্যতম বৈশিষ্ট্য ছিল তৃতীয় বিশ্ব সহযোগিতার কাঠামো গড়ে তোলা এবং ঠাণ্ডাযুদ্ধ প্রভাবিত বিশ্ব মেরুকরণ প্রক্রিয়ার বাইরে ভারতকে রাখা। এই লক্ষ্যে নেহরু সফল হন। তাঁর নীতি, ভারতকে তৃতীয় গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতৃত্ব এনে দেয়, এবং ভারত জোট নিরপেক্ষ আন্দোলনের প্রধান রূপকার হয়ে ওঠে।

এক এককটিতে আপনার দেখবেন যে দ্বিতীয় বিশ্ব পরবর্তী বিশ্বরাজনীতির প্রেক্ষাপট কিভাবে একদিকে ঠাণ্ডাযুদ্ধ এবং অপরদিকে তৃতীয় বিশ্বের উত্থান দ্বারা আন্দোলিত হচ্ছে এবং, সদ্য স্বাধীন ভারতের কর্ণধার হিসেবে কেন নেহরু ভারতকে মেরুকরণ প্রক্রিয়ার বাইরে রেখে, তৃতীয় বিশ্ব জোট গঠনে সচেষ্ট ছিলেন। এছাড়া, আপনার দেখবেন যে নেহরু কিভাবে জোট নিরপেক্ষ আন্দোলনকে একদিকে ভারতের সুরক্ষা নীতি, এবং অপরদিকে ভারতের নেতৃত্বে তৃতীয় গোষ্ঠীভুক্ত দেশগুলিকে সংঘবদ্ধ করাবার প্রয়োজনে ব্যবহার করে সাফল্য অর্জন করেছিলেন। সবশেষে, আপনারা জোটনিরপেক্ষ আন্দোলনের সাফল্য এবং ব্যর্থতার একটি মূল্যায়ন দেখবেন এবং জানতে পারবেন যে বর্তমান সময়ে জোটনিরপেক্ষ আন্দোলনের প্রাসঙ্গিকতা কতখানি।

৪.৩ দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী বিশ্বরাজনীতির পরিস্থিতি—ঠাণ্ডাযুদ্ধ এবং তৃতীয় বিশ্বের উত্থান

দ্বিতীয় বিশ্বযুদ্ধ (১৯৩৯-১৯৪৫) সমাপ্তির অব্যবহিত পরেই জয়ী মিত্রপক্ষের মধ্যে ভাঙন লক্ষ্য করা যায়। যা বিশ্বরাজনীতির প্রেক্ষাপটে এক মেরুকরণ (Polarisation) প্রক্রিয়া নিয়ে আসে। ইউরোপীয় ঔপনিবেশিক শক্তিগুলি (প্রধানত গ্রেট ব্রিটেন) দীর্ঘমেয়াদী দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করবার ফলে সামরিক এবং অর্থনৈতিক দিক দিয়ে চরম দুর্দশাগ্রস্ত হয়ে পড়েছিল। এর ফলে বিশ্বরাজনীতির একদা প্রধান বৈশিষ্ট্য 'ইউরোপ-কেন্দ্রিকতার' (Euro-Centrism) অবসান ঘটে। ধনতান্ত্রিক, পশ্চিমী গোষ্ঠীভুক্ত দেশগুলির অবিংসবাদিত নেতা হয়ে ওঠে মার্কিন যুক্তরাষ্ট্র, বিশ্বের সবচেয়ে শক্তিশালী সামরিক এবং অর্থনৈতিক শক্তি।

এর বিপরীতে, সমাজতান্ত্রিক চিন্তাধারার পৃষ্ঠপোষক হয়ে দাঁড়ায় সোভিয়েট ইউনিয়ন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তী সময়ে পূর্ব ইউরোপের দেশগুলিতে সোভিয়েট ইউনিয়ন নিজের প্রভাব বাড়াতে সক্ষম হয়। প্রথমে ইউরোপে, পরবর্তীকালে সমগ্র বিশ্বে, একে অপরের প্রভাব খর্ব করা এবং নিজের প্রভাব বিস্তার করার প্রচেষ্টা, মার্কিন যুক্তরাষ্ট্র এবং সোভিয়েট ইউনিয়নের মধ্যে এক দীর্ঘমেয়াদী দ্বন্দ্বের সূচনা করে। বিশ্বরাজনীতির ইতিহাসে যাকে বলা হয় ঠাণ্ডা যুদ্ধ (Cold War)।

ঠাণ্ডা যুদ্ধ, বিশ্বরাজনীতিতে এক মেরুকরণ প্রক্রিয়ার সৃষ্টি করে। আমেরিকার নেতৃত্বে ধনতান্ত্রিক, পশ্চিমী গোষ্ঠীভুক্ত দেশগুলি যে জোট গঠন করে তাকে বা হয় প্রথম বিশ্ব (First World)। অপরদিকে, সোভিয়েট ইউনিয়নের নেতৃত্বে গঠিত হয় সমাজবাদপন্থী দেশগুলির সংগঠন, যাকে বলা হয়, দ্বিতীয় বিশ্ব (Second World)। মাঝে মাঝে, দুই গোষ্ঠীর মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে, দ্বন্দ্ব লাঘব করবার প্রচেষ্টা হলেও, ঠাণ্ডা যুদ্ধের ইতিহাস, মূলত, দুই গোষ্ঠীর মধ্যে অবিশ্বাসে দ্বন্দ্ব, পরো লড়াই, সামরিক প্রতিযোগিতা এবং গুপ্তচর বৃত্তির ইতিহাস, যা বিশ্বশান্তির প্রচেষ্টাকে প্রবলভাবে ব্যাহত করেছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালে, ইউরোপীয় দেশগুলির দৈন্যদশার ফলে, বিশ্বব্যাপী সাম্রাজ্যবাদী ব্যবস্থা ভেঙে পড়তে শুরু করে। এর প্রতিফলন ঘটে এশিয়া, আফ্রিকা, দক্ষিণ আমেরিকা মহাদেশভুক্ত উপনিবেশগুলিতে। এটি যদিও একটি দীর্ঘমেয়াদী প্রকিরয়া, তবু দ্বিতীয় বিশ্বযুদ্ধ সমাপ্তির কুড়ি থেকে পঁচিশ বছরের মধ্যে, এশিয়া এবং আফ্রিকার অধিকাংশ দেশগুলি স্বাধীনতা লাভ করে। একটি হিসেব অনুযায়ী ১৯৪৫ থেকে ১৯৭০ সালের মধ্যে বিশ্বের মানচিত্রে ৬৬টি দেশ স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে; এদের মধ্যে অধিকাংশই এশিয়া, আফ্রিকা এবং দক্ষিণ আমেরিকায় অবস্থিত।

এই নতুন রাষ্ট্রগুলির মধ্যে নানা প্রকারের বৈপরীত্য ও বৈচিত্র্য থাকলেও, এদের অন্যতম বৈশিষ্ট্য হল

অর্থনৈতিক দুর্বলতা। উপনিবেশ হিসেবে এই দেশগুলির অধিকাংশ ধনতান্ত্রিক পশ্চিমী রাষ্ট্রগুলির শিল্পের উপযোগী কাঁচা মাল (Raw materials) জোগানদারের ভূমিকায় কাজ করেছে এবং পশ্চিমী শিল্প দ্রব্যের বৃহৎ বাজার হিসেবে কাজ করেছে। এর ফলে ভারতসহ অন্যান্য উপনিবেশগুলিতে শিল্পায়ন প্রক্রিয়া সেরকম সুদৃঢ় হয়নি।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তী কালে ভারতসহ অন্যান্য উপনিবেশগুলি স্বাধীনতা লাভ করলেও, তাদের অর্থনৈতিক দুর্বলতা আরো প্রকট হয়ে ওঠে। এইসব দেশগুলি তাই অর্থনৈতিক দিক দিয়ে মার্কিন যুক্তরাষ্ট্র এবং পশ্চিমী দেশগুলির ওপর আরো নির্ভরশীল হয়ে ওঠে। এছাড়া, তারা নতুন গড়ে ওঠা বিশ্ব সংগঠনগুলি যেমন, আন্তর্জাতিক অর্থ ভারডার (International Monetary Fund I.M.F.) এবং বিশ্বব্যাঙ্ক (World Bank) (যেগুলির ওপর মার্কিন নিয়ন্ত্রণ ছিল অবিসংবাদিত)-এর ওপরও নির্ভরশীল হয়ে ওঠে। নতুন রাষ্ট্রগুলির ওপর প্রথম বিশ্বের নিয়ন্ত্রণ প্রক্রিয়া বর্ধিত হয় প্রধানত অর্থনৈতিক প্রভাবের মাধ্যমে। বিভিন্ন প্রকল্প যেমন, ঋণদান, অনুদান, শিল্পদ্রব্য জোগান ইত্যাদির মাধ্যমে, ধনতান্ত্রিক পশ্চিমী গোষ্ঠীর আধিপত্য তাই এই রাষ্ট্রগুলির ওপর বজায় থাকে, এবং বর্ধিত হয়। এই প্রক্রিয়াকে অভিহিত করা হয় ‘নব্য উপনিবেশবাদ’ নামে (Neo-colonialism)। ঠাণ্ডা যুদ্ধের পটভূমিকায় এই নব্য উপনিবেশবাদ আলাদা মাত্রা লাভ করে কারণ, তখন প্রথম ও দ্বিতীয় বিশ্ব উভয়েরই লক্ষ্য হয় বিশ্বের বিভিন্ন অঞ্চলে নিজেদের আধিপত্য বিস্তার করা। প্রথম বিশ্বের অনুকরণে সোভিয়েট ইউনিয়নও পূর্ব ইউরোপে নিজের আধিপত্য বিস্তার করে।

এই বিশ্বব্যাপী মেরুকরণের বিপটে এই নতুন স্বাধীনতা প্রাপ্ত দেশগুলির মধ্যে এক নতুন চেতনার সৃষ্টি হয় যার ফলে তারা কোন নির্দিষ্ট গোষ্ঠীভুক্ত হতে অস্বীকার করে। এই চেতনা থেকেই জন্ম নেয় ‘তৃতীয় বিশ্বের’ ধারণা। এই চেতনা গঠনের ক্ষেত্রে নেহরুর ভূমিকা অপরিসীম। মূলত তাঁরই প্রচেষ্টায় তৃতীয় গোষ্ঠীভুক্ত দেশগুলি সংঘবদ্ধ হয়ে ওঠে এবং জোটনিরপেক্ষ আন্দোলনের অংশীদার হয়ে ওঠে।

প্রশ্ন ১। তৃতীয় বিশ্ব বলতে কি বোঝেন?

প্রশ্ন ২। ‘নব্য-উপনিবেশবাদ’ মানে কি?

৪.৪ তৃতীয় বিশ্বসহযোগিতা এবং জোটনিরপেক্ষ আন্দোলন—সংজ্ঞা এবং উদ্দেশ্য

তৃতীয় বিশ্ব গঠনের পেছনে নেহরুর ভূমিকা অনস্বীকার্য। মূলত তাঁরই প্রচেষ্টায় ভারত তৃতীয় গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতৃত্ব লাভ করে। আবার, নেহরুর পরিকল্পনা অনুযায়ী ভারতের নেতৃত্বে তৃতীয় গোষ্ঠীভুক্ত দেশগুলি জোট নিরপেক্ষ আন্দোলনের অংশীদার হয়।

জোট নিরপেক্ষ আন্দোলনের মূল উদ্দেশ্য ছিল সদ্য স্বাধীনতা প্রাপ্ত, দুর্বল তৃতীয় বিশ্বের রাষ্ট্রগুলিকে ঠাণ্ডা যুদ্ধের মেরুকরণ প্রক্রিয়া থেকে দূরে রাখা এবং পারস্পরিক সহযোগিতা ও সহমর্মিতার দ্বারা উন্নয়নের পথে এগিয়ে যাওয়া। অধ্যাপক আঙ্গাদোরাই (A. Appadorai), তাঁর ন্যাশনাল ইন্টারেস্ট এন্ড ইন্ডিয়াস ফরেন পলিসি (National Interest and India's Foreign Policy) গ্রন্থে, জোট নিরপেক্ষ তত্ত্বের তিনটি বৈশিষ্ট্যের কথা লিখেছেন ---

১। কোনো দেশের সঙ্গে সামরিক চুক্তির বা কোন সামরিক গোষ্ঠীর সদস্য না হওয়া। মূলত, এর প্রধান লক্ষ্য ছিল জোটনিরপেক্ষ দেশগুলিকে মার্কিন যুক্তরাষ্ট্রে তৎপ্রাধান্যে গঠিত উত্তর আটলান্টিক চুক্তি সংগঠন (North Atlantic Treaty Organisation অথবা NATO) এবং সোভিয়েট ইউনিয়নের নেতৃত্বে গঠিত ওয়ারশ চুক্তি সংগঠনের (Warsaw Pact) বাইরে রাখা। এই প্রধান দুই সামরিক সংগঠন ছাড়া, জোট নিরপেক্ষ গোষ্ঠীভুক্ত দেশগুলি অন্যান্য সামরিক সংগঠনগুলিরও (উদাহরণ SEATO, বা CENTO) বিরুদ্ধে ছিল।

২। জোট নিরপেক্ষ গোষ্ঠীভুক্ত দেশগুলির দ্বিতীয় বৈশিষ্ট্য ছিল পররাষ্ট্রনীতি নির্ধারণে নিজেদের স্বাধীনতা বজায় রাখা। কোন নির্দিষ্ট গোষ্ঠীভুক্ত হয়ে, নির্দিষ্ট এবং বিশ্বশক্তি নির্দেশিত নীতি অনুশীলন করা হত না।

৩। শুধুমাত্র নিজস্ব গোষ্ঠীতে আবদ্ধ না থেকে বিশ্বের সব দেশগুলির সঙ্গে মৈত্রী সম্পর্ক এবং সহযোগিতা বজায় রাখা।

জোটনিরপেক্ষ তত্ত্ব সম্বন্ধে এটাও মনে রাখা দরকার যে এটি কখনই একটি স্বাতন্ত্র্যবাদী (Isolationist), নেতিবাচক দৃষ্টিভঙ্গি নয়। নিরপেক্ষতা শুধুমাত্র সামরিক চুক্তি বা গোষ্ঠীর ক্ষেত্রে প্রযোজ্য ছিল। অন্যান্য বিষয়ে পারস্পরিক সহযোগিতা ছিল জোটনিরপেক্ষ আন্দোলনের অন্যতম লক্ষ্য। জোটনিরপেক্ষ আন্দোলনের প্রধান রূপকার নেহরু ভারতীয় সংসদের নিম্নকক্ষ লোকসভায়, এই প্রসঙ্গে ৩ ৯ ডিসেম্বর ১৯৫৮ সালে, একটি ভাষণে বলেন, ".....আমরা কখন বলি যে আমাদের নীতি হল জোটনিরপেক্ষতা, আমরা নিশ্চিতভাবে সামরিক গোষ্ঠীর ক্ষেত্রে এই জোটনিরপেক্ষতার কথা বলি। এটি কোন নেতিবাচক নীতি নয়, বরং ইতিবাচক এবং স্পষ্ট নীতি, এবং আমার বিশ্বাস, এটি একটি গতিশীল নীতি।" ("When we say our policy is one of non alignment, obviously we mean non alignment with military blocks. It is not a negative policy. It is positive one, a definite one and I hope, a dynamic one." (Source: A. Appadorai. National Interest and India's Foreign Policy)) পুনরায়, ২২ নভেম্বর ১৯৬০ সালে আরেকটি ভাষণে, নেহরু বলেন, "আমি আগেও বারংবার বলেছি যে ভারতের ক্ষেত্রে 'নিরপেক্ষ' কথাটির ব্যবহার আমি পছন্দ করি না। এমনকি, কয়েকটি দেশের দ্বারা ভারতের নীতিকে 'ইতিবাচক নিরপেক্ষতা' বলে মন্তব্য করাটাও আমি পছন্দ করি না, হ্যাঁ, নিঃসন্দেহভাবে আমরা জোটনিরপেক্ষ, আমরা কোন সামরিক জোটের প্রতি পক্ষপাতী নই। কিন্তু যা গুরুত্বপূর্ণ তা হল, আমরা বিভিন্ন নীতি, ইচ্ছা, প্রয়োজন এবং আদর্শের প্রতি পক্ষপাতী..." ("As I have said repeatedly, I do not like the word "neutral" as being applied to India. I do not even

like India's policy being referred to as 'positive neutrality' as is done in some countries. Without doubt, we are unaligned: we are uncommitted to military blocks; but the important fact is that we are committed to various policies, various urges, various objectives, ad various principles....." (Source : Appadorai).

এই লক্ষ্যে নেহরুর নেতৃত্বে ভারত কমনওয়েল্‌থ (Commonwealth) গোষ্ঠীর সদস্য হয়। ভারতের নেতৃত্বে গোষ্ঠীভুক্ত দেশগুলি রাষ্ট্রসংঘে নিজেদের বিভিন্ন দাবিদাওয়া পেশের মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ভূমিক পালন করে। তৃতীয় বিশ্ব সহযোগিতার পূর্ণ রূপায়ণ ঘটে নির্জোঁট আন্দোলন প্রতিষ্ঠিত করার মাধ্যমে।

প্রশ্ন ১। 'জোঁটনিরপেক্ষ' এবং 'নিরপেক্ষ'র মধ্যে পার্থক্য কি?

৪.৫ নেহরুর নেতৃত্বে বিশ্ব সহযোগিতা এবং জোঁটনিরপেক্ষ আন্দোলনের জন্ম

পিটার ক্যালভোকোরেসী (Peter Calvocoressi) তাঁর ওয়ার্ল্ড পলিটিক্স সিন্স ১৯৪৫ (World Politics since 1945) গ্রন্থে লিখেছেন যে তৃতীয় বিশ্বের সহযোগিতা এবং জোঁটনিরপেক্ষ আন্দোলনের প্রধান রূপকার এবং কর্ণধার ছিলেন নেহরু যাঁর নেতৃত্বে ভারতবর্ষ এই তৃতীয় গোষ্ঠীর অন্যতম রূপকার হয়ে ওঠে।

তৃতীয় বিশ্বসহযোগিতা এবং বিশ্বশান্তির প্রবক্তা হিসেবে নেহরুর আত্মপ্রকাশ ভারতের স্বাধীনতার পূর্বেই লক্ষ্যণীয়। ১৯২০ দশকে নেহরু জাতীয় কংগ্রেসের অন্যতম নেতা হিসেবে সাম্রাজ্যবাদ বিরোধী প্রবক্তা হয়ে ওঠেন। ১৯২৭ সালে নেহরু ইউরোপে ব্রাসেলস শহরে অনুষ্ঠিত 'উপনিবেহবাদ এবং সাম্রাজ্যবাদ বিরোধী' আন্তর্জাতিক সম্মেলনে যোগ দেন। মূলত তাঁর প্রভাবে জাতীয় কংগ্রেসে একটি বিদেশ দপ্তর খোলা হয়। ১৯৩০-এর দকে নেহরুর নেতৃত্বে কংগ্রেস বারংবার বিশ্বব্যাপী সাম্রাজ্যবাদ, ফ্যাসিবাদ, নাসী বাদ এবং উগ্র জাতীয়তাবাদের নিন্দা করেছিল। নেহরু আন্তর্জাতিক সমাজবাদ, জাতীয়তাবাদী আন্দোলন, সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনের সমর্থক ছিলেন। ইথিওপিয়া, স্পেন, চীন, চেকোস্লোভাকিয়া বিভিন্ন দেশের জাতীয়তাবাদী আন্দোলনের প্রতি তাঁর অকুণ্ঠ সমর্থন ছিল। স্বাধীনতার পূর্বেই নেহরুর আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি এবং সাম্রাজ্যবাদ এবং সামরিক নীতি পরিপন্থী চিন্তাধারা সুস্পষ্ট হয়ে ওঠে।

'তৃতীয় বিশ্বসহযোগিতা' তত্ত্বের প্রথম বহিঃপ্রকাশ ঘটে ১৯৪৭ সালের মার্চ মাসে, যখন নেহরুর তত্ত্ববধানে নতুন দিল্লীতে একটি এশিয় সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে ২৮টি সদস্যদেশ অংশগ্রহণ করে যার মধ্যে কেবল একজন স্বাধীন দেশের প্রতিনিধি ছিলেন। এই সম্মেলনে বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয় যেমন, ভূমিসংস্কার, শিল্পায়ন, এশীয় সমাজবাদ, বিশ্বশান্তি ইত্যাদি এবং রাষ্ট্রসংঘে এশীয় দেশগুলির প্রতিনিধিত্ব

বাড়ানো। ১৯৪৯ সালের জানুয়ারি মাসে পুনরায় নতুন দিল্লীতে একটি এশীয় সম্মেলন অনুষ্ঠিত হয় ইন্দোনেশিয়ায় ডাচ বা ওলন্দাজ উপনিবেশিকতার বিরুদ্ধে সংগ্রামকে সমর্থন করার উদ্দেশ্যে। নেহেরুর প্রচেষ্টাতে প্রাক্তন ব্রিটিশ উপনিবেশগুলিকে কমনওয়েলথ গোষ্ঠীভুক্ত করা সম্ভব হয়। ভারত প্রজাতান্ত্রিক বাস্তু হলেও, কমনওয়েলথ সদস্য হয় মূলত পারস্পরিক সহযোগিতা বাড়াত্তে।

১৯৫০-এর দশকে, ঠাণ্ডা যুদ্ধের প্রভাবে বিশ্বমেরুক্রমণ প্রক্রিয়া আরো সুদৃঢ় হয়। ঠাণ্ডাযুদ্ধের প্রভাব এশিয়ায় ছড়িয়ে পড়তে শুরু করে দক্ষিণ-পূর্ব এশিয়ায়। থাইল্যান্ড এবং ফিলিপিন্স মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে সামরিক চুক্তি সাক্ষরিত করে। দক্ষিণ এশিয়ায় ভারতের প্রতিবেশী রাষ্ট্র পাকিস্তান, মার্কিন যুক্তরাষ্ট্র নিয়ন্ত্রিত দুটি সামরিক সংগঠন, সাউথ ইস্ট এশিয়ান ট্রিটি অরগানাইজেশন (South-east Asian Treaty organisation—SEATO) এবং সেন্ট্রাল ট্রিটি অরগানাইজেশন (Central Treaty organisation—CENTO)-এর সদস্য পদ গ্রহণ করে। অপরদিকে, সোভিয়েট ইউনিয়ন আফগানিস্থানের সঙ্গে একটি চুক্তি সাক্ষরিত করে। এই পরিস্থিতিতেও ভারতের জোটনিরপেক্ষ নীতি, এবং সামরিক গোষ্ঠীর বাইরে থাকার প্রচেষ্টা অব্যাহত থাকে। ১৯৪৫ সালে ভারত এবং চীনের মধ্যে পঞ্চশীল চুক্তি সাক্ষরিত হয়। এছাড়া, ভারত, মার্কিন যুক্তরাষ্ট্র এবং সোভিয়েট রাশিয়া, উভয়েরই সঙ্গে বাণিজ্য চুক্তি সাক্ষরিত করে।

এই দশকের মেরুক্রমণ প্রক্রিয়া এবং এশিয়ায় তার বিস্তার নেহেরু এবং সমভাষায় তৃতীয় গোষ্ঠীর নেতাদের বিচলিত করে তোলে, এবং তারা তৃতীয় গোষ্ঠীভুক্ত দেশগুলিকে সংঘবদ্ধ করার প্রচেষ্টা অব্যাহত রাখেন। ১৯৫৫ সালে ইন্দোনেশিয়ার বান্দুং শহরে একটি আফ্রো-এশীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। বান্দুং সম্মেলনে ২৯টি সদস্য অংশগ্রহণ করেন, যার মধ্যে ৬ জন আফ্রিকা দেশগুলির প্রতিনিধিত্ব করেন। নেহেরু ছাড়া এই সম্মেলনের অপর গুরুত্বপূর্ণ নেতারা হলেন ইন্দোনেশিয়ার সুকর্ণ এবং নাসের। প্রধানত নেহেরুর আমন্ত্রণে চীনের প্রধানমন্ত্রী ঝৌ-এন-লাই বান্দুং সম্মেলনে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বান্দুং সম্মেলনে বিভিন্ন ধোয়না করা হয়, যার মধ্যে প্রধানগুলি হল—

- ১। মানবসভ্যতা রক্ষা করার জন্য বিশ্ব নিরস্ত্রীকরণ এবং আণবিক অস্ত্রের ব্যবহার পরিত্যাগ।
- ২। বিশ্ব নিরস্ত্রীকরণের লক্ষ্যে আফ্রো-এশীয় দেশগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের প্রয়োজনীয়তা।
- ৩। নিরস্ত্রীকরণ এবং আণবিক অস্ত্র পরিহারের লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশগুলির মধ্যে সহযোগিতা। এছাড়া, তৃতীয় গোষ্ঠীভুক্ত দেশগুলি, রাষ্ট্রসংঘে একত্রে কাজ করার অঙ্গীকারও করে।

বান্দুং সম্মেলন অনুর্ত্তিত হবার কিছু পরেই, ১৯৫৬ সালে নেহেরু এবং নাসের, যুগোস্লাভিয়ার নেতা মার্শাল টিটোর সঙ্গে ব্রিয়েনীতে (Briani) সাক্ষাৎ করেন। যুগোস্লাভিয়া, এই সময় থেকে, সোভিয়েট ইউনিয়নের

প্রভাব কাটিয়ে ওঠার লক্ষ্যে জোটনিরপেক্ষ আন্দোলনের অংশীদার হয় এবং প্রথম জোটনিরপেক্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় যুগোস্লাভিয়ার রাজধানী বেলগ্রেডে, ১৯৬১ সালে।

প্রশ্ন ১। নেহরুর ‘আন্তর্জাতিকতাবাদ’ কিভাবে ১৯২০ এবং ১৯৩০-এর দশকে গঠিত হয়?

প্রশ্ন ২। তৃতীয় গোষ্ঠীর সহযোগিতা কিভাবে প্রথম জোটনিরপেক্ষ সম্মেলন অনুষ্ঠিত হবার (১৯৬১) আগে পর্যন্ত বিবর্তিত হয়েছিল?

৪.৬ নেহরুর নেতৃত্বে জোটনিরপেক্ষ আন্দোলন (১৯৬১-৬৪) পরবর্তী পর্যায়

বেলগ্রেডের প্রথম জোটনিরপেক্ষ সম্মেলনের প্রধান উদ্যোক্তা ছিলেন নেহেরু, টিটো, নাসের এবং সুকর্ণ। সম্মেলনের উন্নয়নশীল দেশগুলির সুবিধার্থে নব্য উপনিবেশবাদ এবং মেরুক্রমের বিরুদ্ধে একটি ঘোষণা পত্র জারী করা হয়। এছাড়া, তৃতীয় গোষ্ঠীভুক্ত দেশগুলির সহযোগিতার ওপর জোর দেওয়া হয়।

প্রথম জোটনিরপেক্ষ সম্মেলন বিশ্বরাজনীতির এক সংকটজনক পরিস্থিতিতে অনুষ্ঠিত হয়েছিল। বিভিন্ন ঘটনাকে কেন্দ্র করে ঠাণ্ডা যুদ্ধের তীব্রতা অনেক বৃদ্ধি পেয়েছিল। সাহারা অঞ্চলে ফরাসি আণবিক বিস্ফোরণ, আফ্রিকায়, তিউনিসিয়া এবং কংগোতে ক্রবর্ধমান সংঘাত, সোভিয়েট রাশিয়ার পারমাণবিক বিস্ফোরণ এবং, কিউবাকে কেন্দ্র করে আমেরিকা এবং রাশিয়ার মধ্যে প্রায় যুদ্ধাকলীন পরিস্থিতি—এই সব বিভিন্ন ঘটনাকে কেন্দ্র করে ঠাণ্ডা যুদ্ধের তীব্রতা বৃদ্ধি পায় এবং জোট নিরপেক্ষ আন্দোলনের প্রয়োজনীয়তা আরো গভীরভাবে অনুভূত হয়। ওই পরিপ্রেক্ষিতে, সম্মেলনের পক্ষ থেকে দুই বিশ্বশক্তির উদ্দেশ্যে একটি ঘোষণা পত্র জারী করা হয়। এতে, আনবিক যুদ্ধের ভরাবহতার সম্বন্ধে হুঁশিয়ারী জাতরী করে, মার্কিন যুক্তরাষ্ট্র এবং সোভিয়েট ইউনিয়ন, উভয়কেই অবিলম্বে আলাপ-আলোচনার মাধ্যমে নিজেদের দ্বন্দ্ব মিটিয়ে নেবারঅনুরোধ জানানো হয়।

দ্বিতীয় জোটনিরপেক্ষ আন্দোলন কায়রোতে (মিশর) ১৯৬৪ সালে অনুষ্ঠিত হবার পূর্বেই নেহরুর মৃত্যু হয় (১৯৬৪)। কিন্তু ভারতের পরবর্তী প্রধানমন্ত্রী, লালবাহাদুর শাস্ত্রী এই সম্মেলনে যোগদান করেন। কায়রো সম্মেলনে, ‘শান্তি এবং আন্তঃরাষ্ট্রীয় সহযোগিতার একটি পরিকল্পনা নামক একটি ঘোষণা গৃহীত হয় যাতে বিশ্বশান্তি, আন্তঃরাষ্ট্রীয় সহযোগিতা এবং শান্তির মাধ্যমে পারস্পরিক দ্বন্দ্ব মেটানোর প্রস্তাব করা হয়।

তৃতীয় জোটনিরপেক্ষ সম্মেলনে অনুষ্ঠিত হয় লুসাকায়, চতুর্থ, আলজিয়ার্স এবং পঞ্চম কলম্বোয়। ষষ্ঠ সম্মেলনে অনুষ্ঠিত হয় হাভানায়। সপ্তম সম্মেলন নতুন দিল্লীতে ১৯৮৩ সালে অনুষ্ঠিত হয়, যেটি ছিল ভারতে অনুষ্ঠিত প্রথম সম্মেলন।

এ পর্যন্ত (২০০০ সাল) বারোটি জোটনিরপেক্ষ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে এবং এই আন্দোলনের সাথে সংযুক্ত সদস্য দেশের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে একশো পনেরয় (১১৫)।

প্রশ্ন ১। জোটনিরপেক্ষ আন্দোলনের প্রথম তিন উদ্যোক্তা করা ছিলেন?

২। প্রথম জোটনিরপেক্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?

৪.৭ জোটনিরপেক্ষ আন্দোলনের মূল্যায়ন

এই অংশে, মূলত নেহরুর আমলে (১৯৬৪) জোটনিরপেক্ষ আন্দোলনের ধারা নিয়ে আলোচনা করা হল। ‘জোটনিরপেক্ষ’ সংজ্ঞাটির মধ্যে একটি আদর্শের প্রশ্নও অন্তর্নিহিত ছিল। নেহরু তার বিভিন্ন ভাষণে ‘জোট-নিরপেক্ষ’ আন্দোলনকে একটি আদর্শের স্তরে উত্তীর্ণ করেচিনে; নেহরুর মতে, জোট নিরপেক্ষতা, কোন সুযোগস্বাক্ষরী, বিদেশনীতি নয়। আধুনিক অনেক গবেষকরা কিন্তু নেহরু প্রবর্তিত জোটনিরপেক্ষ নীতিকে মূলত তাঁর বিদেশনীতির অঙ্গ হিসেবে দেখেন। তাই, এই অংশে জোটনিরপেক্ষ আন্দোলনের মূল্যায়ন নেহরুর বিদেশনীতির অঙ্গ হিসাবেই করা হল।

কোন পররাষ্ট্র নীতি বা বিদেশ নীতির অন্যতম উদ্দেশ্য হল রাষ্ট্রীয় সুরক্ষা বেং, বিশ্ব রাজনীতিতে গুরুত্বপূর্ণ হয়ে ওঠা। নেহরু, মূলত জোটনিরপেক্ষ আন্দোলনের মাধ্যমে, ভারতকে তৃতীয় গোষ্ঠীভুক্ত দেশগুলির শীর্ষস্থানে নিয়ে যেতে পেরেছিলেন। এটি তার এক প্রধান কৃতিত্ব। দ্বিতীয়ত, জোটনিরপেক্ষ অবস্থানের ফলে, ভারতের মার্কিন যুক্তরাষ্ট্র বা সোভিয়েট ইউনিয়ন উভয়েরই সঙ্গে সম্পর্ক স্থাপনে কোন সমস্যা সৃষ্টি হয়নি। এছাড়া, চীনের সঙ্গে পঞ্চশীল মৈত্রীচুক্তির দ্বারা ভারতের সুসম্পর্ক স্থাপিত হয়, যিদও সীমান্ত এলাকা নিরূপণ এবং তিব্বতের ওপর চীনের অধিকারকে কেন্দ্র করে দুই দেশের সম্পর্কের অবনতি ঘটে, যার চূড়ান্ত পরিণাম, ১৯৬২ সালের যুদ্ধ।

জোটনিরপেক্ষ আন্দোলনের সাফল্যের এবং যৌক্তিকতা সম্বন্ধে অনেক গবেষকরাই সন্দেহান। কিছু মহলে এমন অভিযোগ করা হয়েছিল যে জোট নিরপেক্ষ আন্দোলন, পশ্চিমী গোষ্ঠীগুলির তুলনায় সমাজতান্ত্রিক গোষ্ঠীর প্রতিবেশী সহানুভূতিশীল ইচল। উদাহরণস্বরূপ বলা হয় যে নেহরু ১৯৫৬ সালের সুয়েজখাল সংকট নিয়ে পশ্চিমী দেশগুলির হস্তক্ষেপের সমালোচনা করলেও, একই সময়ে রাশিয়ার ফৌজ দ্বারা হাঙ্গেরীর গণ অভ্যুত্থান দমন করার সময় নেহরু কোন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন নি। আবার, ইথিওপিয়ার গৃহযুদ্ধের সময়ে, বিপ্লবী এরিত্রীয় (Eritreans) পক্ষ, সোভিয়েট ইউনিয়ন সমাজতান্ত্রিক রাষ্ট্রে পরিণত হয়। ইথিওপিয়া, জোটনিরপেক্ষ গোষ্ঠীর সদস্য হলেও, এই গোষ্ঠী সেভাবে কোন সাহায্য করতে অসমর্থ হয়। ভারত

নিজেও, ১৯৭১ সালে, সেভিয়েট ইউনিয়নের সাথে এক চুক্তি সাক্ষরিত করে। এছাড়া, সত্তরের দশকে, জোটনিরপেক্ষ গোষ্ঠীর সদস্য সংখ্যা বৃদ্ধি পেলেও, এদের মধ্যে অধিকাংশই প্রথম ও দ্বিতীয় গোষ্ঠীভুক্ত ছিল। সবশেষে, জোটনিরপেক্ষ আন্দোলনের সামলোচকদের মতে, ১৯৯০ সালের পরবর্তী সময়ে, সোভিয়েট পতন এবং বেঙে যাবার পর, বিশ্বরাজনীতিতে, জোটনিরপেক্ষ আন্দোলন তার সমস্ত প্রাসঙ্গিকতা হারিয়েছে।

জোটনিরপেক্ষ আন্দোলনকে সম্পূর্ণ ব্যর্থ বলা অবশ্য যুক্তিযুক্ত নয়। প্রথমত, পররাষ্ট্রনীতি হিসেবে এটি ভারতীয় জাতীয় স্বার্থকে (National Interest) সুরক্ষিত করতে সক্ষম হয়েছিল। ভারত, আমরা আগেই দেখেছি, কিভাবে দুই বিশ্বশক্তির সঙ্গেই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখতে সক্ষম হয়েছিল।

১৯৬২ সালে চীন ভারত যুদ্ধের পরিপ্রেক্ষিতে সামরিক চুক্তি না থাকলেও মার্কিন যুক্তরাষ্ট্র এবং গ্রেট ব্রিটেন, উভয়েই ভারতের সাহায্যে এগিয়ে আসে। সেভিয়েট ইউনিয়ন প্রথমদিকে ভারতের জোট বহির্ভূত নীতির প্রতি সন্দিহান হলেও, স্ট্যালিনের মৃত্যুর পর (১৯৫৩), জোট নিরপেক্ষ আন্দোলনের অন্যতম সমর্থক হয়ে ওঠে। আভ্যন্তরীণ ক্ষেত্রে, নেহরুর আমলে একদা উপনিবেশগুলি, যেমন ফরাসি অধিকৃত পণ্ডিচেরী, নাহে এবং পর্তুগীজ অধিকৃত গোয়া, দমন, দিউ, ভারতীয় ইউনিয়নের অন্তর্ভুক্ত করা হয়। গোয়ার ক্ষেত্রে নেহরু সামরিক শক্তি প্রয়োগ করেন। জোটনিরপেক্ষ নীতির ফলেই এই ক্ষেত্রগুলিতে বিশ্বশক্তির হস্তক্ষেপ ঘটেনি।

বিশ্বরাজনীতির পটভূমিকাতেও তৃতীয় গোষ্ঠী গঠনের ক্ষেত্রে নেহরু সম্পূর্ণ অসফল ছিলেন না। ঠাণ্ডা যুদ্ধের বিস্তার রোধ করার লক্ষ্যেও জোটনিরপেক্ষ আন্দোলন কিছুটা সাফল্যলাভ করে। পিটার ক্যালভোকোরেসী, তাঁর ওয়ার্ল্ড পরিটিক্স সিন্স ১৯৪৫ গ্রন্থে লিখেছেন যে তৃতীয় বিশ্বের দেশগুলি তিনভাবে, ঠাণ্ডাযুদ্ধের বিস্তার রোধ করে। প্রথমত, নিজেরা কোন গোষ্ঠীতে অংশগ্রহণ না করে ঠাণ্ডা যুদ্ধের গতিরোধ করে। দ্বিতীয়ত, একজোট হয়ে দুই বিশ্বশক্তিকে বাধ্য করেতাদের মতবাদের সঙ্গে পরিচিত হতে এবং, তৃতীয়ত, রাষ্ট্রসংঘে এবং জোটনিরপেক্ষ সম্মেলনে বারংবার নিজেদের মতবাদ তুলে ধরে বিশ্বের প্রতিটি দেশকে তাদের চিন্তাধারার সঙ্গে পরিচিত করে।

এছাড়া, তৃতীয় বিশ্ব সহযোগিতা এবগং সহমর্মিতা তেকেই জন্ম নেয় ‘নব আন্তরাষ্ট্রীয় অর্থনৈতিক কাঠামোর’ (New International Economic order) ধারণা। তৃতীয় বিশ্বর উন্নয়নশীল দেশগুলি, ১৯৭০ এবং ১৯৮০-র দশকে তাদের নতুন অর্থনৈতিক অধিকার প্রতিষ্ঠার দাবীতে যে আন্দোলন চালায়, তার আরম্ভ, নেহরুর আমলের তৃতীয় বিশ্ব সহযোগিতার ধারণা থেকেই উদ্ভূত হয়।

জোটনিরপেক্ষ আন্দোলন, কিছু ক্ষেত্রে ব্যর্থ হলেও, অন্যান্য ক্ষেত্রে সাফল্যের নজির রেখেছে।

প্রশ্ন ১। ‘জোটনিরপেক্ষ’ তত্ত্বের বিরুদ্ধে সমালোচনা আপনি কি যথার্থ বলে মনে করেন?

৪.৮ ঠাণ্ডা যুদ্ধোত্তর বিশ্বরাজনীতিতে জোটনিরপেক্ষ আন্দোলনের গুরুত্ব ও তাৎপর্য

জোটনিরপেক্ষ আন্দোলনের সাফল্যের অন্যতম নিদর্শন হল ঠামরডা যুদ্ধোত্তর বিশ্বরাজনীতিতে নিজের অস্তিত্ব বজায় রাখা। আপনারা আগেই দেখেছেন যে জোট নিরপেক্ষ গোষ্ঠীর সদস্য সংখ্যাও ক্রমবর্ধমান। (অধুনা-১১৫)। প্রাক্তন সোভিয়েট ইউনিয়নের দুই সদস্য (অধুনা স্বাধীন রাষ্ট্র তুর্কমেনিস্থান এবং উজবেকিস্থান এখন এই গোষ্ঠীর সদস্য। সম্প্রতি, বেলোরুশ এবং ডমিনিক প্রজাতন্ত্রও সদস্যপদ গ্রহণ করেছে। ভানান্য সোভিয়েট ইউনিয়নের অংশীদারদের মধ্যে, আর্মেনিয়া, আরেজবাইজান, গিরগিজস্থান, ইউক্রেন এবং রাশিয়া, চেকপ্রজাতন্ত্র, হাঙ্গেরী, রোমানিয়া, স্লোভানিয়া, বরগেরিয়া, স্লোভাকিয়া এবং বসনিয়া হার্জেগোভিনা যথাক্রমে পর্যবেক্ষকের পদ এবং অতিথি রাষ্ট্রের পদ গ্রহণ করেছে।

অপরদিকে পশ্চিমী গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে কানাডা, জার্মানী, গ্রীস, ইটালি, নেদারল্যান্ডস, নরওয়ে, পতুগাল, স্পেন, সুইডেন, ফিনল্যান্ড এবং সুইজারল্যান্ড, অতিথি রাষ্ট্রের পতে অভিষিক্ত। দক্ষিণ আমেরিকার রাষ্ট্রদের মধ্যে ব্রেজিল এবং মেক্সিকো, পর্যবেক্ষকের পদে আসীন।

জোটনিরপেক্ষ আন্দোলন আক্ষরিক অর্থেই তার বিশ্ব সহযোগিতা বজায় রাখতে সক্ষম হয়েছে। উন্নয়নশীল দেশগুলির পারস্পরিক সহযোগিতার প্রয়োজনও বর্তমান অর্থনৈতিক বিশ্বায়নের (globalisation) পটভূমিকার, আরো তীব্রভাবে অনুভূত হচ্ছে, যার প্রমাণ, স্থানীয় ক্ষেত্রে প্রতিবেশী রাষ্ট্রগুলির মধ্যে অর্থনৈতিক সহযোগিতার স্তির লাভ (REgional Economic Co-operation)। এছাড়া, বিশ্বব্যাপী আণবিক অস্ত্র বিরোধ, নতুন অর্থনৈতিক পরিকাঠামো গঠন, ইত্যাদি ক্ষেত্রেও, জোটনিরপেক্ষ আন্দোলন, অধুনা দক্ষিণ (South) গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে সংযোগ স্থাপনের কাজ করে চলেছে।

প্রশ্ন ১। ঠাণ্ডা যুদ্ধোত্তর বিশ্বরাজনীতিতে জোটনিরপেক্ষ আন্দোলন কিভাবে নিজের অস্তিত্ব বজায় রেখেছে?

৪.৯ সারাংশ

স্বাধীন ভারতবর্ষের পররাষ্ট্রনীতি রূপায়ণে প্রথম প্রধানমন্ত্রী নেহরুর গুরুত্ব অপরিসীম। এই পররাষ্ট্রনীতির মূল বৈশিষ্ট্য ছিল, জোটনিরপেক্ষ নীতি, যাতে ভারত, প্রথম বা দ্বিতীয় কোন গোষ্ঠীরই সদস্য হতে অস্বীকার করে। এই পররাষ্ট্রনীতি গ্রহণ করা হয়েছিল, বিশ্ব রাজনীতির এক জটিল পটভূমিকায়, যখন একদিকে ঠাণ্ডা যুদ্ধের তীব্রতার ফলে এক মেরুকরণ প্রক্রিয়া দেখা দিচ্ছে। অপরদিকে, প্রাক্তন ইউরোপীয় উপনিবেশগুলি ‘তৃতীয় বিশ্ব’ হিসেবে আত্মপ্রকাশ করছে।

জোটনিরপেক্ষ নীতি গ্রহণের ফলে ভারত এই তৃতীয় গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতৃত্ব লাভ করে। জোট নিরপেক্ষ নীতি অবশ্য কোন নেতিবাচক নিরপেক্ষ নীতি ছিল না। শুধুমাত্র সামরিক জোটের ক্ষেত্রে এই নিরপেক্ষতা বজায় ছিল। অন্যান্য ক্ষেত্রে বিশ্বব্যাপী সহযোগিতা ছিল এই আন্দোলনের লক্ষ্য।

নেহরুর নেতৃত্বে 'তৃতীয় বিশ্ব' সহযোগিতার প্রসার ১৯৪৭-এর পূর্বেই লক্ষ্য করা যায়। ১৯৪৭ বং ১৯৪৯ সালে এশীয় সম্মেলনে এবং ১৯৫৫ সালের বনদুং সম্মেলন অনুষ্ঠিত হওয়ার পর এই জোট আরো সংঘবদ্ধ হয়। এবং, ১৯৬১ সালে প্রথম জোটনিরপেক্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়।

জোটনিরপেক্ষ আন্দোলনের প্রগতি অব্যাহত থাকে, নেহরুর মৃত্যুর পরও। অধুনা, ১১৫টি দেশ এই গোষ্ঠীর সদস্য। কিছু ক্ষেত্রে অসফল হলেও, জোটনিরপেক্ষ আন্দোলন, ঠাণ্ডা যুদ্ধের প্রভাব কিছুটা সীমিত করতে সক্ষম হয়েছিল। এছাড়া, রাষ্ট্রসংঘে এবং নতুন অর্থনীতি গঠনের দাবিতে জোটনিরপেক্ষ আন্দোলন বিশ্ব রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল।

ঠাণ্ডা যুদ্ধোত্তর বিশ্ব রাজনীতিতে জোটনিরপেক্ষ আন্দোলন তার প্রাসঙ্গিকতা বজায় রাখতে সক্ষম হয়েছে। একদিকে নতুন দেশগুলির এই গোষ্ঠীতে যোগদান এবং অপরদিকে 'দক্ষিণ' (South) গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে সংযোগ স্থাপন করার কাজ, জোটনিরপেক্ষ আন্দোলনের প্রাসঙ্গিকতা প্রমাণ করেছে।

৪.১০ সর্বশেষ প্রশ্নাবলী

প্রশ্ন ১। দ্বিতীয় বিশ্বযুদ্ধ সমাপ্তির পরবর্তী বিশ্ব রাজনীতির পটভূমিকা কেমন ছিল?

প্রশ্ন ২। জোটনিরপেক্ষ আন্দোলন গঠনে নেহরুর ভূমিকা কি ছিল?

প্রশ্ন ৩। ঠাণ্ডা যুদ্ধোত্তর বিশ্ব রাজনীতিতে জোট নিরপেক্ষ আন্দোলনের প্রাসঙ্গিকতা কতখানি?

৪.১১ গ্রন্থপঞ্জী

১। Bipan Chandra, Mridula Mukherjee, Aditya Mukherjee, India After Independence (1999).

২। V. P. Dutt, India and the World (1990).

৩। V. P. Dutt, India's Foreign Policy (1984).

৪। S. Gopal, Jawaharlal Neju : A Biography, Vols. 2 and 3 (1979 and 1984).

৫। B. R. Nanda (ed.) Indian Foreign Policy : The Nehru Years (1976).

৬। B. N. Pande (ed.) A Centenary History of the Indian National Congress, Vol. IV (1990).

৭। J. Bandyopadhyaya, The Making of Indian Foreign Policy (1979).

৮। A. Appadorai and M. S. Rajan, Indias Foreign Policy and Relations (1985).